গ. NATO ঘ. OIC উ. খ

ব্যাখ্যা : উরুগুয়ে রাউন্ড World Trade Organization (WTO এর সাথে সম্পর্কিত। ১৯৮৬ থেকে ১৯৯৩ সাল পর্যন্ত দীর্ঘ বছর ধরে উরুগুয়ে রাউন্ড চলার পর ১ জানুয়ারি ১৯৯৫ বি বাণিজ্য সংস্থা (WTO) আত্মপ্রকাশ করে। WTO এ পূর্বনাম GATT। GATT-এর পূর্ণরূপ হলো- Gener Agreement on Tariffs and Trade. World Trad Organization (WTO) এর সদর দপ্তর জেনেভ সুইজারল্যান্ড।

৯৭. যুক্তরাষ্ট্রে সরকার ব্যবস্থা কী রূপ?

ক. রাষ্ট্রপতি শাসিত খ. সাংবিধানিক রাজতন্ত্র
গ. সংসদীয় সরকার ঘ. রাজতন্ত্র উ. ক

ব্যাখ্যা : মার্কিন যুক্তরাষ্ট্রের সরকার ব্যবস্থা রাষ্ট্রপতি শাসিত এ মার্কিন যুক্তরাষ্ট্রে প্রধানমন্ত্রীর কোনো পদ নেই। সেখা রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতির পদ রয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রে প্রথম রাষ্ট্রপতি জর্জ ওয়াশিংটন। তিনি আমেরিকার স্বাধীনতা সর্বাধিনায়কও। ৪ জুলাই ১৭৭৬ যুক্তরাষ্ট্র স্বাধীনতা লাভ করে

৯৮. SMOG হচ্ছে–

ক. সিগারেটের ধোয়া খ. কুয়াশা
গ. কালোধোঁয়া ঘ. দূষিত বাতাস উ. ঘ

ব্যাখ্যা : SMOG শব্দটি গঠিত হয়েছে Smoke এবং Fog এ সমন্বয়ে। অর্থাৎ SMOG হচ্ছে ধোঁয়া ও কুয়াশার সংমিশ্রণ এটি হচ্ছে এক ধরনের দূষিত বাতাস।

৯৯. ভূকম্পনের তীব্রতা মাপার যন্ত্রের নাম কী?

ক. ব্যারেমিটার খ. ফ্যাদোমিটার
গ. সিসমোগ্রাফ ঘ. কম্পাস উ. গ

ব্যাখ্যা : মূলত ভূকম্পনের তীব্রতা মাপার যন্ত্র হচ্ছে রিখটার স্কে এবং ভূকম্পন নির্ণায়ক যন্ত্র হচ্ছে- সিসমোগ্রাফ। এখা অপশন অনুযায়ী, সিসমোগ্রাফ উত্তর হবে অপশনে যেহে রিখটার স্কেল নেই। ব্যারোমিটার বায়ুর চাপ নির্ণায়ক য ফ্যাদোমিটার সমুদ্রের গভীরতা নির্ণায়ক যন্ত্র আর কম্পাস হ দিক নির্ণায়ক যন্ত্র।

১০০. রক্তে হিমোগ্লোবিনের কাজ কী?

ক. খাদ্য পরিবহন করা খ. হরমোন বহন করা
গ. রক্ত জমাট বাঁধতে সাহায্য করা
ঘ. অক্সিজেন পরিবহন করা উ. ঘ

ব্যাখ্যা : হিমোগ্লোবিন একটি আমিষ (প্রোটিন) জাতীয় পদার্থ। এ কারণেই রক্ত লাল বর্ণের হয়। হিমোগ্লোবিনের মূল কাজ হ ফুসফুস থেকে দেহকোষে অক্সিজেন (O_2) পরিবহন কর রক্তে হিমোগ্লোবিনের পরিমাণ হ্রাস পাওয়াকে বলে রক্তশূন্য (Anaemia)।

১৫তম কলেজ/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৯

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড-১; বিষয় কোড : ৪০০; পরীক্ষার তারিখ : ১৯.০৪.২০১৯

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. প্রাকৃত শব্দের ভাষাগত অর্থ–
ক. মূর্খদের ভাষা খ. পণ্ডিতদের ভাষা
গ. জনগণের ভাষা ঘ. লেখকদের ভাষা **উ. গ**
ব্যাখ্যা : প্রাকৃত শব্দের ভাষাগত অর্থ প্রজাসাধারণ বা জনগণের ভাষা। অর্থাৎ, সাধারণ মানুষের ভাষা।

২. গৌড়ীয় বাংলা ব্যাকরণ রচনা করেছেন–
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. রামরাম বসু
গ. রামনারায়ণ তর্করত্ন ঘ. রাজা রামমোহন রায় **উ. ঘ**
ব্যাখ্যা : গৌড়ীয় ব্যাকরণ রচনা করেছেন– রাজা রামমোহন রায়। তিনিই বাঙালিদের মধ্যে প্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন। তবে, প্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন- ম্যানুয়েল দ্য আঁসসুম্পসাও।

৩. উদাহরণ প্রয়োগের ক্ষেত্রে সাধারণত কোন বিরাম চিহ্ন ব্যবহৃত হয়?
ক. কোলন ড্যাশ খ. ড্যাশ
গ. কোলন ঘ. সেমিকোলন **উ. ক**
ব্যাখ্যা : উদাহরণ বা দৃষ্টান্ত প্রয়োগ করতে হলে কোলন এবং ড্যাস চিহ্ন একসঙ্গে ব্যবহৃত হয়। যেমন : পদ পাঁচ প্রকার : বিশেষ্য, সর্বনাম, বিশেষণ, অব্যয় ও ক্রিয়া।

৪. ব্রজবুলিতে কোন কবি পদাবলি রচনা করেন?
ক. চণ্ডীদাস খ. জ্ঞানদাস
গ. বিদ্যাপতি ঘ. গোবিন্দদাস **উ. গ**
ব্যাখ্যা : মিথিলার কবি বিদ্যাপতি ব্রজবুলি ভাষায় পদাবলি রচনা করেছেন। ব্রজবুলি ভাষা হলো একপ্রকার কবি কৃত্রিম ভাষা। এর স্রষ্টা হলেন মিথিলার কবি বিদ্যাপতি।

৫. মনীষা শব্দের বিপরীত শব্দ–
ক. নির্বোধ খ. প্রজ্ঞা
গ. স্থিরতা ঘ. মনস্বিতা **উ. ক**
ব্যাখ্যা : মনীষা শব্দের অর্থ গভীর বুদ্ধিসম্পন্ন। এর বিপরীত শব্দ নির্বোধ।

৬. রত্ন>রতন হওয়ার সন্ধি সূত্র–
ক. স্বরভক্তি খ. স্বরসঙ্গতি
গ. অভিশ্রুতি ঘ. অপিনিহিতি **উ. ক**
ব্যাখ্যা : রত্ন রতন হওয়ার সন্ধি সূত্রের নাম স্বরভক্তি বা বিপ্রকর্ষ বা মধ্য স্বরাগম।

৭. শীকর শব্দের অর্থ–
ক. গাছের মূল খ. মেনে নেয়া
গ. জলকণা ঘ. রাজস্ব **উ. গ**
ব্যাখ্যা : 'শীকর' শব্দের অর্থ জলকণা বা জলবিন্দু।

৮. কোন বানানটি শুদ্ধ
ক. সচ্ছল খ. সচ্চ্ছল
গ. স্বচ্ছল ঘ. স্বচ্চ্ছল **উ. ক**
ব্যাখ্যা : বাংলা অভিধান অনুযায়ী সচ্ছল বানানটি শুদ্ধ।

৯. 'লালসালু' উপন্যাসের রচনাকাল কোনটি?
ক. ১৯৪৩ খ. ১৯৪৮
গ. ১৯৫২ ঘ. ১৯৭০ **উ. খ**
ব্যাখ্যা : সৈয়দ ওয়ালী উল্লাহ রচিত 'লালসালু' উপন্যাসটি ১৯৪৮ সালে প্রকাশিত হয়।

১০. 'টপ্পা' কী?
ক. এক ধরনের গান খ. নাচের মুদ্রা
গ. বাদ্যযন্ত্র ঘ. বিশেষ ধরনের খেলা **উ. ক**
ব্যাখ্যা : 'টপ্পা' এক ধরনের গান। এই গানের জনক নিধু বাবু বা রামনিধি গুপ্ত।

১১. 'ঙ' ধ্বনিটির সঠিক উচ্চারণ হলো–
ক. উম্য খ. উমো
গ. ইয়ো ঘ. উয়ো **উ. ঘ**
ব্যাখ্যা : বাংলা উচ্চারণ রীতি অনুযায়ী 'ঙ' ধ্বনিটির সঠিক উচ্চারণ হলো– 'উয়ো'।

১২. নিচের কোনটি জীবনানন্দ দাশের প্রবন্ধ গ্রন্থ?
ক. ধূসর পাণ্ডুলিপি খ. কবিতার কথা
গ. ঝরা পালক ঘ. দুর্দিনের যাত্রী **উ. খ**
ব্যাখ্যা : 'কবিতার কথা' জীবনানন্দ দাশের একমাত্র প্রবন্ধ গ্রন্থ।

১৩. সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়–
ক. অব্যয় পদ খ. সম্বোধন পদ
গ. সর্বনাম পদ ঘ. ক্রিয়াপদ **উ. ক**
ব্যাখ্যা : সাধু ও চলিত ভাষায় অভিন্নরূপে ব্যবহৃত হয় অব্যয় পদ।

১৪. বিভক্তিহীন নাম শব্দকে বলে–
ক. প্রাতিপদিক খ. সাধিত শব্দ
গ. নামপদ ঘ. ক্রিয়াপদ **উ. ক**
ব্যাখ্যা : বিভক্তিহীন নাম শব্দকে বলে প্রাতিপদিক; আর বিভক্তিযুক্ত শব্দকে বলে 'পদ'।

১৫. 'আমার গানের মালা আমি করব কারে দান।" বাক্যটিতে 'কারে– শব্দটির কারক ও বিভক্তি কোনটি?
ক. কর্তায় সপ্তমী খ. কর্মে সপ্তমী
গ. করণে সপ্তমী ঘ. অপাদানে সপ্তমী **উ. খ**
ব্যাখ্যা : আমরা জানি, কী/কাকে দ্বারা প্রশ্ন করে উত্তর পাওয়া গেলে সেটি সাধারণত কর্ম কারক হয়।

১৬. 'নির্মোক' কোন শব্দগুচ্ছের সংকুচিত রূপ?
ক. পশুর খোলস খ. নির্মোহ লোক
গ. নিমোক রাখার পাত্র ঘ. সাপের খোলস উ. ঘ
ব্যাখ্যা : সাপের খোলস শব্দ গুচ্ছের সংকুচিত রূপ– নির্মোক।

১৭. I cannot spare an instant– বাক্যটির সঠিক বাংলা অনুবাদ কোনটি?
ক. আমার তিলমাত্র সময় নেই
খ. আমার একতিল সময় আছে
গ. আমি এক মুহূর্ত অপব্যয় করতে পারি না
ঘ. ওপরে কোনোটিই নয় উ. ক
ব্যাখ্যা : Spare an instant অর্থ মুহূর্ত। তাই I cannot spare an instant বাক্যটির সঠিক অনুবাদ হবে– আমার তিলমাত্র সময় নেই।

১৮. প্রসূন এর প্রতিশব্দ হলো–
ক. ভ্রমর খ. পত্র
গ. ফল ঘ. পুষ্প উ. ঘ
ব্যাখ্যা : 'প্রসূন' এর প্রতিশব্দ বা সমার্থক শব্দ হলো পুষ্প, ফুল, মুকুল, কুঁড়ি ইত্যাদি। তবে, কখনও কখনও প্রসূন শব্দ দ্বারা 'ফল'-কেও বোঝায়।

১৯. 'ডাক্তার সাহেবের হাত যশ ভালো'– বাক্যে 'হাত' ব্যবহৃত হয়েছে–
ক. অধিকার অর্থে খ. যশ অর্থে
গ. অভ্যাস অর্থে ঘ. নিপুণতা অর্থে উ. ঘ
ব্যাখ্যা : বাক্যে হাত শব্দটি নিপুণতা অর্থে ব্যবহৃত হয়েছে।

২০. 'অনেক' শব্দটি–
ক. অলুক তৎপুরুষ খ. উপপদ তৎপুরুষ
গ. ন্ ঞ তৎপুরুষ ঘ. নিত্য সমাস উ. গ
ব্যাখ্যা : 'অনেক' শব্দটির ব্যাসবাক্য- নয় এক। এটি ন ঞ তৎপুরুষ সমাস।

২১. 'ঢাক ঢাক গুড় গুড়' বাগধারাটির অর্থ কি?
ক. ষড়যন্ত্র খ. সন্দেহজনক আচরণ
গ. ঢাক জোরে বাজানো ঘ. লুকোচুরি উ. ঘ
ব্যাখ্যা : 'ঢাক ঢাক গুড় গুড়' বাগধারাটির অর্থ– লুকোচুরি, গোপন রাখার চেষ্টা, কপটতা।

২২. 'নীরোগ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. নীঃ + রোগ খ. নিঃ + রোগ
গ. নি + রোগ ঘ. নির + রোগ উ. খ
ব্যাখ্যা : 'ই' ধ্বনির পরের বিসর্গের সংগে 'র' এর সন্ধি হলে বিসর্গের লোপ হয় এবং বিসর্গের পূর্ববর্তী হ্রস্ব স্বর দীর্ঘ হয়। যেমন : নিঃ + রোগ = নীরোগ, নিঃ + রব = নীরব, নিঃ + রস = নীরস ইত্যাদি।

২৩. 'সুন্দর মানুষকে নিজের দিকে টানে'– বাক্যটিতে 'সুন্দর' শব্দটি কোন পদ?
ক. বিশেষ্য খ. বিশেষণ
গ. সর্বনাম ঘ. অব্যয় উ. ক
ব্যাখ্যা : 'সুন্দর মানুষকে নিজের দিকে টানে'– বাক্যটিতে 'সুন্দর' শব্দটি বিশেষ্য পদ।

২৪. মৌলিক শব্দ কোনটি?
ক. শ্রবণ খ. পাঠক
গ. পরিষ্কার ঘ. কালো উ. ঘ
ব্যাখ্যা : যে শব্দকে কোনভাবেই ভাঙ্গা যায় না, ভাঙলে কোন অংশেরই অর্থ পাওয়া যায় না তাকে মৌলিক শব্দ বলে। যেমন : কালো, লাল, মা, হাত, পা, নাক, গোলাপ ইত্যাদি।

২৫. 'Epicurism'-এর যথার্থ পরিভাষা–
ক. নিয়তিবাদ খ. অস্তিত্ববাদ
গ. ভোগবাদ ঘ. পরিবেশবাদ উ. গ
ব্যাখ্যা : Epicurism- এটি একটি পারিভাষিক শব্দ। এর অর্থ ভোগবাদ।

২৬. Choose the correct sentence :
ক. I have many works to perform.
খ. I have many work to perform.
গ. I have much works to perform.
ঘ. I have much work to perform. উ. ঘ
ব্যাখ্যা : এখানে 'work' একটি uncountable noun। আবার, 'much' একটি uncountable determiner. অতএব, work এর পূর্বে 'much' বসবে; 'many' নয়। 'many' বসে countable noun এর আগে।

২৭. Nasim will discuss the issue with Rafiq– phone.
ক. in খ. over
গ. by ঘ. on উ. গ
ব্যাখ্যা : phone এর পূর্বে 'the' থাকলে over হবে (over + the phone) এবং the না থাকলে by হবে (by + phone) হবে। অতএব সঠিক উত্তর (গ) by.

২৮. – Mount Everest is the highest peak in the Himalayas.
ক. A খ. An
গ. The ঘ. No article উ. ঘ
ব্যাখ্যা : একক কোনো পর্বতের নাম বোঝালে তার পূর্বে article বসে না। তবে mountain বা পর্বতমালা বোঝালে তার পূর্বে article 'the' বসে। এখানে Mount Everest একক পর্বতের নাম। তাই এর পূর্বে article বসে না।

২৯. 'কর্তৃপক্ষ তাকে তিরস্কার করল'– The best translation is :
ক. The authorities blame him.
খ. The authority took him to task.
গ. The authorities took him to book.
ঘ. The authority gave reins to him. উ. খ
ব্যাখ্যা : 'কাউকে তিরস্কার করা' বোঝাতে 'Tak to task' হয়। কাজেই সঠিক উত্তর (খ)।

৩০. The verb form of 'deceit' is :
ক. deceitful খ. deceitfully
গ. decisive ঘ. deceive উ. ঘ
ব্যাখ্যা : Deceit শব্দটি একটি noun, যার অর্থ প্রতারণা বা ছলনা। Deceit -এর verb 'deceive', যার অর্থ ধোঁকা দেয়া, প্রতারণা করা, ছলনা করা। সুতরাং সঠিক উত্তর (ঘ) deceive।

৩১. **Slow and steady– the race.**
ক. win খ. wins
গ. has won ঘ. won **উ. খ**

ব্যাখ্যা : সাধারণত and দ্বারা দুটি singular subject যুক্ত হলে verb plural হয়। তবে and দ্বারা দুটি subject যুক্ত হওয়া সত্ত্বেও একই ভাব প্রকাশ করলে verb টি singular হবে। কাজেই সঠিক উত্তর (খ) wins.

৩২. **'A rolling stone gathers no moss.' Here 'rolling' is–**
ক. a verb খ. an adjective
গ. a participle ঘ. a gerund **উ. গ**

ব্যাখ্যা : Verb + ing যদি verb এবং adjective এর কাজ করে তাহলে তাকে participle বলে। প্রশ্নে প্রদত্ত বাক্যে roll + ing = roiling (ঘূর্ণায়মান) শব্দটি 'stone' noun শব্দটির পূর্বে বসে verb এবং adjective এর কাজ করায় সঠিক উত্তর (গ) a participle.

৩৩. **What would be the right synonym for 'initiative'?**
ক. apathy খ. enterprise
গ. indolence ঘ. activity **উ. খ**

ব্যাখ্যা : Inititive অর্থ উদ্যোগ বা উদ্যম। অপশন (ক) apathy– অনীহা; (খ) enterprise– উদ্যোগ বা উদ্যম; (গ) Indolence– অলসতা; (ঘ) activity– সক্রিয়তা। কাজেই সঠিক উত্তর (খ) enterprise.

৩৪. **He prohibited me–**
ক. to do it খ. do it
গ. in doing it ঘ. from doing it **উ. ঘ**

ব্যাখ্যা : কাউকে কোনো কিছু করা থেকে নিষেধ করা বা বিরত রাখা অর্থে prohibit from হয়। কাজেই সঠিক উত্তর (ঘ) from doing it.

৩৫. **'Call to mind' means–**
ক. fantacize খ. attend
গ. remember ঘ. request **উ. গ**

ব্যাখ্যা : 'Call to mind' একটি phrase; যার অর্থ মনে রাখা, স্মরণ করা। অপশন (ক) fanticize – উদ্ভট কল্পনা করা (খ) attend অর্থ উপস্থিত হওয়া; (গ) remember– মনে রাখা, স্মরণ করা এবং (ঘ) request– অনুরোধ করা। কাজেই সঠিক উত্তর (গ) remember.

৩৬. **Identify the correct passive form of 'He made me laugh.'**
ক. I was made laugh by him.
খ. I was made to laugh by him.
গ. I was made laughing with him.
ঘ. I was made laughing by him. **উ. খ**

ব্যাখ্যা : এটি একটি causative verb যুক্ত sentence যার passive করার নিয়ম (obj কে sub + Tense অনুযায়ী verb + causative verb এর past participle form + to + verb + by + sub কে obj। অতএব, সঠিক উত্তর (খ) I was made to laugh by him.

৩৭. **Choose the correct sentence :**
ক. A few of the three boys got a prize.
খ. Each of the three boys got a prize
গ. Every of the three boys got a prize.
ঘ. All of the three boys got a prize. **উ. খ**

ব্যাখ্যা : বাক্যটির বাংলা অর্থ 'তিনজন বালকের প্রত্যেকেই একটি করে পুরস্কার পেল'। তাই সঠিকইংরেজি বাক্য (খ) Each of the three boys got a prize.

৩৮. **He fathered the plan. Here the word 'father' is–**
ক. a noun খ. an adjective
গ. a verb ঘ. an adverb **উ. গ**

ব্যাখ্যা : 'Father' শব্দটি সাধারণত Noun হিসেবে ব্যবহৃত হলেও মাঝেমধ্যে verb হিসেবেও ব্যবহার হতে পারে। এখানে, father শব্দটি 'He' subject এর পরে বসে verb এর কাজ করেছে। যার অর্থ উদ্ভাবন করা। পুরো বাক্যটির অর্থ- 'সে পরিকল্পনাটির উদ্ভাবন করেছিল'। কাজেই সঠিক উত্তর (গ) a verb.

৩৯. **Price for bicycles can run– Tk. 2,000.**
ক. as high as খ. so high as
গ. as high to ঘ. as hgh for **উ. ক**

ব্যাখ্যা : 'As high as' কথাটির অর্থ সর্বোচ্চ বা পর্যন্ত। সুতরাং সঠিক উত্তর (ক) as high as।

৪০. **Walk fast lest you– miss the bus.**
ক. will খ. can
গ. could ঘ. should **উ. ঘ**

ব্যাখ্যা : lest + sub + should/might + verb এর present form. সুতরাং সঠিক উত্তর (ঘ) should.

৪১. **The idiom 'put up with' means–**
ক. stay together খ. tolerate
গ. keep trust ঘ. protect **উ. খ**

ব্যাখ্যা : 'Put up with' একটি phrase, যার অর্থ সহ্য করা। কাজেই সঠিক উত্তর (খ) tolerate. অন্যদিকে, stay together অর্থ একসাথে থাকা; keep trust অর্থ আস্থা রাখা, protect অর্থ রক্ষা করা।

৪২. **Choose the correct alternative to correct the sentence : He – to see us if he had been able to do.**
ক. would come খ. would have come
গ. may had come ঘ. would may come **উ. খ**

ব্যাখ্যা : 3rd contional-এ If যুক্ত clause টি যদি past perfect tense-এর হয় অপর clause টি sub + would /could/might have + V_3 হয়। কাজেই সঠিক উত্তর would have come.

৪৩. **Identify the correct sentence–**
ক. He is better and superior than me.
খ. He is better than and superior to me.
গ. He is better and superior to me.
ঘ. He is suprior than and better to me. উ. খ

ব্যাখ্যা : Comparative sentence এ দুটি comparative adjective থাকলে দুটি ভিন্ন ভিন্ন preposition প্রয়োজন মতো ব্যবহার করতে হয়। Better এর পরে than এবং superior এর পরে to বসে। কাজেই সঠিক উত্তর (খ) He is better than and superior to me.

৪৪. **Select the meaning of the word 'stagflation'.**
ক. controlled prices খ. economic slow down
গ. a disintegrating government
ঘ. cultural dullness উ. খ

ব্যাখ্যা : Staglation শব্দটির অর্থ অর্থনৈতিক মন্দা; যা economic slow down এর সমার্থক।

৪৫. **The word 'permissive' means–**
ক. polite খ. law-abiding
গ. liberal ঘ. submissive উ. গ

ব্যাখ্যা : permissive-অর্থ স্বাধীনতা দেওয়া। অপশন (ক) polite ভদ্র (খ) law-abiding -আইন মান্যকারী (গ) liberal - স্বাধীনচেতা, উদার; যা permissive এর সমার্থক। অপশন (ঘ) submissive-মান্য করতে ইচ্ছুক। কাজেই সঠিক উত্তর (গ) liberal.

৪৬. **What would be the right antonym for 'annihilate'–**
ক. destroy খ. obliterate
গ. establish ঘ. extinguish উ. গ

ব্যাখ্যা : annihilate অর্থ সম্পূর্ণরূপে ধ্বংস করা। অপশন (ক) destroy ধ্বংস করা, (খ) obliterate- নিশ্চিহ্ন করা, (গ) establish- প্রতিষ্ঠা করা; যা annihilate এর বিপরীত শব্দ। অপশন (ঘ) extinguish- নেভানো। কাজেই সঠিক উত্তর (গ) establish.

৪৭. **The synonym of the word 'scanty' is–**
ক. ample খ. copious
গ. meagre ঘ. abundant উ. গ

ব্যাখ্যা : scanty অর্থ স্বল্প, অপর্যাপ্ত। meagre অর্থ নিঃস্ব বা অপর্যাপ্ত; যা scanty এর synonym. বাকি সবগুলো অপশনের অর্থ প্রচুর বা পর্যাপ্ত।

৪৮. **I have applied for the post of a Lecturer – English.**
ক. at খ. of
গ. for ঘ. in উ. ঘ

ব্যাখ্যা : কোনো বিষয় বা subject বোঝালে তার পূর্বে preposition (in) বসে। সুতরাং সঠিক উত্তর (ঘ) in.

৪৯. **The principal along with his students– planting trees for two hours.**
ক. have been খ. has been
গ. is ঘ. are উ. খ

ব্যাখ্যা : as well as, along with, accompanied by, together with ইত্যাদি এর পূর্বে যে sub থাকে সেই subject অনুসারে verb বসে। এখানে along with এর পূর্ববর্তী subject 'The principal' singular হওয়ায় এর verb-ও singular হবে। কাজেই সঠিক উত্তর (খ) has been.

৫০. **Which one is a correct sentence?**
ক. Every students are present today.
খ. Ten kilometres are too far to walk.
গ. Two-third of the students got degrees.
ঘ. All the information is current. উ. ঘ

ব্যাখ্যা : Information শব্দটি যেহেতু uncountable noun, সেহেতু এর verb-ও singular হবে। সুতরাং সঠিক উত্তর (ঘ)। বাকি অপশনগুলোর মধ্যে (ক) Every এর স্থলে All হবে, (খ) are এর স্থলে is হবে, (গ) Two-third এর স্থলে Two-thirds হবে।

৫১. **৫টি সংখ্যার গড় ৪০। এর সাথে ৩টি সংখ্যা যোগ করা হলো, সংখ্যা তিনটির গড় ২২। সমষ্টিগতভাবে ৮টি সংখ্যার গড় কত?**
ক. ৩৩.২ খ. ৩৩.৫০
গ. ৩৩.২৫ ঘ. কোনোটিই নয় উ. গ

ব্যাখ্যা : দেওয়া আছে, ৫টি সংখ্যার গড় = ৪০
∴ ৫টি সংখ্যার সমষ্টি = (৪০ × ৫) = ২০০
∴ অন্য ৩টি " " = (২২ × ৩) = ৬৬
∴ মোট ৮টি সংখ্যার সমষ্টি = (২০০ + ৬৬) = ২৬৬
∴ ৮টি সংখ্যার গড় $= \frac{২৬৬}{৮} = ৩৩.২৫$

৫২. **দুটি সংখ্যা অনুপাত ৭ ঃ ৮ এবং তাদের ল. সা. গু. ২৮০ হলে সংখ্যা দুটির গ. সা. গু. কত?**
ক. ৪ খ. ৫
গ. ৬ ঘ. ৭ উ. খ

ব্যাখ্যা : মনে করি, সংখ্যা দুটি যথাক্রমে ৭x এবং ৮x
তাহলে, সংখ্যা দুটির গ. সা. গু. = x
সংখ্যা দুটির ল. সা. গু. = ৫৬x
প্রশ্নানুসারে, ৫৬x = ২৮০
বা, $x = \frac{২৮০}{৫৬}$
∴ x = ৫

৫৩. **ঘণ্টায় y মাইল বেগে x মাইল দূরত্ব অতিক্রম করতে কত ঘণ্টা সময় লাগবে?**
ক. $\frac{x}{y}$ ঘণ্টা খ. $\frac{y}{x}$ ঘণ্টা
গ. xy ঘণ্টা ঘ. কোনোটিই নয় উ. ক

ব্যাখ্যা : আমরা জানি, সময় $= \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}}$

$= \frac{x}{y}$ ঘণ্টা

৫৪. ১৬ জন শ্রমিক একটি কাজ ৩ ঘণ্টায় সম্পন্ন করতে পারে। উক্ত কাজটি সম্পন্ন করতে ৫ জন শ্রমিকের কত সময় লাগবে?

ক. $\frac{১৫}{১৬}$ ঘণ্টা খ. ১৫ ঘণ্টা

গ. $৭\frac{৩}{৫}$ ঘণ্টা ঘ. $৯\frac{৩}{৫}$ ঘণ্টা উ. ঘ

ব্যাখ্যা : ১৬ জন শ্রমিক কাজটি সম্পন্ন করে ৩ ঘণ্টায়

∴ ১ " " " " (১৬×৩) "

∴ ৫ " " " " $= \frac{১৬ \times ৩}{৫}$ "

$= \frac{৪৮}{৫}$ ঘণ্টায়

$= ৯\frac{৩}{৫}$ ঘণ্টায়

৫৫. $৬\frac{১}{৪}$ % হার সুদে কত সময়ে ৯৬ টাকার সুদ ১৮ টাকা হবে?

ক. ২ বছরের খ. $২\frac{১}{২}$ বছরে

গ. ৩ বছর ঘ. ৪ বছরে উ. গ

ব্যাখ্যা : আমরা জানি, $I = pnr$

বা, $১৮ = ৯৬ \times n \times \frac{২৫}{৪ \times ১০০}$

বা, $n = \frac{১৮}{৬}$

∴ $n = ৩$

৫৬. একটি ঘড়ি ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ঘড়িটির ক্রয়মূল্য কত?

ক. ৩০০ টাকা খ. ৪০০ টাকা

গ. ৩৫০ টাকা ঘ. ৩৭৫ টাকা উ. ক

ব্যাখ্যা : মনে করি, ঘড়িটির ক্রয়মূল্য = ১০০ টাকা

১০% ক্ষতিতে ঘড়িটির বিক্রয়মূল্য = (১০০ − ১০) = ৯০ টাকা

৫% লাভে ঘড়িটির বিক্রয়মূল্য = (১০০ + ৫) = ১০৫ টাকা

∴ বিক্রয়মূল্যের পার্থক্য = (১০৫ − ৯০) টাকা

= ১৫ টাকা

∴ বিক্রয়মূল্য ১৫ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ " ১ " " " " $\frac{১০০}{১৫}$ "

∴ " ৪৫ " " " " $\frac{১০০ \times ৪৫}{১৫}$ "

= ৩০০ টাকা

৫৭. প্রথম p সংখ্যক বিজোড় সংখ্যার যোগফল কত?

ক. p^{2-1} খ. p^2

গ. $p^2 + 1$ ঘ. কোনোটিই নয় উ. খ

ব্যাখ্যা : সমান্তরধারার সূত্র: n সংখ্যক বিজোড় সংখ্যার সমষ্টি $= n^2$

তাহলে p সংখ্যক বিজোড় সংখ্যার সমষ্টি $= p^2$

৫৮. $x^2 + y^2 = 18$ এবং $xy = 7$ হলে $(x - y)^2$ এর মান কত?

ক. 4 খ. 5

গ. 6 ঘ. 7 উ. ক

ব্যাখ্যা : দেওয়া আছে, $x^2 + y^2 = 18$ এবং $xy = 7$

এখন, $(x - y)^2 = x^2 - 2xy + y^2$

$= (x^2 + y^2) - 2xy$

$= 18 - 2 \times 7$

$= 18 - 14 = 4$

৫৯. $\sqrt[3]{\sqrt[3]{a^3}} =$ কত?

ক. a^3 খ. $a^{\frac{1}{3}}$

গ. a ঘ. 1 উ. খ

ব্যাখ্যা : $\sqrt[3]{\sqrt[3]{a^3}}$

$= \sqrt[3]{(a^3)^{\frac{1}{3}}} = a^{\frac{1}{3}}$

৬০. $x^{-3} - 0.001 = 0$ হলে, x^2 এর মান কত?

ক. $\frac{1}{100}$ খ. $\frac{1}{10}$

গ. 10 ঘ. 100 উ. ঘ

ব্যাখ্যা : $x^{-3} - 0.001 = 0$

বা, $x^{-3} = 0.001$

বা, $\left(\frac{1}{x}\right)^3 = \frac{1}{1000}$

বা, $\left(\frac{1}{x}\right)^3 = \left(\frac{1}{10}\right)^3$

বা, $\frac{1}{x} = \frac{1}{10}$

বা, $x = 10$

∴ $x^2 = (10)^2 = 100$

৬১. $\log_2 64 + \log_2 8$ এর মান কত?

ক. 2 খ. 7

গ. 9 ঘ. 128 উ. গ

ব্যাখ্যা : $\log_2 64 + \log_2 8$

$= \log_2 2^6 + \log_2 2^3$

$= 6 \times 1 + 3 \times 1$ [যেহেতু, $\log_a a = 1$]

$= 9$

৬২. $x+\frac{1}{x}=4$ হলে $\frac{x}{x^2-3x+1}$ এর মান কত?

ক. 4 খ. 3
গ. 2 ঘ. 1 **উ. ঘ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $x+\frac{1}{x}=4$

বা, $\frac{x^2+1}{x}=4$

$\therefore x^2+1=4x$

এখন, $\frac{x}{x^2-3x+1}$

$=\frac{x}{x^2+1-3x}$

$=\frac{x}{4x-3x}$ [যেহেতু, $x^2+1=4x$]

$=\frac{x}{x}$

$=1$

৬৩. বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

ক. 4 খ. 9
গ. 12 ঘ. 16 **উ. খ**

ব্যাখ্যা : ধরি, বৃত্তের ব্যাস = 2r; ব্যাসার্ধ = r ক্ষেত্রফল = πr^2

বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে ব্যাস = 6r; ব্যাসার্ধ = 3r;

পরিবর্তিত বৃত্তের ক্ষেত্রফল = $(3\pi r)^2 = 9\pi r^2$

সুতরাং, বৃত্তের ক্ষেত্রফল বৃদ্ধি পায় = $\frac{9\pi r^2}{\pi r^2}=9$

৬৪. $\frac{\sqrt{2}}{\sqrt{6}+2}=$ কত?

ক. $\sqrt{3}+\sqrt{2}$ খ. $3-\sqrt{2}$
গ. $\sqrt{3}-\sqrt{2}$ ঘ. $\sqrt{3}+2$ **উ. গ**

ব্যাখ্যা : $\frac{\sqrt{2}}{\sqrt{6}+2}=\frac{\sqrt{2}(\sqrt{6}-2)}{(\sqrt{6}+2)(\sqrt{6}-2)}$

$=\frac{\sqrt{2}.\sqrt{2}(\sqrt{3}-\sqrt{2})}{(\sqrt{6^2}-2^2)}$

$=\frac{2(\sqrt{3}-\sqrt{2})}{6-4}$

$=\frac{2(\sqrt{3}-\sqrt{2})}{2}$

$=\sqrt{3}-\sqrt{2}$

৬৫. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $4\sqrt{2}$ একক হলে, ঐ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ একক?

ক. 24 বর্গ একক খ. 8 বর্গ একক
গ. 16 বর্গ একক ঘ. 32 বর্গ একক **উ. গ**

ব্যাখ্যা : বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য = a একক হলে

বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = a^2

বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য = $a\sqrt{2}$

$\therefore a\sqrt{2}=4\sqrt{2}$

$\Rightarrow a=\frac{4\sqrt{2}}{\sqrt{2}}$

$\therefore a=4$

অতএব, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল= a^2

$=4^2$ বর্গ একক

$=16$ বর্গ একক

৬৬. $-4a^2+23a+6$ এর উৎপাদক কোনটি?

ক. $(6-a)(4a-1)$ খ. $(a-6)(4a+1)$
গ. $(a-6)(4a-1)$ ঘ. $(6-a)(4a+1)$ **উ. ঘ**

ব্যাখ্যা : $-4a^2+23a+6$

$=-(4a^2-23a-6)$

$=-(4a^2-24a+a-6)$

$=-\{4a(a-6)+1(a-6)\}$

$=-(a-6)(4a+1)$

$=(6-a)(4a+1)$

৬৭. $(a+b), a^2-b^2, a^3-b^3$ এর গ. সা. গু. কত?

ক. 0 খ. 1
গ. $a-b$ ঘ. $a+b$ **উ. খ**

ব্যাখ্যা : দেওয়া আছে,

১ম রাশি = $a+b$

২য় রাশি = a^2-b^2

$=(a+b)(a-b)$

৩য় রাশি = a^3-b^3

$=(a-b)(a^2+ab+b^2)$

$\therefore$ রাশিগুলোর গ. সা. গু. = 1

৬৮. $(3x)^\circ+3(x)^\circ=$ কত?

ক. 1 খ. 2
গ. 3 ঘ. 4 **উ. ঘ**

ব্যাখ্যা : $(3x)^\circ+3(x)^\circ$

$=1+3\times1$ [$\because a^\circ=1$ যেখানে, $a\neq0$]

$=1+3=4$

৬৯. ২৫৩° কোণকে কি কোণ বলে?

ক. সূক্ষ্মকোণ খ. স্থূলকোণ
গ. পূরককোণ ঘ. প্রবৃদ্ধ কোণ **উ. ঘ**

ব্যাখ্যা : ২৫৩° কোণ একটি প্রবৃদ্ধ কোণ। কারণ, ১৮০° থেকে বড় কিন্তু ৩৬০° থেকে ছোট কোণকে প্রবৃদ্ধকোণ বলা হয়।

Job Navigator

৭০. কোনো সমকোণী ত্রিভুজের ভূমি a, উচ্চতা b এবং অতিভুজ c হলে কোনটি সঠিক?

ক. $a^2 = b^2 + c^2$ খ. $b^2 = c^2 + a^2$

গ. $c^2 = a^2 + b^2$ ঘ. কোনোটিই নয় **উ. গ**

ব্যাখ্যা : পিথাগোরাসের উপপাদ্যের নিয়ম অনুযায়ী,

অতিভুজ^2 = ভূমি^{2} + লম্ব^2

তাই, $c^2 = a^2 + b^2$ উত্তরটি সঠিক।



৭১. সমবাহু ত্রিভুজের প্রত্যেকটি কোণের পরিমাণ কত?

ক. 30° খ. 60°

গ. 90° ঘ. 180° **উ. খ**

ব্যাখ্যা : যেকোনো ত্রিভুজের তিনকোণের সমষ্টি 180° বা দুই সমকোণ। সমবাহু ত্রিভুজের প্রতিটি বাহুই সমান। অতএব, ত্রিভুজের অন্তর্ভুক্ত কোণগুলোও পরস্পর সমান হবে। সুতরাং, সমবাহু ত্রিভুজের প্রতিটি কোণের পরিমাণ

$$= \frac{180°}{3} = 60°$$

৭২. পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ, ৬ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের ১০ গুণ ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত কত?

ক. ৪ : ১ খ. ১ : ৪

গ. ২ : ৩ ঘ. ৩ : ২ **উ. ক**

ব্যাখ্যা : পিতার বর্তমান বয়স পুত্রের বর্তমান বয়সের ৪ গুণ। তাহলে, পুত্রের বয়স x বছর হলে, পিতার বয়স 8x বছর।

∴ পিতা ও পুত্রের বয়সের অনুপাত = 8x : x = ৪ : ১

৭৩. দুটি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত ৪ : ৫। বৃত্ত দুটির ক্ষেত্রফলের অনুপাত কত?

ক. ১৬ : ২৫ খ. ১৬ : ৫

গ. ৪ : ২৫ ঘ. ২৫ : ১৬ **উ. ক**

ব্যাখ্যা : মনে করি, প্রথম বৃত্তের ব্যাসার্ধ, r = 4x, তাহলে ক্ষেত্রফল = $\pi r^2 = \pi(4x)^2 = 16\pi x^2$

∴ দ্বিতীয় বৃত্তের ব্যাসার্ধ, r = 5x, তাহলে ক্ষেত্রফল = $\pi r^2 = \pi(5x)^2 = 25\pi x^2$

∴ বৃত্ত দুটির ক্ষেত্রফলের অনুপাত = $16\pi x^2 : 25\pi x^2$

= 16 : 25

৭৪. $3\sqrt{3}$ এর 3 ভিত্তিক লগ কত?

ক. $\sqrt{3}$ খ. $\frac{2}{3}$

গ. 3^2 ঘ. $\frac{3}{2}$ **উ. ঘ**

ব্যাখ্যা : $\log_3 3\sqrt{3}$

$= \log_3 3 \times 3^{\frac{1}{2}}$

$= \log_3 3^{1+\frac{1}{2}}$

$= \log_3 3^{\frac{2}{2}}$

$= \frac{3}{2}\log_3 3$

$= \frac{3}{2} \times 1 = \frac{3}{2}$

৭৫. আখের রসে চিনি ও পানির অনুপাত 3 : 7 হলে, রসে কী পরিমাণ চিনি আছে?

ক. 30% খ. 40%

গ. 42.86% ঘ. 70% **উ. ক**

ব্যাখ্যা : অনুপাতগুলোর যোগফল = 3 + 7 = 10

∴ 10 একক রসে চিনি আছে= 3

∴ 1 " " " " $= \frac{3}{10}$

∴ 100 " " " " $= \frac{3}{10} \times 100 = 30\%$

৭৬. 'মহাস্থানগড়' কোন নদীর তীরে অবস্থিত?

ক. কপোতাক্ষ খ. যমুনা

গ. পদ্মা ঘ. করতোয়া **উ. ঘ**

ব্যাখ্যা : বাংলার প্রাচীনতম স্থান 'মহাস্থানগড়' বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় করতোয়া নদীর তীরে অবস্থিত। আর রাজশাহী পদ্মার তীরে, সিরাজগঞ্জ যমুনার তীরে এবং যশোর কপোতাক্ষ নদের তীরে অবস্থিত।

৭৭. বাংলাদেশের রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের সহায়তাকারী দেশ কোনটি?

ক. ভারত খ. চীন

গ. রাশিয়া ঘ. যুক্তরাষ্ট্র **উ. গ**

ব্যাখ্যা : রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প ঈশ্বরদী, পাবনায় অবস্থিত। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পে সহায়তাকারী দেশ হচ্ছে রাশিয়া। এর বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা হবে ২৪০০ মেগাওয়াট। উল্লেখ্য বাগেরহাটে রামপালে কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মিত হয়েছে ভারতের সহায়তায়।

৭৮. মহান নেতা শেখ মুজিবুর রহমানকে কত সালে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়?

ক. ১৯৭০ খ. ১৯৬৯

গ. ১৯৬৮ ঘ. ১৯৬৬ **উ. খ**

ব্যাখ্যা : আগরতলা ষড়যন্ত্র মামলা থেকে বঙ্গবন্ধু মুক্তিপান ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯। তার পর দিন ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯ তৎকালীন রেসকোর্স ময়দানে আয়োজিত গণসংবর্ধনায় ছাত্র সংগ্রাম পরিষদের পক্ষে ছাত্রনেতা তোফায়েল আহমেদ কর্তৃক শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেয়া হয়।

৭৯. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য কোন দুই নারীকে 'বীর প্রতীক' উপাধিতে ভূষিত করা হয়?

ক. তারামন বিবি ও ময়মুনা বিবি
খ. সিতারা বেগম ও ময়মুনা বিবি
গ. তারামন বিবি ও সিতারা বেগম
ঘ. মনসুরা বিবি ও তারামন বিবি

উ. গ

ব্যাখ্যা : মহান মুক্তিযুদ্ধে অবদানের জন্য ৪২৬ জনকে বীরপ্রতীক খেতাব দেয়া হয়। বীরপ্রতীক খেতাব পাওয়া দুজন নারী মুক্তিযোদ্ধা হলেন তারামন বিবি ও সিতারা বেগম। তারামন বিবি ১১নং সেক্টরে আর সিতারা বেগম ২নং সেক্টর যুদ্ধ করেন (মনে রাখুন সেতারা = ফোতারা (দুই) Taramon Bibi ১১ অক্ষর = ১১ নং সেক্টর)

৮০. থাইল্যান্ডের মুদ্রার নাম কী?

ক. লিরা
খ. ক্রোনা
গ. বাথ
ঘ. রিংগিত

উ. গ

ব্যাখ্যা : স্বাধীন ভূমি বা মুক্ত ভূমি থাইল্যান্ড দক্ষিণ-পূর্ব এশিয়ার একমাত্র দেশ যা কখনো অন্য কোনো দেশের উপনিবেশ ছিল না। থাইল্যান্ডের মুদ্রার নাম বাথ। লিরা তুরস্কের মুদ্রা। ক্রোনা আইসল্যান্ডের মুদ্রা আর রিংগিত মালয়েশিয়ার মুদ্রা।

৮১. OPEC-এর সচিবালয় কোথায় অবস্থিত?

ক. ভিয়েনা
খ. লিবিয়া
গ. কাতার
ঘ. কুয়েত

উ. ক

ব্যাখ্যা : বিশ্বের প্রধান তেল রপ্তানিকারক দেশগুলোর সংস্থা OPEC (Organization of Petrolium Exporting Countries) এটি ১৯৬০ সালে ভেনিজুয়েলার উদ্যোগে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর অস্ট্রিয়ার ভিয়েনায়।

৮২. বাংলাদেশ জাতীয় সংসদের মোট সদস্য সংখ্যা কত?

ক. ৩৩০
খ. ৩৪০
গ. ৩৫০
ঘ. ৩৬০

উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশের আইনসভা জাতীয় সংসদের মোট সদস্য সংখ্যা ৩৫০। এর মধ্যে ৫০টি আসন মহিলাদের জন্য সংরক্ষিত। জাতীয় সংসদের ইংরেজি নাম House of the Nation। এটি এককক্ষ বিশিষ্ট আইনসভা।

৮৩. কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদান প্রযুক্তিকে কী বলা হয়?

ক. ইন্টারকম
খ. ইন্টারনেট
গ. ই-মেইল
ঘ. ইন্টারস্পীড

উ. খ

ব্যাখ্যা : কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদান প্রযুক্তি হচ্ছে ইন্টারনেট (Interret) এটি Interational Network এর সংক্ষিপ্ত রূপ। বিশ্বে ইন্টারনেট প্রথম চালু হয় ১৯৬৯ সালে এবং বাংলাদেশে চালু হয় ১৯৯৬ সালে (মনে রাখুন ১৯৬৯ এর শেষ দুই ডিজিট উল্টো করে লিখলে ১৯৯৬ পাওয়া যায়)

৮৪. "ছিয়াত্তরের মন্বন্তর" বলা হয় বাংলা কোন সনকে?

ক. ১১৭৬
খ. ১৭৭০
গ. ১৭৭৬
ঘ. ১১৭০

উ. ক

ব্যাখ্যা : লর্ড ক্লাইভ প্রবর্তিত দ্বৈতশাসনের মারাত্মক পরিণতি হচ্ছে ছিয়াত্তরের মন্বন্তর। ছিয়াত্তরের মন্বন্তর বাংলা ১১৭৬ বঙ্গাব্দে (ইংরেজি ১৭৭০ খ্রিস্টাব্দে) সংঘঠিত হয়। উল্লেখ্য পঞ্চাশের মন্বন্তর বাংলা ১৩৫০ (ইংরেজি ১৯৪৩) সালে সংঘটিত হয়।

৮৫. বায়ুমণ্ডলের ওজোন স্তর অবক্ষয়ের জন্য কোন গ্যাসের ভূমিকা সর্বোচ্চ?

ক. সিএফসি
খ. মিথেন
গ. কার্বন ডাই-অক্সাইড
ঘ. নাইট্রোজেন

উ. ক

ব্যাখ্যা : বায়ুমণ্ডলের দ্বিতীয় স্তর Stratosphere (স্ট্রাটোমণ্ডল) এ ওজোন (O_3) স্তর অবস্থিত। এ স্তর সূর্য থেকে আসা অতি বেগুনি রশ্মি থেকে জীব জগৎকে রক্ষা করে। কিন্তু ক্লোরোফ্লোরো কার্বন বা CFC গ্যাসের জন্য ওজোন স্তরে ফাটল বা অবক্ষয় দেখা দেয়।

৮৬. বাংলাদেশে স্থানীয় প্রশাসন কাঠামোর সর্বনিম্ন স্তর কোনটি?

ক. জেলা পরিষদ
খ. উপজেলা পরিষদ
গ. ইউনিয়ন পরিষদ
ঘ. গ্রাম পরিষদ

উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশে স্থানীয় প্রশাসন কাঠামোর সর্বনিম্ন স্তর হচ্ছে ইউনিয়ন পরিষদ। ইউনিয়ন পরিষদ ১ জন চেয়ারম্যান ৯ জন সাধারণ সদস্য ও ৩ জন সংরক্ষিত মহিলা সদস্যসহ মোট ১৩ জনকে নিয়ে গঠিত। কার্যকাল ৫ বছর।

৮৭. বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর কোন বাহিনীতে চাকুরীরত ছিলেন?

ক. সেনাবাহিনী
খ. নৌবাহিনী
গ. বিমান বাহিনী
ঘ. পুলিশ বাহিনী

উ. ক

ব্যাখ্যা : বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর সেনাবাহিনীতে কর্মরত ছিলেন। তিনি ছাড়াও সিপাহী মোস্তফা কামাল ও সিপাহী হামিদুর রহমান সেনাবাহিনীতে কর্মরত ছিলেন। ৭ জন বীর শ্রেষ্ঠের মধ্যে সেনাবাহিনীর ৩ জন, বিমান বাহিনীর ১ জন, নৌবাহিনীর ১ জন এবং EPR তথা BGB এর ২ জন।

৮৮. বাংলাদেশের একমাত্র মৎস্য গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?

ক. ঢাকা
খ. ফরিদপুর
গ. ময়মনসিংহ
ঘ. খুলনা

উ. গ

ব্যাখ্যা : Bangladesh Fisheries Research Institute বা বাংলাদেশ মৎস গবেষণা ইনস্টিটিউট বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহে অবস্থিত। উল্লেখ্য Fisheries Training Institute/মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট আছে চাঁদপুর জেলায় অবস্থিত। মৎস্য ভবন ঢাকায়। চিংড়ি গবেষণা কেন্দ্র বাগেরহাট জেলায়।

৮৯. 'মোদের গরব মোদের আশা, আ মরি বাংলা ভাষা'– গানের রচয়িতা কে?

ক. অতুল প্রসাদ সেন
খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. কাজী নজরুল ইসলাম
ঘ. কবি জসীম উদ্দিন

উ. ক

Job Navigator

ব্যাখ্যা : 'মোদের গরব মোদের আশা, আ মরি বাংলা ভাষা' মহান ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধে প্রেরণাদায়ী এই কালজয়ী গানের রচয়িতা অতুল প্রসাদ সেন। তিনি এ গানের সুরকারও। তিনি বাংলা গানে ঠুংরি ধারার প্রবর্তক।

৯০. বাংলাদেশের অস্থায়ী সরকারের প্রথম প্রধানমন্ত্রী কে?
ক. শেখ মুজিবুর রহমান খ. এম. মনসুর আলী
গ. তাজউদ্দিন আহমেদ ঘ. আতাউর রহমান খান উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশের অস্থায়ী সরকারের রাষ্ট্রপতি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, উপরাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম, প্রধানমন্ত্রী ছিলেন তাজউদ্দিন আহমেদ, অর্থমন্ত্রী ছিলেন এম. মনসুর আলী, স্বরাষ্ট্রমন্ত্রী ছিলেন এ. এইচ এম. কামরুজ্জামান।

৯১. আন্তর্জাতিক নারী দিবস পালিত হয় কোন তারিখে?
ক. ৮ই ফেব্রুয়ারি খ. ৮ই মার্চ
গ. ৮ই এপ্রিল ঘ. ৮ই আগস্ট উ. খ

ব্যাখ্যা : আর্ন্তজাতিক নারী দিবস ৮ মার্চ। ১৮৫৭ সালের ৮ মার্চ নিউইর্য়কের সুতা কারখানার নারীরা তাদের অধিকার আদায়ে প্রতিবাদ করে। প্রায় অর্ধযুগ পর ১৯০৮ সালের এ দিনে জার্মান নারী নেত্রী ক্লারা জেটকিনের নেতৃত্ব ১ম নারী সম্মেলন হয়। এরই ধারাবাহিকতায় ১৯৭৫ সালের ৮ মার্চ থেকে জাতিসংঘ দিনটি নারী দিবস হিসেবে পালন করে আসছে।

৯২. ক্রেমলিন কী?
ক. মার্কিন প্রেসিডেন্টের সরকারি বাসভবন
খ. রশিয়ার প্রেসিডেন্টের সরকারি বাসভবন
গ. বৃটেনের প্রধানমন্ত্রীর বাসভবন
ঘ. অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর বাসভবন উ. খ

ব্যাখ্যা : রাশিয়ার প্রেসিডেন্টর সরকারি বাসভবন হচ্ছে ক্রেমলিন। সাবেক সোভিয়েত ইউনিয়নের প্রাণকেন্দ্র ছিল এটি। এটি মস্কো নদীর তীরে অবস্থিত। মার্কিন প্রেসিডেন্টের সরকারি বাসভবন হোয়াইট হাউস, ব্রিটেনের প্রধানমন্ত্রীর বাসভবন ১০ নং ডাইনিং স্ট্রিট আর অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর বাসভবন 'ফি লজ'।

৯৩. বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ কোন তারিখে ইউনেস্কোর "মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল" রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হয়েছে?
ক. ২০ অক্টোবর ২০১৭ খ. ২৫ অক্টোবর ২০১৭
গ. ৩০ অক্টোবর ২০১৭ ঘ. ৩১ অক্টোবর ২০১৭ উ. গ

ব্যাখ্যা : ইউনেস্কো ৭ মার্চের ভাষণকে World Documentary Heritage/বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে 'মেমরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার'-এ অর্ন্তভুক্ত করে ৩০ অক্টোবর, ২০১৭। ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণের সময়কাল প্রায় ১৯ মিনিট এবং শব্দ ১১০৮টি। ৭-ই মার্চের প্রধান দাবি ৪টি।

৯৪. জাপানের পার্লামেন্টের নাম কী?
ক. ডায়েট খ. কায়েট
গ. লোকসভা ঘ. ন্যাশনাল এ্যাসেমরি উ. ক

ব্যাখ্যা : সূর্যোদয়ের দেশ জাপানের আইনসভা হচ্ছে ডায়েট। এটি দ্বিকক্ষ বিশিষ্ট। জাপান একটি দ্বীপরাষ্ট্র জাপানের বৃহত্তম দ্বীপ (আয়তনে) হনসু যেখানে রাজধানী টোকিও অবস্থিত। জাপানের পূর্বনাম নিপ্পন।

৯৫. পদ্মা ও মেঘনা নদীর মিলন স্থলের নাম কী?
ক. গোয়ালন্দ খ. চাঁদপুর
গ. ভোলা ঘ. বরিশাল উ. খ

ব্যাখ্যা : পদ্মা ও মেঘনা নদী চাঁদপুরে মিলিত হয়েছে। মিলিত হওয়ার পর মেঘনা নাম নিয়ে প্রবাহিত হয়েছে। মেঘনা নদীকে বলা হয় 'চিরযৌবনা নদী'। এটি বাংলাদেশের দীর্ঘতম + প্রশস্ততম + গভীরতম নদী। পদ্মা নদীকে বলা হয় কীর্তিনাশা (অন্যনাম) যার উৎপত্তি হয়েছে হিমালয় পর্বতের গাঙ্গেত্রী হিমবাহ থেকে। পদ্মা নদী যমুনার সাথে মিলিত হয়েছে রাজবাড়ি জেলার গোয়ালন্দে।

৯৬. সোয়াইন ফ্লু ভাইরাসের উৎপত্তিস্থল কোথায়?
ক. আফ্রিকা খ. এশিয়া
গ. মেক্সিকো ঘ. অস্ট্রেলিয়া উ. গ

ব্যাখ্যা : সোয়াইন ফ্লু বা সোয়াইন ইনফ্লুয়েঞ্জা ভাইরাসের উৎপত্তি হয় মেক্সিকোতে ২০০৯ সালে। সে বছর ৭৪টি দেশে সংক্রমণের প্রেক্ষিতে WHO একে বিশ্ব মহামারী বলে চিহ্নিত করেছে। এটি মূলত শূকরের মাধ্যমে ছড়ায় (Swine মানে হচ্ছে শূকর) এই ইনফ্লুয়েঞ্জা ভাইরাস টাইপ A (সংকেত H_1N_1)।

৯৭. ফিফা বিশ্বকাপ ২০২২ কোথায় অনুষ্ঠিত হবে?
ক. কতার খ. বাহরাইন
গ. দুবাই ঘ. আবুধাবি উ. ক

ব্যাখ্যা : ২০২২ সালে ২২তম ফিফা বিশ্বকাপ অনুষ্ঠিত হয় কাতারে। চ্যাম্পিয়ন হয়- আর্জেন্টিনা এবং রানার্স-আপ হয়- ফ্রান্স। পরবর্তী ২০২৬ সালে ২৩তম বিশ্বকাপ অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে যৌথভাবে।

৯৮. UNHCR-এর সদর দপ্তর কোথায়?
ক. জেনেভা খ. ভিয়েনা
গ. ভেনেজুয়েলা ঘ. অস্ট্রিয়া উ. ক

ব্যাখ্যা : UNHCR হচ্ছে United Nations High Commissioner for Rufugees। এটি জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা যা প্রতিষ্ঠিত হয় ১৯৫০ সালে। এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়। সংস্থাটি ২ বার (১৯৫৪ ও ১৯৮১) নোবেল শান্তি পুরস্কার পায়।

৯৯. বিশ্বে জ্বালানি তেল উৎপাদনে শীর্ষ দেশ কোনটি?
ক. যুক্তরাষ্ট্র খ. যুক্তরাজ্য
গ. সৌদি আরব ঘ. ইরান উ. ক

ব্যাখ্যা : ২০২৩ সালের রিপোর্ট অনুযায়ী, বিশ্বে জ্বালানি তেল উৎপাদনে শীর্ষ দেশ যুক্তরাষ্ট্র। দেশটি তেল ব্যবহারেও শীর্ষ দেশ। তেল রপ্তানিতে শীর্ষ দেশ সৌদি আরব, তেল আমদানিতে শীর্ষ দেশ চীন, তেল মজুদে শীর্ষ দেশ ভেনিজুয়েলা। উল্লেখ্য আরব দেশসমূহ পাশ্চাত্যের ওপর তেল অবরোধ করে ১৯৭৩ সালে।

১০০. G-7-এর একমাত্র এশিয়া দেশ কোনটি?
ক. চীন খ. বার্মা
গ. ভারত ঘ. জাপান উ. ঘ

ব্যাখ্যা : বিশ্বের শিল্পোন্নত ৭টি দেশের জোট Group of 7 বা G-7। এটি প্রতিষ্ঠিত হয় ১৫ নভেম্বর ১৯৭৫। এর একমাত্র এশীয় দেশ হচ্ছে জাপান। বাকি সদস্য দেশ- যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি, ইতালি ও কানাডা। রাশিয়া এর সদস্য ছিল কিন্তু ২০১৪ সালে সদস্যপদ স্থগিত করা হয়।

Job Navigator

১৪তম কলেজ/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৭

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড-১; বিষয় কোড : ৪০০; পরীক্ষার তারিখ : ২৫.০৮.২০১৭

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. 'বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ' গ্রন্থের রচয়িতার নাম–
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. বিদ্যাপতি
গ. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
ঘ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় উ. গ

ব্যাখ্যা : 'বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ' গ্রন্থের রচয়িতার নাম ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়। উক্ত গ্রন্থটির ইংরেজি নাম 'The Origin and Development of the Bengali Language'. এটি ১৯২৬ সালে প্রথম প্রকাশিত হয়।

২. বাংলা সাহিত্যে চতুর্দশপদী কবিতা বা সনেটের প্রবর্তক কে?
ক. প্যারীচাঁদ মিত্র খ. মোহিতলাল মজুমদার
গ. বিহারীলাল চক্রবর্তী ঘ. মাইকেল মধুসূদন দত্ত
উ. ঘ

ব্যাখ্যা : বাংলা সাহিত্যে চতুর্দশপদী কবিতা বা সনেটের প্রবর্তক মাইকেল মধুসূদন দত্ত। অন্যদিকে, প্যারীচাঁদ মিত্র হলেন বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস 'আলালের ঘরের দুলাল' (১৮৫৭) এর রচয়িতা। বাংলা গীতিকবিতা জনক বলা হয় বিহারীলাল চক্রবর্তীকে। বাংলা সাহিত্যে সর্বপ্রথম প্রচুর পরিমাণে আরবি ও ফার্সি শব্দের ব্যবহার করেন মোহিতলাল মজুমদার।

৩. 'চর্যাপদ' আবিষ্কৃত হয় কত সালে?
ক. ১৯০৯ খ. ১৭৯৮
গ. ১৯০৭ ঘ. ১৭০৯ উ. গ

ব্যাখ্যা : বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন চর্যাপদ। ১৯০৭ সালে নেপালের রাজ গ্রন্থাগার থেকে হরপ্রসাদ শাস্ত্রী কর্তৃক চর্যাপদ আবিষ্কৃত হয় এবং ১৯১৬ সালে হরপ্রসাদ শাস্ত্রী কর্তৃক সম্পাদিত হয়ে বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে চর্যাপদ সর্বপ্রথম প্রকাশিত হয়।

৪. 'পায়ের আওয়াজ পাওয়া যায়'– কি ধরনের রচনা?
ক. ছোটগল্প খ. কাব্যনাটক
গ. উপন্যাস ঘ. পত্রোপন্যাস উ. খ

ব্যাখ্যা : 'পায়ের আওয়াজ পাওয়া যায়' সৈয়দ শামসুল হক রচিত একটি মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যনাটক বা কাব্যনাট্য। তাঁর রচিত মুক্তিযুদ্ধভিত্তিক বিখ্যাত দুটি উপন্যাস 'নিষিদ্ধ লোবান', 'নীল দংশন'।

৫. বাংলা গদ্যের জনক বলা হয় কাকে?
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. প্যারীচাঁদ মিত্র
ঘ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় উ. ক

ব্যাখ্যা : বাংলা গদ্য বা গদ্যরীতির জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। রবীন্দ্রনাথ ঠাকুর হলেন 'বাংলা ছোটগল্পের জনক'। অন্যদিকে, প্যারীচাঁদ মিত্র হল বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস 'আলালের ঘরের দুলাল' এর রচয়িতা। বাংলা সাহিত্যের প্রথম সার্থক ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে বলা হয় 'সাহিত্য সম্রাট'।

৬. 'তাসের ঘর' শব্দের অর্থ কি?
ক. সর্বনাশ খ. তামাশা
গ. ক্ষণস্থায়ী ঘ. ভণ্ড উ. গ

ব্যাখ্যা : 'তাসের ঘর' বাগধারাটির অর্থ ক্ষণস্থায়ী। 'ভরাডুবি' বাগধারাটি ব্যবহৃত হয় 'সর্বনশ' অর্থে। 'তুলসী বনের বাঘ' বাগধারাটি ব্যবহৃত হয় 'ভণ্ড' অর্থে।

৭. কমা (comma) এর বাংলা কি?
ক. পূর্ণচ্ছেদ খ. দৃষ্টান্তছেদ
গ. পাদচ্ছেদ ঘ. অর্ধছেদ উ. গ

ব্যাখ্যা : কমা (comma) এর বাংলা হল 'পাদচ্ছেদ'। বাক্যে সম্বোধন পদের পর কমা বসে।

৮. কোনটি নিত্য সমাসের উদাহরণ?
ক. অন্যগৃহ খ. মিলের অভাব
গ. স্ত্রীর অভাব ঘ. প্রকৃষ্ঠ গতি উ. ক

ব্যাখ্যা : 'অন্যগৃহ' নিত্য সমাসের উদাহরণ। ব্যাসবাক্যে 'অন্য' এবং সমস্ত পদে 'অন্তর' থাকলে নিত্য সমাস হয়। যেমন : অন্য গ্রাম- গ্রামান্তর।

৯. কোন বানানটি শুদ্ধ?
ক. ডাষ্টবিন খ. দারিদ্রতা
গ. দূষণীয় ঘ. নুপুর উ. গ

ব্যাখ্যা : বাংলা বানানরীতি অনুযায়ী দূষণীয় বানানটি শুদ্ধ। অন্য শব্দগুলোর শুদ্ধরূপ- ডাস্টবিন, দরিদ্রতা/দারিদ্র্য, নূপুর।

১০. 'অগ্নি' এর সমার্থক শব্দ নয় কোনটি?
ক. হুতাশন খ. কৃশানু
গ. বায়ুসখা ঘ. দ্যুতি উ. ঘ

ব্যাখ্যা : 'দ্যুতি' এর সমার্থক শব্দ কিরণ, শোভা, ঔজ্জ্বল, দীপ্তি। তাই দ্যুতি শব্দটি অগ্নি এর সমার্থক শব্দ নয়।

১১. 'ধূমকেতু' পত্রিকার সম্পাদক কে ছিলেন?
ক. বুদ্ধদেব বসু খ. শামসুর রাহমান
গ. কাজী নজরুল ইসলাম ঘ. শওকত ওসমান উ. গ

Job Navigator

ব্যাখ্যা : ধূমকেতু, লাঙল ও দৈনিক নবযুগ পত্রিকার সম্পাদক ছিলেন কাজী নজরুল ইসলাম। অন্যদিকে, বুদ্ধদেব বসু সম্পাদিত পত্রিকার নাম 'কবিতা'। শামসুর রাহমান সম্পাদিত পত্রিকার নাম 'দৈনিক বাংলা'।

১২. কোনটি তৎসম শব্দ?
ক. কিংবদন্তী খ. হাতি
গ. চাঁদ ঘ. তেঁতুল উ. ক

ব্যাখ্যা : 'কিংবদন্তী' তৎসম শব্দ। হাতি, চাঁদ, তেঁতুল তদ্ভব শব্দ। হাতির তৎসম শব্দ- হস্তী; চাঁদের তৎসম শব্দ- চন্দ্র এবং তেঁতুলের তৎসম শব্দ- তিন্তিড়ী।

১৩. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কি বলে?
ক. ফলা খ. কার
গ. ধ্বনি ঘ. অক্ষর উ. খ

ব্যাখ্যা : স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে 'কার' বলে এবং ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে 'ফলা' বলে। বাংলা ভাষায় 'কার' মোট ১০টি এবং 'ফলা' মোট ৬টি।

১৪. উদ্যম বিহনে কার পুরে মনোরথ- এখানে 'উদ্যম বিহনে' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তৃকারকে ৭মী খ. অধিকরণে ৭মী
গ. অপাদানে ১ম ঘ. কর্মে ৭মী উ. ঘ

ব্যাখ্যা : 'উদ্যম বিহনে কার পুরে মনোরথ' বাক্যটি দ্বারা বোঝানো হয়েছে- 'অধ্যবসায় বা প্রয়াস (উদ্যম) ব্যতীত (বিহনে) কারো মনোরথ (আকাঙ্ক্ষা) পূরণ হয় না'। এখানে যদি প্রশ্ন করা হয় - কী বতীত মনোরথ পূরণ হয় না?- তখন উত্তর হবে 'উদ্যম বিহনে'। এতএব এটি একটি কর্মকারক।

১৫. 'বীরসন্তান প্রসব করে যে নারী'-এর এক কথায় প্রকাশ-
ক. বীরভোগ্যা খ. রত্নগর্ভা
গ. বীরপ্রসূ ঘ. স্বর্ণমাতা উ. গ

ব্যাখ্যা : 'বীর সন্তান প্রসব করে যেন নারী'- এর এক কথায় প্রকাশ- বীরপ্রসূ। যে নারী রত্নকে (সুসন্তানকে) গর্ভে ধারণ করেছে- রত্নগর্ভা

১৬. 'দীপ্যমান' শব্দের প্রকৃতি ও প্রত্যয় সঠিক কোনটি?
ক. $\sqrt{\text{দীপ্য}}$ + মান খ. $\sqrt{\text{দিপ্য}}$ + মানচ
গ. $\sqrt{\text{দীপ্}}$ + শানচ ঘ. $\sqrt{\text{দিপ}}$ + শানচ উ. গ

ব্যাখ্যা : 'দীপ্যমান' শব্দের প্রকৃতি ও প্রত্যয় হলো √দীপ্ + শানচ্।

১৭. 'ক্রিয়ারকাল ও পুরুষ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ক. ধ্বনিতত্ত্বে খ. রূপতত্ত্বে
গ. বাক্যতত্ত্বে ঘ. অর্থতত্ত্বে উ. খ

ব্যাখ্যা : ক্রিয়ারকাল, পুরুষ, কারক, লিঙ্গ, সমাস, উপসর্গ, প্রকৃতি ও প্রত্যয় ব্যাকরণের 'রূপতত্ত্ব' অংশে আলোচিত হয়।

১৮. শরীর > শরীল- শব্দটিতে ধ্বনি পরিবর্তনের কোন ধরনের নিয়ম প্রযোজ্য?
ক. সমীভবন খ. বিষমীভবন
গ. অসমীভবন ঘ. ধ্বনিবিপর্যয় উ. খ

ব্যাখ্যা : শরীর > শরীল শব্দটিতে বিষমীভবনের নিয়ম প্রযোজ্য। দুটি সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলে।

১৯. 'দুর্যোগ' এর সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. দুহঃ + যোগ খ. দুঃ + যোগ
গ. দুর + যোগ ঘ. দুরঃ + যোগ উ. খ

ব্যাখ্যা : 'উ' স্বরধ্বনির পরবর্তী বিসর্গের সাথে 'য' এর সন্ধি হলে বিসর্গের স্থানে 'র' হয়। যেমন : দুঃ + যোগ = দুর্যোগ; দুঃ + ভোগ = দুর্ভোগ; প্রাদুঃ + ভাব = প্রাদুর্ভাব।

২০. 'উপকণ্ঠ' শব্দটির সঠিক ব্যাসবাক্য কোনটি?
ক. কণ্ঠের সমীপে খ. কণ্ঠের সদৃশ
গ. উপ যে কণ্ঠ ঘ. কণ্ঠ পর্যন্ত উ. ক

ব্যাখ্যা : 'উপকণ্ঠ' শব্দটি অব্যয়ীভাব সমাস। এর ব্যাসবাক্য- কণ্ঠের সমীপে। কূলের সমীপে = উপকূল।

২১. 'তামার বিষ' বাগধারাটির অর্থ কী?
ক. অর্থের অভাব খ. অর্থের প্রাচুর্য
গ. অর্থের কু-প্রভাব ঘ. অর্থের অহঙ্কার উ. গ

ব্যাখ্যা : 'তামার বিষ' বাগধারাটির অর্থ- 'অর্থের কু-প্রভাব'।

২২. প্রথম বাঙলা ভাষার ব্যাকরণ কে লেখেন?
ক. রামমোহন রায়
খ. ন্যাথানিয়েল ব্রাসি হ্যালহেড
গ. উইলিয়াম কেরী
ঘ. সুনীতিকুমার চট্টোপাধ্যায় উ. খ

ব্যাখ্যা : প্রথম বাঙলা ভাষার ব্যাকরণ লেখেন ম্যানুয়েল দ্য আসসুম্পসাউ। প্রথম বাঙলা ভাষার ব্যাকরণ গ্রন্থ লেখেন ন্যাথনিয়েল ব্রাসি হ্যালহেড। অপশনে ম্যানুয়েল দ্য আসসুম্পসাউ না থাকায় উত্তর হবে- ন্যাথনিয়েল ব্রাসি হ্যালহেড। অন্যদিকে বাংলা ভাষায় প্রথম বাঙলা ভাষার ব্যাকরণ গ্রন্থ লেখেন রাজা রামমোহন রায়।

২৩. বাংলা ভাষায় সংস্কৃত উপসর্গ কয়টি?
ক. ২২টি খ. ২১টি
গ. ২০টি ঘ. ২৩টি উ. গ

ব্যাখ্যা : বাংলা ভাষায় সংস্কৃত উপসর্গ ২০টি এবং খাঁটি বাংলা উপসর্গ ২১টি।

২৪. উৎপত্তি অনুসারে বাংলাভাষার শব্দসমূহে কয় ভাগে ভাগ করা হয়েছে?
ক. ৪ ভাগে খ. ৩ ভাগে
গ. ৫ ভাগে ঘ. ৬ ভাগে উ. গ

ব্যাখ্যা : উৎপত্তি অনুসারে বাংলা ভাষার শব্দসমূহকে পাঁচ ভাগে ভাগ করা হয়েছে। যেমন- তৎসম, অর্ধ-তৎসম, তদ্ভব, দেশি ও বিদেশি।

২৫. 'ইংরেজি' শব্দটি কোন ভাষা থেকে নেয়া হয়েছে?
ক. গ্রিক খ. তুর্কী
গ. ফারসি ঘ. পর্তুগিজ উ. ঘ

Job Navigator

ব্যাখ্যা : 'ইংরেজি' শব্দটি পর্তুগিজ ভাষা থেকে এসেছে। পর্তুগিজ ভাষার আরও কয়েকটি শব্দ- আনারস, আলপিন, আলকাতরা, আলমারি

২৬. **Identify the correct sentence–**
ক. She had faith on and hopes for the future
খ. She had faith and hopes for the future
গ. She had faith and hopes in the future
ঘ. She had faith and hopes in future উ.*

ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। কোনো ব্যক্তি বা বস্তুর প্রতি বিশ্বাস বা আস্থা বোঝাতে Faith এর পর in বসে। অপশন (ক)-তে faith on এর পরিবর্তে faith in থাকলে অপশনটি সঠিক উত্তর হত।

২৭. **She argued – me about the marriage.**
ক. with খ. for
গ. to ঘ. from উ. ক

ব্যাখ্যা : কারো সাথে তর্ক করা বোঝাতে Argue with হয়। সঠিক উত্তর (ক) with.

২৮. **Choose the appropriate meaning of the idiom 'Swan song'.**
ক. first work খ. last work
গ. middle work ঘ. early work উ. খ

ব্যাখ্যা : 'Swan song' একটি phrase যার অর্থ কোন লেখক বা ব্যক্তির শেষ কর্ম বা last work.

২৯. **শিশুটি হাসতে হাসতে আমার কাছে এল।**
ক. The baby came to me to laughing
খ. The baby came to me laughing
গ. The baby came to me in laughing
ঘ. The baby came to me by laughing উ. খ

ব্যাখ্যা : হাসতে হাসতে, নাচতে নাচতে, গাইতে গাইতে, কাঁদতে কাঁতে- এই ধরনের দ্বিরুক্ত শব্দের ক্ষেত্রে present participle ব্যবহৃত হয় এবং তার পূর্বে কোনো preposition ব্যবহৃত হয় না। তাই সঠিক উত্তর (খ)।

৩০. **The antonym for 'inimical'–.**
ক. hostile খ. friendly
গ. indifferent ঘ. angry উ. খ

ব্যাখ্যা : Inimical অর্থ প্রতিকূল বা ক্ষতিকর। অপশন (ক) hostile প্রতিকূল, শত্রুভাবাপন্ন, (খ) friendly - বন্ধুত্বপরায়ণ, (গ) indifferent-উদাসীন এবং angry-উদাসীন। কাজেই Inimical শব্দের বিপরীত শব্দ friendly। সঠিক উত্তর (খ) friendly.

৩১. **He waited until the plane–.**
ক. did not take off খ. took off
গ. had not taken off ঘ. had taken off উ. খ

ব্যাখ্যা : Past indefinite + until + past indefinite tense। সুতরাং সঠিক উত্তর (খ) took off.

৩২. **My uncle arrived while I– the dinner.**
ক. would cook খ. had cooked
গ. cook ঘ. was cooking উ. ঘ

ব্যাখ্যা : Past indefinite tense + while + past continuous tense হয়। সুতরাং সঠিক উত্তর (ঘ) was cooking.

৩৩. **Which is the correct sentence?**
ক. I shall avail the opportunity
খ. I shall avail of the opportunity
গ. I shall avail for the opportunity
ঘ. I shall avail myself of the opportunity উ. ঘ

ব্যাখ্যা : কাজে লাগানো বা সুযোগের সদ্ব্যবহার করা অর্থে Avail of ব্যবহৃত হয়।

৩৪. **– mother rose in her.**
ক. A খ. The
গ. An ঘ. No article উ. খ

ব্যাখ্যা : common noun (mother) যখন abstract noun (Motherland) হিসেবে ব্যবহৃত হয় তখন article (the) বসে। সুতরাং সঠিক উত্তর (খ) the. 'The mother rose in her.' – বাক্যটির অর্থ 'তার মধ্যে মাতৃত্ব জেগে ওঠল।'

৩৫. **Jerry was deprived of motherly affection. Here the word 'motherly' is–**
ক. an adverb খ. an adjective
গ. a noun ঘ. noun উ. খ

ব্যাখ্যা : আমরা জানি, ly যুক্ত word সাধারণত adverb হয়। কিন্তু কিছু noun word আছে, যেমন- father, mother, friend, love, home, time etc., যাদের শেষে ly যুক্ত হলে তা adverb না হয়ে adjective হয়। সুতরাং সঠিক উত্তর (খ) an adjective.

৩৬. **Panic seized me. The passive form will be–**
ক. I was seized by panic
খ. I was seized from panic
গ. I was seized with panic
ঘ. I was seized into panic উ. গ

ব্যাখ্যা : সাধারণত ব্যক্তি দ্বারা কোনো কাজ সংগঠিত হওয়া বোঝালে by বসে এবং বস্তু দ্বারা বোঝালে with বসে। seize এর ক্ষেত্রে passive বাক্যে by এর পরিবর্তে with বসে। সুতরাং সঠিক উত্তর (গ) I was seized with panic.

৩৭. **The singular form of 'criteria' is–**
ক. criterion খ. criterium
গ. criterii ঘ. criterius উ. ক

ব্যাখ্যা : critirea এর singular form হলো criterion (বিচারে মানদণ্ড)। সুতরাং সঠিক উত্তর (ক) Criterion. এইরকম- Phenomena (Plural)- Phenomenon (Singular).

৩৮. **The second World War broke– in September, 1939.**
ক. out খ. through
গ. away ঘ. in **উ. ক**

ব্যাখ্যা : Broke out অর্থ ছড়িয়ে পড়া বা প্রাদুর্ভাব দেখা দেয়া। সঠিক উত্তর (ক) broke out.

৩৯. **He will come in no time. Here the idiom 'in no time' means–**
ক. never in future খ. soon
গ. not in future ঘ. not ever **উ. খ**

ব্যাখ্যা : In no time একটি phrase, যার শীঘ্রই বা soon. সঠিক উত্তর (খ) soon.

৪০. **I am entitled – a share of the profit. The correct preposition is–**
ক. to খ. for
গ. from ঘ. into **উ. ক**

ব্যাখ্যা : Entitle to অধিকার প্রদান করা বা অধিকারী হওয়া। সুতরাং, সঠিক উত্তর (ক) to

৪১. **What kind of verb is the word 'went' in the sentence : 'The dog went mad'?**
ক. Transitive verb খ. Causative verb
গ. Factitive verb ঘ. Copulative verb **উ. ঘ**

ব্যাখ্যা : Intransitive verb যখন কোনো অতিরিক্ত শব্দের সাহায্য ছাড়া বাক্যের অর্থ সম্পূর্ণ করতে পারে না, তখন তাকে copulative verb বলে। এখানে, 'go' verb টি 'mad' অতিরিক্ত শব্দ ছাড়া বাক্যের অর্থ সম্পূর্ণ করতে পারছে না। অতএব 'go' verb টি এখানে copulative verb.

৪২. **The correct translation of 'দুঃখের প্রয়োজনীয়তা মধুর' is–**
ক. Sweet are the uses of adversity
খ. Sweet is the uses of adversity
গ. Sweet uses of adversity
ঘ. Sweet do not use the adviersity **উ. ক**

ব্যাখ্যা : 'Sweet' শব্দটি এখানে adjective. আমরা জানি, কোনো বাক্যে যদি adjective দিয়ে শুরু হয়, তবে verb এর পরবর্তী subject অনুযায়ী verb হয়। উক্ত বাক্যে 'the uses' হল verb এর পরবর্তী subject, তাই plural subject এর জন্য plural verb 'are' বসবে। সঠিক উত্তর (ক)।

৪৩. **The antonym of 'Honorary' is–**
ক. Literary খ. Honorable
গ. Salaried ঘ. Official **উ. গ**

ব্যাখ্যা : Honorary শব্দটির অর্থ অবৈতনিক। অপশনগুলো হল- ক. Literary- সাহিত্য সংক্রান্ত; খ. Honorable- সম্মানিত, গ. Salaried- বেতনভুক্ত; ঘ. Official- আনুষ্ঠানিক। অতএব Honorary এর antonym হবে salaried.

৪৪. **A person who treats mental illness is called–**
ক. a psychiatrist খ. a psychologist
গ. a therapist ঘ. a psychoanalyst **উ. ক**

ব্যাখ্যা : যে ব্যক্তি মানসিক রোগের চিকিৎসা করে তাকে মনঃচিকিৎসক বা psychiatrist বলে। সুতরাং সঠিক উত্তর (ক) a psychiatrist

৪৫. **No article is used before–**
ক. a pronoun খ. an adjective
গ. a noun ঘ. an adverb **উ. ক**

ব্যাখ্যা : pronoun -এর পূর্বে কোনো article বসে না।

৪৬. **A person whose 'head' is in the 'clouds' is–**
ক. proud খ. a day dreamer
গ. an aviator ঘ. useless **উ. খ**

ব্যাখ্যা : 'Head in the cloud' একটি phrase, যার অর্থ আকাশ কুসুম কল্পনা বা a day dreamer।

৪৭. **I don't think you will have any difficulty– a driving licence.**
ক. to get খ. in getting
গ. for getting ঘ. get **উ. খ**

ব্যাখ্যা : Difficulty in অর্থ সমস্যায় পড়া বা পতিত হওয়া। আমরা জানি, 'in' preposition এর পর ing যুক্ত verb হয়। কাজেই সঠিক উত্তর (খ) in getting.

৪৮. **I decided to go – with my friend as I needed some exercise.**
ক. to a walk খ. for walking
গ. for a walk ঘ. walk **উ. গ**

ব্যাখ্যা : 'Go for a walk' একটি phrase, যার অর্থ হাঁটতে যাওয়া। সুতরাং সঠিক উত্তর (গ) for a walk.

৪৯. **If I had known you were coming –.**
ক. I would go to the station
খ. I had gone to the station
গ. I would have gone to the station
ঘ. I would be going to the station **উ. গ**

ব্যাখ্যা : Unreal conditional sentence এর নিয়ম অনুযায়ী, If + past perfect tense, subject + would have/could have/might have + Verb এর past participle form + object. সুতরাং সঠিক উত্তর (গ)।

Job Navigator

৫০. Which is the correct sentence?
ক. Each boy and each girl have a pen
খ. Each boy and each girl are having a pen
গ. Each boy and each girl has a pen
ঘ. Each boy and each girl were having a pen উ. গ

ব্যাখ্যা : Each + and + each হলে singular verb হয়। কাজেই সঠিক উত্তর (গ)।

৫১. ১৫ জন লোক একটি কাজ শেষ করে ৩ ঘণ্টায়। ৫ জন লোক ঐ কাজ কত সময়ে শেষ করবে?
ক. ৬ ঘণ্টায় খ. ৫ ঘণ্টায়
গ. ৩ ঘণ্টায় ঘ. ৯ ঘণ্টায় উ. ঘ

ব্যাখ্যা : ১৫ জন কাজটি শেষ করে ৩ ঘণ্টায়
∴ ১ " " " " (১৫ × ৩) ঘণ্টায়
∴ ৫ " " " " $\frac{১৫ \times ৩}{৫}$ ঘণ্টায়
= ৯ ঘণ্টায় (উত্তর)

৫২. পিতা ও পুত্রের বয়সের গড় ৪০ বছর এবং মাতা ও ঐ পুত্রের বয়সে গড় ৩৫ বছর। মাতার বয়স ৫০ বছর হলে, পিতার বয়স কত?
ক. ৫০ বছর খ. ৬০ বছর
গ. ৪০ বছর ঘ. ৮৫ বছর উ. খ

ব্যাখ্যা : পিতা ও পুত্রের মোট বয়স = (৪০ × ২) = ৮০ বছর
মাতা ও " " " = (৩৫ × ২) = ৭০ বছর
∴ পুত্রের বয়স = (৭০ − ৫০) বছর = ২০ বছর
∴ পিতার বয়স = (৮০ − ২০) বছর = ৬০ বছর

৫৩. একটি দ্রব্য ক্রয় করে ২৪% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য এবং ক্রয়মূল্যের অনুপাত কত?
ক. ১৯ ঃ ২৫ খ. ২৪ ঃ ২৫
গ. ২০ ঃ ২৫ ঘ. ১৮ ঃ ২৫ উ. ক

ব্যাখ্যা : মনে করি, দ্রব্যটির ক্রয়মূল্য= ১০০ টাকা
তাহলে, ২৪% ক্ষতিতে বিক্রয়মূল্য (১০০−২৪) = ৭৬ টাকা
∴ বিক্রয়মূল্যও ক্রয়মূল্যের অনুপাত = ৭৬ ঃ ১০০
= ১৯ ঃ ২৫

৫৪. দুটি সংখ্যার ল. সা. গু. ১৪৪ এবং গ. সা. গু. ১২। একটি সংখ্যা ৪৮ হলে অপরটি কত?
ক. ১৮ খ. ৩৬
গ. ১২ ঘ. ২৪ উ. খ

ব্যাখ্যা : অপর সংখ্যাটি = $\frac{\text{সংখ্যা দুটির ল. সা. গু. × গ. সা. গু}}{\text{একটি সংখ্যা}}$
= $\frac{১৪৪ \times ১২}{৪৮}$
= ৩৬

৫৫. ৪০ হতে ১০০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যাদ্বয়ের গড় কত?
ক. ৬১ খ. ৬৯
গ. ৭১ ঘ. ৭৩ উ. খ

ব্যাখ্যা : ৪০ হতে ১০০ এর মধ্যবর্তী বৃহত্তম মৌলিক সংখ্যাগুলো হল ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯ ও ৯৭।
∴ ৪০ হতে ১০০ এর মধ্যবর্তী বৃহত্তম মৌলিক সংখ্যা ৯৭
∴ ৪০ হতে ১০০ " " ক্ষুদ্রতম " " ৪১
∴ সংখ্যাটির গড় = $\frac{৯৭ + ৪১}{২}$ = ৬৯

৫৬. একটি খাতা ৩৬ টাকায় বিক্রয় করলে যত ক্ষতি হয় ৭২ টাকায় বিক্রয় করলে তার দ্বিগুণ লাভ হয়, খাতাটির ক্রয়মূল্য কত?
ক. ৬০ টাকা খ. ৪৮ টাকা
গ. ২৪ টাকা ঘ. ১২ টাকা উ. খ

ব্যাখ্যা : মনে করি, খাতাটি ৩৬ টাকায় বিক্রয় করলে x টাকা ক্ষতি হয়
তাহলে, খাতাটি ৭২ টাকায় বিক্রয় করলে ২x টাকা লাভ হয়
প্রশ্নমতে, ৩৬ + x = ৭২ − ২x
বা, x + ২x = ৭২ − ৩৬
বা, ৩x = ৩৬
বা, x = $\frac{৩৬}{৩}$
∴ x = ১২
অতএব, খাতাটির ক্রয়মূল্য = (৩৬ + ১২) টাকা = ৪৮ টাকা

৫৭. একটি ক্রমিক সমানুপাতের ১ম ও ৩য় রাশি যথাক্রমে ৪ ও ১৬ হলে, এর মধ্য সমানুপাতী কত?
ক. ১২ খ. ৮
গ. ১৪ ঘ. ২০ উ. খ

ব্যাখ্যা : (মধ্য সমানুপাতী)^২ = ১ম রাশি × ৩য় রাশি
∴ মধ্য সমানুপাতী = $\sqrt{৪ \times ১৬}$
= $\sqrt{৬৪}$
= ৮ (উত্তর)

৫৮. শতকরা বার্ষিক কত টাকা হার মুনাফায় ৬৫০ টাকার ৬ বছরের মুনাফা ২৭৩ টাকা হবে?
ক. ৭ খ. ৬.৫০
গ. ৬ ঘ. ৮ উ. ক

ব্যাখ্যা : ৬৫০ টাকার ৬ বছরের মুনাফা = ২৭৩ টাকা
∴ ৬৫০ টাকার ১ বছরের মুনাফা = $\frac{২৭৩}{৬}$ টাকা
∴ ১ টাকার ১ বছরের মুনাফা = $\frac{২৭৩}{৬ \times ৬৫০}$ টাকা

$\therefore$ ১০০ টাকার ১ বছরের মুনাফা $= \frac{২৭৩ \times ১০০}{৬ \times ৬৫০}$ টাকা

$= ৭\%$

সহজ শর্টকাট : $r = \frac{I \times 100}{pn}\%$

$\Rightarrow r = \frac{২৭৩ \times ১০০}{৬৫০ \times ৬}\%$

$\therefore r = ৭\%$

৫৯. একটি কাজ 'ক' ৩ দিনে এবং 'খ' ৬ দিনে করতে পারে। ক ও খ একত্রে কাজটি কত দিনে করতে পারবে?

ক. ৫ দিন খ. ৪ দিন
গ. ৩ দিন ঘ. ২ দিন **উ. ঘ**

ব্যাখ্যা : ক ১ দিনে করে কাজটির $\frac{১}{৩}$ অংশ

খ ১ দিনে করে কাজটির $\frac{১}{৬}$ অংশ

$\therefore$ ক ও খ একত্রে ১ দিনে করে কাজটির $= \frac{১}{৩} + \frac{১}{৬}$ অংশ

$= \frac{২+১}{৬}$ অংশ

$= \frac{১}{২}$ অংশ

$\therefore$ ক ও খ একত্রে $\frac{১}{২}$ অংশ করে ১ দিনে

$\therefore$ ক ও খ একত্রে সম্পূর্ণ ১ অংশ কাজ করে $১ \times \frac{২}{১}$ দিনে

$= ২$ দিনে।

সহজ শর্টকাট : $\frac{৩ \times ৬}{৩ + ৬}$ দিনে

$= \frac{১৮}{৯}$ দিনে

$= ২$ দিনে

৬০. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য এর প্রস্থের তিনগুণ এবং পরিসীমা ২৪ মিটার, বাগানটির ক্ষেত্রফল কত?

ক. ২৭ বর্গমিটার খ. ৩০ বর্গমিটার
গ. ১৮ বর্গমিটার ঘ. ৯ মিটার **উ. ক**

ব্যাখ্যা : মনে করি, আয়তাকার বাগানের প্রস্থ = x মিটার

তাহলে, আয়তাকার বাগানের দৈর্ঘ্য = ৩x মিটার

আয়তাকার বাগানের পরিসীমা = ২ × (দৈর্ঘ্য + প্রস্থ)

প্রশ্নমতে, ২ × (৩x + x) = ২৪

$\Rightarrow$ ৮x = ২৪

$\therefore$ x = ৩

আয়তাকার বাগানটির ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ

= (৩ × ৩) × ৩ বর্গমিটার

= ৩ × ৯ "

= ২৭ "

৬১. $\sqrt[4]{x} = 0.1$ হলে, x = কত?

ক. 0.1 খ. 0.01
গ. 0.001 ঘ. 0.0001 **উ. ঘ**

ব্যাখ্যা : $\sqrt[4]{x} = 0.1$

বা, $x = \left(\frac{1}{10}\right)^4$

বা, $x = \frac{1}{10000}$

$\therefore x = 0.0001$

৬২. কোন শর্তে $\log_a a = 1$?

ক. $a > 0$ খ. $a \neq 1$
গ. $a > 0, a \neq 1$ ঘ. $a \neq 0, a > 2$ **উ. গ**

ব্যাখ্যা : এটি একটি লগ এর সূত্র। লগের সূত্রানুসারে : $\log_a a = 1$, যেখানে $a > 0, a \neq 1$

৬৩. $(\sqrt{3})^{x+1} = \left(\sqrt[3]{3}\right)^{2x-1}$ হলে, x = কত?

ক. 3 খ. 3
গ. 5 ঘ. 6 **উ. গ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $(\sqrt{3})^{x+1} = \left(\sqrt[3]{3}\right)^{2x-1}$

$\Rightarrow 3^{\frac{x+1}{2}} = 3^{\frac{2x-1}{3}}$

$\therefore \frac{x+1}{2} = \frac{2x-1}{3}$

$\Rightarrow 4x - 2 = 3x + 3$

$\Rightarrow 4x - 3x = 3 + 2$

$\therefore x = 5$

৬৪. $x + \frac{1}{x} = 5$ হলে, $\frac{x}{x^2 + x + 1}$ এর মান কত?

ক. $\frac{1}{2}$ খ. $\frac{1}{3}$
গ. $\frac{1}{4}$ ঘ. $\frac{1}{6}$ **উ. ঘ**

ব্যাখ্যা : $x + \frac{1}{x} = 5$

$\therefore x^2 + 1 = 5x$

এখন, $\frac{x}{x^2 + x + 1}$

$= \frac{x}{x^2 + 1 + x}$

Job Navigator

$= \frac{x}{5x + x}$ [যেহেতু, $x^2 + 1 = 5x$]

$= \frac{x}{6x}$

$= \frac{1}{6}$

৬৫. $x = 1 + \sqrt{3}$ হলে, x^3 = কত?

ক. $4 + 3\sqrt{3}$ খ. $5 + 6\sqrt{3}$

গ. $10 + 9\sqrt{3}$ ঘ. $10 + 6\sqrt{3}$ উ. ঘ

ব্যাখ্যা : দেওয়া আছে, $x = 1 + \sqrt{3}$

এখন, x^3

$= (1 + \sqrt{3})^3$ [মান বসিয়ে]

$= 1^3 + (\sqrt{3})^3 + 3.1^2.\sqrt{3} + 3.1.(\sqrt{3})^2$

$= 1 + 3\sqrt{3} + 3\sqrt{3} + 3.3$

$= 10 + 6\sqrt{3}$

৬৬. $(17)^\circ x$ = কত?

ক. $17x$ খ. 17

গ. x ঘ. 1 উ. গ

ব্যাখ্যা : $(17)^\circ x$

$= 1 \times x$ [যেহেতু, $a^\circ = 1$, যেখানে $a \neq 0$]

$= x$

৬৭. $\tan\theta = \sqrt{3}$ হলে, $\cos\theta$ = কত?

ক. $\frac{\sqrt{3}}{2}$ খ. $\frac{1}{\sqrt{2}}$ গ. $\frac{1}{2}$ ঘ. 1 উ. গ

ব্যাখ্যা : $\tan\theta = \sqrt{3}$



আমরা জানি, অতিভুজ^2 = লম্ব^2 + ভূমি^{2}

$\therefore$ অতিভুজ $= \sqrt{(\sqrt{3})^2 + 1^2}$

$= \sqrt{3 + 1} = 2$

$\therefore \cos\theta = \frac{\text{ভূমি}}{\text{অতিভুজ}}$

$\therefore \cos\theta = \frac{1}{2}$

৬৮. যদি $a + b + c = 5$ এবং $a^2 + b^2 + c^2 = 9$ হয়, তবে $ab + bc + ca$ = কত?

ক. 16 খ. 8

গ. 34 ঘ. 12 উ. খ

ব্যাখ্যা : আমরা জানি,

$(a + b + c)^2 = a^2 + b^2 + c^2 + 2(ab + bc + ca)$

বা, $(5)^2 = 9 + 2(ab + bc + ca)$

বা, $2(ab + bc + ca) = 25 - 9$

বা, $ab + bc + ca = \frac{16}{2}$

$\therefore ab + bc + ca = 8$

৬৯. তলের মাত্রা কয়টি?

ক. 2 টি খ. 3 টি

গ. 4 টি ঘ. 6 টি উ. ক

ব্যাখ্যা : সাধারণত কোনো ত্রিমাত্রিক দৃশ্যমান অংশকে তল বা পৃষ্ঠতল বলা হয়। কোনো বস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা প্রত্যেকটিকে ঐ বস্তুর মাত্রা বলা হয়। তলের শুধু দৈর্ঘ্য ও প্রস্থ আছে, তাই তল দ্বিমাত্রিক, তথা তলের মাত্রা থাকে ২টি।

৭০. একটি ট্রাপিজিয়ামের উচ্চতা 8 সে. মি. এবং সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 9 সে.মি. এবং 7 সে. মি. হলে এর ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

ক. 24 খ. 64

গ. 96 ঘ. 100 উ. খ

ব্যাখ্যা : আমরা জানি, ট্রাপিজিয়ামের ক্ষেত্রফলের সূত্র

$= \frac{1}{2}$ (সমান্তরাল বাহুদ্বয়ের যোগফল) × উচ্চতা

$= \frac{1}{2}(9 + 7) \times 8$ বর্গ সেমি

$= 16 \times 4$ বর্গ সেমি

$= 64$ বর্গ সেমি

৭১. $a^2 - c^2 - 2ab + b^2$ এর সঠিক উৎপাদক কোনটি?

ক. $(a + b + c)(a - b + c)$

খ. $(a - b - c)(a - b + c)$

গ. $(a - b - c)(a + b - c)$

ঘ. $(a + b + c)(a - b - c)$ উ. খ

ব্যাখ্যা : $a^2 - c^2 - 2ab + b^2$

$= a^2 - 2ab + b^2 - c^2$

$= (a - b)^2 - c^2$

$= (a - b + c)(a - b - c)$

$= (a - b - c)(a - b + c)$

৭২. একটি বৃত্তের ব্যাস 26 সে. মি. হলে এর পরিধি কত?

ক. 13π সেমি খ. 26π সেমি

গ. 52π সেমি ঘ. 39π সেমি উ. খ

Job Navigator

ব্যাখ্যা : বৃত্তের ব্যাসার্ধ = r সেমি হলে,
বৃত্তের ব্যাস = 2r
বৃত্তের পরিধি = $2\pi r$
$= 26\pi$ [যেহেতু, বৃত্তের ব্যাস $2r = 26$ সেমি]

৭৩. ABC সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য x হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক. x^2 বর্গএকক খ. $\frac{\sqrt{3}}{4}x^2$ বর্গ একক
গ. $\frac{4}{\sqrt{3}}x^2$ বর্গএকক ঘ. $\frac{\sqrt{3}}{4}x^3$ বর্গএকক **উ. খ**

ব্যাখ্যা : আমরা জানি, সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য x একক হলে
সমবাহু ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}x^2$ বর্গ একক

৭৪. একটি চতুর্ভুজের চারটি কোণের অনুপাত 1 : 2 : 2 : 3 হলে বৃহত্তর কোণের পরিমাণ কত?

ক. 100° খ. 115°
গ. 135° ঘ. 225° **উ. গ**

ব্যাখ্যা : আমরা জানি, যেকোনো চতুর্ভুজের চারটি কোণের সমষ্টি = 360°
এখানে চতুর্ভুজের চারটি কোণের অনুপাত যোগফল
$= 1 + 2 + 2 + 3 = 8$
∴ বৃহত্তর কোণের পরিমাণ হবে $= 360° \times \frac{3}{8}$
$= 135°$

৭৫. একটি রম্বসের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 5 সে. মি.। রম্বসটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

ক. 24 খ. 60
গ. 12 ঘ. 48 **উ. ক**

ব্যাখ্যা :



ΔAOD হতে ∠AOD = 90° অর্থাৎ AOD সমকোণী ত্রিভুজ।
পিথাগোরাসের সমকোণী ত্রিভুজের সূত্র অনুযায়ী,
অতিভূজ^2 = লম্ব^2 + ভূমি^{2}। অতএব, $5^2 = 3^2 + 4^2$
∴ অতিভুজ = AD = 5 সেমি; AO = 3 সেমি এবং OD = 4 সেমি,
∴ AC = 2 × 3 = 6 সেমি এবং BD = 2 × 4 = 8 সেমি
∴ রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times AC \times BD$
$= \frac{1}{2} \times 6 \times 8$ বর্গসেমি
$= 24$ "

৭৬. বরেন্দ্র বলতে বোঝায় কোনটি?

ক. পূর্ববঙ্গ খ. পশ্চিমবঙ্গ
গ. উত্তরবঙ্গ ঘ. দক্ষিণবঙ্গ **উ. গ**

ব্যাখ্যা : প্রাচীন বাংলায় মোট ১৬টি জনপদ ছিল। এগুলোর মধ্যে অন্যতম হচ্ছে বরেন্দ্র। এটি উত্তরবঙ্গের জনপদ। রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিমাংশ নিয়ে গঠিত। বর্তমান বগুড়া, রংপুর, নওগাঁ, দিনাজপুর, রাজশাহী ছিল বরেন্দ্র এর অন্তর্ভুক্ত। (মনে রাখুন বরেন্দ্র = ব + র + ন + দ + র অর্থাৎ বরেন্দ্র শব্দটিকে ভাংলেই এর অন্তর্ভুক্ত এলাকা পাই)।

৭৭. বঙ্গবন্ধুর গ্রামটি কোন নদীর তীরে অবস্থিত?

ক. মধুমতি খ. বাইগার
গ. কুমার ঘ. ভৈরব **উ. খ**

ব্যাখ্যা : বঙ্গবন্ধু ১৯২০ সালের ১৭ মার্চ (জাতীয় শিশু দিবস) গোপালগঞ্জ জেলার টুংগীপাড়ায় জন্মগ্রহণ করেন। টুংগীপাড়া গ্রামটি বাইগার নদীর তীরে অবস্থিত। (গোপালগঞ্জ জেলা মধুমতি নদীর তীরে অবস্থিত)। নদীটির অন্য নাম বাগিয়া/বাঘিয়া।

৭৮. তারামন বিবি যুদ্ধ করেন কোন সেক্টরে?

ক. ৮ খ. ৯
গ. ১০ ঘ. ১১ **উ. ঘ**

ব্যাখ্যা : 'বীরপ্রতীক' খেতাবপ্রাপ্ত তারামন বিবি কুড়িগ্রাম জেলার রাজিবপুরে জন্মগ্রহণ করেন। তিনি ১১ নং সেক্টরে যুদ্ধ করেন (মনে রাখুন Taramon Bibi - ১১ বর্ণ - ১১নং সেক্টর)। তাঁকে নিয়ে লেখা বই 'বীর প্রতীকের খোঁজে' (লেখক আনিসুল হক)।

৭৯. পিঁপড়ার কামড়ে কোন এসিড থাকে?

ক. অক্সালিক এসিড খ. সাইট্রিক এসিড
গ. ফরমিক এসিড ঘ. নাইট্রিক এসিড **উ. গ**

ব্যাখ্যা : পিঁপড়ার কামড়ে ফরমিক এসিড থাকে। অন্যদিকে লেবু আঙ্গুর ও কমলায় সাইট্রিক এসিড, টমেটোতে অক্সালিক এসিড, আমলকি ও কমলালেবুতে অ্যাসকরবিক এসিড, দুধে ল্যাকটিক এসিড থাকে। স্বর্ণ আহরণে ব্যবহৃত হয় নাইট্রিক এসিড।

৮০. বাংলাদেশে সাহিত্যে সর্বোচ্চ পুরস্কার কোনটি?

ক. একুশে পদক খ. স্বাধীনতা দিবস পুরস্কার
গ. বাংলা একাডেমি পুরস্কার ঘ. শিশু একাডেমি পুরস্কার **উ. গ**

ব্যাখ্যা : দেশের সর্বোচ্চ সাহিত্য পুরস্কার হচ্ছে বাংলা একাডেমি পুরস্কার। এটি প্রবর্তন করা হয় ১৯৬০ সালে (বাংলা একাডেমি প্রতিষ্ঠিত ১৯৫৫ সালে)। আর বাংলাদেশের সর্বোচ্চ রাষ্ট্রীয় পুরস্কার স্বাধীনতা পুরস্কার যা ১৯৭৭ সালে প্রবর্তিত হয়। (মনে রাখুন স্বাধীনতা - সাতাত্তর) একুশে পদক ও শিশু একাডেমি পুরস্কার চালু হয় যথাক্রমে ১৯৭৬ ও ১৯৮৯ সালে।

Job Navigator

৮১. দহগ্রাম ছিটমহলটি কোন জেলার অন্তর্গত?
ক. পঞ্চগড় খ. কুড়িগ্রাম
গ. লালমনিরহাট ঘ. নীলফামারী উ. গ
ব্যাখ্যা : দহগ্রাম ও অঙ্গরপোতা ছিটমহল বাংলাদেশের লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলায় অবস্থিত ছিল। কিন্তু এর ভৌগোলিক অবস্থান ছিল ভারতের ভূখণ্ডে। এ ছিটমহলের সাথে যোগাযোগ করার জন্য তিনবিঘা করিডোর ব্যবহৃত হতো। ১ আগস্ট ২০১৫ ছিটমহল বিনিময় হওয়ার ফলে আর কোন ছিটমহল নেই। [দহগ্রাম = পাটগ্রাম, লালমনিরহাট (গ্রামে হাট বসে)]

৮২. রাশিয়ার মুদ্রার নাম কী?
ক. রিংগিত খ. রুবল
গ. লিরা ঘ. ক্রোনা উ. খ
ব্যাখ্যা : রাশিয়ার মুদ্রার নাম রুবল। লিরা তুরস্কের মুদ্রা, রিংগিত মালয়েশিয়ার মুদ্রা। স্ক্যান্ডেনেভিয়ান ৫টি দেশের মধ্যে সুইডেন ও আইসল্যান্ডের মুদ্রা ক্রোনা। ডেনমার্ক ও নরওয়ের মুদ্রা ক্রোন। কিন্তু, ফিনল্যান্ডের মুদ্রার নাম ইউরো।

৮৩. চিকনগুনিয়া রোগটি কোন মাধ্যমবাহিত রোগ?
ক. পানিবাহিত খ. পতঙ্গবাহিত
গ. বায়ুবাহিত ঘ. রক্তবাহিত উ. খ
ব্যাখ্যা : চিকুনগুনিয়া ভাইরাসজনিত রোগ ডেঙ্গুর বাহক এডিস মশার মাধ্যমে এই ভাইরাস মানুষের মধ্যে ছড়ায়। ১৯৫২ সালে তানজানিয়ার দক্ষিণাঞ্চলে সর্বপ্রথম এই রোগ ছড়ানোর কথা জানা যায়। ২০০৮ সালে বাংলাদেশের রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জে এ রোগটি প্রথম ধরা পড়ে।

৮৪. বাংলা নববর্ষ পহেলা বৈশাখ চালু করেন–
ক. লক্ষণ সেন খ. ইলিয়াস শাহ
গ. আকবর ঘ. বিজয় সেন উ. গ
ব্যাখ্যা : বাংলা নববর্ষ চালু করেন মোঘল সম্রাট মহামতি আকবর। ১৫৬৬ সালে পানিপথের দ্বিতীয় যুদ্ধে হিমুকে পরাজিত করে মাত্র ১৩ বছর বয়সে দিল্লির সিংহাসনে বসেন। ওমর ফতুল্লাহ সিরাজীর সুপরিশে তিনি ১৫৬৪ সালে বাংলা সৌর বর্ষপঞ্জি প্রবর্তন করেন। আকবরের নির্দেশক্রমে তার সিংহাসনারোহণের সাল ১৫৫৬ খ্রিস্টাব্দ (৯৬৩ হিজরি) থেকেই বাংলা সন কার্যকর করা হয়। অর্থাৎ বাংলা সন কার্যকর হয় ১৫৫৬ সাল থেকে।

৮৫. কার সময়ে বঙ্গভঙ্গ হয়?
ক. লর্ড কার্জন খ. লর্ড হার্ডিঞ্জ
গ. লর্ড ক্যানিং ঘ. লর্ড ওয়েলেসলী উ. ক
ব্যাখ্যা : ১৯০৫ সালের ১৬ অক্টোবর ভারতের ভাইসরয় লর্ড কার্জন বাংলা, বিহার ও উড়িষ্যা নিয়ে গঠিত বাংলা প্রদেশকে দুই ভাগ করেন যা বঙ্গবঙ্গ (Partition of Bengal) নামে অভিহিত। আর লর্ড হার্ডিঞ্জ ১৯১১ বঙ্গবঙ্গ রদ করেন।

৮৬. ১৯৫৪ সালে নির্বাচনে যুক্তফ্রন্টের কয় দফা ছিল?
ক. ৬টি খ. ১১টি
গ. ২১টি ঘ. ৮টি উ. গ
ব্যাখ্যা : ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট ২১ দফা কর্মসূচির ভিত্তিতে নির্বাচনে অংশগ্রহণ করে। ২১ দফার প্রথম দফা ছিল বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করা। নির্বাচনে যুক্তফ্রন্টের নির্বাচনী প্রতীক ছিল নৌকা এবং ২৩৭টি আসনের মধ্যে ২২৩টি আসন পায় যুক্তফ্রন্ট।

৮৭. মহান নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে বঙ্গবন্ধু উপাধি লাভ করেছিলেন?
ক. ১৯৭০ খ. ১৯৬৯
গ. ১৯৬৮ ঘ. ১৯৬৬ উ. খ
ব্যাখ্যা : আগরতলা ষড়যন্ত্র মামলা থেকে বঙ্গবন্ধু মুক্তিপান ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯। তার পর দিন ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯ তৎকালীন রেসকোর্স ময়দানে আয়োজিত গণসংবর্ধনায় ছাত্র সংগ্রাম পরিষদের পক্ষে ছাত্রনেতা তোফায়েল আহমেদ কর্তৃক শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেয়া হয়।

৮৮. বাংলাদেশে মণিপুরী নাচ কোন অঞ্চলের ঐতিহ্য?
ক. সিলেট খ. ময়মনসিংহ
গ. রাজশাহী ঘ. কুষ্টিয়া উ. ক
ব্যাখ্যা : বাংলাদেশে মনিপুরী নাচ সিলেটের ঐতিহ্য। রাজশাহী ও রংপুরের নাচ হচ্ছে ঝুমুর, ময়মনসিংহ অঞ্চলের গান ভাটিয়ালী, ঢাকা ও ময়মনসিংহের গান জারি। চাঁপাইনবাবগঞ্জ (বৃহত্তর রাজশাহী) অঞ্চলের বিখ্যাত লোকগান হচ্ছে গম্ভীরা।

৮৯. করোনারী থ্রম্বসিস অসুখটি–
ক. যকৃতের খ. হৃৎপিণ্ডের
গ. অগ্ন্যাশয়ের ঘ. কিডনীর উ. খ
ব্যাখ্যা : করোনারী থ্রম্বোসিস রোগটি হৃৎপিণ্ডের। করোনারী ধমনী হৃৎপিণ্ডে রক্ত সরবরাহ করে। সেই ধমনীর ভিতরে রক্ত জমাট বেঁধে যাওয়ার ফলে করোনারী থ্রম্বোসিস হয়। ব্রেনের গতিপথে রক্ত জমাট বেঁধে হতে পারে সেরিব্রাল থ্রম্বোসিস। হৃদপিণ্ডের চিকিৎসার মধ্যে রয়েছে Coronary angioplasty, Coronary bypass।

৯০. নিচের কোনটিকে আদর্শ খাদ্য বলে?
ক. ভাত খ. মাছ
গ. দুধ ঘ. ফল উ. গ
ব্যাখ্যা : দুধকে বলা হয় আদর্শ খাদ্য। কারণ দুধে প্রায় সকল পুষ্টিগুণ রয়েছে। প্রতি ১০০ গ্রাম দুধে ৩.২২ গ্রাম আমিষ, ৩.২৬ গ্রাম শর্করা, ২.২৫ গ্রাম চর্বি, প্রচুর পরিমাণে ভিটামিন ও খনিজ লবণ (ক্যালসিয়াম, পটাশিয়াম, ম্যাগনেশিয়াম, সোডিয়াম) এবং ৮৮.৩২ গ্রাম পানি থাকে।

৯১. ভারী পানির সংকেত কোনটি?
ক. H_2O খ. H_2SO_4
গ. NH_4 ঘ. D_2O উ. ঘ
ব্যাখ্যা : সাধারণ পানির সংকেত হচ্ছে H_2O। পানি ২ অণু হাইড্রোজেন ও ১ অণু অক্সিজেন নিয়ে গঠিত। আর ভারী পানি (ডিউটোরিয়াম অক্সাইড) এর সংকেত হচ্ছে D_2O। এনার্জি সেক্টরে ভারী পানির গুরুত্ব অসীম।

৯২. কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদান প্রযুক্তিকে কী বলা হয়?
ক. ইন্টারকম খ. ইন্টারনেট
গ. ই-মেইল ঘ. ইন্টারস্পীড উ. খ

ব্যাখ্যা : কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদান প্রযুক্তি হচ্ছে ইন্টারনেট (Internet) এটি Interational Network এর সংক্ষিপ্ত রূপ। বিশ্বে ইন্টারনেট প্রথম চালু হয় ১৯৬৯ সালে এবং বাংলাদেশে চালু হয় ১৯৯৬ সালে।

৯৩. মুজিবনগর কোন জেলায় অবস্থিত?
ক. যশোর খ. কুষ্টিয়া
গ. মেহেরপুর ঘ. চুয়াডাঙ্গা উ. গ

ব্যাখ্যা : মুজিবনগর বর্তমান মেহেরপুর জেলায় অবস্থিত। এটি হচ্ছে বাংলাদেশের অস্থায়ী সরকারের রাজধানী। এখানেই ১৯৭১ সালের ১৭ এপ্রিল বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার শপথগ্রহণ করে।

৯৪. বাংলাদেশে সর্বাধিক বৈদেশিক মুদ্রা অর্জনকারী ক্ষেত্র কোনটি?
ক. পাট খ. তৈরি পোশাক
গ. হিমায়িত মৎস্য ঘ. চা উ. খ

ব্যাখ্যা : বাংলাদেশ সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জন করে তৈরি পোশাক শিল্প (RMG) থেকে। অর্থাৎ রপ্তানি আয়ে পোশাক শিল্পের অবদান সবচেয়ে বেশি। বাংলাদেশে পোশাক শিল্পের অগ্রপথিক বলা হয় মোহাম্মদ নূরুল কাদের খানকে। বাংলাদেশ প্রথম পোশাক রপ্তানি করে ১৯৭৮ সালে ফ্রান্সে। বর্তমানে বাংলাদেশ সবচেয়ে বেশি পোশাক রপ্তানি করে যুক্তরাষ্ট্রে।

৯৫. জীবজগতের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি কোনটি?
ক. আলফা রশ্মি খ. বিটা রশ্মি
গ. গামা রশ্মি ঘ. আল্ট্রাভায়োলেট রশ্মি উ. গ

ব্যাখ্যা : জীবজগতের মধ্যে সবচেয়ে ক্ষতিকর রশ্মি হচ্ছে গামা রশি। তেজস্ক্রিয় পদার্থ হতে ৩ ধরনের রশ্মি নির্গত হয়– আলাফা (α), বিটা (β) ও গামা (γ) রশ্মি। গামা রশ্মি আধান নিরপেক্ষ। এটি তড়িৎ চুম্বকীয় তরঙ্গ। এটি হচ্ছে সবচেয়ে ক্ষুদ্রতম তরঙ্গ দৈর্ঘ্যের বিকিরণ। ফরাসি রসায়ন ও পদার্থবিজ্ঞানী পল ভিলার্ড ১৯০০ সালে গামা রশ্মি আবিষ্কার করেন।

৯৬. ওজোনস্তর ক্ষয়ের জন্য দায়ী কোনটি?
ক. CO_2 খ. SO_2
গ. CO ঘ. CFC উ. ঘ

ব্যাখ্যা : বায়ুমণ্ডলের দ্বিতীয় স্তর Stratosphere (স্ট্রাটোমণ্ডল) এ ওজোন (O_3) স্তর অবস্থিত। এ স্তর সূর্য থেকে আসা অতি বেগুনি রশ্মি থেকে জীব জগৎকে রক্ষা করে। কিন্তু ক্লোরোফ্লোরো কার্বন বা CFC গ্যাসের জন্য ওজোন স্তরে ফাটল বা অবক্ষয় দেখা দেয়।

৯৭. BARD এর প্রতিষ্ঠাতা কে?
ক. জনাব আব্দুল্লাহ হামিদ খান
খ. অধ্যক্ষ আখতার হামিদ খান
গ. জনাব আলতাফ হামিদ খান
ঘ. অধ্যক্ষ আব্দুল লতিফ খান উ. খ

ব্যাখ্যা : BARD এর পূর্ণরূপ হচ্ছে Bangladesh Academy for Rural Development. অর্থাৎ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি। ১৯৫৯ সালে এটি প্রতিষ্ঠিত হয় কুমিল্লার কোটবাড়িতে। এর প্রতিষ্ঠাতা পরিচালক ছিলেন ড. আখতার হামিদ খান। একাডেমি কর্তৃক উদ্ভাবিত পল্লী উন্নয়নের 'Comilla Model' এর জন্য BARD দেশে বিদেশে সুখ্যাতি অর্জন করে।

৯৮. ২০১৭ সালে ICC Champion ট্রফি কোথায় অনুষ্ঠিত হয়?
ক. ভারত খ. ইংল্যান্ড
গ. অস্ট্রেলিয়া ঘ. নিউজিল্যান্ড উ. খ

ব্যাখ্যা : ২০১৭ সালে ICC Champions ট্রফি অনুষ্ঠিত হয় ইংল্যান্ডে। ২০১৭ সালের ৮ম ICC চ্যাম্পিয়ন ট্রফিতে চ্যাম্পিয়ন হয় পাকিস্তান আর রানার্স আপ ভারত।

৯৯. গ্রিনিচ মানমন্দির কোথায় অবস্থিত?
ক. চীন খ. জাপান
গ. রাশিয়া ঘ. যুক্তরাজ্য উ. ঘ

ব্যাখ্যা : গ্রিনিচ মান মন্দির (রয়েল অবজারভেটরি) লন্ডনে অবস্থিত। প্রতিটি দেশের স্থানীয় সময়ের সঙ্গে আন্তর্জাতিক সময়ের সমন্বয় করা হয়। গ্রিনিচের পূর্বদিকের দেশগুলো সময়ের হিসেবে গ্রিনিচের থেকে এগিয়ে থাকে আর গ্রিনিচের পশ্চিমে অবস্থিত দেশগুলোর সময় গ্রিনিচের সময় থেকে পিছিয়ে থাকে। বাংলাদেশ গ্রিনিচ থেকে ৯০° পূর্বে অবস্থিত। তাই বাংলাদেশের সময় ৬ ঘণ্টা এগিয়ে। অর্থাৎ লন্ডনের সময়ের সাথে ৬ ঘণ্টা যোগ করতে হবে (+ ৬)।

১০০. বিখ্যাত ওয়াটারলু যুদ্ধক্ষেত্র কোথায় অবস্থিত?
ক. রাশিয়া খ. লন্ডন
গ. ব্রাজিল ঘ. বেলজিয়াম উ. ঘ

ব্যাখ্যা : বিখ্যাত ওয়াটার লু যুদ্ধক্ষেত্র বেলজিয়ামে অবস্থিত। ১৮১৫ সালে এখানে নেপোলিয়ন বোনাপার্ট ও ব্রিটিশ ব্রিটিশ বাহিনীর মধ্যে ঐতিহাসিক 'ওয়াটার লু' যুদ্ধ হয়। যুদ্ধে নেপোলিয়ন ডিউক অব ওয়েলিংটনের কাছে পরাজিত হন। নেপোলিয়নকে সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসিত করা হয় এবং ১৯২১ সালে তিনি সেখানেই মৃত্যুবরণ করেন। তাকে বলা হয় 'ফরাসি বিপ্লবের শিশু' এবং 'লিটল করপোরাল'।

১৩তম কলেজ/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৬

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ৪০০; পরীক্ষার তারিখ : ১৩.০৫.২০১৬

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. বাংলা ভাষা কোন ভাষা থেকে এসেছে?
ক. সংস্কৃত খ. গৌড়ীয় প্রাকৃত
গ. হিন্দি ঘ. আসামি উ. খ

ব্যাখ্যা : বাংলা ভাষা গৌড়ীয় প্রাকৃত ভাষা থেকে এসেছে। তবে বাংলা ভাষার শব্দ সবচেয়ে বেশি এসেছে সংস্কৃত ভাষা থেকে। বাংলা ভাষা ও অসমীয় ভাষাকে সহোদর ভাষা বলা হয়।

২. কোনটি মৌলিক স্বরধ্বনি?
ক. ঔ খ. ঈ
গ. ঐ ঘ. এ উ. ঘ

ব্যাখ্যা : বাংলা ভাষায় মোট বর্ণমালা রয়েছে ৫০টি। এর মধ্যে স্বরবর্ণ আছে ১১টি। কিন্তু, মৌলিক স্বরধ্বনি রয়েছে ৭টি। মৌলিক স্বরধ্বনিগুলো হচ্ছে- অ, আ, অ্যা, ই, উ, এ, ও।

৩. বাংলা ভাষারীতির কয়টি রূপ?
ক. দুইটি খ. তিনটি
গ. পাঁচটি ঘ. চারটি উ. ক

ব্যাখ্যা : পৃথিবীর উন্নত ভাষাগুলোর মত বাংলা ভাষাতেও দুই ধরনের ভাষারীতি বিদ্যমান। এর একটি মৌখিক বা কথ্যরীতি, অপরটি লেখ্যরীতি। তবে এর বাইরে প্রত্যেক ভাষার 'উপভাষা' রয়েছে।

৪. 'ষষ্ঠ'-এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক. ষট্ + থ খ. ষষ্ঠ + থ
গ. ষষ্ + থ ঘ. ষষ্ + ঠ উ. গ

ব্যাখ্যা : তৎসম ব্যঞ্জন সন্ধির নিয়মানুযায়ী ষ এর পরে থ থাকলে থ এর স্থানে ঠ হয়। যেমন : ষষ্ + থ = ষষ্ঠ। আবার, ষ এর পরে ত থাকলে ত এর স্থানে ট হয়। যেমন : কষ্ + ত = কষ্ট।

৫. নিচের কোনটি যোগরূঢ় শব্দ?
ক. পঙ্কজ খ. তৈল
গ. মধুর ঘ. নবাবী উ. ক

ব্যাখ্যা : সমাস নিষ্পন্ন যেসকল শব্দ বিশেষ অর্থে ব্যবহৃত হয় সেগুলোকে যোগরূঢ় শব্দ বলে। যেমন : পঙ্কজ, রাজপুত, মহাযাত্রা ইত্যাদি।

৬. 'অদ্য' শব্দটি কোন ভাষারীতির উদাহরণ?
ক. চলিত খ. সাধু
গ. প্রাকৃত ঘ. কোল উ. খ

ব্যাখ্যা : 'অদ্য' শব্দটি সাধু ভাষারীতির উদাহরণ। 'অদ্য' শব্দটির চলিতরীতি হল 'আজ'।

৭. কোনটি ওষ্ঠ্য ধ্বনি?
ক. ম খ. ঙ
গ. চ ঘ. র উ. ক

ব্যাখ্যা : প, ফ, ব, ভ, ম হলো ওষ্ঠ্য ধ্বনি।

৮. চন্দ্রের প্রতিশব্দ নয়-
ক. সোম খ. হিমাংশু
গ. সবিতা ঘ. দ্বিজরাজ উ. গ

ব্যাখ্যা : 'সবিতা' শব্দটির অর্থ হল সূর্য। অতএব, এটি চন্দ্রের প্রতিশব্দ নয়; সূর্যের প্রতিশব্দ।

৯. কোন বানানটি শুদ্ধ?
ক. মুমুর্ষু খ. মুমূর্ষু
গ. মূমূর্ষু ঘ. মূমূর্ষূ উ. খ

ব্যাখ্যা : মুমূর্ষু বানানটি শুদ্ধ। এইরকম- মুহূর্ত।

১০. কোন তৎপুরুষ সমাস?
ক. ভালোমন্দ খ. মধুমাখা
গ. যথাসাধ্য ঘ. সত্যনিষ্ঠ উ. খ

ব্যাখ্যা : মধুমাখা = মধু দিয়ে মাখা। এটি তৃতীয়া তৎপুরুষ সমাস এর উদাহরণ। অন্যদিকে, ভালোমন্দ = ভালো ও মন্দ (দ্বন্দ্ব সমাস); যথাসাধ্য = সাধ্যকে অতিক্রান্ত না করে (অব্যয়ীভাব সমাস); সত্যনিষ্ঠ = সত্যে নিষ্ঠা আছে যার (বহুব্রীহি সমাস)।

১১. 'পাখির নীড়ের মত চোখ তুলে নাটোরের বনলতা সেন' এখানে 'নীড়' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. নান্দনিক খ. আশ্রয়
গ. রহস্যময় ঘ. পাখির বাসা উ. খ

ব্যাখ্যা : এখানে 'নীড়' শব্দটি আশ্রয় অর্থে ব্যবহৃত হয়েছে।

১২. শুদ্ধ বানান কোনটি?
ক. নিরপরাধী খ. দারিদ্র্যতা
গ. স্বার্থকতা ঘ. প্রাণিকুল উ. ঘ

ব্যাখ্যা : 'প্রাণী' শব্দের পরে কুল, বিদ্যা, সম্পদ, তত্ত্ব ইত্যাদি যুক্ত হলে ঈ-কারটি ই-কারা হয়। তাই শুদ্ধ বানান প্রাণিকুল। এইরকম- প্রাণিবিদ্যা। বাকি শব্দগুলোর শুদ্ধ বানান- নিরপরাধ, দরিদ্রতা/দারিদ্র্য, সার্থকতা।

১৩. 'গোবর গণেশ' বাগধারাটির অর্থ কী?
ক. অপদার্থ খ. নিরেট মূর্খ
গ. অত্যন্ত অলস ঘ. অপটু উ. খ

ব্যাখ্যা : 'গোবর গণেশ' বাগধারাটির অর্থ নিরেট মূর্খ। 'অকালকুষ্মাণ্ড', 'আমড়া কাঠের ঢেঁকি' বাগধারার অর্থ- অপদার্থ। গোঁফ খেজুরে বাগধারাটির অর্থ- অত্যন্ত অলস। কাঁচা হাত বাগধারাটির অর্থ- অপটু।

১৪. কোনগুলো দন্ত্যধ্বনি?
ক. ক খ গ ঘ খ. প ফ ব ভ
গ. ত থ দ ধ ঘ. ট ঠ ড ঢ উ. গ
ব্যাখ্যা : দন্ত্যধ্বনিগুলো– ত, থ, দ, ধ। ক খ গ ঘ- হল কণ্ঠধ্বনি। প ফ ব ভ - হল ওষ্ঠ্যধ্বনি। ট ঠ ড ঢ -হল মূর্ধন্য ধ্বনি।

১৫. কোনটি দেশি শব্দ?
ক. রিকশা খ. চা
গ. কিতাব ঘ. কুলা উ. ঘ
ব্যাখ্যা : কুলা, ডাব, ঢেঁকি, চোঙ্গা ইত্যাদি দেশি শব্দ। অন্যদিকে, রিকশা একটি জাপানি শব্দ; চা একটি চীনা শব্দ এবং কিতাব একটি আরবি শব্দ।

১৬. কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ?
ক. শরীর > শরীল খ. হংস > হাঁস
গ. লাফ > ফাল ঘ. দুর্গা > দুগ্‌গা উ. গ
ব্যাখ্যা : লাফ > ফাল একটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ। শরীর > শরীল একটি বিষমীভবনের উদাহরণ। দুর্গা > দুগ্‌গা সমীভবনের উদাহরণ। হংস > হাঁস নাসিক্যীভবনের উদাহরণ।

১৭. 'পতাকা'-এর সমার্থক শব্দ কোনটি?
ক.কেতন খ. মার্গ
গ. নলিন ঘ. ভাজন উ. ক
ব্যাখ্যা : 'পতাকা' এর সমার্থক শব্দ– কেতন, ঝাণ্ডা, নিশানা ইত্যাদি।

১৮. 'নয়ন' শব্দটি সঠিক প্রত্যয় নির্ণয়–
ক. নী + অন খ. নে + অন
গ. নৌ + অন ঘ. নয় + ন উ. ক
ব্যাখ্যা : 'নয়ন' শব্দটির সঠিক প্রকৃতি-প্রত্যয়– √নী + অন। এইরকম- √শী + অন = শয়ন; √গম + অন = গমন।

১৯. বাক্যে বিস্ময়সূচক (!) চিহ্ন থাকলে কতক্ষণ থামতে হয়?
ক. দুই সেকেন্ড খ. এক সেকেন্ড
গ. তিন সেকেন্ড ঘ. চার সেকেন্ড উ. খ
ব্যাখ্যা : বিস্ময়সূচক চিহ্ন থাকলে 'এক সেকেন্ড' থামতে হয়। এছড়াও দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, কোলন, কোলন ড্যাস এবং ড্যাস চিহ্নের ক্ষেত্রে 'এক সেকেন্ড' সময় থামতে হয়।

২০. 'অলীক'-এর বিপরীত শব্দ-
ক. বাস্তব খ. কল্পনা
গ. উন্নতি ঘ. আয়ত্ত উ. ক
ব্যাখ্যা : 'অলীক' এর বিপরীত শব্দ– বাস্তব। উন্নতি এর বিপরীত শব্দ -অবনতি, আয়ত্ত এর বিপরীত শব্দ - অনায়ত্ত। অন্যদিকে, কল্পনা শব্দটি অলীক শব্দের সমার্থক শব্দ। কল্পনা এর বিপরীত শব্দ- বাস্তব।

২১. 'পড়ায় আমার মন বসে না'- এখানে 'পড়ায়' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্ম কারকে ৭মী বিভক্তি
খ. অধিকরণ কারকে ৭মী বিভক্তি
গ. আপাদান কারকে ৭মী বিভক্তি
ঘ. করণ কারকে ৭মী বিভক্তি উ. খ
ব্যাখ্যা : 'পড়ায়' আমার মন বসে না'– এখানে 'পড়ায়' অধিকরণ কারকে ৭মী বিভক্তি। যদি প্রশ্ন করা হয়, কিসে মন বসে না?- তখন উত্তর হবে 'পড়ায়'। স্থান, কাল, বিষয় বোঝালে অধিকরণ কারক হয়।

২২. কোনটি দ্বিগু সমাস?
ক. সপ্তাহ খ. পরিভ্রমণ
গ. আমরণ ঘ. মনগড়া উ. ক
ব্যাখ্যা : সপ্তাহ = সপ্ত অহের সমাহার = দ্বিগু সমাস। অন্যদিকে- পরিভ্রমণ = পরি (চতুর্দিকে) যে ভ্রমণ (প্রাদি সমাস)। আমরণ = মরণ পর্যন্ত (অব্যয়ীভাব সমাস)। মনগড় = মন দিয়ে গড়া (তৃতীয়া তৎপুরুষ)।

২৩. 'নদী' -এর সমার্থক শব্দ কোনটি?
ক. সরিৎ খ. নগ
গ. গিরি ঘ. বিহগ উ. ক
ব্যাখ্যা : 'নদী' এর সমার্থক শব্দ সরিৎ, গাঙ, স্রোতস্বিনী, তটিনী, তরঙ্গিনী, প্রবাহিনী ইত্যাদি। অন্যদিকে, 'নগ' ও 'গিরি' অর্থ- পর্বত। বিহগ অর্থ- পাখি।

২৪. 'নাদ' শব্দের অর্থ কী?
ক. মেঘের ডাক খ. বাঘের ডাক
গ. সিংহের ডাক ঘ. ময়ূরের ডাক উ. ক
ব্যাখ্যা : 'নাদ' শব্দের অর্থ মেঘের ডাক। অন্যদিকে, বাঘের ডাক- গর্জন; সিংহের ডাক- হুঙ্কার; ময়ূরের ডাক- কেকা।

২৫. অনুবাদ কত প্রকার?
ক. ২ প্রকার খ. ৩ প্রকার
গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার উ. ক
ব্যাখ্যা : অনুবাদ ২ প্রকার। ১। আক্ষরিক অনুবাদ। অর্থাৎ, বাক্য অনুযায়ী হুবহু অনুবাদ। ২। ভাবানুবাদ। অর্থাৎ, বাক্যের ভাব অনুবাদ।

২৬. What is the plural of 'Magus'?
ক. Magus খ. Maguses
গ. Magux ঘ. Magi উ. ঘ
ব্যাখ্যা : Magus অর্থ পুরোহিত। Magus এর plural number হল Magi। Magi এর অর্থ পুরোহিতমণ্ডলী। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

২৭. What is the verb form of 'Power'?
ক. Powerful খ. Powerfully
গ. Enpower ঘ. Empower উ. ঘ
ব্যাখ্যা : Power শব্দটি noun; যার অর্থ ক্ষমতা বা শক্তি। অপশনগুলো হল- (ক) powerful (adj); (খ) powerfully (adverb); (গ) Enpower ভুল প্রয়োগ এবং (ঘ) Empower শব্দটি verb যার অর্থ কাউকে শক্তি বা ক্ষমতা প্রদান করা। সুতরাং, Power এর verb হল Empower.

২৮. **Find out the correct sentence–**
ক. He insisted on my going to cinema.
খ. He insisted me to go to cinema.
গ. He insisted in my going to cinema.
ঘ. He insisted for my going to cinema. উ. ক

ব্যাখ্যা : Insist অর্থ জোর করা, পীড়াপিড়ি করা। insist এর পরে preposition 'on' ব্যবহৃত হয়।

২৯. **Which one is the correct passive form of the sentence– 'He satisfied everybody'?**
ক. Everybody has been satisfied by him.
খ. Everybody was satisfied by him.
গ. Everybody was satisfied with him.
ঘ. Everybody would be satisfied at him. উ. গ

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি Past Tense- এ আছে। আমরা জানি, Satisfied শব্দটির পরে by না বসে passive-এ with বসে। সুতরাং উত্তর (গ) Everybody was satisfied with him.

৩০. **What is the synonym of the word "Repress"?**
ক. Control খ. Represent
গ. Republish ঘ. Repute উ. ক

ব্যাখ্যা : Repress অর্থ দমন করা, নিয়ন্ত্রণ করা রাখা। অপশন (ক) control- দমন করা, নিয়ন্ত্রণ করা। এটি Repress এর সমার্থক শব্দ। অন্যদিকে, represent- প্রতিনিধিত্ব করা; republish- পুনরায় প্রকাশ করা এবং repute- খ্যাতি অর্জন করা।

৩১. **He talks as though–**
ক. he was a child খ. he is a child
গ. he has been a child ঘ. he were a child উ. ঘ

ব্যাখ্যা : Present Indefinite tense + as if/as though + Past Indefinite tense. তবে এক্ষেত্রে be verb আসলে সবসময় were হবে। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

৩২. **What is the antonym of the word 'Compulsory'?**
ক. Mandatory খ. Obligatory
গ. Voluntary ঘ. Complimentary উ. গ

ব্যাখ্যা : Compulsory শব্দটির অর্থ আবশ্যক বা বাধ্যতামূলক। Voluntary- স্বেচ্ছাপ্রণোদিত। এটি Compulsory শব্দটির antonym। বাকি অপশনগুলো হল- (ক) Mandatory- আবশ্যক বা বাধ্যতামূলক; (খ) obligatory আবশ্যক বা বাধ্যতামূলক; (ঘ) complimentary- প্রশংসাসূচক, শ্রদ্ধাজ্ঞাপক।

৩৩. **What is the noun of the word 'Confess'?**
ক. Confession খ. Confess
গ. Confusion ঘ. Confessionably উ. ক

ব্যাখ্যা : Confess একটি verb, এর অর্থ হল অপরাধ স্বীকার করা, দোষ স্বীকার করা। অপশন (ক) confession শব্দটি noun, যার অর্থ স্বীকারোক্তি। (খ) confess (verb); (গ) confusion (noun) বিভ্রান্তি বা বিশৃঙ্খলা। তবে অপশন (ঘ) 'confessionaly' শব্দটি ভুল, এই নামে কোনো শব্দ নেই। অতএব, সঠিক উত্তর (ক) confession.

৩৪. **'সকাল থেকে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হচ্ছে'– the correct translation of this sentence is–**
ক. It is raining since moming.
খ. It has been being raining since morning.
গ. It has been raining for moming.
ঘ. It has been drizzling since morning. উ. ঘ

ব্যাখ্যা : Drizzle একটি verb, এর অর্থ হল গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হওয়া। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

৩৫. **'Black and blue' means–**
ক. mercifully খ. mercilessly
গ. sympathetically ঘ. hopefully উ. খ

ব্যাখ্যা : Black and blue একটি phrase, যার অর্থ বেদম প্রহার করা। অপশন (ক) mercifully- দয়ার সাথে, (খ) merciless নির্দয়ভাবে, (গ) sympathetically সহানুভূতির সাথে, (ঘ) hopefully- আশানুরূপভাবে। সুতরাং সঠিক উত্তর (খ) mercilessly.

৩৬. **'He acted on my advice'– complex form of this sentence is–**
ক. I advised him and he acted.
খ. I advised him that he acted.
গ. He acted according to my advice.
ঘ. He acted as I advised him. উ. ঘ

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি simple sentence. Complex sentence এর clause গুলো as, since, although, if, till, because etc. দ্বারা যুক্ত থাকে। সুতরাং সঠিক উত্তর (ঘ) He acted as I advised him.

৩৭. **The word 'Lunar' is related to–**
ক. Moon খ. Sun
গ. Earth ঘ. Mars উ. ক

ব্যাখ্যা : 'Lunar' শব্দটির অর্থ চাঁদ সম্পর্কিত বা চন্দ্রসংক্রান্ত। Moon অর্থ চাঁদ। অতএব, 'Lunar' শব্দটি Moon সম্পর্কিত। অন্যদিকে, Mars অর্থ- মঙ্গলগ্রহ; Earth অর্থ পৃথিবী; Sun অর্থ সূর্য। তাই, সঠিক উত্তর অপশন (ক)।

৩৮. **'Maiden speech' means–**
ক. a speech by a woman
খ. the main speech
গ. the first speech ঘ. the last speech উ. গ

ব্যাখ্যা : Maiden speech একটি phrases, যার অর্থ প্রথম বক্তৃতা। The first speech অর্থও প্রথম বক্তৃতা। কাজেই সঠিক উত্তর (গ) the first speech.

৩৯. **The girl was reclining– the couch.**
ক. on খ. by
গ. in ঘ. to উ. ক

ব্যাখ্যা : Recline এর পরে preposition হিসেবে on বসে। 'Recline' verb টির অর্থ হেলান দেয়া। সুতরাং সঠিক উত্তর (ক) on.

৪০. **Choose the correct sentence :**
ক. If he works hard, he succeeds.
খ. If he works hard, he will succeed.
গ. If he would work hard, he succeeded.
ঘ. If he worked hard, he succeeded. উ. খ

ব্যাখ্যা : Real conditional এর গঠন অনুযায়, If + present Indefinite tense + Future indefinite tense. সুতরাং সঠিক উত্তর (খ)।

৪১. **He went to bed after–**
ক. he will learn his lessons.
খ. he would learn his lessons
গ. he learns his lessons.
ঘ. he had learnt his lessons. উ. ঘ

ব্যাখ্যা : অতীতকালে দুটি ঘটনা একসাথে ঘটলে দুটি নিয়ম অনুসারে করতে হয় (১) Past Indefinite Tense + after + Past Perfect এবং (২) Past Perfect Tense + before + Past Indefinite Tense. সঠিক উত্তর (ঘ)

৪২. **'A bolt from the blue' means–**
ক. An unexpected reward
খ. An unexpected calamity
গ. An unexpected blue colour
ঘ. An expected person of blue wear উ. খ

ব্যাখ্যা : 'A bolt from the blue' একটি phrase, যার আক্ষরিক অর্থ বিনা মেঘে বজ্রপাত; ব্যবহারিক অর্থ- অনাকাঙ্ক্ষিত বিপদ। সুতরাং সঠিক উত্তর (খ)।

৪৩. **The antonym of the word 'Benign' is–**
ক. Beginning খ. Peaceful
গ. Blessed ঘ. Malignant উ. ঘ

ব্যাখ্যা : Benign অর্থ দয়ালু বা সদয়। Malignant অর্থ ক্ষতিকর বা অপকারী। যা Benign এর বিপরীত শব্দ। অন্যদিকে, (ক) Beginning -শুরু বা সূচনা (খ) peaceful-শান্তিপূর্ণ; (গ) Blessed- মহিমান্বিত বা আশীর্বাদপ্রাপ্ত। তাই, সঠিক উত্তর (ঘ)।

৪৪. **"তাকে তিরস্কার করা হয়েছিল"– এর শুদ্ধ ইংরেজি–**
ক. He was dishonoured.
খ. He was brought to brim.
গ. He was brought to book.
ঘ. He was punished. উ. গ

ব্যাখ্যা : তিরস্কার করা বা বকা দেওয়া বোঝাতে 'Bring to book' কথাটি ব্যবহৃত হয়। তাই সঠিক উত্তর (গ)।

৪৫. **We helped him– the work.**
ক. to finish খ. finishing
গ. in finishing ঘ. finish উ. ক, ঘ

ব্যাখ্যা : 'Help' causative verb টির পর ব্যক্তিবাচক object থাকলে Infinitive (to + v_1) বা verb এর base form দুটিই ব্যবহার করা যায়। তাই সঠিক উত্তর (ক) to finish এবং (ঘ) finish উভয় হতে পারে।

৪৬. **He fought– to defeat the enemy.**
ক. tooth and nail খ. set out
গ. to and fro ঘ. to the quick উ. ক

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটির পূর্ণাঙ্গ অর্থ হল- 'সে তার শত্রুটিকে পরাজিত করেতে প্রাণপণে চেষ্টা করেছিল।' অপশন (ক) tooth and nail- প্রাণপণে চেষ্টা করা। অন্যদিকে, (খ) set out- যাত্রা করা বা সুন্দরভাবে সাজানো (গ) to and fro- এদিক-ওদিক এবং (ঘ) to the quick- তাড়াতাড়ি করতে। সুতরাং সঠিক উত্তর (ক) Tooth and nail.

৪৭. **Had I been a king, I–**
ক. had helped the poor.
খ. would have helped the poor
গ. have helped the poor.
ঘ. helped the poor. উ. খ

ব্যাখ্যা : Unreal conditional sentence এর নিয়ম অনুযায়ী, Past Perfect tense + sub + would have /could have/might have + Verb এর past participle form + object. কাজেই সঠিক উত্তর (খ) would have helped the poor.

৪৮. **Choose the correct synonym for 'Extempore'–**
ক. Planned খ. Improvise
গ. Immediate ঘ. Impromptu উ. ঘ

ব্যাখ্যা : Extempore- পূর্বপ্রস্তুতি ছাড়া বা পূর্বপরিকল্পনা ছাড়া। অপশন (ক) planned- পরিকল্পিত বা পরিকল্পনামাফিক; (খ) Improvise- উপস্থিত মতো কবিতা বা গান রচনা করা; (গ) Immediate- অবিলম্বে; (ঘ) Impromptu- পূর্বপ্রস্তুতি ছাড়া। কাজেই সঠিক উত্তর (ঘ) Impromptu.

Job Navigator

৪৯. When you make a promise, you must not go – on it.
ক. by খ. around
গ. back ঘ. along উ. গ

ব্যাখ্যা : অপশন (ক) go by - পরিচিত হওয়া; (খ) go around - চারিদিকে ঘোরা; (গ) go back on- বরখেলাপ করা; (ঘ) go along- মেনে নেয়া। সুতরাং সঠিক উত্তর (গ) go back on।

৫০. What type of man is quite the opposite type of 'Supercilious'?
ক. Affable খ. Haughty
গ. Disdainful ঘ. Wicked উ. ক

ব্যাখ্যা : Supercilious শব্দটির অর্থ অহংকারী। Affable শব্দটির অর্থ অমায়িক বা বন্ধুত্বসুলভ। অতএব, Supercilious শব্দটির opposite হল Affable শব্দটি। অন্যদিকে, অপশন (খ) Haughty -অহংকারী; (গ) Disdainful -ঘৃণ্য এবং (ঘ) wicked -অসৎ, বা দুষ্ট। কাজেই সঠিক উত্তর (ক)।

৫১. $1 + 5 + 9 + \ldots\ldots + 81 = ?$
ক. 21 খ. 861
গ. 840 ঘ. 860 উ. খ

ব্যাখ্যা : সমান্তর ধারাটির n-তম পদ $= a + (n - 1)d$

বা, $81 = 1 + (n - 1)4$

বা, $81 = 1 + n - 4$

বা, $4n = 84$

$\therefore n = 21$

$\therefore$ সমষ্টি $= \frac{21}{2}\{2.1 + (21 - 1)4\}$

$= \frac{21}{2}(2 + 80)$

$= 21 \times 41$

$= 861$

৫২. বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু হতে ঐ বৃত্তে কয়টি স্পর্শক আঁকা যায়?
ক. ১টি খ. ২টি
গ. ৩টি ঘ. ৪টি উ. খ

ব্যাখ্যা :



বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে কেবল ২টি স্পর্শক আঁকা যায়।

৫৩. সেমি এককে নিচের কোন বাহুগুলোর দ্বারা সমকোণী ত্রিভুজ গঠন অসম্ভব?
ক. 3, 4, 5 খ. 6, 8, 10
গ. 2, 4, 8 ঘ. 5, 12, 13 উ. গ

ব্যাখ্যা : পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী, $2^2 + 4^2 \neq 8^2$ দ্বারা সমকোণী ত্রিভুজ গঠন অসম্ভব। অন্যদিকে, $3^2 + 4^2 = 5^2$; $6^2 + 8^2 = 10^2$; $5^2 + 12^2 = 13^2$ দ্বারা সমকোণী ত্রিভুজ গঠন সম্ভব।

৫৪. একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল ঐ সরলরেখার এক-চতুর্থাংশের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফলের কতগুণ?
ক. ২ খ. ৪
গ. ৮ ঘ. ১৬ উ. ঘ

ব্যাখ্যা : ধরি, সরলরেখাটির দৈর্ঘ্য x একক

$\therefore$ এর ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= x^2$ বর্গ একক

সরলরেখার এক-চতুর্থাংশের দৈর্ঘ্য $\frac{x}{4}$ একক

$\therefore$ এর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= \left(\frac{x}{4}\right)^2$ বর্গ

$= \frac{x^2}{16}$ বর্গ একক

ছোট ক্ষেত্রের ক্ষেত্রফল বড় ক্ষেত্রের ক্ষেত্রফলের যত ভাগ, বড় ক্ষেত্রের ক্ষেত্রফল ছোট ক্ষেত্রের ক্ষেত্রফল তত গুণ।

$\therefore x^2 \div \frac{x^2}{16}$

$= x^2 \times \frac{16}{x^2} = ১৬$ গুণ। (উত্তর)

৫৫. বৃত্তের কেন্দ্র ছেদকারী জ্যাকে কী বলে?
ক. ব্যাস খ. ব্যাসার্ধ
গ. বৃত্তচাপ ঘ. পরিধি উ. ক

ব্যাখ্যা : আমরা জানি, বৃত্তের বৃহত্তম জ্যা হলো বৃত্তের ব্যাস। অতএব, বৃত্তের কেন্দ্র ছেদকারী জ্যাকে ব্যাস বলে। কেন্দ্র থেকে পরিধি পর্যন্ত দূরত্বকে ব্যাসার্ধ বলে।

৫৬. নিচের কোনটি মৌলিক সংখ্যা?
ক. 51 খ. 59
গ. 63 ঘ. 87 উ. খ

ব্যাখ্যা : 59 সংখ্যাটি একটি মৌলিক সংখ্যা। কারণ, 59 সংখ্যাটি 2, 3, 5 ও 7 দ্বারা বিভাজ্য নয়। তাই, সংখ্যাটি অন্য কোনো সংখ্যা দ্বারাও বিভাজ্য নয়।

৫৭. $5^x + 5^x + 5^x + 5^x + 5^x =$ কত?
ক. 25x খ. 5^{x+1}
গ. 5^{5x} ঘ. 25^x উ. খ

ব্যাখ্যা : $5^x + 5^x + 5^x + 5^x$

$= 5 \times 5^x$

$= 5^{1+x} = 5^{x+1}$

Job Navigator

৫৮. $\log_2\left(\frac{1}{64}\right)$ -এর মান কত?

ক. -6 খ. 6

গ. $-\frac{1}{6}$ ঘ. $\frac{1}{6}$ **উ. ক**

ব্যাখ্যা : $\log_2\left(\frac{1}{64}\right)$

$= \log_2 2^{-6}$

$= -6 \times \log_2 2$

$= -6 \ [\because \log_2 2 = 1]$

৫৯. যদি $x^2 + \frac{1}{x^2} = 38$ হয়, তবে $x - \frac{1}{x} = ?$

ক. ± 40 খ. ± 6

গ. ± 7 ঘ. ± 5 **উ. খ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $x^2 + \frac{1}{x^2} = 38$

বা, $\left(x - \frac{1}{x}\right)^2 + 2.x.\frac{1}{x} = 38.$

বা, $\left(x - \frac{1}{x}\right)^2 = 36$

$\therefore x - \frac{1}{x} = \pm 6$

৬০. কোনো পরীক্ষায় পরীক্ষার্থীর ৮০% গণিত এবং ৭০% বাংলায় পাস করল। উভয় বিষয়ে পাস করল ৬০%। উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করল?

ক. ৩০% খ. ২০%

গ. ১৫% ঘ. ১০% **উ. ঘ**

ব্যাখ্যা : উভয় বিষয়ে পাস করেছে = ৬০%

∴ শুধু গণিতে পাস করে = (৮০-৬০) = ২০%

∴ শুধু বাংলায় পাস করে = (৭০-৬০) = ১০%

∴ উভয় বিষয়ে অথবা কোনো না কোনো বিষয়ে পাস করেছে

= ৬০% + ২০% + ১০% = ৯০%

∴ উভয় বিষয়ে ফেল করেছে (১০০-৯০)% = ১০%

৬১. যদি সেল ফোনের পূর্বের কলরেট ও বর্তমান কলরেটের অনুপাত 5 : 3 হয়, তবে পূর্বের কলরেটের তুলনায় বর্তমান কলরেট শতকরা কত হ্রাস পেয়েছে?

ক. 30% খ. 35%

গ. 40% ঘ. 45% **উ. গ**

ব্যাখ্যা : ৫ টাকায় কল রেট হ্রাস পেয়েছে = (৫−৩) = ২ টাকা

∴ ১ টাকায় কল রেট হ্রাস পেয়েছে = $\frac{২}{৫}$ টাকা

∴ ১০০ টাকায় কল রেট হ্রাস পেয়েছে = $\frac{২ \times ১০০}{৫}$ টাকা

= ৪০%

৬২. এক ব্যক্তি 240 টাকায় কতগুলো পেন্সিল কিনে দেখল যে, যদি সে একটি পেন্সিল বেশি পেত তাহলে প্রতিটি পেন্সিলের মূল্য 1 টাকা কম হতো। ঐ ব্যক্তি কতটি পেন্সিল কিনেছিল?

ক. 13টি খ. 14টি

গ. 15টি ঘ. 16টি **উ. গ**

ব্যাখ্যা : মনে করি, ব্যক্তিটি x টি পেন্সিল কিনেছিল

$\therefore \frac{240}{x} - \frac{240}{x+1} = 1$

বা, $\frac{240x + 240 - 240x}{x(x+1)} = 1$

বা, $x^2 + x - 240 = 0$

বা, $x^2 + 16x - 15x - 240 = 0$

বা, $x(x+16) - 15(x+16) = 0$

বা, $(x+16)(x-15) = 0$

এখন, $x + 16 = 0$

$\therefore x = -16$ [কিন্তু ঋণাত্মক মান গ্রহণযোগ্য নয়]

আবার, $x - 15 = 0$

$\therefore x = 15$ [এটি গ্রহণযোগ্য]

∴ লোকটি 15টি পেন্সিল কিনেছিল।

৬৩. একই সুদে 500 টাকার 4 বছরের সুদ এবং 600 টাকার 5 বছরের সুদ একত্রে 400 টাকা হলে সুদের হার কত?

ক. 12% খ. 10%

গ. 8% ঘ. 6% **উ. গ**

ব্যাখ্যা : মনে করি, সুদের হার = r টাকা

প্রশ্নমতে, $500 \times 4 \times \frac{r}{100} + 600 \times 5 \times \frac{r}{100} = 400$

বা, $20r = 400$

$\therefore r = 8$

∴ সুদের হার = 8%

৬৪. একটি বই ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫টাকা বেশি হলে ৫% লাভ হয়। বাইটির ক্রয়মূল্য কত?

ক. ২০০ টাকা খ. ২৫০ টাকা

গ. ৩০০ টাকা ঘ. ৩৫০ টাকা **উ. গ**

ব্যাখ্যা : মনে করি, বইটির ক্রয়মূল্য = ১০০ টাকা

১০% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ − ১০) = ৯০ টাকা

৫% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ৫) = ১০৫ টাকা

∴ বিক্রয়মূল্যের পার্থক্য = (১০৫ − ৯০) টাকা

= ১৫ টাকা

∴ বিক্রয়মূল্য ১৫ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ " ১ " " " " $\frac{১০০}{১৫}$ "

∴ " ৪৫ " " " " $\frac{১০০ \times ৪৫}{১৫}$ "

= ৩০০ টাকা

৬৫. একটি বাঁশের $\frac{১}{৪}$ অংশ কাদায়, $\frac{৩}{৫}$ অংশ পানিতে এবং ৩ মিটার পানির উপরে আছে। বাঁশটির সম্পূর্ণ দৈর্ঘ্য কত?

ক. ২০ মি. খ. ১৬ মি.
গ. ১৫ মি. ঘ. ১২ মি. উ. ক

ব্যাখ্যা : মনে করি, বাঁশটির সম্পূর্ণ দৈর্ঘ্য = x মি.

$\therefore x - \left(\frac{x}{4} + \frac{3x}{5}\right) = 3$

বা, $x - \frac{5x + 12x}{20} = 3$

বা, $\frac{3x}{20} = 3$

বা, $x = \frac{20 \times 3}{3}$

$\therefore x = 20$

৬৬. বিশেষ ক্রমানুযায়ী সাজানো ২, ৩, ৫, ৯, ১৭, ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?

ক. ৬৫ খ. ৪৫
গ. ৩৩ ঘ. ২৬ উ. গ

ব্যাখ্যা : ধারাটির অন্তর : ১, ২, ৪, ৮, ১৬

$\therefore$ ধারাটির পরবর্তী সংখ্যা হবে = ১৭ + ১৬ = ৩৩

৬৭. ছয় অংকের ক্ষুদ্রতম সংখ্যা ও চার অংকের বৃহত্তম সংখ্যার অন্তর কত?

ক. 0 খ. 1
গ. 90000 ঘ. 90001 উ. ঘ

ব্যাখ্যা : ছয় অংকের ক্ষুদ্রতম সংখ্যা = 100000
চার অংকের বৃহত্তম সংখ্যা = 9999
(বিয়োগ করে) $\therefore$ অন্তর = 90001

৬৮. ১ থেকে ৪৯ পর্যন্ত ক্রমিক সংখ্যার গড় কত?

ক. ৫০ খ. ২৫
গ. ২৩ ঘ. ২২ উ. খ

ব্যাখ্যা : ১ থেকে ৪৯ পর্যন্ত ক্রমিক সংখ্যার গড়

$= \frac{\text{শেষ পদ + প্রথম পদ}}{২}$

$= \frac{৪৯ + ১}{২} = ২৫$ (উত্তর)

৬৯. একটি ধনাত্মক সংখ্যার দ্বিগুণের বর্গের সাথে ১৫ যোগ করলে ৪১৫ হয়। সংখ্যাটি কত?

ক. ১০ খ. ১১
গ. ১৫ ঘ. ২০ উ. ক

ব্যাখ্যা : মনে করি, ধনাত্মক সংখ্যাটি = x
প্রশ্নমতে, $(২x)^2 + ১৫ = ৪১৫$
বা, $৪x^2 = ৪০০$
বা, $x^2 = ১০০$
$\therefore x = ১০$। অতএব সংখ্যাটি = ১০।

৭০. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ, এর ক্ষেত্রফল 384 বর্গমিটার হলে পরিসীমা কত?

ক. 70 মিটার খ. 80 মিটার
গ. 90 মিটার ঘ. 96 মিটার উ. খ

ব্যাখ্যা : মনে করি, আয়তাকার ঘরের প্রস্থ = x মিটার

তাহলে, আয়তাকার ঘরের দৈর্ঘ্য = $x \times 1\frac{1}{2}$ মিটার

$\Rightarrow \frac{3x}{2}$ মি.

$\therefore x \times \frac{3x}{2} = 384$

বা, $x^2 = \frac{384 \times 2}{3}$

বা, $x^2 = 256$

$\therefore x = 16$

আয়তাকার ঘরের প্রস্থ = x মিটার = 16 মিটার

$\therefore$ আয়তাকার ঘরের দৈর্ঘ্য = $x \times 1\frac{1}{2}$ মিটার = 24 মিটার

$\therefore$ আয়তাকার ঘরের পরিসীমা = 2 (16 + 24) মিটার
= 80 মিটার (উত্তর)

৭১. ১৮ ফুট উঁচু একটি গাছ এমনভাবে ভেঙ্গে গেল যে, ভাঙ্গা অংশটি বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে ৩০° কোণ উৎপন্ন করল। গাছটি মাটি থেকে কত উঁচুতে ভেঙ্গেছিল?

ক. ১৫ ফুট খ. ১২ ফুট
গ. ৯ ফুট ঘ. ৬ ফুট উ. ঘ

ব্যাখ্যা : মনে করি, গাছটি x উচ্চতায় ভেঙেছিল



আমরা জানি, $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভূজ}}$

$\therefore \sin 30° = \frac{x}{১৮ - x}$

Job Navigator

বা, $\frac{১}{২} = \frac{x}{১৮ - x}$

বা, $২x = ১৮ - x$

বা, $৩x = ১৮$

$\therefore x = ৬$

৭২. একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয়ের প্রত্যেকটির দৈর্ঘ্য 10 সেমি এবং বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ 45° হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সেমি?

ক. 25 খ. $25\sqrt{2}$

গ. 30 ঘ. $25\sqrt{5}$ **উ. খ**

ব্যাখ্যা :



$\therefore$ ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 10 \times 10 \times \sin 45°$ বর্গ সেমি

$= 50 \times \frac{1}{\sqrt{2}}$ বর্গ সেমি [যেহেতু, $\sin 45^0 = \frac{1}{\sqrt{2}}$]

$= 25\sqrt{2}$ বর্গ সেমি

৭৩. 3 cm, 4 cm এবং 5 cm ব্যাসার্ধবিশিষ্ট তিনটি গোলক গলিয়ে একটি গোলক তৈরি করা হলে নতুন গোলকের ব্যাসার্ধ কত?

ক. 5 cm খ. 6 cm

গ. 7 cm ঘ. 8 cm **উ. খ**

ব্যাখ্যা : নতুন গোলকের ব্যাসার্ধ হবে

$= \sqrt[3]{3^3 + 4^3 + 5^3}$ cm

$= \sqrt[3]{216}$ cm

$= \sqrt[3]{6^3}$ cm

$= 6$ cm

৭৪. একটি বর্গের কর্ণের দৈর্ঘ্য $4\sqrt{2}$ একক হলে ঐ বর্গের ক্ষেত্রফল কত?

ক. 16 বর্গ একক খ. 32 বর্গ একক

গ. 8 বর্গ একক ঘ. $16\sqrt{2}$ বর্গ একক **উ. ক**

ব্যাখ্যা : বর্গের বাহু a হলে কর্ণের দৈর্ঘ্য $= a\sqrt{2}$ এবং বর্গের ক্ষেত্রফল $= a^2$

প্রশ্নমতে, $a\sqrt{2} = 4\sqrt{2}$

$\therefore a = 4$

$\Rightarrow a^2 = 4^2$

$\therefore a^2 = 16$

$\therefore$ ক্ষেত্রফল 16 বর্গ একক

৭৫. দুটি সন্নিহিত কোণের সমষ্টি 180° হলে একটিকে অপরটির কী কোণ বলে?

ক. সন্নিহিত কোণ খ. সমকোণ

গ. পূরক কোণ ঘ. সম্পূরক কোণ **উ. ঘ**

ব্যাখ্যা : আমরা জানি, দুটি সন্নিহিত কোণের সমষ্টি 180° বা দুই সমকোণ হলে তারা একে অপরের সম্পূরক কোণ। আর দুটি সন্নিহিত কোণের সমষ্টি 90° হলে, তারা একে অপরের পূরক কোণ।

৭৬. সোমপুর বিহার কে প্রতিষ্ঠা করেন?

ক. দেবপাল খ. ধর্মপাল

গ. শশাংক ঘ. রাজা গোপাল **উ. খ**

ব্যাখ্যা : পাল রাজা ধর্মপাল ৮ম শতাব্দীতে সোমপুর বিহার প্রতিষ্ঠা করেন। সোমপুর বিহার এশিয়া মহাদেশের মধ্যে বৃহত্তম বিহার। নওগাঁ জেলার পাহাড়পুরে এর অবস্থান। এর অন্যনাম পাহাড়পুর বিহার। এটি ইউনেস্কো ঘোষিত World Heritage Site.

৭৭. লর্ড রিপন কর্তৃক গঠিত শিক্ষা কমিশনের নাম কি?

ক. রিপন কমিশন খ. হান্টার কমিশন

গ. নাথান কমিশন ঘ. লর্ড কমিশন **উ. খ**

ব্যাখ্যা : প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার সংস্কারের জন্য লর্ড রিপন ১৮৮২ সালে 'হান্টার কমিশন' নামে শিক্ষা কমিশন গঠন করেন। তিনি শ্রমিক কল্যাণের জন্য 'ফ্যাক্টরি আইন' পাস করেন। তিনি সংবাদপত্রের পূর্ণ স্বাধীনতা দেন।

৭৮. 'পারকী' সমুদ্র সৈকত কোথায় অবস্থিত?

ক. চট্টগ্রাম খ. কক্সবাজার

গ. বরগুনা ঘ. পটুয়াখালী **উ. ক**

ব্যাখ্যা : চট্টগ্রাম জেলার আনোয়ারা থানায় পারকী সমুদ্র সৈকত অবস্থিত। স্থানীয়দের কাছে এটি 'পারকীর চর' নামে পরিচিত। এটি মূলত কর্ণফুলী নদীর মোহনায় অবস্থিত।

৭৯. বাংলা ভাষাকে বাংলাদেশ ব্যতীত যে দেশের রাষ্ট্রভাষা করা হয়েছে?

ক.সোমালিয়া খ. নেপাল

গ. সিয়েরালিওন ঘ. লিবিয়া **উ. গ**

ব্যাখ্যা : পশ্চিম আফ্রিকার দেশ সিয়েরালিয়ন (অর্থ : সিংহ পর্বত) বাংলাকে তাদের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে। সেদেশে কর্মরত বাংলাদেশে শান্তিরক্ষীদের অবদানের কারণে বাংলা ভাষাকে সম্মান জানিয়ে রাষ্ট্রভাষা ঘোষণা করে। সিয়েরালিয়নের মূল ভাষা ইংরেজি।

Job Navigator

৮৮. রাজমহল ৮-দফা দাবি পেশ করেন কত সালে?
ক. ১৯৪৭ খ. ১৯৫২
গ. ১৯৬৩ ঘ. ১৯৭১ উ. গ

ব্যাখ্যা : রাজমহল ঐতিহাসিক ৬ দফা পেশ করেন ১৯৬৬ সালের ১ ফেব্রুয়ারি পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলসমূহের সম্মেলনে। এর ফলে হয় বাঙালি জাতির মুক্তির সনদ হিসেবেখ্যাত।

৮১. ১৯৬৮ সালে পাকিস্তান পরিষদে কে বাংলা ভাষাকে পরিষদের অন্যতম ভাষা হিসেবে ব্যবহারের প্রস্তাব রাখেন?
ক. ধীরেন্দ্রনাথ দত্ত খ. অধ্যক্ষ আব্দুল
গ. মাওলানা ভাসানী ঘ. যোগেশচন্দ্র বসু উ. ক

ব্যাখ্যা : ১৯৬৮ সালের ২৩ ফেব্রুয়ারি পাকিস্তান পরিষদের প্রথম অধিবেশনে বাংলা ভাষাকে পরিষদের অন্যতম ভাষা হিসেবে সরকারি ঘোষণার দাবি করেন পূর্ব বাংলার পরিষদ সদস্য কুমিল্লার ধীরেন্দ্রনাথ দত্ত।

৮২. সম্প্রতি সুন্দরবন এলাকার কোন নদীতে জলযানটি ডুবে যায়?
ক. তিস্তা খ. টেকের
গ. শাকলা ঘ. মধুমতি উ. গ

ব্যাখ্যা : সুন্দরবনের শাকলা নদীতে জলযানটি ডুবে যায় এম ভি মুর্শি ১ ডুবে যায় ২০১৬ সালে। শাকলা নদীর হরিণটানা ও তাম্বুলবুনিয়া এলাকার মধ্যবর্তী স্থানে (জলযানটি ডলফিনের অভয়াশ্রম হিসেবে চিহ্নিত) জাহাজটি ডুবে যায়।

৮৩. উয়ারী-বটেশ্বর প্রত্নতাত্ত্বিক নিদর্শন কোন জেলায় পাওয়া গিয়েছে?
ক. গাজীপুর খ. নরসিংদী
গ. শেরপুর ঘ. ময়মনসিংহ উ. খ

ব্যাখ্যা : নরসিংদী জেলার বেলাব উপজেলায় অবস্থিত একটি প্রত্নতাত্ত্বিক নিদর্শন উয়ারী-বটেশ্বর। কয়রা নদীর তীরে অবস্থিত উয়ারী ও বটেশ্বর পাশাপাশি দুটো গ্রাম। এখানে প্রাপ্ত প্রত্নবিশেষ ৪৫০ খ্রিস্টপূর্বাব্দের। ২০০০ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগের শিক্ষক সুফী মোস্তাফিজুর রহমানের নেতৃত্বে এখানে প্রথম খনন কাজ শুরু হয়।

৮৪. সূর্য হতে পৃথিবীতে আলো এসে পৌঁছাতে সময় লাগে প্রায়-
ক. ৭ মিনিট খ. ৮ মিনিট
গ. ৯ মিনিট ঘ. ১০ মিনিট উ. খ

ব্যাখ্যা : সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে ৮ মিনিট ১৯ সেকেন্ড। সূর্য ও পৃথিবীর মধ্যবর্তী দূরত্ব ১৫ কোটি কিলোমিটার আর আলোর গতি প্রতি সেকেন্ডে প্রায় ৩ লক্ষ কিলোমিটার।

৮৫. বীরবিক্রম খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সংখ্যা কত?
ক. ৬৭৬ জন খ. ৬৮ জন
গ. ১৭৫ জন ঘ. ৪২৬ জন উ. গ

ব্যাখ্যা : মহান স্বাধীনতা যুদ্ধে অসামান্য অবদানের জন্য মোট ৬৭৬ জন বীরযোদ্ধাকে খেতাব দেয়া হয়। এর মধ্যে বীরশ্রেষ্ঠ ৭ জন, বীরউত্তম ৬৯ জন, বীরবিক্রম ১৭৫ জন এবং বীরপ্রতীক ৪২৬ জন। মনে রাখুন একারে ১, ৬৯, ১৭৫, ৪২৬।

৮৬. বাংলাদেশের জাতীয় গ্রন্থাগার কোথায় অবস্থিত?
ক. শাহবাগে খ. ধানমন্ডিতে
গ. আগারগাঁওয়ে ঘ. উত্তরায় উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশের জাতীয় গ্রন্থাগার (National Library) ঢাকার আগারগাঁও এবং শহরে দ্বাদশ সদস্য অবস্থিত। জাতীয় সংসদের সাবেক স্পিকার জমিরুল হোসেনের ধানমন্ডিতে অবস্থিত তার জাতীয় শিশু পাঠ অবস্থিত শাহবাগে।

৮৭. বাংলাদেশ সরকারের প্রথম অ্যাটর্নি জেনারেল কে ছিলেন?
ক. প্রধানমন্ত্রী খ. এটর্নি জেনারেল
গ. প্রধান বিচারপতি ঘ. জাতীয় সংসদ উ. খ

ব্যাখ্যা : বাংলাদেশ সরকারের প্রথম অ্যাটর্নি জেনারেল হলেন এটর্নি জেনারেল। তিনি পদাধিকার বলে বাংলাদেশ হাই কোর্টের সকল বিচারক এবং সুপ্রিম কোর্টের বিচারক হওয়ার যোগ্য ব্যক্তিকে রাষ্ট্রপতি বাংলাদেশের সংবিধানের ৬৫ নং অনুচ্ছেদ অনুযায়ী অ্যাটর্নি জেনারেল হিসেবে নিয়োগ দেন। এটি একটি সাংবিধানিক পদ।

৮৮. টি-২০ বিশ্বকাপে বাংলাদেশের একমাত্র শতরানকারী কে?
ক. সাকিব খ. মাশরাফী
গ. সাব্বির ঘ. তামিম উ. ঘ

ব্যাখ্যা : টি-২০ বিশ্বকাপে বাংলাদেশের একমাত্র শতরানকারী ক্রিকেটার তামিম ইকবাল (অস্ট্রেলিয়ের বিরুদ্ধে ২০১৪ সালে)। এছাড়াও বিশ্বকাপে বাংলাদেশের প্রথম শতরানকারী ব্যাটসম্যান হলেন- মাহমুদউল্লাহ রিয়াদ।

৮৯. সম্প্রতি বাংলাদেশে কোন বিরল রোগে আক্রান্ত রোগীর সন্ধান পাওয়া গিয়াছে?
ক. এলবিনো খ. ট্রিম্যান
গ. চিকন গুনিয়া ঘ. লাসা জ্বর উ. খ

ব্যাখ্যা : বাংলাদেশে আবুল বাজন্দার নামের খুলনার এক বৃদ্ধ 'ট্রিম্যান' নামক এক বিরল রোগে আক্রান্ত হয়েছেন। কিন্তু এই রোগটি বৃক্ষ মানব রোগ হিসেবে পরিচিত। বাংলাদেশে একমাত্র এই রোগে আক্রান্ত ব্যক্তির দুই হাত ও পা বিকৃত হয়ে অনেকটা গাছের শেকড়ের মতো হয়ে গেছে।

৯০. বাংলাদেশে প্রথম ও একমাত্র 'ওয়ার্ল্ড ট্রেড সেন্টার' কোথায় অবস্থিত?
ক. ঢাকা খ. সিলেট
গ. কুমিল্লা ঘ. চট্টগ্রাম উ. ঘ

ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম ও একমাত্র World Trade Center (WTC) চট্টগ্রামে অবস্থিত। চট্টগ্রামে সেবার নিজস্ব অর্থায়নে ২০০ কোটি টাকা ব্যয়ে নির্মিত এই বিশ্ব বাণিজ্য কেন্দ্র (WTC) উদ্বোধন করা হয় ২০১৬ সালে।

Job Navigator

৯১. বঙ্গবন্ধুর আত্মজীবনীমূলক গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী' সর্বশেষ কোন ভাষায় অনূদিত?

ক. রুশ খ. ডাচ
গ. চীনা ঘ. ফ্রেঞ্চ উ. ক

ব্যাখ্যা : ১ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত 'অসমাপ্ত আত্মজীবনী' ১৯টি ভাষায় অনূদিত হয়েছে। ১৯তম ভাষা হিসেবে অনূদিত হয় ত্রিপুরা ভাষা 'ককবরক' ভাষায়। ত্রিপুরা ভাষায় বইটির নাম 'পাইথাকয়া লাংমা' (২৫ অক্টোবর, ২০২২২)। এই অনুবাদ করেন- যুবরাজ দেববর্মা। (*নোট: এই তথ্যটি পরিবর্তনশীল)

৯২. সম্প্রতি নাসায় (NASA) কর্মরত কোন বাংলাদেশি জ্যোতির্বিজ্ঞানী নতুন পাঁচটি নক্ষত্র আবিষ্কার করেছেন?

ক. রুবাব খান খ. সালমান খান
গ. কামাল জিহান ঘ. শিহাব কামাল উ. ক

ব্যাখ্যা : মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসায় (NASA) কর্মরত বাংলাদেশী জ্যোতির্বিজ্ঞানী ড. রুবাব খানের নেতৃত্ব একদল NASA এর গবেষক আবিষ্কার করেছেন পাঁচটি নক্ষত্র। নতুন নক্ষত্রগুলোকে উজ্জ্বলতম নক্ষত্র 'এটা ক্যারিনাই' এর 'যমজ' বলা হচ্ছে।

৯৩. বাংলাদেশে প্রথম চায়ের চাষ হয়-

ক. সিলেটের তামাবিলে খ. সিলেটের জাফলং-এ
গ. সিলেটের মালনী ছড়ায় ঘ. সিলেটের শ্রীমঙ্গলে উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশে সর্বপ্রথম চা চাষ শুরু হয় ১৮৪০ সালে চট্টগ্রাম ক্লাব এলাকায়। আর বাংলাদেশে প্রথম বাণিজ্যিকভাবে চা চাষ শুরু হয় ১৮৫৪ সালে সিলেটের মালনিছড়ায়। মালনিছড়া চা বাগান দেশের প্রথম চা বাগান।

৯৪. 'ডাউন সিনড্রোম' বলতে বুঝানো হয়-

ক. গর্ভস্থ শিশুর অপরিণত বিকাশ
খ. ধানগাছের বিশেষ রোগ
গ. নৈতিক অবক্ষয়ের লক্ষণ
ঘ. ফলের অপরিণত বিকাশ উ. ক

ব্যাখ্যা : 'ডাউন সিনড্রোম' একটি বিশেষ ধরনের Guretic বা জিনগত অবস্থা। মানুষের ২১তম ক্রোমোজোমের নন-ডিসজাংশনের ফলে এ রোগ হয়। এর ফলে গর্ভস্থ শিশুর অপরিণত বিকাশ হয়। এরা মানসিক ভারসাম্যহীন হয়।

৯৫. তৎকালীন পাকিস্তানের শিক্ষা আন্দোলন হয় কত সালে?

ক. ১৯৫৬ খ. ১৯৬২
গ. ১৯৬৬ ঘ. ১৯৬৮ উ. খ

ব্যাখ্যা : তৎকালীন পাকিস্তানে শিক্ষা আন্দোলন হয় ১৯৬২ সালে। অগণতান্ত্রিক শরীফ শিক্ষা কমিশনের বিরুদ্ধে ছাত্ররা আন্দোলন করে। ১৯৬২ এর শিক্ষা আন্দোলনই ছিল স্বৈরাচার আইয়ুব খানের বিরুদ্ধে প্রথম গণআন্দোলন।

৯৬. বাংলাদেশের ভিতরে ভারতের কয়টি ছিটমহল ছিল?

ক. ৫৫ টি খ. ১১০ টি
গ. ১১৪ টি ঘ. ১১১ টি উ. ঘ

ব্যাখ্যা : বাংলাদেশের ভেতরে ভারতের ছিটমহল ছিল ১১১টি এবং ভারতের অভ্যন্তরে বাংলাদেশের ছিটমহল ছিল ৫১ টি। দুই দেশের মধ্যে থাকা মোট ১৬২টি ছিটমহল আনুষ্ঠানিকভাবে বিনিময় হয় ৩১ জুলাই ২০১৫ মধ্যরাতে (অর্থাৎ ১ আগস্ট, ২০১৫)।

৯৭. বায়ু দূষণের জন্য প্রধানত দায়ী-

ক. অক্সিজেন খ. নাইট্রোজেন
গ. কার্বন মনোক্সাইড ঘ. কার্বন ডাইঅক্সাইড উ. ঘ

ব্যাখ্যা : বায়ুর একটি উপাদান হচ্ছে কার্বন ডাই অক্সাইড (CO_2)। বায়ুতে এর পরিমাণ ০.০৩%। কলকারখানায় জ্বালানী পোড়ানোর ফলে CO_2 সৃষ্টি হয়। এটিই মূলত বায়ু দূষণের জন্য দায়ী।

৯৮. 'জিকা ভাইরাস' কোন দেশে সর্বপ্রথম ছড়ায়?

ক. ভারত খ. আমেরিকা
গ. ব্রাজিল ঘ. ইরাক উ. গ

ব্যাখ্যা : জিকা ভাইরাস সর্বপ্রথম মহামারী আকারে ছড়ায় দক্ষিণ আমেরিকার ব্রাজিলে। ডেঙ্গু ভাইরাসের বাহক এডিস মশার মাধ্যমে জিকা ভাইরাস ছড়ায়। আর এটি প্রথম শনাক্ত হয়েছিল উগান্ডায় ১৯৪৭ সালে সেখানকার জিকা বনের এক বানরের শরীরে।

৯৯. মানুষের রক্তে শ্বেতকণিকা ও লোহিতকণিকার অনুপাত-

ক. ১ : ৫০০ খ. ১ : ৬৫০
গ. ২ : ৭০০ ঘ. ১ : ৭০০ উ. ঘ

ব্যাখ্যা : তিন ধরনের রক্ত কণিকা আছে : লোহিত রক্ত কণিকা, শ্বেত রক্তকণিকা এবং অনুচক্রিকা। এদের মধ্যে মানুষের রক্তে শ্বেত রক্তকাণিকা ও লোহিত রক্তকাণিকার অনুপাত ১:৭০০। শ্বেত রক্তকাণিকা বেড়ে গেলে Blood Cancer হয়।

১০০. ফেসবুক প্রতিষ্ঠা করা হয় কত সালে?

ক. ২০০০ খ. ২০০৩
গ. ২০০৪ ঘ. ২০০৫ উ. গ

ব্যাখ্যা : সবচেয়ে বহুল ব্যবহৃত সামাজিক যোগাযোগ মাধ্যম Facebook চালু হয় ২০০৪ সালে। এর প্রতিষ্ঠাতা মার্ক জাকারবার্গ। ফেইসবুকের সদর দপ্তর ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র। Youtube চালু হয় ২০০৫ সালে। ইউটিউবের সদর দপ্তর ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র। Twitter চালু হয় ২০০৬ সালে। Twitter এর বর্তমান নাম 'X'।

Job Navigator

১২তম কলেজ/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট- ২০১৫

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ৪০০; পরীক্ষার তারিখ : ১২.০৬.২০১৫

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. বাংলা ব্যাকরণের ধ্বনিতত্ত্ব অংশে কোন বিষয়টি আলোচনা করা হয়?
ক. সন্ধি খ. সমাস
গ. কারক ঘ. প্রত্যয় উ. ক
ব্যাখ্যা : বাংলা ব্যাকরণের ধ্বনিতত্ত্ব অংশে সন্ধি আলোচনা করা হয়। এছাড়াও ধ্বনির প্রতীক বা বর্ণের বিন্যাস, ধ্বনির পরিবর্তন, ণ-ত্ব বিধান, ষ-ত্ব বিধান ধ্বনিতত্ত্ব অংশে আলোচিত হয়। অন্যদিকে, কারক, সমাস, প্রকৃতি-প্রত্যয়, বচন, লিঙ্গ, শব্দ, উপসর্গ শব্দতত্ত্বে আলোচনা করা হয়।

২. বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম শাখা কোনটি?
ক. ছোটগল্প খ. নাটক
গ. কাব্য ঘ. উপন্যাস উ. গ
ব্যাখ্যা : বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম শাখা কাব্য (চর্যাপদ)। তবে বাংলা লোকসাহিত্যের প্রাচীনতম শাখা হল- ছড়া।

৩. সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র সম্পাদিত পত্রিকার নাম কি?
ক. গ্রামবার্তা খ. বঙ্গদর্শন
গ. মাসিক পত্রিকা ঘ. সংবাদ প্রভাকর উ. খ
ব্যাখ্যা : সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র সম্পাদিত পত্রিকার নাম– বঙ্গদর্শন (১৮৭২)। অন্যদিকে, 'গ্রামবার্তা প্রকাশিকা' এর সম্পাদক ছিলেন- কাঙাল হরিনাথ (হরিনাথ মজুমদার), 'মাসিক পত্রিকা' এর সম্পাদক ছিলেন- প্যারীচাঁদ মিত্র এবং 'সংবাদ প্রভাকর' পত্রিকার সম্পাদক ছিলেন- ঈশ্বরচন্দ্র গুপ্ত (ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর নয় কিন্তু)।

৪. ব্যুৎপত্তিগতভাবে ব্যাকরণ শব্দের অর্থ হলো-
ক. বিশেষভাবে সংশোধন খ. বিশেষভাবে পরিমার্জন
গ. বিশেষভাবে বিশ্লেষণ ঘ. বিশেষভাবে সংশ্লেষণ উ. গ
ব্যাখ্যা : ব্যুৎপত্তিগতভাবে 'ব্যাকরণ' শব্দের অর্থ হলো-বিশেষভাবে বিশ্লেষণ। যে কোনো ব্যাকরণের প্রধান আলোচ্য বিষয় থাকে ৪টি। ১। ধ্বনিতত্ত্ব, ২। শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব, ৩। বাক্যতত্ত্ব এবং ৪। অর্থতত্ত্ব।

৫. 'আকাশ' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. অন্তরীক্ষ খ. বিভু
গ. প্রভাকর ঘ. সুধাকর উ. ক
ব্যাখ্যা : আকাশ শব্দের সমার্থক শব্দ হল অন্তরীক্ষ। অন্যদিকে, বিভু শব্দের অর্থ প্রভু বা আল্লাহ, প্রভাকর অর্থ সূর্য এবং সুধাকর অর্থ চন্দ্র।

৬. 'জলাশয়' শব্দের সমার্থক শব্দ হচ্ছে-
ক. সরোবর খ. জলধর
গ. অম্বু ঘ. সলিল উ. ক
ব্যাখ্যা : 'জলাশয়' শব্দের সমার্থক শব্দ হচ্ছে– সরোবর। অন্যদিকে, জলধর শব্দের অর্থ সমুদ্র বা মেঘ। অম্বু ও সলিল শব্দ দুটির অর্থ- পানি বা জল।

৭. সর্বজনের হিতকর-এককথায় কী হবে?
ক. সর্বজনীন খ. সার্বজনীন
গ. বিশ্বজনীন ঘ. সর্বহিতকর উ. ক
ব্যাখ্যা : সকলের জন্য মঙ্গলকর বা কল্যাণকর– সর্বজনীন। সর্বজনীনের আরেকটি অর্থ- সর্বসাধারণের জন্য অনুষ্ঠিত সকলের মধ্যে প্রবীণ বা জ্যেষ্ঠ- সার্বজনীন [*সূত্র: বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান; পৃ- ৩০৭ ও ৩২৫।] বিশ্বের জন্য যা হিতকর- বিশ্বজনীন।

৮. একাদশে বৃহস্পতি কী?
ক. প্রবাদ খ. বাগধারা
গ. সমস্তপদ ঘ. ব্যাসবাক্য উ. খ
ব্যাখ্যা : 'একাদশে বৃহস্পতি' অর্থ- সৌভাগ্যের বিষয়। একটি বাগধারা।

৯. 'অনুমোদিত' শব্দটির বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অননুমেয় খ. অনাবশ্যক
গ. অননুমোদিত ঘ. মতানৈক্য উ. গ
ব্যাখ্যা : 'অনুমোদিত' শব্দটির বিপরীতার্থক শব্দ– অননুমোদিত। 'আবশ্যক' শব্দের বিপরীত- অনাবশ্যক। 'মতৈক্য' শব্দের বিপরীত- মতানৈক্য। 'অনুমেয়' শব্দের বিপরীত- অননুমেয়।

১০. কোন বানানটি শুদ্ধ?
ক. শিরোচ্ছেদ খ. শিরশ্ছেদ
গ. শিরছেদ ঘ. শীরোছদ উ. খ
ব্যাখ্যা : 'শিরশ্ছেদ' বানানটি শুদ্ধ। এটি একটি বিসর্গ সন্ধি সাধিত শব্দ। শিরঃ + ছেদ = শিরশ্ছেদ।

১১. পাঠক শব্দের যথার্থ প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. √পাঠ্ + অক খ. √পঠ্ + অক
গ. √পঠ্ + ঠক ঘ. √পঠ্ + টক উ. খ
ব্যাখ্যা : 'পাঠক' শব্দের যথার্থ প্রকৃতি ও প্রত্যয়– √পঠ্ + অক।

১২. নতুন শব্দ গঠন করে-
ক. সন্ধি ও সমাস খ. সন্ধি ও কারক
গ. সমাস ও পদ ঘ. প্রত্যয় ও পুরুষ উ. ক
ব্যাখ্যা : নতুন শব্দ গঠন করে সন্ধি ও সমাস। নতুন শব্দ গঠনের আরও কিছু উপায় হল- উপসর্গ, বিভক্তি, প্রত্যয়, পদের দ্বিরুক্তি, পদের পরিবর্তন ইত্যাদি।

১৩. নিচের কোন শব্দটি শুদ্ধ?
ক. কৌতুহল খ. কৌতূহল
গ. কাংখিত ঘ. শ্রদ্ধাঞ্জলী উ. খ

ব্যাখ্যা : 'কৌতূহল' শব্দটি শুদ্ধ। কাংখিত শব্দের শুদ্ধরূপ- কাঙ্ক্ষিত। শ্রদ্ধাঞ্জলী শব্দের শুদ্ধরূপ- শ্রদ্ধাঞ্জলি।

১৪. বাগযন্ত্রের অংশ নয়-
ক. দাঁত খ. তালু
গ. কান ঘ. নাক উ. গ

ব্যাখ্যা : বাগযন্ত্রের অংশ নয়- কান। কান শরীরের একটি শ্রবণ-প্রত্যঙ্গ। ধ্বনি তৈরিতে যেসব বাক্-প্রত্যঙ্গ সহায়তা করে সেগুলোকে বাগ্-যন্ত্র বলে। অর্থাৎ, গলনালি, মুখবিবর, কণ্ঠ, জিহ্বা, তালু, মাড়ি, দাঁত, ঠোঁট, নাক, ফুসফুস ইত্যাদি বাক্ প্রত্যঙ্গকে এককথায় বাগযন্ত্র বলে।

১৫. ক্রিয়া, সর্বনাম ও অনুসর্গের পূর্ণরূপ ব্যবহৃত হয়-
ক. চলিত ভাষারীতিতে খ. সাধু ভাষারীতিতে
গ. সমাজ উপভাষায় ঘ. আঞ্চলিক উপভাষায় উ. খ

ব্যাখ্যা : ক্রিয়া, সর্বনাম ও অনুসর্গের পূর্ণরূপ ব্যবহৃত হয়– সাধু ভাষারীতিতে। যেমন : ক্রিয়া- করিয়া (সাধুরীতি)-করে (চলিতরীতি)। সর্বনাম- তাহারা (সাধুরীতি)-তারা (চলিতরীতি)। অনুসর্গ- হইতে (সাধুরীতি)-হতে(চলিতরীতি)।

১৬. কোন শব্দটি 'সিক্ত'র বিপরীত?
ক. অর্জন খ. বর্জন
গ. শুষ্ক ঘ. তীব্র উ. গ

ব্যাখ্যা : সিক্ত (ভেজা) এর বিপরীত শব্দ- 'শুষ্ক'। অন্যদিকে, তীব্র এর বিপরীত অর্থ- লঘু; অর্জন এর বিপরীত অর্থ- বর্জন।

১৭. 'গাড়ী 'স্টেশন' ছাড়ল- এখানে 'স্টেশন' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মকারকের শূন্য বিভিক্তি খ. অধিকরণ কারকের শূন্য
গ. অপাদান কারকের শূন্য ঘ. করণ কারকের শূন্য উ. গ

ব্যাখ্যা : গাড়ি 'স্টেশন' ছাড়ল– এখানে 'স্টেশন' অপাদান কারকে শূন্য বিভক্তি। কারণ, আমরা জানি- উৎপাদন, জাত-বিচ্যুত বোঝালে অপাদান কারক হয়।

১৮. বাক্যে দাঁড়ি (।) থাকলে কতক্ষণ থামতে হয়?
ক. এক (১) সেকেন্ড বিরতির প্রয়োজন
খ. এক (১) বলতে যে সময় লাগে
গ. এক (১) বলার দ্বিগুণ সময়
ঘ. ২ (দুই) সেকেন্ড উ. ক

ব্যাখ্যা : বাক্যে দাঁড়ি থাকলে এক (০১) সেকেন্ড থামতে হয়। আরও যেসব বিরামচিহ্নের ক্ষেত্রে এক (০১) সেকেন্ড থামতে হয়- প্রশ্নসূচক চিহ্ন, আশ্চার্যবোধক চিহ্ন, কোলন, কোলন ড্যাস, ড্যাস।

১৯. 'গিন্নি' কোন শব্দ?
ক. তৎসম খ. অর্ধ-তৎসম
গ. তদ্ভব ঘ. বিদেশি উ. খ

ব্যাখ্যা : 'গিন্নি' একটি অর্ধ-তৎসম শব্দ। 'গিন্নি' শব্দটি তৎসম 'গৃহিণী' শব্দ থেকে এসেছে। এই রকম আরও কিছু অর্ধ-তৎসম শব্দ, যেগুলো তৎসম শব্দ থেকে এসেছে- ছেরাদ্দ (শ্রাদ্ধ), পেন্নাম (প্রণাম), বোষ্টম (বৈষ্ণব), বিষ্টু (বিষ্ণু), কুচ্ছিত (কুৎসিত), উচ্ছব (উৎসব), জোছনা (জ্যোৎস্না), সূয্যি (সূর্য), নেমন্তন্ন (নিমন্ত্রণ), হাঁস (হংস)।

২০. কাঁদ + না = কান্না -এটি কোন সন্ধি?
ক. স্বরসন্ধি খ. ব্যঞ্জন সন্ধি
গ. খাঁটি বাংলা সন্ধি ঘ. বিসর্গ সন্ধি উ. গ

ব্যাখ্যা : কাঁদ + না = কান্না। এটি খাঁটি বাংলা সন্ধি। বাংলা ভাষায় প্রধানত ২ ধরনের সন্ধি রয়েছে। যথা- স্বরসন্ধি ও ব্যঞ্জনসন্ধি।

২১. অনুরাগ শব্দটির বিপরীত শব্দ কোনটি?
ক. বিরক্ত খ. উপহাস
গ. বিরাগ ঘ. প্রতিঘাত উ. গ

ব্যাখ্যা : 'অনুরাগ' শব্দটির বিপরীত শব্দ বিরাগ। অন্যদিকে, ঘাত এর বিপরীতার্থক শব্দ- প্রতিঘাত, অনুরক্ত এর বিপরীতার্থক শব্দ- বিরক্ত, উপহাস এর বিপরীতার্থক শব্দ- তোষামোদ।

২২. গাছে উঠতে পটু যে– এক কথায় কী হবে?
ক. গাছো খ. গাছি
গ. গেছো ঘ. আরোহী উ. গ

ব্যাখ্যা : গাছে উঠতে পটু যে– এককথায় গেছো।

২৩. 'বীণাপাণি' কোন সমাস?
ক. দ্বন্দ্ব সমাস খ. কর্মধারয় সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. বহুব্রীহি সমাস উ. ঘ

ব্যাখ্যা : যে সমাসের অন্তর্গত পূর্বপদ বা পরপদ কোনোটির অর্থ না বুঝিয়ে ভিন্ন কোনো অর্থ বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। এখানে, বীণা পানিতে যার = বীণাপাণি; একটি বহুব্রীহি সমাস। এখানে 'বীণাপাণি' অর্থ হিন্দুদের সরস্বতী দেবী।

২৪. 'Justification for' এর সঠিক অনুবাদ কোনটি
ক. সমর্থন খ. বিচার
গ. মন্তব্য ঘ. তর্ক উ. ক

ব্যাখ্যা : Justification for-এর সঠিক অনুবাদ সমর্থন। অন্যদিকে, বিচার = Judgement; মন্তব্য = Comment; তর্ক = Argument.

২৫. ণত্ব বিধান বাংলা বানানে কোন শব্দের ক্ষেত্রে প্রযোজ্য?
ক. সংস্কৃত খ. বিদেশি শব্দ
গ. দেশি শব্দ ঘ. তদ্ভব শব্দ উ. ক

ব্যাখ্যা : বাংলা ব্যাকরণে ণ-ত্ব বিধান ও ষ-ত্ব বিধান এসেছে সংস্কৃত নিয়ম থেকে। অতএব, ণ-ত্ব বিধান ও ষ-ত্ব বিধান বাংলা বানানে সংস্কৃত শব্দের ক্ষেত্রে প্রযোজ্য।

২৬. The judge acquitted him – the charge.
ক. from খ. of
গ. on ঘ. in উ. খ

ব্যাখ্যা : Acquit এর preposition 'of' বসে। acquit of অর্থ কাউকে কোনো অভিযোগ হতে অব্যহতি দেওয়া। সঠিক উত্তর (খ) of.

২৭. The noun form of 'endure' is–
ক. endurance খ. endurement
গ. endurence ঘ. endurable উ. ক

ব্যাখ্যা : Endure একটি verb. এর অর্থ সহ্য করা বা টিকে থাকা। Endure এর noun হলো 'endurance'. 'Endurance' অর্থ সহনশীলতা, ধৈর্য।

২৮. **– mother rose in her.**
ক. a খ. an
গ. no article ঘ. the উ. ঘ

ব্যাখ্যা : Common noun (mother) যখন abstract noun (motherhood) এর মতো অর্থ প্রকাশ করে তখন তার পূর্বে article the বসে। সুতরাং সঠিক (ঘ) the।

২৯. **He complied – her request.**
ক. on খ. with
গ. to ঘ. by উ. খ

ব্যাখ্যা : Comply এর preposition 'with' বসে। Comply with অর্থ সম্মত হওয়া বা রাজি হাওয়া। কাজেই সঠিক উত্তর (খ) with।

৩০. **The adjective form of 'heart' is–**
ক. heartly খ. heartily
গ. hearty ঘ. heartable উ. গ

ব্যাখ্যা : Heart একটি noun. Heart শব্দটির Adjective হলো hearty (আন্তরিক)। বাকি অপশনগুলো (খ) heartily হলো adverb যার অর্থ আন্তরিকভাবে। অন্যদিকে অপশন (ক) heartly এবং (ঘ) heartable -এই নামে অভিধানে কোনো শব্দ নেই।

৩১. **– honesty of Rahim is enviable.**
ক. the খ. a
গ. an ঘ. no article উ. ক

ব্যাখ্যা : Abstract noun-এর পূর্বে সাধারণত article বসে না। তবে নির্দিষ্ট করে বোঝায় তবে abstract noun এর পূর্বে the বসে। এখানে 'রহিম' নামক ব্যক্তির সততাকে নির্দিষ্ট করে বোঝানো হয়েছে। সুতরাং সঠিক উত্তর (ক) the।

৩২. **Choose the correct sentence :**
ক. He lives here for five months
খ. He is living here for five months
গ. He has been living here for five months
ঘ. He lived here for five months উ. গ

ব্যাখ্যা : বর্তমানকালে কোনো কাজ বা ঘটনা শুরু হয়ে দীর্ঘ সময় ধরে চলছে, এইরূপ বোঝাতে Present Perfect Continuous হয়। কাজেই সঠিক উত্তর (গ)।

৩৩. **Check – beast in you.**
ক. the খ. a
গ. an ঘ. no article উ. ক

ব্যাখ্যা : Common noun (beast) যখন abstract noun এর (beastness - পশুত্ব) অর্থ প্রকাশ করে তখন তার পূর্বে article 'the' বসে। প্রশ্নে প্রদত্ত পূর্ণাঙ্গ বাক্যটির অর্থ হল- 'তোমার ভিতরের পশুত্ব খুঁজে বের করো।'।

৩৪. **What is the plural number of 'spectrum'?**
ক. Spectrums খ. Spectra
গ. Species ঘ. Image উ. খ

ব্যাখ্যা : Spectrum' শব্দের plural number 'Spectra' (বর্ণচ্ছটা)। এই রকম Datum (singular)-Data (plural).

৩৫. **'Null and void' means–**
ক. invalid খ. valid
গ. lawful ঘ. incorrect উ. ক

ব্যাখ্যা : Null and void একটি phrase, যার অর্থ বাতিল বা অকার্যকর। সুতরাং সঠিক উত্তর (ক) invalid। অন্যদিকে, valid = বৈধ্য; lawful = আইনানুগ বা আইনসম্মত; incorrect = অশুদ্ধ।

৩৬. **'Apple of one's eye' means–**
ক. apple like eye খ. big eye
গ. apple coloured eye ঘ. extremely favourite
উ. ঘ

ব্যাখ্যা : Apple of one's eye একটি phrase, যার অর্থ চোখের মনি বা অতি আদরের কোনো জিনিস বা বস্তু। কাজেই সঠিক উত্তর (ঘ) extremely favourite।

৩৭. **The correct sentence is–**
ক. Two thirds of it is fine
খ. Two third of it is fine
গ. Two thirds of it are fine
ঘ. Two third is fine উ. ক

ব্যাখ্যা : Fraction অর্থাৎ ভগ্নাংশ যদি বাক্যের প্রথমে থাকে তাহলে Fraction-এর পরবর্তী Subject অনুযায়ী Verb বসবে এবং ভগ্নাংশের লব ১ হলে হরটি Singular হয়, আর ভগ্নাংশের লব ১-এর বেশি হলে হরটি Plural হয়। অর্থাৎ, হর-এর সাথে 's' যোগ করতে হয়। যেমন- One-third কিন্তু,Two-thirds, Three-fifths. অতএব সঠিক উত্তর (ক) Two thirds of it is fine.

৩৮. **He acted – strong opposition.**
ক. in teeth খ. in teeth of
গ. in the teeth of ঘ. by the teeth of উ. গ

ব্যাখ্যা : 'In the teeth of' একটি phrase, এর অর্থ 'সমস্ত প্রতিকূলতাকে উপেক্ষা করে'। তাই সঠিক উত্তর (গ)।

৩৯. **The passive form of the sentence 'Enter the house by this gate' is–**
ক. You are requested to enter the house by this gate
খ. You should enter the house by this gate
গ. Let the house be entered by this gate
ঘ. Let the house be entered by you by this gate
উ. ক

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত Imperative বাক্যটি দ্বারা অনুরোধ তথা request বোঝাচ্ছে, তাই সঠিক উত্তর (ক)।

৪০. **The passive form of 'Who has broken the glass?' is–**
ক. By who have the glass been broken?
খ. By whom has the glass been broken?
গ. By whom have the glass been broken?
ঘ. Whom has the glass been broken? **উ. খ**

ব্যাখ্যা : Who যুক্ত Interrogative sentence-এর active voice কে passive voice করার নিয়ম– By whom + auxiliary verb + subject (active এর extension)।

৪১. **It is high time he (change) his bad habits.**
ক. changing খ. has changed
গ. changed ঘ. has been changing **উ. গ**

ব্যাখ্যা : It is time/It is high time এর পরে subject থাকলে verb এর Past form হয়। যেমন - It is high time he changed his bad habits.
তবে It is time/It is high time এর পরে subject না থাকলে to + verb এর base form হয়। অর্থাৎ, imfinitive হয়। যেমন- It is high time to change his bad habits.

৪২. **The children were entrusted – the care of their uncle.**
ক. with খ. for
গ. to ঘ. at **উ. গ**

ব্যাখ্যা : Entrust to- কাউকে কোন কিছু বিশ্বাস করে দেয়া। Entrust with- কোনো কিছু দ্বারা কাউকে বিশ্বাস করা। He entrusted me with the thing। সুতরাং সঠিক উত্তর (গ) to।

৪৩. **The antonym of 'belligerent' is–**
ক. bellicose খ. pugnacious
গ. peaceful ঘ. silent **উ. গ**

ব্যাখ্যা : Belligerent অর্থ যুদ্ধপ্রিয়, বিবাদমান। peaceful অর্থ শান্তিপ্রিয়। যা Belligerent এর antonym. অন্যদিকে, belicose -বিবাদমান, pougnacious- কলহপ্রিয় বা ঝগড়াটে; silent - শান্ত, নিশ্চুপ। কাজেই belligerent এর antonym হচ্ছে peaceful।

৪৪. **He suffered from the– that he was another Napoleon.**
ক. imagination খ. illusion
গ. defusion ঘ. allusion **উ. খ**

ব্যাখ্যা : অপশন (ক) Imagination - কল্পনা বা চিন্তা; (খ) illusion - মোহ বা মতিভ্রম; (গ) defusion- বিভাজন, ফিউশনের বিপরীত; (ঘ) allusion-পরোক্ষভাবে কারও উল্লেখ বা ইঙ্গিত। 'নিজেকে আরেকজন নেপোলিয়ন ভাবাটা এক ধনের মতিভ্রম বা illusion। সুতরাং সঠিক উত্তর (খ) illusion।

৪৫. **Identify the correct spelling.**
ক. acquaintance খ. acquaintence
গ. acquantence ঘ. acquintence **উ. ক**

ব্যাখ্যা : শুদ্ধ বানান acquaintance. Acquaintance অর্থ পরিচয় বা চেনাজানা। সুতরাং সঠিক উত্তর (ক) acquaintance।

৪৬. **It– since morning.**
ক. rains খ. has rained
গ. has been raining ঘ. will be raining **উ. গ**

ব্যাখ্যা : বর্তমানকালে কোনো কাজ বা ঘটনা শুরু হয়ে দীর্ঘ সময় ধরে চলছে, এইরূপ বোঝাতে Present Perfect Continuous হয়। এখানে 'since morning' উল্লেখ থাকায় সহজে বোঝা যাচ্ছে যে, এটি Present Perfect continuous tense হবে। সুতরাং সঠিক উত্তর (গ)।

৪৭. **While he – in the garden, a snake bit him.**
ক. walked খ. walks
গ. is walking ঘ. was walking **উ. ঘ**

ব্যাখ্যা : While + v + ing হবে। তবে while + sub হলে past continuous tense হবে। সুতরাং সঠিক উত্তর (ঘ) was walking.

৪৮. **If I had a typewriter, —.**
ক. I will type myself
খ. I would have typed myself
গ. I would type myself
ঘ. I might have typed myself **উ. গ**

ব্যাখ্যা : Unreal conditional -এর গঠন : If + Past indefinite tense + sub + would/could/might + verb এর base form। সুতরাং (গ)।

৪৯. **You had better – him at once.**
ক. to ring খ. ring
গ. ringing ঘ. rung **উ. খ**

ব্যাখ্যা : Had better, had rather, would better, would rather এর পরে verb এর base form বসে। কাজেই সঠিক উত্তর (খ) ring.

৫০. **'A child likes only sweets'– Negative form of this sentence is–**
ক. A child likes nothing but sweets
খ. A child likes none but sweets
গ. A child likes but sweets
ঘ. A child likes not more sweets

ব্যাখ্যা : Assertive sentence-এর only/alone কোনো বস্তুকে নির্দেশ করলে negative বাক্যে only এর স্থলে 'nothing but' বসে। সুতরাং সঠিক উত্তর (ক)।

৫১. নিচের কোনটি বৃহত্তম?

ক. ০.৩ খ. $\frac{১}{৩}$

গ. $\sqrt{০.৩}$ ঘ. $\frac{২}{৫}$ উ. গ

ব্যাখ্যা : (ক) ০.৩; (খ) $\frac{১}{৩} = ০.৩৩$; (গ) $\sqrt{০.৩} = ০.৫৫$; (ঘ) $\frac{২}{৫} = ০.৪$। সুতরাং, বৃহত্তম (গ) $\sqrt{০.৩} = ০.৫৫$।

৫২. $\sqrt[m]{a^n}$ এর মান নিচের কোনটি?

ক. a^{mn} খ. $a^{\frac{n}{m}}$

গ. $a^{\frac{m}{a}}$ ঘ. $a^{\frac{-n}{m}}$ উ. খ

ব্যাখ্যা : এটি সূচকের একটি সূত্র: $\sqrt[m]{a^n} = a^{\frac{n}{m}}$

৫৩. ০.২ এর ২০% কত?

ক. ৪ খ. ০.০৪

গ. ০.৪ ঘ. ০.০০৪ উ. খ

ব্যাখ্যা : ০.২ এর ২০%

$= ০.২ \times \frac{২০}{১০০}$

$= ০.০৪$

৫৪. ২০টি কমলার ২০% পচা হলে, ভাল কমলার সংখ্যা নিচের কোনটি?

ক. ৪ টি খ. ৮ টি

গ. ১৬ টি ঘ. ২০ টি উ. গ

ব্যাখ্যা : ২০টি কমলার ২০% পচা

∴ পচা কমলার সংখ্যা = ২০ এর $\frac{২০}{১০০} = ৪$টি

∴ ভালো কমলার সংখ্যা (২০ − ৪) = ১৬টি

৫৫. ১৫ টি ছাগলের মূল্য ৩টি গরুর মূল্যের সমান। ৩০টি ছাগলের পরিবর্তে কয়টি গরু পাওয়া যাবে?

ক. ৪টি খ. ৮টি

গ. ৬টি ঘ. ৫টি উ. গ

ব্যাখ্যা : ১৫টি ছাগল সমান = ৩টি গরু

∴ ১টি " " = $\frac{৩}{১৫}$ "

∴ ৩০টি " " = $\frac{৩ \times ৩০}{১৫}$ "

= ৬টি গরু

৫৬. দুটি সংখ্যার অনুপাত ৭ : ৮ এবং তাদের গ. সা. গু. ৯ হলে তাদের ল. সা. গু কত?

ক. ৫০২ খ. ৫০৪

গ. ৪০৫ ঘ. ৩৪৫ উ. খ

ব্যাখ্যা : ধরি, সংখ্যা দুটি যথাক্রমে ৭x ও ৮x

তাহলে, সংখ্যা দুটির ল. সা. গু. = ৫৬x

তাহলে, সংখ্যা দুটির গ. সা. গু. = x

∴ গ. সা. গু. x = ৯ [যেহেতু, সংখ্যা দুটির গ. সা. গু. =৯]

∴ ল. সা. গু = ৫৬x

= ৫৬ × ৯ = ৫০৪ [x এর মান বসিয়ে]

৫৭. ৬, ৮, ১০ এর গাণিতিক গড়টি; ৭, ৯ এবং কোন সংখ্যার গাণিতিক গড়ের সমান?

ক. ৫ খ. ৮

গ. ৬ ঘ. ৯ উ. খ

ব্যাখ্যা : মনে করি, সংখ্যাটি = x

∴ ৬ + ৮ + ১০ = ৭ + ৯ + x

বা, x = ২৪ − ১৬

∴ x = ৮

৫৮. বার্ষিক শতকরা কত হার সুদে ৪২৫ টাকা ৩ বছরে সুদে-আসলে ৪৭৬ টাকা হবে?

ক. ৩% খ. ৬%

গ. ৫% ঘ. ৪% উ. ঘ

ব্যাখ্যা : এখানে, সুদ I = (৪৭৬ − ৪২৫) = ৫১

সরল সুদের ক্ষেত্রে I = pnr

বা, ৫১ = ৪২৫ × ৩ × $\frac{১০}{১০০}$

বা, ৫১ = $\frac{৫১১০}{৪}$

বা, r = $\frac{৪ \times ৫১}{৫১}$

∴ r = ৪

∴ বার্ষিক সুদের হার ৪% (উত্তর)

৫৯. x এর মান কত হলে $2^{4x-12} = 16$ হবে?

ক. 4 খ. 2

গ. 6 ঘ. 8 উ. ক

ব্যাখ্যা : $2^{4x-12} = 16$

বা, $2^{4x-12} = 2^4$

বা, $4x - 12 = 4$

বা, $4x = 16$

∴ $x = 4$

Job Navigator

৬০. $\frac{5^{n+2}+35\times5^{n-1}}{4\times5^n}$ এর মান কত?

ক. 5 খ. 4
গ. 8 ঘ. 7 **উ. গ**

ব্যাখ্যা : $\frac{5^{n+2}+35\times5^{n-1}}{4\times5^n}$

$=\frac{5^n\times5^2+35\times5^n\times\frac{1}{5}}{4\times5^n}$

$=\frac{25\times5^n+7\times5^n}{4\times5^n}$

$=\frac{32\times5^n}{4\times5^n}$

$=8$

৬১. $a+b=17$ এবং $ab=60$ হলে; $(a-b)^2$ এর মান কত?

ক. 49 খ. 64
গ. 36 ঘ. 125 **উ. ক**

ব্যাখ্যা : দেওয়া আছে, $a+b=17$ এবং $ab=60$

এখন, $(a-b)^2$

$=(a+b)^2-4ab$

$=(17)^2-4\times60$

$=289-240$

$=49$

৬২. $-15+x+2x^2$ এর উৎপাদক কোনটি?

ক. $(x+3)(2x-5)$ খ. $(x-3)(2x+5)$
গ. $(x+3)(2x+5)$ ঘ. $(x-3)(2x-5)$ **উ. ক**

ব্যাখ্যা : $-15+x+2x^2=2x^2+x-15$

$=2x^2+6x-5x-15$

$=2x(x+3)-5(x+3)$

$=(x+3)(2x-5)$

৬৩. $\log_2 64+\log_2 8$ এর মান কত?

ক. 9 খ. 7
গ. 28 ঘ. 72 **উ. ক**

ব্যাখ্যা : $\log_2{}^{64}+\log_2{}^{8}$

$=\log_2{}^{2^6}+\log_2{}^{2^3}$

$=6\times1+3\times1$

$=6+3$

$=9$

৬৪. $x-\frac{1}{x}=7$ হলে, $x^3-\frac{1}{x^3}$ এর মান কত?

ক. 334 খ. 322
গ. 364 ঘ. 354 **উ. গ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $x-\frac{1}{x}=7$

এখন, $x^3-\frac{1}{x^3}=\left(x-\frac{1}{x}\right)^3+3.x.\frac{1}{x}\left(x-\frac{1}{x}\right)$

$=(7)^3+3\times7$

$=343+21$

$=364$

৬৫. 125° কোণের সম্পূরক কোণ কত?

ক. 35° খ. 235°
গ. 145° ঘ. 55° **উ. ঘ**

ব্যাখ্যা : যদি দুটি কোণের সমষ্টি ১৮০° বা দুই সমকোণ হয়, তাহলে তাদের একটি কোণকে অপরটির সম্পূরক কোণ বলা হয়।

∴ 125° এর সম্পূরক কোণ হবে = 180°–125° = 55°

৬৬. নিচের ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য দেয়া আছে। কোন ক্ষেত্রে ত্রিভুজটি আঁকা সম্ভব নয়?

ক. ২, ৩, ৫ সে.মি. খ. ৪, ৫, ৬ সে.মি.
গ. ৫, ৬, ৮ সে.মি ঘ. ৩, ৫, ৭ সে.মি **উ. ক**

ব্যাখ্যা : পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী, ত্রিভুজের যে কোনো দুই বাহুর যোগফল তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর।

∴ ২ + ৩ = ৫

অপশন, (ক) এর দুই বাহুর যোগফল তৃতীয় বাহুর সমান। অতএব, ২, ৩ ও ৫ দ্বারা ত্রিভুজ আঁকা সম্ভব নয়।

৬৭. অনুপাতের একক কোনটি?

ক. মিটার খ. সে.মি
গ. ফুট ঘ. অনুপাতের কোনো একক নেই **উ. ঘ**

ব্যাখ্যা : অনুপাতের রাশিগুলো একই জাতীয় হওয়ার কারণে এর কোনো একক থাকে না। অর্থাৎ, অনুপাতের কোনো একক নেই।

৬৮. একটি সমবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১২ সেমি হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সেমি?

ক. ৪৮ খ. ৩৬
গ. ৫৬ ঘ. ৭২ **উ. ***

ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। প্রশ্নে সমবাহু সমকোণী ত্রিভুজের স্থলে সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ হলে উত্তর হবে (খ) ৩৬।

পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী, লম্ব^2 + ভূমি^{2} = অতিভুজ^2

সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে,

$x^2+x^2=১২^2$ [সমান বাহুর দৈর্ঘ্য = x]

বা, $২x^2=১৪৪$

বা, $x^2=\frac{১৪৪}{২}$

∴ $x^2=৭২$

$\therefore$ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

$= \frac{১}{২} \times ৭২$

$= ৩৬$

৬৯. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য বিস্তারের ৩ গুণ। দৈর্ঘ্য ৪৮ মিটার হলে, ক্ষেত্রটির পরিসীমা কত?

ক. ৬৪ মিটার খ. ১২৮ মিটার
গ. ৯৬ মিটার ঘ. ২২৮ মিটার **উ. খ**

ব্যাখ্যা : ধরি, আয়তাকার ক্ষেত্রের প্রস্থ $= x$ মিটার
তাহলে, আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য $= ৩x$ মিটার
প্রশ্নমতে, $৩x = ৪৮$
$\therefore x = ১৬$
$\therefore$ দৈর্ঘ্য $= ৩x = ৪৮$ মিটার এবং প্রস্থ $= x = ১৬$ মিটার
$\therefore$ আয়তাকার ক্ষেত্রের পরিসীমা $= ২($দৈর্ঘ্য $+$ প্রস্থ$)$
$= ২(৪৮ + ১৬)$
$= ২ \times ৬৪$
$= ১২৮$

৭০. ১৮ মিটার দীর্ঘ একটি মই ভূমির সাথে ৩০° কোণে উন্নতি করে দেয়ালের ছাদ স্পর্শ করে। দেয়ালটির উচ্চতা কত?

ক. ৯ মিটার খ. ১০ মিটার
গ. ১২ মিটার ঘ. ১৩ মিটার **উ. ক**

ব্যাখ্যা : ধরি, দেয়ালটির উচ্চতা $= h$ মিটার



$\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

$\therefore \sin 30° = \frac{h}{18}$

$\Rightarrow \frac{1}{2} = \frac{h}{18}$

$\Rightarrow 2h = 18$

$\therefore h = 9$

৭১. কোন সংখ্যার ৪০% এর সাথে ৪২ যোগ করলে যোগফল ঐ সংখ্যাটি। সংখ্যাটি কত?

ক. ৪০ খ. ৭০
গ. ৯০ ঘ. ৭৫ **উ. খ**

ব্যাখ্যা : ধরি, সংখ্যাটি $= x$

প্রশ্নমতে, $x \times \frac{40}{100} + 42 = x$

বা, $\frac{2x}{5} + 42 = x$

বা, $x - \frac{2x}{5} = 42$

বা, $5x - 2x = 42 \times 5$

বা, $x = \frac{42 \times 5}{3}$

$\therefore x = 70$

৭২. tan 90°-এর মান কত?

ক. ∞ খ. $-\infty$
গ. 1 ঘ. -1 **উ. ক**

ব্যাখ্যা : $\tan 90°$

$= \frac{\sin 90°}{\cos 90°} = \frac{1}{0}$ অসজ্ঞায়িত (∞)

৭৩. $7\sqrt{3}$ সংখ্যা কোন ধরনের সংখ্যা?

ক. জটিল সংখ্যা খ. মূলদ সংখ্যা
গ. অমূলদ সংখ্যা ঘ. বাস্তব সংখ্যা **উ. গ**

ব্যাখ্যা : $\sqrt{3}$ একটি অমূলদ সংখ্যা। সুতরাং, $7\sqrt{3}$ একটি অমূলদ সংখ্যা হবে।

৭৪. $(3x)°$ এর মান কত?

ক. 1 খ. -1
গ. $3x$ ঘ. 0 **উ. ক**

ব্যাখ্যা : সূচকের নিয়ম অনুযায়ী, ধনাত্মক সংখ্যার ঘাত শূন্য হলে তার মান সবসময় 1 হয়।

৭৫. $\cot\theta.\sqrt{1-\cos^2\theta} = ?$

ক. $\sin\theta$ খ. $\cos\theta$
গ. $\tan\theta$ ঘ. $\cot\theta$ **উ. খ**

ব্যাখ্যা : $\cot\theta\sqrt{1-\cos^2\theta} = \cot\theta\sin\theta$

$= \frac{\cos\theta}{\sin\theta} \times \sin\theta$

$= \cos\theta$

৭৬. 'হাতির ঝিল'-এর নকশার পরিকল্পনা করেন কে?

ক. শিল্পী হামিদুজ্জামান খান খ. নিতুন কুণ্ডু
গ. স্থপতি এহসান খান ঘ. শামীম শিকদার **উ. গ**

ব্যাখ্যা : স্থপতি এহসান খান নয়নাভিরাম 'হাতির ঝিল' এর নকশার পরিকল্পনা করেন। নববর্ষের উপহার হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এটি উদ্বোধন করেন ২০১৩ সালে। প্রকল্পটি বাস্তবায়ন করেছে বাংলাদেশ সেনাবাহিনী।

৭৭. 'আমার বন্ধু রাশেদ'-বইটির লেখক কে?

ক. তানভীর মোকাম্মেল খ. অনন্ত হীরা
গ. সোহেল আরমান ঘ. মোরশেদুল ইসলাম **উ. ***

ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। মুক্তিযুদ্ধভিত্তিক কিশোর উপন্যাস 'আমার বন্ধু রাশেদ' এর লেখক ড. মুহম্মদ জাফর ইকবাল। আর এটির চলচ্চিত্রায়ণ করেন মোরশেদুল ইসলাম।

৭৮. 'Big Apple' বলা হয় কোন শহরকে?

ক. বেলজিয়াম খ. রোম
গ. নিউইয়র্ক ঘ. গ্রেট ব্রিটেন **উ. গ**

Job Navigator

ব্যাখ্যা : Big Apple নিউইয়র্কের উপনাম। নিউইয়র্ককে বিশ্বের রাজধানী, গগণচুম্বি অট্টালিকার শহর জাঁকজমকের নগরীও বলা হয়। বেলজিয়ামকে বলা হয় ইউরোপের ককপিট বা রণক্ষেত্র। ইতালির রোমকে বলা হয় চির শান্তির শহর, নীরব শহর, সাত পাহাড়ের শহর। আর গ্রেট ব্রিটেনকে বলা হয় সমুদ্রের বধূ।

৭৯. **জাপানের পার্লামেন্টের নাম কী?**
ক. ডায়েট খ. সীম
গ. পার্লামেন্ট ঘ. মজলিস উ. ক

ব্যাখ্যা : জাপানের আইনসভার নাম ডায়েট। দ্বিকক্ষবিশিষ্ট এ আইনসভার নিম্নকক্ষ হাউস অব রিপ্রেজেন্টেটিউস এবং উচ্চ কক্ষের নাম হাউস অব কাউন্সিলর্স। পোল্যান্ডের আইনসভার নিম্নকক্ষের নাম সীম। ইরানের পার্লামেন্ট এর নাম মজলিশ।

৮০. **বিশ্বের সবচেয়ে বেশি কফি উৎপাদনকারী দেশ কোনটি?**
ক. চীন খ. ব্রাজিল
গ. ইন্দোনেশিয়া ঘ. ডেনমার্ক উ. খ

ব্যাখ্যা : কফি উৎপাদন ও রপ্তানীতে শীর্ষ দেশ ব্রাজিল। দেশটি চিনি ও ইক্ষু উৎপাদন ও রপ্তানীতেও শীর্ষ দেশ।

৮১. **'কুতুব মিনার' কোথায় অবস্থিত?**
ক. চীন খ. ভারত
গ. বাংলাদেশ ঘ. বার্মা উ. খ

ব্যাখ্যা : কুতুব মিনার ভারতের দিল্লীতে অবস্থিত। দিল্লী সালতানাতের প্রতিষ্ঠাতা কুতুবউদ্দিন আইবেক এই সুউচ্চ মিনারটির নির্মাণ কাজ শুরু করেন এবং সমাপ্ত করেন তার জামাতা এবং দিল্লি সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা শামসুদ্দিন ইলতুৎমিশ।

৮২. **CNN-এর পূর্ণরূপ কী?**
ক. Current News Network
খ. Cable News Network
গ. Control News Network
ঘ. Country News Network উ. খ

ব্যাখ্যা : CNN এর পূর্ণরূপ Cable News Network. এটি যুক্তরাষ্ট্রভিত্তিক স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল। এর প্রতিষ্ঠাতা টেড টার্নার। ১৯৮০ এটি কার্যক্রম শুরু করে।

৮৩. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত গ্রন্থ কোনটি?**
ক. সত্য মামলা আগরতলা খ. অবরুদ্ধ নয় মাস
গ. অসমাপ্ত আত্মজীবনী ঘ. বাংলাদেশ কথা কয় উ. গ

ব্যাখ্যা : বঙ্গবন্ধু রচিত আত্মজীবনীমূলক গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী'। এটি ২০১২ সালে প্রকাশিত হয় এবং The Unfinished Memoirs' নামে ইংরেজিতে অনুবাদ করেন ড. ফকরুল আলম। বঙ্গবন্ধু রচিত অন্যান্য গ্রন্থের মধ্যে আছে কারাগারের রোজনামচা (২০১৭), আমার দেখা নয়াচীন (২০২০)।

৮৪. **বাংলাদেশের কোন বিভাগের সাথে ভারতের কোনো সীমান্ত সংযোগ নাই।**
ক. ঢাকা খ. বরিশাল
গ. রাজশাহী ঘ. চট্টগ্রাম উ. ক, খ

ব্যাখ্যা : বাংলাদেশের বরিশাল বিভাগের সাথে ভারতের কোন সীমান্ত সংযোগ নেই। তবে, ২০১৫ সালে ঢাকা বিভাগ থেকে ময়মনসিংহ বিভাগ আলাদাভাবে প্রতিষ্ঠিত হওয়ার পর বর্তমানে ঢাকা বিভাগের সাথেও বর্তমানে ভারতের সীমানা সংযোগ নেই।

৮৫. **সবচেয়ে মূল্যবান ধাতু কোনটি?**
ক. লিথিয়াম খ. পটাশিয়াম
গ. প্লাটিনাম ঘ. অ্যালুমিনিয়াম উ. গ

ব্যাখ্যা : সবচেয়ে মূল্যবান ধাতু = প্লাটিনাম। সবচেয়ে হালকা ধাতু লিথিয়াম, সবচেয়ে সক্রিয় ধাতু পটাশিয়াম, ভূপৃষ্ঠে যে ধাতু সবচেয়ে বেশি পরিমাণে পাওয়া যায় তা হচ্ছে অ্যালুমিনিয়াম।

৮৬. **মানবশিশুর দুধ দাঁতের সংখ্যা কতটি?**
ক. ২০টি খ. ২১টি
গ. ২৪টি ঘ. ২৬টি উ. ক

ব্যাখ্যা : মানুষের দুধ দাঁতের সংখ্যা ২০টি। আর পূর্ণ বয়স্ক মানুষের দাঁতের সংখ্যা ৩২টি। দেহের সবচেয়ে কঠিন অংশের নাম দাঁতের এনামেল।

৮৭. **নিচের কোন দেশটি OPEC-এর সদস্য নয়?**
ক. আলজেরিয়া খ. ফ্রান্স
গ. ইরান ঘ. লিবিয়া উ. খ

ব্যাখ্যা : বিশ্বের তেল রপ্তানিকারক দেশগুলোর আন্তর্জাতিক সংগঠন OPEC ভেনিজুয়েলার উদ্যোগে ১৯৬০ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দফতর ভিয়েনা অস্ট্রিয়া। এর বর্তমান সদস্য ১৩। ভেনিজুয়েলা, সৌদি আরব, ইরান, নাইজেরিয়া, ইরাক, লিবিয়া, সংযুক্ত আরব আমিরাত, আলজেরিয়া, কুয়েত, অ্যাঙ্গোলা গ্যাবন, কঙ্গো ও ইকুটেরিয়াল গিনি।

৮৮. **রেডক্রসের সদর দপ্তর কোথায় অবস্থিত?**
ক. লন্ডন খ. প্যারিস
গ. জেনেভা ঘ. নিউইয়র্ক উ. গ

ব্যাখ্যা : রেড ক্রস (মুসলিম বিশ্বে 'রেড ক্রিসেন্ট' নামে অভিহিত) এর সদর দফতর সুইজারল্যান্ডের জেনেভায়। সুইজারল্যান্ডের হেনরি ডুনান্ট ১৯৬৩ সালে দুস্থ মানবতার সেবার জন্য এটি প্রতিষ্ঠা করেন।

৮৯. **২০১৫ সালে ১৭তম ন্যাম সম্মেলন কোথায় অনুষ্ঠিত হবে?**
ক. মেলবোর্ন, অস্ট্রেলিয়া খ. কাঠামান্ডু, নেপাল
গ. কলম্বো, শ্রীলংকা ঘ. কারাকাস, ভেনিজুয়েলা উ. ঘ

ব্যাখ্যা : Non-Aligned Movement (NAM) ১৯৬১ সালে সাবেক যুগোস্লাভিয়ার বেলগ্রেড এ অনুষ্ঠিত প্রথম শীর্ষ সম্মেলনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে গঠিত হয়। ২০১৬ সালে ১৭তম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় ভেনিজুয়েলায়। আর আজারবাইজানের বাকুতে ১৮তম শীর্ষ সম্মেলন হয় ২৫-২৬ অক্টোবর, ২০১৯।

৯০. **বর্ণালী ও শুভ্র কি?**
ক. উন্নতজাতের ভুট্টা খ. উন্নতজাতের গম
গ. উন্নতজাতের ধান ঘ. উন্নতজাতের পাট উ. ক

ব্যাখ্যা : বর্ণালী, শুভ্র, মোহর, উত্তরণ- এগুলো উন্নত জাতের ভুট্টা। বলাকা, দোয়েল, সোনালিকা, আকবর- এগুলো উন্নত জাতের গম। ইরাটম, হীরা, মুক্তা, প্রগতি, আশা, মালা ময়না- এগুলো উন্নত জাতের ধান।

৯১. রক্তে হিমোগ্লোবিনের কাজ কি?

ক. রক্ত জমাট বাঁধা খ. রোগ প্রতিরোধ করা
গ. অক্সিজেন পরিবহন করা ঘ. উপরের সবগুলো **উ. গ**

ব্যাখ্যা : হিমোগ্লোবিনের কাজ প্রধানত অক্সিজেন এবং সামান্য পরিমাণ কার্বন ডাই অক্সাইড (CO_2) পরিবহণ করা। হিমোগ্লোবিনের জন্যই রক্ত লাল বর্ণের হয়। রক্তে এর পরিমাণ হ্রাস পেলে তাকে বলে Anaemia (অ্যানিমিয়া) বা রক্তশূন্যতা।

৯২. 'মধুবালা' নামটি কি জন্য বিখ্যাত?

ক. হলদে জাতের তরমুজ হিসাবে খ. নায়িকার নাম হিসাবে
গ. পুরস্কারপ্রাপ্ত ছবির নাম হিসাবে ঘ. উন্নতজাতের ধান হিসাবে **উ. ক**

ব্যাখ্যা : মধুবালা হলদে জাতের উন্নত তরমুজ। আরেকটি উন্নত জাতের তরমুজ হচ্ছে পদ্মা। ইরাটম, রহমত, গাজী, প্রগতি ইত্যাদি উন্নত জাতের ধান।

৯৩. আদিম মানুষের সবচেয়ে বড় আবিষ্কার কি?

ক. কৃষি খ. আগুন
গ. ভাষা ঘ. লোহা **উ. খ**

ব্যাখ্যা : আদিম মানুষের সবচেয়ে বড় আবিষ্কার আগুন। প্রাচীন প্রস্তর যুগের মানুষেরা পাথরের সাথে পাথর ঘষে আগুনে উৎপন্ন করত। সর্বপ্রথম লোহা আবিষ্কৃত হয় এশিয়ার মাইনরে।

৯৪. ২০১৫ সালে ঢাকা ও চট্টগ্রামে 'সিটি নির্বাচন' কত তারিখে অনুষ্ঠিত হয়?

ক. ২৬ এপ্রিল খ. ২৭ এপ্রিল
গ. ২৮ এপ্রিল ঘ. ৩০ এপ্রিল **উ. ঘ**

ব্যাখ্যা : ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের সর্বশেষ নির্বাচন অনুষ্ঠিত হয় ১ ফেব্রুয়ারি ২০২০।

৯৫. সম্প্রতি বাংলাদেশের অনুষ্ঠিত ক্রিকেট টেস্ট ম্যাচে কোন ক্রিকেটার ডাবল সেঞ্চুরি করেছেন?

ক. তামিম ইকবাল খ. মুশফিকুর রহিম
গ. সাকিব আল হাসান ঘ. ইমরুল কায়েস **উ. খ**

ব্যাখ্যা : মুশফিকুর রহিম বাংলাদেশের প্রথম খেলোয়ার হিসেবে টেস্ট ক্রিকেটে ডাবল সেঞ্চুরি করেন (শ্রীলঙ্কার বিপক্ষে ২০১৩ সালে)। টেস্টে তিনি মোট ৩টি ডাবল সেঞ্চুরি করেছেন। দ্বিতীয় খেলোয়ার হিসেবে তামিম ইকবাল এবং তৃতীয় খেলোয়ার হিসেবে সাকিব আল হাসান ১টি করে ডাবল সেঞ্চুরি করেছেন।

৯৬. দ্বিতীয় বিশ্বযুদ্ধ কবে শুরু হয়?

ক. ১৯৪৫ সালে খ. ১৯৪৪ সালে
গ. ১৯৩৯ সালে ঘ. ১৯৪২ সালে **উ. গ**

ব্যাখ্যা : ১৯৩৯ সালের ১ সেপ্টেম্বর হিটলারের নির্দেশে জার্মানি পোল্যান্ড আক্রমণ করলে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা হয়। আর ১৯৪৫ সালের ২ সেপ্টেম্বর জাপান আনুষ্ঠানিকভাবে আত্মসমর্পণ করলে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরিসমাপ্তি ঘটে।

৯৭. ২৫ এপ্রিল ২০১৫-এর ভয়াবহ ভূমিকম্পের মাত্রা রিখটার স্কেলে কত ছিল?

ক. ৭.৬ খ. ৭.৭
গ. ৭.৮ ঘ. ৭.৯ **উ. গ**

ব্যাখ্যা : রিখটার স্কেল হচ্ছে ভূমিকম্পের তীব্রতা পরিমাপক যন্ত্র (ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র সিসমোগ্রাফ)। ১৯৩৫ সালে সি. এফ রিকটার কর্তৃক আবিষ্কৃত এ স্কেলে ১ থেকে ১০ পর্যন্ত ভূমিকম্পের তীব্রতা ধরা যায়। ২০১৫ সালের ২৫ এপ্রিল নেপালে শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৭.৮।

৯৮. নাসিরাবাদের বর্তমান নাম কি?

ক. ময়মনসিংহ খ. জাহাঙ্গীরনগর
গ. বরিশাল ঘ. চট্টগ্রাম **উ. ক**

ব্যাখ্যা :

বর্তমান নাম	পূর্বনাম
ময়মনসিংহ	নাসিরাবাদ
চট্টগ্রাম	ইসলামাবাদ
রাজশাহী	রামপুর বোয়ালিয়া
বরিশাল	চন্দ্রদ্বীপ/বাকলা/ইসমাইলপুর
ঢাকা	জাহাঙ্গীরনগর

৯৯. হাড় ও দাঁতকে মজবুত করে কোনটি?

ক. ক্যালশিয়াম খ. আয়োডিন
গ. আয়রন ঘ. পটাশিয়াম **উ. ক**

ব্যাখ্যা : দাঁত ও হাড় গঠন ও মজবুত করে খনিজ লবণ, ক্যালসিয়াম ও ফসফরাস। আর দাঁত ও হাড় তৈরির জন্য ভিটামিন ডি প্রয়োজন। আয়োডিন থাইরয়েড হরমোন তৈরিতে সাহায্য করে এবং গলগণ্ড রোগ প্রতিরোধ করে। আয়রন রক্তের হিমোগ্লোবিন তৈরিতে সাহায্য করে।

১০০. কম্পিউটারের মূল মেমোরি তৈরি হয় কি দিয়ে?

ক. আয়রন খ. সিলিকন
গ. কার্বন ঘ. অ্যালুমিনিয়াম **উ. খ**

ব্যাখ্যা : কম্পিউটার সিস্টেমে স্থায়ী বা অস্থায়ীভাবে ডেটা ও প্রোগ্রাম সংরক্ষণের জন্য ব্যবহৃত মাধ্যম/ধারক কে বলা হয় মেমোরি। কম্পিউটারের মূল মেমোরি তৈরি হয় সিলিকন দিয়ে। মেমোরি মূলত অর্ধ-পরিবাহী (Semi-conductor) পদার্থ তথা সিলিকন দিয়ে তৈরি করা হয়।

১১তম কলেজ/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৪

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ৩; বিষয় কোড : ৪০০; পরীক্ষার তারিখ : ১৩.১২.২০১৪

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. ভাষার মূল উপকরণ কী?
ক. বাক্য খ. ধ্বনি
গ. শব্দ ঘ. বর্ণ **উ. ক**

ব্যাখ্যা : ভাষার মূল উপাদান ধ্বনি। কিন্তু, মূল উপকরণ হল বাক্য। ধ্বনির নির্দেশক প্রতীক হল বর্ণ। অর্থবোধক ধ্বনির সমষ্টিকে শব্দ বলে।

২. জুতো শব্দটি কোন ভাষারীতির?
ক. সাধু খ. চলিত
গ. প্রাকৃত ঘ. কোল **উ. খ**

ব্যাখ্যা : 'জুতো' শব্দটি চলিত ভাষারীতির। সাধুরীতিতে জুতা। এইরকম তুলা (সাধু)-তুলো (চলিত), সুতা (সাধু)-সুতো (চলিত), পূজা (সাধু)-পূজো (চলিত)।

৩. কোনটি দন্ত্য ধ্বনি?
ক. ণ খ. প
গ. ত ঘ. চ **উ. গ**

ব্যাখ্যা : দন্ত্য ধ্বনি হল– ত, থ, দ, ধ, ন। চ, ছ, জ, ঝ, ঞ হল- তালব্য ধ্বনি। ট, ঠ, ড, ঢ, ণ হল- মূর্ধন্য ধ্বনি। প, ফ, ব, ভ, ম হল- ওষ্ঠ্য ধ্বনি।

৪. বাংলা সাহিত্যে ভোরের পাখি কে?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. স্বর্ণকুমারী দেবী
গ. বিহারীলাল চক্রবর্তী ঘ. ঈশ্বরচন্দ্র গুপ্ত **উ. গ**

ব্যাখ্যা : বিহারীলাল চক্রবর্তীকে বাংলা সাহিত্যে 'ভোরের পাখি' বলা হয়। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁকে এই উপাধি দিয়েছেন। রবীন্দ্রনাথ ঠাকুরকে বলা হয় 'বাংলা ছোটগল্পের জনক'। বাংলা সাহিত্যে প্রথম মহিলা কবি হলেন স্বর্ণকুমারী দেবী। ঈশ্বরচন্দ্র গুপ্তকে বলা হয়- 'যুগসন্ধিক্ষণের কবি'।

৫. কোন শব্দটি ঘোড়ার সমার্থক?
ক. তুরঙ্গ খ. ভুজঙ্গ
গ. কুরঙ্গ ঘ. বিহঙ্গ **উ. ক**

ব্যাখ্যা : 'ঘোড়ার' সমার্থক শব্দ– 'তুরঙ্গ'। অন্যদিকে, কুরঙ্গ শব্দের অর্থ- হরিণ বা মৃগ। ভুজঙ্গ শব্দের অর্থ সাপ বা সর্প। বিহঙ্গ শব্দের অর্থ-পাখি।

৬. মীর মশাররফ হোসেনের ছদ্মনাম কী?
ক. বনফুল খ. গাজীমিয়া
গ. ভ্রমর ঘ. জরাসন্ধ **উ. খ**

ব্যাখ্যা : মীর মশাররফ হোসেনের ছদ্মনাম 'গাজী মিয়া'। অন্যদিকে, 'জরাসন্ধ' হল চারুচন্দ্র চক্রবর্তীর ছদ্মনাম। 'বনফুল' হল বলাইচাঁদ মুখোপাধ্যায়ের ছদ্মনাম। 'ভ্রমর' সমরেশ বসুর ছদ্মনাম। সমরেশ বসুর আরেকটি ছদ্মনাম হল- কালকূট।

৭. 'পুকুর চুরি' বাগধারাটির অর্থ–
ক. অবাস্তব বস্তু খ. বড় ধরনের চুরি
গ. পুকুর চুরি করা ঘ. লোপাট **উ. খ**

ব্যাখ্যা : 'পুকুর চুরি' বাগধারাটির অর্থ– বড় ধরনের চুরি। অন্যদিকে, 'অবাস্তব বস্তু' বোঝাতে 'কাঁঠালের আমসত্ত্ব' বাগধারাটি ব্যবহৃত হয়।

৮. উদ্ধৃতি চিহ্ন কোথায় বসে?
ক. বাক্যের শেষে খ. শ্লোষাত্মক বাক্যের মাঝে
গ. সংলাপে ঘ. প্রশ্নবোধক বাক্যে **উ. গ**

ব্যাখ্যা : উদ্ধৃতি চিহ্ন " " সংলাপে বসে। কারও কথোপকথন বা সংলাপ যখন বর্ণনা করা হয়, তখন উদ্ধৃত চিহ্ন ব্যবহৃত হয়। যেমন- মাহমুদুল্লাহ বলেছিলেন, "আমি আর টেস্ট ম্যাচ খেলব না।" বাক্যের শেষে দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন ও বিস্ময় চিহ্ন বসতে পারে। প্রশ্নবোধক বাক্যের প্রশ্নবোধক চিহ্ন বসে। শ্লোষাত্মক বাক্যের মাঝে বা অন্য যেকোনো বাক্যের মাঝে সম্বন্ধ থাকলে সেমিকোলন বসে।

৯. ইঁদুর কপালে কী?
ক. প্রবাদ খ. বাগধারা
গ. সমস্ত পদ ঘ. ব্যাসবাক্য **উ. খ**

ব্যাখ্যা : 'ইঁদুর কপালে' দ্বারা বোঝায় 'মন্দভাগ্য'। এটি একটি বাগধারা।

১০. কোন বানানটি শুদ্ধ?
ক. সমিচীন খ. সমীচিন
গ. সমিচিন ঘ. সমীচীন **উ. ঘ**

ব্যাখ্যা : 'সমীচীন' বানানটি শুদ্ধ। সমীচীন শব্দের অর্থ- সংগত, উপযুক্ত, উত্তম, যথার্থ, সত্য, উচিত।

১১. নষ্ট হওয়া স্বভাব নয় যার– এক কথায় কী হবে?
ক. অবিনশ্বর খ. নশ্বর
গ. নষ্ট স্বভাব ঘ. বিনষ্ট **উ. ক**

ব্যাখ্যা : নষ্ট হওয়া যার স্বভাব নয়– এককথায় অবিনশ্বর। নষ্ট হওয়া যার স্বভাব- নশ্বর। চিরস্থায়ী নয় এমন- নশ্বর। যার স্বভাব নষ্ট হয়েছে- নষ্ট স্বভাব। ধ্বংসপ্রাপ্ত হয়েছে এমন- বিনষ্ট।

১২. দোষী ছাত্রটিকে জরিমানা করা হয়েছে। –এখানে 'ছাত্রটিকে' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় দ্বিতীয়া খ. করণে দ্বিতীয়া
গ. অধিকরণে দ্বিতীয়া ঘ. কর্মকারকে দ্বিতীয়া **উ. ঘ**

ব্যাখ্যা : দোষী ছাত্রটিকে জরিমানা করা হয়েছে। -এখানে 'ছাত্রটিকে' কর্মকারকে দ্বিতীয় বিভক্তি। কারণ জরিমানা করার কাজটি ছাত্রটিকে অবলম্বন করে সম্পাদন হয়েছে। সাধারণত 'কি/কাকে' দ্বারা প্রশ্ন করে কর্মকারক পাওয়া যায়।

১৩. সমাস নির্ণয় করুন- 'ধানের ক্ষেত'-
ক. ষষ্ঠী তৎপুরুষ খ. বহুব্রীহি
গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব উ. ক
ব্যাখ্যা : 'ধানের ক্ষেত– ধানক্ষেত (ষষ্ঠী তৎপুরুষ)। এখানে পূর্বপদে 'এর' বিভক্তি লোভ পেয়েছে। আমরা জানি, পূর্বপদের বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয়, তাকে তৎপুরুষ বলে।

১৪. 'শোক' শব্দের বিপরীত-
ক. দুঃখ খ. হর্ষ
গ. অনুতপ্ত ঘ. ব্যথা উ. খ
ব্যাখ্যা : শোক (দুঃখ) এর বিপরীত শব্দ হর্ষ (আনন্দ)। অন্যদিকে, দুঃখ এর বিপরীত- সুখ। অনুতপ্ত এর বিপরীত- অননুতপ্ত। ব্যথা অর্থ- দুঃখ, কষ্ট, যন্ত্রণা।

১৫. উৎ + শ্বাস-এটি কোন সন্ধি?
ক. নিপাতনে সিদ্ধ খ. স্বরসন্ধি
গ. ব্যঞ্জন সন্ধি ঘ. জটিল সন্ধি উ. গ
ব্যাখ্যা : উৎ + শ্বাস = উচ্ছ্বাস। এটি তৎসম ব্যঞ্জন সন্ধির উদাহরণ। তৎসম ব্যঞ্জন সন্ধির নিয়ম অনুযায়ী, ত্ এবং দ্ এর পর শ্ থাকলে ত্ এবং দ্ এর স্থলে চ্ হয় এবং শ্ এর স্থলে ছ হয়।

১৬. বাক্যে সেমিকালন (;) থাকলে কতক্ষণ থামতে হয়?
ক. ১ বলতে যে সময় লাগে খ. ১ বলার দ্বিগুণ সময়
গ. ১ সেকেন্ড ঘ. ২ সেকেন্ড উ. খ
ব্যাখ্যা : বাক্যে সেমিকোলন থাকলে ১ বলার দ্বিগুণ সময় থামতে হয়। অন্যদিকে, উদ্ধরণ চিহ্ন, উদ্ধৃতি চিহ্ন, কম- এর ক্ষেত্রে ১ বলতে যে সময় লাগে। সেমিকোলনের ক্ষেত্রে ১ বলার দ্বিগুণ সময়। দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, বিস্ময়সূচক চিহ্ন, ড্যাস, কোলন ড্যাস, কোলন এর ক্ষেত্রে ১ সেকেন্ড থামতে হয়। বাংলা বিরাম চিহ্নে ২ সেকেন্ড থামার কোনো নিয়ম নেই।

১৭. সুহৃদ কী ধরনের শব্দ
ক. মৌলিক খ. রূঢ়ী
গ. যোগরূঢ় ঘ. যৌগিক উ. ঘ
ব্যাখ্যা : 'সুহৃদ' শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই। তাই এটি যৌগিক শব্দ। আরও কয়েকটি যৌগিক শব্দের উদাহরণ- গায়ক, কর্তব্য, দৌহিত্র, পাঠক, মিতালি, বাবুয়ানা ইত্যাদি।

১৮. তিনি সৎ কিন্তু কৃপণ-বাক্যটি-
ক. সরল বাক্য খ. যৌগিক বাক্য
গ. মিশ্র বাক্য ঘ. বিস্ময়বোধক বাক্য উ. খ
ব্যাখ্যা : তিনি সৎ কিন্তু কৃপণ– বাক্যটি যৌগিক। বাক্যের মধ্যে ও, এবং, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, সুতরা, তথাপি ইত্যাদি থাকলে যৌগিক বাক্য হয়।

১৯. 'খেচর' শব্দটির অর্থ কী?
ক. খচ্চর খ. দুষ্ট প্রকৃতির লোক
গ. চাকর ঘ. যে প্রাণী জলেও চরে স্থলেও চরে উ.*
ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। 'খেচর' শব্দটির অর্থ আকাশচারী। আকাশে চড়ে যে, এককথায়- খেচর। যে প্রাণী জলেও চরে স্থলেও চরে, তাকে উভয়চর বলে। 'খচ্চর' দ্বারা বোঝায়- দুষ্ট প্রকৃতির লোক। চাকর অর্থ গোলাম।

২০. কোনটি নিত্য নারী বাচক শব্দ?
ক. জেনানা খ. সতীন
গ. শিক্ষিকা ঘ. ধাত্রী উ. খ
ব্যাখ্যা : যেসব শব্দের কোনো পুরুষবাচক শব্দ নেই, তাদের 'নিত্য স্ত্রীবাচক' বা 'নিত্য নারীবাচক' শব্দ বলা হয়। সতীন, এয়ো, দাই, সধবা, কুলটা নিত্য নারীবাচক শব্দ। ধাত্রী এর পুরুষবাচক শব্দ- ধাতা। শিক্ষিকা এর পুরুষবাচক শব্দ- শিক্ষক। জেনানা এর এর পুরুষবাচক শব্দ- মরদ।

২১. কোনটি জীবনানন্দ দাশের কাব্য নয়?
ক. ঝরা পালক খ. সাতটি তারার তিমির
গ. অর্কেস্ট্রা ঘ. মহাপৃথিবী উ. গ
ব্যাখ্যা : 'অর্কেস্ট্রা' জীবনানন্দ দাশের কাব্য নয়। 'অর্কেস্ট্রা' সুধীন্দ্রনাথ দত্তের কাব্যগ্রন্থ।

২২. 'ফুড কনফারেন্স'-এর রচয়িতা কে?
ক. মীর মশাররফ হোসেন খ. কাজী নজরুল ইসলাম
গ. ড. মুহাম্মদ শহীদুল্লাহ ঘ. আবুল মনসুর আহমেদ উ. ঘ
ব্যাখ্যা : 'ফুড কনফারেন্স' এর রচয়িতা আবুল মনসুর আহমেদ। 'ফুড কনফারেন্স' আবুল মনসুর আহমেদ এর একটি বিখ্যাত গল্পগ্রন্থ। আবুল মনসুর আহমেদের স্মৃতিচারণমূলক বিখ্যাত গ্রন্থ হল 'আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর'।

২৩. কালি ও কলম কী?
ক. উপন্যাস খ. কাব্যগ্রন্থ
গ. পত্রিকা ঘ. প্রবন্ধ উ. গ
ব্যাখ্যা : 'কালি ও কলম' প্রেমেন্দ্র মিত্র সম্পাদিত একটি মাসিক সাহিত্য পত্রিকা। একটি ১৯২৬ সালে কলকাতা থেকে প্রথম প্রকাশিত হয়।

২৪. প্রত্যয় কয় প্রকার?
ক. এক খ. দুই
গ. তিন ঘ. চার উ. খ
ব্যাখ্যা : প্রত্যয় দুই প্রকার। কৃৎ প্রত্যয় ও তদ্ধিৎ প্রত্যয়।

২৫. বাংলা সাহিত্যের আধুনিকতম শাখা কোনটি?
ক. কাব্য খ. ছোটগল্প
গ. নাটক ঘ. উপন্যাস উ. খ
ব্যাখ্যা : বাংলা সাহিত্যের আধুনিকতম শাখা– ছোটগল্প। তবে, বাংলা সাহিত্যের প্রাচীনতম শাখা হল- কাব্য।

২৬. Which one is the correct passive form of the sentence 'Your conduct pleased me'?
ক. I am pleased of your conduct
খ. I was pleased with your conduct
গ. I was pleased by your conduct
ঘ. I was pleased at your conduct উ. খ
ব্যাখ্যা : সাধারণত passive করার ক্ষেত্রে ব্যক্তির পূর্বে by এবং বস্তুর পূর্বে with ব্যবহৃত হয়। তবে কিছু বিশেষ word আছে যাদের পরে by না বসে with, at, to ব্যবহৃত হয়। যেমন : He is known to me। কাজেই সঠিক উত্তর (খ) I was pleased with your conduct.

২৭. **Choose the verb form of 'friend'.**
ক. friendship খ. friended
গ. befriend ঘ. enfriend **উ. গ**

ব্যাখ্যা : 'Friend' (বন্ধু) শব্দটি noun. এর verb হল befriend (বন্ধু হওয়া) এবং এর adjective হল friendly (বন্ধুত্বসুলভ)।

২৮. **'তার জন্য জায়গা করে দাও'-এর শুদ্ধ ইংরেজি-**
ক. Make place for him
খ. Manage place for him
গ. Make accommodation for him
ঘ. Make room for him **উ. ঘ**

ব্যাখ্যা : 'Make room' এর ইংরেজি 'জায়গা করে দেয়া'। কাজেই সঠিক উত্তর (ঘ)।

২৯. **What is the synonym of 'reveal'?**
ক. disclose খ. conceal
গ. proclaim ঘ. pacify **উ. ক**

ব্যাখ্যা : 'Reveal' শব্দটি একটি verb, যার অর্থ প্রকাশ করা। Disclose-প্রকাশ করা; যা reveal এর সমার্থক। অন্যদিকে, conceal- গোপন করা; যা reveal এর বিপরীত শব্দ। Proclaim- দাবি করা; pacify -শান্ত করা।

৩০. **Fill in the blank with appropriate preposition in the sentence :**
I am pleased– hear about your promotion.
ক. by খ. to
গ. with ঘ. for **উ. খ**

ব্যাখ্যা : Please to একটি appropriate prepositon। সুতরাং সঠিক উত্তর (খ) to।

৩১. **'Swan song' means–**
ক. First work খ. Last work
গ. Middle work ঘ. Early work **উ. খ**

ব্যাখ্যা : 'Swan song' phrase টির অর্থ শেষ কর্ম বা কাজ। সুতরাং সঠিক উত্তর (খ)।

৩২. **Sinners will suffer–**
ক. in fine খ. in the long run
গ. in no time ঘ. in the court **উ. খ**

ব্যাখ্যা : 'Sinners will suffer in the long run.' এটি একটি প্রবাদ বাক্য। যার অর্থ 'পাপীরা অবশেষে ভোগে।' সুতরাং সঠিক উত্তর (খ)।

৩৩. **"All men must die"– Negative form of this sentence is–**
ক. No men will never die
খ. None but all men will die
গ. Nothing but all men must die
ঘ. None can avoid death **উ. ঘ**

ব্যাখ্যা : 'সকল মানুষকে অবশ্যই মৃত্যুবরণ করতে হবে'- এই কথাটি দ্বারা বোঝায় 'কেউ মৃত্যুকে এড়াতে পারে না'। অতএব, সঠিক উত্তর (ঘ) None can avoid death.

৩৪. **I would rather die–.**
ক. to beg খ. than beg
গ. than begging ঘ. than would have begged
উ. খ

ব্যাখ্যা : Subject + would rather + verb এর base form + than + verb এর base form হয়। কাজেই সঠিক উত্তর (খ) than beg.

৩৫. **Had I been rich, I–.**
ক. would have helped the poor
খ. will help the poor
গ. had helped the poor
ঘ. would help the poor **উ. ক**

ব্যাখ্যা : Unreal conditional এর structure : Past perfect tense + sub + would have/could have/might have + v_3. কাজেই সঠিক উত্তর (ক)

৩৬. **Do not insist– his going there.**
ক. to খ. on
গ. with ঘ. in **উ. খ**

ব্যাখ্যা : 'Insist' এর পরে prepositon হিসেবে 'on' বসে। 'Insist on' জোর করা বা পীড়াপীড়ি করা। সুতরাং সঠিক উত্তর (খ) on।

৩৭. **What is the noun form of 'believe'?**
ক. believe খ. belief
গ. believable ঘ. believance **উ. খ**

ব্যাখ্যা : 'Belive' verb টির noun হচ্ছে belief. Belief অর্থ বিশ্বাস আর 'Belive' অর্থ বিশ্বাস করা। সুতরাং সঠিক উত্তর (খ) belief।

৩৮. **Select the right word to fill in the sentence "He ran fast lest he– miss the train."**
ক. can খ. should
গ. could ঘ. would **উ. খ**

ব্যাখ্যা : Lest + sub + should/might + verb এর present form। সুতরাং সঠিক উত্তর (খ) should।

৩৯. **Phonetics is concerned with–**
ক. Pronunciation খ. Word building
গ. Sentence making ঘ. Passage **উ. ক**

ব্যাখ্যা : Phonetics শব্দটি pronunciation বা ধ্বনিবিজ্ঞান, ধ্বনির উচ্চারণের সাথে সম্পর্কিত। সুতরাং সঠিক উত্তর (ক) pronunciation।

৪০. **He advised me – smoking.**
ক. give up খ. to stop
গ. to give up ঘ. from giving up **উ. গ**

ব্যাখ্যা : কাউকে পরামর্শ দেওয়া অর্থে Advise এর পর preposition হিসেবে 'to' বসে। কাজেই সঠিক উত্তর (গ)।

৪১. Would you mind (to take) simply a cup of coffee? The correct verb form would be–

ক. to take খ. taken
গ. taking ঘ. for taking **উ. গ**

ব্যাখ্যা : Would you mind/Can not Help এর পর ing যুক্ত verb বসে। কাজেই সঠিক উত্তর (গ) taking।

৪২. The passive form of the sentence "Do it as I say" is–

ক. Let it be done as is said by me
খ. Let it be done as I say
গ. It should be done as I say
ঘ. Be it done as it is said **উ. খ**

ব্যাখ্যা : Imperative sentence কে passive করার নিয়ম : Let + object + be + verb এর p.p। সুতরাং সঠিক উত্তর (খ)।

৪৩. 'Blue blood' means–

ক. aristocratic birth খ. scoundrel
গ. fresh blood ঘ. blood of king **উ. ক**

ব্যাখ্যা : Blue boold একটি phrase, যার অর্থ অভিজাত্য। Aristocratic birth অর্থ সম্ভ্রান্ত বংশে জন্ম; যা Blue boold এর সমার্থক। অন্যদিকে, scoundrel-ইতর, বদমাস; fresh blood -তাজা রক্ত; blood king - রাজার বংশ।

৪৪. I look forward – you.

ক. to see খ. meeting
গ. to hearing from ঘ. to meet **উ. গ**

ব্যাখ্যা : look forward to, with a view to, get used to, cannot help ইত্যাদির পর ing যুক্ত verb বসে। কাজেই সঠিক উত্তর (গ) to hearing from।

৪৫. We worked hard so that we – succeed.

ক. can খ. could
গ. may ঘ. should **উ. খ**

ব্যাখ্যা : So that এর আগে Present Tense হলে এর পরে can/may বসে। So that এর আগে Past Tense হলে এর পরে could/might বসে। তাই সঠিক উত্তর হবে (খ)।

৪৬. – water of this pond is clear. Use article.

ক. the খ. a
গ. no article ঘ. an **উ. ক**

ব্যাখ্যা : সাধারণত material noun এর পূর্বে article ব্যবহৃত হয় না। কিন্তু material noun যদি বিশেষায়িত করে বোঝায় তার পূর্বে article the বসে। প্রশ্নে প্রদত্ত বাক্যে this pond দ্বারা পুকুরে water কে নির্দিষ্ট করে বোঝানোর কারণে water পূর্বে the বসবে।

৪৭. Which one is a compound noun?

ক. Headmaster খ. Information
গ. Friday ঘ. Examination **উ. ক**

ব্যাখ্যা : দুইটি noun এর সমন্বয়ে গঠিত শব্দকে compound noun বলে। এখানে, Headmaster শব্দটি দুটি noun (Head + master) এর সমন্বয়ে গঠিত হয়েছে। বাকি অপশনগুলো suffix ও prefix এর সমন্বয়ে গঠিত।

৪৮. The man was – murder.

ক. hung for খ. hanged for
গ. hanged ঘ. hung to **উ. খ**

ব্যাখ্যা : কোনো অপরাধের জন্য ফাঁসি দেওয়ার verb হচ্ছে hang (v_1) hanged (v_2)- hanged (v_3) এবং কোনো কিছু ঝুলানো বোঝাতে hang (v_1) - hung (v_2) hung (v_3) ব্যবহৃত হয়।

৪৯. 'Head over heels in love' means–

ক. loving somebody
খ. disliking somebody very much
গ. hating love strongly
ঘ. loving somebody very much **উ. ঘ**

ব্যাখ্যা : 'কাউকে খুব বেশি ভালোবাসা' বা 'পুরোপুরি কারো প্রেমে পড়া' অর্থে 'Head over heels in love' একটি phrase ব্যবহৃত হয়। কাজেই সঠিক উত্তর (ঘ)।

৫০. Choose the correct sentence :

ক. No sooner had I came than he went away
খ. No sooner I come than he went away
গ. No sooner had I come then he went away
ঘ. No sooner had I come than he went away **উ. ঘ**

ব্যাখ্যা : No sooner + past perfect tense + than + past indefinite tense। কাজেই সঠিক উত্তর (ঘ)।

৫১. দুইটি সংখ্যার ল. সা. গু. ৮৪, গ. সা. গু. ৭। একটি সংখ্যা ২১ হলে অপর সংখ্যাটি কত?

ক. ৪ খ. ১২
গ. ৩২ ঘ. ২৮ **উ. ঘ**

ব্যাখ্যা : অপর সংখ্যা $= \frac{\text{ল. সা. গু.} \times \text{গ. সা. গু.}}{\text{একটি সংখ্যা}}$

$\Rightarrow$ অপর সংখ্যা $= \frac{৮৪ \times ৭}{২১}$

$\therefore$ অপর সংখ্যা = ২৮

৫২. নিচের কোন ক্রমজোড়টি সহমৌলিক?

ক. (৪, ৬) খ. (৬, ৯)
গ. (৯, ১২) ঘ. (১২, ১৭) **উ. ঘ**

ব্যাখ্যা : মৌলিক উৎপাদকের বিশ্লেষণে ১ ব্যতীত অন্য কোনো সাধারণ উৎপাদক না থাকলে এরা পরস্পর সহমৌলিক। প্রশ্নে প্রদত্ত কেবল ১২, ১৭ ক্রমজোড়টি সহমৌলিক।

কারণ, ১২ = ১ × ৩ × ২ × ২

এবং ১৭ = ১ × ১৭

এখানে দেখা গেল যে, ১২ ও ১৭ এর মৌলিক উৎপাদকের বিশ্লেষণে ১ ভিন্ন অন্য কোনো সাধারণ উৎপাদক নেই। তাই তারা পরস্পর সহমৌলিক।

৫৩. $x - \frac{1}{x} = 1$ হলে $x^3 - \frac{1}{x^3}$ এর মান কত?

ক. 2 খ. 4

গ. 6 ঘ. 8 **উ. খ**

ব্যাখ্যা : $x^3 - \frac{1}{x^3} = \left(x - \frac{1}{x}\right)^3 + 3.x.\frac{1}{x}\left(x - \frac{1}{x}\right)$

$= (1)^3 + 3.1$ [মান বসিয়ে]

$= 4$

৫৪. নিচের কোনটি বৃত্তের সমীকরণ?

ক. $3x^2 + 4y^2 = 2$ খ. $xy = 1$

গ. $x + y = 4$ ঘ. $x^2 + y^2 = 5$ **উ. ঘ**

ব্যাখ্যা : কেন্দ্র (0, 0) ও ব্যাসার্ধ r হলে বৃত্তের সমীকরণ হয় $x^2 + y^2 = r^2$

অতএব, $x^2 + y^2 = \left(\sqrt{5}\right)^2$ হলো বৃত্তের সমীকরণ।

৫৫. $\log_x 324 = 4$ হলে x-এর মান কত?

ক. $3\sqrt{2}$ খ. $2\sqrt{3}$

গ. $3\sqrt{3}$ ঘ. $2\sqrt{2}$ **উ. ক**

ব্যাখ্যা : $\log_x 324 = 4$

বা, $x^4 = 324$

বা, $x^4 = \left(3\sqrt{2}\right)^4$

$\therefore x = 3\sqrt{2}$

৫৬. একটি বৃত্তের ক্ষেত্রফল ৯ গুণ বৃদ্ধি করলে ব্যাসার্ধ কত গুণ বৃদ্ধি পাবে?

ক. 3 গুণ খ. 6 গুণ

গ. 9 গুণ ঘ. 18 গুণ **উ. ক**

ব্যাখ্যা : বৃত্তের ব্যাসার্ধ = r হলে,

বৃত্তের ক্ষেত্রফল = πr^2 বর্গ একক;

মনে করি, বৃত্তের ক্ষেত্রফল 1 বর্গ একক

সুতরাং, নতুন বৃত্তের ক্ষেত্রফল 9 বর্গ একক

ধরি, প্রথম ও নতুন ব্যাসার্ধ যথাক্রমে r_1 ও r_2

$\therefore$ প্রথম বৃত্তের ক্ষেত্রফল $\pi {r_1}^2 = 1$

$\therefore$ নতুন বৃত্তের ক্ষেত্রফল $\pi {r_2}^2 = 9$

সুতরাং, দুটি ক্ষেত্রফলের পার্থক্য $\frac{1}{9} = \frac{\pi {r_1}^2}{\pi {r_2}^2}$

বা, $\left(\frac{1}{3}\right)^2 = \left(\frac{r_1}{r_2}\right)^2$

বা, $\frac{r_1}{r_2} = \frac{1}{3}$

$\therefore r_1 : r_2 = 1 : 3$

অতএব, বৃত্তের ক্ষেত্রফল ৯ গুণ বৃদ্ধি করলে ব্যাসার্ধ 3 গুণ বাড়বে।

৫৭. কোনো সমকোণী ত্রিভুজের সূক্ষ্ম কোণদ্বয়ের পার্থক্য 20° হলে ক্ষুদ্রতম কোণটির মান কত?

ক. 35° খ. 40°

গ. 45° ঘ. 55° **উ. ক**

ব্যাখ্যা : সমকোণী ত্রিভুজের একটি কোণ = এক সমকোণ বা 90°

ধরি, সমকোণী ত্রিভুজের বৃহত্তম সূক্ষ্মকোণটি = x

তাহলে, ক্ষুদ্রতম কোণটি হবে = 90 − x

প্রশ্নমতে, x −(90 −x) = 20

$\Rightarrow$ x−90 + x = 20

$\Rightarrow$ 2x = 20 + 90

$\Rightarrow x = \frac{110}{2}$

$\therefore$ x = 55

সুতরাং ক্ষুদ্রতম কোণটির মান (90−55) = 35

৫৮. ১০ টাকায় ১ হালি লেবু কিনে ৬০ টাকায় কত হালি লেবু বিক্রয় করলে ২০% লাভ হবে?

ক. ৫ খ. ৬

গ. ৭ ঘ. ৪ **উ. ক**

ব্যাখ্যা : ২০% লাভে,

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১২০ টাকা

$\therefore$ " ১ " " " $\frac{১২০}{১০০}$ "

$\therefore$ " ১০ " " " $\frac{১২০ \times ১০}{১০০}$

= ১২ টাকা

এখন, ২০% লাভ করতে,

১২ টাকায় বিক্রি করতে হবে ১ হালি লেবু

$\therefore$ ১ " " " " = $\frac{১}{১২}$ " "

$\therefore$ ৬০ " " " " = $\frac{৬০}{১২}$ "

= ৫ হালি লেবু

৫৯. বেলা ২.৩০ ঘটিকার সময় ঘড়িতে ঘণ্টা ও মিনিটের কাঁটা পরস্পর কত ডিগ্রি কোণ উৎপন্ন করবে?

ক. ৯০° খ. ১০৫.৫°

গ. ৬০° ঘ. ১২০° **উ.***

ব্যাখ্যা : প্রশ্নের অপশনে সঠিক উত্তর নেই। সঠিক উত্তর ১০৫°।

মধ্যবর্তী কোণ = $\frac{১১ \times ৩০ - ৬০ \times ২}{২}°$

$= \frac{৩৩০ - ১২০}{২}°$

$= \frac{২১০}{২}°$

= ১০৫°

Job Navigator

৬০. ১ থেকে ৪০ পর্যন্ত কতগুলি মৌলিক সংখ্যা বিদ্যমান?
ক. ১০ খ. ১১
গ. ১২ ঘ. ১৩ উ. গ
ব্যাখ্যা : ১ থেকে ৪০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো আছে : ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১ ও ৩৭। মোট ১২টি মৌলিক সংখ্যা রয়েছে।

৬১. এক ব্যক্তির মাসিক আয় ও ব্যয়ের অনুপাত ৫ : ৩ এবং তাঁর মাসিক সঞ্চয় ১০,০০০ টাকা হলে তিনি কত টাকা আয় করেন?
ক. ২০,০০০ খ. ২২,৫০০
গ. ২৫,০০০ ঘ. ৩০,০০০ উ. গ
ব্যাখ্যা : মনে করি, আয় ও ব্যয় যথাক্রমে ৫x টাকা ও ৩x টাকা
∴ সঞ্চয় (৫x − ৩x) টাকা
প্রশ্নানুসারে, ৫x − ৩x = ১০,০০০
⇒ ২x = ১০,০০০
⇒ x = ৫,০০০
∴ আয় = ৫ × ৫,০০০
= ২৫,০০০ টাকা।

৬২. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য 6cm হলে এর ক্ষেত্রফল কত হবে?
ক. 12 sq.cm খ. 18 sq.cm
গ. 24 sq.cm ঘ. 36 sq.cm উ. খ
ব্যাখ্যা : বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য = a সেমি হলে,
ক্ষেত্রফল a^2 বর্গ সেমি এবং কর্ণের দৈর্ঘ্য $a\sqrt{2}$ সেমি
প্রশ্নানুসারে, $a\sqrt{2} = 6$
$\Rightarrow a = \frac{6}{\sqrt{2}}$
$\Rightarrow a^2 = \left(\frac{6}{\sqrt{2}}\right)^2$
$\Rightarrow a^2 = \frac{36}{2}$
$\therefore a^2 = 18$
∴ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = 18 বর্গ সেমি।

৬৩. 1 + 3 + 6 + 10 + 15 + ... ধারাটির ৭ম পদটি কত?
ক. 20 খ. 25
গ. 21 ঘ. 26 উ.*
ব্যাখ্যা : প্রশ্নের অপশনে সঠিক উত্তর নেই। সঠিক উত্তর হবে 28
এখানে,
১ম পদ = 1
২য় পদ = 3 = 1 + 2
৩য় পদ = 6 = 3 + 3
৪র্থ পদ = 10 = 6 + 4
৫ম পদ = 15 = 10 + 5
৬ষ্ঠ পদ = 21 = 15 + 6
অতএব, ৭ম পদ = ৬ষ্ঠ পদ + 7
= 21 + 7 = 28

৬৪. কোনো সংখ্যার ৬০% থেকে ৬০ বিয়োগ করলে বিয়োগফল ৬০ হলে সংখ্যাটি হবে–
ক. ২৫০ খ. ৩০০
গ. ১০০ ঘ. ২০০ উ. ঘ
ব্যাখ্যা : মনে করি, সংখ্যাটি = x
শর্তানুসারে, x এর ৬০% − ৬০ = ৬০
$\Rightarrow \frac{৬০x}{১০০} - ৬০ = ৬০$
$\Rightarrow \frac{৬০x}{১০০} = ১২০$
$\Rightarrow ৬০x = ১২,০০০$
$\therefore x = ২০০$

৬৫. ৬০ জন ছাত্রের মধ্যে ৪২ জন ফেল করলে পাসের হার কত?
ক. ২৫% খ. ৩০%
গ. ৩২% ঘ. ৪০% উ. খ
ব্যাখ্যা : ৬০ জনে পাস করে (৬০ − ৪২) জন = ১৮ জন
∴ ১ " " " = $\frac{১৮}{৬০}$ "
∴ ১০০ " " " = $\frac{১৮ \times ১০০}{৬০}$
= ৩০ জন।

৬৬. $3x^3 + 2x^2 - 21x - 20$ রাশির একটি উৎপাদক হচ্ছে–
ক. x + 2 খ. x − 2
গ. x + 1 ঘ. x − 1 উ. গ
ব্যাখ্যা : মনে করি, $P(x) = 3x^3 + 2x^2 - 21x - 20$
সুতরাং, $P(-1) = 3(-1)^3 + 2(-1)^2 + 21(-1) - 20$
$= -3 + 2 + 21 - 20 = 0$
অতএব, দেখা যাচ্ছে (x + 1), P(x) এর একটি উৎপাদক।

৬৭. $\left(\sqrt[3]{3} \times \sqrt[3]{4}\right)^6$ = কত?
ক. 12 খ. 36
গ. 48 ঘ. 144 উ. ঘ
ব্যাখ্যা : $\left(\sqrt[3]{3} \times \sqrt[3]{4}\right)^6$
$= \left(3^{\frac{1}{3}} \times 4^{\frac{1}{3}}\right)^6$
$= 3^{\frac{1}{3}.6} \times 4^{\frac{1}{3}.6}$
$= 3^2 \times 4^2$
$= 144$

৬৮. $3^{3x-8} = 3^4$ হলে x-এর মান কত?
ক. 3 খ. 4
গ. 2 ঘ. 6 উ. খ

ব্যাখ্যা : $3^{3x-8} = 3^4$

$\Rightarrow 3x - 8 = 4$

$\Rightarrow 3x = 12$

$\therefore x = 4$

৬৯. কোনো ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি কত?

ক. ৯০° খ. ১৮০°

গ. ২৭০° ঘ. ৩৬০° **উ. ঘ**

ব্যাখ্যা : ত্রিভুজের তিন কোণের সমষ্টি = ১৮০°

তাহলে, $x + y + z = ১৮০^\circ$ ..... (i)



আবার, এক সরলকোণ = ১৮০°

∴ বহিঃস্থ কোণ তিনটির যোগফল

$= (১৮০^\circ - x) + (১৮০^\circ - y) + (১৮০^\circ - z)$

$= ৫৪০^\circ - (x + y + z)$

$= ৫৪০^\circ - ১৮০^\circ$

= ৩৬০° (উত্তর)

৭০. একটি সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য ১৬ মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ মিটার?

ক. $৩২\sqrt{৩}$ খ. $৬৪\sqrt{৩}$

গ. ৬৪ ঘ. ৩২ **উ. খ**

ব্যাখ্যা : সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য a = ১৬ মিটার

সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{৩}}{৪} a^2$ বর্গমিটার

$= \frac{\sqrt{৩}}{৪} \times (১৬)^2$ বর্গমিটার

$= ৬৪\sqrt{৩}$ বর্গমিটার।

৭১. সূর্যের উন্নতি কোণ 60° হলে একটি মিনারের ছায়ার দৈর্ঘ্য 240 মিটার হয়। মিনারটির উচ্চতা কত?

ক. 415.69 মি. খ. 417 মি.

গ. 315.69 মি. ঘ. 315 মি. **উ. ক**

ব্যাখ্যা :



এখানে, মিনারের ছায়ার দৈর্ঘ্য BC = 240 মিটার

∴ সূর্যের উন্নতি কোণ = 60°

তাহলে, মিনারের উচ্চতা AB = h = ?

চিত্র হতে, $\tan 60^\circ = \frac{AB}{BC}$

$\Rightarrow \sqrt{3} = \frac{h}{240}$

$\Rightarrow h = 240\sqrt{3}$

∴ h = 415.69 মিটার

৭২. ত্রিভুজের যে কোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা তৃতীয় বাহুর-

ক. সমান খ. অর্ধেক

গ. দ্বিগুণ ঘ. তিনগুণ **উ. খ**

ব্যাখ্যা : এটি একটি জ্যামিতিক উপপাদ্য। জ্যামিতিক উপপাদ্য অনুসারে, ত্রিভুজের যে কোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ তৃতীয় বাহুর সমান্তরাল ও দৈর্ঘ্যে তার অর্ধেক।

৭৩. sinθ-এর সর্বনিম্ন মান কত?

ক. 0 খ. −2

গ. 1 ঘ. −1 **উ. ঘ**

ব্যাখ্যা : আমরা জানি, sinθ এর সর্বনিম্ন মান = −1 । তবে, sinθ এর সর্বোচ্চ মান = 1। অর্থাৎ, $-1 < \sin\theta < 1$।

sinθ = 0 ; যখন $\theta = 0^0, 180^0, 360^0$।

sinθ এর সর্বোচ্চ মান = 1; যখন $\theta = 90^0$।

৭৪. একটি সংখ্যা ৬৫০ থেকে যত বড় ৮২০ থেকে তত ছোট। সংখ্যাটি কত?

ক. ৭৩০ খ. ৭৩৫

গ. ৭৮০ ঘ. ৭৯০ **উ. খ**

ব্যাখ্যা : সংখ্যাটি $= \frac{৬৫০ + ৮২০}{২} = ৭৩৫$

৭৫. ২৪ সংখ্যাটি কোন সংখ্যার ৩২% এর সমান?

ক. ৬০ খ. ৬৫

গ. ৭০ ঘ. ৭৫ **উ. ঘ**

ব্যাখ্যা : ধরি, সংখ্যাটি = ক

প্রশ্নমতে, ক এর ৩২% = ২৪

$\Rightarrow \frac{৩২ক}{১০০} = ২৪$

$\Rightarrow ৩২ক = ২৪০০$

$\therefore ক = ৭৫$

∴ সংখ্যাটি = ৭৫

Job Navigator

৭৬. প্রাচীন বাংলায় সমতট বলতে কোন কোন অঞ্চলকে বোঝানো হতো?
ক. কুমিল্লা ও বরিশাল খ. কুমিল্লা ও নোয়াখালী
গ. ময়মনসিংহ ও নরসিংদী ঘ. ময়মনসিংহ ও জামালপুর উ. খ
ব্যাখ্যা : প্রাচীন বাংলার ১৬টি জনপদের মধ্যে অন্যতম হচ্ছে সমতট। বৃহত্তর কুমিল্লা ও নোয়াখালী নিয়ে এটি গঠিত ছিল। এ জনপদের রাজধানী ছিল বড় কামতা। বর্তমান কুমিল্লা দেবীদ্বারে বড় কামতা অবস্থিত।

৭৭. বাংলাদেশের প্রথম সবাক চলচ্চিত্র 'মুখ ও মুখোশ'-এর সংগীত পরিচালক কে ছিলেন?
ক. সমর দাস খ. গাজী মাজহারুল আনোয়ার
গ. খান আতাউর রহমান ঘ. সুবল দাস উ. ক
ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম সবাক চলচ্চিত্র 'মুখ ও মুখোশ' নির্মিত হয় ১৯৫৬ সালে। এর সংগীত পরিচালক ছিলেন সমর দাস। ছবিটির পরিচালক আব্দুর জব্বার খানকে বলা হয় বাংলাদেশের চলচ্চিত্রের জনক। আর উপমহাদেশের চলচ্চিত্রের জনক হীরালাল সেন।

৭৮. বর্তমানে বাংলাদেশের দারিদ্র্যের হার কত?
ক. ২৫.৬% খ. ২৪.৫%
গ. ২৩.৬% ঘ. ২৬.৫% উ.*
ব্যাখ্যা : অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুসারে, বর্তমানে বাংলাদেশে দারিদ্র্যের হার ১৮.৭% এবং চরম দারিদ্র্যের হার ৫.৬%।

৭৯. বাংলাদেশ ব্যাংকের গভর্নরের মেয়াদকাল কত?
ক. ২ বছর খ. ৩ বছর
গ. ৪ বছর ঘ. ৫ বছর উ. গ
ব্যাখ্যা : বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক হচ্ছে বাংলাদেশ ব্যাংক। এর গভর্নরের মেয়াদকাল ৪ বছর। বাংলাদেশ ব্যাংকের প্রথম গভর্নর এ এন এম হামিদুল্লাহ আর বর্তমান ও ১২তম গর্ভনর আব্দুর রউফ তালুকদার

৮০. বর্তমান মুজিবনগরের পূর্ব নাম কি ছিল?
ক. চন্দ্রবাড়ি খ. ভবেরপাড়া
গ. টুংগীপাড়া ঘ. শিমুলিয়া উ. খ
ব্যাখ্যা : বাংলাদেশের প্রবাসী/অস্থায়ী সরকারের রাজধানী ছিল মুজিবনগর। এর পূর্ব নাম ভবেরপাড়া। মেহেরপুরের বৈদ্যনাথতলার ভবের পাড়া গ্রামকে বঙ্গবন্ধুর সম্মানে 'মুজিবনগর' নামকরণ করেন তাজউদ্দিন আহমেদ।

৮১. বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি চা বাগান আছে?
ক. সিলেট খ. হবিগঞ্জ
গ. মৌলভীবাজার ঘ. সুনামগঞ্জ উ. গ
ব্যাখ্যা : বাংলাদেশে বর্তমানে মোট চা বাগানের সংখ্য ১৬৮টি। সবচেয়ে বেশি ৯১টি চা বাগান রয়েছে মৌলভীবাজার জেলায়। এ জেলায় সবচেয়ে বেশি চা জন্মে। বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (BTRT) এ জেলার শ্রীমঙ্গলে অবস্থিত।

৮২. পূর্বাশা দ্বীপের অপর নাম কি?
ক. নিঝুম দ্বীপ খ. সেন্টমার্টিন দ্বীপ
গ. দক্ষিণ তালপট্টি দ্বীপ ঘ. কুতুবদিয়া দ্বীপ উ. গ
ব্যাখ্যা : সাতক্ষীরা জেলার হাড়িয়াভাঙ্গা নদীর মোহনায় বঙ্গোপসাগরে অবস্থিত দক্ষিণ তালপট্টি দ্বীপের অপর নাম 'পূর্বাশা'। বাংলাদেশ ও ভারতের মধ্যে বিরোধপূর্ণ এ দ্বীপটিকে 'নিউমুর' নামকরণ করেছে ভারত। ১৯৭০ সালে আবিষ্কৃত দ্বীপটি ২০১০ সালে সমুদ্রগর্ভে তলিয়ে যায়।

৮৩. আপেলে কোন এসিড বিদ্যমান থাকে?
ক. ম্যালিক এসিড খ. ফলিক এসিড
গ. অক্সালিক এসিড ঘ. সাইট্রিক এসিড উ. ক
ব্যাখ্যা : আপেল, আনারস, গাজর এগুলোতে ম্যালিক এসিড থাকে। সাইট্রিক এসিড থাকে লেবু, কমলালেবু, আঙ্গুরে। টমেটোতে অক্সালিক এসিড থাকে।

৮৪. সুনামির (Tsunami) কারণ হলো-
ক. অগ্ন্যুৎপাত খ. সমুদ্র তলদেশে ভূমিকম্প
গ. চন্দ্র ও সূর্যের আকর্ষণ ঘ. ঘূর্ণিঝড় উ. খ
ব্যাখ্যা : সুনামি (Tsunami ইংরেজি বানান মনে রাখুন) একটি জাপানি শব্দ। এর অর্থ হলো সামুদ্রিক ঢেউ বা পোতাশ্রয়ের ঢেউ। সমুদ্র তলদেশে ভূমিকম্পের ফলে সুনামি হয়। পানির নিচে পারমাণবিক বা অন্য কোনো বিস্ফোরণ, ভূপাত ইত্যাদি কারণেও সুনামি হতে পারে। ২০০৪ সালের ২৬ ডিসেম্বর ভারত মহাসাগরে প্রলয়ঙ্করী সুনামি আঘাত হানে।

৮৫. লোহিত কণিকার আয়ুষ্কাল কতদিন?
ক. ১২০ দিন খ. ১০০ দিন
গ. ৮০ দিন ঘ. ৬০ দিন উ. ক
ব্যাখ্যা :

রক্তকণিকা	আয়ুষ্কাল
লোহিত	১২০ দিন
শ্বেত	১-১৫ দিন
অনুচক্রিকা	৫-১০ দিন

রক্তে শ্বেত রক্তকণিকা বেড়ে যাওয়াকে বলে Blood Cancer বা লিউকোমিয়া। অনুচক্রিকা রক্ত জমাট বাঁধায়।

৮৬. কোন রঙের কাপে চা তাড়াতাড়ি ঠান্ডা হয়?
ক. লাল খ. কালো
গ. সাদা ঘ. সবুজ উ. খ
ব্যাখ্যা : কালো রঙের বস্তুর তাপ শোষণ ও বিকিরণ করার ক্ষমতা সবচেয়ে বেশি। তাই কালো রঙের কাপে চা তাড়াতাড়ি ঠান্ডা হয়। আবার সাদা রঙের বস্তুর তাপ শোষণ ও বিকিরণ ক্ষমতা সবচেয়ে কম বলে সাদা রঙের কাপে চা বেশিক্ষণ গরম থাকে।

৮৭. নিচের কোন বিষয়টির সাথে কম্পিউটার সম্পৃক্ত?
ক. ফ্যাক্স খ. ই-মেইল
গ. টেলিফোন ঘ. টেলিভিশন উ. খ
ব্যাখ্যা : ফ্যাক্স, টেলিফোন, টেলিভিশন কম্পিউটারের সাথে সম্পৃক্ত নয়। E-mail কম্পিউটারের সাথে সম্পৃক্ত। এর পূর্ণরূপ হচ্ছে Electronic Mail. এর আবিষ্কারক রে টমলিনসন। ১৯৭২ সালে ইমেইল ঠিকানায় সর্বপ্রথম @ চিহ্ন ব্যবহৃত হয়।

৮৮. বঙ্গবন্ধু কবে 'জুলিও কুরি' পুরস্কার লাভ করেন?
ক. ১০ অক্টোবর ১৯৭২ খ. ৭ নভেম্বর ১৯৭২
গ. ১৬ ডিসেম্বর ১৯৭২ ঘ. ২৫ ডিসেম্বর ১৯৭২ **উ. ক**

ব্যাখ্যা : বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় অবদানের জন্য বিশ্ব শান্তি পরিষদ বঙ্গবন্ধুকে 'জুলিও কুরি' পুরস্কার প্রদানের ঘোষণা করে ১০ অক্টোবর, ১৯৭২। আর বঙ্গবন্ধু পুরস্কার গ্রহণ করেন ২৩ মে, ১৯৭৩।

৮৯. চিরশান্তির শহর কোনটি?
ক. রোম খ. ভেনিস
গ. এথেন্স ঘ. অসলো **উ. ক**

ব্যাখ্যা : চির শান্তির শহর (City of Eternal Peace), সাত পাহাড়ের শহর, নীরব শহর বলা হয় ইতালির রাজধানী রোমকে। দ্বীপের নগরী, খালের নগরী, নিশ্চুপ সড়ক নগরী, রাজপ্রসাদের নগর, আদ্রিয়াতিকের রানি বলা হয় ইতালির ভেনিসকে। অসলো নরওয়েল রাজধানী, এথেন্স গ্রিসের রাজধানী।

৯০. কোন আরব দেশ বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দেয়?
ক. মিশর খ. ইরাক
গ. জর্ডান ঘ. কুয়েত **উ. খ**

ব্যাখ্যা : প্রথম আরব দেশ এবং প্রথম মধ্যপ্রাচ্যের দেশ হিসেবে বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দেয় ইরাক ৮ জুলাই ১৯৭২। বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম উপসাগরীয় দেশ কুয়েত। বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম ও দ্বিতীয় দেশ যথাক্রমে ভুটান ও ভারত (৬ ডিসেম্বর ১৯৭১)।

৯১. বিশ্ব মানবাধিকার দিবস কবে পালিত হয়?
ক. ১০ জুন খ. ১০ আগস্ট
গ. ১০ অক্টোবর ঘ. ১০ ডিসেম্বর **উ. ঘ**

ব্যাখ্যা : ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদে 'The Universal Decleration of Human Rights' (সর্বজনীন মানবাধিকার ঘোষণাপত্র) পাস হয়। তাই সেই থেকে ১০ ডিসেম্বর 'মানবাধিকার দিবস' হিসেবে পালিত হচ্ছে। এখানে উল্লেখ্য যে, 'The Universal Decleration of Human Rights'-এ মোট ৩০টি ধারা রয়েছে।

৯২. ভুটানের মুদ্রার নাম কি?
ক. রুপী খ. রুশিয়া গ. গুলট্রাম ঘ. বাথ **উ. গ**

ব্যাখ্যা : ভুটানের মুদ্রার নাম গুলট্রাম (Ngultrum)। থাইল্যান্ডের মুদ্রার নাম বাথ। মালদ্বীপ ও ইন্দোনেশিয়ার মুদ্রা রূপিয়া। আর রূপি হচ্ছে ভারত, নেপাল, পাকিস্তান, শ্রীলঙ্কা প্রভৃতি দেশের মুদ্রা।

৯৩. জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা কত?
ক. ১৯০টি খ. ১৯১টি
গ. ১৯২টি ঘ. ১৯৩টি **উ. ঘ**

ব্যাখ্যা : বর্তমান বিশ্বে স্বাধীন রাষ্ট্র সংখ্যা ১৯৫। কিন্তু জাতিসংঘের পূর্ণাঙ্গ সদস্য দেশ ১৯৩টি। জাতিসংঘের ১৯৩তম/সর্বশেষ সদস্য দেশ দক্ষিণ সুদান (১৪ জুলাই ২০১১)। তাইওয়ান, ভ্যাটিক্যান সিটি, কসভো ও ফিলিস্তিন জাতিসংঘের সদস্য দেশ নয়।

৯৪. বাতাসের শহর হিসেবে পরিচিতি-
ক. শিকাগো খ. নিউইয়র্ক
গ. ওয়াশিংটন ঘ. সিডনি **উ. ক**

ব্যাখ্যা :

শহর	ভৌগোলিক উপনাম
শিকাগো	বাতাসের শহর, উদ্যানের শহর, পৃথিবীর কসাইখানা
নিউইয়ক	Big Apple, বিশ্বের রাজধানী, গগণচুম্বী অট্টালিকার শহর, জাঁকজমকের নগরী
ওয়াশিংটন	যুক্তরাষ্ট্রের রাজধানী
সিডনি	দক্ষিণের রানি

৯৫. বাংলাদেশে কোন উপজাতির সংখ্যা বেশি?
ক. চাকমা খ. সাঁওতাল
গ. গারো ঘ. মারমা **উ. ক**

ব্যাখ্যা : সরকারি হিসাবে বাংলাদেশে মোট ৫০টি উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী আছে (সরকারি গেজেট, ২৩ মার্চ ২০১৯ অনুযায়ী)। এদের মধ্যে জনসংখ্যায় বৃহত্তম উপজাতি চাকমা ('চাকমা' অর্থ 'মানুষ')। এর পরের অবস্থানে রয়েছে মারমা। চাকমারা বৌদ্ধ ধর্মাবলম্বী এবং প্রধানত বাস করে রাঙামাটি জেলায়।

৯৬. ইউরোপীয় ইউনিয়নের সদর দপ্তর কোথায়?
ক. লন্ডন খ. ব্রাসেলস
গ. রোম ঘ. প্যারিস **উ. খ**

ব্যাখ্যা : ২০১২ সালে শান্তিতে নোবেলজয়ী ইউরোপিয় ইউনিয়নের সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৯৩ সাল। সদস্য দেশ ২৭টি। একমাত্র দেশ হিসেবে EU ত্যাগ করে যুক্তরাজ্য ২০২০ সালের ৩১ জানুয়ারি।

৯৭. আরাকান পাহাড় হতে উৎপন্ন নদী কোনটি?
ক.ফেনী খ. সাঙ্গু গ. কর্ণফুলি ঘ. নাফ **উ. খ**

ব্যাখ্যা : বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে অভিন্ন নদী ৩টি : সাঙ্গু, মাতামহুরী ও নাফ। বাংলাদেশ-মিয়ানমার সীমানায় অবস্থিত আরাকান পাহাড় থেকে সাঙ্গু নদীর উৎপত্তি হয়েছে। নাফ নদী বাংলাদেশ ও মিয়ানমারকে বিভক্ত করেছে।

৯৮. পৃথিবীতে সবচেয়ে কঠিন খনিজ পদার্থ কোনটি?
ক. লৌহ খ. ইস্পাত গ. হীরক ঘ. পাথর **উ. গ**

ব্যাখ্যা : পৃথিবীতে প্রাপ্ত সবচেয়ে কঠিন/শক্ত পদার্থ হচ্ছে হীরক। কাঁচ কাটতে এটি ব্যবহৃত হয়। এটি বিদ্যুৎ অপরিবাহী। বহুরূপী মৌল কার্বনের দানাদার রূপভেদ হচ্ছে হীরক।

৯৯. সমুদ্র বায়ু কখন প্রবল বেগে প্রবাহিত হয়?
ক. শেষরাতে খ. মধ্যাহ্নে
গ. অপরাহ্নে ঘ. সবসময় **উ. গ**

ব্যাখ্যা : সমুদ্রবায়ু দিনের বেলা সমুদ্র থেকে স্থলভাগের দিকে প্রবাহিত হয়। বিকেলে (অপরাহ্নে) এ বায়ুর বেগ সবচেয়ে বেশি। অন্যদিকে রাত ৩টার দিকে স্থল বায়ুর বেগ সবচেয়ে বেশি।

১০০. আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক. জেনেভা খ. বার্লিন
গ. প্যারিস ঘ. ভিয়েনা **উ. ঘ**

ব্যাখ্যা : আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা IAEA ১৯৫৭ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দফতর অস্ট্রিয়ার ভিয়েনায় অবস্থিত। OPEC, UNIDO, CTBTO এগুলোর সদর দফতরও ভিয়েনায় অবস্থিত।

১০ম কলেজ/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৪

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ৪; বিষয় কোড : ৪০০; পরীক্ষার তারিখ : ৩১.০৫.২০১৪

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. **শুদ্ধ বানান কোনটি?**
ক. অপরাহ্ন খ. অপরাহ্ণ
গ. অপাণ্য ঘ. অপরান্য **উ. খ**

ব্যাখ্যা : 'অপরাহ্ণ' বানানটি শুদ্ধ। এখানে যুক্ত বর্ণটি হ্ + ণ। 'অপরাহ্ণ' শব্দের অর্থ 'বিকেল'।

২. **'উগ্র' এর বিপরীত শব্দ-**
ক. অনুগ্র খ. সৌম্য
গ. ধীর ঘ. স্থির **উ. খ**

ব্যাখ্যা : 'উগ্র' (নিষ্ঠুর, রূঢ়, কর্কশ) এর বিপরীত শব্দ 'সৌম্য' (প্রশান্ত, ধীর, স্থির)। তবে, 'বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান' অনুযায়ী, 'অনুগ্র' শব্দের অর্থ- 'উগ্র নয় এমন', 'শিষ্ট', 'ভদ্র'। এইক্ষেত্রে, 'উগ্র' এর বিপরীত শব্দ 'সৌম্য' অধিক প্রচলিল বিধায় এটা উত্তর হিসেবে ধরে নেয়াটা সমীচীন হবে। অন্যদিকে, স্থির শব্দের বিপরীত হল- অস্থির। ধীর শব্দের বিপরীত হল- অধীর।

৩. **বাংলা উপসর্গ সংখ্যা কত?**
ক. বিশটি খ. একুশটি
গ. বাইশটি ঘ. তেইশটি **উ. খ**

ব্যাখ্যা : সংস্কৃত উপসর্গ- ২০টি। তবে বাংলা উপসর্গ বা খাঁটি বাংলা উপসর্গের সংখ্যা- ২১টি। (মনে রাখুন- যেটা বেশি সেটা দেশি)।

৪. **কোনটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ?**
ক. ঢাকা + ই খ. মিশ্ + উক
গ. চোর + আ ঘ. সোনা + আলি **উ. খ**

ব্যাখ্যা : √মিশ্ + উক = মিশুক। এটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ। অন্যগুলো তদ্ধিৎ প্রত্যয়ের উদাহরণ।

৫. **'ঋজু' শব্দের বিপরীত-**
ক. সোজা খ. বাঁকা
গ. কঠিন ঘ. তরল **উ. খ**

ব্যাখ্যা : ঋজু (সোজা) শব্দের বিপরীত শব্দ বাঁকা (বক্র)। অন্যদিকে, 'সোজা' শব্দটি ঋজু শব্দের সমার্থক। সোজা এর বিপরীত- বাঁকা। কঠিন এর বিপরীত- কোমল বা তরল। তরল এর বিপরীত- কঠিন।

৬. **'দ্যুলোক' শব্দের অর্থ-**
ক. আকাশ খ. বাতাস
গ. পৃথিবী ঘ. পাতাল **উ. ক**

ব্যাখ্যা : 'দ্যুলোক' শব্দের অর্থ আকাশ। 'দ্যুলোক' শব্দের আরও কিছু অর্থ- আসমান, গগণ, ব্যোম, ছায়ালোক, অন্তরীক্ষ।

৭. **কারক নির্ণয় করুন- লোভে পাপ পাপে মৃত্যু।**
ক. কর্মকারক খ. সম্প্রদান কারক
গ. অপাদান কারক ঘ. অধিকরণ কারক **উ. গ**

ব্যাখ্যা : লোভে পাপ, পাপে মৃত্যু– এটি অপাদান কারকের উদাহরণ। আমরা জানি, উৎপন্ন, জাত, বিচ্যুত, ভয় বোঝালে অপাদান কারক হয়। এখানে পাপ থেকে মৃত্যু হয়- এটা বোঝানো হয়েছে।

৮. **সমাস নির্ণয় করুন- বেআইনি**
ক. অব্যয়ীভাব খ. নঞ তৎপুরুষ
গ. উপপদ তৎপুরুষ ঘ. নিত্য সমাস **উ. খ**

ব্যাখ্যা : বেআইনি = ন আইনি (নঞ তৎপুরুষ)। যে তৎপুরুষ সমাসের পূর্বপদে, ন, নেই, না, নি, বে ইত্যাদি অব্যয় যুক্ত হয়ে সমাস গঠন করে, তাকে নঞ তৎপুরুষ সমাস বলে।

৯. **কোনটি প্রান্তিক বিরাম চিহ্ন?**
ক. দাঁড়ি খ. কমা
গ. কোলন ঘ. ড্যাস **উ. ক**

ব্যাখ্যা : দাঁড়ি, প্রশ্নবোধক ও বিস্ময়বোধক চিহ্ন হলো প্রান্তিক বিরাম চিহ্ন। তবে, কমা চিহ্নকে বলা হয় পাদচ্ছেদ চিহ্ন।

১০. **'গাড়ি স্টেশন ছাড়লো'- কোন কারক?**
ক. অধিকরণ কারক খ. করণ কারক
গ. অপাদান কারক ঘ. কর্ম কারক **উ. গ**

ব্যাখ্যা : 'গাড়ি স্টেশন ছাড়লো'– অপাদান কারক। আমরা জানি, উৎপন্ন, জাত, বিচ্যুত, ভয় বোঝালে অপাদান কারক হয়

১১. **'একাদশে বৃহস্পতি' অর্থ-**
ক. সুসময় খ. দুঃসময়
গ. অলীক বস্তু ঘ. শেষ রক্ষা **উ. ক**

ব্যাখ্যা : 'একাদশে বৃহস্পতি' অর্থ সুসময়, সৌভাগ্যের বিষয়। এটি একটি বাগধারা। অন্যদিকে, 'অশ্বডিম্ব' বাগধারা দ্বারা অলীক বস্তু বোঝায়। 'রাহুর দশা', 'আকাল', 'অভদ্রা কাল' দ্বারা দুঃসময় বোঝায়। 'শুভ সমাপ্তি' বাগধারা দ্বারা বোঝায়- শেষ রক্ষা।

১২. **ব্যক্তিগত পত্রে কতটি অংশ থাকে?**
ক. চার খ. পাঁচ
গ. ছয় ঘ. সাত **উ. গ**

ব্যাখ্যা : ব্যক্তিগত পত্রে ছয়টি অংশ থাকে। সেগুলো হল- ১. মঙ্গলসূচক শব্দ, ২. স্থান ও তারিখ, ৩. সম্বোধন, ৪. মূল বক্তব্য, ৫. পত্র-লেখকের স্বাক্ষর, ৬. শিরোনাম

Job Navigator

১৩. কাজী নজরুল ইসলাম সম্পাদিত পত্রিকা কোনটি?
ক. ধূমকেতু খ. সবুজপত্র
গ. ভারতী ঘ. সওগাত উ. ক
ব্যাখ্যা : 'ধূমকেতু', 'লাঙ্গল' ও 'দৈনিক নবযুগ' কাজী নজরুল ইসলাম সম্পাদিত পত্রিকা। 'সবুজপত্র' পত্রিকার সম্পাদক ছিলেন- প্রমথ চৌধুরী, 'ভারতী' পত্রিকার সম্পাদক ছিলেন- দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, রবীন্দ্রনাথ ঠাকুর, স্বর্ণকুমারী দেবী প্রমুখ। 'সওগাত' পত্রিকার সম্পাদক ছিলেন- মোহাম্মদ নাসিরউদ্দীন।

১৪. বাংলা গদ্যের জনক কে?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. বিহারীলাল চক্রবর্তী উ. গ
ব্যাখ্যা : বাংলা গদ্যের জনক হলেন- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। অন্যদিকে, বাংলা ছোটগল্পের জনক- রবীন্দ্রনাথ ঠাকুর। আধুনিক বাংলা উপন্যাসের জনক- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে আরও বলা হয়- 'সাহিত্য সম্রাট'। বাংলা সাহিত্যে গীতিকবিতার জনক- বিহারীলাল চক্রবর্তী।

১৫. 'ঘরের শত্রু বিভীষণ' বাগধারাটির অর্থ-
ক. বন্ধুভাবাপন্ন খ. শত্রু
গ. রাবণের ভাই ঘ. যে গৃহ বিবাদ করে উ. ঘ
ব্যাখ্যা : ঘরের শত্রু বিভীষণ বাগধারাটির অর্থ- যে গৃহ বিবাদ করে। অর্থাৎ আত্মীয়-স্বজনের অনিষ্টকারী শত্রু।

১৬. 'টীকা ভাষ্য' অর্থ-
ক. ব্যাখ্যা বিশ্লেষণ খ. সারকথা
গ. উৎস খোঁজা ঘ. নির্ঘণ্ট উ. ক
ব্যাখ্যা : 'টীকা ভাষ্য' অর্থ 'ব্যাখ্যা বিশ্লেষণ'। 'কাজের কথা' অর্থ- সারকথা। 'বর্ণানুক্রমিক সূচি' অর্থ নির্ঘণ্ট।

১৭. কণ্ঠ্য থেকে উচ্চারিত ধ্বনি-
ক. ক খ. ঙ
গ. হ ঘ. ঝ উ. ক
ব্যাখ্যা : কণ্ঠ্য থেকে উচ্চারিত ধ্বনিগুলো হলো– ক, খ, গ, ঘ, ঙ। তবে, 'ঙ' যেহেতু নাসিক্য ধ্বনিও হতে পারে, তাই এখানে অপশন অনুযায়ী সঠিক উত্তর হল- 'ক' ধ্বনি।

১৮. ভারতবর্ষে মুসলিম শাসনামলে রাজভাষা ছিল-
ক. বাংলা খ. সংস্কৃত
গ. আরবি ঘ. ফারসি উ. ঘ
ব্যাখ্যা : ভারতবর্ষে মুসলিম শাসনামলে রাজভাষা ছিল– ফারসি। তবে, ১৮৩৫ সালে ইংরেজরা রাষ্ট্রীয় কাজে ফার্সির বদলে ইংরেজি চালু করে।

১৯. ড. মুহম্মদ শহীদুল্লাহ মতে বাংলা ভাষার উদ্ভব-
ক. সংস্কৃত থেকে খ. গৌড়ীয় প্রাকৃত থেকে
গ. মাগধী প্রাকৃত থেকে ঘ. মৈথিলী থেকে উ. খ
ব্যাখ্যা : ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, বাংলা ভাষার উদ্ভব হয়েছে- গৌড়ী প্রাকৃত থেকে। অন্যদিকে, ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, বাংলা ভাষার উদ্ভব হয়েছে- মাগধী প্রাকৃত থেকে।

২০. কোনটি চলিত ভাষার বৈশিষ্ট্য?
ক. গাম্ভীর্য খ. প্রমিত উচ্চারণ
গ. তৎসম শব্দের বহুল ব্যবহার
ঘ. ব্যাকরণ অনুসরণ করে চলে উ. খ
ব্যাখ্যা : 'প্রমিত উচ্চারণ' চলিত ভাষার বৈশিষ্ট্য। অন্যদিকে, গাম্ভীর্য, তৎসম শব্দের বহুল ব্যবহার এবং ব্যাকরণ পুঙ্খানুপুঙ্খভাবে অনুসরণ করে চলে সাধু ভাষার রীতি।

২১. 'হাতি' শব্দের প্রতিশব্দ কোনটি?
ক. কুরঙ্গ খ. ভুজঙ্গ
গ. করী ঘ. কেশরী উ. গ
ব্যাখ্যা : হাতি শব্দের প্রতিশব্দ– করী, মাতঙ্গ, দ্বিপ, দ্বিরদ ইত্যাদি। অন্যদিকে, কুরঙ্গ শব্দের অর্থ- হরিণ বা মৃগ। ভুজঙ্গ শব্দের অর্থ সর্প বা সাপ। কেশরী শব্দের অর্থ সিংহ।

২২. কোন শব্দযুগল সমার্থক নয়?
ক. অটবি, বিটপী খ. হেম, সুবর্ণ
গ. তটিনী, ঝর্ণা ঘ. ধরা, মেদিনী উ. গ
ব্যাখ্যা : তটিনী (নদী), ঝর্ণা (ফোয়ারা, পতনশীল জলধারা) শব্দযুগল সমার্থক নয়। অন্যদিকে, বিটপী (বৃক্ষ), অটবি (বৃক্ষ, বন); হেম (সোনা, সুবর্ণ), সুবর্ণ (সোনা); ধরা (পৃথিবী), মেদিনী (পৃথিবী)।

২৩. শুদ্ধ শব্দ কোনটি?
ক. ব্যাকরণবিদ খ. বৈয়াকরণ
গ. ব্যাকরণিক ঘ. বৈয়াকরণিক উ. খ
ব্যাখ্যা : ব্যাকরণে পণ্ডিত ব্যক্তিকে এককথায়- বৈয়াকরণ বলা হয়। আবার, 'বৈয়াকরণ' অর্থ ব্যাকরণসম্পর্কীয়। তবে, 'বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান' অনুযায়ী 'বৈয়াকরণ' অর্থ 'ব্যাকরণবিদ'ও হয়। সেই অর্থে অপশন 'ক' এবং 'খ' উভয় সঠিক। কিন্তু 'বৈয়াকরণ' বেশি প্রচলিত বিধায় অপশন অনুযায়ী 'বৈয়াকরণ' উত্তর করাটা অধিক সমীচীন হবে।

২৪. 'ইউনেস্কো' কত সালে ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়?
ক. ১৯৯৮ খ. ১৯৯৯
গ. ২০০০ ঘ. ২০০৫ উ. খ
ব্যাখ্যা : ইউনেস্কো ১৯৯৯ সালে ১৭ নভেম্বর ২১ শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা হিসেবে স্বীকৃতি দেয় এবং ২০০০ সালের ২১শে ফেব্রুয়ারি থেকে তা উদযাপন করা হচ্ছে জাতিসংঘভুক্ত দেশসমূহে।

২৫. কোনটি 'সূর্য' এর সমার্থক শব্দ নয়?
ক. তপন খ. প্রভাকর
গ. অর্ক ঘ. অর্ণব উ. ঘ
ব্যাখ্যা : 'সূর্য' এর সমার্থক শব্দ নয়- 'অর্ণব'। 'অর্ণব' অর্থ সমুদ্র।

২৬. Complete the sentence :
When my friend arrived I was about to–
ক. be leaving খ. leave
গ. left ঘ. go উ. খ

ব্যাখ্যা : 'About to' একটি phrase, যার অর্থ 'প্রায়'। 'About to' এর পর verb এর base form বসে। কাজেই সঠিক উত্তর (খ)।

২৭. **Choose the correct sentence :**
ক. One of the most beautiful girls has come
খ. One of the most beautiful girl has come
গ. One of the most beautiful girls have come
ঘ. One of the beautiful girl are come উ. ক

ব্যাখ্যা : One of এর পর noun বা pronoun এর plural form হয়; কিন্তু verb singular হয়। সুতরাং সঠিক উত্তর (ক)।

২৮. **Find out correct synonym of 'hazard'.**
ক. Impartial খ. Static
গ. Immobile ঘ. Danger উ. ঘ

ব্যাখ্যা : Hazard শব্দের অর্থ বিপদ, আকস্মিক ঘটনা। Danger শব্দের অর্থও বিপদ। যা, Hazard শব্দের সমার্থক। অন্যদিকে, (ক) Impartial- নিরপেক্ষ; (খ) static- নিশ্চল, স্থির; (গ) Immobile- অচল।

২৯. **Choose the correct sentence :**
ক. I have been lived here since five years
খ. I am living here for five years
গ. I have been living here for five years
ঘ. I live here for five years উ. গ

ব্যাখ্যা : Present perfect continuous tense এর গঠন : Sub + have been /has been + verb + ing + since/for + সময়) অনুসারে অপশন (গ) সঠিক উত্তর।

৩০. **Everyday – begins at 9 O'clock and ends at 3 O'clock.**
ক. college খ. a college
গ. the college ঘ. colleges উ. গ

ব্যাখ্যা : প্রশ্নে নির্দিষ্ট একটি কলেজের শুরু ও শেষ সময়ের উল্লেখ করা হয়েছে। কাজেই সঠিক উত্তর (গ) the college.

৩১. **Which one is the correct passive form of the sentence 'Panic seized me'?**
ক. I was seized by panic
খ. I was seized for panic
গ. I was seized from panic
ঘ. I was seized with panic উ. ঘ

ব্যাখ্যা : Passive voice-এ object এর আগে সাধারণত by বসে। কিন্তু সবক্ষেত্রে by বসে না। কিছু কিছু ক্ষেত্রে with, to, at, in ইত্যাদি বসে। Passive voice-এ seize with বসে। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

৩২. **I don't hanker – wealth.**
ক. for খ. on
গ. over ঘ. after উ. ঘ

ব্যাখ্যা : 'hanker after' অর্থ কোনো কিছুর জন্য আকাঙ্ক্ষা করা বা লালায়িত হওয়া। তাই, সঠিক উত্তর (ঘ) after।

৩৩. **Select the correct Bangla translation of 'It is a long story'**
ক. সে অনেক দিনের কথা খ. সে অনেক কথা
গ. সে লম্বা গল্প করেছিল
ঘ. সে অনেক বড় কথা বলেছিল উ.খ

ব্যাখ্যা : 'সে অনেক কথা' এর ভাবানুবাদ হল: It is a long story.

৩৪. **She could not but– there.**
ক. help going খ. goes
গ. has gone ঘ. go উ. ঘ

ব্যাখ্যা : আমরা জানি, cannot but/could not but এর পর verb এর base form বসে। সুতরাং সঠিক উত্তর (ঘ) go।

৩৫. **Noun of the word 'free' is–**
ক. freeness খ. freely
গ. freedom ঘ. freedomness উ. গ

ব্যাখ্যা : Free একটি adjective শব্দ, যার noun হল freedom. উল্লেখ্য যে, freely হলো একটি adverb.

৩৬. **'Take one to tasks' means–**
ক. imitate খ. rebuke
গ. resume ঘ. restrain উ. খ

ব্যাখ্যা : 'Take one to took' phrase টির অর্থ হল ভর্ৎসনা করা, নিন্দা করা। এইদিকে, rebuke অর্থ হল ভর্ৎসনা করা, নিন্দা করা। যা পরস্পর সমার্থক। অন্যদিকে, imitate অর্থ ঘনিষ্ঠ বা অন্তরঙ্গ, resume অর্থ পুনরায় শুরু করা, restrain অর্থ বিরত থাকা বা বিরত রাখা।

৩৭. **The dog was – in front of the door.**
ক. lain খ. lying
গ. lied ঘ. laid উ. খ

ব্যাখ্যা : 'lie' একটি verb; যার অর্থ শোয়া। এর continuous রূপ হল 'lying' হবে। সুতরাং সঠিক উত্তর (খ) lying।

৩৮. **Which one is the correct English translation of 'এখন আমার হাত খালি'?**
ক. I am empty hand now
খ. I am empty pocket now
গ. I am hand up now
ঘ. I am without money now উ. খ

ব্যাখ্যা : ইংরেজি 'empty pocket' phrase দ্বারা 'হাত খালি' কথাটি বোঝায়। সুতরাং উত্তর হবে (খ)।

৩৯. **The verb of 'sure' is–**
ক. surely খ. surety
গ. ensure ঘ. none of these উ. গ

ব্যাখ্যা : 'Sure' (নিশ্চিত) একটি adjective, যার verb হচ্ছে ensure (নিশ্চিত করা)। অন্যদিকে, 'Sure' এর adverb 'surely' (নিশ্চিতভাবে) এবং noun হল 'surety' (নিশ্চয়তা)।

৪০. **Rahim went – hospital as patient.**
ক. the খ. a
গ. an ঘ. no article **উ. ঘ**

ব্যাখ্যা : স্বাভাবিক উদ্দেশ্য যাওয়া বোঝাতে home, hospital, school, college ইত্যাদির পূর্বে সাধারণত article the বসে না। এখানে একজন রোগী হিসেবে অর্থাৎ, স্বাভাবিক উদ্দেশ্যে হসপিটাল যাওয়াকে বোঝানো হয়েছে।

৪১. **'Writing is better than reading'– Negative form of this sentence is–**
ক. Writing is not as good as reading
খ. Reading is not as good as writing
গ. Nothing is as good as writing
ঘ. No other thing is as good as reading **উ. খ**

ব্যাখ্যা : 'Writing is better than reading'– এর negative sentence বা positive degree হল 'পড়া লেখার মত ভাল নয়'। অতএব সঠিক উত্তর (খ)।

৪২. **It is high time we – our eating habits.**
ক. changed খ. should change
গ. have changing ঘ. change **উ. ক**

ব্যাখ্যা : It is high time + sub + Verb এর past form হয়। হবে সুতরাং সঠিক উত্তর (ক) changed.

৪৩. **Select the correct Bangla translation of 'There is no room in the bench.'**
ক. এ রুমে কোনো বেঞ্চ নেই
খ. এ বেঞ্চে কোনো কক্ষ নেই
গ. এ বেঞ্চে কোনো জায়গা নেই
ঘ. কোথাও কোনো বেঞ্চ নেই **উ. গ**

ব্যাখ্যা : Room অর্থ কক্ষ বা জায়গা। উক্ত বাক্যটিতে room অর্থ 'জায়গা' হবে। কাজেই সঠিক উত্তর (গ)।

৪৪. **'শব্দটি কেটে দাও'– এর শুদ্ধ ইংরেজি–**
ক. Pen through the word
খ. Cut the word
গ. Cut through the word
ঘ. Cut out the word **উ. ক**

ব্যাখ্যা : 'Pen through' অর্থ কোনো শব্দ বা লেখাকে কেটে দেওয়া। কাজেই সঠিক উত্তর (ক)।

৪৫. **What is the adjective of 'purify'?**
ক. Purity খ. Pureful
গ. Pure ঘ. Purifying **উ. গ**

ব্যাখ্যা : 'Purify'(বিশুদ্ধ করা) একটি verb, এর adjecitve form হল 'pure' (বিশুদ্ধ) এবং noun হল 'Purity' (বিশুদ্ধতা)। সুতরাং সঠিক উত্তর (গ) pure।

৪৬. **We eat – we may live.**
ক. for খ. because
গ. so that ঘ. lest **উ. গ**

ব্যাখ্যা : 'So that' অর্থ 'যাতে'। So that এর আগে Present Tense হলে এর পরে can/may বসে। So that এর আগে Past Tense হলে এর পরে could/might বসে। কার্যকারণ বোঝাতে so that ব্যবহৃত হয়। সুতরাং, সঠিক উত্তর (গ)।

৪৭. **Which one is the correct passive form of the sentence 'I know you'?**
ক. You are known by me
খ. You are known to me
গ. You are unknown by me
ঘ. You are known with me **উ. খ**

ব্যাখ্যা : Passive voice-এ object এর আগে সাধারণত by বসে। কিন্তু সবক্ষেত্রে by বসে না। কিছু কিছু ক্ষেত্রে with, to, at, in ইত্যাদি বসে। Passive voice -এ known এর পর সবসময় to বসে।

৪৮. **Which one is a compound noun?**
ক. Comprehension খ. Holiday
গ. Entertainment ঘ. Hair-brush **উ. ঘ**

ব্যাখ্যা : দুইটি noun এর সমন্বয়ে গঠিত শব্দকে compound noun বলে। এখানে, Hair-bush শব্দটি দুটি noun (Hair + brush) এর সমন্বয়ে গঠিত হয়েছে। বাকি অপশনগুলো সাধারণ noun।

৪৯. **Syntax is concerned with–**
ক. word খ. letter
গ. passage ঘ. sentence **উ. ঘ**

ব্যাখ্যা : Syntax হল বাক্য গঠনের ব্যাকরণগত নিয়মের সমষ্টি। Syntax প্রত্যয়টি sentence এর সাথে সম্পর্কিত।

৫০. **Rana's father wants him to be an engineer – a doctor.**
ক. instead খ. instead of
গ. expecting ঘ. expect to **উ. খ**

ব্যাখ্যা : 'Instead of' phrase টির অর্থ 'একটির পরিবর্তে আরেকটি'। সুতরাং সঠিক উত্তর (খ) হবে।

৫১. **ধানে চাল ও তুষের অনুপাত 7 ঃ 3 হলে এতে কি পরিমাণ চাল আছে?**
ক. 50% খ. 60%
গ. 70% ঘ. 80% **উ. গ**

ব্যাখ্যা : অনুপাতদ্বয়ের যোগফল = 7 + 3 = 10

∴ চালের পরিমাণ = 100 এর $\frac{7}{10}$

$= 100 \times \frac{7}{10} = 70\%$

৫২. সরল সুদের হার শতকরা কত টাকা হলে যে কোনো মূলধন ৮ বছরে সুদে-আসলে তিনগুণ হবে?

ক. ১২.৫০ টাকা খ. ২৫ টাকা
গ. ২০ টাকা ঘ. ১৫ টাকা উ. খ

ব্যাখ্যা : মনে করি, আসল = ১০০ টাকা

সুদে-আসলে তিনগুণ = ১০০ × ৩ = ৩০০ টাকা

সুদ = ৩০০ − ১০০ = ২০০ টাকা

∴ ১০০ টাকার ৮ বছরের সুদ = ২০০ টাকা

∴ ১ টাকার ৮ বছরের সুদ = $\frac{২০০}{১০০}$ টাকা

∴ ১ টাকার ১ বছরের সুদ = $\frac{২০০}{১০০ \times ৮}$ টাকা

∴ ১০০ টাকার ১ বছরের সুদ = $\frac{২০০ \times ১০০}{১০০ \times ৮}$ টাকা

= ২৫ টাকা

৫৩. তিন সদস্যের একটি বিতর্ক দলের সদস্যদের গড় বয়স ২৪ বছর। যদি কোনো সদস্যের বয়সই ২১ বছরের নিচে না হয়, তবে তাদের কোনো একজনের সর্বোচ্চ বয়স কত?

ক. ৩০ বছর খ. ২৫ বছর
গ. ২৮ বছর ঘ. ৩২ বছর উ. ক

ব্যাখ্যা : বিতর্ক দলের তিনজন সদস্যের মোট বয়স = ২৪ ×৩ বছর

= ৭২ বছর

আমরা জানি, কোনো একজন সদস্যের বয়স সর্বোচ্চ হলে বাকি দুইজন সদস্যের বয়স সর্বনিম্ন হয়।

∴ একজন সদস্যের সর্বোচ্চ বয়স = ৭২ − (২ × ২১) বছর

= ৩০ বছর।

৫৪. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৩, ৫, ৯ দ্বারা ভাগ করলে ভাগশেষ ২ হবে?

ক. ৪৩ খ. ৪৫
গ. ৪১ ঘ. ৪৭ উ. ঘ

ব্যাখ্যা : এখানে, ৩, ৫, ৯ এর ল. সা. গু. = ৪৫

∴ ক্ষুদ্রতম সংখ্যাটি হবে = ৪৫ + ২ = ৪৭

৫৫. ৩ দিনে একটি কাজের $\frac{১}{১৮}$ অংশ শেষ হলে, ঐ কাজের ৪ গুণ কাজ করতে কতদিন লাগবে?

ক. ২১৬ দিন খ. ৫৪ দিন
গ. ২৪ দিন ঘ. ২৪৩ দিন উ. ক

ব্যাখ্যা : কাজটির $\frac{১}{১৮}$ অংশ শেষ করতে সময় লাগে = ৩ দিন

" ১ (সম্পূর্ণ) " " " = $\frac{৩ \times ১৮}{১}$ দিন = ৫৪ দিন

∴ ঐ কাজের ৪ গুণ কাজ করতে সময় লাগবে = ৫৪ × ৪ দিন

= ২১৬ দিন

৫৬. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার একক স্থানীয় অঙ্ক দশক স্থানীয় অঙ্কের তিনগুণ। দশক স্থানীয় অঙ্ক 3 হলে বিনিময়কৃত সংখ্যাটি কত?

ক. 39 খ. 93
গ. 31 ঘ. 13 উ. খ

ব্যাখ্যা : এখানে, দশক স্থানীয় অঙ্ক = 3

∴ একক স্থানীয় অঙ্ক দশক স্থানীয় অঙ্কের তিনগুণ = 3 × 3

= 9

∴ সংখ্যাটি = (3 × 10) + (9 × 1)

= 30 + 9 = 39

∴ বিনিময়কৃত সংখ্যাটি হল = 93

৫৭. ৮০ জন ছাত্রের মধ্যে ৪৪ জন ফেল করলে পাসের হার কত?

ক. ৪৫% খ. ৩০%
গ. ৫৫% ঘ. ৪০% উ. ক

ব্যাখ্যা : ৮০ জন ছাত্রের মধ্যে ফেল করে = ৪৪ জন

∴ পাশ করে = (৮০ − ৪৪) জন = ৩৬ জন

∴ ৮০ জন ছাত্রের মধ্যে পাশ করে = ৩৬ জন

∴ ১ জন ছাত্রের মধ্যে পাশ করে = $\frac{৩৬}{৮০}$ টাকা

∴ ১০০ জন ছাত্রের মধ্যে পাশ করে = $\frac{৩৬ \times ১০০}{৮০}$ জন

= ৪৫ জন

৫৮. চিনি মূল্য ২০% কমে গেল কিন্তু এর ব্যবহার ২০% বৃদ্ধি পেল। এতে চিনি বাবদ ব্যয় শতকরা কত বাড়লো বা কমলো?

ক. ৫% কমলো খ. ৫% বাড়লো
গ. ৪% কমলো ঘ. ৪% বাড়লো উ. গ

ব্যাখ্যা : ২০% কমে চিনির মূল্য হল = (১০০ − ২০) টাকা

= ৮০ টাকা

চিনির ব্যবহার ২০% বাড়ায়,

১০০ টাকায় চিনির ব্যবহার হয় = ১২০ টাকা

∴ ১ " " " " " = $\frac{১২০}{১০০}$ "

∴ ৮০ " " " " " = $\frac{১২০ \times ৮০}{১০০}$ "

= ৯৬ টাকা

∴ চিনি বাবদ খরচ কমলো = (১০০ − ৯৬) টাকা

= ৪ টাকা বা ৪%

৫৯. দুইটি সংখ্যা অনুপাত 5 : 6 এবং তাদের ল. সা. গু 120 হলে সংখ্যা দুইটির গ. সা. গু. কত?

ক. 4 খ. 5
গ. 6 ঘ. 8 উ. ক

ব্যাখ্যা : মনে করি, সংখ্যা দুটি যথাক্রমে = 5x ও 6x
তাহলে সংখ্যা দুটির ল. সা. গু. = 30x
∴ সংখ্যা দুটির গ. সা. গু. = x
প্রশ্নানুসারে, 30x = 120
$\Rightarrow x = \frac{120}{30}$
∴ x = 4
অতএব, সংখ্যা দুটির গ. সা. গু = 4

৬০. এক ব্যক্তি তার মোট সম্পত্তির $\frac{৩}{৭}$ অংশ ব্যয় করার পরে অবশিষ্টের $\frac{৫}{১২}$ অংশ ব্যয় করে দেখলেন যে তার নিকট ১৫০০ টাকা রয়েছে। তার মোট সম্পত্তির মূল্য কত?
ক. ২৩০০ টাকা খ. ৩০০০ টাকা
গ. ৪৫০০ টাকা ঘ. ২০০০ টাকা **উ. গ**

ব্যাখ্যা : ধরি, মোট সম্পত্তির পরিমাণ = ১
∴ $\frac{৩}{৭}$ অংশ ব্যয় করার পর অবশিষ্ট থাকে $\left(১ - \frac{৩}{৭}\right)$ অংশ
$= \left(\frac{৭ - ৩}{৭}\right)$ অংশ
$= \frac{৪}{৭}$ অংশ
পরবর্তীতে ব্যয় করে $\frac{৪}{৭}$ এর $\frac{৫}{১২}$ অংশ $= \frac{৫}{২১}$ অংশ
তাহলে চূড়ান্তভাবে অবশিষ্ট থাকে $\left(\frac{৪}{৭} - \frac{৫}{২১}\right)$ অংশ
$= \frac{১২ - ৫}{২১}$ অংশ
$= \frac{৭}{২১}$ অংশ
$= \frac{১}{৩}$ অংশ
প্রশ্নানুসারে, $\frac{১}{৩}$ অংশের মূল্য = ১৫০০ টাকা
∴ ১ (সম্পূর্ণ) অংশের মূল্য = ১৫০০ × ৩ টাকা
= ৪৫০০ টাকা

৬১. $x + y = 7$ এবং $xy = 10$ হলে, $(x - y)^2$ এর মান কত?
ক. 6 খ. 3
গ. 9 ঘ. 12 **উ. গ**

ব্যাখ্যা : এখানে, $(x - y)^2 = (x + y)^2 - 4xy$
$= (7)^2 - 4.10$ [মান বসিয়ে]
$= 49 - 40 = 9$

৬২. $16 - 4x^2$ এবং $6x^2 + 24x + 24$ এর গ. সা. গু কত?
ক. x + 2 খ. x + 4
গ. $(x + 2)^2$ ঘ. 2(x + 2) **উ. ঘ**

ব্যাখ্যা : দেওয়া আছে, ১ম রাশি $= 16 - 4x^2$
$= 4(4 - x^2)$
$= 4\{(2)^2 - (x)^2\}$
$= 2 \times 2(2 + x)(2 - x)$
$= 2 \times 2(x + 2)(2 - x)$
আবার, ২য় রাশি $= 6(x^2 + 4x + 4)$
$= 6(x^2 + 4x + 4)$
$= 6(x^2 + 2.x.2 + 2^2)$
$= 6(x + 2)^2$ [সূত্র প্রয়োগ করে]
$= 2 \times 3(x + 2)(x + 2)$
অতএব, নির্ণেয় গ. সা. গু. হল $= 2(x + 2)$

৬৩. $\frac{x}{y} = \frac{2}{3}$ হলে $\frac{6x + y}{3x + 2y} =$ কত?
ক. 5 খ. 6
গ. $\frac{5}{4}$ ঘ. $\frac{3}{4}$ **উ. গ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $\frac{x}{y} = \frac{2}{3}$
$\Rightarrow 3x = 2y$
$\Rightarrow x = \frac{2y}{3}$
এখন, $\frac{6x + y}{3x + 2y}$
$= \frac{6.\frac{2y}{3} + y}{2y + 2y}$ [যেহেতু, 3x = 2y]
$= \frac{4y + y}{4y}$
$= \frac{5y}{4y} = \frac{5}{4}$

৬৪. $\sqrt[3]{\sqrt[3]{a^3}}$ কত?
ক. a খ. $a^{\frac{1}{3}}$
গ. 1 ঘ. a^3 **উ. খ**

ব্যাখ্যা : $\sqrt[3]{\sqrt[3]{a^3}}$
$= \sqrt[3]{(a^3)^{\frac{1}{3}}}$
$= \sqrt[3]{a} = a^{\frac{1}{3}}$

Job Navigator

৬৫. $3.27^x = 9^{x+4}$ হলে x এর মান কত?

ক. 9 খ. 3

গ. 7 ঘ. 1 উ. গ

ব্যাখ্যা : $3.27^x = 9^{x+4}$

$\Rightarrow 3.(3^3)^x = (3^2)^{x+4}$

$\Rightarrow 3.3^{3x} = 3^{2x+8}$

$\Rightarrow 3^{3x+1} = 3^{2x+8}$

$\therefore 3x + 1 = 2x + 8$

$\Rightarrow 3x - 2x = 8 - 1$

$\therefore x = 7$

৬৬. $x^2 - y^2 + 2y - 1$ এর একটি উৎপাদক–

ক. $x + y + 1$ খ. $x + y - 1$

গ. $x - y$ ঘ. $x - y - 1$ উ. খ

ব্যাখ্যা : $x^2 - y^2 + 2y - 1$

$= x^2 - (y^2 - 2y + 1)$

$= x^2 - (y - 1)^2$

$= (x + y - 1)(x - y + 1)$

৬৭. $\log_2\left(\frac{1}{32}\right)$ এর মান কত?

ক. -5 খ. $\frac{1}{25}$

গ. $\frac{1}{5}$ ঘ. $\frac{-1}{5}$ উ. ক

ব্যাখ্যা : $\log_2\left(\frac{1}{32}\right) = \log_2\left(\frac{1}{2^5}\right)$

$= \log_2\left(\frac{1}{32}\right)$

$= \log_2\left(\frac{1}{2^5}\right)$

$= \log_2 2^{-5}$

$= (-5) \times \log_2 2$ [যেহেতু $\log_a a = 1$]

$= (-5) \times 1 = -5$

৬৮. দুইটি রশ্মি দ্বারা উৎপন্ন কোণ 60°। এক সরলকোণ হতে উক্ত কোণ বিয়োগ করলে কি কোণ উৎপন্ন হবে?

ক. সমকোণ খ. সূক্ষ্মকোণ

গ. স্থূলকোণ ঘ. প্রবৃদ্ধ কোণ উ. গ

ব্যাখ্যা : আমরা জানি, এক সরলকোণ = 180°। সুতরাং, এক সরলকোণ হতে উক্ত কোণ বিয়োগ করলে দাঁড়ায়

$= 180° - 60°$

$= 120°$।

আমরা জানি, 90^0 থেকে বড় কিন্তু 180^0 কোণ থেকে ছোট কোণকে স্থূলকোণ বলে। সুতরাং, উৎপন্ন কোণটি একটি স্থূলকোণ

৬৯. সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য a একক হলে এর ক্ষেত্রফল কত বর্গ একক?

ক. $\frac{\sqrt{3}}{2}a^2$ খ. $\frac{\sqrt{3}}{4}a^2$

গ. $\frac{\sqrt{3}}{4}a$ ঘ. $\frac{\sqrt{7}}{2}a^2$ উ. খ

ব্যাখ্যা : সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফলের সূত্র অনুযায়ী, সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য a একক হলে,

= সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$ বর্গ একক

৭০. নিচের কোনটি উপবৃত্তের সমীকরণ?

ক. $\frac{x^2}{3^2} + \frac{y^2}{4^2} = 1$ খ. $\frac{x^2}{3^2} + \frac{y^2}{3^2} = 1$

গ. $y^2 = 4ax$ ঘ. $\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$ উ. ক

ব্যাখ্যা : উপবৃত্তের সমীকরণের সূত্র: $\frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$. [যেখানে $a \neq b$]

এই ক্ষেত্রে, $\frac{x^2}{3^2} + \frac{y^2}{4^2} = 1$ [এখানে $a = 3, b = 4$]

৭১. $\text{cosec}(90° - \theta) = 2$ হলে $\cos\theta =$ কত?

ক. 2 খ. $\frac{\sqrt{3}}{2}$

গ. $\frac{1}{2}$ ঘ. $\frac{1}{\sqrt{2}}$ উ. গ

ব্যাখ্যা : দেওয়া আছে, $\text{cosec}(90° - \theta) = 2$

$\Rightarrow \sec\theta = 2$

$\Rightarrow \frac{1}{\cos\theta} = 2$

$\therefore \cos\theta = \frac{1}{2}$

৭২. কোনো ত্রিভুজের বাহুগুলোর অনুপাত নিচের কোনটি হলে, একটি সমকোণী ত্রিভুজ অঙ্কন সম্ভব হবে?

ক. ৬ ঃ ৫ ঃ ৪ খ. ৩ ঃ ৪ ঃ ৫

গ. ১২ ঃ ৮ ঃ ৪ ঘ. ৬ ঃ ৪ ঃ ৩ উ. খ

ব্যাখ্যা : সমকোণী ত্রিভুজের সাধারণ বাহুর অনুপাত

৩ : ৪ : ৫, ৬ : ৮ : ১০, ৯ : ১২ : ১৫,

১২ : ১৬ : ২০, ৫ : ১২ : ১৩

অতএব, সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে,

$(\text{অতিভুজ})^২ = (\text{লম্ব})^২ + (\text{ভূমি})^২$

$\Rightarrow (৫)^২ = (৩)^২ + (৪)^২$

$\Rightarrow ২৫ = ৯ + ১৬$

$\Rightarrow ২৫ = ২৫$

$\therefore$ সঠিক উত্তর = ৩ ঃ ৪ ঃ ৫

Job Navigator

৭৩. একটি তালগাছ এর পাদবিন্দু হতে ১০ মিটার দূরবর্তী স্থানে গাছের শীর্ষের উন্নতি কোণ ৬০° হলে, গাছটির উচ্চতা কত?

ক. ১৭. ৩২ মি. খ. ১৭. ৭২ মি.
গ. ১৬. ৬৫ মি. ঘ. ১৭. ৭৫ মি. উ. ক

ব্যাখ্যা : এখানে, $\tan\angle ACB = \frac{\text{লম্ব}}{\text{ভূমি}}$



$\Rightarrow \tan 60° = \frac{h}{10}$

$\Rightarrow \sqrt{3} = \frac{h}{10}$

$\Rightarrow h = \sqrt{3} \times 10$

$\Rightarrow h = 1.732 \times 10$

$= 17.32$ মি.

৭৪. একটি রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 4 সে. মি. এবং 6 সে. মি. হলে, রম্বসটির ক্ষেত্রফল কত?

ক. 12 বর্গ সে.মি. খ. 6 বর্গ সে.মি.
গ. 28 বর্গ সে.মি. ঘ. 24 বর্গ সে.মি. উ. ক

ব্যাখ্যা : দেওয়া আছে,
রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 4 সে. মি. এবং 6 সে. মি.

আমরা জানি, রম্বসটির ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ কর্ণদ্বয়ের গুণফল

$= \left(\frac{1}{2} \times 4 \times 6\right)$

$= 12$ বর্গ সে. মি.

৭৫. সুষম ষড়ভুজের একটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণের পরিমাণ কত ডিগ্রি?

ক. 75° খ. 60°
গ. 90° ঘ. 180° উ. খ

ব্যাখ্যা : সুষমভূজের ক্ষেত্রে, অন্তঃস্থকোণ $= 180° - \frac{360°}{n}$

$= 180° - \frac{360°}{6}$ [যেহেতু সুষম ষড়ভুজ, তাই $n = 6$]

$= 180° - 60°$

$= 120°$

অতএব, সুষম ষড়ভুজের বহিঃস্থ কোণ $= 180° - 120°$

$= 60°$

৭৬. মুজিবনগর সরকার গঠন করা হয়েছিল কবে?

ক. ১০ এপ্রিল ১৯৭১ খ. ১১ এপ্রিল ১৯৭১
গ. ১২ এপ্রিল ১৯৭১ ঘ. ১৭ এপ্রিল ১৯৭১ উ. ক

ব্যাখ্যা : মুজিবনগর সরকার (অন্যনাম- প্রথম অস্থায়ী সরকার/প্রবাসী সরকার) ১৯৭১ সালে ১০ এপ্রিল গঠিত হয়। এই সরকার শপথ নেয় ১৭ এপ্রিল ১৯৭১ মেহেরপুরের ভাবরপাড়া গ্রামের বৈদ্যনাথতলায়। বৈদনাথতলার মুজিবনগর নামকরণ করেন তাজউদ্দিন আহমেদ।

৭৭. ২০১৪ সালের স্বাধীনতা দিবসে জাতীয় প্যারেড গ্রাউন্ডে কতজন জাতীয় সঙ্গীত গেয়েছিল?

ক. ২ লক্ষ ৫৪ হাজার ৬৮১ জন
খ. ২ লক্ষ ৫৫ হাজার ৮৬১ জন
গ. ২ লক্ষ ৫৪ হাজার ৮৬১ জন
ঘ. ২ লক্ষ ৫৩ হাজার ৬৮০ জন উ. ক

ব্যাখ্যা : বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন ২৬ মার্চ ১৯৭১। তাই বাংলাদেশের স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২৬ মার্চ। ২০১৪ সালে ৪৪তম স্বাধীনতা দিবসে ২ লক্ষ ৫৪ হাজার ৬৮১ জনের অংশগ্রহণে জাতীয় সংগীত গেয়ে বিশ্ব রেকর্ড করে বাংলাদেশ।

৭৮. 'ভাটিয়ালী' বাংলাদেশের কোন অঞ্চলের গান?

ক. কুমিল্লা খ. বগুড়া
গ. ময়মনসিংহ ঘ. ফরিদপুর উ. গ

ব্যাখ্যা : 'ভাটি' শব্দ থেকে ভাটিয়ালী শব্দের উৎপত্তি। ভাটিয়ালী গান মূলত ভাটি অঞ্চল ময়মনসিংহ অঞ্চলের আঞ্চলিক গান। ভাটিতে পাল তুলে যাওয়ার সময় মাঝিরা এ গান গাইত। ভাওয়াইয়া রংপুরের এবং গম্ভীরা বৃহত্তর রাজশাহীর আঞ্চলিক গান।

৭৯. কোন নদী থেকে বাণিজ্যিক ভিত্তিতে মাছের রেণুপোনা সংগ্রহ করা হয়?

ক. তিস্তা খ. করতোয়া
গ. তিতাস ঘ. হালদা উ. ঘ

ব্যাখ্যা : হালদা নদী থেকে বাণিজ্যিক ভিত্তিতে মাছের রেণুপোনা সংগ্রহ করা হয়। এটি বাংলাদেশ তথা এশিয়ার সর্ববৃহৎ 'প্রাকৃতিক মৎস প্রজনন কেন্দ্র'। খাগড়াছড়ি জেলার বদনাতলী পর্বতশৃঙ্গ থেকে উৎপন্ন হয়েছে। এটি বাংলাদেশে জলসীমায় উৎপন্ন ও সমাপ্ত নদী।

৮০. বাংলাদেশের প্রথম 'সার্চ ইঞ্জিন'-

ক. পিপীলিকা খ. ফড়িং
গ. মৌমাছি ঘ. দোয়েল উ. ক

ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম সার্চ ইঞ্জিন 'পিপীলিকা'। এটি চালু হয় ২০১৩ সালে। বাংলাদেশের দ্বিতীয় সার্চ ইঞ্জিন হলো 'চরকি' বাংলাদেশের প্রথম সামাজিক যোগাযোগ সাইট হলো 'বেশতো' (২০১৩)।

৮১. জাতীয় শিশু দিবস কবে পালিত হয়?

ক. ১৭ মার্চ খ. ২৭ মার্চ
গ. ১৭ অক্টোবর ঘ. ২৭ অক্টোবর উ. ক

ব্যাখ্যা : ১৭ মার্চ ১৯২০ বঙ্গবন্ধু জন্মগ্রহণ করেন। ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মদিন। দিনটি আবার জাতীয় শিশু দিবস হিসেবেও পালিত হয়। বঙ্গবন্ধুর জন্মদিন ১৭ মার্চকে 'জাতীয় শিশু দিবস' হিসেবে ঘোষণা করা হয়। উল্লেখ্য যে, 'বিশ্ব শিশু দিবস' ২০ নভেম্বর।

Job Navigator

৮২. বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে প্রথম নারী উপাচার্য হিসেবে নিয়োগ দেয়া হয়েছে-
ক. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে
খ. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে
গ. খুলনা বিশ্ববিদ্যালয়ে
ঘ. বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে উ. ক

ব্যাখ্যা : জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এর উপার্চায় ড. ফারজানা ইসলাম বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রথম নারী উপাচার্য হিসেবে নিয়োগ পান ২০১৪ সালে।

৮৩. কোন মুঘল সম্রাটের সময় লালবাগ দুর্গ নির্মাণ করা হয়েছিল?
ক. আকবর খ. শাহজাহান
গ. জাহাঙ্গীর ঘ. আওরঙ্গজেব উ. ঘ

ব্যাখ্যা : মোগল সম্রাট আওরঙ্গজেব (বাদশাহ আলমগীর) এর শাসনামলে তার তৃতীয় পুত্র শাহজাদা মোহাম্মদ আযম ১৬৭৮ সালে ঢাকার বুড়িগঙ্গার তীরে লালবাগ কেল্লা/ লালবাগ দুর্গ এর নির্মাণ কাজ শুরু করেন। এর নির্মাণ কাজ শেষ করেন সুবেদার শায়েস্তা খাঁ। লালবাগ কেল্লার পূর্বনাম আওরঙ্গবাদ দুর্গ। প্রসঙ্গত লালকেল্লা দিল্লিতে অবস্থিত (নির্মাতা-সম্রাট শাহজাহান)।

৮৪. 'অরুণ আলো' ও রাঙা প্রভাত' কী?
ক. বাংলাদেশ নৌবাহিনীর দুটি যুদ্ধ জাহাজ
খ. বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের দুটি উড়োজাহাজ
গ. নতুন দুটি পিকনিক স্পট
ঘ. দুটি যাত্রীবাহী জাহাজ উ. খ

ব্যাখ্যা : বাংলাদেশের জাতীয় বিমান সংস্থা হচ্ছে 'বিমান বাংলাদেশ এয়ারলাইনস লিমিটেড। এর প্রতীক হচ্ছে উদীয়মান সূর্যের মধ্যে উড়ন্ত বলাকা। বিমান বাংলাদেশ এয়ারলাইনস এর উল্লেখযোগ্য অত্যাধুনিক উড়োজাহাজ হচ্ছে– অরুণ আলো, রাঙা প্রভাত, ময়ূরপঙ্খী, গাঙচিল, সোনারতরী, অচিনপাখি, রাজহংস ইত্যাদি।

৮৫. FAO এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক. জেনেভা খ. রোম
গ. প্যারিস ঘ. নিউইয়র্ক উ. খ

ব্যাখ্যা : FAO এর পূর্ণরূপ Food and Agriculture Organization। এটি ১৯৪৫ সালে প্রতিষ্ঠিত এবং ১৯৪৬ সালে জাতসিংঘের বিশেষ সংস্থার মর্যাদা লাভ করে। এর সদর দপ্তর ইতালির রোমে অবস্থিত। আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD) এর সদর দপ্তরও রোমে অবস্থিত।

৮৬. জাতিসংঘের অঙ্গসংস্থা নয় কোনটি?
ক. বিশ্বস্বাস্থ্য সংস্থা খ. আন্তর্জাতিক রেডক্রস
গ. বিশ্ব খাদ্য সংস্থা ঘ. আন্তর্জাতিক আদালত উ. খ

ব্যাখ্যা : জাতিসংঘের ৬টি মূল অঙ্গ সংস্থার মধ্যে একটি হচ্ছে আন্তর্জাতিক আদালত (International Court of Justice)। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO), বিশ্ব খাদ্য ও কৃষি সংস্থা (FAO) জাতিসংস্থার বিশেষায়িত সংস্থা। কিন্তু আন্তর্জাতিক রেডক্রস জাতিসংঘের কোন সংস্থা নয়। এটি স্বেচ্ছাসেবী ও দাতব্য সংস্থা। হেনরি ডুনান্ট ১৮৬৩ সালে রেডক্রস প্রতিষ্ঠা করেন।

৮৭. আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?
ক. ঢাকা খ. বেইজিং
গ. নিউইয়র্ক ঘ. প্যারিস উ. ক

ব্যাখ্যা : আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (IMLT) ঢাকা সেগুনবাগিচায় অবস্থিত। জাতিসংঘের তৎকালীন মহাসচিব কাফি আনান ১৫ মার্চ ২০০১ এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এটি উদ্বোধন করা হয় ২১ ফেব্রুয়ারি ২০১০।

৮৮. বিশ্ব পানি দিবস-
ক. ২২ এপ্রিল খ. ২১ মে
গ. ২২ জুন ঘ. ২২ মার্চ উ. ঘ

ব্যাখ্যা : ২২ মার্চ = বিশ্ব পানি দিবস, ২২ এপ্রিল = বিশ্ব ধরিত্রী দিবস, ২১ মে = আন্তর্জাতিক চা দিবস, ৫ জুন = বিশ্ব পরিবেশ দিবস।

৮৯. ২০১৪ সালের ১ জানুয়ারি কোন দেশ ১৮তম দেশ হিসেবে 'ইউরো' মুদ্রা চালু করে?
ক. গ্রীস খ. মাল্টা
গ. লাটভিয়া ঘ. রুমানিয়া উ. *

ব্যাখ্যা : বর্তমানে ইউরোজোনভুক্ত ২০টি দেশে ইউরো মুদ্রা চালু আছে। ২০২৩ সালের ১ জানুয়ারি ইউরোপীয় ইউনিয়নভুক্ত ২০তম দেশ হিসেবে ইউরো মুদ্রা চালু করে ক্রোয়েশিয়া। বুলগেরিয়া নতুন করে পরীক্ষামূলকভাবে ইউরো চালু করেছে। ইউরো মুদ্রার জনক রবার্ট মুন্ডেল।

৯০. বিশ্বকাপ ফুটবল ২০১৪'র জন্য নির্মিত বলের নাম কী?
ক. জাবুলানি খ. ব্রাজুকা
গ. ব্রাজিলা ঘ. ব্রাজিলিয়া উ. খ

ব্যাখ্যা : ২০২২ সালে কাতারে অনুষ্ঠিত ফিফা বিশ্বকাপের জন্য নির্মিত ফুটবলের নাম- 'আল রিহলা' এবং মাসকটের নাম- লা'ইব।

৯১. বিশ্বের শীর্ষ উড়োজাহাজ নির্মাতা কোম্পানির নাম কী?
ক. দাইউ খ. ফিনিক্স
গ. ফোর্ড ঘ. বোয়িং উ. ঘ

ব্যাখ্যা : বিশ্বের শীর্ষ এবং সবচেয়ে বড় উড়োজাহাজ নির্মাতা কোম্পানী বোয়িং (Boeing)। যুক্তরাষ্ট্রভিত্তিক বহুজাতিক উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান বোয়িং যাত্রা শুরু করে ১৯১৬ সালে উইলিয়াম বোয়িং এর হাত ধরে।

৯২. মানুষের ত্বকের রং নির্ভর করে যে উপাদানটির উপর-
ক. থায়ামিন খ. টায়ালিন
গ. মেলানিন ঘ. নিয়াসিন **উ. গ**

ব্যাখ্যা : মানবদেহের সর্ববৃহৎ অঙ্গ হল ত্বক। ত্বকের গায়ের রং মেলামিনের পরিমাণের উপর নির্ভর করে। ত্বকে মেলামিন কম থাকলে গায়ের রঙ ফর্সা এবং ত্বকে মেলামিন বেশি থাকলে গায়ের রং কালো হয়।

৯৩. নিম্নের কোনটি দিয়ে কম্পিউটার কমান্ড বা নির্দেশ দেয়?
ক. সিপিইউ খ. কী-বোর্ড
গ. প্রিন্টার ঘ. মনিটর **উ. খ**

ব্যাখ্যা : ইনপুট ডিভাইস দিয়ে কম্পিউটারে তথ্য/ কমান্ড/ নির্দেশ দেয়া হয়। কিবোর্ড একটি ইনপুট ডিভাইস। অন্যদিকে, মনিটর, প্রিন্টার হচ্ছে আউটপুট ডিভাইস, যেগুলো দিয়ে প্রক্রিয়াকৃত তথ্য পাওয়া যায়। CPU হচ্ছে কম্পিউটারের ব্রেইন/মস্তিষ্ক।

৯৪. বাংলাদেশের বিজ্ঞানীরা প্রথমবারের মতো কোন প্রাণীর 'জিনগত নকশা' উন্মোচন করেছেন?
ক. গরু খ. ভেড়া
গ. ছাগল ঘ. মহিষ **উ. ঘ**

ব্যাখ্যা : বাংলাদেশি বিজ্ঞানীরা প্রাণীর মধ্যে সর্বপ্রথম মহিষের জীবনরহস্য বা জিনগত নকশা উন্মোচন করেন ২০১৪ সালে। মহিষের জীবনরহস্য আবিষ্কার যৌথভাবে বাংলাদেশি বিজ্ঞানী মোঃ মনিরুজ্জামান এবং চীনা বিজ্ঞানী জিয়ান উয়ানং।

৯৫. পৃথিবীকে সমান দুই অংশে ভাগ করেছে কোন রেখা?
ক. সমাক্ষরেখা খ. নিরক্ষরেখা
গ. মেরুরেখা ঘ. দ্রাঘিমা রেখা **উ. খ**

ব্যাখ্যা : নিরক্ষরেখা পৃথিবীকে সমান দুইভাগে উত্তর ও দক্ষিণে বিভক্ত করে। নিরক্ষরেখা উত্তর দিকের পৃথিবীর অর্ধেক উত্তর গোলার্ধ, দক্ষিণ দিকের পৃথিবীর অর্ধেক দক্ষিণ গোলার্ধ। নিরক্ষরেখার অন্য নাম বিষুবরেখা, মহাবৃত্ত, গুরুবৃত্ত, ০° অক্ষরেখা।

৯৬. মৌমাছি পালন বিদ্যাকে বলা হয়-
ক. সেরিকালচার খ. টিস্যুকালচার
গ. এপিকালচার ঘ. পিসিকালচার **উ. গ**

ব্যাখ্যা :

কালচার (চাষ)	যে সম্পর্কিত
এপিকালচার	মৌমাছি পালন বিজ্ঞান
সেরিকালচার	রেশম চাষ বিষয়ক
টিস্যুকালচার	টিস্যু চাষ ও বৃদ্ধি
পিসিকালচার	মৎস চাষ বিষয়ক বিজ্ঞান

৯৭. কোন ভিটামিনের অভাবে স্কার্ভি রোগ হয়?
ক. ভিটামিন 'এ' খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'সি' ঘ. ভিটামিন 'ডি' **উ. গ**

ব্যাখ্যা :

ভিটামিন	অভাবজনিত রোগ
ভিটামিন সি	স্কার্ভি, সর্দি কাশি
ভিটামিন এ	রাতকানা (X_n)
ভিটামিন ডি	রিকেটস, অস্টিওমেলাসিয়া
ভিটামিন B_1	বেরিবেরি
ভিটামিন B_2	মুখে ও জিহ্বায় ঘা
ভিটামিন B_3	পেলেগ্রা
ভিটামিন B_{12}	রক্তশূন্যতা

৯৮. ডেঙ্গু জ্বরের বাহক-
ক. ডিলেক্স মশা খ. এনোফিলিস মশা
গ. এডিস মশা ঘ. পুরুষ মশা **উ. গ**

ব্যাখ্যা : ডেঙ্গু জ্বরের বাহক এডিস মশা। এটি আবার চিকুনগুনিয়া ও জিকা ভাইরাসেরও বাহক। অন্যদিকে কিউলেক্স মশা ফাইলেরিয়া এবং অ্যানোফিলিস মশা ম্যালেরিয়ার বাহক।

৯৯. কোন সংস্থা সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্যের অংশ ঘোষণা করেছে?
ক. ইউনিসেফ খ. ইউএনডিপি
গ. ইউনেস্কো ঘ. আইএমএফ **উ. গ**

ব্যাখ্যা : UNESCO সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্য ঘোষণা করেছে ১৯৯৭ সালে (৭৯৮তম)। UNESCO ঘোষিত বাংলাদেশে আরো দুটি বিশ্ব ঐতিহ্য হচ্ছে পাহাড়পুর বৌদ্ধ বিহার ও ষাট গম্বুজ মসজিদ (দুটোই ১৯৮৫ সালে)।

১০০. ২০১৩ সালে UNESCO'র ঐতিহ্যের তালিকার বাংলাদেশের কোন শিল্পকে অন্তর্ভুক্ত করা হয়েছে?
ক. মসলিন খ. জামদানি
গ. নকশীকাঁথা ঘ. রিক্সা নকশা **উ. খ**

ব্যাখ্যা : বাংলাদেশে ইউনেস্কোর অধরা সাংস্কৃতিক ঐতিহ্যের মধ্যে রয়েছে বাউলগান (২০০৮), জামদানী (২০১৩), মঙ্গল শোভাযাত্রা (২০১৬) শীতল পাটি (২০১৭)।

৯ম কলেজ/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৩

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ৪; বিষয় কোড : ৪০০; পরীক্ষার : ২৮.০৮.২০১৩

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১।] প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. চলিত ভাষার আদর্শরূপে গৃহীত ভাষাকে বলা হয়–
ক. সাধু ভাষা খ. প্রমিত ভাষা
গ. আঞ্চলিক ভাষা ঘ. উপভাষা উ. খ

ব্যাখ্যা : চলিত ভাষার আদর্শরূপে গৃহীহ ভাষাকে বলা হয়- প্রমিত ভাষা। যে ভাষা রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ পূর্ণরূপে বিদ্যমান থাকে, তাকে সাধু ভাষা বলা হয়। পৃথিবীর প্রত্যেক ভাষারই উপভাষা রয়েছে। 'উপভাষা' এর অন্যনাম 'আঞ্চলিক ভাষা'।

২. 'এইরূপ সাদৃশ্য অনেক চক্ষে পড়িবে'। -এর চলিতরূপ লিখুন।
ক. এইরূপ সাদৃশ্য অনেকগুলো চোখে পড়বে
খ. এরকম সাদৃশ্য অনেক চোখে পড়বে
গ. এরকম সাদৃশ্য অনেকগুলি চোখে পড়বে
ঘ. এ রকম সাদৃশ্য অনেকগুলো চক্ষে পড়বে উ. খ

ব্যাখ্যা : 'এইরূপ সাদৃশ্য অনেক চক্ষে পড়িবে।'– এর চলিতরূপ হল: 'এরকম সাদৃশ্য অনেক চোখে পড়বে।'

৩. চলিত ভাষার বৈশিষ্ট্য নয়–
ক. সহজবোধ্যতা খ. ধ্বন্যাত্মক শব্দের প্রাধান্য
গ. ভদ্র সমাজে ব্যবহারোপযোগিতা
ঘ. সংস্কৃত শব্দের বহুল ব্যবহার উ. ঘ

ব্যাখ্যা : চলিত ভাষার বৈশিষ্ট্য নয়– সংস্কৃত শব্দের বহুল ব্যবহার। সাধু ভাষাতে সংস্কৃত শব্দের বহুল ব্যবহার রয়েছে। কিন্তু, চলিত ভাষা তদ্ভব শব্দবহুল।

৪. 'কিয়ৎক্ষণ' শব্দের সঠিক চলিতরূপ কোনটি?
ক. কিছুক্ষণ খ. কিছু সময়ে
গ. কয়েকক্ষণে ঘ. কয়েক মুহূর্ত উ. ক

ব্যাখ্যা : 'কিয়ৎক্ষণ' শব্দের চলিতরূপ– কিছুক্ষণ।

৫. কোন বাক্যটি গুরুচণ্ডালী দোষমুক্ত?
ক. তার বাহিরে যাবার সময় হয়েছে
খ. সে এখন স্কুলে যাবে
গ. তার বিবাহ হয় নাই
ঘ. তাহারা রওয়ানা হলো উ. খ

ব্যাখ্যা : সাধু ও চলিত ভাষার মিশ্রণকে ব্যাকরণে 'গুরুচণ্ডালী দোষ' বলা হয়। অপশনে প্রদত্ত বাক্যগুলোর মধ্যে- 'সে এখন স্কুলে যাবে' -বাক্যটি গুরুচণ্ডালী দোষ মুক্ত। বাকি অপশনগুলোর শুদ্ধরূপ- (ক) তার বাইরে যাবার সময় হয়েছে। (গ) তার বিয়ে হয়নি। (ঘ) তারা রওয়ানা হলো।

৬. ব্যক্তিগত পত্রের ওপরের ডান কোণে কী লেখা হয়?
ক. সম্ভাষণ খ. প্রাপকের ঠিকানা
গ. মঙ্গলসূচক শব্দ
ঘ. পত্র লেখকের স্থান ও তারিখ উ. ঘ

ব্যাখ্যা : ব্যক্তিগত পত্রের ওপরের ডান কোণে- পত্র লেখকের স্থান ও তারিখ লেখা হয়।

৭. গঠন অনুসারে শব্দ কয় প্রকার?
ক. তিন খ. দুই
গ. পাঁচ ঘ. চার উ. খ

ব্যাখ্যা : গঠন অনুসারে শব্দ- দুই প্রকার। যথা: ১. মৌলিক শব্দ ও ২. সাধিত শব্দ। অর্থ অনুযায়ী শব্দ- ৩ প্রকার। যথা: ১. রূঢ় বা রূঢ়ি শব্দ, ২. যোগরূঢ় শব্দ, ৩. যৌগিক শব্দ। উৎপত্তি অনুযায়ী শব্দ- ৫ প্রকার। ১. তৎসম বা সংস্কৃত শব্দ, ২. অর্ধ-তৎসম শব্দ, ৩. তদ্ভব শব্দ, ৪. দেশি শব্দ, ৫. বিদেশি শব্দ।

৮. কোনটি ভাষার বৈশিষ্ট্য নয়?
ক. অর্থদ্যোতকতা
খ. ইশারা বা অঙ্গভঙ্গি
গ. মানুষের কণ্ঠনিঃসৃত ধ্বনি
ঘ. জনসমাজে ব্যবহার যোগ্যতা উ. খ

ব্যাখ্যা : ইশারা বা অঙ্গভঙ্গি ভাষার বৈশিষ্ট্য নয়। এগুলো শারীরিক বচন-ভঙ্গির অংশ।

৯. বাংলা গদ্যে প্রথম বিরাম চিহ্নের সুষ্ঠু ব্যবহার করেন–
ক. দেবেন্দ্রনাথ ঠাকুর খ. অক্ষয়কুমার দত্ত
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. রাজা রামমোহন রায় উ. গ

ব্যাখ্যা : বাংলা গদ্যে প্রথম বিরাম চিহ্নের সুষ্ঠু ব্যবহার করেন- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ১৮৪৭ সালে তাঁর 'বেতাল পঞ্চবিংশতি' গ্রন্থে সর্বপ্রথম বিরাম চিহ্নের প্রয়োগ দেখান। উল্লেখ্য যে, ব্যাকরণের 'বাক্যতত্ত্বে' বিরাম চিহ্ন বা যতি চিহ্ন আলোচিত হয়।

১০. প্রমথ চৌধুরী সম্পাদিত পত্রিকার নাম–
ক. তত্ত্ববোধিনী খ. সবুজপত্র
গ. কল্লোল ঘ. ধূমকেতু উ. খ

ব্যাখ্যা : প্রথম চৌধুরী সম্পাদিত পত্রিকার নাম– সবুজপত্র। এটি ১৯১৪ সালে প্রথম প্রকাশিত হয়। বাংলা ভাষায় চলিতরীতি প্রবর্তনে 'সবুজপত্র' পত্রিকা অগ্রণী ভূমিকা পালন করে।

১১. কোনটি প্রান্তিক বিরাম চিহ্ন নয়?
ক. দাঁড়ি খ. প্রশ্ন চিহ্ন
গ. কোলন ঘ. বিস্ময় চিহ্ন উ. গ

ব্যাখ্যা : 'কোলন' প্রান্তিক বিরাম চিহ্ন নয়। প্রান্তিক বিরামচিহ্নগুলো হচ্ছে– দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন ও বিস্ময়বোধক চিহ্ন। একটি অপূর্ণ বাক্যের পর অন্য আরেকটি বাক্য অবতারণা করতে কোলন চিহ্ন ব্যবহৃত হয়।

Job Navigator

১২. 'রাবণের চিতা' অর্থ কী?
ক. চির শান্তি খ. চির অশান্তি
গ. চির নিদ্রা ঘ. চির সুখী **উ. খ**
ব্যাখ্যা : 'রাবণের চিতা' একটি বাগধারা। এর অর্থ– চির অশান্তি।

১৩. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. শান্তনা খ. সান্ত্বনা
গ. সান্তনা ঘ. শান্ত্বনা **উ. খ**
ব্যাখ্যা : 'সান্ত্বনা' বানানটি শুদ্ধ। 'সান্ত্বনা' শব্দের অর্থ- আশ্বাস বা আশা দিয়ে শান্তকরণ; প্রবোধদান।

১৪. 'বীণাপাণি' কোন সমাস?
ক. বহুব্রীহি খ. অব্যয়ীভাব
গ. কর্মধারয় ঘ. তৎপুরুষ **উ. ক**
ব্যাখ্যা : বীণাপাণি– বীণা পানিতে যার। এটি বহুব্রীহি সমাস।

১৫. কোন বাক্যটি শুদ্ধ?
ক. আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্য অনুচিত
খ. আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত
গ. আবশ্যকীয় ব্যয়ে কার্পন্য অনুচিত
ঘ. আবশ্যক ব্যয়ে কার্পন্য অনুচিত **উ. খ**
ব্যাখ্যা : 'আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত'– বাক্যটি শুদ্ধ।

১৬. 'শর্বরী' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. দিবস খ. সকাল
গ. সন্ধ্যা ঘ. রাত্রি **উ. ঘ**
ব্যাখ্যা : শর্বরী শব্দের সমার্থক শব্দ– রাত্রি, যামিনী, বিভাবরী, নিশীথিনী ইত্যাদি।

১৭. নিচের কোন বিরাম চিহ্নকে পদ সংযোগ চিহ্ন বলে?
ক. ড্যাস খ. হাইফেন
গ. কোলন ঘ. সেমিকোলন **উ. খ**
ব্যাখ্যা : 'হাইফেন' চিহ্নকে পদ সংযোগ চিহ্ন বলে। কারণ, হাইফেন দ্বারা একাধিক বিচ্ছিন্ন পদকে সংযুক্ত করে দেখানো হয়। যেমন: মা-বাবা। আবার, কমা চিহ্ন দ্বারা একাধিক পদকে বিচ্ছিন্ন করে দেখানো হয়। যেমন: বই, খাতা ও কলম।

১৮. 'নদের চাঁদ' বাগধারাটি যে অর্থ প্রকাশ করে–
ক. কুৎসিত ব্যক্তি অথচ কর্মপটু
খ. দুর্বল ও ব্যক্তিত্বহীন
গ. সুন্দর ব্যক্তি অথচ অপদার্থ
ঘ. গম্ভীর অথচ কর্মপটু **উ. গ**
ব্যাখ্যা : 'নদের চাঁদ' বাগধারাটি 'সুন্দর ব্যক্তি অথচ অপদার্থ' অর্থ প্রকাশ করে।

১৯. 'সত্যি সেলুকাস, এ দেশ বড় বিচিত্র'। –কোন বাক্য?
ক. নির্দেশাত্মক বাক্য খ. বিস্ময়বোধক বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. জটিল বাক্য **উ. ঘ**
ব্যাখ্যা : 'সত্যি সেলুকাস, এদেশ বড় বিচিত্র।'– এটি একটি জটিল বাক্য। কারণ, একটি প্রধান প্রধান বাক্যের উপর নির্ভরশীল আরেকটি খণ্ড বাক্য আসলে, তাকে জটিল বা মিশ্র বাক্য বলে।

২০. কোন সমাসে উভয়পদই বিশেষ্য?
ক. দ্বন্দ্ব সমাস খ. কর্মধারয় সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. প্রাদি সমাস **উ. ক**
ব্যাখ্যা : 'দ্বন্দ্ব সমাসে' উভয় পদই বিশেষ্য হয়। যেমন: জায়া ও পতি = দম্পতি। এখানে- 'জায়া' ও 'পতি' উভয়ই বিশেষ্য পদ (Noun)।

২১. ভাব-সম্প্রসারণে ভাবের–
ক. পরিবর্তন ঘটে খ. অলঙ্করণ ঘটে
গ. সম্প্রসারণ ঘটে ঘ. সংকোচন ঘটে **উ. গ**
ব্যাখ্যা : ভাব-সম্প্রসারণে ভাবের- সম্প্রসারণ ঘটে। কারণ, ভাব-সম্প্রসারণের একটি প্রধান বাক্যের উপর ভিত্তি করে ভাবের অবতারণা করা হয়।

২২. 'বাংলা ভাষার জন্ম হয়েছে মাগধী প্রাকৃত থেকে।' – এ মতের প্রবক্তা কে?
ক. স্যার জর্জ আব্রাহাম গ্রিয়ারসন
খ. ড. মুহম্মদ শহীদুল্লাহ
গ. ড. সুকুমার সেন
ঘ. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উ. ঘ**
ব্যাখ্যা : বাংলা ভাষার জন্ম হয়েছে মাগধী প্রাকৃত থেকে– এই মতের প্রবক্তা ড. সুনীতি কুমার চট্টোপাধ্যায়। অন্যদিকে, ড. মুহম্মদ শহীদুল্লাহ এর মতে, বাংলা ভাষার জন্ম হয়েছে- গৌড়ী প্রাকৃত থেকে।

২৩. সমার্থক শব্দ ব্যবহার করলে–
ক. শব্দ ভাণ্ডার সমৃদ্ধ হয় খ. শব্দার্থ পরিবর্তিত হয়
গ. শব্দার্থের অবনতি ঘটে ঘ. শব্দ ভাণ্ডার হ্রাস পায় **উ. ক**
ব্যাখ্যা : সমার্থক শব্দ ব্যবহার করলে– শব্দ ভাণ্ডার সমৃদ্ধ হয়।

২৪. অব্যয়ীভাব সমাসে 'অব্যয়' পদের অর্থ–
ক. পরিবর্তিত হয় খ. প্রধান থাকে
গ. সংকুচিত হয় ঘ. বৃদ্ধি ঘটে **উ. খ**
ব্যাখ্যা : অব্যয়ীভাব সমাসে অব্যয় পদের অর্থ– প্রধান থাকে এবং অব্যয়ের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়।

২৫. চলিত ভাষায় নিম্নের কোনটির রূপ সংক্ষিপ্ত হয়?
ক. অনুসর্গ খ. বিশেষ্য
গ. অব্যয় ঘ. উপসর্গ **উ. ক**
ব্যাখ্যা : চলিত ভাষায় অনুসর্গ, সর্বনাম ও ক্রিয়াপদের রূপ সংক্ষিপ্ত হয়। যেমন: অনুসর্গ- হইতে (সাধু)-হতে (চলিত)।

২৬. How many parts are there in a letter?
ক. One খ. Two
গ. Four ঘ. Six **উ. ঘ**

ব্যাখ্যা : ইংরেজি চিঠিপত্রে সাধারণত ছয়টি পার্ট বা অংশ থাকে। সেগুলো হল : 1. Heading of the letter; 2. Salutation or Greeting; 3. The Body of the letter; 4. The Complimentary close; 5. The signature of the writer; 6. Superscription বা Address.

২৭. **Which one is the correct passive form of the sentence, 'Buy me a pen".**

ক. Let me buy a pen

খ. Let a pen be bought for me

গ. Let a pen be bought by me

ঘ. Let me a pen be bought **উ. খ**

ব্যাখ্যা : Imperative sentence-এ মূল verb এর পর ব্যক্তিবাচক object (me, us, you etc.) এর passive voice করার নিয়ম : Let + direct object + be + verb এর past participle + Indirect ব্যক্তিবাচক object বসে। কাজেই সঠিক উত্তর (খ)।

২৮. **Select the correct linking word to fill in the gap. "Read attentively– you should fail in the examination.**

ক. or খ. until

গ. lest ঘ. till **উ. গ**

ব্যাখ্যা : Lest অর্থ 'নতুবা'। Lest এর পরে subject + should/might + verb এর base form. সুতরাং, নিয়মানুসারে শূন্যস্থানে lest বসবে।

২৯. **Which one is very important in a 'News Report'?**

ক. An introduction

খ. A short eye-catching head line

গ. A description ঘ. Conclusion **উ. খ**

ব্যাখ্যা : News report অধিক গুরুত্বপূর্ণ হচ্ছে একটি A short eye catching headline (একটি ছোট আকর্ষণীয় শিরোনাম)।

৩০. **Cohesion and coherence is essential in :**

ক. Letter খ. Narration

গ. Preposition ঘ. Paragraph **উ. ঘ**

ব্যাখ্যা : Cohesion অর্থ সঙ্গতি এবং Coherence অর্থ সংলগ্নতা। এই Cohesion and coherence paragraph এর একটি অত্যাবশ্যক বিষয়। একটি Paragraph ভিতরে sequence প্রথম লাইন পড়ার পর পরবর্তী লাইনগুলো পড়ার আগ্রহ জাগে। একটি paragraph- এ এই ধারাবাহিকতার নিয়ম করাই হলো Cohesion and coherence.

৩১. **I heard the litle boy–**

ক. cry খ. crying

গ. cried ঘ. is crying **উ. খ**

ব্যাখ্যা : কোনো simple sentence-দুটি verb থাকলে সাধারণত দ্বিতীয়ত verb টির সাথে ing যুক্ত হয়। যদিও কিছু কিছু ক্ষেত্রে to + verb এর base form-ও হয়ে থাকে। সুতরাং সঠিক উত্তর (খ) crying.

৩২. **Select the correct Bangla translation of : "There is no room in the bench".**

ক. এ রুমে কোনো বেঞ্চ নাই।

খ. এ জায়গায় কোনো বেঞ্চ নাই।

গ. এ বেঞ্চে কোনো জায়গা নাই।

ঘ. এ বেঞ্চে কোনো কক্ষ নাই। **উ. গ**

ব্যাখ্যা : Room অর্থ কক্ষ বা জায়গা। উক্ত বাক্যটিতে room অর্থ 'জায়গা' হবে। কাজেই সঠিক উত্তর (গ)।

৩৩. **Do not run– debt.**

ক. to খ. with

গ. from ঘ. into **উ. ঘ**

ব্যাখ্যা : 'Run into' phrase টির অর্থ অর্থ 'কোনো কিছুতে পতিত হওয়া' বা 'আটকে পড়া'। সুতরাং, সঠিক উত্তর (ঘ)

৩৪. **Choose the correct sentence :**

ক. He lives here for five months.

খ. He is living here for five months.

গ. He has been living here for five months.

ঘ. He lived here for five months. **উ. গ**

ব্যাখ্যা : বর্তমানকালে কোনো কাজ বা ঘটনা শুরু হয়ে দীর্ঘ সময় ধরে চলছে, এইরূপ বোঝাতে Present Perfect Continuous হয়। কাজেই সঠিক উত্তর (গ)।

৩৫. **'Advice' is a–**

ক. verb খ. noun

গ. adjective ঘ. adverb **উ. খ**

ব্যাখ্যা : Advice শব্দটি Uncountable noun, যার অর্থ উপদেশ। অন্যদিকে advise শব্দটি verb, যার অর্থ উপদেশ দেয়া।

৩৬. **Synonym of 'Notable' is–**

ক. novelty খ. notion

গ. prominent ঘ. ordinary **উ. গ**

ব্যাখ্যা : Notable - অর্থ বিশিষ্ট, প্রখ্যাত, উল্লেখযোগ্য। Prominent অর্থ বিশিষ্ট, প্রখ্যাত, উল্লেখযোগ্য। যা Notable শব্দটির সমার্থক। অন্যদিকে, Novelty - অভিনবত্ব বা নতুনত্ব; Notion অর্থ ধারণা, ভাব; Ordinary -সাধারণ বা স্বাভাবিক; (যা Notable শব্দটির বিপরীত)। সুতরাং সঠিক উত্তর (গ)।

Select the correct English translation of : "The boy takes after his father".

ক. ছেলেটি তার পিতার দেখাশুনা করে।
খ. ছেলেটি তার পিতার অনুকরণ করে।
গ. ছেলেটি তার পিতার পদাংক অনুসরণ করে।
ঘ. ছেলেটি দেখতে তার পিতার মত। **উ. ঘ**

ব্যা : Takes after অর্থ কেউ কারো সদৃশ হওয়া, দেখতে একই রকম হওয়া। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

. It is high time we – our attitude.

ক. changed খ. should change
গ. have to change ঘ. change **উ. ক**

খ্যা : It is time/high timne + sub + verb এর past form বসে। সুতরাং সঠিক উত্তর (ক) changed.

. The verb of the word fool is–

ক. fool খ. befool
গ. foolish ঘ. foul **উ. খ**

াখ্যা : Fool হলো Noun, যার অর্থ বোকা। Fool এর verb 'befool' (বোকা বানানো)। সুতরাং, সঠিক উত্তর (খ)।

০. What you (to do) last night?

ক. What did you do last night?
খ. What you did last night?
গ. what had you done last night?
ঘ. What have you done last night? **উ. ক**

ব্যাখ্যা : কোনো sentence-এ অতীত নির্দেশক শব্দ বা phrase যেমন– last night, last week, yesterday, ago, long ago, etc. থাকলে তা past indefinite tense-কে নির্দেশ করে। সুতরাং সঠিক উত্তর (ক)।

৪১. 'Bill of fare' is–

ক. a chart of bus fare খ. a price list
গ. a valuable document
ঘ. a list of dishes at a restaurant **উ. ঘ**

ব্যাখ্যা : খাবারের রোস্তোরায় মূল্যসহ খাবারের তালিকাকে 'Bill of fare' বলে । সুতরাং সঠিক উত্তর হবে (ঘ) a list of dishes at a resturant।

৪২. Choose the correct sentence :

ক. He is confident to get a scholarship.
খ. He is confident of getting a scholarship.
গ. He is confident in getting a scholarship.
ঘ. He is confident at getting a scholarship. **উ. খ**

ব্যাখ্যা : Confidence (noun) এর পরে preposition 'in' বসে। Confidence in অর্থ কোনো ব্যক্তি বা কোনো কিছুতে বিশ্বাস বা আস্থা। তবে, Confident (adjective) এর পরে preposition 'of' বসে। Confident of - আশাবাদী হওয়া, নিশ্চিত হওয়া। সুতরাং সঠিক উত্তর (খ)।

৪৩. Which of the following is the correct indirect form of the given direct speech?
"What do you want?" He said to me.

ক. He asked me what I wanted.
খ. He asked me what I had wanted.
গ. He asked me what I want.
ঘ. He asked me what do you want. **উ. ক**

ব্যাখ্যা : Reported speech যদি Interrogative pronoun (যেমন who, whom, whose, what, which ইত্যাদি) দ্বারা আরম্ভ হয় তবে If/whether বসে না। বরং ঐ Interrogative শব্দটিই বসে। প্রশ্নে reporting verb Past Tense এবং Reported speech Present Indefinite Tense-এ রয়েছে। তাই নিয়ম অনুযায়ী সঠিক উত্তর হবে (ক)।

৪৪. Choose the right form of verb :
It's many years since I (meet) you.

ক. met খ. meeting
গ. shall meet ঘ. can meet **উ. ক**

ব্যাখ্যা : Present Indefinite tense + since + Past Indefinite tense হয়। তাই সঠিক উত্তর (ক) met.

৪৫. No animal is so big– the blue whale.

ক. than খ. from
গ. but ঘ. as **উ. ঘ**

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি Positive Degree এর উদাহরণ। Positive Degree তে সাধারণত So – as/as ...as দ্বারা দুটি ব্যক্তি বা বস্তুর মাঝে তুলনা করা হয়। অতএব সঠিক উত্তর (ঘ)।

৪৬. I cannot help– there.

ক. to go খ. went
গ. going ঘ. have gone **উ. গ**

ব্যাখ্যা : Cannot help/could not help এর পরে verb + ing হয়। অতএব, সঠিক উত্তর (গ) going.

৪৭. Della stood– the window.

ক. by খ. on
গ. up ঘ. for **উ. ক**

ব্যাখ্যা : 'পাশে' বোঝাতে 'stand by' হয়। এখানে, 'stand' এর past form 'stood' ব্যবহৃত হয়েছে। সুতরাং সঠিক উত্তর (ক)।

৪৮. The adjective of the word Humanity is–

ক. Human খ. Humane
গ. Humen ঘ. In human **উ. খ**

ব্যাখ্যা : Humanity (মানবিকতা) শব্দটি noun, যার adjecitve 'humane'(মনুষ্যত্বপূর্ণ) এবং Humanity এর verb হল- Humanize (মনুষ্যত্ব পূর্ণ করা বা হওয়া)। সুতরাং সঠিক উত্তর (খ)।

Job Navigator

৪৯. He divided the money– the two brothers.
ক. between খ. among
গ. in between ঘ. over উ. ক

ব্যাখ্যা : দুইজনের মধ্যে কোনো কিছু ভাগ করে দেওয়ার ক্ষেত্রে between এবং অনেকের মধ্যে কোনো কিছু ভাগ করে দেওয়ার ক্ষেত্রে among বসে। সুতরাং সঠিক উত্তর (ক)।

৫০. Slow and steady – the race.
ক. win খ. won
গ. has won ঘ. wins উ. ঘ

ব্যাখ্যা : And দ্বারা যুক্ত দুটি singular subject যদি একই ব্যক্তি বা বস্তু কিংবা একই ভাবকে নির্দেশ করে তখন verb singular হয়। সুতরাং সঠিক উত্তর (ঘ) wins.

৫১. ১০০ টাকায় ১৫টি কমলা ক্রয় করে, ১০০ টাকায় ১২টি কমলা বিক্রয় করলে, শতকরা কত লাভ বা ক্ষতি হবে?
ক. ২৫% ক্ষতি খ. ২০% লাভ
গ. ২৫% ক্ষতি ঘ. ২৫% লাভ উ. ঘ

ব্যাখ্যা : *সহজ শর্টকাট* : $\frac{\text{ব্যবধান} \times ১০০}{\text{বিক্রয় সংখ্যা}}$

$= \frac{৩ \times ১০০}{১২}$

= ২৫ টাকা

৫২. কালাম ও ৪ পুত্রের বয়সের গড় ২০ বছর। কালামের স্ত্রী ও ঐ ৪ পুত্রের বয়সের গড় ১৭ বছর। কালামের বয়স ৪০ বছর হলে, স্ত্রীর বয়স কত?
ক. ২৫ বছর খ. ৩০ বছর
গ. ২৪ বছর ঘ. ২৬ বছর উ. ক

ব্যাখ্যা : কালাম ও ৪ পুত্রের বয়সের সমষ্টি $(২০ \times ৫) = ১০০$ বছর
কালামের বয়স = ৪০ বছর
∴ ৪ পুত্রের মোট বয়স = ৬০ বছর
কালামের স্ত্রী ও ৪ পুত্রের বয়সের সমষ্টি $(১৭ \times ৫) = ৮৫$ বছর
৪ পুত্রের মোট বয়স = ৬০ বছর
∴ কালামের স্ত্রীর বয়স = ২৫ বছর

৫৩. ১৫টি ছাগলের মূল্য ৩টি গরুর মূল্যের সমান। ২০টি ছাগলের পরিবর্তে কয়টি গরু পাওয়া যাবে?
ক. ৪টি খ. ৫টি
গ. ৬টি ঘ. ১০টি উ. ক

ব্যাখ্যা : ১৫টি ছাগলের মূল্য = ৩টি গরুর মূল্য

∴ ১টি " " $= \frac{৩}{১৫}$ গরুর মূল্য

∴ ২০টি " " $= \frac{৩ \times ২০}{১৫}$ গরুর মূল্য

= ৪টি গরুর মূল্য

৫৪. নিচের কোনটি মূলদ সংখ্যা?
ক. $\sqrt{২}$ খ. $\sqrt[৩]{৮}$
গ. $\sqrt[৩]{৯}$ ঘ. $\sqrt[২]{৮}$ উ. খ

ব্যাখ্যা : শূন্য, স্বাভাবিক সংখ্যা, প্রকৃত ভগ্নাংশ, অপ্রকৃত ভগ্নাংশ, পূর্ণ বর্গমূল, পৌনঃপৌনিক দশমিকের সংখ্যা হল মূলদ সংখ্যা।

এখানে অপশন (খ) $\sqrt[৩]{৮}$

$= \sqrt[৩]{২^৩}$

$= (২^৩)^{\frac{১}{৩}}$

= ২। অর্থাৎ, $\sqrt[৩]{৮}$ একটি মূলদ সংখ্যা।

৫৫. $x^2 + x - (a+1)(a+2)$ কে উৎপাদকে বিশ্লেষণ করুন।
ক. $(x - a + 2)(x - a - 1)$
খ. $(x + a - 1)(x + a + 2)$
গ. $(x + a + 2)(x - a - 1)$
ঘ. $(x + a + 1)(x - a - 2)$ উ. গ

ব্যাখ্যা : $x^2 + x - (a+1)(a+2)$
$= x^2 + (q - p)x - pq$ [p= a + 1, q= a + 2 ধরে]
$= x^2 + qx - px - pq$
$= x(x + q) - p(x + q)$
$= (x + q)(x - p)$
$= (x + a + 2)(x - a - 1)$ [মান বসিয়ে]

৫৬. r ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের পরিধি কোনটি?
ক. $4\pi r^2$ খ. πr^2
গ. $2\pi r$ ঘ. $2\pi r^2$ উ. গ

ব্যাখ্যা : আমরা জানি, বৃত্তের ব্যাসার্ধ = r হলে,
বৃত্তের ব্যাস = 2r; বৃত্তের পরিধি = $2\pi r$ এবং বৃত্তের ক্ষেত্রফল = πr^2। [বৃত্তের সূত্র]

৫৭. $\log_3 27$ এর মান কত?
ক. 3 খ. 27
গ. 9 ঘ. 10 উ. ক

ব্যাখ্যা : $\log_3 27$
$= \log_3 3^3$
$= 3\log_3 3$ [সূত্র : $\log a^a = 1$]
$= 3 \times 1$
= 1 (উত্তর)

৫৮. $x+\frac{1}{x}=\sqrt{2}$ হলে, $x^4+\frac{1}{x^4}=?$

ক. -2 খ. 2

গ. 4 ঘ. 14 উ. ক

ব্যাখ্যা : এখানে, $x^4+\frac{1}{x^4}=(x^2)^2+\left(\frac{1}{x^2}\right)^2$

$=\left(x^2+\frac{1}{x^2}\right)^2-2.x^2.\frac{1}{x^2}$

$=\left\{\left(x+\frac{1}{x}\right)^2-2.x\frac{1}{x}\right\}^2-2$

$=\left\{\left(\sqrt{2}\right)^2-2\right\}^2-2$ [মান বসিয়ে]

$=(2-2)^2-2$

$=0-2$

$=-2$

৫৯. $x+y=2, x^2+y^2=4$ হলে, $x^3+y^3=$ কত?

ক. 25 খ. 16

গ. 9 ঘ. 8 উ. ঘ

ব্যাখ্যা : দেওয়া আছে, $x+y=2, x^2+y^2=4$

আমরা জানি, $x^2+y^2=(x+y)^2-2xy$

$\Rightarrow 4=(2)^2-2xy$ [মান বসিয়ে]

$\Rightarrow 4=4-2xy$

$\therefore xy=0$

এখন, x^3+y^3

$=(x+y)^3-3xy(x+y)$

$=(2)^3-3.0.2$ [মান বসিয়ে]

$=8-0=8$

৬০. $\sqrt[3]{-27}=?$

ক. 3 খ. 9

গ. -3 ঘ. -9 উ. ক

ব্যাখ্যা : $\sqrt[3]{-27}$

$=\sqrt[3]{(-3)^3}$

$=(-3^3)^{\frac{1}{3}}$

$=-3$

৬১. $\log_{\sqrt{5}}400=x$ হলে, x-এর মান কত?

ক. 4 খ. 5

গ. $2\sqrt{5}$ ঘ. $4\sqrt{5}$ উ. ক

ব্যাখ্যা : দেওয়া আছে, $\log_{\sqrt{5}}400=x$

$\Rightarrow\left(2\sqrt{5}\right)^x=400$

$\Rightarrow\left(2\sqrt{5}\right)^x=16\times25=2^4\times5^2$

$\Rightarrow\left(2\sqrt{5}\right)^x=2^4\times\left(\sqrt{5}\right)^4$

$\Rightarrow\left(2\sqrt{5}\right)^x=\left(2\sqrt{5}\right)^4$

$\therefore x=4$

৬২. একটি স্বাভাবিক সংখ্যার বর্গের সাথে সংখ্যাটি যোগ করলে তা পরবর্তী স্বাভাবিক সংখ্যার নয়গুণের সমান হয়। সংখ্যাটি কত?

ক. 7 খ. 8

গ. 9 ঘ. 10 উ. গ

ব্যাখ্যা : মনে করি, সংখ্যাটি = x

প্রশ্নানুসারে, $x^2+x=9(x+1)$

$\Rightarrow x^2+x=9x+9$

$\Rightarrow x^2-8x-9=0$

$\Rightarrow x^2-9x+x-9=0$

$\Rightarrow x(x-9)+1(x-9)=0$

$\Rightarrow (x-9)(x+1)=0$

$\therefore x-9=0$ অথবা, $x+1=0$

এখন, $x-9=0$

$\therefore x=9$

অথবা, $x+1=0$

$\therefore x=-1$ [ঋণাত্মক মান গ্রহণযোগ্য নয়]

$\therefore$ নির্ণেয় সংখ্যাটি = 9।

৬৩. $\tan\theta=\frac{3}{4}$ হলে, $\sin\theta$-এর মান কত?

ক. $\frac{5}{3}$ খ. $\frac{3}{5}$

গ. $\frac{4}{3}$ ঘ. $\frac{5}{4}$ উ. খ

ব্যাখ্যা :



লম্ব = 3, ভূমি = 4 হলে পিথাগোরাসের সূত্র অনুসারে অতিভুজ = 5 হবে।

$\therefore \sin\theta=\frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}=\frac{3}{5}$

Job Navigator

৬৪. ত্রিভুজ হওয়ার শর্ত কি?

ক. যে কোনো দুই বাহুর দৈর্ঘ্যের যোগফল তৃতীয় বাহুর দৈর্ঘ্য অপেক্ষা ক্ষুদ্রতর

খ. যে কোনো দুই বাহুর দৈর্ঘ্যের যোগফল তৃতীয় বাহুর দৈর্ঘ্য অপেক্ষা বৃহত্তর

গ. তিনটি বাহুর দৈর্ঘ্য সমান

ঘ. একটি কোণ সমকোণ **উ. খ**

ব্যাখ্যা : যে কোনো দুই বাহুর দৈর্ঘ্যের যোগফল তৃতীয় বাহুর দৈর্ঘ্য অপেক্ষা বৃহত্তর। না হয়, ত্রিভুজ হবে না। যেমন, সমকোণী ত্রিভুজের লম্ব = ৩ একক হলে, ভূমি = ৪ একক এবং অতিভূজ = ৫ একক। এখন এখানে, যে কোনো দুই বাহুর দৈর্ঘ্যের যোগ করলে তা তৃতীয় বাহুর দৈর্ঘ্য অপেক্ষা বৃহত্তর হবে।

৬৫. **যদি A = {2, 3}, B = {1, 2} এবং A ও B এর উপাদানগুলোর মধ্যে x > y সম্পর্কটি বিবেচনা থাকে, তবে অম্বয়টি–**

ক. {(2, 1) (2, 2) (3, 1)}

খ. {(2, 1), (3, 1) (3, 2)}

গ. {(1,2), (3, 1) (3, 2)}

ঘ. {(1, 2) (1, 3) (2, 3)} **উ. খ**

ব্যাখ্যা : প্রশ্নানুসারে,

অম্বয়টি $R = \{(x, y) : x \in A, y \in B$ এবং $x > y\}$

এখানে, $A \times B = \{2, 3\} \times \{1, 2\}$

$= \{(2, 1), (2, 2), (3, 1), (3, 2)\}$

∴ প্রদত্ত সম্পর্ক অনুযায়ী,

$R = \{(2, 1), (3, 1), (3, 2)\}$

৬৬. **একটি ভগ্নাংশের লব ও হরের সমষ্টি 5 এবং অন্তরফল 1 ভগ্নাংশটি কত?**

ক. $\frac{1}{4}$ খ. $\frac{2}{3}$

গ. $\frac{3}{2}$ ঘ. $\frac{4}{5}$ **উ. গ**

ব্যাখ্যা : মনে করি, ভগ্নাংশটির লব = x এবং হর = y

∴ ভগ্নাংশটি = $\frac{x}{y}$

প্রশ্নানুসারে, $x + y = 5$ ..... (i)

$x - y = 1$ ..... (ii)

করে, $2x = 6$

∴ $x = 3$

x এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,

$x + y = 5$

$\Rightarrow 3 + y = 5$ [মান বসিয়ে]

∴ $y = 2$

∴ ভগ্নাংশটি = $\frac{3}{2}$ [এটি একটি অপ্রকৃত ভগ্নাংশ]

৬৭. **দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৭ এবং তাদের গ. সা. গু. ৪ হলে, সংখ্যা দুটির ল. সা. গু. কত?**

ক. ১৪৪ খ. ১৪২

গ. ১৪০ ঘ. ১২০ **উ. গ**

ব্যাখ্যা : ধরি, সংখ্যা দুটি = ৫x ও ৭x

∴ ৫x ও ৭x এর গ. সা. গু. = x

শর্তমতে, x = ৪

আবার, ৫x ও ৭x এর ল. সা. গু. = ৩৫x

= ৩৫ × ৪ = ১৪০

∴ নির্ণেয় ল. সা. গু. = ১৪০

৬৮. **পানি ভর্তি একটি বালতির ওজন ১২ কেজি। বালতির অর্ধেক পানি ভর্তি হলে, তার ওজন দাঁড়ায় ৭ কেজি। খালি বালতির ওজন কত?**

ক. ৫ কেজি খ. ৭ কেজি

গ. ২ কেজি ঘ. ১ কেজি **উ. গ**

ব্যাখ্যা : পানি ভর্তি বালতির ওজন = ১২ কেজি। অর্থাৎ, পানির ওজন + বালতির ওজন = ১২ কেজি।

$\frac{১}{২}$ (অর্ধেক) পানি + বালতির ওজন = ৭ কেজি

অতএব, $\frac{১}{২}$ (অর্ধেক) পানির ওজন = ৫ কেজি

∴ সম্পূর্ণ পানির ওজন = (৫ × ২) = ১০ কেজি

∴ খালি বালতির ওজন = (১২ − ১০) = ২ কেজি

৬৯. $\frac{ab + b^2}{ab} \div \frac{a + b}{a} =$ কত?

ক. $\frac{a + b}{a^2}$ খ. $\frac{a}{b}$

গ. 1 ঘ. $\frac{a - b}{a^2}$ **উ. গ**

ব্যাখ্যা : $\frac{ab + b^2}{ab} \div \frac{a + b}{a}$

$= \frac{ab + b^2}{ab} \times \frac{a}{a + b}$

$= \frac{b(a + b)}{ab} \times \frac{a}{(a + b)}$

$= 1$

৭০. **ABC ত্রিভুজের AB = AC এবং ∠A = 80° হলে, ∠B = কত?**

ক. 40° খ. 50°

গ. 60° ঘ. 80° **উ. খ**

Job Navigator

ব্যাখ্যা :



যেহেতু ABC ত্রিভুজে, AB = AC ∴ ∠B = ∠C

আমরা জানি, ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি = 180°

∴ ∠B + ∠C + 80° = 180° [যেহেতু ∠A = 80°]

∴ ∠B + ∠C = 100°

∴ ∠B = 50° [যেহেতু ∠B = ∠C]

৭১. রহিম একটি কাজ ২০ দিনে, করিম ঐ কাজ ৩০ দিনে করতে পারে। তারা একত্রে কাজটি কত দিনে শেষ করতে পারবে?

ক. ৬ দিন খ. ১২ দিন

গ. ১৮ দিন ঘ. ৮ দিন **উ. খ**

ব্যাখ্যা : সহজ শর্টকাট: দিন $= \frac{AB}{A+B}$

$= \frac{২০ \times ৩০}{২০ + ৩০}$

$= \frac{৬০০}{৫০}$

$= ১২$

৭২. যদি কোনো বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর পরিমাণ ১০% বৃদ্ধি পায়, তবে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

ক. ২১% খ. ২৩%

গ. ২০% ঘ. ২২% **উ. ক**

ব্যাখ্যা : ধরি, বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য = ১০০ একক

∴ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = ১০০ × ১০০ বর্গ একক

= ১০,০০০ বর্গ একক

১০% বৃদ্ধিতে, বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য = ১১০ একক

∴ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = ১১০ × ১১০ বর্গ একক

= ১২,১০০ বর্গ একক

∴ ক্ষেত্রফল বৃদ্ধি = (১২,১০০ − ১০,০০০) বর্গ একক

= ২১০০ বর্গ একক

∴ ১০,০০০ বর্গ একক ক্ষেত্রফল বৃদ্ধি পায় = ২১০০ বর্গ একক

১ বর্গ একক ক্ষেত্রফল বৃদ্ধি পায় $= \frac{২১০০}{১০০০০}$ বর্গ একক

১০০ বর্গ একক ক্ষেত্রফল বৃদ্ধি পায় $= \frac{২১০০ \times ১০০}{১০০০০}$ বর্গ একক

= ২১ বর্গ একক

৭৩. ১ হতে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যা কতটি?

ক. ১৪টি খ. ১৮টি

গ. ১৫টি ঘ. ২০টি **উ. গ**

ব্যাখ্যা : ১ হতে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হল : ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭। অর্থাৎ, ১ হতে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ১৫টি। তবে, ১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা ২৫টি।

৭৪. $\frac{৩}{৪}, \frac{২}{৫}, \frac{১}{৬}$ ও $\frac{৫}{৮}$ এর মধ্যে কোনটি বৃহত্তম?

ক. $\frac{৩}{৪}$ খ. $\frac{২}{৫}$

গ. $\frac{১}{৬}$ ঘ. $\frac{৫}{৮}$ **উ. ক**

ব্যাখ্যা : $\frac{৩}{৪} \times \frac{২}{৫} = ১৫ > ৮$, তাহলে $\frac{৩}{৪}$ ও $\frac{২}{৫}$ এর মধ্যে $\frac{৩}{৪}$ বড়

$\frac{৩}{৪} \times \frac{১}{৬} = ১৮ > ৪$, তাহলে $\frac{৩}{৪}$ ও $\frac{১}{৬}$ এর মধ্যে $\frac{৩}{৪}$ বড়।

$\frac{৩}{৪} \times \frac{৫}{৮} = ২৪ > ২০$, তাহলে $\frac{৩}{৪}$ ও $\frac{৫}{৮}$ এর মধ্যে $\frac{৩}{৪}$ বড়

এরকম আড়াআড়ি গুণ করে যার লব বড় হবে সেটিই বড়।

৭৫. কোনটি বৃত্তের সমীকরণ?

ক. $ax^2 + bx + c = 0$ খ. $y^2 = ax$

গ. $3x^2 + 3y^2 = 15$ ঘ. $y^2 = 4x + 4$ **উ. গ**

ব্যাখ্যা : জানা আছে, বৃত্তের সমীকরণ $(x-h)^2 + (y-k)^2 = r^2$;

যেখানে, বৃত্তের কেন্দ্র (h, k) ও বৃত্তের ব্যাসার্ধ = r

এখানে সমীকরণ, $3x^2 + 3y^2 = 15$

$\Rightarrow x^2 + y^2 = 5$

$\Rightarrow (x-o)^2 + (y-o)^2 = (\sqrt{5})^2$

যেখানে বৃত্তের কেন্দ্র (0, 0) এবং বৃত্তের ব্যাসার্ধ $\sqrt{5}$। যেটি একটি বৃত্তের সমীকরণ। অতএব, সঠিক উত্তর অপশন (গ)।

৭৬. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে চরমপত্র পাঠ করতেন–

ক. তোফায়েল আহমেদ খ. আব্দুল গাফ্ফার চৌধুরী

গ. সুনীল গঙ্গোপাধ্যায় ঘ. এম. আর. আখতার মুকুল **উ. ঘ**

ব্যাখ্যা : স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অত্যন্ত জনপ্রিয় অনুষ্ঠান ছিল 'চরমপত্র'। চরমপত্রের স্ক্রিপ্ট লিখতেন এবং পাঠ/উস্থাপনা করতেন এম আর আখতার মুকুল। 'জল্লাদের দরবার' নামে : স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে তিনি আরেকটি অনুষ্ঠান করতেন।

৭৭. মুজিবনগর সরকারের ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী কে ছিলেন?

ক. ক্যাপ্টেন এম. মনসুর আলী খ. তাজউদ্দীন আহমদ

গ. খন্দকার মোশতাক আহমদ

ঘ. এ. এইচ. এম. কামারুজ্জামান **উ. ঘ**

ব্যাখ্যা : মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, উপরাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম, প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমেদ, অর্থমন্ত্রী ক্যাপ্টেন মনসুর আলী, আইন ও পররাষ্ট্রমন্ত্রী খন্দকার মোশতাক আহমেদ এবং স্বরাষ্ট্র, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী ছিলেন এ. এইচ এম কামারুজ্জামান।

৭৮. বাংলাদেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ কোন জেলায় অবস্থিত?

ক. চট্টগ্রাম খ. খাগড়াছড়ি
গ. বান্দরবান ঘ. রাঙ্গামাটি **উ. গ**

ব্যাখ্যা : বাংলাদেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ তাজিং ডং বা বিজয়। দ্বিতীয় ও তৃতীয় সর্বোচ্চ পর্বতশৃঙ্গ যথাক্রমে কেওক্রাডং ও চিম্বুক। এই সবগুলোই বান্দরবান জেলায় অবস্থিত। আর বাংলাদেশের সবচেয়ে বৃহত্তম ও সবচেয়ে উঁচু পাহাড় বৃহত্তর ময়মনসিংহের 'গারো পাহাড়'।

৭৯. কোন দেশে বাংলা দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা পেয়েছে?

ক. আইভরি কোস্ট খ. লাইবেরিয়া
গ. সিয়েরা লিওন ঘ. মিশর **উ. গ**

ব্যাখ্যা : পশ্চিম আফ্রিকার দেশ সিওরালিয়ন বাংলাকে তাদের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে।

৮০. বাংলাদেশ কত সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে?

ক. ১৯৭২ সালে খ. ১৯৭৪ সালে
গ. ১৯৮০ সালে ঘ. ১৯৮২ সালে **উ. খ**

ব্যাখ্যা : বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম দেশ হিসেবে সদস্যপদ লাভ করে ১৯৭৪ সারের ১৭ সেপ্টেম্বর সাধারণ পরিষদের ২৯তম অধিবেশনে। আর ২৫ সেপ্টেম্বর ১৯৭৪ সালের অধিবেশনেই বঙ্গবন্ধু জাতিসংঘের সাধারণ পরিষদে বাংলায় ভাষণ দেন।

৮১. জাতিসংঘের কার্যকরী সভা কোনটি?

ক. সাধারণ পরিষদ খ. নিরাপত্তা পরিষদ
গ. সচিবালয় ঘ. অছি পরিষদ **উ. খ**

ব্যাখ্যা : জাতিসংঘের ৬টি মূল অঙ্গসংগঠন আছে। এগুলোর মধ্যে জাতিসংঘের কার্যকরী সভা (নির্বাহী পরিষদ) হচ্ছে নিরাপত্তা পরিষদ (Security Council)। ৫টি স্থায়ী ও ১০টি অস্থায়ী মোট ১৫টি সদস্য দেশ নিয়ে এটি গঠিত।

৮২. ভৌগোলিকভাবে গুরুত্বপূর্ণ কোন একটি কাল্পনিক রেখা বাংলাদেশের উপর দিয়ে গেছে?

ক. মূল মধ্যরেখা খ. আন্তর্জাতিক তারিখ রেখা
গ. মকর ক্রান্তি রেখা ঘ. কর্কট ক্রান্তি রেখা **উ. ঘ**

ব্যাখ্যা : উত্তর গোলার্ধের ২৩.৫° উত্তর অক্ষরেখাকে বলা হয় Tropic of Cancer বা কর্কটক্রান্তি রেখা। ভৌগোলিকভাবে গুরুত্বপূর্ণ এ রেখাটি বাংলাদেশের মধ্যভাগ দিয়ে গেছে।

৮৩. ২০১২ সালের UNICEF এর তথ্য অনুযায়ী বাংলাদেশে পাঁচ বছরের কম বয়সী শিশু মৃত্যু প্রতি হাজারে–

ক. ৪০ জন খ. ৪৬ জন
গ. ৪৯ জন ঘ. ৫১ জন **উ. খ**

ব্যাখ্যা : ২০১২ সালের UNICEF এর তথ্য অনুযায়ী, বাংলাদেশে পাঁচ বছরের কম বয়সী শিশু মৃত্যু প্রতি হাজারে ৪৬জন। তবে, অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুযায়ী, এক বছরের কম বয়সী শিশু মৃত্যুর হার হাজারে ২২ জন।

৮৪. এশিয়ার নোবেলখ্যাত ম্যাগসেসে ২০১২ সালে বাংলাদেশ থেকে পুরস্কৃত হয়েছেন–

ক. অধ্যাপক কবীর চৌধুরী খ. হুমায়ূন আহমেদ
গ. সৈয়দা রিজওয়ানা হাসান
ঘ. অধ্যাপক মোজাফ্ফর আহমদ **উ. গ**

ব্যাখ্যা : ১৯৫৭ সালে ফিলিপাইন কর্তৃক প্রবর্তিত ম্যাগসেসে পুরস্কার এশিয়ার নোবেল হিসেবে পরিচিত। প্রথম বাংলাদেশি হিসেবে ১৯৭৮ সালে এ পুরস্কার লাভ করেন নারী উন্নয়নকর্মী তাহরুন্নেসা আব্দুল্লাহ। ২০১২ সালে সামাজিক নেতৃত্বে অবদানের জন্য এ পুরস্কার লাভ করেন পরিবেশবাদী সংগঠন BELA এর প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান।

৮৫. ২০১৬ সালে অলিম্পিক গেমস অনুষ্ঠিত হবে–

ক. রিওডি জেনিরোতে খ. টোকিওতে
গ. মেক্সিকো সিটিতে ঘ. জাকার্তায় **উ. ক**

ব্যাখ্যা : করোনা ভাইরাসের কারণে ২০২০ সালের ৩২তম অলিম্পিক গেইমস ২০২১ সালে অনুষ্ঠিত হয়- টোকিও, জাপান। ৩৩তম অলিম্পিক গেমস অনুষ্ঠিত হবে ২০২৪ সালে প্যারিস, ফ্রান্স। উল্লেখ্য যে, ১৯৮৪ সালে ২৩তম লস এঞ্জেলস, যুক্তরাষ্ট্র অলিম্পিকে প্রথম অংশগ্রহণ করে বাংলাদেশ।

৮৬. সুনামির (Tsunami) কারণ হলো–

ক. চন্দ্র ও সূর্যের আকর্ষণ খ. আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত
গ. সমুদ্র তলদেশের ভূমিকম্প ঘ. ঘূর্ণিঝড় **উ. গ**

ব্যাখ্যা : সুনামি একটি জাপানি শব্দ। এর অর্থ হলো সামুদ্রিক ঢেউ বা পোতাশ্রয়ের ঢেউ। সমুদ্র তলদেশে ভূমিকম্পের ফলে সুনামি হয়। পানির নিচে পারমাণবিক বা অন্য কোন বিস্ফোরণ, ভূপাত ইত্যাদি কারণেও সুনামি হতে পারে।

৮৭. নারিকা-১ কি?

ক. খরা সহিষ্ণু গম খ. খরা সহিষ্ণু ধান
গ. উন্নতজাতের কলা ঘ. উন্নতজাতের পেয়ারা **উ. খ**

ব্যাখ্যা : 'নারিকা-১' হচ্ছে আফ্রিকা (উগান্ডা) থেকে আমদানি খরা সহিষ্ণু ধান। লবণ সহিষ্ণু ধান BINA কর্তৃক উদ্ভাবিত বিনা-৮ ও বিনা-৯। মঙ্গা এলাকার জন্য বিখ্যাত ধান হচ্ছে বিআর ৩৩ ধান।

৮৮. UNIX কি?

ক. এক ধরনের সফ্টওয়্যার খ. একটি অপারেটিং সিস্টেম
গ. একটি গ্রাফিক্স প্রোগ্রাম
ঘ. এক ধরনের প্যাকেজ প্রোগ্রাম **উ. খ**

ব্যাখ্যা : UNIX একটি কম্পিউটার অপারেটিং সিস্টেম। এটি সর্বাপেক্ষা পুরাতন অপারেটিং সিস্টেম হিসেবে পরিচিত (১৯৬৯ সালে)। বর্তমানে সবচেয়ে জনপ্রিয় অপারেটিং সিস্টেম হচ্ছে MS Windows.

৮৯. 'ডটার অব পাকিস্তান' বলা হয় কাকে?
ক. বেনজির ভুট্টো খ. শিরিন এবাদি
গ. মালালা ইউসুফজাই ঘ. নূরজাহান উ. গ
ব্যাখ্যা : বেনজির ভুট্টো মুসলিম বিশ্বের প্রথম মহিলা প্রধানমন্ত্রী। তাঁকে 'ডটার অব দ্যা ইস্ট' বলা হয়। মালালা ইউসুফজাই - ডটার অব পাকিস্তান। তিনি সবচেয়ে কম বয়সে নোবেল পুরস্কার জয়ী (২০১৪ সালে, ১৭ বছর বয়সে)। শিরিন এবাদি- নোবেল বিজয়ী প্রথম মুসলিম নারী (ইরান, ২০০৩, শান্তিতে)

৯০. ইনসোমনিয়া একটি–
ক. নিদ্রাহীনতাজনিত রোগ খ. স্নায়ুরোগ
গ. চোখের রোগ ঘ. কোনোটিই নয় উ. ক
ব্যাখ্যা : Insomnia অর্থ অনিদ্রা। এটি নিদ্রাহীনতাজনিত একটি রোগ। সাধারণত প্রবীণরা এতে বেশি ভোগেন।

৯১. বাংলাদেশে প্রস্তাবিত গভীর সমুদ্র বন্দরটি কোথায় গড়ে তোলা হবে?
ক. কুতুবদিয়া খ. হাতিরদিয়া
গ. মংলা ঘ. সোনাদিয়া উ. *
ব্যাখ্যা : বর্তমানে বাংলাদেশে ৩টি সমুদ্র বন্দর রয়েছে : চট্টগ্রাম, মংলা, ও পায়রা। ২০১২ চীনের সহযোগিতায় কক্সবাজারের মহেশখালীর সোনাদিয়ায় একটি গভীর সমুদ্র বন্দর নির্মাণের প্রস্তাব গৃহীত হলেও যুক্তরাষ্ট্র, জাপান ও ভারতের বিরোধিতার কারণে ২০২০ সালে সেই প্রকল্প বাতিল করা হয়। এবং ২০২০ সালে নতুন করে কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার মতারবাড়িতে নতুন করে গভীর সমুদ্রবন্দর নির্মাণের জন্য একনেকে অনুমোদন করা হয়। জাপানের সহযোগিতায় ২০২৬ সালের মধ্যে এটি নির্মিত হবে।

৯২. কোন দেশটি ল্যাটিন আমেরিকার অন্তর্ভুক্ত নয়?
ক. ব্রাজিল খ. আর্জেন্টিনা
গ. পেরু ঘ. পানামা উ. *
ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। অপশনের ৪টি দেশই ল্যাটিন আমেরিকার অন্তর্ভুক্ত।

৯৩. রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এডভোকেট বাংলাদেশের কততম রাষ্ট্রপতি?
ক. ১৮তম খ. ১৯তম
গ. ২০তম ঘ. ২১তম উ. ঘ
ব্যাখ্যা : এডভোকেট মোঃ আব্দুল হামিদ ২০১৩ সালে ২০তম মহামান্য রাষ্ট্রপতি হিসেবে নিয়োগ পান। ২০১৮ সালে ২১ তম হিসেবে টানা দ্বিতীয়বারের মতো রাষ্ট্রপতির দায়িত্ব নেন। বর্তমানে মোহাম্মদ সাহাবুদ্দিন ২২তম রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব পালন করছেন।

৯৪. কোন তারিখে উত্তর গোলার্ধে দিন সবচাইতে বড় এবং রাত সবচাইতে ছোট হয়?
ক. ২১ মার্চ খ. ২১ জুন
গ. ২৩ জুলাই ঘ. ২১ সেপ্টেম্বর উ. খ
ব্যাখ্যা : ২১ মার্চ ও ২৩ সেপ্টেম্বর পৃথিবীর সর্বত্র দিনরাত্রি সমান থাকে। ২১ জুন উত্তর গোলার্ধে দীর্ঘতম দিন এবং ক্ষুদ্রতম রাত। ২২ ডিসেম্বর উত্তর গোলার্ধে দীর্ঘতম রাত ও ক্ষুদ্রতম দিন। দক্ষিণ গোলার্ধে হবে উত্তর গোলার্ধের ঠিক বিপরীত ঘটনা।

৯৫. কোনটির সংক্রমণে যক্ষ্মা রোগ হয়?
ক. ভাইরাস খ. ব্যাকটেরিয়া
গ. ছত্রাক ঘ. প্রোটোজোয়া উ. খ
ব্যাখ্যা : যক্ষ্মা একটি ব্যাকটেরিয়া জনিত রোগ; যা বায়ুর মাধ্যমে ছড়ায়। ব্যাকটেরিয়া সৃষ্ট অন্যান্য রোগের মধ্যে রয়েছে। কলেরা, টাইফয়েড, আমাশয়, নিউমোনিয়া, ডিপথেরিয়া ইত্যাদি।

৯৬. সার্কভুক্ত কোন দেশে বিশ্ববিদ্যালয় নেই?
ক. মালদ্বীপ খ. ভুটান
গ. নেপাল ঘ. আফগানিস্তান উ. ক
ব্যাখ্যা : সার্কভুক্ত দেশ মোট ৮টি। এর মধ্যে মালদ্বীপে কোনো বিশ্ববিদ্যালয় নেই। সার্কভুক্ত দেশসমূহের বিশ্ববিদ্যালয় 'South Asian University' (SAU) ২০১০ সালে দিল্লিতে কার্যক্রম শুরু করেছে।

৯৭. 'শাবাশ বাংলাদেশ' ভাস্কর্যটির শিল্পী কে?
ক. হামিদুজ্জামান খ. মৃনাল সেন
গ. শামিম শিকদার ঘ. নিতুন কুণ্ডু উ. ঘ
ব্যাখ্যা : রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত 'শাবাস বাংলাদেশ' ভাস্কর্যের শিল্পী নিতুন কুণ্ডু। কারওয়ানবাজার সংলগ্ন 'সার্ক ফোয়ারা', সুপ্রীম কোর্ট সংলগ্ন 'কদম ফোয়ারা' এর শিল্পীও তিনি। হামিদুজ্জামানের বিখ্যাত ভাস্কর্য 'সংশপ্তক'। 'সংশপ্তক' জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত।

৯৮. পানির ঘনত্ব সবচেয়ে বেশি–
ক. 3°C তাপমাত্রায় খ. 4°C তাপমাত্রায়
গ. 5°C তাপমাত্রায় ঘ. 6°C তাপমাত্রায় উ. খ
ব্যাখ্যা : পানি একটি যৌগিক পদার্থ। পানির রাসায়নিক সংকেত H_2O। পানির ঘনত্ব তাপমাত্রার উপর নির্ভর করে। ৪° সেলসিয়াস তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি।

৯৯. 'লৌহ মানবী' হিসেবে খ্যাত সাবেক ব্রিটিশ প্রধানমন্ত্রী মার্গারেট থ্যাচার মৃত্যুবরণ করেন কোন তারিখে?
ক. ৮ মার্চ ২০১৩ খ. ১৮ মার্চ ২০১৩
গ. ৮ এপ্রিল ২০১৩ ঘ. ১৮ এপ্রিল ২০১৩ উ. ঘ
ব্যাখ্যা : ব্রিটেনের প্রথম নারী প্রধানমন্ত্রী মার্গারেট থ্যাচার। তিনি ১৯৭৯ থেকে ১৯৯০ দীর্ঘ ১১ বছর শক্ত হাতে ব্রিটেনের পরিচালনা করেন। 'লৌহমানবী' (Iron Lady) খ্যাত মার্গারেট থ্যাচারের আমলেই ১৯৮২ সালে আর্জেন্টিনার সাথে ব্রিটেনের 'ফকল্যান্ড যুদ্ধ' হয় এবং এই যুদ্ধে ব্রিটেন জয়ী হয়।

১০০. CIRDAP এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক. মেলবোর্ন খ. জাকার্তা
গ. ঢাকা ঘ. দিল্লী উ. গ
ব্যাখ্যা : CIRDAP এর পূর্ণরূপ হচ্ছে Centre on Integrated Rural Development for Asia and Pacific। খাদ্য ও কৃষি সংস্থা (FAO) এর উদ্যোগে ১৯৭৯ সালে প্রতিষ্ঠিত এই সংস্থার সদর দপ্তর ঢাকায় (সুপ্রিম কোর্টের পাশে) অবস্থিত।

৮ম কলেজ/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১২

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ৪০০; পরীক্ষার তারিখ : ০১.০৯.২০১২

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. 'অংশু' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. কুটুম খ. দীপ্তি
গ. দৃষ্টি ঘ. উজ্জ্বল **উ. খ**

ব্যাখ্যা : 'অংশু' শব্দের সমার্থক শব্দ দীপ্তি, কিরণ, জ্যোতি, দ্যুতি, আভা, বিভা, প্রভা ইত্যাদি। অন্যদিকে, কুটুম এর সমার্থক শব্দ- আত্মীয়। দৃষ্টি এর সমার্থক শব্দ- দর্শন, অবলোকন। উজ্জ্বল একটি বিশেষণবাচক শব্দ। এর সমার্থক শব্দ- আলোকিত, দীপ্তিমান, উদ্ভাসিত, শোভমান, ঝলমলে।

২. সমার্থক শব্দ ব্যবহার করলে বাক্যের–
ক. অর্থ পরিবর্তিত হয় খ. অর্থের অবনতি ঘটে
গ. সৌন্দর্য বৃদ্ধি পায় ঘ. সৌন্দর্য হ্রাস পায় **উ. গ**

ব্যাখ্যা : সমার্থক শব্দ ব্যবহার করলে বাক্যের সৌন্দর্য বৃদ্ধি পায়।

৩. 'পৃথিবী' শব্দের সমার্থক নয়–
ক. পৃথ্বী খ. মেদিনী
গ. প্রাণদ ঘ. ধরিত্রী **উ. গ**

ব্যাখ্যা : 'প্রাণদ' শব্দটি পৃথিবী শব্দের সমার্থক নয়। পৃথিবী শব্দের সমার্থক- পৃথ্বী, মহী, মেদিনী, ধরা, ধরিত্রী, ধরণি, অবনি, ভূমি ইত্যাদি। 'প্রাণদ' শব্দটি সমার্থক শব্দ- জল।

৪. বাগধারা বা বাগ্বিধি কোনো শব্দ বা শব্দগুচ্ছের–
ক. আভিধানিক অর্থ প্রকাশ করে
খ. বিশেষ অর্থ প্রকাশ করে
গ. আক্ষরিক অর্থ প্রকাশ করে
ঘ. অতিরিক্ত অর্থ প্রকাশ করে **উ. খ**

ব্যাখ্যা : বাগধারা বা বাগ্বিধি কোনো শব্দ বা শব্দ– গুচ্ছের বিশেষ অর্থ প্রকাশ করে। যেমন- 'ব্যাঙের সর্দি' বাগধারাটি দ্বারা 'অসম্ভব ঘটনা'-কে বোঝায়।

৫. তৎপুরুষ সমাসে কোন পদ প্রধান?
ক. পরপদ খ. পূর্বপদ
গ. উভয়পদ ঘ. অন্যপদ **উ. ক**

ব্যাখ্যা : তৎপুরুষ, দ্বিগু ও কর্মধারয় সমাসে পরপদ প্রধান হয়। অন্যদিকে, অব্যয়ীভাব সমাসে পূর্বপদের অর্থ প্রাধান্য পায়। দ্বন্দ্ব সমাসে উভয়পদের অর্থ প্রাধান্য পায়। বহুব্রীহি সমাসে পূর্বপদ বা পরপদ কোনো পদের অর্থ প্রাধান্য না পেয়ে সম্পূর্ণ ভিন্ন অর্থ প্রকাশ করে। অর্থাৎ, বহুব্রীহি সমাসে অন্যপদের অর্থ প্রাধান্য পায়।

৬. প্রান্তিক বিরাম চিহ্ন কোনটি?
ক. কমা খ. ড্যাশ
গ. সেমিকোলন ঘ. প্রশ্নচিহ্ন **উ. ঘ**

ব্যাখ্যা : প্রশ্নবোধক চিহ্ন, বিস্ময়সূচক চিহ্ন ও দাঁড়ি- এই তিনটি চিহ্ন প্রান্তিক বিরাম চিহ্ন।

৭. 'সাধুভাষা' পরিভাষাটি প্রথম ব্যবহার করেন–
ক. রাজা মনি মোহন রায় খ. রাজা রামমোহন রায়
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. অক্ষয় কুমার দত্ত **উ. খ**

ব্যাখ্যা : 'সাধুভাষা' পরিভাষাটি প্রথম ব্যবহার করেন রাজা রামমোহন রায়। 'সাধুভাষার জনক' হলেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। রাজা রামমোহন রায় তার 'বেদান্ত গ্রন্থ'-এ ১৮১৫ সালে সর্বপ্রথম এই পরিভাষাটি ব্যবহার করেন। রাজা রামমোহন রায় বাংলা ভাষায় প্রথম বাংলা ব্যাকরণের রচয়িতা। রাজা রামমোহন রায় রচিত প্রথম বাংলা ব্যাকরণের নাম 'গৌড়ীয় ব্যাকরণ'।

৮. 'ভাবনা চিন্তাহীন' কোন বাগধারাটির অর্থ প্রকাশ করে?
ক. সুখের পায়রা খ. খোদার খাসি
গ. যক্ষের ধন ঘ. বসন্তের কোকিল **উ. খ**

ব্যাখ্যা : 'ভাবনা চিন্তাহীন'/অলস/হৃষ্টপুষ্ট অর্থ প্রকাশক বাগধারাটি হচ্ছে– খোদার খাসি। অন্যদিকে, 'সুখের পায়রা', 'বসন্তের কোকিল' বাগধারা দুটি 'সুসময়ের বন্ধু' অর্থ প্রকাশ করতে ব্যবহৃত হয়। 'যক্ষের ধন' বাগধারাটি দ্বারা 'অতিশয় কৃপণ' বা 'কৃপণের ধন'-কে বোঝায়।

৯. ভাবের সার্থক ও সুসঙ্গত প্রসারণই–
ক. গবেষণাপত্র খ. প্রতিবেদন
গ. সার সংক্ষেপ ঘ. ভাবসম্প্রসারণ **উ. ঘ**

ব্যাখ্যা : ভাবের সার্থক ও সুসঙ্গত প্রসারণই ভাব সম্প্রসারণ। ভাব-সম্প্রসারণের ক্ষেত্রে একটি নির্দিষ্ট বাক্য বা খণ্ড বাক্যের উপর ভিত্তি করে ভাবের সম্প্রসারণ হয়। অন্যদিকে, কোনো একটি বিশদ বিষয়ের মূল কথা তুলে ধরা হয়- সার সংক্ষেপে। প্রতিবেদনের ক্ষেত্রে কোনো একটি সুনির্দিষ্ট বিষয় বা ঘটনার ওপর বস্তুনিষ্ঠ আলোকপাত করা হয়। সত্য অনুসন্ধানের বৈজ্ঞানিক প্রক্রিয়া হল গবেষণা। আর গবেষণা লিপিবদ্ধ হয় গবেষণাপত্রে।

১০. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. সূর্য উদয় হয়েছে? খ. তার সৌজন্যতায় মুগ্ধ হয়েছি
গ. যুক্তি খণ্ডন হয়েছে কিন্তু মুক্তি মেলেনি
ঘ. বিধি লঙ্ঘন হয়েছে **উ. গ**

ব্যাখ্যা : 'যুক্তি খণ্ডন হয়েছে কিন্তু মুক্তি মেলেনি'– বাক্যটি শুদ্ধ। অন্য বাক্যগুলোর শুদ্ধরূপ- (ক) সূর্য উদিত হয়েছে? (খ) তার সৌজন্যে মুগ্ধ হয়েছি। (ঘ) বিধি লঙ্ঘিত হয়েছে।

১১. 'লঙ্কা বাটা' এর সঠিক ব্যাস বাক্য কোনটি?
ক. লঙ্কা ও বাটা খ. যা লঙ্কা তাই বাটা
গ. লঙ্কার বাটা ঘ. বাটা যে লঙ্কা **উ. ঘ**

ব্যাখ্যা : 'লঙ্কা বাটা' এর ব্যাসবাক্য- বাটা যে লঙ্কা। এটি কর্মধারয় সমাস।

২. ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে বাংলা ভাষার উৎপত্তি কোন প্রাকৃত স্তর থেকে?
ক. মাগধী প্রাকৃত খ. গৌড়ীয় প্রাকৃত
গ. মহারাষ্ট্রী প্রাকৃত ঘ. অর্ধ মাগধী প্রাকৃত **উ. খ**

ব্যাখ্যা : ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, বাংলা ভাষার উৎপত্তি হয়েছে- গৌড়ীয় প্রাকৃত স্তর থেকে। অন্যদিকে, ড. সুনীতি কুমার চট্টোপাধ্যায়ের মতে, বাংলা ভাষার উৎপত্তি হয়েছে- মাগধী প্রাকৃত স্তর থেকে।

১৩. কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাস?
ক. গুরুদেব খ. মৌমাছি
গ. মহাজন ঘ. কাঁচামিঠে **উ. খ**

ব্যাখ্যা : মৌ আশ্রিত মাছি = মৌমাছি (মধ্যপদলোপী কর্মধারয় সমাস)। যিনি গুরু তিনি দেব = গুরুদেব (সাধারণ কর্মধারয়); মহৎ যে জন = মহাজন (সাধারণ কর্মধারয়); কাঁচা অথচ মিঠে = কাঁচামিঠে (সাধারণ কর্মধারয়)।

১৪. সংখ্যাবাচক শব্দ পূর্বে বসে সমষ্টি বা সমাহার বা মিলন বোঝালে কোন সমাস হয়?
ক. অব্যয়ীভাব খ. দ্বিগু
গ. বহুব্রীহি ঘ. কর্মধারয় **উ. খ**

ব্যাখ্যা : সংখ্যাবাচক শব্দ পূর্বে বসে সমষ্টি সমাহার বা মিলন বোঝালে দ্বিগু সমাস হয়। যেমন- শত অব্দের সমাহার = শতাব্দী (দ্বিগু সমাস)। অন্যদিকে, অব্যয়ীভাব সমাসে পূর্বপদে অব্যয় থাকে এবং অব্যয়ের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়। কর্মধারয় সমাসে পূর্বপদে বিভক্তি লোপ পেয়ে পরপদের অর্থ প্রাধান্য পায়। বহুব্রীহি সমাসে পূর্বপদ বা পরপদের কোনো পদের অর্থ না প্রধান্য দিয়ে সম্পূর্ণ ভিন্ন অর্থ দেয়।

১৫. 'ঔদ্ধত্য' শব্দের বিপরীত শব্দ কী?
ক. সরল খ. মহানুভব
গ. বিনয় ঘ. জ্ঞানী **উ. গ**

ব্যাখ্যা : 'ঔদ্ধত্য' শব্দের বিপরীত শব্দ- বিনয়। কিন্তু, 'উদ্ধত' শব্দের বিপরীত- বিনীত। মহানুভব শব্দের বিপরীদ- নিষ্ঠুর, জ্ঞানী এর বিপরীত- মূর্খ; সরল এর বিপরীত- কুটিল/জটিল/বক্র।

১৬. সাধুরীতিতে কোন পদটির দীর্ঘরূপ হয় না?
ক. বিশেষ্য খ. সর্বনাম
গ. অব্যয় ঘ. ক্রিয়া **উ. গ**

ব্যাখ্যা : সাধুরীতিতে অব্যয় পদটির দীর্ঘ রূপ হয় না।

১৭. যে সকল পদের সমন্বয়ে সমাস হয় তাকে কি বলে?
ক. সমস্ত পদ খ. সমস্যমান পদ
গ. পূর্বপদ ঘ. উভয়পদ **উ. খ**

ব্যাখ্যা : যে সকল পদের সমন্বয়ে সমাস হয় তাকে সমস্যমান পদ বলে। অন্যদিকে, সমাস নিষ্পন্ন পদটিকে বলে সমস্ত পদ।

১৮. 'যতই পরিশ্রম করবে ততই ফল পাবে'–
ক. নির্দেশক বাক্য খ. সরল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. জটিল বাক্য **উ. ঘ**

ব্যাখ্যা : 'যতই পরিশ্রম করবে ততই ফল পাবে'– এটি একটি জটিল বাক্য। কোনো বাক্যে 'যত...তত'- এই ধরনের সাপেক্ষ সর্বনাম থাকলে সেটি জটিল বা মিশ্র বাক্য হয়।

১৯. 'হরতাল' কী ধরনের শব্দ?
ক. তুর্কি খ. চীনা
গ. পাঞ্জাবি ঘ. গুজরাটি **উ. ঘ**

ব্যাখ্যা : হরতাল, খদ্দর ইত্যাদি গুজরাটি শব্দ।

২০. সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয় তাকে বলা হয়–
ক. উপমান কর্মধারয় খ. উপমিত কর্মধারয়
গ. রূপক কর্মধারয় ঘ. ইতিহাসবেত্তা **উ. খ**

ব্যাখ্যা : সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয় তাকে উপমিত কর্মধারয় সমাস বলে। আর সাধারণ গুণের উল্লেখ থাকলে তাকে উপমান কর্মধারয় সমাস বলে।

২১. ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি– এক কথায় কী হবে?
ক. ঐতিহাসিক খ. ইতিহাসবিদ
গ. ইতিহাস রচয়িতা ঘ. ইতিহাসবেত্তা **উ. ঘ**

ব্যাখ্যা : ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি– ইতিহাসবেত্তা। কিন্তু, ইতিহাস রচনা করেন যিনি, তাকে বলে- ঐতিহাসিক।

২২. বাক্যে এক পদের পর অন্যপদ শোনার ইচ্ছাকে কী বলে?
ক. আসক্তি খ. আকাঙ্ক্ষা
গ. যোগ্যতা ঘ. আসক্তি **উ. খ**

ব্যাখ্যা : বাক্যে একপদের পর অন্যপদ শোনার ইচ্ছাকে আকাঙ্ক্ষা বলে। বাক্যের অর্থসংগতি রক্ষার জন্য সুশৃংখল পদ বিন্যাসই- আসক্তি। বাক্যস্থিত পদগুলোর অন্তর্গত এবং ভাবগত মিললবন্ধনকে যোগ্যতা বলে।

২৩. একটি পত্রের বাইরের অংশের উপর যেটা থাকে তাকে বলা হয়–
ক. পত্রগর্ভ খ. শিরোনাম
গ. সম্ভাষণ ঘ. মূল বক্তব্য **উ. খ**

ব্যাখ্যা : একটি ব্যক্তিগত পত্রের ৬টি অংশ থাকে। তবে, পত্রের বাইরের অংশের যেটা থাকে তাকে বলা হয়– শিরোনাম। সম্ভাষণ, পত্রগর্ভ, মূল বক্তব্য একটি পত্রের ভিতরে থাকে।

২৪. ভাষার মূল উপকরণ কী?
ক. ধ্বনি খ. বাক্য
গ. শব্দ ঘ. বর্ণ **উ. খ**

ব্যাখ্যা : ভাষার মূল উপকরণ 'বাক্য'। ভাষার মূল উপাদান- ধ্বনি।

২৫. বাংলা ভাষার শব্দ সম্ভারকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে?
ক. দুইটি খ. তিনটি
গ. চারটি ঘ. পাঁচটি **উ. ঘ**

ব্যাখ্যা : বাংলা ভাষার শব্দ সম্ভারকে পাঁচটি ভাগে ভাগ করা হয়েছে। সেগুলো হল- ১. তৎসম শব্দ, ২. অর্ধ-তৎসম শব্দ, ৩. তদ্ভব শব্দ, ৪. দেশি শব্দ, ৫. বিদেশি শব্দ।

২৬. **Which one is the correct passive form of the sentence "Let Rahim all the truth."**
ক. I et the truth be told by him
খ. I et the truth be told by Rahim
গ. I et the truth is told by Rahim
ঘ. Let Rahim the truth be told **উ. ক**

ব্যাখ্যা : Let দ্বারা শুরু হওয়া Imperative sentence-কে passive করার নিয়ম : Let + subject + be + verb এর P.P. + by + subject এর object রূপ বসে। সুতরাং সঠিক উত্তর হবে (ক)।

২৭. **Choose the rigth Bangla translation of "It is now fifteen minutes past four."**
ক. এখন চারটা বেজে পনের মিনিট।
খ. এখন চারটা বাজতে পনের মিনিট।
গ. এখন চারটা বেজে পাঁচ মিনিট।
ঘ. এখন চারটা বাজতে পাঁচ মিনিট। **উ. ক**

ব্যাখ্যা : কোনো ঘন্টা বেজে যাওয়ার পর পরবর্তী মিনিট বোঝানোর জন্য past শব্দটি ব্যবহৃত হয়। যেমন- সাতটা বেজে ৪০ মিনিট- Forty minutes past seven.

২৮. **Your counduct admits–**
ক. to খ. for
গ. of ঘ. off **উ. গ**

ব্যাখ্যা : Admit of অর্থ অবকাশ থাকা বা সুযোগ থাকা। অতএব, সঠিক উত্তর (গ) of.

২৯. **Choose the correct English translation of "ফেন দিয়ে ভাত খায়, গল্প করে দই"।**
ক. Pride goeth before fall.
খ. Ill got ill spent.
গ. Small boast, big roast.
ঘ. Big boast, small roast. **উ. ঘ**

ব্যাখ্যা : 'ফেন দিয়ে ভাত খায়, গল্প করে দই'- এটি একটি প্রবাদ বাক্য যার সঠিক অনুবাদ অপশন (ঘ) Big boast, small roast.

৩০. **Mukta knows – sing.**
ক. well to খ. to
গ. herself to ঘ. how to **উ. ঘ**

ব্যাখ্যা : সবসময় সরাসরি Infinitive ব্যবহৃত হয় না। যেমন- 'know' verb এর পর সরাসরি 'to' না বসে 'how to' বসে এবং এর পর verb এর base form বসে। সুতরাং সঠিক উত্তর (ঘ) how to.

৩১. **Synonym of 'Candid' is–.**
ক. Devious খ. artful
গ. frank ঘ. cordial **উ. গ**

ব্যাখ্যা : Candid অর্থ সরল বা কুটিলতা বর্জিত। এখানে, frank অর্থ সরল বা স্পষ্টবাদী। যা Candid এর সমার্থক শব্দ। অন্যদিকে, অপশন (ক) devious - ভ্রান্ত, অসৎ; (খ) artful - শৈল্পিক; (ঘ) Cordial অর্থ আন্তরিক। কাজেই সঠিক উত্তর (গ) frank.

৩২. **The main idea of a paragraph lies in its–**
ক. first sentence খ. topic sentence
গ. body ঘ. conclusion **উ. খ**

ব্যাখ্যা : সাধারণত paragraph এর first sentence-ই main ideal থাকে। তবে first বাক্যে main idea না থাকলেও topic sentence-এ অবশ্যই paragraph এর main idea থাকে। সুতরাং সঠিক উত্তর। (খ) topic sentence.

৩৩. **Hardly had he entered the room when electricity–**
ক. went off খ. went of
গ. went away ঘ. went out **উ. ক**

ব্যাখ্যা : অপশন go off অর্থ বিচ্ছিন্ন হওয়া বা বিচ্ছিন্ন করা। প্রশ্ন প্রদত্ত বাক্যটি যেহেতু past perfect tense সেহেতু went off হবে। অন্যদিকে অপশন went of এর ব্যবহার নেই; went away - চলে গেল; went out -বাইরে যাওয়া। সুতরাং সঠিক উত্তর (ক) went off.

৩৪. **A report is usually written in–**
ক. indirect speech খ. direct speech
গ. short speech ঘ. implicit language **উ. ক**

ব্যাখ্যা : Report সাধারণত (ক) Indirect speech-এ লেখা হয়। এই ক্ষেত্রে 3rd person বেশি ব্যবহৃত হয়। উল্লেখ্য যে, Report কখনো implicit language বা দুর্বোধ্য ভাষায় লেখা হয় না। রিপোর্ট সকলের বোধগম্য সহজ ও প্রাঞ্জল ভাষায় লিখতে হয়।

৩৫. **What is the antonym of 'Zeal?**
ক. apathy খ. interest
গ. enthusiasm ঘ. sympathy **উ. ক**

ব্যাখ্যা : Zeal শব্দটির অর্থ প্রবল আগ্রহ বা প্রবল উদ্দীপনা। এখানে, apathy শব্দটির অর্থ ব্যাপক অনীহা বা অনাগ্রহ। যা Zeal শব্দটির antonym. অন্যদিকে, Interest -আগ্রহ; enthusiasm -গভীর আগ্রহ; sympathy -সহানুভূতি। অতএব, সঠিক উত্তর (ক)

৩৬. **Linkers are used in–**
ক. Report খ. Short story
গ. Essay ঘ. Paragraph **উ. ঘ**

ব্যাখ্যা : 'Linkers' এর অন্যনাম Transitions or Discourse makers. Wren, Martin, Nefield প্রমুখের মতে, paragraph-এ কেবল linkers ব্যবহৃত হয়। 'Linkers' paragraph-এ আইডিয়াকে সহজে বোধগম্য করতে সাহায্য করে। Short story, Report, Eassy তে নয়। কাজেই সঠিক উত্তর (ঘ) Paragraph.

৩৭. **Which one is the correct sentence?**
ক. I am more senior to Rahim.
খ. I am senior than Rahim.
গ. I am senior to Rahim.
ঘ. I am more senior senior than Rahim. **উ. গ**

ব্যাখ্যা : Senior, Junior, Superior, Inperior, preferable, prior ইত্যাদি কেবল comparative Degree - তে ব্যবহৃত হয়। এদের পূর্বে more এবং পরে than বসে না। এদের পরে than এর পরিবর্তে to ব্যবহৃত হয়। সুতরাং সঠিক উত্তর (গ)।

৩৮. **Which one of the following options is seeded to complete the sentence : 'I don't mind– a cup of tea.'**
ক. to take খ. took
গ. for taking ঘ. taking **উ. ঘ**

ব্যাখ্যা : Mind, stop, worth, past, etc এর পরে v + ing হয়। সুতরাং সঠিক উত্তর (ঘ) taking.

৩৯. **Choose the right form of verb in the bracket : If you wanted, I (help) you.**
ক. will help খ. would help
গ. would helped ঘ. would have helped **উ. খ**

ব্যাখ্যা : If + Past Indefinite Tense + sub + would/could/might + verb এর base form হবে। সুতরাং সঠিক উত্তর (খ) would help.

৪০. **What is the noun form of the word 'save'?**
ক. savage খ. secured
গ. safety ঘ. suggest **উ. গ**

ব্যাখ্যা : 'Save' একটি verb, Save' এর অর্থ সংরক্ষণ করা, রক্ষা করা। Save শব্দটির noun 'safety' (নিরাপত্তা)। অন্যদিকে, Save শব্দটির adjective 'safe' (নিরাপদ), Adverb 'safely' (নিরাপদভাবে)। কাজেই সঠিক উত্তর (গ) safety.

৪১. **Select the correct preposition to complete the sentence : I went – great sufferings.**
ক. on খ. for
গ. through ঘ. with **উ. গ**

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত পূর্ণাঙ্গ বাক্যটির অর্থ 'আমি ভীষণ বিপদের মধ্য দিয়ে সময় অতিবাহিত করছি।' কোনো কিছুর মধ্য দিয়ে বা ভিতর দিয়ে বোঝাতে 'through' preposition টি সাধারণত ব্যবহৃত হয়।

৪২. **Choose the correct sentence :**
ক. We should inform the police of the theft.
খ. We must inform the theft of the police.
গ. We must inform the police for the theft.
ঘ. We should inform the police by the theft. **উ. ক**

ব্যাখ্যা : কাউকে কোনো কিছু সম্পর্কে জানানোর ক্ষেত্রে বা অবহিত করা অর্থে Inform of হয়। সুতরাং, সঠিক উত্তর (ক)।

৪৩. **Which of the following is the correct indirect form of the given direct speech : 'How long will you carry me?' He said to me.**
ক. He asked me how long he will carry me.
খ. He asked me how long he would carry me.
গ. He asked me how long would he carry me.
ঘ. He asked me how long he should carry me.
উ. *

ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। তবে অপশন (খ) যদি 'He asked me how long I would carry him.' এইরকম হত, তাহলে বাক্যটি শুদ্ধ হত। এই অপশনটিতে Narration -এর subject পরিবর্তনের নিয়মটি মানা হয়নি। তাই এটিও ভুল।

৪৪. **Choose the adjective of the word 'Contribution'.**
ক. Contributative খ. Contributory
গ. Contributional ঘ. Contribute **উ. গ**

ব্যাখ্যা : 'Contribution' (অবদান) noun বাচক শব্দটির adjective হল contributional (অবদানমূলক). অন্যদিকে,'Contribution' এর verb 'contribute' (অবদান রাখা)। সুতরাং সঠিক উত্তর (গ)।

৪৫. **Choose the correct tag question of the following sentence. Let me see, the bus goes as ten past, —?**
ক. doesn't it খ. shall we
গ. will you ঘ. don't we **উ. গ**

ব্যাখ্যা : Imperative sentence Let me/Let him/Let her/Let them etc. দিয়ে শুরু হলে 'will you' দ্বারা tag করতে হবে। তবে Let us দিয়ে শুরু হলে 'shall we' হয়। সুতরাং সঠিক উত্তর (গ)।

৪৬. **He has come here with a view to (negotiate) with me.**
ক. negotiate খ. negotiates
গ. negotiated ঘ. negotiating **উ. ঘ**

ব্যাখ্যা : With a view to, look forward to, get used to ইত্যাদির এর পরে verb + ing হয়। সুতরাং সঠিক উত্তর (ঘ) Negotiating.

৪৭. **Choose the correct linking word to fill in the gap. You may accept the job on offer — you may wait for a better job.**
ক. till খ. until
গ. or ঘ. but **উ. গ**

ব্যাখ্যা : এখানে দুটো job এর offer দেওয়া হয়েছে, যেকোনো একটিকে বেছে নিতে হবে। তাই শূন্যস্থানে conjunction 'or' বসবে।

৪৮. **The client lodged a complaint– the cashier.**

ক. against খ. for
গ. with ঘ. by **উ. ক**

ব্যাখ্যা : কারো বিরুদ্ধে অভিযোগ উত্থাপন বোঝাতে complain against বসে। সুতরাং সঠিক উত্তর (ক) against.

৪৯. **Select the correct English translation of "তিনি পদত্যাগ করেছেন।"**

ক. He has resigned of his post.
খ. He has resigned from his post.
গ. He has resigned his post.
ঘ. He has been resigned his post. **উ. গ**

ব্যাখ্যা : কোনো পদ বা post থেকে সরাসরি পদত্যাগ করলে resign এর পর সাধারণত কোনো preposition ব্যবহৃত হয় না। যেমন– He has resigned his post. তবে কোনো প্রতিষ্ঠান বা গ্রুপ থেকে অব্যাহতি গ্রহণ করলে resign এর পর preposition form বসে। যেমন– He resigned from Gazi Group. সুতরাং সঠিক উত্তর (গ) He has resigned his post.

৫০. **How many parts are there in a paragraph?**

ক. one খ. two
গ. three ঘ. four **উ. গ**

ব্যাখ্যা : একটি paragraph এর প্রধানত তিনটি part থাকে। যথা) (১) Topic sentence (2) Body or Supporting details (৩) এবং Conclusion or closing sentence. তবে একটি paragraph-এ কেবল একটি paragraph তথা para থাকে।

৫১. **শতকরা বার্ষিক কত হার সুদে কোনো আসল ১০ বছরে সুদে-মূলে তিনগুণ হবে?**

ক. ১০% খ. ১২%
গ. ১৫% ঘ. ২০% **উ. ঘ**

ব্যাখ্যা : ধরি, আসল = ১০০ টাকা

∴ সুদে-মূলে তিনগুণ = ১০০ × ৩ = ৩০০ টাকা

∴ সুদ = (৩০০ − ১০০)= ২০০ টাকা

∴ ১০০ টাকার ১০ বছরের সুদ = ২০০ টাকা

∴ ১ টাকার ১০ বছরের সুদ = $\frac{২০০}{১০০}$ টাকা

∴ ১ টাকার ১ বছরের সুদ = $\frac{২০০}{১০০ \times ১০}$ টাকা

∴ ১০০ টাকার ১ বছরের সুদ = $\frac{২০০ \times ১০০}{১০০ \times ১০}$ টাকা

= ২০ টাকা

∴ সুদের হার = ২০%

৫২. **যদি A এবং B দুইটি সেট হয় তবে $A \cap (A \cup B) = A \cup (A \cap B)$ = কত?**

ক. $A \cup B$ খ. $A \cap B$
গ. A ঘ. B **উ. গ**

ব্যাখ্যা : মনে করি, A = {1, 2, 3} এবং B = {2, 3, 4}

এখন,

$A \cap (A \cup B) = \{1, 2, 3\} \cap (\{1, 2, 3\} \cup \{2, 3 4\})$

$= \{1, 2, 3\} \cap \{1, 2, 3, 4\}$

$= \{1, 2, 3\} = A$

আবার,

$A \cup (A \cap B) = \{1, 2, 3\} \cup \{1, 2, 3\} \cap \{2, 3, 4\})$

$= \{1, 2, 3\} \cup \{2, 3\}$

$= \{1, 2, 3\} = A$

∴ $A \cap (A \cup B) = A \cup (A \cap B) = A$

৫৩. **$x + 2y = 4$ এবং $\frac{x}{y} = 2$ হলে, x এর মান কত?**

ক. 0 খ. 12 গ. 1 ঘ. 2 **উ. ঘ**

ব্যাখ্যা : $\frac{x}{y} = 2$

$\Rightarrow x = 2y$..... (i)

এখন, $x + 2y = 4$ ..... (ii)

$\Rightarrow x + x = 4$ [মান বসিয়ে]

$\Rightarrow 2x = 4$

∴ $x = 2$

৫৪. **ত্রিভুজ ABC-এ BC বাহুকে D পর্যন্ত বাড়ানো হলো। $\angle A = 60°$, $\angle B = 90°$ হলে, $\angle ACD$ =?**

ক. 90° খ. 120°
গ. 150° ঘ. ১৬০° **উ. গ**

ব্যাখ্যা :



আমরা জানি, ত্রিভুজের বহিঃস্থ কোণ তার অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের সমষ্টির সমান।

∴ বহিঃস্থ $\angle ACD = \angle A + \angle B$

$= 90° + 60° = 150°$ (উত্তর)

৫৫. ত্রিভুজ ABC-এর BC = CA = AB = 5 সেন্টিমিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক. $\frac{25\sqrt{3}}{4}$ খ. $\frac{25\sqrt{3}}{6}$

গ. $\frac{25\sqrt{3}}{2}$ ঘ. $\frac{25\sqrt{3}}{7}$ উ. ক

ব্যাখ্যা : আমরা জানি, সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য = a হলে,

ক্ষেত্রফল = $\frac{\sqrt{3}}{4}a^2$

∴ ত্রিভুজটির ক্ষেত্রফল = $\frac{\sqrt{3}}{4}(5)^2$

$= \frac{25\sqrt{3}}{4}$

৫৬. $\sin^2 21° + \sin^2 69°$ = কত?

ক. –1 খ. 1

গ. $\frac{1}{2}$ ঘ. $\frac{1}{\sqrt{2}}$ উ. খ

ব্যাখ্যা : $\sin^2 21° + \sin^2 69°$

$= \sin^2 21° + \sin^2 (90° - 21°)$

$= \sin^2 21° + \cos^2 21°$

$= 1$

৫৭. $3.2^n - 4.2^{n-2}$ = কত?

ক. 2^{n+1} খ. 2^{n-1}

গ. 3 ঘ. 2^n উ. ক

ব্যাখ্যা : $3.2^n - 4.2^{n-2}$

$= 3.2^n - 2^2 . 2^{n-2}$

$= 3.2^n - 2^{2+n-2}$

$= 3.2^n - 2^n$

$= 2^n(3-1)$

$= 2^n 2$

$= 2^{n+1}$

৫৮. $\left(\sqrt{3} \times \sqrt{5}\right)^4$ এর মান কত?

ক. 30 খ. 60

গ. 225 ঘ. 115 উ. গ

ব্যাখ্যা : $\left(\sqrt{3} \times \sqrt{5}\right)^4$

$= (\sqrt{3})^4 \times (\sqrt{5})^4$

$= 3^2 \times 5^2$

$= 9 \times 25$

$= 225$

৫৯. $4a^2 + 9b^2$ রাশিটির সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে?

ক. 6ab খ. 12ab

গ. 18ab ঘ. 24ab উ. খ

ব্যাখ্যা : $4a^2 + 9b^2$

$= (2a)^2 + (3b)^2 + 2.2a.3b - 12ab$

$= (2a + 3b)^2 - 12ab$

অতএব, দেখা যাচ্ছে যে, রাশিটির সাথে 12ab যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে।

৬০. $\frac{৩}{৪}, \frac{৪}{৫}$ ও $\frac{৫}{৬}$ এর গ. সা. গু. কত?

ক. ৬০ খ. ৩০

গ. $\frac{১}{৩০}$ ঘ. $\frac{১}{৬০}$ উ. ঘ

ব্যাখ্যা : ভগ্নাংশের গ. সা. গু. = $\frac{\text{ভগ্নাংশের লবগুলোর গ. সা. গু.}}{\text{ভগ্নাংশের হরগুলোর ল. সা. গু.}}$

এখানে হর ৩, ৪, ৫ এর গ. সা. গু. = ১

এবং লব ৪, ৫, ৬ এর ল. সা. গু = ৬০

∴ নির্ণেয় গ. সা. গু. = $\frac{১}{৬০}$

৬১. দুইটি সংখ্যার অনুপাত ৩ ঃ ৪ এবং তাদের ল. সা. গু. ১৮০ হলে, বড় সংখ্যাটি কত?

ক. ৪০ খ. ৫০

গ. ৬০ ঘ. ৭০ উ. গ

ব্যাখ্যা : মনে করি, সংখ্যা দুটি যথাক্রমে = ৩x ও ৪x

প্রশ্নমতে, ৩ × ৪ × x = ১৮০

বা, x = $\frac{১৮০}{১২}$

∴ x = ১৫

∴ বড় সংখ্যাটি = ৪x = ৪ × ১৫ = ৬০।

৬২. $\log\sqrt{2^{16}}$ = কত?

ক. 8 খ. 6

গ. 9 ঘ. 4 উ. ক

ব্যাখ্যা : $\log\sqrt{2^{16}} = \log\sqrt{2}(\sqrt{2})^8$

$= 8.\log\sqrt{2}\sqrt{2}$

$= 8.1$

$= 8$

৬৩. $x^3 - x - 6$ এর উৎপাদকে বিশ্লেষিত রূপ কোনটি?

ক. $(x + 2)(x^2 + 2x + 3)$

খ. $(x - 2)(x^2 + 2x + 3)$

গ. $(x - 2)(x^2 - 2x + 3)$

ঘ. $(x + 2)(x^2 - 2x + 3)$ উ. খ

ব্যাখ্যা : $x^3 - x - 6$

$= x^3 - 2x^2 + 2x^2 - 4x + 3x - 6$

$= x^2(x - 2) + 2x(x - 2) + 3(x - 2)$

$= (x - 2)(x^2 + 2x + 3)$

Job Navigator

৬৪. $x = \sqrt{3} + \sqrt{2}$ হলে, $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত?

ক. 9 খ. 10

গ. 12 ঘ. কোনোটিই নয় উ. খ

ব্যাখ্যা : দেয়া আছে, $x = \sqrt{3} + \sqrt{2}$

$$\Rightarrow \frac{1}{x} = \frac{1}{\sqrt{3} + \sqrt{2}}$$

$$\Rightarrow \frac{1}{x} = \frac{\sqrt{3} - \sqrt{2}}{(\sqrt{3} + \sqrt{2})(\sqrt{3} - \sqrt{2})}$$

$$\Rightarrow \frac{1}{x} = \frac{\sqrt{3} - \sqrt{2}}{(\sqrt{3})^2 - (\sqrt{2})^2}$$

$$\Rightarrow \frac{1}{x} = \frac{\sqrt{3} - \sqrt{2}}{3 - 2}$$

$$\Rightarrow \frac{1}{x} = \frac{\sqrt{3} - \sqrt{2}}{1}$$

$$\therefore \frac{1}{x} = \sqrt{3} - \sqrt{2}$$

$$\therefore x + \frac{1}{x} = \sqrt{3} + \sqrt{2} + \sqrt{3} - \sqrt{2}$$

$$\therefore x + \frac{1}{x} = 2\sqrt{3}$$

$$\therefore x^2 + \frac{1}{x^2} = \left(x + \frac{1}{x}\right)^2 - 2.x.\frac{1}{x}$$

$$= (2\sqrt{3})^2 - 2 \quad \text{[মান বসিয়ে]}$$

$$= 12 - 2 = 10$$

৬৫. যদি $3^{x+2} = 81$ হয় তবে 3^{x-2} = কত?

ক. 1 খ. 0

গ. 4 ঘ. 3 উ. ক

ব্যাখ্যা : $3^{x+2} = 81$

বা, $3^{x+2} = 3^4$

বা, $x + 2 = 4$

বা, $x = 2$

এখন, 3^{x-2}

$= 3^{2-2}$ [x এর মান বসিয়ে]

$= 3^0$

$= 1$

৬৬. একটি আয়তক্ষেত্রের প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য ৪ মিটার বেশি। পরিসীমা ৫৬ মিটার হলে ক্ষেত্রফল কত?

ক. ১৮২ বর্গমিটার খ. ১৮৬ বর্গমিটার

গ. ১৯২ বর্গমিটার ঘ. ১৯৬ বর্গমিটার উ. গ

ব্যাখ্যা : মনে করি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = x মিটার

∴ আয়তক্ষেত্রের প্রস্থ হবে = (x − ৪) মিটার

প্রশ্নমতে, ২ × (x + x − ৪) = ৫৬

⇒ ২x − ৪ = ২৮

⇒ ২x = ৩২

∴ x = ১৬ মিটার

∴ আয়তক্ষেত্রের প্রস্থ = (x − ৪) মিটার

= ১৬ − ৪ = ১২ মিটার

∴ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = (১৬ × ১২) বর্গমিটার

= ১৯২ বর্গমিটার

৬৭. সবচেয়ে বড় সংখ্যা কোনটি?

ক. 0.0099 খ. 0.100

গ. $\frac{9}{100}$ ঘ. $\frac{9}{1000}$ উ. খ

ব্যাখ্যা : (ক) 0.0099 (খ) 0.100

(গ) $\frac{9}{100} = 0.09$ (ঘ) $\frac{9}{100} = 0.009$

সুতরাং, দেখা যাচ্ছে যে, অপশন (খ) বড়।

৬৮. ১ হতে ২০ পর্যন্ত মৌলিক সংখ্যা কয়টি হবে?

ক. ৯টি খ. ৭টি

গ. ৮টি ঘ. ১০টি উ. গ

ব্যাখ্যা : ১ হতে ২০ পর্যন্ত মৌলিক মোট ৮টি। ১ হতে ২০ পর্যন্ত মৌলিক মোট ৮টি সংখ্যাগুলো হল : ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭ ও ১৯।

৬৯. $3x - 4y = 10$ এবং $6x - 8y = 18$ এর সমাধান সেট কত?

ক. $\left(0, -\frac{5}{2}\right)$ খ. (3, 0)

গ. (2, 1) ঘ. কোনোটিই নয়

ব্যাখ্যা : দেওয়া আছে,

$3x - 4y = 10$ ..... (i) নং

$6x - 8y = 18$ ..... (ii) নং

(i) নং সমীকরণ হতে পাই $2(3x - 4y) = 2 \times 10$

$\Rightarrow 6x - 8y = 20$ ..... (iii) নং

অতএব, দেখা যাচ্ছে যে, x ও y এর এমন কোনো মান নেই যা দ্বারা একই সাথে $6x - 8y = 18$ এবং $6x - 8y = 20$ সমীকরণটি সিদ্ধ হয়। তাই উত্তর হবে অপশন (ঘ) কোনোটিই নয়।

৭০. $y = 4ax$ সমীকরণ দ্বারা কি বুঝায়?

ক. পরাবৃত্ত খ. অধিবৃত্ত

গ. মূল বিন্দুগামী সরলরেখা ঘ. কোনোটিই নয় উ. গ

ব্যাখ্যা : দেওয়া আছে, $y = 4ax$

এখানে, $4a = m$ ধরলে পাই $y = mx$, যা মূল বিন্দুগামী সরলরেখার সমীকরণ। অতএব সঠিক উত্তর হবে অপশন (গ) মূল বিন্দুগামী সরলরেখা।

Job Navigator

৭১. $\tan\theta = \frac{3}{4}$ হলে, $\text{cosec}\theta$-এর মান কত?

ক. $\frac{3}{5}$ খ. $\frac{5}{3}$

গ. $\frac{4}{3}$ ঘ. $\frac{5}{4}$ উ. খ

ব্যাখ্যা :



আমরা জানি, $\tan\theta = \frac{\text{লম্ব}}{\text{ভূমি}}$

$= \frac{3}{4}$

$\therefore$ লম্ব = 3, এবং ভূমি = 4

$\therefore$ অতিভুজ $= \sqrt{3^2 + 4^2}$

$= \sqrt{9 + 16}$

$= \sqrt{25} = 5$

আমরা জানি, $\text{cosec}\theta = \frac{\text{অতিভুজ}}{\text{লম্ব}}$

$= \frac{5}{3}$ (উত্তর)

৭২. $\log_2\sqrt{_5}400 = x$ হলে x-এর মান কত?

ক. 400 খ. 10

গ. 4 ঘ. $2\sqrt{3}$ উ. গ

ব্যাখ্যা : দেওয়া আছে, $\log_2\sqrt{_5}400 = x$

$\therefore \left(2\sqrt{5}\right)^x = 400$

বা, $\left(2\sqrt{5}\right)^x = (20)^2$

বা, $\left(2\sqrt{5}\right)^x = (4\times5)^2$

বা, $\left(2\sqrt{5}\right)^x = \left(2\sqrt{5}\right)^4$

$\therefore x = 4$

৭৩. $x - y = 1, xy = 56$ হলে $x + y =$ কত?

ক. 16 খ. 15

গ. 225 ঘ. 221 উ. খ

ব্যাখ্যা : $(x + y)^2 = (x - y)^2 + 4xy$

$= (1)^2 + 4 \times 56$ [মান বসিয়ে]

$= 1 + 224$

$\therefore x + y = \sqrt{225}$

$\therefore x + y = 15$

৭৪. p এবং q বিজোড় সংখ্যা হলে নিম্নে কোন রাশিটি জোড় সংখ্যা হবে?

ক. $p + q + 1$ খ. $p + q$

গ. $p + q - 1$ ঘ. কোনোটিই নয় উ. খ

ব্যাখ্যা : মনে করি, $p = 1$ এবং $q = 3$

তাহলে, অপশন (ক) $p + q + 1 = 1 + 3 + 1 = 5$ (বিজোড়)

অপশন (খ) $p + q = 1 + 3 = 4$ (জোড়)

অপশন (গ) $p + q - 1 = 1 + 3 - 1 = 3$ (বিজোড়)

অতএব উত্তর হবে অপশন : (খ)।

75. ABCD সামান্তরিকের DC ভূমিকে E পর্যন্ত বর্ধিত করা হল, $\angle BAD = 100°$ হলে $\angle BCE =$ কত?

ক. 60° খ. 80°

গ. 90° ঘ. 100° উ. খ

ব্যাখ্যা : আমরা জানি, সামান্তরিকের বিপরীত কোণগুলো পরস্পর সমান।



$\therefore$ ABCD সামান্তরিকের $\angle BCD = \angle BAD = 100°$

$\therefore \angle BCE = 180° - 100°$

$\therefore \angle BCE = 80°$ (উত্তর)

৭৬. মুক্তিযুদ্ধের সংরক্ষিত স্থান 'শহীদ সাগর' কোথায় অবস্থিত?

ক. বরগুনা খ. নোয়াখালী

গ. খুলনা ঘ. নাটোর উ. ঘ

ব্যাখ্যা : মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত ও সংরক্ষিত স্থান 'শহীদ সাগর' নাটোর জেলার লালপুর উপজেলায় অবস্থিত। শহীদ সাগর নামকরণের পূর্বে পুকুরটির নাম ছিল 'গোপাল সাগর'। নাটোরের নর্থ বেঙ্গল চিনি কারখানার সামনের পুকুরে ১৯৭১ সালের মে মাসে অনেককে হত্যা করে ফেলা হয়।

৭৭. বাংলাদেশের প্রথম নারী এভারেস্ট বিজয়ী কে?

ক. নিশাত মজুমদার খ. শিরিন সুলতানা

গ. তানজিনা নিশাত ঘ. ওয়াসফিয়া নাজরীন উ. ক

ব্যাখ্যা : প্রথম এভারেস্ট বিজয়ী বাংলাদেশি- মুসা ইব্রাহীম (২৩ মে ২০১০)। প্রথম এভারেস্ট বিজয়ী বাংলাদেশি নারী- নিশাত মজুমদার (১৯ মে ২০১২)। এভারেস্ট বিজয়ী দ্বিতীয় বাংলাদেশি নারী- ওয়াসফিয়া নাজনীন (২৬ মে ২০১২)।

Job Navigator

৭৮. 'মুক্তির গান' চলচ্চিত্রটি কে পরিচালনা করেছেন?
ক. জহির রায়হান খ. আলমগীর কবীর
গ. গীতা মেহতা ঘ. তারেক মাসুদ **উ. ঘ**

ব্যাখ্যা : মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্র 'মুক্তির গান', 'মুক্তির কথা' এর পরিচালক তারেক মাসুদ ও ক্যাথেরিন মাসুদ। Stop Genocide, A State is Born, Let there be Light - জহির রায়হানের মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চলচ্চিত্র। আলমগীর কবিরের মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চলচ্চিত্র Liberation Fighters, এক সাগর রক্তের বিনিময়ে।

৭৯. ২০১২ সালের জি-৮ শীর্ষ সম্মেলন কততম?
ক. ৩৮ তম খ. ৩৫ তম
গ. ৩৯ তম ঘ. ৩১তম **উ. ক**

ব্যাখ্যা : বিশ্বের শিল্পোন্নত দেশগুলোর সংস্থা G-7 পূর্বে G-8 নামে নামে পরিচিত ছিল। ২০১৪ সালে রাশিয়ার সদস্যপদ স্থগিত করা হলে G-7 নামে পরিচিতি পায়। উক্ত সংস্থাটির ২০২৩ সালের ৪৯তম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় ১৯-২১ মে, ২০২৩; হিরোশিমা, জাপান। জি-৭ এর পরবর্তী তথা ৫০তম সম্মেলন অনুষ্ঠিত হবে ২০২৪ সালে ইতালিতে।

৮০. কোন সালে বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয়?
ক. ১৯৪৮ সালে খ. ১৯৫২ সালে
গ. ১৯৫৫ সালে ঘ. ১৯৬৯ সালে **উ. গ**

ব্যাখ্যা : ভাষা আন্দোলনের পক্ষাপটে জাতির মননের প্রতিষ্ঠান বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয় ৩ ডিসেম্বর, ১৯৫৫। এর স্বপ্নদ্রষ্টা ছিলেন ভাষাবিদ ড. মুহাম্মদ শহীদুল্লাহ। ১৯৫২ সালের ৩ জানুয়ারি 'বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি' প্রতিষ্ঠিত হয়।

৮১. ব্রাদারহুড কোন দেশের রাজনৈতিক দল?
ক. পাকিস্তান খ. সিরিয়া
গ. মিসর ঘ. ভারত **উ. গ**

ব্যাখ্যা : ইসলামপন্থী সংগঠন মুসলিম ব্রাদারহুড ১৯২৮ সালে হাসান আল বান্না এর নেতৃত্বে মিশরে প্রতিষ্ঠিত হয়। ২০১১ সালে হোসনি মোবারকের পতনের পর এটি 'ফ্রিডম এন্ড জাস্টিস পার্টি নামে রাজনৈতিক যাত্রা শুরু করে। ২০১৩ সাল থেকে এর কার্যক্রম নিষিদ্ধ।

৮২. নিম্নের কোন দেশের সাথে ইসরাইলের কূটনৈতিক সম্পর্ক রয়েছে?
ক. জর্ডান খ. ভারত
গ. ইরাক ঘ. ইরান **উ. খ**

ব্যাখ্যা : ১৯১৭ সালের বেলফোর ঘোষণার ভিত্তিতে ১৯৪৮ সালের ১৪ মে প্রতিষ্ঠিত হয় বিশ্বের একমাত্র ইহুদি রাষ্ট্র ইসরাইল। অপশনের দেশগুলোর মধ্যে ভারতের সাথে দেশটির কূটনৈতিক সম্পর্ক রয়েছে। সম্প্রতি সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন ও জর্ডানের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করেছে ইসরাইল যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায়। মিসরের সঙ্গে ইসরাইলের কূটনৈতিক সম্পর্ক বেশ পুরোনো। বাংলাদেশের সাথে ইসরালের কোনো প্রকার সম্পর্ক নেই।

৮৩. যুক্তরাষ্ট্রে কত সালে দাসপ্রথা বিলুপ্ত হয়?
ক. ১৮৬২ সালে খ. ১৮৬৩ সালে
গ. ১৮৬৪ সালে ঘ. ১৮৬৫ সালে **উ. খ**

ব্যাখ্যা : ১৬তম মার্কিন প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন ১৮৬৩ সালে যুক্তরাষ্ট্রে ক্রীতদাস প্রথার অবসান ঘটান। ১৮৬৩ সালেই তিনি বিখ্যাত 'গেটিসবার্গ ভাষণ' দেন। দাস প্রথাকে কেন্দ্র করে তার সময়েই ১৮৬১-১৮৬৫ সাল পর্যন্ত গৃহযুদ্ধ হয়। তিনি ১৮৬৫ সালে আততায়ীর হাতে নিহত হন।

৮৪. 'বিশ্ব পরিবেশ দিবস' পালিত হয়-
ক. ৫ জুন খ. ৬ জুন
গ. ৫ মে ঘ. ৬ মে **উ. ক**

ব্যাখ্যা : বিশ্ব পরিবেশ দিবস = ৫ জুন। ১ মে = বিশ্ব শ্রমিক দিবস, ৫ মে = বিশ্ব ধাত্রী দিবস, ৩১ মে = বিশ্ব তামাক মুক্ত দিবস, ৭ জুন = ছয়দফা দিবস।

৮৫. সার্কের সচিবালয় কোথায় অবস্থিত?
ক. ঢাকা খ. করাচী
গ. থিম্পু ঘ. কাঠমান্ডু **উ. ঘ**

ব্যাখ্যা : দক্ষিণ এশিয়া আঞ্চলিক সহযোগিতা সংস্থা SAARC ১৯৮৫ সালে ঢাকায় প্রতিষ্ঠিত হয়। এর সচিবালয় নেপালের রাজধানী কাঠমান্ডুতে অবস্থিত। সার্ক গঠনের প্রস্তাবক দেশ বাংলাদেশ। এর সদস্য দেশ ৮।

৮৬. সোমপুর বিহারের প্রতিষ্ঠাতা কে?
ক. হেমন্ত সেন খ. ধর্মপাল
গ. গোপাল ঘ. শশাংক **উ. খ**

ব্যাখ্যা : পাল রাজা ধর্মপাল ৮ম শতাব্দীতে সোমপুর বিহার প্রতিষ্ঠা করেন। সোমপুর বিহার এশিয়া মহাদেশের মধ্যে বৃহত্তম বিহার। নওগাঁও জেলার পাহাড়পুরে এর অবস্থান। এর অন্যনাম 'পাহাড়পুর বিহার'। এটি ইউনেস্কো ঘোষিত 'World Heritage' site.

৮৭. কোন বিভাগে জেলার সংখ্যা সর্বোচ্চ?
ক. ঢাকা খ. চট্টগ্রাম
গ. রাজশাহী ঘ. খুলনা **উ. ক**

ব্যাখ্যা : ৬৪টি জেলার মধ্যে সর্বোচ্চ ১৩টি জেলা রয়েছে ঢাকা বিভাগে। আর ময়মনসিংহ ও সিলেট বিভাগে রয়েছে সর্বনিম্ন ৪টি করে জেলা।

৮৮. বর্তমান প্রধান নির্বাচন কমিশনার কততম?
ক. ১১ তম খ. ১২ তম
গ. ১০ তম ঘ. ১৩ তম **উ. ঘ**

ব্যাখ্যা : দ্বাদশ জাতীয় নির্বাচনের আগে নিয়োগপ্রাপ্ত কাজী হাবিবুল আউয়াল হলেন বাংলাদেশের ১৩তম প্রধান নির্বাচন কমিশনার। প্রথম নির্বাচন কমিশনার ছিলেন বিচারপতি মোঃ ইদ্রিস। বাংলাদেশে প্রথম নারী নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম। সংবিধানের ১১৮ অনুচ্ছেদে নির্বাচন কমিশন প্রতিষ্ঠার কথা বলা হয়েছে।

৮৯. নিম্নের কোন দেশের সাথে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্ক নেই?
ক. লাওস খ. সোমালিয়া
গ. কিউবা ঘ. তাইওয়ান উ. ঘ
ব্যাখ্যা : তাইওয়ানের সাথে বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক আছে কিন্তু কূটনৈতিক সম্পর্ক নেই। ইহুদি রাষ্ট্র ইসরাইলের সাথে বাংলাদেশের বাণিজ্যিক বা কূটনৈতিক কোন সম্পর্কই নেই।

৯০. নাইট্রোজেন গ্যাস থেকে কোন সার প্রস্তুত করা হয়?
ক. টিএসপি খ. মিউরেট অব পটাশ
গ. সবুজ সার ঘ. ইউরিয়া উ. ঘ
ব্যাখ্যা : ইউরিয়া বহুল ব্যবহৃত নাইট্রোজেন সংবলিত একটি রাসায়নিক সার। এ সারে নাইট্রোজেনের পরিমাণ প্রায় ৪৬%। নাইট্রোজেনের অভাবে গাছের পাতা হলদে হয়ে যায়।

৯১. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় কোন সালে?
ক. ১৯০৫ সালে খ. ১৯১১ সালে
গ. ১৯৩৫ সালে ঘ. ১৯২১ সালে উ. ঘ
ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম বিশ্ববিদ্যালয় হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে ১ জুলাই ১৯২১। ১৯১২ সালে গঠিত নাথান কমিশন এ বিশ্ববিদ্যালয় গঠনের রূপরেখা তৈরি করে। প্রথম উপাচার্য ছিলেন পি জে (ফিলিফ জোসেফ) হার্টগ এবং প্রথম ছাত্রী ছিলেন লীলা নাগ। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা রাখেন নবাব স্যার সলিমুল্লাহ। যিনি ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য জমিও দান করেছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস ১ জুলাই।

৯২. চিরস্থায়ী বন্দোবস্তের প্রবর্তক কে?
ক. লর্ড মাউন্টব্যাটেন খ. লর্ড ক্লাইভ
গ. লর্ড মিন্টো ঘ. লর্ড কর্নওয়ালিশ উ. ঘ
ব্যাখ্যা : লর্ড কর্নওয়ালিশ ১৭৯৩ সালে চিরস্থায়ী বন্দোবস্ত (Permanent Settlement) প্রবর্তন করেন। একই সালে তিনি 'সূর্যাস্ত আইন' চালু করেন। এ আইনবলে জমির মালিক জমিদারগণ নির্দিষ্ট দিনে রাজস্ব প্রদানে ব্যর্থ হয়ে হয়ে অনেকেই জমিদারী হারায়।

৯৩. জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশ্বের সর্বোচ্চ সংস্থা কোনটি?
ক. IUCN খ. IPCC
গ. UNOCC ঘ. SANDEE উ. খ
ব্যাখ্যা : জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশ্বের সর্বোচ্চ সংস্থা Intergovernonmental Panel of Climate Change (IPCC) ১৯৮৮ সালে প্রতিষ্ঠিত সংস্থাটি ২০০৭ সালে নোবেল শান্তি পুরস্কার পায়। এর সদর দফতর জেনেভায়। প্রসঙ্গত জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশ্বের বৃহত্তম সংস্থা UNFCCC।

৯৪. শ্বেত বামন (White Dwarf) কি?
ক. ইউরোপের একটি উপজাতি খ. একটি উপন্যাস
গ. একটি পাহাড়ের নাম ঘ. মৃততারা উ. ঘ
ব্যাখ্যা : White Dwarf বা শ্বেতবামন Black Dwarf বা কালো বামন এগুলো আকাশের তারা। শ্বেতবামন একটি মৃততারা।

৯৫. মানুষের রক্তে শ্বেত কণিকা ও লোহিত কণিকার অনুপাত কত?
ক. ১ : ৭০০ খ. ১ : ১০০
গ. ১ : ৫০০ ঘ. ১ : ১২০ উ. ক
ব্যাখ্যা : রক্ত হচ্ছে একপ্রকার বিশেষ তরল যোজক কলা। রক্ত কণিকা ৩ প্রকার। যথা: লোহিত রক্ত কণিকা, শ্বেত রক্ত কণিকা ও অণুচক্র কণিকা। এর মধ্যে মানুষের রক্তে শ্বেত কণিকা ও লোহিত কণিকার অনুপাত হল ১ : ৭০০।

৯৬. গাছের পাতা বেগুনি রং ধারণ করে কোন কারণে?
ক. লৌহের অভাবে খ. ফসফরাসের অভাবে
গ. গ্লুকোজের অভাবে ঘ. কোনটিই নয় উ. খ
ব্যাখ্যা : উদ্ভিদের প্রয়োজনীয় পুষ্টি উপাদান ১৬টি। এগুলোর মধ্যে মুখ্য পুষ্টি উপাদান ফসফরাসের অভাবে গাছের পাতা বেগুনি রং ধারণ করে। নাইট্রোজেনের অভাবে পাতা হলদে হয়ে যায়। ম্যাগনেসিয়াম ও লৌহের অভাবে গাছের পাতা ফ্যাকাশে রঙের হয়ে যায়।

৯৭. প্রথম কম্পিউটার প্রোগ্রামার কে?
ক. চার্লস ব্যাবেজ খ. বিল গেট্স
গ. অ্যাডা আগাস্টা ঘ. কেউ নয় উ. গ
ব্যাখ্যা : বিশ্বের প্রথম কম্পিউটার প্রোগ্রামার লেডি এ্যাডা অগাস্টা ল্যাভলেস। তাঁর নামেই প্রোগ্রামিং ভাষা 'এ্যাডা' নামকরণ করা হয়। কম্পিউটারের জনক হলেন চার্লস ব্যাবেজ এবং মাইক্রোসফটের উদ্ভাব হলেন বিল গেট্স।

৯৮. 'ওয়াল স্ট্রীট' কোথায় অবস্থিত?
ক. নিউইয়র্ক খ. ওয়াশিংটন
গ. চীন ঘ. লন্ডন উ. ক
ব্যাখ্যা : নিউইর্য়কে অবস্থিত একটি সড়ক ওয়াল স্ট্রিট। মূলত শেয়ার বাজারের জন্য বিখ্যাত। 'নিউইয়ক স্টক এক্সচেঞ্জ' এখানে অবস্থিত।

৯৯. থাইল্যান্ডের নবনির্বাচিত প্রধানমন্ত্রীয় নাম কি?
ক. থাকসিন সিনাওয়াত্রা খ. ভূমিবল
গ. ইংলাক সিনাওয়াত্রা. ঘ. লুরা সিনচিলা উ. *
ব্যাখ্যা : থাইল্যান্ড অর্থ মুক্ত ভূমি বা স্বাধীন ভূমি (অতীতে কোন দেশের উপনিবেশ ছিল না)। দেশটির নতুন প্রধানমন্ত্রী স্রেথা থাভিসিন। দেশটির প্রথম নারী প্রধানমন্ত্রী ইংলাক সিনাওয়াত্রা। প্রথম নির্বাচিত প্রধানমন্ত্রী থাকসিন সিনাওয়াত্রা।

১০০. জাপানের পার্লামেন্টের নাম কি?
ক. নেসেট খ. ডায়েট
গ. কোকেটিং ঘ. মিরামি উ. খ
ব্যাখ্যা : জাপানের আইনসভার নাম ডায়েট। দ্বিকক্ষবিশিষ্ট এ আইনসভার উচ্চকক্ষ 'হাউস অব কাউন্সিলর্স' এবং নিম্নকক্ষ 'হাউস অব বিপ্রেজেন্টেটিভস'। নেসেট ইসরাইলের পার্লামেন্ট আর ডেনমার্কের পার্লামেন্টের নাম ফোকেটিং।

৭ম কলেজ/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১১

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ৪০০; পরীক্ষার তারিখ : ০৩.১২.২০১১

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রশ্নে প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. 'তেপান্তর' কোন সমাসের উদাহরণ?
ক. দ্বিগু খ. অব্যয়ীভাব
গ. নিত্য সমাস ঘ. বহুব্রীহি **উ. ক**

ব্যাখ্যা : তেপান্তর = তে (তিন) প্রান্তরের সমাহার। একটি একটি দ্বিগু সমাস।

২. উপপদের সাথে কৃদন্ত পদের যে সমাস হয় তাকে কোন সমাস বলে?
ক. উপমান খ. উপমিত
গ. কর্মধারয় ঘ. উপপদ তৎপুরুষ **উ. ঘ**

ব্যাখ্যা : উপপদের সাথে কৃদন্ত পদের যে সমাস হয় তাকে উপপদ তৎপুরুষ সমাস বলে। যেমন- সত্য বলে যে = সত্যবাদী; পকেট মারে যে = পকেটমার।

৩. কোনটি 'বহুব্রীহি' সমাসের উদাহরণ?
ক. বিমনা খ. সজ্জন
গ. প্রভাত ঘ. নির্বিঘ্ন **উ. ক**

ব্যাখ্যা : বিচলিত মন যার = বিমনা (বহুব্রীহি সমাস)। সৎ যে জন = সজ্জন (কর্মধারয় সমাস)। বিঘ্নের অভাব = নির্বিঘ্ন (অব্যয়ীভাব সমাস)। প্র (প্রকৃষ্ট রূপে) ভাত (আলোকিত) = প্রভাত (প্রাদি সমাস)।

৪. 'হাতি' শব্দের সমার্থক নয় কোনটি?
ক. কুঞ্জর খ. বারণ
গ. হস্তী ঘ. উরগ **উ. ঘ**

ব্যাখ্যা : হাতি শব্দের সমার্থক নয় 'উরগ'। 'উরগ' অর্থ সাপ। কুঞ্জর, হস্তী, বারণ হল হাতির সমার্থক শব্দ। উল্লেখ্য যে, 'বারণ' অর্থ - নিষেধ, মানা। আবার, 'বারণ' অর্থ - হাতিও হয়।

৫. 'কোরক' সমার্থক শব্দ কোনটি?
ক. কৃতকর্ম খ. কুঁড়ি
গ. কড়ি ঘ. কুহক **উ. খ**

ব্যাখ্যা : 'কোরক' শব্দের সমার্থক শব্দ কুঁড়ি , মুকুল, কলিকা ইত্যাদি। অন্যদিকে, কড়ি অর্থ ধন (টাকাকড়ি), কড়া বা তীব্র; কুহক অর্থ ছলনা, মায়াজাল। কৃতকর্ম এর সমার্থক- কর্মের ফল।

৬. বিরাম চিহ্ন ব্যবহৃত হয় না–
ক. বাক্যের অর্থ সহজভাবে বোঝাতে
খ. শ্বাস বিরতির জায়গা দেখাতে
গ. বাক্যকে অলংকৃত করতে
ঘ. বক্তার মেজাজকে স্পষ্ট করতে **উ. ঘ**

ব্যাখ্যা : বক্তার মেজাজকে স্পষ্ট করতে বিরাম চিহ্ন ব্যবহৃত হয় না।

৭. 'গৌরচন্দ্রিকা' বাগধারাটি কোন অর্থে ব্যবহৃত হয়?
ক. বাড়তি বোঝা খ. রূপের মোহ
গ. ভূমিকা ঘ. ফিটফাট **উ. গ**

ব্যাখ্যা : 'ভূমিকা' অর্থ বোঝাতে গৌরচন্দ্রিকা বাগধারাটি ব্যবহৃত হয়। 'গৌরচন্দ্রিকা' বাগধারার আরেকটি অর্থ- ভণিতা করা।

৮. 'মেঘ' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. বারীদ খ. পাথার
গ. অটবি ঘ. সলিল **উ. ক**

ব্যাখ্যা : 'মেঘ' শব্দের সমার্থক শব্দ বারীদ। অন্যদিকে, অটবি অর্থ বৃক্ষ বা বন। সলিল অর্থ পানি। পাথার অর্থ সাগর।

৯. 'সোম' শব্দের অর্থ কী?
ক. কান্তি খ. বিধু
গ. শৈল ঘ. মিত্র **উ. খ**

ব্যাখ্যা : 'সোম' শব্দের অর্থ বিধু বা চাঁদ। অন্যদিকে, মিত্র অর্থ বন্ধু বা সুহৃদ। শৈল অর্থ পাহাড় বা পর্বত। কান্তি অর্থ লাবণ্য বা সৌন্দর্য।

১০. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. সমুদয় পক্ষীই নীড় বাঁধে
খ. চোরটি সব মালসুদ্ধ ধরা পড়েছে
গ. তার বৈমাত্রেয় সহোদর অসুস্থ
ঘ. দশচক্রে ঈশ্বর ভূত **উ. ক**

আমরা জানি, দু'টি সংখ্যার গুণফল = ল. সা. গু. × গ. সা. গু

$\Rightarrow ক \times ৩৬ = ২৮৮ \times ১২$

$\Rightarrow ক = \frac{৩৪৫৬}{৩৬}$

$\therefore ক = ৯৬$

Job Navigator

৬০. একটি বর্গক্ষেত্রের একটি বাহুর দৈর্ঘ্য 1 একক হলে উহার কর্ণের দৈর্ঘ্য–

ক. $\sqrt{2}$ খ. 1

গ. 5 ঘ. 2 **উ. ক**

ব্যাখ্যা : আমরা জানি, বর্গক্ষেত্রের একটি বাহুর দৈর্ঘ্য = a একক হলে, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = a^2 এবং বর্গক্ষেত্রের কর্ণ = $a\sqrt{2}$

এখানে, বর্গক্ষেত্রের একটি বাহুর দৈর্ঘ্য = a একক = 1 একক

বর্গক্ষেত্রের কর্ণ $a\sqrt{2} = 1 \times \sqrt{2}$ [মান বসিয়ে]

$= \sqrt{2}$

৬১. **একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৪০ মিটার ও প্রস্থ ৩০ মিটার। এর ভিতরের চতুর্দিকে ১ মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত?**

ক. ১৩৬ বর্গমিটার খ. ১০৬ বর্গমিটার

গ. ১৩০ বর্গমিটার ঘ. ১০৭ বর্গমিটার **উ. ক**

ব্যাখ্যা : এখানে, রাস্তাসহ বাগানের দৈর্ঘ্য = ৪০ মিটার

রাস্তাসহ বাগানের প্রস্থ = ৩০ মিটার

∴ রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = (৪০ × ৩০) বর্গমিটার

= ১২০০ বর্গমিটার



রাস্তা বাদে বাগানের দৈর্ঘ্য = ৪০ − (১ + ১) মিটার = ৩৮ মিটার

রাস্তা বাদে বাগানের প্রস্থ = ৩০ − (১ + ১) মিটার = ২৮ মিটার

∴ রাস্তা বাদে বাগানের ক্ষেত্রফল= (৩৮ × ২৮) = ১০৬৪ বর্গমিটার

= (১২০০ − ১০৬৪) বর্গমিটার

= ১৩৬ বর্গমিটার

৬২. **১, ১, ২, ৩, ৫ ..... ধারাটির দশম সংখ্যাটি কত?**

ক. ৩৪ খ. ৫৫

গ. ২১ ঘ. ১৩ **উ. খ**

ব্যাখ্যা : এখানে, ধারাটির প্রথম পদ = ১

দ্বিতীয় পদ = ১ + ০ = ১ [১ম পদ + ১ম পদের পূর্বপদ অর্থাৎ ০]

তৃতীয় পদ = ১ + ১ = ২ [২য় পদ + ১ম পদ]

চতুর্থ পদ = ২ + ১ = ৩ [৩য় পদ + ২য় পদ]

পঞ্চম পদ = ৩ + ২ = ৫ [৪র্থ পদ + ৩য় পদ]

ষষ্ঠ পদ = ৫ + ৩ = ৮

সপ্তম পদ = ৮ + ৫ = ১৩

অষ্টম পদ = ১৩ + ৮ = ২১

নবম পদ = ২১ + ১৩ = ৩৪

অতএব, দশম পদ = ৩৪ + ২১ = ৫৫

৬৩. **একটি ভগ্নাংশের হর ও লবের অনুপাত ৩ ঃ ২। লব থেকে ৬ বাদ দিলে যে ভগ্নাংশটি পাওয়া যায়, সেটি মূল ভগ্নাংশের $\frac{২}{৩}$ গুণ হয়। ভগ্নাংশটির লব কত?**

ক. ৯ খ. ১৬

গ. ১৮ ঘ. ২৪ **উ. গ**

ব্যাখ্যা : দেওয়া আছে, ভগ্নাংশের হর ও লবের অনুপাত ৩ ঃ ২

মনে করি, $\frac{\text{লব}}{\text{হর}} = \frac{2x}{3x}$

শর্তমতে, $\frac{2x - ৬}{3x} = \frac{২}{৩} \times \frac{২}{৩}$

$\Rightarrow ১৮x - ৫৪ = ১২x$

$\Rightarrow ৬x = ৫৪$

$\therefore x = ৯$

$\therefore$ লব $= 2x$

$= ২ \times ৯ = ১৮$

৬৪. **একটি বৃত্তের ক্ষেত্রফল ১৬ বর্গমিটার, পরিধি ৮ মিটার, বৃত্তটির ব্যাসার্ধ কত?**

ক. ২ মিটার খ. ৩ মিটার

গ. ৪ মিটার ঘ. $২\frac{১}{২}$ মিটার **উ. গ**

ব্যাখ্যা : আমরা জানি, বৃত্তের ব্যাসার্ধ = r হলে, বৃত্তের পরিধি, $2\pi r$

এখানে, বৃত্তের পরিধি $২\pi r = ৮$ মিটার

$\therefore \pi r = 8$ মিটার

এবং বৃত্তের ক্ষেত্রফল $\pi r^2 = ১৬$ বর্গমিটার

$\Rightarrow \pi r.r = ১৬$ বর্গমিটার

$\Rightarrow r = \frac{১৬}{\pi r}$

$\Rightarrow r = \frac{১৬}{8}$ [মান বসিয়ে]

$\therefore r = 8$ মিটার

৬৫. $x + \frac{1}{x} = 2$ **হলে** $\frac{x}{x^2 - x + 1}$ **এর মান কত?**

ক. 1 খ. 2

গ. 3 ঘ. 4 **উ. ক**

ব্যাখ্যা : দেওয়া আছে, $x + \frac{1}{x} = 2$

$\Rightarrow \frac{x^2+1}{x} = 2$

$\therefore x^2 + 1 = 2x$

এখন, $\frac{x}{x^2 - x + 1}$

$= \frac{x}{x^2+1-x}$

$= \frac{x}{2x-x}$ [মান বসিয়ে]

$= \frac{x}{x} = 1$

৬৬. $x^3 - 7x - 6$-এর উৎপাদক কত?

ক. $(x + 1)(x - 2)(x - 3)$

খ. $(x - 1)(x + 2)(x - 3)$

গ. $(x + 1)(x + 2)(x - 3)$

ঘ. $(x - 1)(x - 2)(x - 3)$ **উ. গ**

ব্যাখ্যা : যদি $f(x)$ বহুপদীর ক্ষেত্রে $f(-1) = 0$ হয়, তাহলে $f(x)$-এর একটি উৎপাদক হবে $(x + 1)$।

$\therefore x^3 - 7x - 6$

$= x^3 + x^2 - x^2 - x - 6x - 6$

$= x^2(x + 1) - x(x + 1) - 6(x + 1)$

$= (x + 1)(x^2 - x - 6)$

$= (x + 1)(x^2 - 3x + 2x - 6)$

$= (x + 1)\{x(x - 3) + 2(x - 3)\}$

$= (x + 1)(x + 2)(x - 3)$

৬৭. কোনো সংখ্যার একক, দশক ও শতক স্থানীয় অংক x, y, z হলে সংখ্যাটির রূপ হবে–

ক. $100x + 10y + z$ খ. $100z + 10y + x$

গ. $100xyz$ ঘ. $100z + 10x + y$ **উ. খ**

ব্যাখ্যা : মনে করি, একক স্থানীয় অঙ্ক $= 1 \times x = x$

দশক স্থানীয় অঙ্ক $= 10 \times y = 10y$

শতক স্থানীয় অঙ্ক $= 100 \times z = 100z$

$\therefore$ সংখ্যাটি $= 100z + 10y + x$

৬৮. যদি A সূক্ষ্মকোণ এবং $\sin A = \frac{12}{13}$ হয়, তবে cotA এর মান কত?

ক. $\frac{5}{13}$ খ. $\frac{5}{12}$

গ. $\frac{10}{3}$ ঘ. $\frac{10}{13}$ **উ. খ**

ব্যাখ্যা : আমরা জানি, $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

এখানে দেওয়া আছে, $\sin A = \frac{12}{13}$

অর্থাৎ, লম্ব $= 12$ এবং অতিভুজ $= 13$

পিথাগোরাসের উপপাদ্য থেকে পাই, লম্ব $= 12$ এবং অতিভুজ $= 13$ হলে, ভূমি $= 5$ হবে। অর্থাৎ, 12, 13, 5

আমরা জানি, $\cot\theta = \frac{\text{ভূমি}}{\text{লম্ব}}$

$\therefore \cot A = \frac{5}{12}$ [মান বসিয়ে]

৬৯. একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো। ক্ষতির শতকরা হার কত?

ক. ৪% খ. ৬%

গ. ৫% ঘ. ৭% **উ. গ**

ব্যাখ্যা : ২০ টাকা ক্ষতিতে ৩৮০ টাকা বিক্রয় করলে ক্রয়মূল্য $(৩৮০ + ২০) = ৪০০$ টাকা।

৪০০ টাকায় ক্ষতি হয় ২০ টাকা

$\therefore$ ১ " " " $\frac{২০}{৪০০}$ "

$\therefore$ ১০০ " " " $\frac{২০ \times ১০০}{৪০০}$ "

$= ৫$ টাকা

$\therefore$ ক্ষতির শতকরা হার ৫%

৭০. $A = 45°$ হলে $\frac{1 - \tan^2 A}{1 + \tan^2 A} =$ কত?

ক. 1 খ. $\frac{1}{2}$

গ. 0 ঘ. 2 **উ. গ**

ব্যাখ্যা : দেয়া আছে, $A = 45°$

এখন, $\frac{1 - \tan^2 A}{1 + \tan^2 A} = \frac{1 - (\tan 45°)^2}{1 + (\tan 45°)^2}$

$= \frac{1 - 1^2}{1 + 1^2}$

$= \frac{0}{2} = 0$

৭১. সুদের হারের সূত্র কোনটি?

ক. $\frac{১০০ \times \text{সুদ}}{\text{হার} \times \text{আসল}}$ খ. $\frac{১০০ \times \text{সুদ}}{\text{সময়} \times \text{আসল}}$

গ. $\frac{\text{সময়} \times \text{আসল}}{১০০ \times \text{সুদ}}$ ঘ. $\frac{১০০ \times \text{আসল}}{\text{সুদ} \times \text{সময়}}$ **উ. খ**

Job Navigator

ব্যাখ্যা : সুদের হার নির্ণয়ের সূত্র : $\frac{১০০ \times \text{সুদ}}{\text{সময়} \times \text{আসল}}$

কিন্তু সময় নির্ণয়ের সূত্র : $\frac{১০০ \times \text{সুদ}}{\text{হার} \times \text{আসল}}$

৭২. A = {x : x মৌলিক সংখ্যা এবং x < 10} হলে নিচের কোনটি সঠিক?

ক. A = {1, 2, 3, 5, 7} খ. A = {1, 2, 3, 6, 7}

গ. A = {2, 3, 5, 7} ঘ. A = {4, 6, 8, 9} উ. গ

ব্যাখ্যা : A = {x : x মৌলিক সংখ্যা এবং x < 10}। অর্থাৎ, A = {x এমন যেন x একটি মৌলিক সংখ্যা এবং x মান ১০ অপেক্ষা কম}

এখানে, অপশন (ক) এর 1 মৌলিক সংখ্যা নয়। অপশন (খ) এর 1, 7 মৌলিক সংখ্যা নয়। অপশন (ঘ) এর 4, 6, 8, 9 কোন সংখ্যাই মৌলিক সংখ্যা নয়। তাই অপশন (গ) হবে উত্তর।

৭৩. চিত্রে x-এর মান কত?



ক. 15° খ. 30°

গ. 45° ঘ. 60° উ. খ

ব্যাখ্যা : যেকোনো ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি = 180°

শর্তমতে, $x + 2x + 3x = 180°$

বা, $6x = 180°$

বা, $x = \frac{180^0}{6}$

$\therefore x = 30°$

৭৪. কোন কূয়ার গভীরতা 10 মিটার এবং ব্যাসার্ধ 1 মিটার হলে ঐ কূয়ার আয়তন কত?

ক. 100π ঘনমিটার খ. 10π ঘনমিটার

গ. 1000 ঘনমিটার ঘ. π^3 ঘনমিটার উ. খ

ব্যাখ্যা : এখানে,কূয়ার গভীরতা, h = 10 মিটার এবং কূয়ার ব্যাসার্ধ, r = 1 মিটার

$\therefore$ কূয়ার আয়তন, $\pi r^2 h$

$= \pi.1^2.10$ ঘনমিটার

$= 10\pi$ ঘনমিটার

৭৫. সামান্তরিকের ভূমি a মিটার এবং উচ্চতা h মিটার হলে সামান্তরিকটির ক্ষেত্রফল কত?

ক. $\frac{1}{2}$ ah বর্গ মিটার খ. ah বর্গ মিটার

গ. a^2h বর্গ মিটার ঘ. a^2h^2 বর্গ মিটার উ. খ

ব্যাখ্যা : সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা বর্গ একক

= a × h বর্গমিটার

= ah বর্গমিটার

৭৬. ভারত-বাংলাদেশের মধ্যে অভিন্ন নদী কতটি?

ক. ৫৩টি খ. ৫৪টি

গ. ৫৫টি ঘ. ৫৬টি উ. খ

ব্যাখ্যা : বাংলাদেশের মোট আন্ত-সীমান্ত/অভিন্ন নদী/আন্তর্জাতিক নদী ৫৭টি। এর মধ্যে বাংলাদেশ ও ভারতের মধ্যে অভিন্ন নদী ৫৪টি এবং বাংলাদেশ মিয়ানমারের মধ্যে অভিন্ন নদী ৩টি (সূত্রঃ যৌথ নদী কমিশন)। (বাংলাপিডিয়াতে প্রাপ্ত তথ্য মতে, বাংলাদেশ ভারতের অভিন্ন নদী ৫৫টি)।

৭৭. ঢাকা-বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য গঠিত কমিশনের নাম কী?

ক. সাইমন কমিশন খ. নাথান কমিশন

গ. স্যার পি জে হার্টস কমিশন

ঘ. র‍্যাডক্লিফ কমিশন উ. খ

ব্যাখ্যা : ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য ব্যারিস্টার রবার্ট নাথানের নেতৃত্ব ১৯১২ সালে ১৩ সদস্যবিশিষ্ট 'নাথান কমিশন' গঠিত হয়। পরবর্তীতে ১৯১৭ সালে 'স্যাডলার কমিশন' নামে আরেকটি কমিশন গঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রস্তাবক এবং জমি দানকারী নবাব সলিমুল্লাহ। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১ জুলাই ১৯২১।

৭৮. স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য বাংলাদেশে মোট কতজনকে রাষ্ট্রীয় খেতাব দেয়া হয়েছে?

ক. ৪২৬ খ. ৬৭৬

গ. ৬৭৫ ঘ. ৫৭৬ উ. খ

ব্যাখ্যা : মহান স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য মোট ৬৭৬ জনকে বীরত্বসূচক খেতাব দেয়া হয়। এর মধ্যে বীরশ্রেষ্ঠ ৭ জন, বীরউত্তম ৬৮ জন, বীরবিক্রম ১৭৫ জন এবং বীরপ্রতীক ৪২৬ জন। (মনে রাখুন এভাবে ০১৭, ৬৮, ১৭৫, ৪২৬)।

৭৯. যুক্তরাষ্ট্রের কংগ্রেসনাল গোল্ড মেডেল লাভকারী প্রথম বাংলাদেশী-

ক. ফজলে হাসান আবেদ খ. ড. মুহাম্মদ ইউনূস

গ. শেখ হাসিনা ঘ. এ এইচ এম নোমান খান উ. খ

ব্যাখ্যা : প্রথম বাংলাদেশি হিসেবে গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা ড. মুহাম্মদ ইউনুস ২০১০ সালে যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ বেসামরিক পুরস্কার 'Congressional Gold Medal' লাভ করেন। তিনি ২০০৬ সালে নোবেল শান্তি পুরস্কার পান।

Job Navigator

৮০. টুইটার কী?
ক. এক প্রকার সামাজিক নেটওয়াকিং
খ. এক প্রকার সফটওয়ার
গ. এক প্রকার কম্পিউটার প্রোগ্রাম
ঘ. এক প্রকার কম্পিউটার ভাইরাস **উ. ক**

ব্যাখ্যা : টুইটার (Twitter) একটি Social Networking Site (সামাজিক যোগাযোগ মাধ্যম)। ২০০৬ সালে জ্যাক ডর্সি এটি প্রতিষ্ঠা করেন। এর সদর দফতর USA এর সানফ্রান্সিকো শহরে। একে বলা হয় ইন্টারনেটের 'SMS'।

৮১. ২০১১ সালে উপমহাদেশে অনুষ্ঠিতব্য বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশে কতটি ম্যাচ অনুষ্ঠিত হবে?
ক. ৬টি খ. ৭টি
গ. ৮টি ঘ. ৯টি **উ. গ**

ব্যাখ্যা : ১০ম ওয়ানডে বিশ্বকাপ ক্রিকেট ২০১১ সালে বাংলাদেশ, ভারত ও শ্রীলঙ্কায় অনুষ্ঠিত হয়। এর মধ্যে ৮টি ম্যাচ বাংলাদেশে অনুষ্ঠিত হয়। ১২তম বিশ্বকাপ অনুষ্ঠিত হয় ২০১৯ সালে ইংল্যান্ড ও ওয়েলসে (চ্যাম্পিয়ন- ইংল্যান্ড)। ২০২৩ সালে পরবর্তী ১৩তম ওয়ানডে বিশ্বকাপ ক্রিকেট হবে ভারতে।

৮২. কোনটি পানিতে দ্রবীভূত হয় না?
ক. ফিটকিরি খ. ক্যালসিয়াম কার্বনেট
গ. গ্লিসারিন ঘ. সোডিয়াম ক্লোরাইড **উ. খ**

ব্যাখ্যা : চুনাপাথর বা মার্বেল পাথরের রাসায়নিক নাম ক্যালসিয়াম কার্বনেট ($CaCo_3$)। এটি পানিতে অদ্রবণীয়। কিন্তু সোডিয়াম ক্লোরাইড (NaCl) বা খাবার লবণ, গ্লিসারিন, ফিটকিরি এগুলো পানিতে দ্রবণীয়। পানি বিশুদ্ধ করণে ফিটকিরি ব্যবহৃত হয়।

৮৩. চিলির খনিতে আটকাপড়া শ্রমিকরা কতদিন পর উদ্ধার পায়?
ক. ৫৯ দিন খ. ৬৬ দিন
গ. ৬৮ দিন ঘ. ৬৯ দিন **উ. ঘ**

ব্যাখ্যা : (প্রশ্নটি বর্তমান প্রেক্ষাপটে আর প্রাসঙ্গিক নয়) চিলি বিশ্বের সর্বাপেক্ষা সরু দেশ (রাজধানী সান্টিয়াগো)। পৃথিবীর সর্বদক্ষিণের নগরী চিলির পুয়ার্তো উইলিয়াম। চিলির রাজধানী- সান্টিয়াগো।

৮৪. ২০০৭ সালে ১৫ নভেম্বর বাংলাদেশের মধ্য দিয়ে প্রবাহিত হওয়া ঘূর্ণিঝড়টির নাম কী?
ক. সিডর খ. নার্গিস
গ. আইলা ঘ. সুনামি **উ. ক**

ব্যাখ্যা : সিডর : ১৫ নভেম্বর ২০০৭ (সিংহলি শব্দ, অর্থ চোখ)
– নার্গিস : ২ মে ২০০৮ (ফারসি শব্দ, অর্থ ফুল)
– আইলা : ২৫ মে, ২০০৯ (দিবেহি শব্দ, অর্থ ডলফিন/শুশুক)
– সুনামি : জাপানি শব্দ, অর্থ পোতাশ্রয়ের ঢেউ। সুনামি ২০০৪ সালের ২৬ ডিসেম্বর বিশ্বের ১১টি দেশকে ক্ষতিগ্রস্ত করে।

৮৫. কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে?
ক. হামিদুর রহমান খ. শামিম শিকদার
গ. মইনুল হোসেন ঘ. কামরুল হাসান **উ. ক**

ব্যাখ্যা : ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গণে অবস্থিত দেশের কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি- হামিদুর রহমান। দেশের প্রথম শহীদ মিনার নির্মিত হয় ২৩ ফেব্রুয়ারি ১৯৫২। এটি উদ্বোধন করেন ভাষা শহীদ শফিউরের বাবা মৌলভী মাহবুবুর রহমান। কেন্দ্রীয় স্মৃতিসৌধের স্থপতি- সৈয়দ মাইনুল হোসেন।

৮৬. ইতিহাসের বিখ্যাত ট্রয়নগরী কোথায়?
ক. তুরস্কে খ. গ্রিসে
গ. স্পেনে ঘ. সিরিয়ায় **উ. ক**

ব্যাখ্যা : ইতিহাস বিখ্যাত ট্রয়নগরী বর্তমান তুরস্কে অবস্থিত। বিভিন্ন গ্রিক মহাকাব্যে কিংবদন্তী এ শহরের উল্লেখ পাওয়া যায়। এটি ইউনেস্কোর একটি World Heritage Site। ইংরেজি Trojan শব্দটির অর্থ 'ট্রয় নগরী সম্বন্ধীয়'।

৮৭. CNG (সিএনজি) দ্বারা কী বোঝায়?
ক. রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস খ. অপরিশোধিত পেট্রোলিয়াম
গ. একধরনের শিশা ঘ. অতি প্রাকৃত গ্যাস **উ. ক**

ব্যাখ্যা : CNG হচ্ছে রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস (Compressed Natural Gas)। এ পদ্ধতিতে উচ্চচাপে প্রাকৃতিক গ্যাসকে তরলে রূপান্তর করা হয়। যানবাহনে জ্বালানী হিসেবে এটি বহুল ব্যবহৃত।

৮৮. দুধের রং সাদা হয় কেন?
ক. প্রোটিনের জন্য খ. কার্বোহাইড্রেটের জন্য
গ. মিনারেলের জন্য ঘ. ফ্যাটের জন্য **উ. ক**

ব্যাখ্যা : দুধ একটি আদর্শ পুষ্টিকর খাবার। এর রং সাদা মূলত আমিষ/প্রোটিনের জন্য। দুধের প্রোটিনকে বলা হয় কেসিন। কেসিন এর রং সাদা এবং এতে প্রচুর ক্যালসিয়াম রয়েছে।

৮৯. কোন হরমোনের অভাবে শিশু বামন হয়?
ক. থাইরক্সিন খ. ফাইরক্সিন
গ. অ্যাডরেনালিন ঘ.গ্যাস্টিন **উ. ক**

ব্যাখ্যা : থাইরক্সিন হরমোনের অভাবে শিশু বামন হয়। গ্রোথ হরমোনের ঘাটতি আরেকটি গুরুত্বপূর্ণ কারণ। অ্যাডরিনালিন হরমোনের জন্য ভয় পেলে গায়ের লোম খাঁড়া হয়ে যায়। ইনসুলিন হরমোনের অভাবে ডায়াবেটিস হয়।

৯০. অ্যানথ্রাক্স রোগের টিকা আবিষ্কার করেন–
ক. ডারউইন খ. মাকর্নী
গ. লুইপাস্তর ঘ. আলেকজান্ডার **উ. গ**

ব্যাখ্যা :

আবিষ্কার/শাখা	আবিষ্কারক/জনক
অ্যানথ্রাক্স রোগের টিকা, জলাতঙ্ক প্রতিষেধক, পাস্তুরাইজেশন, জীবাণুবিদ্যা	লুই পাস্তুর
বির্বতনবাদ	চার্লস ডারউইন
পেলিসিলিন/এন্টিবায়োটিক	আলোকজান্ডার ফ্লেমিং
বেতারযন্ত্র	জি. মার্কোনি

৯১. ভবদহ বিল অবস্থিত–

ক.ফীরদপুরে খ. জামালপুরে
গ. যশোরে ঘ. খুলনাতে উ. গ

ব্যাখ্যা : ভবদহ বিল যশোরে অবস্থিত। ডাকাতিয়া বিল খুলনায় অবস্থিত। ডাকাতিয়া বিলকে বলা হয় 'পশ্চিমা বাহিনীর নদী'। বাংলাদেশের বৃহত্তম বিল 'চলন বিল' নাটোর, পাবনা ও সিরাজগঞ্জ জেলায় অবস্থিত।

৯২. 'লেডি উইথ দি ল্যাম্প' কার উপাধি?

ক. সরোজিনী নাইডু খ. মাদার তেরেসা
গ. রানী এলিজাবেথ ঘ. ফ্লোরেন্স নাইটিঙ্গেল উ. ঘ

ব্যাখ্যা : আধুনিক নার্সিং এর জনক ইতালির নাগরিক ফ্লোরেন্স নাইটিঙ্গেল। ক্রিমিয়া যুদ্ধে তিনি রাতেও মোমবাতি হাতে যুদ্ধাহত ও রোগীদের খোঁজখবর নিতেন। তাই তাকে বলা হয় 'Lady with the Lamp'। সরোজিনী নাইডুকে বলা হয়- 'ভারতের নাইটিঙ্গেল'।

৯৩. 'পঞ্চইন্দ্রিয়' তৈলচিত্রের চিত্রশিল্পী কে?

ক. লিওনার্দো দা-ভিঞ্চি খ. মকবুল ফিদা হোসেন
গ. মাইকেল অ্যাঞ্জেলা ঘ. পাবলো পিকাসো উ. খ

ব্যাখ্যা : 'ভারতের পাবলো পিকাসো' হিসেবে খ্যাত চিত্রশিল্পী মকবুল ফিদা হোসেন এর একটি তৈলচিত্র 'পঞ্চ ইন্দ্রিয়'। তাঁর অন্যান্য চিত্রকর্মের মধ্যে রয়েছে- ব্যাটল অব গঙ্গা অ্যান্ড যমুনা, মহাভারত টুয়েলভ, মাদার ইন্ডিয়া ইত্যাদি।

৯৪. 'ফেয়ার ফ্যাক্স' কী–

ক. বিশ্বের অন্যতম টেলিফোন সংস্থা
খ. একটি সংবাদ মাধ্যম
গ. রাশিয়ার গোয়েন্দা সংস্থা
ঘ. মার্কিন যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থা উ. ঘ

ব্যাখ্যা : Fairfax হচ্ছে যুক্তরাষ্ট্রের বেসরকারি অর্থনৈতিক গোয়েন্দা সংস্থা। CIA, DIA, FBI এগুলোও যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থা। তবে, 'ইন্টারফ্যাক্স' রাশিয়ার সংবাদ সংস্থা।

৯৫. আন্তির্জাতিক মানবাধিকার দিবস পালিত হয়-

ক. ১০ মার্চ খ. ১০ জুন
গ. ১০ অক্টোবর ঘ. ১০ ডিসেম্বর উ. ঘ

ব্যাখ্যা : ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদে 'Universal Decleration of Human Rights' (সর্বজনীন মানবাধিকার ঘোষণাপত্র) পাস হয়। তাই সেই থেকে ১০ ডিসেম্বর মানবাধিকার দিবস হিসেবে পালিত হচ্ছে।

৯৬. বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ডের বর্তমান নাম কী?

ক. BTTB খ. BTCC
গ. BTCL ঘ. BTRC উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড (BTTB) এর বর্তমান নাম Bangladesh Telecommunication Company Limited (BTCL)। BTTB ২০০৮ সালে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত হয়ে 'BTCL' হিসেবে যাত্রা শুরু করে।

৯৭. নিচের কোনটি বাংলা লেখার সফটওয়্যার?

ক. বিজয় খ. সুলেখা
গ. সুতনী ঘ. রূপসা উ. ক

ব্যাখ্যা : বাংলাদেশে সবচেয়ে বহুল ব্যবহৃত বাংলা লেখার সফটওয়্যার 'বিজয়'। মোস্তাফা জব্বার ১৯৮৮ সালের ১৬ ডিসেম্বর নির্মাণ ও প্রকাশ করেন বিজয় বাঙলা কী বোর্ড ও সফটওয়্যার। (তার ছেলের নামও বিজয়)।

৯৮. সম্প্রতি কোন দেশের ৩৩ জন আটকেপড়া খনি শ্রমিককে ২ মাস পর উদ্ধার করা হয়?

ক. কিউবা খ. চিলি
গ. ব্রাজিল ঘ. মেক্সিকো উ. খ

ব্যাখ্যা : (প্রশ্নটি বর্তমান প্রেক্ষাপটে আর প্রাসঙ্গিক নয়) চিলি বিশ্বের সর্বাপেক্ষা সরু দেশ (রাজধানী সান্টিয়াগো)। পৃথিবীর সর্বদক্ষিণের নগরী চিলির পুয়ার্তো উইলিয়াম।

৯৯. শান্ত সাগর কোথায় অবস্থিত?

ক. বুধগ্রহ খ. পৃথিবীতে
গ. চাঁদে ঘ. শনিগ্রহে উ. গ

ব্যাখ্যা : পৃথিবীর একমাত্র উপগ্রহ চাঁদে 'শান্ত সাগর' অবস্থিত। চাঁদে কোন বায়ুমণ্ডল নেই। প্রথম মানব হিসেবে নীল আর্মস্ট্রং ১৯৬৯ সালের ২০ জুলাই চাঁদে পা রাখেন।

১০০. কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়?

ক. ভিটামিন-এ খ. ভিটামিন-বি
গ. ভিটামিন-সি ঘ. ভিটামিন-ডি উ. ক

ব্যাখ্যা :

ভিটামিন	অভাবজনিত রোগ
ভিটামিন সি	স্কার্ভি, সর্দি কাশি
ভিটামিন এ	রাতকানা (X_n)
ভিটামিন ডি	রিকেটস, অস্টিওমেলাসিয়া
ভিটামিন B_1	বেরিবেরি
ভিটামিন B_2	মুখে ও জিহ্বায় ঘা
ভিটামিন B_3	পেলেগ্রা
ভিটামিন B_{12}	রক্তশূন্যতা

*[*বিদ্র. ৫ম-১ম কলেজ পর্যায় নিবন্ধন প্রিলি পরীক্ষা লিখিত আকারে হয়েছিল; যা বর্তমান MCQ আকারের সিলেবাসের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। তাই, বিগত সালের নিবন্ধন পরীক্ষার প্রশ্ন সমাধন অংশে ৫ম-১ম নিবন্ধন প্রিলির প্রশ্ন অন্তর্ভুক্ত করা হয়নি]*

ব্যাখ্যাসহ বিগত সালের
শিক্ষক নিবন্ধন
পরীক্ষার প্রশ্ন সমাধান

স্কুল পর্যায়

Job Navigator

১৭তম স্কুল/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০২২

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ৪; বিষয় কোড : ৩০০; পরীক্ষার তারিখ : ৩০.১২.২০২২

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রা প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কর্তন হবে।]

১. **অঘোষ অল্পপ্রাণ ধ্বনি কোনটি?**

ক. 'চ' ধ্বনি খ. 'ছ' ধ্বনি
গ. 'জ' ধ্বনি ঘ. 'ঝ' ধ্বনি উ. ক

ব্যাখ্যা : যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না তাকে বলে অঘোষ ধ্বনি। আর যে ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের স্বল্পতা থাকে তাকে অল্পপ্রাণ ধ্বনি বলে। বাংলা বর্ণমালায় বর্গীয় প্রথম ধ্বনি হল অঘোষ অল্পপ্রাণ ধ্বনি। যেমন- ক, চ, ট, ত, প। এছাড়াও শ, ষ,স হলো অঘোষ অল্পপ্রাণ ধ্বনি।

২. **বাক্যের ক্ষুদ্রাংশকে কী বলে?**

ক. পদ খ. রূপ
গ. শব্দমূল ঘ. ধ্বনি উ. গ

ব্যাখ্যা : বাক্যের ক্ষুদ্রতম একক শব্দ। আর বাক্যের ক্ষুদ্রাংশ হচ্ছে শব্দমূল । শব্দমূলকে আর ভাঙ্গা যায় না যাকে 'প্রকৃতি' বলে।

৩. **সাধু ও চলিত ভাষার প্রধান পার্থক্য–**

ক. বাক্যের গঠন প্রক্রিয়ায়
খ. ক্রিয়া ও সর্বনাম পদের রূপগত ভিন্নতায়
গ. শব্দের কথ্য ও লেখ্য রূপের ভিন্নতায়
ঘ. ভাষার জটিলতা ও প্রাঞ্জলতায় উ. খ

ব্যাখ্যা : সাধু ভাষা গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল। আর চলিত ভাষা পরিবর্তনশীল, তদ্ভব ও দেশি শব্দবহুল। সাধু ও চলিত ভাষার মূল পার্থক্য সর্বনাম ও ক্রিয়াপদের ব্যবহারে। সাধু ভাষায় সর্বনাম ও ক্রিয়াপদ দীর্ঘ হয়, কিন্তু চলিত ভাষায় সর্বনাম ও ক্রিয়াপদ সংক্ষিপ্ত হয়। যেমন : তাহার-তার, করিয়া-করে। তবে, সাধু ও চলিত ভাষারীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয় অব্যয় পদ।

৪. **বাক্যে সম্বোধনের পর কোন চিহ্ন বসে?**

ক. কমা খ. কোলন
গ. হাইফেন ঘ. ড্যাস উ. ক

ব্যাখ্যা : বাংলায় যতি বা বিরাম চিহ্নের প্রথম ব্যবহার করেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। স্বল্প বিরতি বুঝাতে, সম্বোধনের পরে কমা বা পাদচ্ছেদ (,) বসে। যেমন হাসান, এদিকে এসো।

৫. **'প্রথিত' শব্দের অর্থ কোনটি?**

ক. প্রথা অনুসারে খ. যা প্রার্থনা
গ. বিখ্যাত ঘ. যা পুঁতে রাখা হচ্ছে উ. গ

ব্যাখ্যা : শব্দার্থ : প্রথিত = বিখ্যাত, অনীক = সৈনিক, অভিরাম = সুন্দর, অবিরাম = বিরতিহীন, অপলাপ = অস্বীকার, অনিকেত = গৃহহীন।

৬. **'পত্রপাঠ' বাগধারাটির অর্থ কী?**

ক. গোপন চুক্তি খ. বৃহৎ ব্যাপার
গ. অবিলম্ব ঘ. দীর্ঘস্থায়ী উ.

ব্যাখ্যা : পত্রপাঠ = অবিলম্ব বা তৎক্ষণাৎ, অর্ধচন্দ্র = গলা ধাক্কা দে ইঁদুর কপালে = মন্দভাগ্য, একাদশে বৃহস্পতি = প সৌভাগ্যের বিষয়।

৭. **কোন বানানটি শুদ্ধ?**

ক. স্বায়ত্বশাসন খ. শ্রদ্ধাঞ্জলী
গ. দারিদ্রতা ঘ. উপর্যুক্ত উ.

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত অপশনগুলোর মধ্যে কেবল অপশন (ঘ) উপর্যু শুদ্ধ বানান। বাকি শব্দগুলোর শুদ্ধ বানান রূপ হচে স্বায়ত্তশাসন, শ্রদ্ধাঞ্জলি, দারিদ্র্য/দরিদ্রতা।

৮. **শুদ্ধ বাক্যটি নির্দেশ করুন?**

ক. দৈন্যতা প্রশংসনীয় নয় খ. দীনতা প্রশংসনীয় নয়
গ. দৈন্যতা অপ্রসংসনীয় ঘ. দৈন্যতা নিন্দনীয় উ.

ব্যাখ্যা : 'দৈন্যতা' শব্দটিতে প্রত্যক্ষজনিত অপপ্রয়োগ রয়েছে। সঠি শব্দ হচ্ছে- দীনতা বা দৈন্য। তাই সঠিক বাক্যটি হচ্ছে 'দীনতা প্রশংসনীয় নয়'।

৯. **ণ-ত্ব বিধি অনুসারে কোন বানানটি শুদ্ধ?**

ক. পূর্বাহ্ন খ. মধ্যাহ্ন
গ. অপরাহ্ন ঘ. সায়াহ্ন উ.

ব্যাখ্যা : তৎসম শব্দের বানানে 'ণ' ব্যবহারের সঠিক নিয়মই হচ্ছে ণ বিধি। ণত্ব বিধি অনুযায়ী 'পূর্বাহ্ন' বানানটি শুদ্ধ। বাি শব্দগুলোর শুদ্ধ রূপ হচ্ছে- মধ্যাহ্ন, অপরাহ্ন, সায়াহ্ন।

১০. **"Look before you leap" – বাক্যটির সঠিক বাংল অনুবাদ কোনটি?**

ক. কাঁটা দিয়ে কাঁটা তোলা খ. নিজের চরকায় তেল দাও
গ. দেখে পথ চলো, বুঝে কথা বলো
ঘ. নিজের কাজ নিজে করো উ.

ব্যাখ্যা : "Look before you leap"- এর বাংলা হচ্ছে "ভাবি করিও কাজ, করিয়া ভাবিয়ো না।" অর্থাৎ দেখেশুনে পথ চলো বুঝে কথা বলে। 'Oil your own machine'- নিজে চরকায় তেল দাও। 'Set a thief to catch a thief' কাঁটা দিয়ে কাঁটা তোলা।

১১. **'Invoice' এর বাংলা পারিভাষিক রূপ কোনটি?**

ক. চালান খ. পণ্যাগার
গ. শুল্ক ঘ. বিনিয়োগ উ. ক

ব্যাখ্যা : পারিভাষিক শব্দ : Invoice = চালান, Customs = শুল্ক, Excise duty = আবগারি শুল্ক, পণ্যাগার = Warehouse, বিনিয়োগ = investment.

১২. 'প্রত্যাবর্তন' শব্দের সন্ধি-বিচ্ছেদ–
ক. প্রতি+বর্তন খ. প্রতি+আবর্তন
গ. প্রতিঃ+বর্তন ঘ. প্রতিঃ + আবর্তন **উ. খ**

ব্যাখ্যা : 'প্রত্যাবর্তন' এর সন্ধি বিচ্ছেদ হল- প্রতি + আবর্তন। গুরুত্বপূর্ণ আরও কিছু সন্ধি-বিচ্ছেদ- ইতি + আদি = ইত্যাদি, প্রতি + এক = প্রত্যেক, মসী + আধার = মস্যাধার, অতি + অন্ত = অত্যন্ত।

১৩. সন্ধিতে চ ও জ এর নাসিক্য ধ্বনি কী হয়?
ক. অনুস্বার খ. দ্বিত্ব
গ. মহাপ্রাণ ঘ. তালব্য **উ. ঘ**

ব্যাখ্যা : সন্ধিতে 'চ' ও 'জ' এর নাসিক্য ধ্বনি থাকলে তালব্য হয়। আর যেমন- যাচ্ + না = যাচঞা, যজ্ + ন = যজ্ঞ, রাজ্ + নী = রাজ্ঞী। খেয়াল করুন- এখানে 'চ' ও 'জ' এর নাসিক্য ধ্বনি 'ন' তালব্য ধ্বনি 'ঞ' হয়ে গেছে।

১৪. 'পড়াশোনায় মন দাও' বাক্যে পড়াশোনায় শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী **উ. ঘ**

ব্যাখ্যা : স্থান, কাল বা বিষয় বুঝালে অধিকরণ কারক হয়। 'পড়াশোনায় মন দাও' -বাক্যটিতে 'পড়াশোনায়' শব্দটি অধিকরণ কারকে ৭মী বিভক্তি। বাক্যের ক্রিয়াকে যদি প্রশ্ন করা হয়- 'কোথায় মন দিবে?'- তখন উত্তর আসবে- 'পড়াশোনায়'।

১৫. "এবারের সংগ্রাম, স্বাধীনতার সংগ্রাম"– বাক্যটিতে স্বাধীনতার শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ষষ্ঠী খ. নিমিত্তার্থে ষষ্ঠী
গ. করণে ষষ্ঠী ঘ. সম্প্রদানে ষষ্ঠী **উ. খ**

ব্যাখ্যা : কর্তা যার উদ্দেশ্যে বা যার জন্যে ক্রিয়া সম্পাদন করে তাকে বলে নিমিত্ত কারক। প্রদত্ত বাক্যে 'স্বাধীনতার' শব্দটি তাই নিমিত্তার্থে ষষ্ঠী বিভক্তি।

১৬. 'কালান্তর' শব্দটির ব্যাসবাক্য কোনটি?
ক. অন্যকাল খ. ক্ষুদ্রকাল
গ. কালের অন্তর ঘ. কাল ও অন্তর **উ. ক**

ব্যাখ্যা : যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না তাকে বলে নিত্য সমাস। যেমন অন্যকাল = কালান্তর, অন্য গ্রাম = গ্রামান্তর, কেবল দর্শন = দর্শনমাত্র।

১৭. 'মুজিববর্ষ' কোন সমাস?
ক. দ্বন্দ্ব সমাস খ. দ্বিগু সমাস
গ. কর্মধারয় সমাস ঘ. অব্যয়ীভাব সমাস **উ. গ**

ব্যাখ্যা : মুজিবের স্মরণে যে বর্ষ = মুজিববর্ষ। এটি একটি মধ্যপদলোপী কর্মধারয় সমাস।

১৮. 'মুক্তি'-এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. $\sqrt{মুচ্}$ + ক্তি খ. $\sqrt{মুহ্}$ + ক্তি
গ. $\sqrt{মুক্}$ + ক্তি ঘ. $\sqrt{মৃচ্}$ + ক্তি **উ. ক**

ব্যাখ্যা : $\sqrt{মুচ্}$ + ক্তি = মুক্তি (সংস্কৃত কৃৎ প্রত্যয়)।

১৯. পৃথিবী'র সমার্থক শব্দ কোনটি?
ক. অচল খ. অদ্রি
গ. ভূধর ঘ. অবনী **উ. ঘ**

ব্যাখ্যা : পৃথিবী এর সমার্থক শব্দ = অবণী, ধরা, ধরণি, অদিতি, বসুন্ধরা, বসুধা, ভূলোক,মহী, ক্ষিতি প্রভৃতি। পর্বত এর সমার্থক শব্দ = অচল, অদ্রি, শৈল, গিরি, ভূধর, ক্ষিতিধর, মহীধর, মহীদ্র, শৃঙ্গী, ইত্যাদি।

২০. 'খিড়কি' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. সরুপথ খ. চিলেকোঠা
গ. গুপ্তপথ ঘ. সিংহদার **উ. ঘ**

ব্যাখ্যা : বিপরীত শব্দ : খিড়কি = সিংহদার, প্রাচীন = অর্বাচীন, আকুঞ্চন = প্রসারণ, ঋজু = বক্র।

২১. 'কর্মে অতিশয় তৎপর' এ কথায় কী হবে?
ক. ত্বরিৎকর্মা খ. কর্মবীর
গ. কর্মপটু ঘ. কর্মনিষ্ঠ **উ. ক**

ব্যাখ্যা : এক কথায় প্রকাশ : কর্মে অতিশয় তৎপর = ত্বরিৎকর্মা, কর্মে দক্ষ = কর্মপটু, কর্মে নিষ্ঠা যার = কর্মনিষ্ঠ, মহৎ উদ্দেশ্যে যিনি জীবনকে কর্মে নিয়োগ করেন = কর্মবীর।

২২. 'যা বলা হবে' এর বাক্য সংকোচন কোনটি?
ক. উক্ত খ. বাচ্য
গ. ভবিতব্য ঘ. বক্তব্য **উ. ঘ**

ব্যাখ্যা : যা বলা হবে = বক্তব্য, যা বলা হয়েছে = উক্ত, যা বলার যোগ্য = বাচ্য, যা ঘটবেই = ভবিতব্য/অবশ্যম্ভাবী।

২৩. 'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. শ্রবণ + অ খ. $\sqrt{শ্রী}$ + অন
গ. $\sqrt{শ্রু}$ + অন ঘ. $\sqrt{শ্রব}$ + অন **উ. গ**

ব্যাখ্যা : $\sqrt{শ্রু}$ + অন = শ্রবণ (সংস্কৃত কৃৎ প্রত্যয়)।

২৪. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?
ক. জেঠী খ. পাগলী
গ. বেঙ্গামী ঘ. সৎমা **উ. ঘ**

ব্যাখ্যা : নিত্য স্ত্রীবাচক শব্দ : সৎমা, বিধবা, সতীন, ডাইনি, দাইমা, কুলটা ইত্যাদি।

২৫. 'রজক' এর স্ত্রীবাচক শব্দ কোনটি?
ক. রজকা খ. রজকী
গ. রজকিনী ঘ. রজকানী **উ. খ**

ব্যাখ্যা : রজক এর স্ত্রীবাচক শব্দ 'রজকী'। যদিও কিছু কিছু বইয়ে 'রজকিনী'ও দেওয়া আছে। তবে, 'রজকিনী' এর থেকে 'রজকী' বেশি গ্রহণযোগ্য। অপশনে 'রজকী' না থাকলে তখন 'রজকিনী' উত্তর দেয়া যেতে পারে।

২৬. **If I had tried again–**
ক. I could solve the problem.
খ. I could have solved the problem.
গ. I could solved the problem.
ঘ. I could have solve the problem. উ. খ
ব্যাখ্যা : 3rd conditional এর নিয়ম অনুযায়ী If যুক্ত অংশে Past Perfect Tense থাকলে অন্য clause এ sub + would have /could have /might have + verb এর Past participle form হয়।

২৭. **আজকাল নারীরা জীবনের সর্বক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।**
ক. Women are playing important role in all spheres of life.
খ. Nowadays women are playing important role everywhere.
গ. Women are playing most important roles in all sphere of life.
ঘ. Nowadays women are playing important role in all spheres of life. উ. ঘ
ব্যাখ্যা : Nowadays (আজকাল) women (নারীরা) are playing (রাখছে) important role (গুরুত্বপূর্ণ ভূমিকা) in all spheres of life (সর্বক্ষেত্রে)।

২৮. **I fancy I (turn) a trifle pale.**
ক. turned খ. turns
গ. am turning ঘ. had turned উ. ক
ব্যাখ্যা : I fancy, I wish ইত্যাদি থাকলে পরবর্তী অংশে be verb থাকলে were, অন্য ক্ষেত্রে মূল verb এর past form (v_2) হয়।

২৯. **He fell – a trap.**
ক. of খ. off
গ. into ঘ. out উ. গ
ব্যাখ্যা : Fall into = পতিত হওয়া, আটকে পড়া। fall into a trap = কোনো ফাঁদে আটকে পড়া।

৩০. **I would rather die–**
ক. then beg খ. than beg
গ. but I would not beg ঘ. to beg উ. খ
ব্যাখ্যা : Would rather অর্থ- বরং। Would rather এর পরে than + verb এর base form এসে। 'I would rather die than beg.' = 'আমি বরং মরবো, তবুও ভিক্ষা করবো না।'

৩১. **The prince has no ambition – the throne.**
ক. to খ. with
গ. of ঘ. for উ. ঘ
ব্যাখ্যা : Ambition for = কোন কিছুর জন্য আকাঙ্ক্ষা; thro অর্থ সিংহাসন।

৩২. **Which is the noun of the word wise?**
ক. Wise খ. Wisdom
গ. Wisely ঘ. Wish উ.
ব্যাখ্যা : wise (adj) = জ্ঞানী, wisdom (n) = প্রজ্ঞা, বিজ্ঞতা, জ্ঞান

৩৩. **'Ups and downs' means–**
ক. throughly
খ. move upward and downward
গ. here and there ঘ. rise and fall উ.
ব্যাখ্যা : Ups and down = rise and fall = উত্থান-পতন।

৩৪. **The verb form of 'strong' is–**
ক. strength খ. strong
গ. strengthen ঘ. stronger উ. গ
ব্যাখ্যা : Strong একটি Adjective, যার verb হচ্ strengthen. Strong অর্থ শক্তিশালী, strengthen অ শক্তিশালী করা। Strong এর noun হচ্ছে- strength অ শক্তিমত্তা, শক্তি, বল।

৩৫. **— best companions in fife.**
ক. Books are men's খ. Books are mens
গ. Book is mans ঘ. A book is a man's উ. ক
ব্যাখ্যা : 'Man' এর plural হচ্ছে 'men'. তাই 'মানুষের বোঝাতে 'men' এর সঙ্গে apostrophe বা উদ্ধরণ চিহ্ বসে হবে men's. অর্থাৎ, Books are men's best companions in life. বাক্যটির অর্থ 'বই হচ্ছে মানুষের জীবনের শ্রেষ্ঠ বন্ধু।'

৩৬. **তিনি সৎ লোক ছিলেন, তাই না?**
ক. He was truthful, was he?
খ. He was an honest man, did not he?
গ. He was really an honest man?
ঘ. He was an honest man, wasn't he? উ. ঘ
ব্যাখ্যা : Tag question এর নিয়মানুসারে কোন বাক্য positive হলে তার tag question টি negative হবে। আর be verb 'was' থাকায় tag এ সেটিই ব্যবহৃত হবে। সুতরাং সঠিক অপশনটি হচ্ছে 'ঘ'।

৩৭. **The synonym of 'incredible' is–**
ক. unbelievable খ. unthinkable
গ. unlikely ঘ. un-thinking উ. ক
ব্যাখ্যা : Increalible = unbelievable = অবিশ্বাস্য unthinkable = অচিন্তনীয়, unlikely = অনুপযোগী, অসম্ভাব্য।

Job Navigator

৩৮. **The antonym of 'Honorary' is–**
ক. official খ. honorable
গ. salaried ঘ. literary **উ. গ**

ব্যাখ্যা : Honorary = অবৈতনিক (সম্মানীয়), salaried = বৈতনিক; যা পরস্পর বিপরীতার্থক। অন্যদিকে, official = আনুষ্ঠানিক বা প্রাতিষ্ঠানিক, honorable = সম্মানীয়, literary = সাহিত্যবিষয়ক, সাহিত্যসম্পর্কিত।

৩৯. **'To end in smoke' means–**
ক. to create fire খ. to go through suffering
গ. to come to nothing ঘ. to see fire **উ. গ**

ব্যাখ্যা : end in smoke অর্থ 'ব্যর্থতায় পর্যবসিত হওয়া'। to come to nothing = কোনো ফল না পাওয়া অর্থাৎ ব্যর্থতায় পর্যবসিত হওয়া।

৪০. **Kalam is as strong as Salam. (Comparative)**
ক. Salam is not stronger than Kalam.
খ. Salam is stronger than Kalam.
গ. Kalam is not stronger than Salam.
ঘ. Kalam is stronger than Salam. **উ. ক**

ব্যাখ্যা : কোন positive Degree তে as ... as থাকলে comparative করতে not + Adjective এর comparative degree + than বসে।

৪১. **The synonym of 'Prudent' is–**
ক. unwise খ. insightful
গ. injudicious ঘ. impolite **উ. খ**

ব্যাখ্যা : Prudent = দক্ষ/বিচক্ষণ/দূরদর্শী, insightful = সূক্ষ্ম দৃষ্টিসম্পন্ন, unwise = বোকা, injudicious = অবিচক্ষণ, impolite = অভদ্র।

৪২. **Without working hard, you cannot succeed. (Compound)**
ক. Work hard and you can not succeed.
খ. Work hard or you can not succeed.
গ. Work hard and you can succeed.
ঘ. You work hard and you can succeed. **উ. খ**

ব্যাখ্যা : 'Or' দুটো বিপরীত বিষয়কে join করে, যেমন poor, but honest। কাজেই সঠিক উত্তর হবে খ। আর and দুটো সমান অর্থের বিষয়কে join করে যেমন honestty and integrity।

৪৩. **Over-flooding is one of the worst problems in our country. (Positive)**
ক. Over-flooding is worse than any other problem.
খ. No other problem in our country is as bad as over-flooding.
গ. Very few problems in our country are as bad as over-flooding.
ঘ. Over-flooding is a very worse problem in our country. **উ. গ**

ব্যাখ্যা : One of যুক্ত superlative degree কে positive করতে হলে very few দ্বারা শুরু করতে হয়। very few এর পরবর্তী subject ও verb উভয়টি plural হয়।

৪৪. **What can not be cured must be endured. (Active)**
ক. Must be endure we cure.
খ. We can not cure what we must endure.
গ. We must endure what we can not cure.
ঘ. We must be endured what we can not cure. **উ. গ**

ব্যাখ্যা : যেসব passive বাক্যের এর subject থাকে না, সেসব passive বাক্যকে active বাক্যে রূপান্তর করার সময় বাক্যের অর্থের উপর ভিত্তি করে subject বসাতে হয়। এখানে প্রশ্নে প্রদত্ত বাক্যটিকে passive করার সময় 'We' subject ব্যবহার করা হয়েছে। অতএব, বাক্যটির সঠিক passive হচ্ছে- We must endure what we can not cure.

৪৫. **Let us love our country. (Simple)**
ক. We should not hate our country.
খ. We should love our country.
গ. We may not hate our country.
ঘ. Should love our country. **উ. খ**

ব্যাখ্যা : এটি একটি imperative sentence। একে simple এবং assertive sentence করার জন্য সঠিক গঠন হবে sub+should+main verb এর base form + object। কাজেই সঠিক উত্তর হচ্ছে খ।

৪৬. **Noun form of the word 'comfortable' is–**
ক. comfortably খ. comfort
গ. comfortable ঘ. none **উ. খ**

ব্যাখ্যা : Comfortable একটি adjective, যার অর্থ- আরামদায়ক বা স্বস্তিদায়ক। Comfortable এর noun হচ্ছে Comfort, যার অর্থ আরাম বা স্বস্তি। Comfortable এর adverb হচ্ছে comfortably, যার অর্থ- আরামদায়কভাবে।

৪৭. I look forward to (receive) a letter from you.

ক. receiving খ. receive

গ. received ঘ. receives উ. ক

ব্যাখ্যা : with a view to, with an eye to, be/get used to, look forward to ইত্যাদি এর পরবর্তী verb এর সাথে ing যুক্ত হয়।

৪৮. He is so dull that–

ক. He can understand anything.

খ. He could understand anything.

গ. He can not understand anything.

ঘ. He could not understand anything. উ. গ

ব্যাখ্যা : that এর আগের clause টি present tense হলে পরবর্তী clause টিও present tense হবে। আর যেহেতু so dull আছে, তাই পরবর্তী clause টি Negative হবে। কাজেই সঠিক উত্তর গ।

৪৯. I have left the room but he (enter) the room.

ক. enters খ. entered

গ. has entered ঘ. is entering উ. গ

ব্যাখ্যা : but এর আগের clause এ present perfect tense থাকায় পরবর্তী clause টিতেও present perfect tense হবে।

৫০. The man is – his son's fault.

ক. blind to খ. blind of

গ. blind in ঘ. blind at উ. ক

ব্যাখ্যা : blind to someone's fault মানে কারো দোষ দেখেও না দেখার ভাণ করা। তবে, অন্ধ বোঝাতে 'blind of' হয়। যেমন- The poor old man is blind of one eye.

৫১. পিতা ও পুত্রের বয়সের গড় ৩০ বছর। ৬ বছর পরে তাদের বয়সের অনুপাত ৫ : ১ হলে, পুত্রের বর্তমান বয়স কত বছর?

ক. ৫ খ. ৬

গ. ৮ ঘ. ৯ উ. খ

ব্যাখ্যা : মনে করি,

6 বছর পরে পিতার বয়স = 5x

6 " " পুত্রের " = x

∴ 6 বছর পরে পিতার বয়স 5x হলে,

পিতার বর্তমান বয়স = 5x – 6

∴ পুত্রের " " = x – 6

আবার, পিতা ও পুত্রের গড় বয়স = 30

∴ " ও " মোট বয়স = 30 × 2 = 60 বছর

প্রশ্নানুসারে,

$(5x - 6) + (x - 6) = 60$

বা, $5x - 6 + x - 6 = 60$

বা, $6x - 12 = 60$

বা, $6x = 60 + 12$

বা, $6x = 72$

বা, $x = \frac{72}{6}$

$\therefore x = 12$

∴ পুত্রের বর্তমান বয়স = x–6 বছর।

= 12–6 বছর = 6 বছর।

৫২. পাঁচটি ঘণ্টা একত্রে বেজে যথাক্রমে ৩, ৬, ৯, ১২, ১৫ সেকেন্ড অন্তর বাজতে লাগল। কতক্ষণ পর ঘণ্টাগুলো পুনরায় একত্রে বাজবে?

ক. ৩০ সেকেন্ড খ. ৯০ সেকেন্ড

গ. ৩ মিনিট ঘ. ৫ মিনিট উ. গ

ব্যাখ্যা : ঘণ্টাগুলো বাজার সময়ের ল.সা.গু. হলো ঘণ্টাগুলো পুনরায় একত্রে বাজার সময়।

৩ | ৩, ৬, ৯, ১২, ১৫

২ | ১, ২, ৩, ৪, ৫

১, ১, ৩, ২, ৫

∴ ল.সা.গু. = ৩ × ২ × ৩ × ২ × ৫ = ১৮০

অতএব, ১৮০ সেকেন্ড অর্থাৎ ৩ মিনিট পর ঘণ্টাগুলো পুনরায় একত্রে বাজবে।

৫৩. যদি ৩ জন পুরুষ বা ৫ জন বালক একটি কাজ ২০ দিনে করতে পারে তবে ৪ জন পুরুষ এবং ১০ জন বালক ঐ কাজটি কত দিনে করতে পারবে?

ক. ১০ খ. ৯

গ. ৮ ঘ. ৬ উ. ঘ

ব্যাখ্যা : ৩ জন পুরুষ = ৫ জন বালক

১ " " = $\frac{৫}{৩}$ " "

∴ ৪ " " = $\frac{৫ \times ৪}{৩}$ " "

= $\frac{২০}{৩}$ জন বালক

মোট বালক = $\frac{২০}{৩}$ + ১০ জন

= $\frac{৫০}{৩}$ "

এখন ৫ জন বালক কাজটি করে ২০ দিনে
১ " " " " ২০ × ৫ "
∴ $\frac{৫০}{৩}$ " " " " $\frac{২০ \times ৫ \times ৩}{৫০}$ "
= ৬ দিনে।

৫৪. ৮ জন লোক একটি কাজ ১২ দিনে করতে পারে। দুই জন লোক কমিয়ে দিলে কাজটি সম্পন্ন করতে শতকরা কত দিন বেশি লাগবে?
ক. ২৫ খ. ৫০
গ. $৩৩\frac{১}{৩}$ ঘ. $৬৬\frac{২}{৩}$ উ. গ

ব্যাখ্যা : ৮ জন লোক কাজটি করে ১২ দিনে
১ " " " " ১২ × ৮ "
∴ (৮ − ২) = ৬ " " $\frac{১২ \times ৮}{৬}$ "
= ১৬ দিনে।
সময় বেশি লাগে (১৬ − ১২) = ৪ দিন
১২ দিনে বেশি লাগে ৪ দিন
১ " " " $\frac{৪}{১২}$ "
∴ ১০০ " " " $\frac{৪ \times ১০০}{১২}$ "
= $৩৩\frac{১}{৩}$ দিন

৫৫. ৫% হারে ৫০০০ টাকার ২ বছরের সরল ও চক্রবৃদ্ধি সুদের পার্থক্য কত টাকা?
ক. ১০ খ. ১২.৫০
গ. ১৫ ঘ. ২৫ উ. খ

ব্যাখ্যা : সরল সুদের ক্ষেত্রে,
$$\text{সুদ} = \frac{\text{সময়} \times \text{হার} \times \text{আসল}}{১০০}$$
$$= \frac{২ \times ৫ \times ৫০০০}{১০০}$$
= ৫০০

চক্রবৃদ্ধি সুদের ক্ষেত্রে
$$\text{সুদাসল} = p\left(১ + \frac{r}{১০০}\right)^n$$
$$= ৫০০০\left(১ + \frac{৫}{১০০}\right)^২$$
$$= ৫০০০ \times (১.০৫)^২$$
= ৫৫১২.৫
∴ = ৫৫১২.৫ − ৫০০০
= ৫১২.৫
∴ সুদের পার্থক্য = ৫১২.৫ − ৫০০
= ১২.৫

p = আসল
r = সুদের হার
n = সময়

সহজ শর্টকাট : আমরা জানি,
$$\text{মুনাফার পার্থক্য} = p\left(\frac{r}{100}\right)^n$$
$$= 5,000\left(\frac{5}{100}\right)^2$$
$$= 5,000\left(\frac{1}{20}\right)^2$$
$$= 5,000 \times \frac{1}{20 \times 20}$$
= 12.5

৫৬. একটি দ্রব্য বিক্রি করে বিক্রেতার ১০% ক্ষতি হলো। বিক্রয় মূল্য ১৩৫ টাকা বেশি হলে বিক্রেতার ২০% লাভ হতো। দ্রব্যটির ক্রয়মূল্য কত টাকা?
ক. ৪২০ খ. ৪৫০
গ. ৪৬০ ঘ. ৪৮০ উ. খ

ব্যাখ্যা : ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ − ১০) = ৯০ টাকা
২০% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ২০) = ১২০ টাকা
∴ বিক্রয়মূল্য বেশি = (১২০ − ৯০) = ৩০ টাকা
বিক্রয়মূল্য ৩০ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা
" ১ " " " " $\frac{১০০}{৩০}$ "
∴ " ১৩৫ " " " " $\frac{১০০ \times ১৩৫}{৩০}$ "
= ৪৫০ টাকা

৫৭. দুইটি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত ৩ : ২। বৃত্তদ্বয়ের ক্ষেত্রফলের অনুপাত কত হবে?
ক. ২ : ৩ খ. ৩ : ৪
গ. ৪ : ৯ ঘ. ৯ : ৪ উ. ঘ

ব্যাখ্যা : মনে করি, একটি বৃত্তের ব্যাসার্ধ r = ৩x
অপর " " r = ২x
আমরা জানি, বৃত্তের ব্যাসার্ধ r হলে বৃত্তের ক্ষেত্রফল = πr^2
∴ বৃত্তদ্বয়ের ক্ষেত্রফলের অনুপাত = $\pi r^2 : \pi r^2$
$= \pi(৩x)^২ : \pi(২x)^2$
$= ৯\pi x^২ : ৮\pi x^2$
= ৯ : ৪

৫৮. ৯,৮০০ টাকা ২ : ৩ : ৪ : ৫ অনুপাতে ভাগ করলে বৃহত্তর এবং ক্ষুদ্রতর অংশের পার্থক্য কত টাকা হবে?
ক. ২,১০০ খ. ২,২০০
গ. ২,৫০০ ঘ. ৩,৫০০ উ. ক

Job Navigator

ব্যাখ্যা : এখানে বৃহত্তর সংখ্যা = ৫ এবং ক্ষুদ্রতম সংখ্যা = ২।
অনুপাতগুলোর যোগফল = (২ + ৩ + ৪ + ৫)
= ১৪

$\therefore$ বৃহত্তম অংশ = ৯৮০০ × $\frac{৫}{১৪}$
= ৩৫০০

$\therefore$ ক্ষুদ্রতম অংশ = ৯৮০০ × $\frac{২}{১৪}$
= ১৪০০

সুতরাং, পার্থক্য = ৩৫০০ − ১৪০০
= ২১০০

৫৯. $\log_{\sqrt{3}} 3 + \log_4 2$ = কত?

ক. $\frac{2}{5}$ খ. $\frac{5}{2}$
গ. $\frac{7}{4}$ ঘ. $\frac{11}{2}$ উ. খ

ব্যাখ্যা : $\log_{\sqrt{3}} 3 + \log_4 2$

$= \log_{\sqrt{3}} (\sqrt{3})^2 + \log_4 (4)^{\frac{1}{2}}$

$= 2 \times \log_{\sqrt{3}} \sqrt{3} + \frac{1}{2} \log_4 4$

$= 2 \times 1 + \frac{1}{2} \times 1$

$= 2 + \frac{1}{2}$

$= \frac{4+1}{2}$

$= \frac{5}{2}$

৬০. অর্ধবৃত্তস্থ কোণের মান কত?

ক. 60° খ. 70°
গ. 90° ঘ. 120° উ. গ

ব্যাখ্যা : অর্ধবৃত্তস্থ কোণ = ৯০° তথা এক সমকোণ



৬১. $(\sqrt{3} \times \sqrt{5})^4$ এর মান কত?

ক. 30 খ. 60
গ. 225 ঘ. 150 উ. গ

ব্যাখ্যা : $(\sqrt{3} \times \sqrt{5})^4$

$= (\sqrt{3})^{2\times2} \times (\sqrt{5})^{2\times2}$

$= 3^2 \times 5^2$

$= 9 \times 25$

$= 225$

৬২. যদি $a^2 + \frac{1}{a^2} = 51$ হয় তবে $\left(a - \frac{1}{a}\right)$ এর মান কত?

ক. ± 9 খ. ± 7
গ. ± 5 ঘ. ± 3 উ. খ

ব্যাখ্যা : দেয়া আছে,

$a^2 + \frac{1}{a^2} = 51$

বা, $\left(a - \frac{1}{a}\right)^2 + 2.a.\frac{1}{a} = 51$

বা, $\left(a - \frac{1}{a}\right)^2 = 51 - 2$

বা, $\left(a - \frac{1}{a}\right)^2 = 49$

বা, $\left(a - \frac{1}{a}\right)^2 = 7^2$

বা, $\sqrt{\left(a - \frac{1}{a}\right)^2} = \sqrt{7^2}$

$\therefore \left(a - \frac{1}{a}\right) = \pm 7$

৬৩. যদি $\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{b}{a}\right)^{x-5}$ হয়, তবে x এর মান কত?

ক. 8 খ. 5
গ. 4 ঘ. 3 উ.

ব্যাখ্যা : দেয়া আছে,

$\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{b}{a}\right)^{x-5}$

বা, $\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{a}{b}\right)^{-(x-5)}$

বা, $x - 3 = -(x - 5)$

বা, $x - 3 = -x + 5$

বা, $x + x = 5 + 3$

বা, $2x = 8$

বা, $x = \frac{8}{2}$

$\therefore x = 4$

Job Navigator

৬৪. যদি $x = y^a$, $y = z^b$ এবং $z = x^c$ হয়, তখন abc এর মান হয়–

ক. 4 খ. 3
গ. 2 ঘ. 1 **উ. ঘ**

ব্যাখ্যা : দেয়া আছে,

$x = y^a$
$= (z^b)^a \quad [\because y = z^b]$
$= z^{ab} \quad [\because z = x^c]$
$= (x^c)^{ab}$
$\therefore x = x^{abc}$
বা $x^1 = x^{abc}$
বা $1 = abc$
$\therefore abc = 1$

৬৫. তিনটি বাহুর দৈর্ঘ্য সেন্টিমিটারে দেওয়া হলো। কোন ক্ষেত্রে ত্রিভুজ অঙ্কন করা সম্ভব?

ক. ২, ৫ এবং ৮ খ. ৫, ৪ এবং ৯
গ. ৩, ৪ এবং ৫ ঘ. সকল ক্ষেত্রে **উ. গ**

ব্যাখ্যা : আমরা জানি, ত্রিভুজের যেকোনো দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর। অপশনগুলোর মধ্যে অপশন (গ) ৩ + ৪ = ৭, যা ৫ থেকে বড়। অন্য অপশনগুলোর ক্ষেত্রে দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর নয়।

৬৬. একটি আয়তাকার ঘরের প্রস্থ তার দৈর্ঘ্যের $\frac{২}{৩}$ অংশ। ঘরটির পরিসীমা ৪০ মিটার হলে তার ক্ষেত্রফল কত বর্গমিটার?

ক. ৯৬ খ. ৭২
গ. ৬৪ ঘ. ৬০ **উ. ক**

ব্যাখ্যা : মনে করি, আয়তাকার ঘরটির দৈর্ঘ্য = ৩x

তাহলে, " " প্রস্থ = ৩x এর $\frac{২}{৩}$
$= ২x$

আমরা জানি, আয়তাকার ক্ষেত্রের পরিসীমা = ২ (দৈর্ঘ্য + প্রস্থ)
$= ২ (৩x + ২x)$
$= ১০x$

প্রশ্নমতে, $১০x = ৪০$
$\therefore x = ৪$

আমরা জানি, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল= দৈর্ঘ্য × প্রস্থ বর্গ একক

$\therefore$ ক্ষেত্রফল = $৩x \times ২x$
$= ১২ \times ৮$
$= ৯৬$

৬৭. যদি $3^m = 81$ হয়, তবে $m^3 = ?$

ক. 9 খ. 16
গ. 27 ঘ. 64 **উ. ঘ**

ব্যাখ্যা : দেয়া আছে, $3^m = 81$
বা, $3^m = 3^4$
$\therefore m = 4$
$\therefore m^3 = 4^3$
$= 64$

৬৮. একটি ত্রিভুজের কোণগুলোর অনুপাত হচ্ছে 2 : 3 : 4. কোণগুলোর মান হচ্ছে–

ক. 80°, 120°, 160° খ. 40°, 60°, 80°
গ. 30°, 45°, 15° ঘ. 30°, 50°, 90° **উ. খ**

ব্যাখ্যা : আমরা জানি,
যেকোনো ত্রিভুজের তিন কোণের সমষ্টি = 180°
মনে করি, ত্রিভুজের কোণগুলো যথাক্রমে = 2x, 3x, 4x
শর্তমতে, $2x + 3x + 4x = 180°$
বা, $9x = 180°$
$\therefore x = 20°$
$\therefore 2x = 2 \times 20° = 40°$
$3x = 3 \times 20° = 60°$
$4x = 4 \times 20° = 80°$

৬৯. যদি একটি রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 4 সে. মি. এবং 6 সে. মি. হয়, তবে রম্বসের ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

ক. 6 খ. 8
গ. 12 ঘ. 24 **উ. গ**

ব্যাখ্যা : আমরা জানি,
রম্বসের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ (কর্ণদ্বয়ের গুণফল)
$= \frac{1}{2}(4 \times 6)$
$= \frac{1}{2} \times 24$
$= 12$

৭০. $1 - a^2 + 2ab - b^2$ এর উৎপাদক কোনটি?

ক. $(1 + a - b)(1 - a + b)$
খ. $(1 + a + b)(1 - a + b)$
গ. $(1 + a + b)(1 - a - b)$
গ. $(1 - a + b)(1 - a - b)$ **উ. ক**

ব্যাখ্যা : $1 - a^2 + 2ab - b^2$
$= 1 - (a^2 - 2ab + b^2)$
$= 1^2 - (a - b)^2$
$= \{a + (a - b)\}\{a - (a - b)\}$ [$\because a^2 - 2ab + b^2 = (a - b)^2$]
$= (1 + a - b)(1 - a + b)$

৭১. $4x^2 - 20x$ এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে?
ক. 4 খ. 9
গ. 16 ঘ. 25 **উ. ঘ**

ব্যাখ্যা : প্রদত্ত রাশি $= 4x^2 - 20x$
$= (2x)^2 - 2.2x.5 + 5^2 - 5^2$
$= (2x - 5)^2 - 25$
$\therefore 4x^2 - 20x$ এর সাথে 25 যোগ করলে যোগফল পূর্ণবর্গ হবে।

৭২. ৭০° কোণের সম্পূরক কোণ কোনটি?
ক. ২০° খ. ১১০°
গ. ২২০° ঘ. ২৯০° **উ. খ**

ব্যাখ্যা : আমরা জানি, সম্পূরক কোণের মান = ১৮০°
৭০° এর সম্পূরক কোণ = ১৮০° − ৭০°
= ১১০°
*[*নোট : ৭০° এর পূরক কোণ = ৯০° − ৭০° = ২০°। কিন্তু প্রশ্নে সম্পূরক কোণের মান চেয়েছে।]*

৭৩. ABCD চতুর্ভুজে AB || CD, AC = BD এবং ∠A = 90° হলে সঠিক চতুর্ভুজ কোনটি?
ক. সামান্তরিক খ. রম্বস
গ. আয়তক্ষেত্র ঘ. ট্রাপিজিয়াম **উ. গ**

ব্যাখ্যা : আমরা জানি, আয়তক্ষেত্রের বিপরীত বাহুগুলো সমান ও সমান্তরাল, কোণগুলো ৯০°। আয়তক্ষেত্রের কর্ণদ্বয় সমান।



৭৪. $x^3 - 1, x^3 + 1, x^4 + x^2 + 1$ এর ল. সা. গু. কত?
ক. $x^8 - 1$ খ. $x^7 - 1$
গ. $x^6 - 1$ ঘ. $x^5 - 1$ **উ. গ**

ব্যাখ্যা : ১ম রাশি $= x^3 - 1$
$= (x - 1)(x^2 + x.1 + 1^2)$
$= (x - 1)(x^2 + x + 1)$
২য় রাশি $= x^3 + 1$
$= (x + 1)(x^2 - x.1 + 1^2)$
$= (x + 1)(x^2 - x + 1)$
৩য় রাশি $= x^4 + x^2 + 1$
$= (x^2)^2 + 2.x^2.1 + 1^2$
$= (x^2 + 1)^2 - x^2$
$= (x^2 + 1 + x)(x^2 + 1 - x)$
$= (x^2 + x + 1)(x^2 - x + 1)$
$\therefore$ নির্ণেয় ল.সা.গু.
$= (x + 1)(x^2 - x + 1)(x - 1)(x^2 + x + 1)$
$= (x^3 + 1)(x^3 - 1)$
$= (x^3)^2 - 1^2$
$= x^6 - 1$

৭৫. $2^n \div 2^{n-1}$ = কত?
ক. 2 খ. 2^{n+1}
গ. 2^n ঘ. 2^{n-1} **উ. ক**

ব্যাখ্যা : $2^n \div 2^{n-1}$
$= 2^n \div \frac{2^n}{2^1}$
$= 2^n \times \frac{2^1}{2^n}$
$= 2^1$
$= 2$

৭৬. বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ কোনটি?
ক. কুতুবদিয়া খ. ভোলা
গ. মহেশখালী ঘ. সেন্টমার্টিন **উ. গ**

ব্যাখ্যা : বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ মহেশখালী। একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিন। বাংলাদেশের একমাত্র দ্বীপ জেলা ভোলা।

৭৭. বাংলাদেশের যে জেলায় সবচেয়ে বেশি চা বাগান রয়েছে–
ক. হবিগঞ্জ খ. মৌলভীবাজার
গ. সিলেট ঘ. কুড়িগ্রাম **উ. খ**

ব্যাখ্যা : বাংলাদেশে বর্তমানে (২০২৩ সালে) মোট ১৬৮টি চা বাগান রয়েছে। এর মধ্যে মৌলভীবাজার জেলায় সর্বোচ্চ চা বাগান রয়েছে এবং দ্বিতীয় সর্বোচ্চ চা বাগান রয়েছে হবিগঞ্জ জেলায়।

৭৮. ভাষা শহিদদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন–
ক. আব্দুস সালাম খ. রফিক উদ্দিন
গ. আবুল বরকত ঘ. সকলেই **উ. গ**

ব্যাখ্যা : ভাষা শহীদদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন আবুল বরকত (রাষ্ট্রবিজ্ঞান)। প্রথম ভাষা শহীদ ছিলেন রফিক উদ্দীন (রফিক)। সর্বকনিষ্ঠ ভাষা শহীদ ওহীউল্লাহ (৯ বছর)।

৭৯. বাংলাদেশের প্রথম ডিজিটাল জেলা কোনটি?
ক. ঢাকা খ. গাজীপুর
গ. যশোর ঘ. সিলেট **উ. গ**

Job Navigator

ব্যাখ্যা : বাংলাদেশের ১ম Digital জেলা যশোর। আর প্রথম Digital সিটি সিলেট। বাংলাদেশের প্রথম 'ডিজিটাল আইল্যান্ড' হল- মহেশখালী, কক্সবাজার। বাংলাদেশে প্রথম ডিজিটাল ভূমি ব্যবস্থা চালু হয়- চট্টগ্রামে। বাংরাদেশের প্রথম 'স্মার্ট উপজেলা' শিবচর উপজেলা, মাদারীপুর। উল্লেখ্য যে, মুক্তিযুদ্ধের সময় ১ম শত্রুমুক্ত জেলা যশোর।

৮০. "স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ" পুরস্কার ২০২০ লাভ করেন–
ক. আজিজুর রহমান খ. ফেরদৌসী মজুমদার
গ. কালীপদ দাস ঘ. জাফর ওয়াজেদ উ: ক

ব্যাখ্যা : ২০২৩ সালে স্বাধীনতা পুরস্কার লাভ করেন মোট ৯ জন ব্যক্তি ও ১টি প্রতিষ্ঠান। 'স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ' ক্যাটাগরিতে পেয়েছেন ৪ জন। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর 'সমাজসেবা/জনসেবা' ক্যাটাগরিতে স্বাধীনতা পুরস্কার ২০২৩ পায়। ২০২৩ সালে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ ক্যাটাগরিতে যে ৪ জন ব্যক্তি পুরস্কার লাভ করেছেন- কর্নেল (অব.) সামসুল আলম, মরহুম লে. এ জি মোহাম্মদ খুরশীদ, শহিদ খাজা নিজামউদ্দিন ভূইয়া, মোফাজ্জল হোসেন চৌধুরী (মায়া)।

৮১. জাতির জনক শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেয়া হয়–
ক. ২৩ মার্চ ১৯৭১ খ. ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯
গ. ২৩ ফেব্রুয়ারি ১৯৬৭ ঘ. ২৩ ফেব্রুয়ারি ১৯৬৬ উ. খ

ব্যাখ্যা : আগরতলা ষড়যন্ত্র মামলা থেকে শেখ মুজিবুর রহমান মুক্তি পান ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি এবং তার পরের দিন অর্থাৎ ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯ তারিখে রেইসকোর্স ময়দানে 'বঙ্গবন্ধু' উপাধি প্রদান করেন তোফায়েল আহমেদ।

৮২. 'সবার জন্য শিক্ষা' স্লোগানটি বাংলাদেশে প্রচলিত কোন মুদ্রা বহন করে?
ক. ১ টাকা খ. ২ টাকা
গ. ৫ টাকা ঘ. ১০ টাকা উ. খ

ব্যাখ্যা : বাংলাদেশের ২ টাকার ধাতব মুদ্রায় 'সবার জন্য শিক্ষা' স্লোগানটি লেখা রয়েছে। উল্লেখ্য এটি একটি সরকারি মুদ্রা। সরকারি নোটে অর্থ সচিবের স্বাক্ষর থাকে। উল্লেখ্য যে, সরকারি মুদ্রা ও নোট হল- ১, ২, ৫ টাকার মুদ্রা ও নোট। ১, ২, ৫ টাকার নোটে অর্থ সচিবের স্বাক্ষর থাকে।

৮৩. চাকমা জনগোষ্ঠীর লোকসংখ্যা সর্বাধিক কোথায়?
ক. রাঙামাটি জেলায় খ. খাগড়াছড়ি জেলায়
গ. বান্দরবান জেলায় ঘ. সিলেট জেলায় উ. ক

ব্যাখ্যা : বাংলাদেশের বৃহত্তম উপজাতি চাকমা। চাকমারা সবচেয়ে বেশি বাস করে রাঙামাটিতে। চাকমাদের বর্ষবরণ উৎসব বিজু। চাকমারা বৌদ্ধ ধর্মাবলম্বী। তাদের নিজস্ব ভাষা ও বর্ণমালা আছে।

৮৪. মিয়ানমারের বিরুদ্ধে রোহিঙ্গাদের উপর গণহত্যা চালানোর অভিযোগে আইসিজেতে মামলা দায়ের করে–
ক. গাম্বিয়া খ. সেনেগাল
গ. সৌদি আরব ঘ. কুয়েত উ. ক

ব্যাখ্যা : রোহিঙ্গাদের গণহত্যা চালানোর অভিযোগে মিয়ানমারের বিরুদ্ধে আফ্রিকার দেশ গাম্বিয়া ICJ তে মামলা দায়ের করে ১১ নভেম্বর ২০১৯। উল্লেখ্য ICJ বা আন্তর্জাতিক ন্যায়বিচার আদালত এর সদর দফতর নেদারল্যান্ডের হেগ এ অবস্থিত।

৮৫. রাশিয়া ইউক্রেনে সামরিক অভিযান শুরু করে–
ক. ২৪ ফেব্রুয়ারি ২০২২ খ. ২৪ মার্চ ২০২২
গ. ২৪ জানুয়ারি ২০২২ ঘ. ২৪ এপ্রিল ২০২২ উ. ক

ব্যাখ্যা : রাশিয়া 'Special Militatoy Operation' নামক সামরিক অভিযান ইউক্রেনে শুরু করে ২৪ ফেব্রুয়ারি ২০২২। এর আগে ২০১৪ সালের ১৮ মার্চ রাশিয়া ইউক্রেনের 'ক্রিমিয়া উপদ্বীপ' দখল করে নেয়। তবে গণভোটের মাধ্যমে ক্রিমিয়া উপদ্বীপকে রাশিয়ার সঙ্গে একীভূত করে ২১ মার্চ, ২০১৪ তারিখে। উল্লেখ্য যে, ইউক্রেনকে বলা হয় ইউরোপের রুটির ঝুড়ি বা শস্যভাণ্ডার।

৮৬. বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) এর সদস্য সংখ্যা–
ক. ১৫৪টি খ. ১৭৪টি
গ. ১৬৪টি ঘ. ১৮৪টি উ. গ

ব্যাখ্যা : WTO বা বিশ্ব বাণিজ্য সংস্থা প্রতিষ্ঠিত হয় ১ জানুয়ারি ১৯৯৫। এর সদর দফতর জোনোভায় অবস্থিত। সংস্থাটির মোট সদস্য ১৬৪টি (১১ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত)। ১৬৪তম সদস্য আফগানিস্তান।

৮৭. 'কিয়েভ' কোন দেশের রাজধানী?
ক. রুমানিয়া খ. পোল্যান্ড
গ. ইউক্রেন ঘ. স্পেন উ. গ

ব্যাখ্যা :

দেশ	রাজধানী
ইউক্রেন	কিয়েভ
স্পেন	মাদ্রিদ
পোল্যান্ড	ওয়ারশ
রোমানিয়া	বুখারেস্ট

৮৮. অ্যান্তনিও গুতেরেসে জাতিসংঘের কততম মহাসচিব?
ক. অষ্টম খ. নবম
গ. দশম ঘ. একাদশ উ. খ

ব্যাখ্যা : জাতিসংঘের ১ম মহাসচিব ট্রিগভেলাই। আর বর্তমান ও ৯ম মহাসচিব পর্তুগালের নাগরিক অ্যান্তনিও গুতেরেস (১ জানুয়ারি ২০১৭- বর্তমান)। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘের মহাসচিব ছিলেন মিয়ানমারের নাগরিক উ থান্ট।

৮৯. ইংল্যান্ডের বর্তমান প্রধানমন্ত্রী?
ক. বরিস জনসন খ. লিজ স্ট্রাস
গ. ঋষি সুনাক ঘ. টনি ব্লেয়ার উ. গ
ব্যাখ্যা : ইংল্যান্ডের বর্তমান ও ৫৭তম প্রধানমন্ত্রী ভারতীয় বংশোদ্ভূত ঋষি সুনাক। কনজারভেটিভ পার্টির এ নেতা ২৫ অক্টোবর ২০২২ প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করে। প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণের পূর্বে তিনি দেশটির অর্থমন্ত্রী ছিলেন।

৯০. গোবি মরুভূমি কোন মহাদেশে অবস্থিত?
ক. আফ্রিকা খ. দক্ষিণ আমেরিকা
গ. এশিয়া ঘ. ইউরোপ উ. গ
ব্যাখ্যা : এশিয়া মহাদেশের বৃহত্তম মরুভূমি গোবি মরুভূমি যা চীন ও মঙ্গোলিয়ার মাঝে অবস্থিত। আফ্রিকা তথা পৃথিবীর বৃহত্তম মরুভূমি 'সাহারা মরুভূমি'।

৯১. বাংলাদেশে সর্বপ্রথম ইন্টারনেট সিস্টেম চালু হয় কোন সালে?
ক. ১৯৯৫ সালে খ. ১৯৯৬ সালে
গ. ১৯৯৭ সালে ঘ. ১৯৯৮ সালে উ. খ
ব্যাখ্যা : ইন্টারনেট আবিষ্কৃত হয় ১৯৬৯ সালে। বাংলাদেশে চালু হয় ১৯৯৬ সালে। ইন্টারনেটের জনক- মার্কিন নাগরিক Vinton Gray Cerf.

৯২. কচুশাক বিশেষভাবে মূল্যবান যে উপাদানের জন্য তা হলো–
ক. লৌহ খ. ভিটামিন-সি
গ. ক্যালসিয়াম ঘ. ভিটামিন-এ উ. ক
ব্যাখ্যা : কচুশাকে লৌহ অধিক পরিমাণে থাকে। মূল্যবান এ উপাদানটি শরীরে হিমোগ্লোবিন উৎপাদনে প্রধান ভূমিকা রাখে।

৯৩. ক্যান্সার সংক্রান্ত বিদ্যাকে বলে–
ক. টিউমারোলজি খ. একোলজি
গ. অঙ্কোলজি ঘ. সাইটোলজি উ. গ
ব্যাখ্যা : অনকোলজি (Oncology) = ক্যান্সার সংক্রান্ত বিদ্যা। দেহের কোষের অস্বাভাবিক বৃদ্ধিকে ক্যান্সার বলে।

৯৪. জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (UNEP) এর সদর দপ্তর অবস্থিত–
ক. স্টকহোম খ. নাইরোবি
গ. হেগ ঘ. বৈরুত উ. খ
ব্যাখ্যা : জাতিসংঘের পরিবেশ বিষয়ক সংস্থা United Nations Enironment Programme (UNEP) ১৯৭২ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দফতর আফ্রিকার দেশ কেনিয়ার নাইরোবিতে অবস্থিত।

৯৫. শর্করা জাতীয় খাদ্য যে কাজে ব্যয় হয়–
ক. দেহের বৃদ্ধির জন্য খ. ক্ষয়রোধের জন্য
গ. পুষ্টির অভাব পূরণে ঘ. হাড় গঠনে উ. ক
ব্যাখ্যা : সুষম খাদ্যের উৎপাদন ৬টি। এদের মধ্যে অন্যতম হচ্ছে শর্করা/কার্বোহাইড্রেট। শর্করা জাতীয় খাদ্য দেহে শক্তি যোগায়। দেহের বৃদ্ধির জন্য শর্করা জাতীয় খাদ্য প্রয়োজন।

৯৬. দৃষ্টিহীনদের জন্য আবিষ্কৃত বাংলায় প্রথম সফটওয়্যার এর নাম কী?
ক. আইলিপ খ. আইসাইট
গ. আইডট ঘ. আইলাইট উ. খ
ব্যাখ্যা : দৃষ্টিহীনরা 'ব্রেইলি' পদ্ধতির মাধ্যমে পড়তে পারেন। দৃষ্টিহীনদের পড়াশোনার জন্য বাংলায় আবিষ্কৃত ১ম সফটওয়্যার 'আইসাইট'।

৯৭. বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন হয়ে গেলে কোন মেমোরি থেকে তথ্য চলে যায়?
ক. ROM খ. Secondary storage
গ. RAM ঘ. কোনোটিই নয় উ. গ
ব্যাখ্যা : ROM = স্থায়ী মেমরী, RAM = অস্থায়ী মেমরি। বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন হয়ে গেলে RAM মেমরি থেকে তথ্য মুছে যায়। RAM এর পূর্ণরূপ Random Access Memory।

৯৮. বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) করোনা ভাইরাসের দাপ্তরিক নাম দিয়েছে–
ক. করোনা-১ খ. কোভিড-১৯
গ. করোনা ভাইরাস ঘ. SARS-COV-1 উ. খ
ব্যাখ্যা : WHO (বিশ্ব স্বাস্থ্য সংস্থা) করোনা ভাইরাস থেকে সৃষ্ট রোগের নামকরা করেছে COVID-19 এর পূর্ণরূপ Corona Viros Diseasc 2019। এর জীবাণুর নাম SARS– Cov– 2। এটি একটি RNA ভাইরাস।

৯৯. কোন হরমোনের অভাবে গলগণ্ড রোগের সৃষ্টি হয়?
ক. থাইরক্সিন খ. ইনসুলিন
গ. গ্লুকাগন ঘ. করটিসোল উ. ক
ব্যাখ্যা : মানবদেহে আয়োডিনের অভাবজনিত কারণে থাইরয়েড গ্রন্থির বৃদ্ধিজনিত গলদেশের অস্বাভাবিক স্ফীতি হল গলগণ্ড রোগ। থাইরক্সিন হরমোন এর অভাবে গলগণ্ড রোগ হয়। এ হরমোন থাইরয়েড গ্রন্থি থেকে উৎপন্ন হয়।

১০০. GIS-এর পূর্ণরূপ কোনটি?
ক. Geographic Information System
খ. Geological information System
গ. Geographic Integrated System
ঘ. Geological Integrated System উ. ক
ব্যাখ্যা : পূর্ণরূপ : GIS = Geographic Information System, GPS = Global Positioning System. GMT = Greenwich Mean Time।

১৬তম স্কুল/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৯

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ৪; বিষয় কোড : ৩০০; পরীক্ষার তারিখ : ৩০.০৮.২০১৯

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কর্তন হবে।]

১. বাংলা সাহিত্যে চলিত রীতির প্রবর্তক কে?
ক. প্রমথ চৌধুরী খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. মোতাহার হোসেন চৌধুরী ঘ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর **উ. ক**

ব্যাখ্যা : বাংলা চলিতরীতির মুখপত্র 'সবুজপত্র' পত্রিকার সম্পাদক প্রমথ চৌধুরী হলেন বাংলা সাহিত্যে চলিতরীতির প্রবর্তক। তিনি বাংলা চলিত ভাষাকে জনপ্রিয় করেন এবং চলিত ভাষা ব্যবহারে রবীন্দ্রনাথ ঠাকুরকে প্রভাবিত করেন। চলিত রীতিতে লেখা তাঁর প্রবন্ধ গ্রন্থগুলো হচ্ছে– 'বীরবলের হাল খাতা' (প্রথম); 'তেল-নুন-লকড়ি'; 'রায়তের কথা'। তবে, বাংলা সাহিত্যে বাংলা গদ্যরীতির ও সাধু ভাষার প্রবর্তক হলেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

২. বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী বর্ণ কয়টি?
ক. ৫টি খ. ৩টি
গ. ৪টি ঘ. ১টি **উ. খ**

ব্যাখ্যা : বাংলা বর্ণমালায় ৎ, ঃ, ঁ -এই ৩টি বর্ণ স্বাধীনভাবে ব্যবহৃত হতে পারে না। এই বর্ণগুলো অন্য বর্ণের সঙ্গে মিলিত হয়ে উচ্চারিত হয়। তাই এ (ৎ, ঃ, ঁ) বর্ণগুলোকে পরাশ্রয়ী বর্ণ বলা হয়।

৩. নিচের কোনটি 'ষত্ব' বিধানের নিয়মে শুদ্ধ?
ক. মাস্টার খ. পোশাক
গ. জিনিস ঘ. পোস্ট মাস্টার **উ. ***

ব্যাখ্যা : 'ষ-ত্ব' বিধান অনুযায়ী বিদেশি শব্দের বাংলা বানানে কখনো ষ, ণ, হয় না। অপশনে প্রদত্ত মাস্টার, পোশাক, জিনিস, পোস্ট মাস্টার- সবগুলো অপশনই শুদ্ধ।

৪. 'দ্যুলোক' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. দুঃ + লোক খ. দুই + লোক
গ. দ্বি + লোক ঘ. দিব্ + লোক **উ. ঘ**

ব্যাখ্যা : 'দ্যুলোক' হল নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জন সন্ধি। সন্ধির প্রচলিত নিয়ম না মেনে যে সন্ধি হয় তাকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। এরকম আরো কয়েকটি নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জন সন্ধি হলো– প্রায় + চিত্ত = প্রায়শ্চিত্ত। গো + পদ = গোষ্পদ, ষট্ + দশ = ষোড়শ, পতৎ + অঞ্জলি = পতঞ্জলি, আ + চর্য = আশ্চার্য, এক + দশ = একাদশ।

৫. সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না– এর উদাহরণ কোনটি?
ক. অগ্রনায়ক খ. রতন
গ. আপন ঘ. অনুষ্ঠান **উ. ক**

ব্যাখ্যা : সমাসবদ্ধ শব্দে সাধারণত ণত্ব বিধান খাটে না। এক্ষেত্রে সাধারণত দন্ত্য-ন (ন) ব্যবহৃত হয়। যেমন : অগ্রনায়ক। ণ-ত্ব বিধান অনুযায়ী বানানটি 'অগ্রণায়ক' হওয়ার কথা ছিল। কিন্তু সমাসবদ্ধ শব্দ হওয়ার কারণে 'অগ্রনায়ক' শুদ্ধ বানান। এইরকম- ত্রিনয়ন, সর্বনাম, দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার, পরিনিন্দা, ছাত্রনিবাস ইত্যাদি।

৬. 'পুকুরে মাছ আছে' – এখানে পুকুর কোন অধিকরণ কারক?
ক. বৈষয়িক অধিকরণ খ. ভাবাধিকরণ
গ. অভিব্যাপক অধিকরণ ঘ. ঐকদেশিক অধিকরণ **উ. ঘ**

ব্যাখ্যা : বিশাল স্থানের মধ্যে চুল পরিমাণ জায়গাও যদি খালি থাকে তাহলে তাকে ঐকদেশিক আধারাধিকরণ বলে। যেমন : বনে বাঘ আছে, আকাশে চাঁদ উঠেছে, পুকুরে মাছ আছে।

৭. ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে–
ক. ধাতু প্রত্যয় খ. শব্দ প্রত্যয়
গ. কৃৎ প্রত্যয় ঘ. তদ্ধিত প্রত্যয় **উ. গ**

ব্যাখ্যা : ক্রিয়াপদের মূল অংশকে ক্রিয়া প্রকৃতি বা ধাতু বলে। আর শব্দ গঠনের উদ্দেশ্যে ক্রিয়া প্রকৃতির যে শব্দাংশ যুক্ত হয় তাকে কৃৎ প্রত্যয় বলে। যেমন : √পড় (ধাতু) + অন্ত (কৃৎ প্রত্যয়) = পড়ন্ত (ক্রিয়াপদ/কৃদন্ত পদ)।

৮. ভাবে সপ্তমীর উদাহরণ কোনটি?
ক. আমাদের সেনারা যুদ্ধে অপরাজেয়
খ. একদা প্রভাতে ভানুর প্রভাতে ফুটিল কমল কলি
গ. চন্দ্রোদয়ে কুমুদিনী বিকশিত হয়
ঘ. প্রভাতে উঠিল রবি লোহিত বরণ **উ. গ**

$\therefore$ ঘনকের দুটি কর্ণের সমষ্টি $= \sqrt{3}\,a + \sqrt{3}\,a$

$= 4\sqrt{3} + 4\sqrt{3}$

$= 8\sqrt{3}$ (Ans)

৪. $x - 2 = \sqrt{3}$ হলে $x^4 + \frac{1}{x^4}$ এর মান কত?

ক. 196 খ. 194

গ. 192 ঘ. 198

উ. খ

ব্যাখ্যা : দেওয়া আছে, $x - 2 = \sqrt{3}$

বা, $x = 2 + \sqrt{3}$

$\therefore \frac{1}{x} = \frac{1}{2+\sqrt{3}}$

$= \frac{2-\sqrt{3}}{(2+\sqrt{3})(2-\sqrt{3})}$

$= \frac{2-\sqrt{3}}{2^2 - (\sqrt{3})^2}$

$= \frac{2-\sqrt{3}}{4-3}$

$= 2 - \sqrt{3}$

$\therefore x + \frac{1}{x} = 2 + \sqrt{3} + 2 - \sqrt{3}$

$\therefore x^4 + \frac{1}{x^4} = (x^2)^2 + \left(\frac{1}{x^2}\right)^2$

$= \left(x^2 + \frac{1}{x^2}\right)^2 - 2.x^2.\frac{1}{x^2}$

$= \left\{\left(x + \frac{1}{x}\right)^2 - 2.x.\frac{1}{x}\right\}^2 - 2$

$= \{(4)^2 - 2\}^2 - 2$

$= (16-2)^2 - 2$

$= 196 - 2$

$= 194$ (Ans)

৬৫. $6 - x - \frac{9}{x} = 0$ হলে $x^2 \div (x^2 - x - 3)$ এর মান–

ক. 0 খ. 1

গ. 2 ঘ. 3

উ. ঘ

ব্যাখ্যা : দেয়া আছে, $6 - x - \frac{9}{x} = 0$

$\Rightarrow \frac{6x - x^2 - 9}{x} = 0$

$\Rightarrow -x^2 + 6x - 9 = 0$

$\Rightarrow -(x^2 - 6x + 9) = 0$

$\Rightarrow x^2 - 6x + 9 = 0$

$\Rightarrow x^2 - 2.x.3 + 3^2 = 0$

$\Rightarrow (x-3)^2 = 0$

$\Rightarrow x - 3 = 0$

$\therefore x = 3$

এখন, $x^2 \div (x^2 - x - 3)$

$= \frac{x^2}{x^2 - x - 3}$

$= \frac{3^2}{3^2 - 3 - 3}$ [মান বসিয়ে]

$= \frac{9}{9-6}$

$= \frac{9}{3} = 3$ (Ans)

৬৬. 4 সে. মি., 5 সে. মি. ও 9 সে. মি. বাহুবিশিষ্ট ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গ একক?

ক. 0 খ. 60

গ. 80 ঘ. 120

উ. ক

ব্যাখ্যা : আমরা জানি, ত্রিভুজের পরিসীমা, $2s = a + b + c$

বা, $2s = 4 + 5 + 9$ [কারণ $a = 4, b = 5, c = 9$]

বা, $s = \frac{18}{2}$

$\therefore s = 9$

$\therefore$ ত্রিভুজটির ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$= \sqrt{9(9-4)(9-5)(9-9)}$

$= \sqrt{9 \times 5 \times 4 \times 0}$

$= 0$ (উত্তর)

৬৭. $\tan\theta = -\frac{5}{12}, \frac{\pi}{2} < \theta < \pi$ হলে $\operatorname{cosec}\theta$ এর মান–

ক. $-\frac{5}{13}$ খ. $-\frac{13}{5}$

গ. $\frac{5}{13}$ ঘ. $\frac{13}{5}$

উ. ঘ

ব্যাখ্যা : দেওয়া আছে, $\tan\theta = \frac{-5}{12}$

লম্ব 5, ভূমি 12 হলে, পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী,

অতিভুজ $= \sqrt{\text{ভূমি}^2 + \text{লম্ব}^2}$

$= \sqrt{5^2 + 12^2}$

$= 13$

$\therefore \operatorname{cosec}\theta = \frac{\text{অতিভুজ}}{\text{লম্ব}} = \frac{13}{5}$

[θ এরমান $\frac{\pi}{2}$ থেকে বড়, π থেকে ছোট তাই $\operatorname{cosec}\theta$ এর মান positive হবে।]

৬৮. $(\sec\theta + \tan\theta) = \frac{7}{5}$ হলে $(\sec\theta - \tan\theta)$ এর মান কত?

ক. $\frac{5}{7}$ খ. $\frac{3}{7}$ গ. $\frac{3}{5}$ ঘ. $\frac{1}{5}$ উ. ক

ব্যাখ্যা : দেওয়া আছে, $\sec\theta + \tan\theta = \frac{7}{50}$

ত্রিকোণমিতির সূত্রানুসারে, $\sec^2\theta - \tan^2\theta = 1$

$\Rightarrow (\sec\theta + \tan\theta)(\sec\theta - \tan\theta) = 1$

$\Rightarrow \frac{7}{5}(\sec\theta - \tan\theta) = 1$

$\therefore \sec\theta - \tan\theta = \frac{5}{7}$

৬৯. একটি আয়তক্ষেত্রের দুইটি সন্নিহিত বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 9 ও 12 ও সে. মি.। অন্তর্ভুক্ত কোণ কত হলে আয়তটি আঁকা সম্ভব?

ক. 90° খ. 42°

গ. 45° ঘ. 60° উ. ক

ব্যাখ্যা : আমরা জানি, আয়তক্ষেত্রের দুই বাহুর অন্তর্ভুক্ত কোণ 90° হতে হয়। সামান্তরিকের একটি কোণ সমকোণ হলে তাকে আয়তক্ষেত্র বলা হয়।



চিত্র : ABCD একটি আয়তক্ষেত্র।

আয়তক্ষেত্রের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান। অর্থাৎ AB = CD এবং BD = AC এবং প্রত্যেকটি কোণ সমকোণ অর্থাৎ $\angle A = \angle B = \angle C = \angle D = 90°$

∴ অন্তর্ভুক্ত কোণ 90° হলে আয়তটি আঁকা সম্ভব।

৭০. স্বাভাবিক সংখ্যার বর্গের সমষ্টি কত?

ক. n^2 খ. $\frac{n(n+1)}{2}$

গ. $\left\{\frac{n(n+1)}{2}\right\}^2$ ঘ. $\frac{n(n+1)(2n+1)}{6}$ উ. ঘ

ব্যাখ্যা : n সংখ্যক স্বাভাবিক সংখ্যার বর্গের সমষ্টির সূত্র অনুযায়ী-

$1^2 + 2^2 + 3^2 + \ldots\ldots + n^2 = \frac{n(n+1)(2n+1)}{6}$

৭১. $\frac{1}{|2x-5|} < \frac{1}{3}$ এর সমাধান–

ক. $x < 1, x > 4$ খ. $x > 1, x > 4$

গ. $x < 1, x < 4$ ঘ. $1 < x < 4$ উ. ক

ব্যাখ্যা : $\frac{1}{|2x-5|} < \frac{1}{3}$

$= -\frac{1}{3} < \frac{1}{2x-5} < \frac{1}{3}$

$= -3 > 2x - 5 > 3$

$\Rightarrow -3 + 5 > 2x - 5 + 5 > 3 + 5$

$\Rightarrow 2 > 2x > 8$

$\Rightarrow 1 > x > 4$

$\therefore x < 1, x > 4$ (Ans)

৭২. এক গ্লাস গুড়ের শরবতে গুড় ও পানির অনুপাত 4 : 6 হলে গুড়ের পরিমাণ কত?

ক. 10% খ. 20%

গ. 30% ঘ. 40% উ. ঘ

ব্যাখ্যা : দেওয়া আছে, শরবতে গুড় ও পানির অনুপাত = 4 : 6

অনুপাতের যোগফল = (4 + 6) = 10

তাহলে, ১০ এককে গুড়ের পরিমাণ = 4

∴ ১ এককে গুড়ের পরিমাণ = $\frac{4}{10}$

∴ ১০০ এককে (শতকরা) গুড়ের পরিমাণ = $\frac{4 \times 100}{10}$

$= 40\%$

৭৩. $\angle A$ ও $\angle B$ পরস্পর পূরক এবং কোণ দুটির অনুপাত 3 : 2 হলে $\angle A$ এর মান কত?

ক. 36° খ. 18°

গ. 54° ঘ. 45° উ. গ

ব্যাখ্যা : দুটি কোণের সমষ্টি 180° হলে কোণ দুটিকে পরস্পরের সম্পূরক কোণ বলা হয়। কিন্তু দুটি কোণের সমষ্টি 90° হলে কোণ দুটিকে পরস্পরের পূরক কোণ বলা হয়।

যেহেতু $\angle A$ ও $\angle B$ পরস্পর পূরক কোণ এবং তাদের অনুপাত = 3 : 2

মনে করি, $\angle A = 3x$

$\angle B = 2x$

$\therefore 3x + 2x = 90°$

বা, $x = \frac{90°}{5}$

$\therefore x = 18°$

$\therefore \angle A = 3x = 3 \times 18° = 54°$

৭৪. ১৫ থেকে ৩০ এর মধ্যে মৌলিক সংখ্যাগুলোর যোগফল কত?

ক. ৮৮ খ. ৭৮

গ. ৮৭ ঘ. ৬৫ উ. ক

ব্যাখ্যা : ১৫ থেকে ৩০ এর মধ্যে মৌলিক সংখ্যাগুলো ১৭, ১৯, ২৩, ২৯।

∴ ১৫ থেকে ৩০ এর মধ্যে মৌলিক সংখ্যাগুলোর যোগফল = ১৭ + ১৯ + ২৩ + ২৯ = ৮৮ (উত্তর)

৭৫. দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ২৩ হলে সংখ্যাদ্বয় কত?

ক. ১১, ১২ খ. ১০, ১১

গ. ১২, ১৩ ঘ. ৯, ১০ উ. ক

ব্যাখ্যা : দুটি ক্রমিক সংখ্যা যথাক্রমে x ও (x + ১)

প্রশ্নমতে, $(x+১)^২ - x^২ = ২৩$

$\Rightarrow x^২ + ২x + ১ - x^২ = ২৩$

$\Rightarrow ২x = ২৩ - ১ = ২২$

$\Rightarrow x = \frac{২২}{২} = ১১$

∴ সংখ্যাদ্বয় হলো : x = ১১

এবং x + ১ = ১১ + ১ = ১২

৭৬. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতিকে শপথবাক্য কে পাঠ করান?
ক. প্রধান বিচারপতি খ. প্রধানমন্ত্রী
গ. স্পিকার ঘ. চিফ হুইপ উ. গ
ব্যাখ্যা : মহামান্য রাষ্ট্রপতিকে শপথবাক্য পাঠ করান স্পিকার। সংসদ সদস্যদেরও শপথবাক্য পাঠ করান স্পিকার। আর প্রধানমন্ত্রী + মন্ত্রিপরিষদ + স্পিকার + ডেপুটি স্পিকার + প্রধান বিচারপতি এর শপথবাক্য পাঠ করান = রাষ্ট্রপতি। বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন (PSC) সদস্য + প্রধান নির্বাচন কমিশনার + মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর শপথবাক্য পাঠ করান = প্রধান বিচারপতি।

৭৭. 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' কোন দেশের সহায়তায় নির্মিত হয়েছে?
ক. যুক্তরাষ্ট্র খ. যুক্তরাজ্য
গ. ফ্রান্স ঘ. রাশিয়া উ. গ
ব্যাখ্যা : 'বঙ্গবন্ধু স্যাটেলাইট ১' বাংলাদেশে প্রথম কৃত্রিম উপগ্রহ। এটি নির্মিত হয়েছে ফ্রান্সের সহায়তায় (নির্মাতা = ফ্রান্সের থ্যালেস এলেনিয়া স্পেস/ Theles Alenia Space)। এটি উৎক্ষেপণ করা হয়েছে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা থেকে বাংলাদেশের সময় অনুযায়ী ১২ মে ২০১৮।

৭৮. বাংলাদেশের প্রথম ফিশ ওয়ার্ল্ড একুরিয়াম কোথায় অবস্থিত?
ক. পটুয়াখালী খ. সুনামগঞ্জ
গ. কক্সবাজার ঘ. চট্টগ্রাম উ. গ
ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম ও একমাত্র ফিশ ওয়ার্ল্ড একুরিয়াশ ২০১৭ সালের নির্মিত হয়েছে কক্সবাজারের ঝাউতলায়।

৭৯. শেখ হাসিনা সেনানিবাস কোথায় অবস্থিত?
ক. বটেশ্বর, সিলেট খ. ঘাটাইল, মানিকগঞ্জ
গ. লেবুখালী, পটুয়াখালী ঘ. ভাটিয়ারি, চট্টগ্রাম উ. গ
ব্যাখ্যা : শেখ হাসিনা সেনানিবাস পটুয়াখালীর লেবুখালিতে অবস্থিত। এটি দেশের ৩১তম সেনানিবাস। এটি পায়রা নদীর তীরে অবস্থিত।

৮০. 'ই-৮' পৃথিবীর কোন ধরনের ৮টি দেশকে নির্দেশ করে?
ক. সবচেয়ে দরিদ্র ৮টি দেশ
খ. সবচেয়ে শিল্পোন্নত ৮টি দেশ
গ. সবচেয়ে উন্নত ৮টি দেশ
ঘ. সবচেয়ে পরিবেশ দূষণকারী ৮টি দেশ উ. ঘ
ব্যাখ্যা : E-8 হচ্ছে বিশ্বের সবচেয়ে বেশি পরিবেশ দুষণকারী ৮টি দেশ। এ দেশেগুলো ৭০% এর বেশি কার্বণ নিঃসরণ করে। E-8 ভুক্ত দেশগুলো হচ্ছে– যুক্তরাষ্ট্র, চীন, রাশিয়া, জাপান, ভারত, দক্ষিণ আফ্রিকা, ব্রাজিল এবং ইউরোপীয় ইউনিয়ন।

৮১. কম্পিউটারের স্থায়ী স্মৃতিশক্তি কোনটি?
ক. RAM খ. ROM
গ. হার্ডডিস্ক ঘ. অপারেটিং সিস্টেম উ. খ
ব্যাখ্যা : কম্পিউটারের Primary Memory দুই প্রকার। ROM এবং RAM। RAM = Random Access Memory। এটি অস্থায়ী (Volatile) মেমরি। আর ROM হচ্ছে Read Only Memory. এটি স্থায়ী মেমরি (Non-Volatile)। বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেলেও ROM এ রক্ষিত তথ্যাদি মুছে যায় না।

৮২. ব্রিটিশ উপনিবেশ না হয়েও নিম্নের কোনটি কমনওয়েলথের সদস্য দেশ?
ক. সুদান খ. ইয়েমেন
গ. মোজাম্বিক ঘ. সিয়েরালিওন উ. গ
ব্যাখ্যা : সাবেক ব্রিটিশ উপনিবেশভুক্ত স্বাধীন দেশসমূহ নিয়ে কমনওয়েলথ গঠিত। কিন্তু মোজাম্বিক, রুয়ান্ডা, গ্যাবন ও টোগো ব্রিটিশ উপনিবেশভুক্ত না হয়েও এই ৪টি দেশ Commonwealth এর সদস্য। উল্লেখ্য, বাংলাদেশ প্রথম যে আন্তর্জাতিক সংস্থার সদস্যপদ লাভ করে, তা কমনওয়েলথ (১৮ এপ্রিল ১৯৭২)।

৮৩. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের সময়কাল নিচের কোনটি?
ক. ২০১০-২০২৫ খ. ২০২০-২০৩০
গ. ২০১৬-২০৩০ ঘ. ২০১৬-২০৩৫ উ. গ
ব্যাখ্যা : জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals (টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা) বা SDGs এর সময়কাল ২০১৬ থেকে ২০৩০। এটি প্রণীত হয় ২০১৫ সালে। এর প্রধান লক্ষ্যমাত্রা ১৭টি, সহযোগী সূচক ১৬৯টি।

৮৪. দেশের সর্বশেষ সিটি কর্পোরেশন কোনটি?
ক. সিলেট খ. ময়মনসিংহ
গ. কুমিল্লা ঘ. নোয়াখালী উ. খ
ব্যাখ্যা : দেশের সর্বশেষ ও ১২তম সিটি কর্পোরেশন ময়মনসিংহ। এটি প্রতিষ্ঠিত হয় ২০১৮ সালে। সিলেট আয়তনে ক্ষুদ্রতম সিটি কর্পোরেশন। আর কুমিল্লা হচ্ছে জনসংখ্যায় ক্ষুদ্রতম সিটি কর্পোরেশন।

৮৫. বিশ্ব অটিজম দিবস কবে পালন করা হয়?
ক. ৫ অক্টোবর খ. ২৯ জানুয়ারি
গ. ২ এপ্রিল ঘ. ৯ জুলাই উ. গ
ব্যাখ্যা : অটিজম একটি মস্তিষ্কের বিকাশজনিত সমস্যা। ১৯৪৩ সালে আমেরিকার মনোরোগ বিশেষজ্ঞ লিও ক্যানার সর্বপ্রথম এ রোগ সনাক্ত করে Autism নাম দেন। ২০০৭ সালে জাতিসংঘ ২ এপ্রিলকে অটিজম সচেতনতা দিবস ঘোষণা করে এবং ২০০৮ সালের ২ এপ্রিল প্রথম এ দিবস পালিত হয়।

৮৬. বিশ্বের পঞ্চম বৃহত্তম সীমান্ত কোনটি?
ক. ভারত-বাংলাদেশ সীমান্ত খ. ভারত-পাকিস্তান সীমান্ত
গ. পাকিস্তান- চীন সীমান্ত
ঘ. মায়ানমার-থাইল্যান্ড সীমান্ত উ. ক
ব্যাখ্যা : ভারতের সাথে বাংলাদেশের সীমান্ত দৈর্ঘ্য ৪১৫৬ কি. মি (সূত্র : BGB)। এটি বিশ্বের ৫ম বৃহত্তম সীমান্ত।

৮৭. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বাংলাদেশ কেন্দ্রীয় শহীদ মিনারের ছবি সংলিত ডাকটিকেট বিশ্বের কোন দেশ প্রকাশ করেছে?
ক. যুক্তরাষ্ট্র খ. যুক্তরাজ্য
গ. ভারত ঘ. কানাডা উ. ক

ব্যাখ্যা : আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বাংলাদেশের কেন্দ্রীয় শহীদ মিনারের ছবি সংলিত ডাকটিকেট প্রকাশ করেছে যুক্তরাষ্ট্র। যুক্তরাজ্যে কেন্দ্রীয় শহীদ মিনারের দুইটি প্রতিকৃতি স্থাপিত হয়েছে। বাংলাদেশের কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি হামিদুর রহমান।

৮৮. ইউরোপীয় ইউনিয়নের চুক্তির আওতায় বিশ্বের কোন দুটি দেশ 'ইউরো' চালু করতে বাধ্য নয়?

ক. নেদারল্যান্ডস ও যুক্তরাজ্য খ. নিউজিল্যান্ড ও ডেনমার্ক
গ. ডেনমার্ক ও যুক্তরাজ্য ঘ. সুইডেন ও বেলজিয়াম **উ. গ**

ব্যাখ্যা : ইউরোপীয় ইউনিয়ন এর চুক্তি অনুসারে ডেনমার্ক ও যুক্তরাজ্য ইউরো চালু করতে বাধ্য নয়। ডেনমার্কের মুদ্রা ক্রোন আর যুক্তরাজ্যের মুদ্রা পাউন্ড। EU এর ২৭টি দেশের মধ্যে তা ইউরো চালু আছে ২০টি দেশে। উল্লেখ্য যুক্তরাজ্য EU ত্যাগ করেছে ৩১ জানুয়ারি ২০২০ সালে।

৮৯. বঙ্গবন্ধু সেতুতে যান চলাচল শুরু হয় কোন সালে?

ক. ১৯৯৮ খ. ১৯৯৭
গ. ২০০১ ঘ. ১৯৯৯ **উ. ক**

ব্যাখ্যা : টাঙ্গাইল ও সিরাজগঞ্জকে সংযুক্তকারী যমুনা নদীর উপর নির্মিত যমুনা সেতু উদ্বোধন ও যান চলাচল শুরু হয় ১৯৯৮ সালে। এর দৈর্ঘ্য ৪.৮ কি.মি. ও প্রস্থ ১৮.৫ মি.।

৯০. ২০১৮ সালে ফিফা বিশ্বকাপে 'গোল্ডেন বল' লাভকারী লুকা মডরিচ কোন দেশের নাগরিক?

ক. ফ্রান্স খ. জার্মানি
গ. ব্রাজিল ঘ. ক্রোয়েশিয়া **উ. ঘ**

ব্যাখ্যা : ২০২২ সালে কাতারে অনুষ্ঠিত ফিফা বিশ্বকাপে গোল্ডেন বল পান আর্জেন্টিনার লিওনেল মেসি এবং গোল্ডেন বুট পান কিলিয়ান এমবাপে (ফ্রান্স)। চ্যাম্পিয়ান = আর্জেন্টিনা; রার্নাসআপ = ফ্রান্স।

৯১. বাংলাদেশের সবচেয়ে প্রাচীন জনপদের নাম কী?

ক. বঙ্গ খ. পুণ্ড্রবর্ধন
গ. গৌড় ঘ. সমতট **উ. খ**

ব্যাখ্যা : বাংলাদেশের সবচেয়ে প্রাচীন জনপদ পুণ্ড্র। পুণ্ড্রের রাজধানী হচ্ছে পুণ্ড্রনগর/ পুণ্ড্রবর্ধন। পুণ্ড্রনগরের বর্তমান নাম মহাস্থানগড়। এটি করতোয়া নদীর তীরে অবস্থিত।

৯২. আকাশ নীল দেখায় কারণ নীল রঙের–

ক. তরঙ্গ দৈর্ঘ্য বেশি খ. বিক্ষেপণ বেশি
গ. প্রতিফলন বেশি ঘ. শোষণ বেশি **উ. খ**

ব্যাখ্যা : আকাশ নীল দেখায় কারণ নীল আলোর বিক্ষেপণ বেশি। অর্থাৎ নীল আলোর বিক্ষেপণ বেশি হওয়ার কারণে আকাশ নীল দেখায়। নীল আলোর তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে কম তাই বিক্ষেপণ সবচেয়ে বেশি।

৯৩. ২০১৮ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার পেয়েছেন কে?

ক. অলিভার হার্ট খ. জ্যাঁ তিরোল
গ. রবার্ট জে শিলার
ঘ. উইলিয়াম ডি নর্ডাহাস ও পল মাইকেল রোমার **উ. ঘ**

ব্যাখ্যা : ২০১৮ সালে অর্থনীতিতে নোবেল পান যুক্তরাষ্ট্রের অর্থনীতিবিদ উইলিয়াম ডি. নর্ডহাস এবং পল মাইকেল রোমার। ২০২২ সালে অর্থনীতিতে নোবেল পান যুক্তরাষ্ট্রের তিন নাগরিক- বেন বসে বার্নানকে, ফিলিপ এইচ ডিবভিগ, নাগরিক ডগলাস ডব্লিউ ডায়মন্ড।

৯৪. কোন সময়কালকে মুজিব বর্ষ হিসেবে ঘোষণা করা হয়েছে?

ক. ২০১৯-২০ সালকে খ. ২০২০-২১ সালকে
গ. ২০২১-২২ সালকে ঘ. ২০২২-২৩ সালকে **উ. খ**

ব্যাখ্যা : মুজিববর্ষ হচ্ছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালনের জন্য ঘোষিত বর্ষ। মুজিববর্ষের সময়কাল বেশ কয়েকবার পরিবর্তন করা হয়। চূড়ান্তভাবে মুজিববর্ষের সময়কাল ১৭ মার্চ ২০২০ থেকে ৩১ মার্চ ২০২১। মুজিববর্ষের ক্ষণ গণনা শুরু হয় ১০ জানুয়ারি ২০২০।

৯৫. জাপান পার্ল হারবার আক্রমণ করে কবে?

ক. ৬ এপ্রিল ১৯৪২ খ. ১৭ জুন ১৯৪৩
গ. ৭ ডিসেম্বর ১৯৪১ ঘ. ১৫ জানুয়ারি ১৯৪০ **উ. গ**

ব্যাখ্যা : ২য় বিশ্বযুদ্ধের সময় জাপান যুক্তরাষ্ট্রের হাওয়াই দ্বীপপুঞ্জের পার্ল হারবারে আক্রমণ করে ৭ ডিসেম্বর ১৯৪১। পার্ল হারবারে ছিল মার্কিন যুক্তরাষ্ট্রের বিমান ও নৌ-ঘাঁটি। ফলে যুক্তরাষ্ট্র সরাসরি ২য় বিশ্বযুদ্ধে জড়িয়ে পড়ে ৭ ডিসেম্বর ১৯৪১।

৯৬. বায়ুমণ্ডলে কোন গ্যাস সর্বাধিক পরিমাণে পাওয়া যায়?

ক. অক্সিজেন খ. কার্বন ডাই অক্সাইড
গ. নাইট্রোজেন ঘ. হাইড্রোজেন **উ. গ**

ব্যাখ্যা : বায়ুমণ্ডলের প্রধান উপাদান নাইট্রোজেন (N_2)। এর পরিমাণ শতকরা ৭৮.০১%। অক্সিজেন (O_2) = ২০.৭১%, কার্বন ডাই অক্সাইড (CO_2) = ০.০৩%, হাইড্রোজেন (H_2O) = ০.০০০০৫%।

৯৭. ইউয়ান কোন দেশের মুদ্রা?

ক. মায়ানমার খ. ভিয়েতনাম
গ. থাইল্যান্ড ঘ. চীন **উ. ঘ**

ব্যাখ্যা : ইউয়ান চীনের মুদ্রা। থাইল্যান্ডের মুদ্রা- বাথ, ভিয়েতনামের মুদ্রা- ডং এবং মিয়ানমারের মুদ্রা- কিয়াট।

৯৮. ভিসুভিয়াস আগ্নেয়গিরি কোথায় অবস্থিত?

ক. মেক্সিকো খ. জাপান গ. ইতালি ঘ. রাশিয়া **উ. গ**

ব্যাখ্যা : ভিসুভিয়াস আগ্নেয়গিরি (Volcano) ইতালিতে অবস্থিত। এটি একটি সক্রিয় আগ্নেয়গিরি।

৯৯. কচু খেলে গলা চুলকায় কারণ কচুতে আছে–

ক. ক্যালসিয়াম অক্সালেট খ. ক্যালসিয়াম কার্বনেট
গ. ক্যালসিয়াম ফসফেট ঘ. ক্যালসিয়াম সালফেট **উ. ক**

ব্যাখ্যা : কচুতে ক্যালসিয়াম অক্সালেট (CaC_2O_4) আছে। আর এ কারণেই কচু খেলে গলা চুলকায়। কচুতে প্রচুর লৌহ থাকে।

১০০. জনসংখ্যার দিক থেকে পৃথিবীর সবচেয়ে বড় কোন দেশ?

ক. ভারত খ. চীন
গ. বাংলাদেশ ঘ. রাশিয়া **উ. ক**

ব্যাখ্যা : জাতিসংঘ বিশ্ব জনসংখ্যা তহবিল (UNFPA) এর 'বিশ্ব জনসংখ্যা রিপোর্ট-২০২৩' অনুযায়ী, বর্তমানে জনসংখ্যার দিক দিয়ে বিশ্বের সবচেয়ে বড় দেশ- ভারত, ২য় বৃহত্তম চীন এবং ৮ম বৃহত্তম দেশ বাংলাদেশ।

১৪তম স্কুল/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৭

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ৩০০; পরীক্ষার তারিখ : ২৫.০৮.২০১৭

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কর্তন হবে।]

১. **সাধুরীতিতে কোন পদটি দীর্ঘরূপ হয় না?**
ক. বিশেষ্য খ. অব্যয়
গ. সর্বনাম ঘ. ক্রিয়া **উ. খ**

ব্যাখ্যা : সাধুরীতিকে 'অব্যয়' পদটি দীর্ঘরূপ হয় না। সাধুরীতিকে বিশেষ্য, সর্বনাম, বিশেষণ ও ক্রিয়া পদের দীর্ঘ রূপ হয়।

২. **নিচের কোন বানানটি শুদ্ধ?**
ক. বাল্মিকী খ. বাল্মিকি
গ. বাল্মীকি ঘ. বাল্মীকী **উ. গ**

ব্যাখ্যা : 'বাল্মীকি' বানানটি শুদ্ধ। এরকম আরো কয়েকটি শুদ্ধ বানান হচ্ছে– মরীচিকা, দধীচি, দুর্নীতি, সুনীতি, শারীরিক, পিপীলিকা ইত্যাদি।

৩. **'শকুনি মামা'-এর অর্থ কোনটি?**
ক. কুৎসিত মামা খ. সৎ মামা
গ. কুচক্রী মামা ঘ. পাতানো মামা **উ. গ**

ব্যাখ্যা : 'শকুনি মামা' বাগধারাটির অর্থ হলো– কুচক্রী মামা

৪. **'সংশয়'-এর বিপরীত শব্দ কোনটি?**
ক. নির্ভয় খ. প্রত্যয়
গ. বিস্ময় ঘ. দ্বিধা **উ. খ**

ব্যাখ্যা : 'সংশয়' এর বিপরীত শব্দ- প্রত্যয়। অন্য শব্দগুলোর বিপরীত শব্দ হচ্ছে নির্ভয়-ভয়, দ্বিধা-নির্দ্বিধা, বিস্ময়-প্রত্যয়।

৫. **'বক্তব্য' এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?**
ক. √বক্ + তব্য খ. √বক্ত + অব্য
গ. √বক্ত + ব্য ঘ. √বচ্ + তব্য **উ. ঘ**

ব্যাখ্যা : 'বক্তব্য' এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় হচ্ছে– √বচ্ + তব্য। কিছু কিছু প্রকৃতি আছে যাদের শেষে প্রত্যয় যুক্ত হলে প্রকৃতির শেষ বর্ণের স্থানে ('চ' এর স্থলে) অন্য বর্ণের আগমন ঘটে, এটিকে পরিবর্তন বলে। যেমন : √সিচ্ + ত = সিক্ত, √বচ্ + ত = উক্ত, ক্ত, √বচ্ + তি = উক্তি ইত্যাদি।

৬. **'উপকারীর অপকার করে যে' নিচের কোনটি শুদ্ধ?**
ক. কৃতজ্ঞ খ. বেঈমান
গ. কৃতঘ্ন ঘ. কৃতঃ্ন **উ. গ**

ব্যাখ্যা : 'উপকারীর অপকার করে যে' এককথায় বলে- কৃতঘ্ন। 'উপকারীর উপকার করে যে' এককথায় বলে কৃতজ্ঞ।

৭. **ব্যাকরণের কোন অংশে কারক সম্বন্ধে আলোচনা করা হয়?**
ক. ধ্বনিতত্ত্বে খ. অর্থতত্ত্বে
গ. বাক্যতত্ত্বে ঘ. রূপতত্ত্বে **উ. ঘ**

ব্যাখ্যা : ব্যাকরণের 'শব্দতত্ত্ব' বা 'রূপতত্ত্ব' অংশে কারক সম্বন্ধে আলোচনা করা হয়। শব্দতত্ত্বের আরো কয়েকটি আলোচ্য বিষয় হচ্ছে– শব্দার্থ, সমার্থক শব্দ, বানান, দ্বিরুক্ত শব্দ, সংখ্যাবাচক শব্দ, সমাস, লিঙ্গ, প্রকৃতি ও প্রত্যয় ইত্যাদি। শব্দতত্ত্বের অপর নাম রূপতত্ত্ব।

৮. **বাড়ি বা রাস্তার নম্বরের পর নিচের কোন চিহ্নটি বসে?**
ক. দাঁড়ি খ. সেমিকোলন
গ. কোলন ঘ. কমা **উ. ঘ**

ব্যাখ্যা : বাড়ি বা রাস্তার নম্বরের পর 'কমা' বসে। যেমন– ১০৫, নিউ এয়ারপোর্ট রোড, ঢাকা ১২১৫।

৯. **'সূর্য' এর প্রতিশব্দ কোনটি?**
ক. সুধাংশু খ. শশাঙ্ক
গ. বিধু ঘ. আদিত্য **উ. ঘ**

ব্যাখ্যা : সূর্য এর প্রতিশব্দ হচ্ছে– আদিত্য। সূর্যের আরো কয়েকটি প্রতিশব্দ হচ্ছে– দিনেশ, সবিতা, অংশুমালী, ময়ূখমালী প্রভৃতি। অন্যদিকে, সুধাংশু, শশাঙ্ক, বিধু- এই শব্দগুলো চাঁদের প্রতিশব্দ।

১০. **'ভিক্ষুকটা যে পেছনে লেগেই রয়েছে, কী বিপদ!'– এ বাক্যের 'কী' এর অর্থ কোনটি?**
ক. বিরক্তি খ. রাগ
গ. ভয় ঘ. হুমকি **উ. ক**

ব্যাখ্যা : 'ভিক্ষুকটা যে পেছনে লেগেই রয়েছে, কী বিপদ!'- এ বাক্যের 'কী' এর অর্থ হচ্ছে– বিরক্তি। এটি অনন্বয়ী অব্যয় হিসেবে ব্যবহৃত হয়।

১১. **'The fire is out'– বাক্যটির অনুবাদ কী?**
ক. আগুন বাইরে খ. বাইরে আগুন
গ. আগুন ছড়িয়ে পড়েছে ঘ. আগুন নিভে গেছে **উ. গ**

ব্যাখ্যা : 'The Fire is out'– বাক্যটির অনুবাদ হচ্ছে– আগুন ছড়িয়ে পড়েছে। এরকম আরো দুটি অনুবাদ– The man is about of die- লোকটির মরমর অবস্থা। The boy takes after his father- ছেলেটি তার বাবার মত।

১২. **'বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর'– বাক্যটির শুদ্ধরূপ কোনটি?**
ক. বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ খ. বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
গ. বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর ঘ. বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ **উ. খ**

ব্যাখ্যা : 'বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর'- বাক্যটিতে বানান ও প্রত্যয়ের ব্যবহার জনিত ভুল আছে। বিদ্যান ও মুর্খ শব্দের শুদ্ধ বানান যথাক্রমে বিদ্বান ও মূর্খ। তুলনা বোঝাতে শ্রেষ্ঠ শব্দের সাথে 'তর' প্রত্যয়ের ব্যবহার অপপ্রয়োগ। তাই সঠিক উত্তর হবে- (খ)

১৩. নিচের কোনটিতে সাধুভাষা সাধারণত অনুপযোগী?
ক. কবিতায় খ. গানে
গ. ছোটগল্পে ঘ. নাটকে উ. ঘ
ব্যাখ্যা : নাটকে ও বক্তৃতায় সাধুভাষা সাধারণত অনুপযোগী।

১৪. 'অন্তরঙ্গ'– এর বিপরীত শব্দ কী?
ক. শত্রুতা খ. সম্পর্কহীন
গ. বহিরাঙ্গ ঘ. বৈরীভাব উ. *
ব্যাখ্যা : অপশনগুলোতে সঠিক উত্তর নেই। 'অন্তরঙ্গ' এর বিপরীত শব্দ 'বহিরঙ্গ'। অপশন (গ)-এ 'বহিরাঙ্গ' বানানটি ভুল। শত্রুতা শব্দটির বিপরীত শব্দ হচ্ছে মিত্রতা।

১৫. কোনটি শুদ্ধ বানান?
ক. মুহুর্ত খ. মূহুর্ত
গ. মুহূর্তে ঘ. মুহূর্তু উ. গ
ব্যাখ্যা : 'মুহূর্ত' বানানটি সঠিক। এরকম আরো কয়েকটি গুরুত্বপূর্ণ বানান হচ্ছে– মুমূর্ষু, অনুকূল, শুশ্রূষা ইত্যাদি।

১৬. কোন বাংলা পদের সাথে সন্ধি হয় না?
ক. ক্রিয়া খ. অব্যয়
গ. বিশেষ্য ঘ. বিশেষণ উ. ক
ব্যাখ্যা : প্রচলিত অনেক বইয়ে প্রশ্নটির উত্তর ভুল দেওয়া আছে। কারো মতে এর উত্তর অব্যয় আবার অনেকের মতে এর উত্তর ক্রিয়া। প্রথমত, এর উত্তর অব্যয় হবে না কারণ অব্যয় পদের সাথে সন্ধি বিচ্ছেদ হয়। যেমন : ইতি + আদি = ইত্যাদি। দ্বিতীয়ত, সংস্কৃত বা তৎসম ভাষায় ক্রিয়াপদের সন্ধি হলে ও বাংলা ক্রিয়া পদের সাথে সন্ধি হয় না।

১৭. 'হাতে দুর্বা গজানো' বাগধারার অর্থ কী?
ক. ছন্নছাড়া খ. অলুক্ষণে
গ. আলসেমির লক্ষণ ঘ. অতিশয় দুর্বল উ. গ
ব্যাখ্যা : 'হাতে দুর্বা গজানো'– বাগধারার অর্থ– আলসেমির লক্ষণ। এরকম আরো কয়েকটি বাগধারা হচ্ছে– 'তালপাতার সেপাই'- অতিশয় দুর্বল। 'গোবর গণেশ- অকর্মণ্য, 'গোঁফ খেজুরে'- নিতান্ত অলস।

১৮. 'শুভক্ষণে জন্ম যার'– এক কথায় কী হবে?
ক. ক্ষণজন্মা খ. শুভজন্মা
গ. জন্মাধীর ঘ. শুভজন্মকাল উ. ক
ব্যাখ্যা : 'শুভক্ষণে জন্ম যার, এককথায় হবে ক্ষণজন্মা।

১৯. নিচের কোন শব্দটির পুরুষবাচক শব্দ নেই?
ক. বাদি খ. দাত্রী
গ. তাদৃশী ঘ. ডাইনি উ. ঘ
ব্যাখ্যা : 'ডাইনী' শব্দটির পুরুষবাচক শব্দ নেই কারণ এটি নিত্য স্ত্রীবাচক শব্দ। নিত্য স্ত্রীবাচক আরও কয়েকটি শব্দ- সৎমা, সতীন, যধবা, কুলটা ইত্যাদি।

২০. নিচের কোনটি 'সৃষ্টি' এর প্রকৃতি ও প্রত্যয়?
ক. সৃষ্ + টি খ. সৃশ্ + তি
গ. সৃজ্ + তি ঘ. স্রী + ষ্টি উ. গ
ব্যাখ্যা : স্রষ্টা, সৃষ্ট, সৃষ্টি, সৃজন শব্দগুলোর ধাতু হচ্ছে √সৃজ। তাই 'সৃষ্টি' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় হলো– √সৃজ + তি।

২১. নীলাম্বর কোন সমাস?
ক. দ্বন্দ্ব খ. তৎপুরুষ
গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব উ. গ
ব্যাখ্যা : 'নীলাম্বর' সমস্ত পদটির ব্যাসবাক্য হচ্ছে– নীল যে অম্বর। তাই এটি সাধারণ কর্মধারয় সমাস।

২২. 'তিলে তৈল হয়'– 'তিলে' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মকারকে ৭মী খ. অপাদান কারকে ৭মী
গ. করণ কারকে ৭মী ঘ. অধিকরণ কারকে ৭মী উ. খ
ব্যাখ্যা : 'তিলে তৈল হয়'– 'তিলে' অপাদান কারকে সপ্তমী। কিন্তু, 'তিলে তৈল আছে'– এখানে 'তিলে' অধিকরণে সপ্তমী বিভক্তি।

২৩. নিচের কোনটি শুদ্ধ?
ক. ষ্ণ = ষ + ণ খ. ষ্ণ = ষ + ঞ
গ. ষ্ণ = ষ + ন ঘ. ষ্ণ = ষ + ঙ উ. ক
ব্যাখ্যা : 'ষ্ণ' যুক্তবর্ণটির বিশ্লিষ্ট রূপ হবে 'ষ + ণ'। তাই সঠিক উত্তর হবে- (ক)

২৪. মৌলিক শব্দ কোনটি?
ক. আকাশ খ. শীতল
গ. ঢাকাই ঘ. কান্না উ. ক
ব্যাখ্যা : 'আকাশ' মৌলিক শব্দ। আরো কয়েকটি মৌলিক শব্দ হচ্ছে– লাল, গোলাপ, ফুল, হাত, মুখ, নাক ইত্যাদি।

২৫. 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত?
ক. হিন্দি খ. উর্দু
গ. গ্রিক ঘ. পর্তুগিজ উ. ঘ
ব্যাখ্যা : 'পেয়ারা' পর্তুগিজ ভাষা থেকে আগত। আরো কয়েকটি পর্তুগিজ শব্দ হচ্ছে– ইংরেজ, গুদাম, কেরানি, সাবান, আলমারি, তোয়ালে ইত্যাদি।

২৬. How did you come by your lost watch? Here 'come by' means–
ক. quicken খ. get
গ. mend ঘ. lose উ. খ
ব্যাখ্যা : Come by অর্থ পাওয়া। তাই Get অপশনটি সঠিক।

২৭. The children who play near the garden water the saplings. Here 'water' is a–
ক. noun খ. adjective
গ. verb ঘ. adverb উ. গ
ব্যাখ্যা : water-শব্দটি Noun ও Verb হিসেবে ব্যবহৃত হয়। এই বাক্য Verb হিসেবে ব্যবহৃত হয়েছে। বাক্যটির অর্থ হলো– 'যে শিশুগুলো বাগানের নিকট খেলে, তারা চারাগাছে পানি দেয়।'

২৮. **The word 'ambiguous' is the synonym of–**
ক. alien খ. certain
গ. dubious ঘ. dangerous **উ. গ**

ব্যাখ্যা : Ambiguous অর্থ হলো দ্ব্যর্থবোধক, অস্পষ্ট, অনিশ্চিত। এর Synonym হলো dubious. Dubious অর্থ হলো দ্ব্যর্থবোধক, অস্পষ্ট, অনিশ্চিত। অন্যদিকে, alien- ভিনদেশি, certain- নিশ্চিত; dangerous- ভয়ঙ্কর।

২৯. **The antonym of the word 'dishearten' is–**
ক. discourage খ. encourage
গ. develop ঘ. ameliorate **উ. খ**

ব্যাখ্যা : dishearten নিরুসাহিত করা, হতাশ করা। এর Antonym হলো encourage সাহস যোগানো। ameliorate – উন্নত করা, উন্নতিলাভ করা।

৩০. **What is the synonymous word of 'augment'?**
ক. Beautify খ. Increase
গ. Segment ঘ. Calm **উ. খ**

ব্যাখ্যা : Augment বাড়ানো। এর Synonym হলো Increase বৃদ্ধি করা। অন্যদিকে, Beautify -সৌন্দর্যমণ্ডিত করা; Segment – অংশ, টুকরো; Calm – শান্ত।

৩১. **I saw him going to market (Compound)**
ক. I saw him and he was going to market
খ. I saw him who was going to market
গ. I saw him to go to market
ঘ. I go to market which he was **উ. ক**

ব্যাখ্যা : বাক্যটি compound এ রূপান্তর করতে বলা হয়েছে। Compound এর clause makers হলো and, but, or yet, otherwise. অপশনগুলোর মধ্যে and আছে অপশন (ক)-তে।

৩২. **I helped her solve the problem. (Passive)**
ক. She was helped solve the problem
খ. The problem was solved by me
গ. Her problem was solved by me
ঘ. She was helped to solve the problem by me
উ. ঘ

ব্যাখ্যা : Sentence-টি passive করতে বলা হয়েছে। বাক্যটিতে causitive verb Active-এ রয়েছে। তাই passive করতে solve-এর পূর্বের অংশ passive করে বাকি অংশ to যুক্ত করে বসাতে হবে। মনে রাখতে হবে, passive bare infinitive 'to' বসাতে হয়।

৩৩. **Jerry was only four years old. (Negative)**
ক. Jerry was not four years old
খ. Jerry was not more than four years old
গ. No one but Jerry was four years old
ঘ. None but Jerry was four years old **উ. খ**

ব্যাখ্যা : Only এর পর সংখ্যা বোঝালে not more than/not less than বসে।

৩৪. **Where there is a will, there is–.**
ক. a path খ. many ways
গ. a way ঘ. a well-wisher **উ. গ**

ব্যাখ্যা : এটি একটি প্রবাদ বাক্য। পুরো বাক্যটি হলো 'Where there is a will, there is a way.'

৩৫. **To carry coal to–.**
ক. Narayangonj খ. Newcastle
গ. England ঘ. Lahore **উ. খ**

ব্যাখ্যা : এটি একটি প্রবাদ বাক্য। পুরো বাক্যটি হলো 'To carry cool to newcastle.' এর বাংলা অর্থ 'তেলা মাথায় তেল দেওয়া'।

৩৬. **Orthita as well as Obhinibesh (to be)– attending the party.**
ক. are খ. is
গ. have been ঘ. been **উ. খ**

ব্যাখ্যা : বাক্যের মধ্যে as well as আছে; as well as either ... or, neither ... nor থাকলে পরবর্তী subject অনুসারে verb বসে। এই বাক্যে as well as এর পূর্ববর্তী subject হলো Orthita তাই verb বসবে is.

৩৭. **Alice went to market with a view to (to purchase)– a dress.**
ক. purchase খ. purchased
গ. purchases ঘ. purchasing **উ. ঘ**

ব্যাখ্যা : with a view to, look foward to + verb + ing) হয়।

৩৮. **Rome was not built in a day. (Active)**
ক. The Romans did not build Rome in a day
খ. People were not build Rome in a day
গ. The Romans were not build Rome in a day
ঘ. A day was not built by Rome **উ. ক**

ব্যাখ্যা : বাক্যটি passive-এ আছে। Active করতে বলা হয়েছে। এক্ষেত্রে passive-এর subject অনুসারে object ধরে নিতে হয়। মূল verb বসে Auxiliary verb অনুসারে। তাই উত্তর হবে অপশন (ক)।

৩৯. **Money is sweeter than honey. (Negative)**
ক. Honey is not so sweet as money
খ. Money is not as sweet as honey
গ. Nothing is as sweet as money and honey
ঘ. Honey is not sweeter than money **উ. ক**

ব্যাখ্যা : ২২ ধরনের বাক্য comparative sentence কে negative sentence /positive degree -তে রূপান্তর করতে হলে শেষের অংশ আগে আসবে + verb + not + so ... as + subject.

০. Upoma came here late. Here 'late' is–
ক. adjective খ. adverb
গ. verb ঘ. noun উ. খ

ব্যাখ্যা : এই বাক্যে late শব্দটি 'came' verb-কে modify করছে; তাই এটি Adverb.

৪১. He gave me a dress which was expensive. (Simple)
ক. He gave me a dress expensive
খ. He gave me a dress and it was expensive
গ. He gave me a expensive dress
ঘ. He gave me an expensive dress উ. ঘ

ব্যাখ্যা : বাক্যটি complex sentence-এ আছে। তাই simple করতে হলে একটা subject লাগবে এবং একটা finite verb লাগবে। Expensive-এর আগে an বসে।

৪২. A wearer knows where–.
ক. a man goes খ. he is right
গ. the shoe pinches ঘ. the pain disturbs উ. গ

ব্যাখ্যা : এটি একটি প্রবাদ বাক্য। বাক্যটি হলো– 'A werer knows where the shoe pinches.' এর বাংলা অর্থ হল- 'যার জ্বালা সেই জানে'।

৪৩. তুমি কি জানো সে কোথায় থাকে?
ক. Do you know where does he live?
খ. Do you know where he live?
গ. Do you know where he is live?
ঘ. Do you know where he lives? উ. ঘ

ব্যাখ্যা : Embedded question বাক্যে subordinate clause এর কাজ করে। তখন গঠন প্রণালী হয় Principal clause + WH word + subject + verb + যা থাকে তা বসবে। option 'ঘ' হবে উত্তর।

৪৪. সে সাঁতরাতে জানে না।
ক. He does not know swim.
খ. He does not know to swimming.
গ. He does not know how to swim.
ঘ. He don't know swiniming. উ. গ

ব্যাখ্যা : কোনো কিছু জানা বা না জানা তথা সামর্থ্য বা অসামর্থ্য বুঝাতে 'How to' structure ব্যবহার করা হয়। option 'গ' হবে উত্তর।

৪৫. তোমার বাবা কী করেন?
ক. What is your father?
খ. What is your father doing?
গ. What does your father?
ঘ. What your father does? উ. ক

ব্যাখ্যা : option 'ক' হবে উত্তর।

৪৬. How Karim has solved the problems–?
ক. really nice খ. actually wonderful
গ. astounds us all ঘ. are really difficult উ. গ

ব্যাখ্যা : বাক্যটির অর্থ 'করিম কীভাবে সমস্যাগুলো সমাধান করে আমাদের সবাইকে অবাক করে দিল'।

৪৭. What is the noun form of 'include'?
ক. Includement খ. Inclusion
গ. Inclution ঘ. Includeness উ. খ

ব্যাখ্যা : Include-অন্তর্ভুক্ত করা। এর Noun হলো Inclusion. যার অর্থ হল- অন্তর্ভুক্তকরণ।

৪৮. The synonym of 'abandon' is–.
ক. try খ. join
গ. keep with ঘ. leave উ. ঘ

ব্যাখ্যা : Abandon ত্যাগ করা। এর synonym হলো leave. অন্যদিকে, বাকি শব্দগুলোর অর্থ : try -চেষ্টা করা, join -যোগদান করা, keep with- সঙ্গে রাখা।

৪৯. A – in time saves nine.
ক. money খ. penny
গ. stitch ঘ. saving উ. গ

ব্যাখ্যা : এটি একটা প্রবাদ বাক্য। বাক্যটি হলো- 'A stitch in time saves nine.' এর বাংলা অর্থ হল- 'সময়ের এক ফোঁড়, অসময়ের দশ ফোঁড়।'

৫০. A man is known by the – he keeps.
ক. words খ. company
গ. contribution ঘ. relatives উ. খ

ব্যাখ্যা : এটি প্রবাদ বাক্য। পূর্ণাঙ্গ বাক্যটি হলো- A man is known by the company he keeps.' বাক্যটির বাংলা অর্থ হল- 'সঙ্গ দেখে লোক চেনা যায়'।

৫১. মৌলিক সংখ্যার সেট কিরূপ হবে?
ক. সসীম খ. অসীম গ. সংযোগ ঘ. ছেদ উ. খ

ব্যাখ্যা : যে সংখ্যার ১ এবং সেই সংখ্যা ছাড়া অন্য কোনো উৎপাদক নেই, তাকে মৌলিক সংখ্যা বলে। মৌলিক সংখ্যার মাত্র ২টি উৎপাদক থাকে। ১-এর মাত্র ১টি উৎপাদক বর্তমান। তাই ১ মৌলিক সংখ্যা নয়। মৌলিক সংখ্যার সেট অসীম।

৫২. নিচের কোনটি অমূলদ সংখ্যা?
ক. π খ. $\sqrt{2}$
গ. $\sqrt{11}$ ঘ. সবগুলো উ. ঘ

ব্যাখ্যা : যে সংখ্যাকে দশমিকে প্রকাশ করলে তা শেষ হবে না তাই অমূলদ সংখ্যা। পূর্ণবর্গ নয় এরূপ যেকোনো সংখ্যার বর্গমূলই অমূলদ সংখ্যা।
ক. $\pi = 3, 1416$ ....
খ. $\sqrt{2} = 1.414$ ....
গ. $\sqrt{11} = 3.316$ ....
অতএব উপরের সবগুলোর দশমিক অংশ অসীম। তাই এগুলো অমূলদ সংখ্যা।

৫৩. $\log_2{}^8$ এর মান নিচের কোনটি?

ক. 1 খ. 2

গ. 3 ঘ. 4 উ. গ

ব্যাখ্যা : $\log_2{}^8 = \log_2 2^8$

$= 3 \log_2{}^2$

$= 3 \times 1 \ [\log_a a = 1]$

$= 3$

৫৪. $5\sqrt{5}$ এর 5 ভিত্তিক লগ কত?

ক. $\sqrt{5}$ খ. $\frac{2}{3}$

গ. $\frac{3}{2}$ ঘ. 5 উ. গ

ব্যাখ্যা : $5\sqrt{5}$ এর 5 ভিত্তিক লগ

$= \log_5 5\sqrt{5}$

$= \log_5\left(5^{1\times5\times\frac{1}{2}}\right)$

$= \log_5\left(5^{1+\frac{1}{2}}\right)$

$= \log_5 5^{3/2}$

$= \frac{3}{2}\log_5 5$

$= \frac{3}{2} \times 1 \ [\log = 1]$

$= \frac{3}{2}$

৫৫. $(8x)^\circ + 8x^\circ$ এর মান নিচের কোনটি?

ক. 8 খ. 2

গ. 16 ঘ. 9 উ. ঘ

ব্যাখ্যা : $(8x)^0 + 8x^0$

$= 1 + 8 \times 1 \ [x^0 = 1]$

$= 1 + 8$

$= 9$ (Answer)

৫৬. $4^{x+1} = 32$ হলে x এর মান কত?

ক. $\frac{1}{2}$ খ. 1

গ. $\frac{3}{2}$ ঘ. $\frac{2}{3}$ উ. গ

ব্যাখ্যা : $4^{x+1} = 32$

বা, $(2^2)^{x+1} = 2^5$

বা, $2^{2x+2} = 2^5$

$\therefore 2x + 2 = 5$

বা, $2x = 5 - 2$

$\therefore x = \frac{3}{2}$

৫৭. দুইটি সংখ্যার গ. সা. গু 7 এবং ল. সা. গু 84 সংখ্যা দুইটির একটি 42 হলে অপরটি কত?

ক. 7 খ. 14

গ. 21 ঘ. 28 উ. খ

ব্যাখ্যা : ১ম সংখ্যা × ২য় সংখ্যা = এদের গ. সা. গু × ল. সা. গু

$\Rightarrow 42 \times$ ২য় সংখ্যা $= 7 \times 84$

$\Rightarrow$ ২য় সংখ্যাটি $= \frac{7 \times 84}{42}$

$\therefore$ ২য় সংখ্যা তথা অপর সংখ্যা $= 14$

৫৮. 60 জন ছাত্রের মধ্যে 42 জন ফেল করলে পাসের হার কত?

ক. 25% খ. 28%

গ. 30% ঘ. 32% উ. গ

ব্যাখ্যা : দেওয়া আছে, ছাত্রসংখ্যা = 60 জন

ফেল সংখ্যা = 42 জন

$\therefore$ পাস সংখ্যা = (60 – 42) জন

= 18 জন।

$\therefore$ পাসের শতকরা হার $= \frac{18 \times 100}{60}$

= 30 জন

$\therefore$ পাসের হার 30%

৫৯. $6\frac{1}{4}\%$ হার সুদে কত সময়ে 96 টাকার সুদ 18 টাকা হবে?

ক. 2 বছর খ. $2\frac{1}{2}$ বছর

গ. 3 বছর ঘ. 4 বছর উ. গ

ব্যাখ্যা : দেওয়া আছে, সুদের হার (r) $= 6\frac{1}{4}\%$

$= \frac{25}{4 \times 100}$

$= 0.0625$

সময় (t) = ?

আসল (p) = 96 টাকা

মোট সুদ (I) = 18 টাকা

আমরা জানি,

$ptr = I$

বা, $t = \frac{I}{pr}$

$= \frac{18}{96 \times 0.0625}$ বছর

= 3 বছর

৬০. কোনো সমকোণী ত্রিভুজের ভূমি x এবং উচ্চতা y হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত হবে?

ক. xy বর্গ একক খ. $\frac{1}{2}$ xy বর্গ একক

গ. $x^2 + y^2$ বর্গ একক ঘ. $\frac{1}{2}(x^2 + y^2)$ বর্গ একক

উ. খ

ব্যাখ্যা : সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের গুণফল

$= \frac{1}{2} \times$ ভূমি × উচ্চতা

$= \frac{1}{2}$ xy বর্গ একক

৬১. চতুর্ভুজের চারটি কোণের সমষ্টি নিচের কোনটি?

ক. 180° খ. 360°

গ. 270° ঘ. 720° উ. খ

ব্যাখ্যা : যেকোনো চতুর্ভুজের কর্ণ চতুর্ভুজকে দুটি ত্রিভুজের বিভক্ত করে। প্রত্যেক ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°। সতুরাং চতুর্ভুজের চার কোণের সমষ্টি 180° × 2 বা 360°

৬২. ঘনকের ধার a একক হলে ঘনকের সমগ্রতলের ক্ষেত্রফল কত?

ক. $\sqrt{6a^2}$ খ. $6a^2$

গ. a^3 ঘ. 6a উ. খ

ব্যাখ্যা : ঘনক : আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা সমান হলে তাকে ঘনক বলে। ঘনকের ধার a হলে (i) সমগ্রতলের ক্ষেত্রফল = $6a^2$ বর্গ একক।

(ii) ঘনকের কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{3}$a একক

(iii) ঘনকের আয়তন = a^3 ঘন একক

(iv) ঘনকের তলের কর্ণ = $\sqrt{2}$a একক

(v) ঘনকের তলের ক্ষেত্রফল = a^2 বর্গ একক।

৬৩. বৃত্তের সমান সমান জ্যা কেন্দ্র হতে সর্বদা নিচের কোনটি?

ক. সমদূরবর্তী খ. অসমদূরবর্তী

গ. সমান্তরাল ঘ. কোনটিই নয় উ. ক

ব্যাখ্যা : বৃত্তের সমান সমান জ্যা কেন্দ্র হতে সমদূরবর্তী। কারণ, বৃত্তের সমান সমান যা, বৃত্তের কেন্দ্র থেকে সমান দূরত্বে অবস্থান করে।

৬৪. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য, প্রস্থের দেড়গুণ। এর ক্ষেত্রফল 294 বর্গমিটার হলে, পরিসীমা কত?

ক. 40 মিটার খ. 50 মিটার

গ. 60 মিটার ঘ. 70 মিটার উ. ঘ

ব্যাখ্যা : মনে করি, আয়তাকার ঘরের প্রস্থ = x মিটার

∴ দৈর্ঘ্য = 1.5x মিটার

∴ পরিসীমা = 2 × (দৈর্ঘ্য + প্রস্থ)

= 2 × 2.5x মিটার

= 5x মিটার

প্রশ্নমতে, 1.5x × x = 294

বা, $x^2 = \frac{294}{1.5} = 196 = (14)^2$

∴ x = 14

∴ পরিসীমা = 5 × 14 মিটার = 70 মিটার (উত্তর)

৬৫. দুইটি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত 3:2। বৃত্ত দুইটির ক্ষেত্রফলের অনুপাত নিচের কোনটি?

ক. 2 : 3 খ. 3 : 4

গ. 4 : 9 ঘ. 9 : 4 উ. ঘ

ব্যাখ্যা : দেওয়া আছে,

দুটি বৃত্তের ব্যাসার্ধদ্বয়ের অনুপাত = 3 : 2

মনে করি, ১ম ব্যাসার্ধ (r_1) = 3x মিটার

এবং ২য় ব্যাসার্ধ (r_2) = 2x মিটার

∴ ক্ষেত্রফল $A_1 = 9\pi x^2$

ক্ষেত্রফল $A_2 = 4\pi x^2$

∴ $A_1 : A_2 = 9\pi x^2 : 4\pi x^2$

= 9 : 4

৬৬. a : b = 4 : 7 এবং b : c = 5 : 6 হলে এর a : b : c এর মান কোনটি?

ক. 4 : 7 : 5 খ. 5 : 6 : 7

গ. 20 : 35 : 42 ঘ. 20 : 30 : 37 উ. গ

ব্যাখ্যা : দেওয়া আছে,

a : b = 4 : 7

এবং b : c = 5 : 6

∴ a : b : c = (4 × 5) : (5 × 7) : (7 × 6)

= 20 : 35 : 42

৬৭. 250 এর 10% এর মান কত?

ক. 25 খ. 50

গ. 100 ঘ. 75 উ. ক

ব্যাখ্যা : 250 এর 10%

$= 250 \times \frac{10}{100}$

= 25

৬৮. ঘণ্টায় x মাইল বেগে y মাইল দূরত্ব অতিক্রম করতে কত ঘণ্টা লাগবে?

ক. $\frac{x}{y}$ ঘণ্টা খ. $\frac{y}{x}$ ঘণ্টা

গ. xy ঘণ্টা ঘ. x + y ঘণ্টা উ. খ

ব্যাখ্যা : সময় $= \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}}$

$= \frac{y \text{ মাইল}}{x \text{ মাইল/ঘণ্টা}}$

$= \frac{y}{x}$ ঘণ্টা (উত্তর)

৬৯. $a + b$, $a^2 - b^2$ এবং $a^3 + b^3$ এর ল. সা. গু কত?

ক. $a^2 - b^2$ খ. $a - b$

গ. $(a - b)^2$ ঘ. $a + b$ **উ. ঘ**

ব্যাখ্যা : ১ম রাশি $= a + b$

২য় রাশি $= a^2 - b^2$

$= (a + b)(a - b)$

৩য় রাশি $= a^3 + b^3$

$= (a + b)(a^2 - ab + b^2)$

∴ গ. সা. গু $= (a + b)$

৭০. a, b, c, d ক্রমিক সমানুপাতী হলে নিচের কোনটি সঠিক?

ক. $ab = cd$ খ. $ac = bd$

গ. $ad = bc$ ঘ. কোনোটিই নয় **উ. গ**

ব্যাখ্যা : $\frac{a}{b} = \frac{c}{d}$

∴ $ad = bc$

৭১. প্রথম n সংখ্যক বিজোড় সংখ্যার যোগফল কত?

ক. n^{2-1} খ. n^2

গ. n^{2+1} ঘ. n^{2+2} **উ. খ**

ব্যাখ্যা : মনে করি, n সংখ্যক বিজোড় সংখ্যার যোগফল $= S$

∴ $S = 1 + 3 + 5 + 7 + \ldots + n$

$= \frac{n}{2}\{2.1 + (n-1)(3-1)\}$ $\left[S = \frac{n}{2}\{2a + (n-1)d\}\right]$

$= \frac{n}{2}\{2 + (n-1)2\}$

$= \frac{n}{2}\{2 + 2n - 2\}$

$= \frac{n}{2} \times 2n$

$= n^2$

৭২. $(a^{-1})^{-1}$ এর মান নিচের কোনটি?

ক. $\frac{1}{a}$ খ. a^2

গ. a ঘ. $\frac{1}{a^2}$ **উ. গ**

ব্যাখ্যা : $(a^{-1})^{-1}$

$= a^{(-1)(-1)}$

$= a$

৭৩. বৃত্তের কেন্দ্রের কোণ কত ডিগ্রির সমান?

ক. 360° খ. 270°

গ. 180° ঘ. 0° **উ. ক**

ব্যাখ্যা : বৃত্তের কেন্দ্রস্থ কোণের পরিমাণ 360°। কারণ কেন্দ্রস্থ কোণকে চার সমকোণে বিভক্ত করলে কেন্দ্রস্থ কোণ $= 90^\circ \times 4 = 360^\circ$।

৭৪. $\sin\theta = \frac{4}{5}$ হলে, $\sec\theta$ এর মান কোনটি?

ক. $\frac{5}{4}$ খ. $\frac{4}{9}$

গ. $\frac{3}{5}$ ঘ. $\frac{5}{3}$ **উ. ঘ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $\sin\theta = \frac{4}{5}$

∴ অতিভুজ 5, লম্ব 4 হলে ভূমি হবে 3

∴ $\sec\theta = \frac{\text{অতিভুজ}}{\text{ভূমি}}$

$= \frac{5}{3}$

৭৫. $x > 0$ এবং $x^2 = 4x$ হলে x এর মান কোনটি?

ক. 4 খ. 3

গ. 2 ঘ. 0 **উ. ক**

ব্যাখ্যা : দেওয়া আছে,

$x > 0$

$x^2 = 4x$

$\Rightarrow x^2 - 4x = 0$

$\Rightarrow x(x - 4) = 0$

এখন হয় $x = 0$, অথবা $x - 4 = 0$

যেহেতু, $x > 0$; সুতরাং $x \neq 0$.

∴ $x - 4 = 0$

∴ $x = 4$

৭৬. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধকালে জাতিসংঘের মহাসচিব কে ছিলেন?

ক. কফি আনান খ. উথান্ট

গ. দ্যাগ হ্যামারশোল্ড ঘ. বুট্রোস ঘালি **উ. খ**

ব্যাখ্যা : বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন জাতিসংঘের মহাসচিব ছিলেন মিয়ানমারের নাগরিক উথান্ট। তিনি জাতিসংঘের ৩য় মহাসচিব এবং এশিয়া থেকে নির্বাচিত জাতিসংঘের প্রথম মহাসচিব। প্রথম মুসলিম মহাসচিব কফি আনান (ঘানা, ২০০১ সালে নোবেল শান্তি পুরস্কার পান)। বুট্রোস ঘালি হচ্ছেন আফ্রিকা মহাদেশ থেকে নির্বাচিত প্রথম মহাসচিব (মিশর)। জাতিসংঘের দ্বিতীয় মহাসচিব দ্যাগ হ্যামারশোল্ড (সুইডেন) ১৯৬৯ সালে বিমান দুর্ঘটনায় মারা যান এবং একই সালে মরণোত্তর নোবেল শান্তি পুরস্কার পান।

৭৭. চিকনগুনিয়ার বাহক কোনটি?
ক. ট্র্যানোফিলিস খ. কিউলেক্স
গ. এডিস ঘ. সকল ধরনের মশা উ. গ
ব্যাখ্যা : চিকুনগুনিয়া একটি মশাবাহিত রোগ। এর বাহক এডিস মশা। এডিশ মশা আবার ডেঙ্গু জ্বরেরও বাহক। ১৯৫২ সালে তানজানিয়ায় এবং ২০০৮ সালে বাংলাদেশে প্রথম এ রোগ ধরা পড়ে।

৭৮. বাংলাদেশের রাষ্ট্রীয় মনোগ্রামের ডিজাইনার কে?
ক. কাজী খসরু খ. কামরুল হাসান
গ. স্বপন কুমার ঘ. এএন সাহা উ. ঘ
ব্যাখ্যা : বাংলাদেশের রাষ্ট্রীয় মনোগ্রামের ডিজাইনার ভাষা সৈনিক ও বীর মুক্তিযোদ্ধা চুয়াডাঙ্গার এ.এন. সাহা। রাষ্ট্রীয় মনোগ্রামে ৪টি তারকা আছে। বাংলাদেশের জাতীয় প্রতীকেও ৪টি তারকা আছে। তবে, জাতীয় প্রতীকের ডিজাইনার হলেন কামরুল হাসান।

৭৯. দেশের প্রথম ইলেকট্রনিক বই কোনটি?
ক. একুশ ই বুক খ. স্বাধীনতা ই বুক
গ. বাংলাদেশ ই বুক ঘ. ডিজিটাল ই বুক উ. ক
ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম ইলেকট্রনিক বুক (E-Book) হচ্ছে 'একুশ ই বুক'। এটি উদ্বোধন করা হয় ২০১৬ সালে। ফোন কোম্পানি 'ওকে মোবাইল' এটি প্রকাশ করে।

৮০. WIPO এর সদর দপ্তর কোথায়?
ক. ব্রাসেলস খ. জেনেভা
গ. লন্ডন ঘ. প্যারিস উ. খ
ব্যাখ্যা : WIPO হচ্ছে World Intellectual Property Organization (বিশ্ব বুদ্ধিবৃত্তিক সম্পদ সংস্থা)। গঠন = ১৯৬৭; সদর দফতর জেনেভা। (মনে রাখুন জাতিসংঘের যে সংস্থার নামের প্রথমে W বা IW এবং শেষে O আছে সেগুলোর দফতর জেনেভা : WIPO, WHO, WTO, WMO, IMO, ISO ইত্যাদি)।

৮১. 'মংডু' কোন দুটি দেশের সীমান্ত এলাকা?
ক. বাংলাদেশ-মায়ানমার খ. বাংলাদেশ-ভারত
গ. মায়ানমার-চীন ঘ. ভারত-মায়ানমার উ. ক
ব্যাখ্যা : মিয়ানমারের রাখাইন প্রদেশের বাংলাদেশে ঘেঁষা জেলা শহর মংডু। মংডু থেকে বাংলাদেশের সীমান্তবর্তী উপজেলা টেকনাফের দূরত্ব প্রায় ৩০ কিমি। মংডুর প্রায় ৮০% বাসিন্দাই রোহিঙ্গা।

৮২. ২০১৮ সালে এশিয়ান গেমস কোথায় অনুষ্ঠিত হবে?
ক. বেইজিং, চীন খ. জাকার্তা, ইন্দোনেশিয়া
গ. নয়াদিল্লি, ভারত ঘ. তেহরান, ইরান উ. খ
ব্যাখ্যা : ২০১৮ সালে ১৮তম এশিয়ান গেমস অনুষ্ঠিতত হয় জাকাতা, ইন্দোনোশিয়ায়। করোনা ভাইরাসের কারণে ২০২২ সালে ১৯তম এশিয়ান গেমস অনুষ্ঠিত হবে ২৩ সেপ্টেম্বর-৮ অক্টোবর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত হবে চীনের হাংঝুতে। প্রথম এশিয়ান গেমস অনুষ্ঠিত হয় ভারতের দিল্লিতে ১৯৫১ সালে।

৮৩. বাংলাদেশ স্কয়ার কোন দেশে অবস্থিত?
ক. ভারতে খ. ইরানে
গ. নাইজেরিয়ায় ঘ. লিবিয়ায় উ. *
ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। সঠিক উত্তর হবে 'বাংলাদেশ স্কয়ার' আফ্রিকার দেশ লাইবেরিয়ায় অবস্থিত। 'লিবিয়ায়' এর স্থলে 'লাইবেরিয়ায়' হলে তখন উত্তর হতো (ঘ)।

৮৪. দেশে প্রথম ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা চালু হয় কোথায়?
ক. সিলেট খ. বরিশাল
গ. চট্টগ্রাম ঘ. রংপুর উ. গ
ব্যাখ্যা : দেশের প্রথম ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা চালু হয় চট্টগ্রামের ফটিকছড়িতে ২০১৪ সালে। এটি দেশের প্রথম ডিজিটাল ভূমি কার্যালয়ও বটে।

৮৫. 'বর্ণালী' ও 'শুভ্র' কী?
ক. উন্নত জাতের ভুট্টা খ. উন্নত জাতের গম
গ. উন্নত জাতের আম ঘ. উন্নত জাতের চাল উ. ক
ব্যাখ্যা : বর্ণালী, শুভ্র, উত্তরণ, মোহর এগুলো উন্নত জাতের ভুট্টার নাম। বলাকা, দোয়েল, সোনালিকা, আকবর, আনন্দ, বরকত ইত্যাদি উন্নত জাতের গম। উন্নত জাতের আমের মধ্যে রয়েছে মহানন্দা, গোপালভাগ, হাড়িভাঙ্গা, ল্যাংড়া, ফজলি, ক্ষিরসাপাতি (অন্যনাম: হিমসাগর) এগুলো উন্নত জাতের আম।

৮৬. ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত গামা বিকিরণের উৎস হলো–
ক. আইসোটোন খ. আইসোটোপ
গ. আইসোবার ঘ. রাসায়নিক পদার্থ উ. খ
ব্যাখ্যা : ক্যান্সার চিকিৎসায় গামা রশ্মি ব্যবহৃত হয়। ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত গামা বিকিরণের উৎস আইসোটোপ। উল্লেখ্য যে, জীবজগতের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি হলো- গামা রশ্মি।

৮৭. ফ্রান্সের বর্তমান প্রেসিডেন্টের নাম কি?
ক. ইমানুয়েল ম্যাখোঁ খ. আঞ্জেলা মার্কেল
গ. ম্যালকম ঘ. জাস্টিন ট্রুডো উ. ক
ব্যাখ্যা : ফ্রান্সের বর্তমান প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাঁখো। জামানির প্রথম নারী চ্যান্সেলর = অ্যাঞ্জেলা মার্কেল, কানাডার প্রধানমন্ত্রী = জাস্ট্রিন ট্রুডো।

৮৮. জাঙ্ক ফুডে নিচের কোন দ্রব্যের আধিক্য থাকে?
ক. চর্বি খ. ভিটামিন
গ. শর্করা ঘ. আমিষ উ. ক
ব্যাখ্যা : জাঙ্ক ফুড বা ফাস্ট ফুডে চর্বি জাতীয় দ্রব্যের আধিক্য থাকে। জনপ্রিয় জাঙ্ক ফুড = বার্গার, চিপস, আইসক্রিম, চকলেট, চিকেন ফ্রাই, পিৎজা, মিষ্টি, কোমল পানীয় ইত্যাদি। এগুলো স্বাস্থ্যগত মূল্যের থেকে মুখারাচক স্বাদের জন্য উৎপাদন করা হয়। এসব খাবার Obesity তথা স্থূলতা বাড়ছে।

৮৯. বিশ্ব অর্থনৈতিক সমীক্ষা-২০১৫ অনুযায়ী বাংলাদেশের মাথাপিছু আয় (মার্কিন ডলার)–
ক. ১২৬০ ডলার খ. ১৩১৪ ডলার
গ. ১৩৬০ ডলার ঘ. ১২৩০ ডলার **উ. খ**

ব্যাখ্যা : *উল্লেখ্য যে, অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুসারে, বাংলাদেশের বর্তমান মাথাপিছু আয় ২,৭৬৫ মার্কিন ডলার।

৯০. ক্রিকেট খেলার মাঠের পিচের দৈর্ঘ্য–
ক. ১১ গজ খ. ১৭ গজ
গ. ২২ গজ ঘ. ২১ গজ **উ. গ**

ব্যাখ্যা : ক্রিকেট পিচের দৈর্ঘ্য ২২ গজ (৬৬ ফুট) এবং প্রস্থ ১০ ফুট। ব্যাটের দৈর্ঘ্য ৩৮ ইঞ্চি। ক্রিকেট খেলার জন্ম = ইংল্যান্ডে এবং ইংল্যান্ডেই ১৯৭৫ সালে প্রথম বিশ্বকাপ ক্রিকেট অনুষ্ঠিত হয়।

৯১. বাংলার 'ছিয়াত্তরের মন্বন্তর' এর সময়কাল :
ক. ১৭৭০ খ্রিস্টাব্দ খ. ১৭৬০ খ্রিস্টাব্দ
গ. ১৭৬৫ খ্রিস্টাব্দ ঘ. ১৭৫৬ খ্রিস্টাব্দ **উ. ক**

ব্যাখ্যা : ছিয়াত্তরের মন্বন্তর হয়েছিল বাংলা ১১৭৬ বঙ্গাব্দে এবং ইংরেজি ১৭৭০ খ্রিস্টাব্দে। রবার্ট ক্লাইভের দ্বৈত শাসন নীতির ফলেই ভয়াবহ এ দুর্ভিক্ষ হয়েছিল। এতে প্রায় ১ কোটি মানুষ মারা যায়।

৯২. স্ক্যানার কী ধরনের ডিভাইস?
ক. ইনপুট খ. মেমোরি
গ. আউটপুট ঘ. প্রসেসিং **উ. ক**

ব্যাখ্যা : স্ক্যানার একটি ইনপুট ডিজাইস। অন্যান্য ইনপুট ডিজাইসের মধ্যে আছে কী বোর্ড, মাউস, MOR, OCR, MICR, সেন্সর, জয়স্টিক, ডিজিটাইজার, লাইটপেন ইত্যাদি।

৯৩. ভারত-বাংলাদেশের মধ্যে অভিন্ন নদী কতটি?
ক. ৫৩টি খ. ৫৪টি
গ. ৫৫টি ঘ. ৫৬টি **উ. খ**

ব্যাখ্যা : বাংলাদেশের মোট আন্তসীমান্ত/আন্তর্জাতিক নদী ৫৭টি। এর মধ্যে বাংলাদেশ ভারতের মধ্যে অভিন্ন নদী ৫৪টি এবং বাংলাদেশ মিয়ানমারের মধ্যে অভিন্ন নদী ৩টি (সূত্র: যৌথ নদী কমিশন বাংলাদেশ)। উল্লেখ্য যে, যৌথ নদী কমিশনের তথ্য অনুযায়ী ৫৪টি এবং বাংলাপিডিয়া অনুযায়ী ৫৫টি।

৯৪. সমতট জনপদ কোথায় অবস্থিত?
ক. রাজশাহী অঞ্চলে খ. কুমিল্লা অঞ্চলে
গ. ঢাকা অঞ্চলে ঘ. সিলেট অঞ্চলে **উ. খ**

ব্যাখ্যা : প্রাচীন সমতট জনপদের বৃহত্তর কুমিল্লা ও নোয়াখালী নিয়ে। (মনে রাখুন সমতট = সমকোণ। সম = সমতট, কো = কুমিল্লা, ণ = নোয়াখালী।

৯৫. বিখ্যাত চিত্রকর্ম 'তিন কন্যা' এর চিত্রকর কে?
ক. জয়নুল আবেদীন খ. এস এম সুলতান
গ. কামরুল হাসান ঘ. রফিকুন্নবী **উ. গ**

ব্যাখ্যা : বিখ্যাত চিত্রকর্ম 'তিন কন্যা' এর চিত্রকর পটুয়া কামরুল হাসান। তার অন্যান্য চিত্রকর্মের মধ্যে আছে– নাইওর, বিড়াল, এই জানোয়ারদের হত্যা করতে হবে, দেশ আজ বিশ্ব বেহায়ার খপ্পড়ে। বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনারও তিনি।

৯৬. যশোর জেলায় অবস্থিত বিল–
ক. হাইল খ. ভবদহ
গ. পাথর চাওলি ঘ. আড়িয়াল **উ. খ**

ব্যাখ্যা : ভবদহ বিল যশোর জেলায় অবস্থিত। আড়িয়াল বিল = শ্রীনগর, মুন্সিগঞ্জ; হাইল হাওর = মৌলভীবাজার। বাংলাদেশের বৃহত্তম বিল হচ্ছে চলন বিল যা পাবনা ও নাটোরে অবস্থিত।

৯৭. কোন উপজাতির ধর্ম ইসলাম–
ক. রাখাইন খ. মারমা
গ. পাঙন ঘ. খিয়াং **উ. গ**

ব্যাখ্যা : বাংলাদেশে উপজাতির সংখ্যা ৫০টি। এদের মধ্যে মৌলভীবাজারের পাঙন উপজাতিরা মুসলমান ধর্মাবলম্বী। রাখাইন, চাকমাসহ অধিকাংশ উপজাতিই বৌদ্ধ ধর্মাবলম্বী।

৯৮. সংসদ অধিবেশন কে আহ্বান করেন?
ক. স্পিকার খ. বিরোধীদলীয় নেত্রী
গ. রাষ্ট্রপতি ঘ. প্রধানমন্ত্রী **উ. গ**

ব্যাখ্যা : জাতীয় সংসদের অধিবেশন আহ্বান, স্থগিত ও ভঙ্গ করেন মহামান্য রাষ্ট্রপতি (অনুচ্ছেদ ৭২)। স্পিকার = জাতীয় সংসদের সভাপতি, প্রধানমন্ত্রী = জাতীয় সংসদ নেতা, বিরোধী দলীয় নেত্রী = জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা।

৯৯. পানামা খাল কোন মহাসাগরকে যুক্ত করে?
ক. ভারত ও প্রশান্ত মহাসাগর
খ. আটলান্টিক ও ভারত মহাসাগর
গ. প্রশান্ত ও আটলান্টিক মহাসাগর
ঘ. আটলান্টিক ও দক্ষিণ মহাসাগর **উ. গ**

ব্যাখ্যা : পানামা খাল আটলান্টিক ও প্রশান্ত মহাসারকে যুক্ত করেছে। (মনে রাখুন পানামা আপা)। এটি উত্তর ও দক্ষিণ আমেরিকা মহাদেশকে পৃথক করেছে। খালটির বর্তমান মালিক পানামা প্রজাতন্ত্র।

১০০. লাফিং গ্যাসের সংকেত কোনটি?
ক. N_2O_5 খ. N_2O_3
গ. N_2O ঘ. Cu_2O **উ. গ**

ব্যাখ্যা : নাইট্রাস অক্সাইড নিঃশ্বাসের সাথে গ্রহণ করলে হাসির উদ্রেক করে। তাই একে লাফিং গ্যাস বলা হয়। এর রাসায়নিক সংকেত N_2O।

১৩তম স্কুল/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৬

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ৩০০; পরীক্ষার তারিখ : ১২.০৬.২০১৬

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কর্তন হবে।]

১. কোন বানানটি শুদ্ধ?
ক. মাষ্টার খ. পোশাক
গ. জিনিষ ঘ. পোষ্ট অফিস **উ. খ**

ব্যাখ্যা : 'পোশাক' বানানটি শুদ্ধ। বাকি শব্দগুলোর শুদ্ধরূপ হচ্ছে– মাস্টার, জিনিস ও পোস্ট অফিস। কারণ, বিদেশি শব্দের বানানে 'ষ' হয় না।

২. কোন বিরাম চিহ্নের বিরতিকাল নেই?
ক. হাইফেন খ. কমা
গ. সেমিকোলন ঘ. কোলন **উ. ক**

ব্যাখ্যা : হাইফেন (-) বিরাম চিহ্নের বিরতিকাল নেই। কমাতে থামতে হয়– এক বলতে সে সময় প্রয়োজন, সেমিকোলনে এক বলার দ্বিগুণ সময় ও কোলনে এক সেকেন্ড থামতে হয়।

৩. কোন বানানটি শুদ্ধ?
ক. বিভিষিকা খ. বিভীষিকা
গ. বিভিষীকা ঘ. বিভীষীকা **উ. খ**

ব্যাখ্যা : 'বিভীষিকা' বানানটি শুদ্ধ। এরকম আরো কয়েকটি বানান হচ্ছে– পিপীলিকা, নিপীড়িত, মরীচিকা ইত্যাদি।

৪. আলালি বা হুতোমি ভাষা বলা হয় কোন ভাষাকে?
ক. সাধু খ. চলিত
গ. ইংরেজি ঘ. সংস্কৃত **উ. খ**

ব্যাখ্যা : 'চলিত ভাষাকে' আলালি ও হুতোমি ভাষা বলা হয়। কারণ, 'আলালের ঘরের দুলাল' ও 'হুতোম প্যাঁচার নকশা' উপন্যাস দুটি চলিত ভাষায় লেখা হয়েছিল।

৫. দুহিতা-এর বিপরীত শব্দ কোনটি?
ক. পুত্র খ. কন্যা
গ. স্ত্রী ঘ. স্বামী **উ. ক**

ব্যাখ্যা : 'দুহিতা' এর অর্থ হচ্ছে 'কন্যা', 'দুহিতা'। এর বিপরীত শব্দ হচ্ছে পুত্র।

৬. 'Autonomous' শব্দের অর্থ–
ক. স্বাক্ষর খ. স্বায়ত্তশাসিত
গ. সত্যায়িত ঘ. সংশোধিত **উ. খ**

ব্যাখ্যা : 'Autonomous' শব্দের অর্থ 'স্বায়ত্তশাসিত। Signature অর্থ স্বাক্ষর, Attested অর্থ সত্যায়িত, Amended অর্থ সংশোধিত।

৭. 'জায়া' শব্দের সমার্থক শব্দ–
ক. অর্ধাঙ্গী খ. কন্যা
গ. নন্দিনী ঘ. ভগিনী **উ. ক**

ব্যাখ্যা : 'জায়া' শব্দের সমার্থক শব্দ হচ্ছে– স্ত্রী, অর্ধাঙ্গী, ভার্যা, পত্নী, বধূ, বনিতা ইত্যাদি।

৮. 'চতুষ্পদ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. চতুর + পদ খ. চতুর্ষ + পদ
গ. চতু + পদ ঘ. চতুঃ + পদ **উ. ঘ**

ব্যাখ্যা : 'চতুষ্পদ' শব্দের সন্ধি বিচ্ছেদ– চতুঃ + পদ। এটি বিসর্গ সন্ধির উদাহরণ।

৯. 'সিংহপুরুষ' কোন সমাস?
ক. উপমান কর্মধারয় খ. উপপদ তৎপুরুষ
গ. উপমিত কর্মধারয় ঘ. অব্যয়ীভাব **উ. গ**

ব্যাখ্যা : উপমান ও উপমেয়ের তুলনা যদি অবাস্তব বা মিথ্যা হয় এবং পূর্বপদ ও পরপদ দুটোই যদি বিশেষ্য পদ হয় তাহলে উপমিত কর্মধারয় সমাস হয়। এখানে পুরুষ ও সিংহ দুটিই বিশেষ্যপদ এবং তুলনাটি অবাস্তব। তাই এটি উপমিত কর্মধারয় সমাস হবে।

১০. 'মানব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. মনু + ষ্ণ খ. মনু + অব
গ. মা + নব ঘ. মান + অব **উ. ক**

ব্যাখ্যা : 'মানব' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় হচ্ছে মনু + ষ্ণ। যে শব্দের সঙ্গে ষ্ণ (অ) প্রত্যয় যুক্ত হয় এর মূল স্বরের বৃদ্ধি হয় এবং প্রাতিপদিকের অন্ত্যস্বর উ-কার ও-কারে পরিণত হয়। সন্ধির নিয়মানুযায়ী ও + অ মিলে 'অব' হয়। যেমন : শিশু + ষ্ণ = শৈশব, বিষ্ণু + ষ্ণ = বৈষ্ণব, মধু + ষ্ণ = মাধব।

১১. যে উপকারীর অপকার করে–
ক. কৃতজ্ঞ খ. অকৃতজ্ঞ
গ. কৃতঘ্ন ঘ. অকৃতঘ্ন **উ. গ**

ব্যাখ্যা : যে উপকারীর অপকার করে– কৃতঘ্ন। এছাড়া আরো দুটি এককথায় প্রকাশ হচ্ছে–
(i) উপকারীর উপকার স্বীকার করে যে– কৃতজ্ঞ।
(ii) উপকারীর উপকার স্বীকার করে না যে– অকৃতজ্ঞ।

১২. 'পাপে বিরত থাকো' কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদান কারকে সপ্তমী বিভক্তি
খ. করণ কারকে সপ্তমী বিভক্তি
গ. অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি
ঘ. কর্ম কারকে সপ্তমী বিভক্তি **উ. ক**

ব্যাখ্যা : 'পাপে বিরত থাকো' অপাদান কারকে সপ্তমী বিভক্তি। যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, রক্ষিত হয় বা যা দেখে কেউ ভীত হয় তাকে অপাদান কারক বলে। যেমন : বিচ্যুৎ অর্থে– গাছ থেকে বৃষ্টি পড়ে। গৃহীত অর্থে- শুক্তি (ঝিনুক) থেকে মুক্তো মেলে। বিরত অর্থে– পাপে বিরত হও।

১৩. 'Edition' শব্দের অর্থ–
ক. সংস্করণ খ. সম্পাদক
গ. সম্পাদকীয় ঘ. অনুসন্ধান উ. ক
ব্যাখ্যা : Edition শব্দের অর্থ সংস্করণ। এরকম আরো কয়েকটি পারিভাষিক শব্দ হচ্ছে– সম্পাদক- Editor, সম্পাদকীয় = Editorial, অনুসন্ধান = Search.

১৪. 'রাত্রি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?
ক. শর্বরী খ. ত্রিযামা
গ. ক্ষণদা ঘ. ভানু উ. ঘ
ব্যাখ্যা : 'রাত্রি' শব্দের সমার্থক শব্দ নয়– ভানু। ভানু শব্দের সমার্থক শব্দ হচ্ছে– আদিত্য, রবি, সূর্য, দিবাকর। শর্বরী, ত্রিযামা ও ক্ষণদা শব্দের সমার্থক শব্দ হচ্ছে– রাত্রি।

১৫. 'পূর্বে ছিল এখন নেই' বাক্য সংকোচন কোনটি?
ক. ভূতপূর্ব খ. অভূতপূর্ব
গ. অতীত ঘ. বর্তমান উ. ক
ব্যাখ্যা : পূর্বে ছিল এখন নেই– এক বাক্য সংকোচনে হবে– ভূতপূর্ব। আগে যা ঘটেনি বা হয়নি– বাক্য সংকোচনে হবে অভূতপূর্ব। বিগত হয়েছে যে কাল- বাক্য সংকোচনে হবে অতীত। এখনও চলছে যে কাল- বাক্য সংকোচনে হবে বর্তমান।

'কেতাদুরস্ত' বাগধারার অর্থ কী?
ক. অলস খ. পরিশ্রমী
গ. পরিপাটি ঘ. দীর্ঘজীবী উ. গ
ব্যাখ্যা : 'কেতাদুরস্ত' বাগধারার অর্থ পরিপাটি; গোঁফ খেজুরে- নিতান্ত অলস, কলুর বলদ- নির্বিকারে পরিশ্রম করা, কাকভূষণ্ডী- অত্যন্ত ভেজা, ভূষণ্ডীর কাক- দীর্ঘজীবী।

১৭. সন্ধি ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ক. রূপতত্ত্বে খ. বাক্যতত্ত্বে
গ. অর্থতত্ত্বে ঘ. ধ্বনিতত্ত্বে উ. ঘ
ব্যাখ্যা : 'সন্ধি' ব্যাকরণের 'ধ্বনিতত্ত্বে' আলোচিত হয়। ধ্বনিতত্ত্বের অন্যান্য আলোচ্য বিষয়গুলো হচ্ছে– ধ্বনির পরিবর্তন, ধ্বনির প্রতীক বা বর্ণের বিন্যাস, ণ-ত্ব বিধান ও ষ-ত্ব বিধান।

১৮. বাংলা ভাষায় যতিচিহ্নের প্রচলন করেন কে?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. প্যারিচাঁদ মিত্র উ. গ
ব্যাখ্যা : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ১৮৪৭ সালে প্রকাশিত 'বেতাল পঞ্চবিংশতি' গ্রন্থে বিরাম চিহ্নের প্রথম সফল প্রয়োগের মাধ্যমে বাংলা ভাষায় যতি বা বিরামচিহ্নের প্রচলন করেন।

১৯. 'মহিমা' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. মহি + মা খ. মহৎ + ইমন
গ. মহা + ইমা ঘ. মহিম + আ উ. খ
ব্যাখ্যা : 'মহিমা' শব্দটি সংস্কৃত তদ্ধিৎ প্রত্যয় সাধিত শব্দ। এর প্রকৃতি ও প্রত্যয় হচ্ছে মহৎ + ইমন। এরকম আরো কয়েকটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দে হচ্ছে– নীলিমা, রক্তিমা, দ্রাঘিমা ইত্যাদি।

২০. 'আবির্ভাব' এর বিপরীত শব্দ কোনটি?
ক. অভাব খ. স্বভাব
গ. তিরোভাব ঘ. অনুভাব উ. গ
ব্যাখ্যা : আবির্ভাব (উদয়, প্রকাশ) এর বিপরীত শব্দ হচ্ছে– তিরোভাব (তিরোধান, অন্তর্ধান)।

২১. 'দহরম মহরম' এর বিপরীত বাগধারা কোনটি?
ক. জিলাপির প্যাঁচ খ. অহিনকুল
গ. দুধের মাছি ঘ. বসন্তের কোকিল উ. খ
ব্যাখ্যা : 'দহরম মহরম'– এটি একটি বাগধারা। এর অর্থ হচ্ছে– ঘনিষ্ঠ সম্পর্ক/অন্তরঙ্গ বন্ধুত্ব। এর বিপরীত বাগধারা হচ্ছে– অহি-নকুল (ভীষণ শত্রুতা)। অপশনের অন্য বাগধারাগুলোর অর্থ- জিলাপির প্যাঁচ- কুটিল বুদ্ধি, দুধের মাছি- সুসময়ের বন্ধু, বসন্তের কোকিল- সুসময়ের বন্ধু।

২২. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. ন্যূনতম খ. নূন্যতম
গ. ন্যূনতম ঘ. নুন্যতম উ. গ
ব্যাখ্যা : শুদ্ধ বানান হচ্ছে– ন্যূনতম। এরকম আরো কয়েকটি বানান হচ্ছে– জ্যেষ্ঠ, জ্যোতি, ন্যূন।

২৩. সৌম্য শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. শান্ত খ. সুন্দর
গ. উগ্র ঘ. কৃষ্ণ উ. গ
ব্যাখ্যা : সৌম্য (প্রশান্ত, ধীর, স্থির, মনোহর) শব্দের বিপরীত শব্দ হচ্ছে উগ্র (প্রচণ্ড, ঘোর, তীব্র, চড়া, রূঢ়, নিষ্ঠুর, কর্কশ)।

২৪. 'ডাক্তার' ডাক' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তৃকারকে ষষ্ঠী বিভক্তি খ. কর্ম কারকে শূন্য বিভক্তি
গ. করণ কারকে শূন্য বিভক্তি ঘ. কর্তৃকারকে শূন্য বিভক্তি
উ. খ
ব্যাখ্যা : ডাক্তার ডাক। এটি কর্মে শূন্য। ক্রিয়ার সঙ্গে কী বা কাকে যোগ করে প্রশ্ন করলে- ডাক্তার ডাকো (কাকে ডাকো?)। লিটন বই পড়ে (কী পড়ে-বই)।

২৫. 'মৌমাছি' কোন সমাস?
ক. কর্মধারয় সমাস খ. বহুব্রীহি সমাস
গ. দ্বিগু সমাস ঘ. অব্যয়ীভাব সমাস উ. ক
ব্যাখ্যা : মৌমাছি– মধ্যপদলোপী কর্মধারয় সমাস। এর ব্যাসবাক্য হচ্ছে– মৌ (মধু) আশ্রিত মাছি।

২৬. **Educating all people– a mammoth task.**
ক. are খ. is
গ. be ঘ. have উ. খ
ব্যাখ্যা : বাক্যের Subject এর Number ও Person অনুসারে Verb নির্ধারিত হয়। উক্ত বাক্যের Subject হচ্ছে 'Educating'. এটি 3rd person singular number। সুতরাং Verb হবে is।

২৭. **Man has no escape – death.**
ক. before খ. from
গ. by ঘ. in উ. খ

ব্যাখ্যা : Escape এর মুক্তি পাওয়া/এড়িয়ে যাওয়া। Escape এর পরে Preposition 'from' হয়। বাকিটির শূন্যস্থানে 'from' বসালে পুরো বাক্যটির অর্থ হয়- 'মৃত্যু থেকে পালিয়ে যাওয়ার মানুষের সুযোগ নেই'।

২৮. **Today the world is passing through – juncture.**
ক. minimum খ. a lot of
গ. limited ঘ. critical উ. ঘ

ব্যাখ্যা : সংকটময় মুহূর্ত বা কঠিন সন্ধিক্ষণ বোঝাতে Critical Juncture শব্দদ্বয় ব্যবহৃত হয়। অতএব, সঠিক উত্তর অপশন (ঘ)।

২৯. **The old man cannot help – a cup of tea.**
ক. take খ. drink
গ. to drink ঘ. having উ. ঘ

ব্যাখ্যা : Cannot help/Could not help এরপরে verb আসলে এর সাথে ing যুক্ত হয়।

৩০. **There is – milk in the bottle.**
ক. very few খ. any
গ. very little ঘ. many উ. গ

ব্যাখ্যা : 'Milk' একটি Uncountable noun. Uncountable noun এর পূর্বে little এবং Countable noun এর পূর্বে few বসে।

৩১. **কলমটি তার।**
ক. He belongs to the pen. খ. The pen is his.
গ. He is the owner of the pen.
ঘ. The pen is mine. উ. গ

ব্যাখ্যা : 'কলমটি তার বা সে কলমটির মালিক' এর ইংরেজি অনুবাদ হচ্ছে : 'He is the owner of the pen'।

৩২. **বিনয় মহত্বের ভূষণ।**
ক. Modesty are embellishment of greatness.
খ. Modesty is embellishment on greatness.
গ. Modesty is embellishment to greatness.
ঘ. Modesty is embellishment of greatness. উ. ঘ

ব্যাখ্যা : 'বিনয় মহত্বের ভূষণ' এর অনুবাদ- Modesty is embellishment of greatness. উক্ত বাক্যে Modesty অর্থ বিনয়; greatness অর্থ মহত্ব; embellishment অর্থ ভূষণ। উক্ত বাক্যের Subject হিসেবে ব্যবহৃত 'Modesty' third person singular number হওয়ায় verb হবে 'is'. বাক্যটিতে অর্থের সাথে সামঞ্জস্য preposition হবে of.

৩৩. **কেটলিতে পানি টগবগ করছে।**
ক. The water is simmering in the kettle.
খ. The water boiling in the kettle.
গ. The water is rising high in the kettle.
ঘ. The kettle is over flowing. উ. ক

ব্যাখ্যা : টগবগ করে সিদ্ধ হওয়া- বোঝাতে 'Simmer' verb টি ব্যবহৃত হয়। বাক্যটি দ্বারা Present continuous tense বোঝাচ্ছে, তাই verb এর শেষে ing যুক্ত হবে।

৩৪. **ট্রেনটি ঢাকা যাবে।**
ক. The train is going to Dhaka.
খ. The train is bound for Dhaka.
গ. The train is leaving for Dhaka.
ঘ. The train will go Dhaka. উ. খ

ব্যাখ্যা : 'কোনো যানবাহন কোথাও বা কোনো দিকে যেতে প্রস্তুত বা গমনরত'- এইরূপ বোঝাতে 'bound for' ব্যবহৃত হয়। অতএব সঠিক উত্তর (খ)।

৩৫. **The shirt is–.**
ক. after my taste খ. according to my taste
গ. before my taste ঘ. after one's taste উ. ক

ব্যাখ্যা : 'আমার পছন্দসই' বোঝাতে after my taste ব্যবহৃত হয়। অতএব, সঠিক উত্তর অপশন (ক)।

৩৬. **What is meaning of 'Prior to'–?**
ক. on খ. after
গ. before ঘ. beside উ. গ

ব্যাখ্যা : 'Prior to' অর্থ পূর্বে। আবার, before অর্থও পূর্বে। শব্দ দুটি পরস্পর সমার্থক। অন্যদিকে, after– পরে; beside– পাশে, on- চালু বা খোলা।

৩৭. **The suffering of the poor man–.**
ক. beyond description খ. beggars description
গ. out of description ঘ. beggar description
উ. খ

ব্যাখ্যা : 'beggar description' একটি phrase, যার অর্থ বর্ণনা করা যায় না; বর্ণনাতীত। উক্ত বাক্যটিতে 'beggars description' verb হিসেবে ব্যবহৃত হলে, অর্থ দাঁড়ায়- 'গরিব লোকটির দুর্দশা বর্ণনাতীত।'

৩৮. **I wish I had seen you before. (Exclamatory)**
ক. How! I seen you before.
খ. Had I seen you before!
গ. Oh! I seen you before.
ঘ. If I seen you before. উ. খ

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি Tense অনুযায়ী সঠিক উত্তর (খ)। কারণ প্রশ্নে প্রদত্ত বাক্যটি Unreal conditional বাক্য।

৩৯. **Besides going to the book fair, I bought a number of books, (Compound).**
ক. I not only went to the book fair but also bought a number of books.
খ. I went to the book fair and bought a number of books.
গ. Going to the book fair, I bought number of books
ঘ. I bought a number of books when went to the book fair. উ. খ

ব্যাখ্যা : Compound sentence সাধারণত and, or, but ইত্যাদি Conjunction দ্বারা যুক্ত থাকে এবং উভয় পাশে দুটি Principle clause থাকে।

৪০. **Do you find your payment too little (Passive)**
ক. Is your payment found too little to you?
খ. Are your payment found too little to you?
গ. Are your payment found too little by you?
ঘ. Is your payment found too little by you? উ. ক

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি Present Indefinite Tense এ রয়েছে। "your payment' 3rd person singular হওয়ায় Passive voice- এ বাক্যের verb হবে 'is' এবং too...to হিসেবে you এর পূর্বে 'to' বসবে।

৪১. **There is little milk in the glass (Interrogative)**
ক. Is there little milk in the glass?
খ. Isn't there little milk in the glass?
গ. Is there any milk in the glass?
ঘ. Isn't there any milk in the glass? উ. গ

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি একটি negative তথা নেতিবাচক বাক্য। কারণ আমরা জানি, 'little' শব্দটি Negative অর্থও প্রকাশ করে। তাই interrogative বাক্যটি affirmative বা 'অস্তিবাচক' হবে।

৪২. **I know him better than you. (Positive)**
ক. You do not know him as good as I.
খ. You do not know him as well as I.
গ. You do not know him as well as me
ঘ. You do not know him as good as me. উ. খ

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটির বাংলা অর্থ হল "তোমার চেয়ে আমি তাকে ভালোভাবে চিনি"। উক্ত বাক্যটির positive হবে, "আমি তাকে যত ভালো চিনি তুমি তত ভালো চিনো না।" অতএব সঠিক উত্তর হবে (খ)

৪৩. **I am sure he (pass) the examination.**
ক. will pass খ. passed
গ. will be passed ঘ. pass উ. ক

ব্যাখ্যা : Future Indefinite tense বোঝাতে 'will pass' হয়।

৪৪. **Walk carefully lest–.**
ক. you will fall. খ. you should stumble
গ. you would have fallen ঘ. you might lose the way
উ. খ

ব্যাখ্যা : 'Stumble' অর্থ হোঁচট খাওয়া'। আমরা জানি, lest এর verb আসলে should/might + verb এর base form হয়। সম্পূর্ণ বাক্যটির বাংলা অর্থ- 'সতর্কতার সাথে হাঁটো, নতুবা তুমি হোঁচট খাবে।'

৪৫. **People (talk) his courage even after his death.**
ক. talk of খ. talk
গ. will talk ঘ. talks of উ. ক

ব্যাখ্যা : 'People' একটি Plural noun, তাই verb -ও plural হয়। 'কারও বা কোনো কিছু সম্পর্কে কথা বলা' বোঝাতে Talk of ব্যবহৃত হয়। তাই সঠিক উত্তর (ক)

৪৬. **Three-fourths of the work– finished.**
ক. have been খ. is
গ. are ঘ. has been উ. খ

ব্যাখ্যা : আমরা জানি, ভগ্নাংশযুক্ত বাক্যের পরবর্তী subject অনুযায়ী verb হয়। 'work' শব্দটি singular হওয়ায় verb -ও singular হবে। সঠিক উত্তর (খ)।

৪৭. **We felt very tired. the word 'tired' used in the sentence is–.**
ক. adjective খ. noun
গ. verb ঘ. none উ. ক

ব্যাখ্যা : এ বাক্যে tired হলো adjective। অন্যদিকে, we = subject, felt = main verb, Very = adverb।

৪৮. **The verb of the word 'beautiful' is–**
ক. beauty খ. beautify
গ. beautification ঘ. beautifully উ. খ

ব্যাখ্যা : 'Beautiful' শব্দটি একটি Adjective এর অর্থ সুন্দর এবং verb হলো 'Beautify' (সৌন্দর্যমন্ডিত করা)। অন্যদিকে, Beauty (সৌন্দর্য)- Noun, Beautifully (সুন্দরভাবে)- Adverb।

৪৯. **The synonym of the word 'huge' is–**
ক. sanctified খ. tiny
গ. colossal ঘ. momentary উ. গ

ব্যাখ্যা : Huge অর্থ বিশাল। colossal– অর্থ বিশাল। এটি Huge এর সমার্থক। অন্যদিকে, tiny– ক্ষুদ্র বা ছোট, momentary– ক্ষণস্থায়ী; Sanctified– পবিত্র।

৫০. **The antonym of the word 'unique' is–**
ক. popular খ. common
গ. distinctive ঘ. deciduous উ. খ

ব্যাখ্যা : Unique অর্থ অসাধারণ/অতুলনীয়। Common অর্থ সাধারণ। এটি Unique এর বিপরীত। অন্যদিকে, Popular অর্থ জনপ্রিয়; deciduous অর্থ প্রতি বছর পাতা ঝরে যায় এমন/পর্ণমোচী; distinctive অর্থ স্বতন্ত্র।

৫১. **ছয়টি ক্রমিক পূর্ণসংখ্যার প্রথম তিনটির যোগফল ২৭ হলে, শেষ তিনটির যোগফল–**
ক. ৩৬ খ. ৩৩
গ. ৩২ ঘ. ৩০ উ. ক

ব্যাখ্যা : মনে করি,
ছয়টি ক্রমিক সংখ্যা = $x-২, x-১, x, x+১, x+২, x+৩$
প্রশ্নমতে, $x-২+x-১+x=২৭$
$\Rightarrow ৩x=৩০$
$\therefore x=১০$
$\therefore$ শেষ তিনটির যোগফল $= ৩x+৬$
$= ৩\times১০+৬=৩৬$

৫২. এক নটিক্যাল মাইল সমান =
ক. ১৬৫০.১৮ মিটার খ. ১৮৫৩.১৮ মিটার
গ. ১৯৫৩.১৮ মিটার ঘ. ১৭৫০.১৮ মিটার উ. খ

ব্যাখ্যা : আমরা জানি,
১ নটিক্যাল মাইল = ১.৮৫৩১৮ কিলোমিটার
১.৮৫৩১৮ কিলোমিটার = ১৮৫৩.১৮ মিটার (উত্তর)।

৫৩. দুইটি সংখ্যার ল. সা. গু. a এবং গ. সা. গু. b। একটি সংখ্যা c হলে অপর সংখ্যাটি কত?
ক. ab খ. bc
গ. $\frac{ab}{c}$ ঘ. $\frac{ac}{b}$ উ. গ

ব্যাখ্যা : অপর সংখ্যাটি = $\frac{\text{ল. সা. গু} \times \text{গ. সা. গু}}{\text{একটি সংখ্যা}} = \frac{ab}{c}$

৫৪. একটি লেবু ৪ টাকা কিনে ৫ টাকায় বিক্রি করলে লাভ–
ক. ২৫% খ. ২০%
গ. ১০% ঘ. ২৫% উ. ক

ব্যাখ্যা : ৪ টাকায় লাভ হয় ১ টাকা
∴ ১ " " " $\frac{১}{৪}$ "
∴ ১০০ " " " $\frac{১ \times ১০০}{৪}$ "
= ২৫ টাকা
∴ উত্তর ২৫%

৫৫. ১০০ টাকায় ৫ বছরে সুদে-আসলে ২০০ টাকা হলে, সুদের হার–
ক. ৫% খ. ১০%
গ. ২০% ঘ. ২৫% উ. গ

ব্যাখ্যা : ১০০ টাকায় ৫ বছরে সুদে-আসলে ২০০ টাকা হলে, সুদ = (২০০-১০০) টাকা = ১০০ টাকা
১০০ টাকার ৫ বছরের সুদ = ১০০ টাকা
১ টাকার ৫ বছরের সুদ = $\frac{১০০}{১০০}$ টাকা
১ টাকার ১ বছরের সুদ = $\frac{১০০}{১০০ \times ৫}$ টাকা
১০০ টাকার ১ বছরের সুদ = $\frac{১০০ \times ১০০}{১০০ \times ৫}$ টাকা
= ২০% (উত্তর)

শর্টকাট: সুদের হার = $\frac{১০০ \times ১০০}{১০০ \times ৫}$ = ২০% (উত্তর)

৫৬. নিচের কোন ভগ্নাংশটি $\frac{২}{৩}$ থেকে ছোট?
ক. $\frac{৭}{৮}$ খ. $\frac{৫}{৬}$
গ. $\frac{৩}{৪}$ ঘ. $\frac{৩}{৫}$ উ. ঘ

ব্যাখ্যা : $\frac{২}{৩}$ = ০.৬৭;
$\frac{৭}{৩}$ = ০.৮৮; $\frac{৫}{৬}$ = ০.৮৩; $\frac{৩}{৪}$ = ০.৭৫ এবং $\frac{৩}{৫}$ = ০.৬।
∴ $\frac{৩}{৫}$ (উত্তর)

৫৭. ১৫ জন লোক একটি কাজ ২০ দিনে করলে, ঐ কাজটি ১ দিনে করতে লোক লাগবে–
ক. ১০০ জন খ. ১৫০ জন
গ. ২০০ জন ঘ. ৩০০ জন উ. ঘ

ব্যাখ্যা : ২০ দিনে কাজটি করে ১৫ জন লোক
∴ ১ " " " (২০ × ১৫) জন লোক
= ৩০০ জন লোক।

৫৮. ৩ বছর পূর্বে মা ও মেয়ের বয়স যথাক্রমে ২৭ ও ২ বছর ছিল। ৫ বছর পর তাদের বয়সের অনুপাত কত?
ক. ৩ ঃ ২ খ. ৭ ঃ ২
গ. ২৭ ঃ ২ ঘ. ২৭ ঃ ৫ উ. খ

ব্যাখ্যা : ৩ বছর পূর্বে মা ও মেয়ের বয়স যথাক্রমে ২৭ ও ২ বছর হলে,
বর্তমানে মায়ের বয়স (২৭ + ৩) বা ৩০ বছর
বর্তমানে মেয়ের বয়স (২ + ৩) বা ৫ বছর।
∴ ৫ বছর পর তাদের বয়সের অনুপাত (৩০ + ৫) ঃ (৫ + ৫)
= ৩৫ ঃ ১০
= ৭ ঃ ২ (উত্তর)

৫৯. একটি সংখ্যার ৫ গুণের সাথে তার বর্গ বিয়োগ করলে এবং ৬ বিয়োগ করলে যোগফল শূন্য। সংখ্যাটি কত?
ক. ১ অথবা ২ খ. ৩ অথবা ৪
গ. ২ অথবা ৩ ঘ. ৩ অথবা ৪ উ. গ

ব্যাখ্যা : মনে করি, সংখ্যাটি $৫x - x^2 - ৬ = ০$
বা, $-(x^2 - ৫x + ৬) = ০$
বা, $x^2 - ৩x - ২x + ৬$
বা, $x(x - ৩) - (x - ৩) = ০$
বা, $(x - ৩)(x - ২) = ০$
∴ $x = ২$, অথবা $x = ৩$

৬০. প্রথম দশটি স্বাভাবিক সংখ্যার গড়–
ক. ৫ খ. ৫.৫০
গ. ১০ ঘ. ৫৫.৫০ উ. খ

ব্যাখ্যা : প্রথম দশটি স্বাভাবিক সংখ্যা = ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ও ১০।
তাহলে প্রথম দশটি স্বাভাবিক সংখ্যার গড়
$= \frac{১ + ২ + ৩ + ৪ + ৫ + ৬ + ৭ + ৮ + ৯ + ১০}{১০}$
$= \frac{৫৫}{১০}$
= ৫.৫০ (উত্তর)

৬১. $a : b = 4 : 5$ এবং $b : c = 6 : 7$ হলে $a : b : c = ?$

ক. $20 : 35 : 42$ খ. $24 : 30 : 35$

গ. $35 : 30 : 24$ ঘ. $42 : 35 : 20$ উ. খ

ব্যাখ্যা : $a : b = 4 : 5 = (4 \times 6) : (5 \times 6) = 24 : 30$

$b : c = 6 : 7$

$= (6 \times 5) : (7 \times 5)$

$= 30 : 35$

$\therefore a : b : c$

$= 24 : 30 : 35$

৬২. $\log_{2\sqrt{5}} 20$ এর মান–

ক. 2 খ. $\sqrt{5}$

গ. 3 ঘ. 4 উ. ক

ব্যাখ্যা : $\log_{2\sqrt{5}} 20$

$= \log_{2\sqrt{5}} (2\sqrt{5})^2$

$= 2\log_{2\sqrt{5}} 2\sqrt{5}$

$= 2 \times 1$

$= 1$ (Ans)

৬৩. $\frac{a-b}{ab} + \frac{b-c}{bc} + \frac{c-a}{ca}$ এর মান–

ক. 2 খ. 1

গ. 0 ঘ. –1 উ. গ

ব্যাখ্যা : $\frac{a-b}{ab} + \frac{b-c}{bc} + \frac{c-a}{ca}$

$= \frac{ac - bc + ab - ac + bc - ab}{abc}$

$= \frac{0}{abc}$

$= 0$ (Ans)

৬৪. $8^{2+3} = 2^{3x+6}$ হলে x এর মান কত?

ক. –3 খ. –1

গ. 0 ঘ. 4 উ. খ

ব্যাখ্যা : $8^{2x+2} = 2^{3x+6}$

$\Rightarrow (2^3)^{2x+3} = 2^{3x+6}$

$\Rightarrow 2^{6x+9} = 2^{3x+6}$

$\Rightarrow 6x + 9 = 3x + 6$

$\Rightarrow 6x - 3x = 6 - 9$

$\Rightarrow 3x = -3$

$\therefore x = -1$

৬৫. $x - \frac{1}{x} = 3$ হলে, $\frac{x^4+1}{x^2}$ এর মান–

ক. 11 খ. 10

গ. 9 ঘ. 7 উ. ক

ব্যাখ্যা : দেওয়া আছে, $x - \frac{1}{x} = 3$

এখন, $\frac{x^4+1}{x^2}$

$= \frac{x^4}{x^2} + \frac{1}{x^2}$

$= x^2 + \frac{1}{x^2}$

$= \left(x - \frac{1}{x}\right) + 2.x.\frac{1}{x}$

$= (3)^2 + 2$ [মান বসিয়ে]

$= 9 + 2 = 11.$

৬৬. $x > y$ এবং $z < 0$ হলে, নিচের কোনটি সঠিক?

ক. $xz > yz$ খ. $\frac{x}{z} > \frac{y}{z}$

গ. $\frac{z}{x} < \frac{z}{y}$ ঘ. $zx < yz$ উ. ঘ

ব্যাখ্যা : $x > y$ এবং $z < 0$ অর্থাৎ z ঋণাত্মক সংখ্যা।

আমরা জানি, অসমতাকে ঋণাত্মক সংখ্যা দ্বারা গুণ করা হলে তার চিহ্ন উল্টে যায়।

$\therefore xz < yz$ হবে সঠিক উত্তর।

৬৭. $a = 2b = 3c$ এবং $abc = 36$ হলে, c এর মান–

ক. $\sqrt{2}$ খ. $2\sqrt{2}$

গ. $\sqrt[3]{2}$ ঘ. 2 উ. ঘ

ব্যাখ্যা : দেওয়া আছে, $a = 2b = 3c$

তাহলে, $a = 3c$ এবং $b = \frac{3}{2}c$

$\Rightarrow 3c \times \frac{3}{2}c \times c = 36$

$\Rightarrow 9c^3 = 72$

$\Rightarrow c^3 = 8$

$\Rightarrow c^3 = 2^3$

$\therefore c = 2$ (Ans)

৬৮. $3x^3 + 2x^2 - 21x - 20$ রাশিটির একটি উৎপাদক–

ক. $x + 2$ খ. $x - 2$

গ. $x + 1$ ঘ. $x - 1$ উ. গ

ব্যাখ্যা : মনে করি, $f(x) = 3x^3 + 2x^2 - 21x - 20$

$x = -1$ হলে $f(x) = 0$ হয়

অতএব, $(x + 1)$, প্রদত্ত রাশিটির একটি উৎপাদক হবে।

৬৯. $x + y = 3, x - y = 1$ হলে, $4xy$ এর মান–

ক. 4 খ. 2

গ. –8 ঘ. 8 উ. ঘ

ব্যাখ্যা : আমরা জানি, $4xy = (x + y)^2 - (x - y)^2$

$= (3)^2 - (1)^2$ [মান বসিয়ে]

$= 9 - 1 = 8$

৭০. সমকোণী ত্রিভুজের অপর কোণদ্বয়–

ক. 55°, 35° খ. 36°,45°

গ. 45°,55° ঘ. 55°,60° উ. ক

ব্যাখ্যা : আমরা জানি, সমকোণী ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি = 180°। সমকোণী ত্রিভুজের একটি কোণ অবশ্যই 90° হবে। অতএব, সমকোণী ত্রিভুজের একটি কোণ = 90° হলে, অপর কোণদ্বয়ের সমষ্টি = 90° হবে।

এখানে, 55° + 35° = 90°

∴ অপর কোণদ্বয় 55°, 35° (উত্তর)

৭১. একটি ত্রিভুজের কোণগুলোর অনুপাত 2 ঃ 3 ঃ 5। এর বৃহত্তম কোণটি–

ক. 18° খ. 36°

গ. 54° ঘ. 90° উ. ঘ

ব্যাখ্যা : মনে করি, কোণগুলো 2x, 3x এবং 5x

আমরা জানি, যেকোনো ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি = 180°।

∴ 2x + 3x + 5x = 180°

⇒ 10x = 180°

∴ x = 18°

∴ বৃহত্তম কোণটি = 5 × 18°

= 90°

৭২. ABCD সামান্তরিকের AB = 12 সেমি এবং D বিন্দু থেকে AB এর লম্ব-দূরত্ব 6 সেমি সামান্তরিকের ক্ষেত্রফল–

ক. 18 বর্গ সেমি খ. 36 বর্গ সেমি

গ. 72 বর্গ সেমি ঘ. 144 বর্গ সেমি উ. গ



ব্যাখ্যা : আমরা জানি,

সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা বর্গ একক

= 12 × 6 বর্গ সেমি

= 72 বর্গ সেমি

৭৩. সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য $2\sqrt{3}$ একক হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল–

ক. $\frac{3\sqrt{3}}{4}$ বর্গ একক খ. $3\sqrt{3}$ বর্গ একক

গ. 9 বর্গ একক ঘ. 3 বর্গ একক উ. খ

ব্যাখ্যা : আমরা জানি, সমবাহু ত্রিভুজটির ক্ষেত্রফল = $\frac{\sqrt{3}}{4}a^2$ বর্গ একক

$= \frac{\sqrt{3}}{4}(2\sqrt{3})^2$ বর্গ একক

$= \frac{\sqrt{3}}{4} \times 4 \times 3$ বর্গ একক

$= 3\sqrt{3}$ বর্গ একক।

৭৪. বৃত্তের ব্যাস ৩ গুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল বৃদ্ধি পাবে–

ক. 4 খ. 9

গ. 12 ঘ. 16 উ. খ

ব্যাখ্যা : বৃত্তের ব্যাস ৩ গুণ বৃদ্ধি করলে বৃত্তের ক্ষেত্রফল 9 গুণ বৃদ্ধি পাবে।

৭৫. ত্রিভুজের তিনটি বাহুকে চক্রাকারে বর্ধিত করলে উৎপন্ন বহিস্থ কোণ তিনটির যোগফল–

ক. 180° খ. 150°

গ. 270° ঘ. 360° উ. ঘ

ব্যাখ্যা :



A + B + C = 180° – P + 180 – Q 180° – R

= P × 180 – (P + Q + R)

= 3 × 180 – 180°

= 360°

৭৬. বাংলাদেশের সাথে কয়টি দেশের সীমান্ত রয়েছে?

ক. ২টি খ. ৩টি

গ. ৪টি ঘ. একটিও নয় উ. ক

ব্যাখ্যা : বাংলাদেশের সাথে দুটি দেশের। বাংলাদেশের সীমান্তবর্তী দেশ দুটি হলো- ভারত ও মিয়ানমার। ভারতের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা ৩০টি এবং সীমান্ত দৈর্ঘ্য ৪১৫৬ কি.মি.। মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা ৩টি এবং সীমান্ত দৈর্ঘ্য ২৭১ কি.মি.। দেশ দুটির সাথে বাংলাদেশের মোট স্থল সীমান্ত (৪১৫৬ + ২৭১) = ৪৪২৭ কি.মি.।

৭৭. গারো পাহাড় কোন জেলায় অবস্থিত?

ক. চট্টগ্রাম খ. ময়মনসিংহ

গ. সিলেট ঘ. কক্সবাজার উ. খ

ব্যাখ্যা : বাংলাদেশের সবচেয়ে উঁচু ও বৃহত্তম পাহাড় হচ্ছে 'গারো পাহাড়'। বাংলাদেশের ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর ও জামালপুর (ময়মনসিংহ বিভাগের সবগুলো জেলা) এবং ভারতের আসাম্য রাজ্য জুড়ে গারো পাহাড়ের অবস্থান। এ পাহাড়ের পাদদেশেই গারো উপজাতিদের বাস।

৭৮. বাংলাদেশের নদী গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?

ক. ঢাকা খ. চট্টগ্রাম

গ. ফরিদপুর ঘ. বরিশাল উ. গ

ব্যাখ্যা : পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন একটি জাতীয় সংস্থা নদী গবেষণা ইনস্টিটিউট (RRI)। এটি ফরিদপুরে অবস্থিত এবং প্রতিষ্ঠিত হয় ১৯৭৮ সালে। এর প্রধানের পদবি মহাপরিচালক।

৭৯. বাংলাদেশের রুটির ঝুড়ি বলা হয় কোন জেলাকে?
ক. নাটোর খ. নওগাঁ
গ. দিনাজপুর ঘ. ঠাকুরগাঁও উ. গ
ব্যাখ্যা : বাংলাদেশের রুটির ঝুড়ি বলা হয় দিনাজপুর জেলাকে। ইউরোপের রুটির ঝুড়ি বলা হয়- ইউক্রেনকে এবং বিশ্বের রুটির ঝুড়ি হচ্ছে উত্তর আমেরিকার প্রেইরি অঞ্চল। প্রেইরি অঞ্চল যুক্তরাষ্ট্র ও কানাডায় অবস্থিত।

৮০. বাংলাদেশ কমনওয়েলথ এর কততম সদস্য রাষ্ট্র?
ক. ৩৬তম খ. ৪০তম
গ. ৩৮তম ঘ. ৪২তম উ. *
ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। কমনওয়েলথ এর অফিসিয়াল ওয়েবসাইট www.thecommonwealth.org অনুযায়ী, বাংলাদেশ ৩৪তম দেশ হিসেবে কমনওয়েলথ এর সদস্য পদ লাভ করে ১৮ এপ্রিল, ১৯৭২। আন্তর্জাতিক সংস্থাগুলোর মধ্যে বাংলাদেশ সর্বপ্রথম কমনওয়েলথ এর সদস্যপদ লাভ করে। তবে, বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্য।

৮১. বাংলাদেশের কোন মসজিদকে ইউনেস্কো বিশ্ব ঐতিহ্য স্থান ঘোষণা করেছে?
ক. কুসুম্বা মসজিদ খ. ষাটগম্বুজ মসজিদ
গ. আতিয়া জামে মসজিদ ঘ. ছোট সোনা মসজিদ উ. খ
ব্যাখ্যা : বাংলাদেশে UNESCO ঘোষিত ৩টি বিশ্ব ঐতিহ্য স্থান (World Heritage Site) রয়েছে ঃ সুন্দরবন (১৯৯৭ সালে, ৭৯৮তম), পাহাড়পুরের বৌদ্ধ বিহার (১৯৮৫ সালে, ৩২২তম) এবং ষাট গম্বুজ মসজিদ (১৯৮৫ সালে, ৩২১তম)। ষাট গম্বুজ মসজিদ বাংলাদেশে মধ্যযুগ নির্মিত/প্রাক মুঘল আমলে নির্মিত সবচেয়ে বড় মসজিদ। এর গম্বুজ সংখ্যা ৮১।

৮২. সুইফট কোডের সংখ্যা কত?
ক. ৬ খ. ৮
গ. ১০ ঘ. ১২ উ. খ
ব্যাখ্যা : SWIFT হচ্ছে Society for Worldwide Interbank Financial Telecommunication। ১৯৭৩ সালে SWIFT প্রতিষ্ঠিত হয়। এর কোড ৮টি।

৮৩. HTML এর পূর্ণরূপ কী?
ক. High Time Made up Language
খ. Hyper Test Multi Language
গ. Hyper Text Markup Language
ঘ. High Teller Maximum Language উ. গ
ব্যাখ্যা : HTML এর পূর্ণরূপ হচ্ছে Hyper Text Markup Language। ওয়েবপেইজ নির্মাণ ও ডিজাইন করতে এটি ব্যবহৃত হয়।

৮৪. বাংলা নববর্ষ পহেলা বৈশাখ চালু করেন কে?
ক. সম্রাট আকবর খ. আবুল ফজল
গ. ড. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর উ. ক
ব্যাখ্যা : বাংলা নববর্ষ 'পহেলা বৈশাখ' তথা বাংলা সনের প্রবর্তন করেন মোঘল সম্রাট আকবর ১৫৮৪ সালে। তবে বাংলা সন কার্যকর হিসেবে ধরা হয় মোঘল সম্রাট আকবরের সিংহাসনারোহনের বছর ১৫৫৬ সাল থেকে।

৮৫. কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে?
ক. মাইনুল হোসেন খ. হামিদুর রহমান
গ. হামিদুজ্জামান খান ঘ. শামীম শিকদার উ. খ
ব্যাখ্যা : ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গনে অবস্থিত দেশের কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি হামিদুর রহমান এবং ঢাকা সাভারে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধের স্থপতি- সৈয়দ মাইনুল হোসেন।

৮৬. মালয়েশিয়ার মুদ্রার নাম কী?
ক. রিংগিট খ. রুবল
গ. পেসো ঘ. সোম উ. ক
ব্যাখ্যা : মালয়েশিয়ার মুদ্রার নাম রিংগিট (Ringgit)। রাশিয়া ও বেলারুশে মুদ্রা রুবল (Ruble)। সোম (Som) হচ্ছে কিরগিজস্তান ও উজবেকিস্তানের মুদ্রা। পেসো (Peso) আর্জেন্টিনা, চিলি, কিউবা, কলম্বিয়া, উরুগুয়ে, মেক্সিকো, ফিলিপাইন প্রভৃতি দেশের মুদ্রা।

৮৭. হিউম্যান প্যাপিলোমা কি?
ক. ছত্রাক খ. ব্যাক্টেরিয়া
গ. ভাইরাস ঘ. অণুজীব উ. গ
ব্যাখ্যা : হিউম্যান প্যাপিলোমা এক ধরনে যৌন ভাইরাস। একে সংক্ষেপে বলা হয় HPV। HPV এর প্রধান লক্ষণ হচ্ছে দেহে একরকম আঁচিল, গুটি বা ফুসকুড়ি দেখা দেয় যা যৌনাঙ্গ থেকে শুরু করে মুখে, হাতে-পায়ে হতে পারে। এ ভাইরাস খুবই ছোঁয়াছে। এ ভাইরাস ক্যান্সার এর অন্যতম কারণ।

৮৮. নিরাপদ মাতৃত্ব দিবস কবে?
ক. ২৪ মে খ. ২৬ মে
গ. ২৮ মে ঘ. ৩০ মে উ. গ
ব্যাখ্যা : ২৮ মে নিরাপদ মাতৃত্ব দিবস। ১ মে শ্রমিক দিবস, ২৯ মে জাতিসংঘ শান্তিরক্ষী দিবস, ৩১ মে বিশ্ব তামাকমুক্ত দিবস।

৮৯. ইনসুলিন কে আবিষ্কার করেন?
ক. ফ্রেডেরিক হপকিন্স খ. আলেকজান্ডার ফ্লেমিং
গ. গেরহার্ড ডোমাক ঘ. অ্যাড ওয়ার্ড জেনার উ. *
ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। ইনসুলিন এক ধরনের হরমোন। এটি প্যানক্রিয়াস বা অগ্ন্যাশয় থেকে নির্গত হয়। ১৯২১ সালে ইনসুলিন আবিষ্কার কানাডীয় চিকিৎসা বিজ্ঞানী ফ্রেডরিক বেন্টিং এবং তার সহকারী চার্লস এইচ বেস্ট। ১৯২২ সালে ইনসুলিনের ব্যবহার শুরু হয়। এ আবিষ্কারের জন্য ডা. ফ্রেডরিক বেন্টিং ১৯২৩ সালে নোবেল পুরস্কার পান।

৯০. টেস্ট ক্রিকেটে দ্রুততম সেঞ্চুরি করেন কে?
ক. ব্রেন্ডন ম্যাককালাম খ. ভিভ রিচার্ডাস
গ. এবিডি ভিলিয়ার্স ঘ. ব্রায়ান লারা উ. ক

ব্যাখ্যা : টেস্ট ক্রিকেটে দ্রুততম সেঞ্চুরি করেন নিউজিল্যান্ডের ব্রেন্ডন ম্যাককালাম। তিনি মাত্র ৫৪ বলে সেঞ্চুরি করেন (২০১৬ সালে)। ওয়ানডে ক্রিকেটে দ্রুততম (মাত্র ৩১ বলে) সেঞ্চুরি ও দ্রুততম সার্ধশত রান করেন দক্ষিণ আফ্রিকার এবি ডি ভিলিয়ার্স। ওয়েস্ট ইন্ডিজের ব্রায়ান লারা টেস্টে এক ইনিংসে সর্বোচ্চ রান (৪০০) সংগ্রাহক।

৯১. মহাকর্ষীয় তরঙ্গ আবিষ্কারক দীপংকর তালুকদারের নিজ জেলা কোনটি?

ক. বরিশাল খ. বরগুনা
গ. ঝালকাঠি ঘ. পটুয়াখালী **উ. খ**

ব্যাখ্যা : বিজ্ঞানী আলবার্ট আইনস্টাইন ১০০ বছর আগে মহাকর্ষীয় তরঙ্গ থাকার সম্ভাবনার কথা বলেছিলেন। আর ১০০ বছর পর ২০১৬ সালে মহাকর্ষীয় তরঙ্গ আবিষ্কৃত হয়। আবিষ্কারক দলে আছেন দুই বাংলাদেশি- পাবনার কৃতি সন্তান অধ্যাপক সেলিম শাহরিয়ার এবং বরগুনার কৃতি সন্তান পদার্থ বিজ্ঞানী ড. দীপঙ্কর তালুকদার।

৯২. বিশ্বের সর্বাধিক ব্যবহৃত ভাষার মধ্যে বাংলার অবস্থান কততম?

ক. ৪র্থ খ. ৫ম
গ. ৬ষ্ঠ ঘ. ৭ম **উ. ঘ**

ব্যাখ্যা : ইথনোলগ এর 'বিশ্ব ভাষাচিত্র -২০২৩ এর প্রতিবেদন অনুযায়ী- বিশ্বে সর্বাধিক ব্যবহৃত ভাষা ইংরেজি। আর বিশ্বের সর্বাধিক ব্যবহৃত ভাষার মধ্যে বাংলার অবস্থান ৭ম। আর মাতৃভাষার সংখ্যা অনুসারে বিশ্বে সর্বাধিক ব্যবহৃত ভাষা মান্দারিন বা চৈনিক ভাষা। মাতৃভাষার সংখ্যা অনুসারে বাংলা ভাষার অবস্থান ৫ম।

৯৩. কোন জেলাকে শস্যভাণ্ডার বলা হয়?

ক. রংপুর খ. বরিশাল
গ. যশোর ঘ. ময়মনসিংহ **উ. খ**

ব্যাখ্যা : বরিশাল জেলাকে বলা হয় বাংলার শস্যভাণ্ডার। একে 'বাংলার ভেনিস'-ও বলা হয়। কীর্তনখোলা নদীর তীরে অবস্থিত বরিশালের পূর্বনাম 'চন্দ্রদ্বীপ'। ধান উৎপাদনে শীর্ষ জেলা ময়মনসিংহ।

৯৪. ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয় কত সালের কত তারিখে?

ক. ১৭ নভেম্বর ১৯৯৯ খ. ১৮ নভেম্বর ১৯৯৯
গ. ১৯ নভেম্বর ১৯৯৯ ঘ. ২০ নভেম্বর ১৯৯৯ **উ. ক**

ব্যাখ্যা : জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা UNESCO ফেব্রুয়ারিকে International Mother Language Day হিসেবে ঘোষণা করে। ২০০০ সালের ২১ ফেব্রুয়ারি বিশ্বের ১৮৮ টি দেশে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়।

৯৫. কিসের অভাবে গলগণ্ড রোগ হয়?

ক. আমিষ খ. শর্করা
গ. আয়োডিন ঘ. ভিটামিন **উ. গ**

ব্যাখ্যা : সামুদ্রিক মাছ এবং সামুদ্রিক উদ্ভিদে আয়োডিন থাকে। থাইরয়েড হরমোন তৈরিতে আয়োডিন প্রয়োজন। আয়োডিনের অভাবে গলগণ্ড বা ঘ্যাগ বা গয়টার রোগ হয়। আমিষের অভাবে শিশুদের মেরাসমাস ও কোয়াশিয়রকর রোগ হয়। ভিটামিন A এর অভাবে রাতকানা, C এর অভাবে স্কার্ভি ও D-এর অভাবে রিকেটস রোগ হয়।

৯৬. লাল গ্রহ কাকে বলা হয়?

ক. মঙ্গল গ্রহ খ. বুধ গ্রহ
গ. বৃহস্পতি গ্রহ ঘ. শনি গ্রহ **উ. ক**

ব্যাখ্যা : সৌরজগতে ৮টি গ্রহ আছে (পূর্বে ছিল ৯টি)। এগুলোর মধ্যে ৪র্থ গ্রহ হচ্ছে মঙ্গল (Mars)। পৃথিবী থেকে এ গ্রহটিকে দেখতে লালচে দেখায়। তাই একে বলা হয় 'লাল গ্রহ'। সবুজ গ্রহ হচ্ছে ইউরেনাস। গ্রহরাজ হচ্ছে বৃহস্পতি।

৯৭. এপিকালচার কী?

ক. পাখি পালন বিদ্যা খ. মৌমাছি পালন বিদ্যা
গ. মৎস্য পালন বিদ্যা ঘ. গুটি পোকা চাষবিদ্যা **উ. খ**

ব্যাখ্যা : এপিকালচার (Apiculture) হচ্ছে মৌমাছি পালন বিদ্যা। সেরিকালচার (Sericulture) রেশম বা গুটি পোকার চাষ বিদ্যা, পিসিকালচার (Pisciculture) হচ্ছে মৎস চাষ বিদ্যা। আর পাখি পালন বিদ্যাকে বলা হয় এভিকালচার (Aviculture)। হর্টিকালচার (Horticulture) হচ্ছে উদ্যান পালন বিদ্যা।

৯৮. সিসমোগ্রাফ কী?

ক. রক্তচাপ মাপক যন্ত্র খ. ভূমিকম্প মাপক যন্ত্র
গ. সমুদ্রের গভীরতা মাপক যন্ত্র ঘ. বৃষ্টি মাপক যন্ত্র **উ. খ**

ব্যাখ্যা : সিসমোগ্রাফ হচ্ছে ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র। ভূমিকম্পের তীব্রতা মাপক যন্ত্র রিখটার স্কেল। রক্তচাপ মাপক যন্ত্র স্ফিগমোম্যানোমিটার, সমুদ্রের গভীরতা মাপক যন্ত্র ফ্যাদোমিটার আর বৃষ্টি মাপক যন্ত্র রেইনগেজ।

৯৯. বাংলাদেশকে স্বীকৃতিদানকারী দ্বিতীয় দেশ কোনটি?

ক. ভারত খ. ভুটান
গ. মালয়েশিয়া ঘ. সেনেগাল **উ. ক**

ব্যাখ্যা : বাংলাদেশকে স্বীকৃতিদানকারী দ্বিতীয় দেশ- ভারত এবং প্রথম দেশ ভুটান। দুটি দেশই বাংলাদেশকে স্বীকৃতি দেয় ৬ ডিসেম্বর ১৯৭১ (ভারতের কয়েক ঘণ্টা আগে ভুটান স্বীকৃতি দেয়)। সোনেগাল বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আফ্রিকান দেশ/মুসলিম দেশ/অ-আরব মুসলিম দেশ। স্বীকৃতি দানকারী প্রথম আরব মুসলিম দেশ- ইরাক। বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম এশীয় মুসলিম দেশ মালয়েশিয়া।

১০০. 'আরেক ফাল্গুন' গ্রন্থটির রচয়িতা কে?

ক. জহির রায়হান খ. শওকত ওসমান
গ. সৈয়দ শামসুল হক ঘ. সেলিনা হোসেন **উ. ক**

ব্যাখ্যা : জহির রায়হানের 'আরেক ফাল্গুন' (১৯৬৮) হচ্ছে ভাষা আন্দোলনভিত্তিক প্রথম উপন্যাস। তার অন্যান্য উপন্যাসের মধ্যে রয়েছে- হাজার বছর ধরে, বরফগলা নদী, তৃষ্ণা, শেষ বিকেলের মেয়ে, আর কতদিন ইত্যাদি। Stop Genocide, A State is Born, Let There be Light প্রামাণ্যচিত্রগুলোর নির্মাতাও তিনি।

১২তম স্কুল/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৫

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ৩০০; পরীক্ষার তারিখ : ১২.০৬.২০১৫

দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কর্তন হবে।]

১. **সাধু ও চলিত রীতি বাংলা ভাষার কোন রূপে বিদ্যমান?**
ক. আঞ্চলিক খ. উপভাষা
গ. লেখা ঘ. কথ্য **উ. গ**

ব্যাখ্যা : সাধু ও চলিত রীতি বাংলা ভাষার লৈখিক/লেখ্য/লেখা রূপে বিদ্যমান।

২. **ভাষার মৌলিক অংশ কয়টি?**
ক. তিনটি খ. চারটি
গ. পাঁচটি ঘ. ছয়টি **উ. খ**

ব্যাখ্যা : যেকোনো ভাষার মৌলিক অংশ ৪টি। যথা– ধ্বনি, শব্দ, বাক্য ও অর্থ।

৩. **একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোন চিহ্ন ব্যবহার করতে হবে?**
ক. হাইফেন খ. ড্যাস
গ. কোলন ড্যাস ঘ. কোলন **উ. ঘ**

ব্যাখ্যা : একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোলন (:) চিহ্ন ব্যবহার করতে হবে। যেমন : সভায় সাব্যস্ত হলো : একমাস পরে নতুন সভাপতির নির্বাচন অনুষ্ঠিত হবে।

৪. **কোন বাগধারাটি স্বতন্ত্র অর্থ প্রকাশ করে?**
ক. তুলসী বনের বাঘ খ. বিড়াল তপস্বী
গ. ভিজা বিড়াল ঘ. বকধার্মিক **উ. গ**

ব্যাখ্যা : ভিজা বিড়াল (কপটচারী) বাগধারাটি স্বতন্ত্র অর্থ প্রকাশ করে। তুলসী বনের বঘে, বিড়াল তপস্বী ও বকধার্মিক বাগধারাগুলো 'ভণ্ড' অর্থে ব্যবহৃত হয়।

৫. **'চক্ষুদান করা' বাগধারার অর্থ কী?**
ক. চুরি করা খ. সেবা করা
গ. অপরাধ করা ঘ. নষ্ট করা **উ. ক**

ব্যাখ্যা : 'চক্ষু দান করা' বাগধারার অর্থ চুরি করা। আরো দুটি বাগধারা হচ্ছে– চোখের বালি-চক্ষুশূল, চোখের পর্দা-লজ্জা।

৬. **নিচের কোন বানানটি শুদ্ধ?**
ক. অত্যাধিক খ. অদ্যাপি
গ. আদ্যাক্ষার ঘ. আবিস্কার **উ. খ**

ব্যাখ্যা : 'অদ্যাপি' বানানটি শুদ্ধ। অন্যদিকে, অত্যাধিক, আদ্যাক্ষার ও আবিস্কার বানানগুলোর শুদ্ধরূপ যথাক্রমে অত্যধিক, আদ্যাক্ষর ও আবিষ্কার।

৭. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?**
ক. কেবলমাত্র তুমি যাবে খ. এতে আশ্চার্য হলাম
গ. বিবিধ জিনিস কিনলাম ঘ. এ সংবাদে সন্তোষ হলাম **উ. গ**

ব্যাখ্যা : 'বিবিধ জিনিস কিনলাম' বাক্যটি শুদ্ধ। অন্যান্য বাক্যগুলোর শুদ্ধরূপ হচ্ছে– (ক) কেবল তুমি যাবে। (খ) এতে আশ্চর্যান্বিত হলাম। (ঘ) এ সংবাদে সন্তুষ্ট হলাম।

৮. **অনুবাদে পারদর্শিতা মূলত কীসের ওপর নির্ভরশীল?**
ক. অভ্যাসের খ. পড়াশুনার
গ. ভাষান্তরের ঘ. নির্ধারণের **উ. গ**

ব্যাখ্যা : অনুবাদে পারদর্শিতা মূলত ভাষান্তর অর্থাৎ এক ভাষাকে অন্য ভাষায় রূপান্তরের দক্ষতার উপর নির্ভরশীল।

৯. **'He is out of luck'-এর অর্থ কী?**
ক. সে ভাগ্য হারিয়েছে খ. সে ভাগ্যহারা
গ. তার পোড়া কপাল ঘ. সে ভাগ্যের বাইরে **উ. গ**

ব্যাখ্যা : 'He is out of luck'- এর অর্থ তার পোড়া কপাল। এটি একটি প্রবাদ বাক্য।

১০. **'বনস্পতি' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. বনঃ + পতি খ. বন্ + পতি
গ. বনস + পতি ঘ. বন + স্পতি **উ. খ**

ব্যাখ্যা : 'বনস্পতি' শব্দটি নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধি সাধিত শব্দ। এর সন্ধি বিচ্ছেদ– বন্ + পতি। এরকম আরো কয়েকটি নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধির উদাহরণ হচ্ছে– আশ্চর্য, গোষ্পদ, বৃহস্পতি, তস্কর ইত্যাদি।

১১. **কোনটি স্বরসন্ধির উদাহরণ?**
ক. হিমালয় খ. অহরহ
গ. সংসার ঘ. বনস্পতি **উ. ক**

ব্যাখ্যা : 'হিমালয়' স্বরসন্ধির উদাহরণ। স্বরধ্বনির সাথে স্বরধ্বনির মিলনে যে সন্ধি হয় তাকে স্বরসন্ধি বলে। যেমন : হিম + আলয়, বিদ্যা + আলয় = বিদ্যালয়, নব + অন্ন = নবান্ন, দেব + আলয় = দেবালয় ইত্যাদি। বাকি অপশনগুলো : অহঃ + অহ = অহরহ, সম্ + সার = সংসার, বন্ + পতি = বনস্পতি।

১২. **'আকাশে চাঁদ উঠেছে'। এখানে 'আকাশে' কোন প্রকারের অধিকরণ?**
ক. ভাবাধিকরণ খ. ঐকদেশিক অধিকরণ
গ. কালাধিকরণ ঘ. বৈষয়িক **উ. খ**

ব্যাখ্যা : 'আকাশে চাঁদ উঠেছে'- এখানে আকাশে ঐকদেশিক অধিকরণ কারক। কারণ বিশাল স্থানের যেকোন অংশে ক্রিয়া সংঘটিত হলে তাকে ঐকদেশিক অধিকারণ কারক বলে।

১৩. **'ক্লিনিকে জনে জনে'– এখানে 'জনে জনে' কোন কারকে কোন বিভক্তি?**
ক. করণে ৭ম খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী **উ. খ**

ব্যাখ্যা : 'জিজ্ঞাসিব জনে জনে'- এখানে জনে জনে কর্মে সপ্তমী বিভক্তি। কারণ যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পাদন করে তাকে কর্মকারক বলে। এখানে কর্তার জিজ্ঞাসা করার কাজটি 'জনে জনে' কে অবলম্বন করে সম্পাদিত হবে।

১৪. পূর্বপদ প্রধান সমাস কোনটি?
ক. দ্বন্দ্ব খ. অব্যয়ীভাব
গ. তৎপুরুষ ঘ. বহুব্রীহি উ. খ

ব্যাখ্যা : পূর্বপদ প্রধান সমাস হচ্ছে অব্যয়ীভাব সমাস। যে সমাসে পূর্ব পদের অব্যয় হয় এবং অব্যয়ের অর্থ প্রধান হয় তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমন- কূলের সমীপে = উপকূল, ভিক্ষার অভাব = দুর্ভিক্ষ।

১৫. কোনটি নিত্য সমাস?
ক. কলেছাঁটা খ. ভবনদী
গ. জয়ধ্বনি ঘ. জলমাত্র উ. ঘ

ব্যাখ্যা : 'জলমাত্র' নিত্য সমাস। সমস্ত পদে মাত্র এবং ব্যাসবাক্যে কেবল থাকলে নিত্য সমাস হয়। জলমাত্র সমস্ত পদটির ব্যাসবাক্য হচ্ছে– কেবল জল।

১৬. নিচের কোনটি প্রত্যয়যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ?
ক. বাঁদী খ. সভানেত্রী
গ. জেলেনী ঘ. পেত্নী উ. গ

ব্যাখ্যা : 'জেলেনী' শব্দটি প্রত্যয়যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ। কর্তৃকারকের একবচনে স্ত্রী লিঙ্গে 'ইন' প্রত্যয়ান্ত শব্দের পরে ঈ যুক্ত হয়ে 'ইনী' রূপ গ্রহণ করে। যেমন : জেলে + ইনী = জেলেনী, কামারনী, কুমারনী, ধোপানী, মজুরনী।

১৭. 'শৈশব'-এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. শিশু + ষ্ণ খ. শিশু + ষ্ণ্য
গ. শিশু + শব ঘ. শৈ + শব উ. ক

ব্যাখ্যা : 'শৈশব'- এর প্রকৃতি ও প্রত্যয় হলো শিশু + ষ্ণ (অ)। সেসব শব্দের সাথে ষ্ণ (অ) প্রত্যয় যুক্ত হয়, তার প্রকৃতির অন্ত্যস্বরের উ-কার ও-কারে পরিণত হয়। সন্ধিতে ও + অ মিলে 'অব' হয়। যেমন : মনু + ষ্ণ (অ) = মানব, কিশোর + ষ্ণ = কৈশোর।

১৮. নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?
ক. ডাইনি খ. সম্রাজ্ঞী
গ. মানুষ ঘ. সভানেত্রী উ. ক

ব্যাখ্যা : ডাইনী নিত্য স্ত্রীবাচক শব্দ, ব্যাখ্যা : যে সকল স্ত্রীবাচক শব্দের কোন পুরুষবাচক শব্দ হয় না সেগুলোকে নিত্য স্ত্রীবাচক শব্দ বলে। কয়েকটি নিত্য স্ত্রীবাচক শব্দ হচ্ছে– কুলটা, শাঁখচুন্নি, পেত্নী, সতীন, সৎমা, দাই ইত্যাদি।

১৯. 'মরদ'-এর বিপরীত লিঙ্গ কোনটি?
ক. মর্দ খ. জেনানা
গ. জেনানী ঘ. মরদী উ. খ

ব্যাখ্যা : 'মরদ' শব্দটির অর্থ হচ্ছে পুরুষ। এর বিপরীত লিঙ্গ হচ্ছে জেনানা। জেনানা-এর অর্থ হচ্ছে– নারী, পত্নী, স্ত্রীলোক ইত্যাদি।

২০. 'খাতক'-এর বিপরীত শব্দ কোনটি?
ক. ঘাতক খ. স্বজন
গ. মহাজন ঘ. কুজন উ. গ

ব্যাখ্যা : খাতক- এর অর্থ হলো– দেনাদার; ঋণগ্রহীতা; এর বিপরীত শব্দ হচ্ছে মহাজন।

২১. 'হাতি'-এর সমার্থক শব্দ কোনটি?
ক. কুন্তল খ. ফণী
গ. তনু ঘ. কর উ. *

ব্যাখ্যা : অপশনগুলোতে 'হাতি' এর সমার্থক শব্দ নেই। অপশনে প্রদত্ত শব্দগুলোর সমার্থক শব্দ হচ্ছে– কুন্তল-চুল, ফনী-সাপ, তনু-দেহ, কর-হাত বা কিরণ (দুটিই হয়)। হাতি এর সমার্থক শব্দ হচ্ছে– হস্তী, করী, গজ, দ্বিপ, দন্তী, দ্বিরদ ইত্যাদি। 'কর' এর স্থলে 'করী' হলে তখন সঠিক উত্তর হতো অপশন (ঘ)।

২২. 'নষ্ট হওয়া স্বভাব যার'-এক কথায় কী বলে?
ক. নশ্বর খ. উরগ
গ. নষ্ট স্বভাব ঘ. বিনষ্ট উ. ক

ব্যাখ্যা : 'নষ্ট হওয়াই যার স্বভাব'- এককথায় তাকে নশ্বর বলে। উরগ অর্থ সাপ।

২৩. 'সাপের খোলস'-বাক্য সংকোচন কী হবে?
ক. প্লবগ খ. উরগ
গ. নির্মোক ঘ. কৃত্তি উ. গ

ব্যাখ্যা : 'সাপের খোলস'- বাক্য সংকোচনে হয় নির্মোক। অন্যদিকে যা লাফিয়ে চলে- প্লবক, বুকে ভর দিয়ে চলে যে- উরগ, বাঘের চামড়া-কৃত্তি।

২৪. 'কমা' কোথায় বসে?
ক. বাক্যের মাঝে কোনো পদ ব্যাখ্যা করার জন্য
খ. প্রশ্ন বোঝানোর জন্য
গ. সম্বোধন পদের পর
ঘ. কোনো অপূর্ণ বাক্যের পর উ. গ

ব্যাখ্যা : 'সম্বোধন' পদের পরে কমা বসে। এছাড়াও উদ্ধরণ চিহ্নের পূর্বে, বার ও মাসের পরে, বাড়ি বা রাস্তার নম্বরের পরে কমা বসে। যেমন : শিফা হোমায়রাকে বলল, "তুমি স্কুলে যাও।" ১৮ ই এপ্রিল, বৃহস্পতিবার, ২০১১ খ্রি.।

২৫. কোন প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য 'ষ' হয় না?
ক. সাৎ খ. সা
গ. ষ্ণেয় ঘ. ষ্ণিক উ. ক

ব্যাখ্যা : 'সাৎ' প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য 'ষ' হয় না। যেমন : অগ্নিসাৎ, ধূলিসাৎ ইত্যাদি।

২৬. Tawfiq went to library with a view to–
ক. read a book খ. reads a book
গ. reading a book ঘ. buy some books উ. গ

ব্যাখ্যা : With a view to/Look forward to এর পর verb + ing হয়।

২৭. Hardly had we reached school–
ক. when the bell rang খ. than the bell rang
গ. the bell rang ঘ. after the bell ringing উ. ক

ব্যাখ্যা : Hardly থাকলে পরে when হয়, No sooner had থাকলে পরে than হয়, Scarcely had থাকলে পরে when হয়। এবং বাকি অংশ Past indefinite tense হয়।

২৮. **Though he is poor,–**
ক. he is honest খ. but he is honest
গ. and he is honest ঘ. but he was honest **উ. ক**

ব্যাখ্যা : Though যুক্ত complex sentence এর দ্বিতীয় clause এর শুরুতে একটি subject বসে + verb + বাকি অংশ।

২৯. **আমি তোমাকে খাওয়াবো।**
ক. I shall eat you খ. I shall feed you
গ. I shall be eating you ঘ. I shall give you a party
উ. খ

ব্যাখ্যা : eat অর্থ নিজে খাওয়া এবং feed অর্থ কাউকে খাওয়ানো। 'I shall feed you' এর অর্থ হল 'আমি তোমাকে খাওয়াবো। তাই 'খ' হবে উত্তর।

৩০. **সে আমার আপন ভাই।**
ক. He is my brother
খ. He is my step brother
গ. He is my elder brother
ঘ. He is my own brother **উ. ঘ**

ব্যাখ্যা : শুধু 'আমার ভাই' = my brother হয়। কিন্তু জোর দেওয়ার অর্থে 'আমার আপন ভাই' = 'my own brother হয়। তাই সঠিক উত্তর হবে 'He is my own brother' বললেই চলে।

৩১. **আমার লিখিবার কলম নাই।**
ক. I have no pen to write খ. I have no writing pen
গ. I have no pen to write with
ঘ. I have no pen for writing **উ. গ**

ব্যাখ্যা : 'I have no pen to write with' এর অর্থ আমার লিখিবার কলম নাই। option 'গ' হবে উত্তর।

৩২. **The adverb form of 'heart' is–**
ক. heart খ. hearten
গ. heartly ঘ. heartily **উ. ঘ**

ব্যাখ্যা : Heart (noun)- আবেগ-অনুভূতি; Heartily (adv)- আন্তরিকভাবে; Hearty (adj)-আন্তরিক. Hearten (v)- উৎসাহ দেওয়া।

৩৩. **Verb form of the word 'danger' is–**
ক. dangerous খ. danger
গ. dangerously ঘ. endanger **উ. ঘ**

ব্যাখ্যা : Danger (noun)-বিপদ; Endanger (verb)- বিপদে ফেলা; Dangerous (adj) বিপজ্জনক; Dangerously (adv)- বিপজ্জনকভাবে।

৩৪. **Noun form of the word 'Long' is–**
ক. length খ. longer
গ. longest ঘ. lengthen **উ. ক**

ব্যাখ্যা : Long (adj.)-দীর্ঘ, লম্বা; Length (n)- দৈর্ঘ্য।

৩৫. **The Padma is one of the biggest rivers in Bangladesh. (Positive)**
ক. Very few river in Bangladesh is as big as the Padma.
খ. Very few rivers in Bangladesh are as big as the Padma.
গ. No other river in Bangladesh is so big as the Padma.
ঘ. No other rivers in Bangladesh are as big as the Padma. **উ. খ**

ব্যাখ্যা : 'One of the' যুক্ত superlative degree কে positive করার সময় 'one of the' এর পরিবর্তে very few বসে + superlative এর পরের অংশটি + verb (plural form) + as + superlative এর positive form + as/so + প্রথম subjective। এ নিয়মানুযায়ী option 'খ' হবে উত্তর।

৩৬. **Every mother loves her child. (Negative)**
ক. There is no mother but loves her child.
খ. Every mother cannot but loves her child.
গ. No mother loves her child.
ঘ. There is not mother loving her child. **উ. ক**

ব্যাখ্যা : Every যুক্ত Affirmative বাক্যকে Negative করতে হলে Every এর পরিবর্তে 'There is no বসে + Every এর পরের word বসে + but + বাকি অংশ। option 'ক' হবে উত্তর।

৩৭. **Without working hard you cannot shine in life. (Make a complex sentence)**
ক. In spite of working hard, you cannot shine in life.
খ. Though he works hard, he cannot shine in life.
গ. Unless you work hard, you cannot shine in life.
ঘ. Unless you do not work hard, you can't shine in life. **উ. গ**

ব্যাখ্যা : Without যুক্ত simple sentence কে complex করার সময় If বা unless দিয়ে শুরু করতে হয় + verb + বাকি অংশ + পরের clause. unless এরপর negative হয় না। তাই option 'গ' হবে উত্তর। Inspite of simple sentence এর structure বলে option 'ক' হবে না। 'though' complex sentence এর marker হলেও corresponding word (without) এর সাথে যায় না। তাই option 'খ' হবে না। option 'ঘ' হবে না কারণ unless এরপর negative (not) আছে।

৩৮. **If you wanted, I (help) you.**
ক. helped খ. would help
গ. will help ঘ. can help **উ. খ**

ব্যাখ্যা : Conditional Sentence এ Condition যুক্ত অংশে past indefinite হলে পরের অংশে would/could/might + verb এর past form হবে।

৩৯. They arrived here after you (left).
ক. had left খ. left
গ. well leave ঘ. leave উ. ক
ব্যাখ্যা : বাক্যের প্রথম অংশ Past indefinite হলে After এর পরের অংশ Past perfect হয়।

৪০. Let the sentence be (pen) through.
ক. pen খ. penning
গ. pened ঘ. penned উ. ঘ
ব্যাখ্যা : Pen through একটি phrase অর্থ কেটে দেওয়া। Passive voice -এ 'be' এর পর verb আসলে past participle form হয়।

৪১. A – in time saves nine.
ক. stick খ. strict
গ. stitch ঘ. stich উ. গ
ব্যাখ্যা : এটি একটি প্রবাদ- 'A stitch in time saves nine.' এর অর্থ 'সময়ের এক ফোঁড়, অসময়ের দশফোঁড়।' তাই সঠিক উত্তর অপশন (গ)। উল্লেখ্য যে, 'stitch' অর্থ 'সেলাই'।

৪২. The man was – for murder.
ক. hung খ. hang
গ. hanged ঘ. hangged উ. গ
ব্যাখ্যা : 'ফাঁসিতে ঝোলানো' অর্থে Hang-hanged-hanged হয়। তাই সঠিক উত্তর অপশন (গ)।

৪৩. He speaks as if he– a mad.
ক. were খ. is
গ. has been ঘ. had been উ. ক
ব্যাখ্যা : As if/as though এর অংশ Present indefinite হলে, পরের অংশ Past indefinite হয় এবং পরের অংশে 'be' verb আসলে সবসময় were হয়।

৪৪. The synonym of the word 'witty' is–
ক. clever খ. dull
গ. boring ঘ. tedious উ. ক
ব্যাখ্যা : Witty-চালাক-চতুর; যার সমার্থক শব্দ clever. অন্যদিকে, tedious -ক্লান্তিকর, dull -নির্বোধ, boring - বিরক্তিকর বা ক্লান্তিকর।

৪৫. The synonym of the word 'cordial' is–
ক. hostile খ. unfriendly
গ. meek ঘ. amiable উ. ঘ
ব্যাখ্যা : Cordial-আন্তরিক; Amiable- সৌহার্দ্যপূর্ণ বা বন্ধুত্বপূর্ণ। যা পরস্পর সমার্থক। অন্যদিকে, hostile -বৈরী; Unfriendly- বৈরী; Meek- নম্র।

৪৬. The antonym of the word 'adverse' is–
ক. hostile খ. negative
গ. favourable ঘ. unfavourable উ. গ
ব্যাখ্যা : Adverse- প্রতিকূল; Favourable অনুকূল। যা পরস্পর বিপরীতার্থক। অন্যদিকে, Hostile- বৈরী; Negative - নেতিবাচক; Unfavourable প্রতিকূল।

৪৭. The antonym of the word 'flexible' is–
ক. hard খ. elastic
গ. changeable ঘ. ductile উ. ক
ব্যাখ্যা : Flexible নমনীয়; Hard শক্ত। যা পরস্পর বিপরীতার্থক। অন্যদিকে, Elastic নমনীয়; Changeable পরিবর্তনশীল; Ductile নমনীয়।

৪৮. – he is coming today.
ক. At length খ. Ten to one
গ. At large ঘ. All in all উ. খ
ব্যাখ্যা : Ten to one = খুব সম্ভবত। পূর্ণাঙ্গ বাক্যটির অর্থ- 'খুব সম্ভবত সে আজ আসছে।' অন্যদিকে, All in all – সর্বেসর্বা, At large – স্বাধীনভাবে; At length অর্থ– অবশেষে। তবে, 'At length' phrase টি সাধারণত Past Indefinite tense এর ক্ষেত্রে ব্যবহৃত হয়।

৪৯. You'll fail in the exam, if you – from school.
ক. take to task খ. put off
গ. put out ঘ. play truant উ. ঘ
ব্যাখ্যা : Real Conditional sentence এর ক্ষেত্রে If যুক্ত অংশ Present indefinite tense হলে বাকি অংশ সাধারণত Future indefinite হয়। Play truant অর্থ 'স্কুল পালানো'। অন্যদিকে, take to task – তিরস্কার করা; put off – খুলে ফেলা, ফেলে রাখা; put out – নিভানো।

৫০. His _ pleased us all.
ক. slow coach খ. silver spoon
গ. maiden speech ঘ. weal and woe উ. গ
ব্যাখ্যা : বাক্যটির পূর্ণাঙ্গ অর্থ- 'তার প্রথম ভাষণ আমাদের সবাইকে মুগ্ধ করেছে'। অন্যদিকে, slow coach- অলস ব্যক্তি; silver spoon- অভিজাত পরিবারে জন্ম, weal and woe- সুখ-দুঃখ।

৫১. আয়তাকার একটি ক্ষেত্রের প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য ১২ মিটার বড় এবং ক্ষেত্রটির পরিসীমা ১৩৬ মিটার হলে ক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ কত?
ক. ৪০ ও ৫২ খ. ৪০ ও ২৮
গ. ৪২ ও ৩২ ঘ. ৩৮ ও ৩৬ উ. খ
ব্যাখ্যা : ধরি, প্রস্থ = x মি.
∴ দৈর্ঘ্য = x + ১২ মি.
∴ পরিসীমা = ২(x + x + ১২)
= ৪x + ২৪
∴ প্রশ্নমতে, ৪x + ২৪ = ১৩৬
বা, ৪x = ১১২
∴ x = ২৮ মি.
∴ প্রস্থ = ২৮ মি.
দৈর্ঘ্য = ২৮ + ১২ = ৪০ মি.

২. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গড় ২৫। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গড় ৩০ হলে, তৃতীয় সংখ্যাটি কত?

ক. ২৫ খ. ৪০
গ. ৯০ ঘ. ৫০ উ. খ

ব্যাখ্যা : ১ম ও ২য় সংখ্যার গড় = ২৫
∴ " " " " = ২৫ × ২ = ৫০
আবার, ১ম, ২য় ও ৩য় সংখ্যা গড় = ৩০
∴ " " " " " সমষ্টি = ৩০ × ৩ = ৯০
∴ ৩য় সংখ্যাটি = ৯০ − ৫০ = ৪০

৫৩. একটি খাড়া মাটি থেকে ৩ মিটার উপরে ভেঙ্গে বিচ্ছিন্ন না হয়ে অন্যপ্রান্ত ভূমিতে ৪ মিটার দূরত্বে স্পর্শ করলে খুঁটির উচ্চতা কত?

ক. ৫ মিটার খ. ৮ মিটার
গ. ৭ মিটার ঘ. ৯ মিটার উ. খ

ব্যাখ্যা : মনে করি, সম্পূর্ণ খুঁটির AD = h মিটার। A খুঁটিটির পাদ বিন্দু থেকে ৩ মি. উচ্চতা C বিন্দুতে ভেঙ্গে A থেকে ৪ মি. দূরে ভূমি স্পর্শ করে।

∴ AB = ৩, AC = ৪



ABC সমকোণী ত্রিভুজে $BC^2 = AC^2 + AB^2$
বা, $BC^2 = ৩^2 + ৪^2$
বা, $BC^2 = ৯ + ১৬$
বা, $BC^2 = ২৫$
∴ BC = ৫
∴ খুঁটির দৈর্ঘ্য = AC + BC
= ৩ + ৫
= ৮ মিটার (উত্তর)

৫৪. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ১৮ বর্গমিটার হলে, কর্ণের দৈর্ঘ্য কত?

ক. ১২ মিটার খ. ৯ মিটার
গ. ৬ মিটার ঘ. ৩ মিটার উ. গ

ব্যাখ্যা : আমরা জানি, বর্গক্ষেত্রের বাহু = a হলে, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = a^2
∴ $a^2 = 18$
∴ $a = \sqrt{18}$
আমরা জানি, বর্গক্ষেত্রের কর্ণ = $\sqrt{2}a$
= $\sqrt{2}\sqrt{18}$
= $\sqrt{36}$
= ৬ মিটার (উত্তর)

৫৫. পাঁচটি ঘণ্টা একত্রে বেজে যথাক্রমে ৫, ১০, ১৫, ২০ ও ২৫ সেকেন্ড অন্তর বাজতে লাগল, কতক্ষণ পর ঘণ্টাগুলো আবার একত্রে বাজবে?

ক. ৫ মিনিট খ. ৬ মিনিট
গ. ৪ মিনিট ঘ. ৬ ঘণ্টা উ. ক

ব্যাখ্যা : নির্ণেয় সময় হবে সংখ্যাগুলোর ল.সা.গু.। ৫, ১০, ১৫, ২০ ও ২৫ এর ল.সা.গু = ২ × ২ × ৩ × ৫ × ৫
= ৩০০ সেকেন্ড বা ৫ মিনিট (উত্তর)

৫৬. দুইটি সংখ্যার গুণফল ৫৪ এবং ল. সা. গু. ১৮ হলে, তাদের গ. সা. গু. কত?

ক. ২ খ. ৪
গ. ১ ঘ. ৩ উ. ঘ

ব্যাখ্যা : আমরা জানি,
দুটি সংখ্যার গুণফল = ল. সা. গু × গ. সা. গু
∴ গ. সা. গু. = $\frac{\text{দুটি সংখ্যার গুণফল}}{\text{ল. সা. গু.}}$
= $\frac{৫৪}{১৮}$
= ৩ (উত্তর)

৫৭. শতকরা বার্ষিক ১২ টাকা হারে ৬০০ টাকার ৬ মাসের সুদ কত?

ক. ২৪ টাকা খ. ৩৬ টাকা
গ. ৪৮ টাকা ঘ. ৬০ টাকা উ. খ

ব্যাখ্যা : ১০০ টাকায় ১২ মাসে সুদ ১২ টাকা
∴ ৬০০ " ৬ " = $\frac{১২ \times ৬ \times ৬০০}{১০০ \times ১২}$
= ৩৬ টাকা

শর্টকাট : I = prn
= ৬০০ × $\frac{১২}{১০০}$ × $\frac{১}{২}$ [যেহেতু ৬ মাস = $\frac{১}{২}$ বছর]
= ৩৬ টাকা

৫৮. ১০০ টাকায় ১৫টি কমলা ক্রয় করে, ১০০ টাকায় ১২টি কমলা বিক্রয় করলে, শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

ক. ২০% ক্ষতি খ. ২০% লাভ
গ. ২৫% ক্ষতি ঘ. ২৫% লাভ উ. ঘ

ব্যাখ্যা : ১৫টি কমলার ক্রয়মূল্য ১০০ টাকা
∴ ১ " " $\frac{১০০}{১৫}$ " = $\frac{২০}{৩}$ টাকা

Job Navigator

১২টি কমলার বিক্রয় মূল্য ১০০ টাকা

$\therefore$ ১ " " " $\frac{১০০}{১২}$ "

$= \frac{২৫}{৩}$ টাকা

$\therefore$ লাভ $= \left(\frac{২৫}{৩} - \frac{২০}{৩}\right)$ টাকা

$= \frac{২৫ - ২০}{৩}$

$= \frac{৫}{৩}$ টাকা

$\frac{২০}{৩}$ টাকায় লাভ হয় $\frac{৫}{৩}$ টাকা

$\therefore$ ১০০ " " " $\frac{৫ \times ৩ \times ১০০}{২০ \times ৩}$

$= ২৫$ টাকা

$\therefore$ লাভ ২৫%

৫৯. ৪% হার মুনাফায় কোনো টাকার ২ বছরের মুনাফা ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য ১ টাকা হলে, মূলধন কত?

ক. ৬২৫ টাকা খ. ৪২৫ টাকা
গ. ৩২৫ টাকা ঘ. ৫২৫ টাকা **উ. ক**

ব্যাখ্যা : দেওয়া আছে,

চক্রবৃদ্ধি ও সরল মুনাফার পার্থক্য = 1 টাকা

বা, $p\{(1+r)^n - 1 - nr\} = 1$

বা, $p\{(1+0.040)^2 - 1 - (2 \times 0.04)\} = 1$

বা, $p(1.0816 - 1 - 0.08) = 1$

বা, $p = \frac{1}{0.0016}$

বা, $p = 625$ (Ans)

৬০. $a = \sqrt{6} + \sqrt{5}$ হলে, $\frac{a^6 - 1}{a^3}$ এর মান নির্ণয় কর।

ক. $45\sqrt{5}$ খ. $47\sqrt{6}$
গ. $46\sqrt{5}$ ঘ. $43\sqrt{5}$ **উ. গ**

ব্যাখ্যা : $a = \sqrt{6} + \sqrt{5}$ $\frac{1}{a} = \frac{1}{\sqrt{6} + \sqrt{5}}$

$= \frac{\sqrt{6} - \sqrt{5}}{(\sqrt{6}) + \sqrt{5}(\sqrt{6} - \sqrt{5})}$

$= \frac{\sqrt{6} - \sqrt{5}}{6 - 5}$

$= \sqrt{6} - \sqrt{5}$

$\therefore \frac{a^6 - 1}{a^3} = a^3 - \frac{1}{a}$

$= \left(a - \frac{1}{1}\right)^3 = 3.\left(a - \frac{1}{a}\right)$

$= (\sqrt{6} + \sqrt{5} - \sqrt{6} + \sqrt{5})^3 + 3(\sqrt{6} + \sqrt{5} - \sqrt{6} + \sqrt{5})$

$= (2 + \sqrt{5})^3 + 3.2\sqrt{5}$

$= 8.5\sqrt{5} + 6\sqrt{5}$

$= 40\sqrt{5} + 6\sqrt{5}$

$= 46\sqrt{5}$

৬১. $\log_x \frac{1}{16} = -2$ হলে, x-এর মান কত?

ক. 3 খ. 5
গ. 4 ঘ. 6 **উ. গ**

ব্যাখ্যা : $\log_x \frac{1}{16} = -2$

$\Rightarrow x^{-2} = \frac{1}{16}$

$\Rightarrow x^{-2} = 4^{-2}$

$\therefore x = 4$ (Ans)

৬২. যদি $a^3 - b^3 = 513$ এবং $a - b = 3$ হয়, তবে ab এর মান কত?

ক. 54 খ. 35
গ. 45 ঘ. 55 **উ. ক**

ব্যাখ্যা : $a^3 - b^3 = 513$

$\Rightarrow (a-b)^3 + 3.ab(a-b) = 513$

$\Rightarrow (3)^3 + 3ab.3 = 513$

$\Rightarrow 9ab = 513 - 27$

$\Rightarrow 9ab = 486$

$\Rightarrow ab = \frac{486}{9}$

$\therefore ab = 54$

৬৩. 5 log3 – log9 = কত?

ক. log8 খ. log27
গ. log5 ঘ. log10 **উ. খ**

ব্যাখ্যা : 5 log3 – log9

$= 5 \log 3 - \log 3^2$

$= 5 \log 3 - 2 \log 3$

$= 3 \log 3$

$= \log 3^3$

$= \log 27$

৬৪. $x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$ এর উৎপাদকে বিশ্লেষণ কত?

ক. $(x+y)(x+3y)(x+5y)$
খ. $(x+y)(x+2y)(x+3y)$
গ. $(x+y)(x+4y)(x+3y)$
ঘ. $(x-y)(x+y)(x+2y)$ **উ. খ**

ব্যাখ্যা : $x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$

এখন, $x = -y$ বসিয়ে পাই

$= -y^3 + 6(-y)^2y - 11(-y)y^2 + 6y^3$

$= -y^3 + 6y^3 - 11y^3 + 6y^3$

$= 12y^3 - 12y^3$

$= 0$

$\therefore (x + y)$ প্রদত্ত রাশির একটি উৎপাদক

$x^2(x + y) + 5xy(x + y) + 6y^2(x + y)$

$= (x + y)(x^2 + 5xy + 6y^2)$

$= (x + y)\{(x^2 + 3xy + 2xy + 6y^2)\}$

$= (x + y)\{x(x + 3y) + 2y(x + 3y)\}$

$= (x + y)(x + 3y)(x + 2y)$ Ans.

৬৫. **a-এর মান কত হলে $9 - 12x + ax^2$ একটি পূর্ণবর্গ রাশি হবে?**

ক. 8 খ. 6

গ. 1 ঘ. 4 **উ. ঘ**

ব্যাখ্যা : $a = 4$ হলে,

$= 9 - 12x + 4x^2$

$= 3^2 - 2.3.2x + (2x)^2$

$= (2x - 3)^2$

$\therefore a = 4$ হলে, $9 - 12x + ax^2$ একটি পূর্ণবর্গ হবে।

৬৬. $(\sqrt{3})^{x+1} = \left(\sqrt[3]{3}\right)^{2x-1}$ **এর সমাধান কত?**

ক. 4 খ. 5 গ. 6 ঘ. 7 **উ. খ**

ব্যাখ্যা : $(\sqrt{3})^{x+1} = \left(\sqrt[3]{3}\right)^{2x-1}$

$\Rightarrow \left(3^{\frac{1}{2}}\right)^{x+1} = \left(3^{\frac{1}{3}}\right)^{x-1}$

$\Rightarrow 3^{\frac{x}{2}} \cdot 3^{\frac{1}{2}} = \frac{3^{\frac{2x}{3}}}{3^{\frac{1}{3}}}$

$\Rightarrow 3^{\frac{x+1}{2}} \cdot 3^{\frac{1}{3}} = 3^{\frac{2x}{3}}$

$\Rightarrow 3^{\frac{x+1}{2} + \frac{1}{3}} = 3^{\frac{2x}{3}}$

$\Rightarrow \frac{3x + 5}{6} = \frac{2x}{3}$

$\Rightarrow 12x = 9x + 15$

$\Rightarrow 12x - 9x = 15$

$\Rightarrow 3x = 15$

$\Rightarrow x = 5$

৬৭. $9x^2 + 16y^2$ **এর সাথে কত যোগ করলে যোগফল পূর্ণবর্গ রাশি হবে?**

ক. 6xy খ. 12xy

গ. 24xy ঘ. 144xy **উ. গ**

ব্যাখ্যা : $9x^2 + 16y^2$

$= (3x)^2 + (4y)^2$

$= (3x)^2 + 2.3x.4y + (4y)^2 - 24xy$

$= (3x + 4y)^2 - 24xy$

$\therefore 24xy$ যোগ করলে রাশিটি পূর্ণবর্গ হবে।

৬৮. **একটি ত্রিভুজের ভূমি তার উচ্চতার দ্বিগুণ অপেক্ষা 6 সেমি বেশি, ত্রিভুজটির ক্ষেত্রফল 810 বর্গ সেমি হলে, এর উচ্চতা কত?**

ক. 27 সেমি খ. 28 সেমি

গ. 25 সেমি ঘ. 24 সেমি **উ. ক**

ব্যাখ্যা : মনে করি, ত্রিভুজের উচ্চতা = x

ভূমি = 2x + 6

$\therefore$ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা

$\Rightarrow \frac{1}{2} \times (2x + 6) \times x = 810$

$\Rightarrow \frac{2x^2 + 6x}{2} = 810$

$\Rightarrow \frac{2(x^2 + 3x)}{2} = 810$

$\Rightarrow x^2 + 3x - 810 = 0$

$\Rightarrow x(x + 30) - 27(x + 30) = 0$

$\Rightarrow (x + 30)(x - 27) = 0$

হয় $x - 27 = 0$

$\therefore x = 27$

অথবা, $x + 30 = 0$

$\Rightarrow x = -30$ [কিন্তু ঋণাত্মক মান গ্রহণযোগ্য নয়]

৬৯. **সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামান্তরিকটি হবে–**

ক. আয়তক্ষেত্র খ. রম্বস

গ. ট্রাপিজিয়াম ঘ. বর্গক্ষেত্র **উ. ক**

ব্যাখ্যা : সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামান্তরিকটি হবে আয়তক্ষেত্র। কারণ, সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামান্তরিকটির কোণগুলো সমকোণ হয়। আর যে সামান্তরিকের একটি কোণ সমকোণ, তাকে আয়তক্ষেত্র বলে।

৭০. **নিচের তথ্যগুলো লক্ষ করুন–**

i. বৃত্তে স্পর্শক স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধের ওপর লম্ব

ii. অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ

iii. বৃত্তের সকল সমান জ্যা কেন্দ্র থেকে সমদূরবর্তী

ওপরের তথ্যের আলোকে নিম্নের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii **উ. ঘ**

ব্যাখ্যা : ওপরের সবগুলো তথ্যই সঠিক। উপরিউক্ত তথ্যগুলো জ্যামিতিক প্রতিজ্ঞা।

৭১. একটি ΔABC-এ BC বাহুকে D পর্যন্ত বর্ধিত করা হলো, যেখানে $\angle A = 45°$, $\angle B = 60°$ হলে, $\angle ACD$ =?

ক. 90° খ. 120°

গ. 105° ঘ. 160° উ. গ

ব্যাখ্যা :



চিত্রে, $\angle ACD$

$= \angle BAC + \angle ABC$

$= 45° + 60°$

$= 105°$

৭২. সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য যদি 'a' হয়, তবে ক্ষেত্রফল হবে–

ক. $\frac{\sqrt{3}}{2}a$ খ. $\frac{\sqrt{3}}{2}a^2$

গ. $\frac{\sqrt{3}}{4}a$ ঘ. $\frac{\sqrt{3}}{4}a^2$ উ. ঘ

ব্যাখ্যা : সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য a একক হলে ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র : $\frac{\sqrt{3}}{4}a^2$ বর্গ একক।

৭৩. একটি রেখাংশের উপর অঙ্কিত বর্গক্ষেত্র ঐ রেখাংশের এক-তৃতীয়াংশের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের কতগুণ?

ক. $\frac{1}{9}$ গুণ খ. $\frac{1}{3}$ গুণ

গ. 9 গুণ ঘ. 3 গুণ উ. গ

ব্যাখ্যা : ধরি, রেখাংশের দৈর্ঘ্য = x একক

$\therefore$ ক্ষেত্রফল $= x^2$ একক

$\therefore$ এক-তৃতীয়াংশের দৈর্ঘ্য $\frac{x}{3}$

" " ক্ষেত্রফল $\frac{x^2}{9}$

$\therefore \frac{x^2}{\frac{x^2}{9}} = x^2 \times \frac{9}{x^2} = 9$ (Ans)

৭৪. বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে, ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

ক. ৪ খ. ৯

গ. ১২ ঘ. ১৬ উ. খ

ব্যাখ্যা : ধরি,

১ম বৃত্তের ব্যাসার্ধ $r_1 = \frac{d}{2}$

২য় " " $r_2 = \frac{3d}{2}$

$\therefore 3d = \frac{3r}{2}$

১ম ক্ষেত্রে ক্ষেত্রফল $= \pi\frac{d^2}{4}$

২য় " " $= \pi\frac{9d^2}{4}$

$\therefore \frac{\pi\frac{9d^2}{4}}{\pi\frac{d^2}{4}} = \frac{9d^2}{4} \times \frac{4}{d^2} = 9$

$\therefore$ ক্ষেত্রফল 9 গুণ বৃদ্ধি পাবে।

৭৫. PQRS সামান্তরিকের $\angle P = 100°$, তাহলে $\angle Q$-এর মান কত?

ক. 120° খ. 100° গ. 90° ঘ. 80° উ. ঘ

ব্যাখ্যা :



সামান্তরিকের সন্নিহিত বাহুগুলোর সমষ্টি $= 180°$

$\therefore \angle P + \angle Q = 180°$

$\Rightarrow \angle Q = 180° - 100° = 80°$

৭৬. বাংলাদেশের বার্ষিক গড় বৃষ্টিপাত কত?

ক. ২০৩ সেমি খ. ২০৫ সেমি

গ. ২০৭ সেমি ঘ. ২০৯ সেমি উ. ক

ব্যাখ্যা : বাংলাদেশের বার্ষিক গড় বৃষ্টিপাত ২০৩ সেমি বা ২০৩০ মি.মি.। বাংলাদেশে সর্বোচ্চ গড় বৃষ্টিপাত হয় সিলেটের লালখানে আর সর্বনিম্ন বৃষ্টিপাত হয় নাটোরের লালপুরে। অধিক বৃষ্টিপ্রবণ জেলা ও বিভাগ সিলেট। বাংলাদেশের বার্ষিক গড় তাপমাত্রা ২৬.০১°।

৭৭. পৃথিবীর সবচেয়ে প্রাচীনতম সভ্যতা কোনটি?

ক. মেসোপটেমীয় সভ্যতা খ. সুমেরীয় সভ্যতা

গ. মিশরীয় সভ্যতা ঘ. অ্যাসেরীয় সভ্যতা উ. ক

ব্যাখ্যা : বিশ্বের প্রাচীনতম সভ্যতা মেসোপটেমিয়া (গ্রিক শব্দ; অর্থ দুই নদীর মধ্যবর্তী ভূমি)। দজলা ও ফোরাত নদীর (বর্তমান নাম- যথাক্রমে টাইগ্রিস ও ইউফ্রেটিস) তীরে এ সভ্যতা গড়ে ওঠেছিল। এটি ছিল সেচনির্ভর প্রাচীন সভ্যতা। ১. সুমেরীয়, ২. ব্যাবিলনীয়, ৩. আশেরীয় ও ৪. ক্যালডীয়- এই ৪টি সভ্যতার সমন্বয়ে মেসোপটেমিয়ারা সভ্যতা গড়ে ওঠেছিল।

৭৮. বুড়িমারী স্থলবন্দর কোন উপজেলায় অবস্থিত?
ক. হাতিবান্ধা খ. পাটগ্রাম
গ. চিলমারী ঘ. ডুরুঙ্গামারী **উ. খ**

ব্যাখ্যা : 'বুড়িমারী স্থলবন্দর' লালমনিরহাটের পাটগ্রাম উপজেলায় অবস্থিত। বাংলাদেশের প্রথম, বৃহত্তম ও প্রধান স্থলবন্দর বেনাপোল (যশোর)।

৭৯. ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে জাতিসংঘের কোন অঙ্গসংগঠন স্বীকৃতি প্রদান করে?
ক. ইউএনডিপি খ. ইউনেস্কো
গ. ইউএনএফপিও ঘ. আইএলও **উ. খ**

ব্যাখ্যা : জাতিসংঘের শিক্ষা বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা UNESCO ফেব্রুয়ারিকে International Mother Language Day হিসেবে ঘোষণা করে ১৯৯৯ সালের ১৭ নভেম্বর। ২০০০ সালের ২১ ফেব্রুয়ারি বিশ্বের ১৮৮ টি দেশে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয় প্রথমবারের মতো।

৮০. গম্ভীরা বাংলাদেশের কোন অঞ্চলের গান?
ক. ময়মনসিংহ খ. রংপুর
গ. চাঁপাইনবাবগঞ্জ ঘ. দিনাজপুর **উ. গ**

ব্যাখ্যা : গম্ভীরা চাঁপাইনবাবগঞ্জ (বৃহত্তর রাজশাহী) অঞ্চলের বিখ্যাত লোকগান। শিবের এক নাম গম্ভীর। তাই শিবপূজাকে কেন্দ্র করে এ গানের উদ্ভব। রংপুর অঞ্চলের বিখ্যাত আঞ্চলিক গান ভাওয়াইয়া, চটকা। ভাটিয়ালী, সারিগান, ঘাটুগান এগুলো ময়মনসিংহ ও সিলেট অঞ্চলের।

৮১. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বদেশ প্রত্যাবর্তন করেন–
ক. ৯ জানুয়ারি ১৯৭২ খ. ১০ জানুয়ারি ১৯৭২
গ. ১১ জানুয়ারি ১৯৭২ ঘ. ১২ জানুয়ারি ১৯৭২ **উ. খ**

ব্যাখ্যা : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তান কারাগার থেকে মুক্তি পান ৮ জানুয়ারি ১৯৭২। মুক্তি পেয়ে তিনি লন্ডন ও ভারত হয়ে বাংলাদেশে আসে ১৯৭২ সালের ১০ জানুয়ারি। তাই ১০ জানুয়ারি স্বদেশ প্রত্যাবর্তন দিবস (Home Coming Day) হিসেবে পালিত হয়।

৮২. FAO-এর সদর দপ্তর কোথায়?
ক. নিউইয়র্ক খ. ম্যানিলা
গ. রোম ঘ. জেনেভা **উ. গ**

ব্যাখ্যা : FAO এর পূর্ণরূপ Food and Agriculture Organization। এটি ১৯৪৫ সালে প্রতিষ্ঠিত এবং ১৯৪৬ সালে জাতিসংঘের বিশেষ সংস্থার মর্যাদা লাভ করে। এর সদর দপ্তর ইতালির রোমে অবস্থিত। আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD) এর সদর দপ্তরও রোমে অবস্থিত।

৮৩. ডায়েট কোন দেশের পার্লামেন্টের নাম?
ক. পোল্যান্ড খ. সুইডেন
গ. তুরস্ক ঘ. জাপান **উ. ঘ**

ব্যাখ্যা : জাপানের পার্লামেন্ট ডায়েট (National Diet)। এটি দ্বিকক্ষবিশিষ্ট। উচ্চকক্ষ হউজ অব কাউন্সিলর্স আর নিম্নকক্ষ হাউজ অব রিপ্রেজেন্টেটিভস। সুইডেনের পার্লামেন্ট রিকসড্যাগ, তুরস্কের গ্যান্ড ন্যাশনাল অ্যাসেম্বলি। নেসেট ইসারাইলের, ফোকেটিং ডেনমার্কের পার্লামেন্ট।

৮৪. মালয়েশিয়ায় ব্যবহৃত মুদ্রার নাম কী?
ক. রুপি খ. পেসো গ. রিংগিট ঘ. রুবল **উ. গ**

ব্যাখ্যা : মালয়েশিয়ার মুদ্রার নাম রিংগিট (Ringgit)। রাশিয়া ও বেলারুশে মুদ্রা রুবল (Ruble)। সোম (Som) হচ্ছে কিরগিজস্তান ও উজবেকিস্তানের মুদ্রা। পেসো (Peso) আর্জেন্টিনা, চিলি, কিউবা, কলম্বিয়া, উরুগুয়ে, মেক্সিকো, ফিলিপাইন প্রভৃতি দেশের মুদ্রা।

৮৫. স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয় কবে?
ক. ১০ এপ্রিল ১৯৭২ খ. ১৭ এপ্রিল ১৯৭১
গ. ১৮ এপ্রিল ১৯৭১ ঘ. ১০ এপ্রিল ১৯৭১ **উ. ঘ**

ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার (অন্যনাম- প্রবাসী সরকার, মুজিবনগর সরকার) গঠিত হয়েছিল ১৯৭১ সালের ১০ এপ্রিল আর মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার ভবেরপাড়া গ্রামে এ সরকার শপথ নেয় ১৭ এপ্রিল ১৯৭১। তাই ১৭ এপ্রিল 'মুজিবনগর সরকার দিবস' হিসেবে পালিত হয়।

৮৬. আমিষ বেশি আছে কোনটিতে?
ক. মুগ ডাল খ. মসুর ডাল
গ. খাসির মাংস ঘ. ইলিশ মাছ **উ. খ**

ব্যাখ্যা : প্রতি ১০০ গ্রামে আমিষের পরিমাণ শুটকি মাছে ৬২ গ্রাম, গরুর মাংসে ২৬ গ্রাম, মসুর ডালে ২৫ গ্রাম। অর্থাৎ শুটকি মাছে আমিষের পরিমাণ সবচেয়ে বেশি। অপশনগুলোতে মসুর ডালে আমিষের পরিমাণ বেশি। মনে রাখুন- খেসারি ডালের সাথে 'ল্যাথারিজম' রোগের সম্পর্ক আছে।

৮৭. কোন ভিটামিনের অভাবে স্কার্ভি রোগ হয়?
ক. ভিটামিন এ খ. ভিটামিন বি
গ. ভিটামিন সি ঘ. ভিটামিন ডি **উ. গ**

ব্যাখ্যা :

ভিটামিন	অভাবজনিত রোগ
ভিটামিন সি	স্কার্ভি, সর্দি কাশি
ভিটামিন এ	রাতকানা (X_n)
ভিটামিন ডি	রিকেটস, অস্টিওমেলাসিয়া
ভিটামিন B_1	বেরিবেরি
ভিটামিন B_2	মুখে ও জিহ্বায় ঘা
ভিটামিন B_3	পেলেগ্রা
ভিটামিন B_{12}	রক্তশূন্যতা

৮৮. কোন মৌলিক ধাতু সাধারণ তাপমাত্রায় তরল থাকে?
ক. ব্রোমিন খ. পারদ
গ. সীসা ঘ. ক্রোমিয়াম **উ. খ**

ব্যাখ্যা : স্বাভাবিক তাপমাত্রায় তরল ধাতু হচ্ছে পারদ ও সিজিয়াম। পারদ বা মারকারি হচ্ছে সবচেয়ে ভারী তরল ধাতু। তরল ধাতু হওয়ায় এটি থার্মোমিটারে ব্যবহৃত হয়। লিথিয়াম সবচেয়ে হালকা ধাতু, সবচেয়ে মূলবান ধাতু প্লাটিনাম।

৮৯. মহামান্য রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ বাংলাদেশের কততম রাষ্ট্রপতি?
ক. ১৯তম খ. ২০তম
গ. ২১তম ঘ. ২২তম **উ. গ**

ব্যাখ্যা : মো. আব্দুল হামিদ ২০১৩ সালে ২০তম মহামান্য রাষ্ট্রপতি হিসেবে নিয়োগ পান। ২০১৮ সালে ২১তম হিসেবে টানা দ্বিতীয়বারের মতো রাষ্ট্রপতির দায়িত্ব নেন। বাংলাদেশের বর্তমান ও ২২তম রাষ্ট্রপতি মোহাম্মদ শাহাবুদ্দিন; বাড়ি- পাবনা।

৯০. বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয় কত সালে?

ক. ১৯৬০ সালে খ. ১৯৫২ সালে
গ. ১৯৫৫ সালে ঘ. ১৯৫৪ সালে **উ. গ**

ব্যাখ্যা : ভাষা আন্দোলনের ফলে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান বাংলা একাডেমি। এটি প্রতিষ্ঠিত হয় ৩ ডিসেম্বর ১৯৫৫। বাংলা একাডেমির স্বপ্নদ্রষ্টা ছিলেন ড. মুহাম্মদ শহীদুল্লাহ। বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয় ১৯৫২ সালের ৩ জানুয়ারি।

৯১. ১১তম বিশ্বকাপ ক্রিকেটে চ্যাম্পিয়ন দল কোনটি?

ক. অস্ট্রেলিয়া খ. নিউজিল্যান্ড
গ. ভারত ঘ. শ্রীলংকা **উ. ক**

ব্যাখ্যা : ১১তম বিশ্বকাপ ক্রিকেটে চ্যাম্পিয়ন হয় অস্ট্রেলিয়া। ২০২৩ সালের ৫ অক্টোবর-১৯ নভেম্বর পুরুষদের ১৩তম ওয়ানডে ক্রিকেট বিশ্বকাপ অনুষ্ঠিত হবে ভারতে। এতে অংশগ্রহণ করবে ১০টি দল। মোট ম্যাচ হবে- ৪৮টি।

৯২. সাধারণ বৈদ্যুতিক বাল্বের ভিতর কী গ্যাস ব্যবহার করা হয়?

ক. অক্সিজেন খ. নাইট্রোজেন
গ. হাইড্রোজেন ঘ. হিলিয়াম **উ. খ**

ব্যাখ্যা : সবচেয়ে হালকা গ্যাস হাইড্রোজেন। সবচেয়ে ভারী গ্যাস রেডন। পারমাণবিক বোমা তৈরিতে হাইড্রোজেন গ্যাস ব্যবহৃত হয়। বৈদ্যুতিক বাল্বে নাইট্রোজেন গাস ব্যবহৃত হয়। বেলুনে, উড়োজাহাজে এবং ডুবুরিরা ভাষার ক্ষেত্রে হিলিয়াম গ্যাস ব্যবহার করে।

৯৩. ভূমিকম্প মাপার যন্ত্রের নাম কী?

ক. ফ্যাদোমিটার খ. ট্রান্সমিটার
গ. ক্রেসকোগ্রাফ ঘ. সিসমোগ্রাফ **উ. ঘ**

ব্যাখ্যা : ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র সিসমোগ্রাফ, ভূমিকম্পের তীব্রতা নির্ণায়ক যন্ত্র রিখটার স্কেল, সমুদ্রের গভীরতা মাপার যন্ত্র ফ্যাদোমিটার। ক্রেস্কোগ্রাফ হচ্ছে উদ্ভিদের বৃদ্ধি নির্ণায়ক যন্ত্র। ক্রোনোমিটার সমুদ্রের দ্রাঘিমা নির্ণায়ক যন্ত্র।

৯৪. 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি কোথায় অবস্থিত?

ক. রাজশাহী বিশ্ববিদ্যালয়ে খ. ঢাকা বিশ্ববিদ্যালয়ে
গ. টিএসসি মোড়ে ঘ. জয়দেবপুরে **উ. ক**

ব্যাখ্যা : মহান মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত। এর ভাস্কর নিতুন কুণ্ডু। গাজীপুরের জয়দেবপুরে মুক্তিযুদ্ধের প্রথম ভাস্কর্য 'জাগ্রত চৌরঙ্গী' অবস্থিত।

৯৫. নেলসন ম্যান্ডেলা কত সালে শান্তিতে নোবেল পেয়েছেন?

ক. ১৯৯০ সালে খ. ১৯৯১ সালে
গ. ১৯৯২ সালে ঘ. ১৯৯৩ সালে **উ. ঘ**

ব্যাখ্যা : দক্ষিণ আফ্রিকার অবিসংবাদিত নেতা নেলসন ম্যান্ডেলা (ডাকনাম- মাদিবা) টানা ২৭ বছর (১৯৬৪-১৯৯০) কারাভোগ করেন। দক্ষিণ আফ্রিকার শেষ শ্বেতাঙ্গ প্রেসিডেন্ট ডব্লিউ ডি ক্লার্ক এর সাথে যৌথভাবে ১৯৯৩ সালে নোবেল শান্তি পুরস্কার পান। পরবর্তী ১৯৯৪ সালে তিনি দক্ষিণ আফ্রিকার প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট নির্বাচিত হন।

৯৬. কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে?

ক. হামিদুর রহমান খ. শামীম শিকদার
গ. আমিনুল ইসলাম ঘ. নিতুন কুণ্ডু **উ. ক**

ব্যাখ্যা : ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গণে অবস্থিত দেশের কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি হামিদুর রহমান। দেশের প্রথম শহীদ মিনার নির্মিত হয় ২৩ ফেব্রুয়ারি ১৯৫২। উদ্বোধন করেন শহীদ শফিউরের বাবা মৌলভী মাহাবুবুর রহমান।

৯৭. বিশ্ব পরিবেশ দিবস পালন করা হয় কত তারিখে?

ক. ৫ জুন খ. ২৩ জুন
গ. ১৮ জানুয়ারি ঘ. ২৫ ডিসেম্বর **উ. ক**

ব্যাখ্যা : বিশ্ব পরিবেশ দিবস ৫ জুন। বাংলাদেশ আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিক এবং ঐতিহাসিক পলাশীর যুদ্ধ দিবস ২৩ জুন। ২৫ ডিসেম্বর খ্রিস্টান ধর্মাবলম্বীদের বড়দিন (ক্রিসমাস ডে)। ১০ জানুয়ারি বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস।

৯৮. কোনো দেশের ভারসাম্য রক্ষার জন্য সেই দেশের কতভাগ বনভূমি থাকা প্রয়োজন?

ক. শতকরা ২০ ভাগ খ. শতকরা ২৫ ভাগ
গ. শতকরা ৩০ ভাগ ঘ. শতকরা ৩৫ ভাগ **উ. খ**

ব্যাখ্যা : পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য কোন দেশে শতকরা ২৫ ভাগ বনভূমি থাকা প্রয়োজন। বর্তমানে বাংলাদেশে আছে ১৭ ভাগ। পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য প্রয়োজনীয় বনভূমি আছে মাত্র ৭টি জেলায়।

৯৯. এপিকালচার বলতে কী বোঝায়?

ক. মৎস্য চাষ খ. রেশম চাষ
গ. মৌমাছি চাষ ঘ. বৃক্ষ চাষ **উ. গ**

ব্যাখ্যা : এপিকালচার (Apiculture) হচ্ছে মৌমাছি পালন বিদ্যা। সেরিকালচার (Sericulture) রেশম বা গুটি পোকার চাষ বিদ্যা, পিসিকালচার (Pisciculture) হচ্ছে মৎস চাষ বিদ্যা। আর পাখি পালন বিদ্যাকে বলা হয় এভিকালচার (Aviwlture)। হর্টিকালচার (Horticulture) হচ্ছে উদ্যান পালন বিদ্যা।

১০০. বাংলাদেশ সংবিধানের মূলনীতি কয়টি?

ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৬টি **উ. গ**

ব্যাখ্যা : বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতি ৪টি : জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা। সংবিধানের প্রস্তাবনা এবং ৮নং অনুচ্ছেদে উপর্যুক্ত ৪টি মূলনীতির কথা বলা হয়েছে। সংবিধানের ২য় ভাগে রাষ্ট্র পরিচালনার মূলনীতিগুলো আলোচিত হয়েছে।

১১তম স্কুল/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৪

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ৩০০; পরীক্ষার তারিখ : ১২.১২.২০১৪

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কর্তন হবে।]

১. **বাংলা ভাষা কোন মূল ভাষার অন্তর্গত?**
ক. দ্রাবিড় খ. ইউরালীয়
গ. ইন্দো-ইউরোপীয় ঘ. সেমেটিক **উ. গ**

ব্যাখ্যা : বাংলা ভাষা ইন্দো-ইউরোপীয় মূল ভাষা গোষ্ঠীর অন্তর্গত। ইন্দো-ইউরোপীয় মূল ভাষা গোষ্ঠীর শতম শাখা থেকে বাংলা ভাষার উদ্ভব হয়েছে।

২. **কোনটি শুদ্ধ বানান?**
ক. আলস্যতা খ. অলস্য
গ. আলস্য ঘ. আলসতা **উ. গ**

ব্যাখ্যা : 'আলস্য' বানানটি শুদ্ধ। অপশনের অন্য ৩টি ভুল বানানের শুদ্ধরূপ হচ্ছে– আলস্যতা-অলসতা, অলস্য-আলস্য, আলসত্য-অলসতা।

৩. **'আগুন'-এর সমার্থক শব্দ কোনটি?**
ক. সুবর্ণ খ. অনল
গ. মার্তণ্ড ঘ. কর **উ. খ**

ব্যাখ্যা : আগুন- এর সমার্থক শব্দ অনল। আগুন এর আরো কয়েকটি সমার্থক শব্দ হচ্ছে– অগ্নি, বহ্নি, পাবক, হুতাশন, দহন ইত্যাদি। অন্যদিকে, সুবর্ণ অর্থ সোনা; মার্তণ্ড অর্থ সূর্য; কর অর্থ হাত বা কিরণ।

৪. 'চলচ্চিত্র' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক. চলৎ + চিত্র খ. চল + চিত্র
গ. চলচ + চিত্র ঘ. চলিচ + চিত্র **উ. ক**

ব্যাখ্যা : 'চলচ্চিত্র' শব্দের সন্ধি বিচ্ছেদ চলৎ + চিত্র। তৎসম ব্যঞ্জন সন্ধির নিয়মানুযায়ী ত/দ এর পরে চ/ছ থাকলে ত/দ স্থানে চ্ হয়। যেমন : ত্ + চ = চ্চ : চলৎ + চিত্র = চলচ্চিত্র, উৎ + ছেদ = উচ্ছেদ ইত্যাদি।

৫. **পাশাপাশি দু'টি ধ্বনি বা বর্ণের মিলনকে কী বলে?**
ক. উপসর্গ খ. অনুসর্গ
গ. সমাস ঘ. সন্ধি **উ. ঘ**

ব্যাখ্যা : পাশাপাশি অবস্থিত দুটি ধ্বনি বা বর্ণের মিলনকে সন্ধি বলে। শব্দ বা ধাতুর পূর্বে যেসব অর্থহীন অব্যয় যুক্ত হয়ে নতুন শব্দ গঠন, শব্দের অর্থের সম্প্রসারণ, সংকোচন বা পরিবর্তন ঘটায় তাকে উপসর্গ বলে। যেসব অব্যয় বিশেষ্য ও সর্বনামের পরে বসে বিভক্তির মতো কাজ করে সেগুলোকে অনুসর্গ বলে। যে প্রক্রিয়ার মাধ্যমে একাধিক পদকে একপদে রূপান্তর করা যায় তাকে সমাস বলে।

৬. **'মুক্ত' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**
ক. √মু + ক্ত খ. √মহ + ক্ত
গ. √মুচ্ + ক্ত ঘ. √মৃচ্ + ক্ত **উ. গ**

ব্যাখ্যা : 'মুক্ত' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় হলো– √মুচ্ + ক্ত। পরিবর্তনের নিয়মানুযায়ী কিছু কিছু ধাতুর পরে প্রত্যয় যুক্ত হলে তাদের শেষ বর্ণ চ/জ এর স্থলে 'ক' এর আগমন ঘটে। যেমন : √সিচ্ + ত = সিক্ত, √ভুজ্ + ত = ভুক্ত।

৭. **বাংলা ভাষার যতি বা ছেদ চিহ্ন মোট কয়টি?**
ক. ৯টি খ. ১০টি
গ. ১১টি ঘ. ১২টি **উ. ঘ**

ব্যাখ্যা : বাংলাভার ভাষার যতি বা ছেদ চিহ্ন ১২টি। পূর্ণ বাক্যের শেষে ব্যবহৃত হয় এমন যদি বা ছেদ চিহ্ন- ৩টি। যথা- দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন ও আশ্চার্যবোধক চিহ্ন। আগে দুই দাঁড়ি (।।) চিহ্ন-ও পূর্ণ বাক্যের শেষে ব্যবহৃত হতো। বর্তমানে, ব্যাকরণে এর ব্যবহার নেই।

৮. **পাণিনি কে ছিলেন?**
ক. ভাষাবিদ খ. ঋগ্বেদবিদ
গ. বৈয়াকরণবিদ ঘ. আখ্যানবিদ **উ. গ**

ব্যাখ্যা : মূলত এখানে উত্তর হওয়ার কথা 'বৈয়াকরণ'। অপশন অনুসারে উত্তর হবে 'গ'। পাণিনি ছিলেন খ্রিস্টপূর্ব চতুর্থ শতাব্দীর একজন বিখ্যাত বৈয়াকরণ। তার রচিত বিখ্যাত ব্যাকরণ গ্রন্থের নাম 'অষ্টাধ্যায়ী'। বইটি তুলনামূলভাবে কঠিন ভাষায় রচিত হওয়ায় পতঞ্জলি বাইটিকে প্রাঞ্জল ভাষায় ব্যাখ্যা করেন।

৯. **ক্ষীয়মান-এর বিপরীত শব্দ কী?**
ক. বৃহৎ খ. বর্ধিষ্ণু
গ. বর্ধমান ঘ. বৃদ্ধিপ্রাপ্ত **উ. গ**

ব্যাখ্যা : 'ক্ষীয়মান' এর বিপরীত শব্দ বর্ধমান। তবে, ক্ষয়িষ্ণু এর বিপরীত শব্দ বর্ধিষ্ণু। অন্যদিকে, বৃহৎ-ক্ষুদ্র; বর্তমান-অতীত; বৃদ্ধিপ্রাপ্ত-ক্ষয়প্রাপ্ত।

১০. **'আমি' শব্দটি কোন লিঙ্গ?**
ক. পুংলিঙ্গ খ. স্ত্রীলিঙ্গ
গ. ক্লীব লিঙ্গ ঘ. উভয় লিঙ্গ **উ. ঘ**

ব্যাখ্যা : 'আমি' শব্দটি উভয় লিঙ্গ। যেসব শব্দ দ্বারা নারী-পুরুষ উভয় জাতিকেই বুঝায় তাকে উভয় লিঙ্গ বলে। যেমন : পাখি, সন্তান, শিশু, ডাক্তার, বিচারক ইত্যাদি।

১১. **বাংলা ব্যকরণ কোন পদে সংস্কৃতির লিঙ্গের নিয়ম মানে না?**
ক. বিশেষণ খ. অব্যয়
গ. সর্বনাম ঘ. বিশেষ্য **উ. খ**

ব্যাখ্যা : অব্যয় পদের লিঙ্গান্তর করা সম্ভব নয়। তাই বাংলা ব্যাকরণে অব্যয় পদ সংস্কৃতির লিঙ্গান্তরের নিয়ম মানে না।

১২. **'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ?**
ক. হিন্দি খ. উর্দু
গ. পর্তুগিজ ঘ. গ্রিক **উ. গ**

ব্যাখ্যা : 'পেয়ারা' পর্তুগিজ ভাষা থেকে আগত শব্দ। আরও কয়েকটি পর্তুগিজ ভাষার শব্দ হচ্ছে– নিলাম, আয়া, গামলা, আলমারি, আনারস, ইংরেজ ইত্যাদি।

১৩. নারীকে সম্বোধনের ক্ষেত্রে প্রযোজ্য হবে–

ক. কল্যাণীয়েষু খ. সুচরিতেষু
গ. শ্রদ্ধাস্পদাসু ঘ. প্রীতিভাজনেষু **উ. গ**

ব্যাখ্যা : নারীকে সম্বোধনের ক্ষেত্রে প্রযোজ্য হবে– শ্রদ্ধাস্পদাসু। সহজে মনে রাখুন, সম্বোধনের ক্ষেত্রে ব্যবহৃত পুরুষবাচক শব্দগুলোর শেষে 'ষ' হবে এবং আগের বর্ণটির সাথে 'এ-কার হবে আর স্ত্রীবাচক শব্দগুলোর শেষে 'স' থাকবে এবং আগের বর্ণের সাথে 'আ-কার হবে। যেমন : কল্যাণীয়েষু, সুচরিতেষু শব্দ দুটি পুরুষবাচক। এদের স্ত্রীবাচক শব্দ যথাক্রমে কল্যাণীয়াসু ও সুচরিতাসু।

১৪. নিচের কোনটিতে বিরাম চিহ্ন যথাযথভাবে ব্যবহৃত হয়নি?

ক. ডিসেম্বর ১৬, ১৯৭১ খ. ২৬ মার্চ, ১৯৯১
গ. ঢাকা, ২১ ফেব্রুয়ারি ১৯৫২
ঘ. পয়লা বৈশাখ, চৌদ্দশো একুশ **উ. গ**

ব্যাখ্যা : "ঢাকা, ২১ ফেব্রুয়ারি ১৯৫২"- এটিতে বিরাম চিহ্ন যথাযথভাবে ব্যবহৃত হয়নি। কারণ তারিখ, মাস ও সাল লেখার সময় তারিখ ও মাসের পরে কমা বসে। তাই যথাযথভাবে বিরাম চিহ্ন ব্যবহার করলে এটি হবে– ঢাকা, ২১ ফেব্রুয়ারি, ১৯৫২।

১৫. 'Superstitions' শব্দের অর্থ–

ক. যাদুবিদ্যা খ. সেতুবন্ধন
গ. কুসংস্কারাচ্ছন্ন ঘ. উপাসনা **উ. গ**

ব্যাখ্যা : Superstitions শব্দের অর্থ কুসংস্কারাচ্ছন্ন

১৬. নিচের কোনটি নিত্য সমাস?

ক. পঞ্চনদ খ. বেয়াদব
গ. দেশান্তর ঘ. ভালমন্দ **উ. গ**

ব্যাখ্যা : 'দেশান্তর' = অন্য দেশ (নিত্য সমাস)। মনে রাখুন, সমস্তপদে মাত্র এবং অন্তর থাকলে নিত্যসমাস হয়। যেমন : লোকান্তর, গৃহান্তর, যুগান্তর, কালান্তর ইত্যাদি। অন্যদিকে, পঞ্চনদ = পঞ্চ নদের সমাহার (দ্বিগু সমাস), বেয়াদব = নেই আদব যার (নঞ্ বহুব্রীহি), ভালমন্দ = ভালো ও মন্দ (দ্বন্দ্ব সমাস)।

১৭. Blue print-এর পারিভাষিক শব্দ কোনটি?

ক. চলচ্চিত্র খ. জীবনবৃত্তান্ত
গ. প্রতিচিত্র ঘ. পটভূমি **উ. গ**

ব্যাখ্যা : Blue print-এর পারিভাষিক শব্দ হচ্ছে– প্রতিচিত্র। আরও কয়েকটি পারিভাষিক শব্দ হলো– Bi-annual- অর্ধ-বার্ষিক, Bilateral- দ্বিপাক্ষিক।

১৮. গিন্নী, কেষ্ট শব্দ দুটি কোন ধরনের শব্দ?

ক. তৎসম খ. অর্ধ-তৎসম
গ. দেশী ঘ. বিদেশী **উ. খ**

ব্যাখ্যা : গিন্নী, কেষ্ট শব্দ দুটি অর্ধ-তৎসম। আরো কয়েকটি অর্ধ-তৎসম শব্দ হল– জোছনা, ছেরাদ্দ, বোষ্টম, কুচ্ছিত ইত্যাদি।

১৯. 'হাত ধুয়ে বসা' বাগধারার অর্থ কী?

ক. খেতে বসা খ. শুরু করা
গ. ভণ্ডামী করা ঘ. সাধু সাজা **উ. ঘ**

ব্যাখ্যা : 'হাত ধুয়ে বসা' বাগধারার অর্থ– সাধু সাজা, আশা ত্যাগ করা, নিশ্চিত বোধ করা।

২০. 'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

ক. শ্রবণ + অ খ. $\sqrt{শ্রী}$ + অন
গ. $\sqrt{শ্রু}$ + অন ঘ. $\sqrt{শ্রব}$ + অন **উ. গ**

ব্যাখ্যা : 'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় হলো– $\sqrt{শ্রু}$ + অন। ধাতুর শেষে উ-কার থাকলে গুণের নিয়মানুযায়ী ও-কার হয়। ও + অ এর সন্ধি হলে অব হয়। এটি সংস্কৃত কৃৎপত্যয়ের উদাহরণ।

২১. শুদ্ধ বানান কোনটি?

ক. শিরোচ্ছেদ খ. শিরচ্ছেদ
গ. শিরশ্ছেদ ঘ. শিরোঃচ্ছেদ **উ. গ**

ব্যাখ্যা : শুদ্ধ বানান হচ্ছে শিরশ্ছেদ। এটি বিসর্গ সন্ধি সাধিত শব্দ। এর সন্ধি বিচ্ছেদ হলো– শিরঃ + ছেদ = শিরশ্ছেদ। মনে রাখুন- শব্দের মাঝখানে শ, ষ, স, র, রেফ, ও-কার এগুলোর কোনো একটি থাকলে সেটি বিসর্গ সন্ধি হয়। যেমন : আস্পদ, দুষ্কর, নিষ্কর, দুর্নীতি, মনোরম ইত্যাদি।

২২. 'মনস্তাপ'-এর সন্ধি বিচ্ছেদ–

ক. মন + তাপ খ. মনস + তাপ
গ. মনো + তাপ ঘ. মনঃ + তাপ **উ. ঘ**

ব্যাখ্যা : মনস্তাপ এর সন্ধি বিচ্ছেদ হলো– মনঃ + তাপ। এটি সংস্কৃত বা তৎসম স-জাত বিসর্গ সন্ধির উদাহরণ।

২৩. সমাসের রীতি কোন ভাষা থেকে আগত?

ক. আরবি খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. ইংরেজি **উ. গ**

ব্যাখ্যা : সমাসের রীতি সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে। পরস্পর অর্থ সঙ্গতি বিশিষ্ট একাধিক পদের একপদে রূপান্তর করাকে সমাস বলে।

২৪. নিচের কোনটি অর্ধ-তৎসম শব্দ?

ক. গিন্নী খ. হস্ত
গ. গঞ্জ ঘ. তসবি **উ. ক**

ব্যাখ্যা : গিন্নী অর্ধ-তৎসম শব্দ। এটির তৎসম রূপ হচ্ছে গৃহিনী।

২৫. শিরোনামের প্রধান অংশ কোনটি?

ক. ডাক টিকিট খ. পোস্টাল কোড
গ. প্রেরকের ঠিকানা ঘ. প্রাপকের ঠিকানা **উ. ঘ**

ব্যাখ্যা : পত্রের বাইরের অংশকে শিরোনাম বলে। শিরোনামের প্রধান অংশ হচ্ছে প্রাপকের ঠিকানা।

২৬. The antonym of the word 'liberty' is–

ক. liberal খ. bondage
গ. frugal ঘ. diversity **উ. খ**

ব্যাখ্যা : Liberty- শব্দটির অর্থ মুক্তি, স্বাধীনতা; Bondage - দাসত্ব, বন্দিদশা। যা পরস্পর বিপরীত। অন্যদিকে, liberal- উদার; frugal - মিতব্যয়ী, হিসাবী; diversity - বিভিন্নতা, বৈচিত্র্য।

২৭. **The synonym of the word 'call' is–**
ক. summon খ. exile
গ. impede ঘ. recollection উ. ক

ব্যাখ্যা : Call (v.)- ডাকা, আহ্বান জানানো; Summon (v.)- তলব করা, ডেকে আনা। যা পরস্পর সমার্থক। অন্যদিকে, exile (v.)- নির্বাসিত করা বা বিতাড়িত করা; impede - বাধা দেওয়া; recollection - পুনঃস্মরণ।

২৮. **It takes two – make a quarrel.**
ক. too খ. for
গ. to ঘ. in order to উ. গ

ব্যাখ্যা : 'It takes two to make a quarrel'- এটি একটি প্রবাদ। এর বাংলা অর্থ হল- 'এক হাতে তালি বাজে না।' অতএব, বাক্যের শূন্যস্থানে 'to' হবে।

২৯. **Death is – to dishonour.**
ক. prefer খ. preferrence
গ. preferable ঘ. preferring উ. গ

ব্যাখ্যা : এটি একটি প্রবাদ। এর বাংলা অর্থ হল 'অপমানের চেয়ে মৃত্যু শ্রেয়।' অতএব, বাক্যটির শূন্যস্থানে 'to' বসবে।

৩০. **Grasp all, –**
ক. lost all খ. losing all
গ. loses all ঘ. lose all উ. ঘ

ব্যাখ্যা : 'Grasp all, lose all'- এটি একটি প্রবাদ বাক্য। এর বাংলা অর্থ হল- 'অতি লোভে তাঁতি নষ্ট।'

৩১. **Please look above. Here 'above' is–.**
ক. Adjective খ. adverb
গ. noun ঘ. conjunction উ. খ

ব্যাখ্যা : 'Above' শব্দটি 'look' verb কে modify করেছে। আমরা জানি, verb কে modify করে adverb.

৩২. **'Look before you leap.' The word 'before' used in the sentence is–.**
ক. preposition খ. conjunction
গ. adverb ঘ. noun উ. খ

ব্যাখ্যা : 'ভাবিয়া করিও কাজ, করিয়া ভাবিও না।'- এটি একটি প্রবাদ বাক্য। এর ইংরেজি হচ্ছে- 'Look before you leap'. এই বাক্যটিতে 'before' conjunction হিসেবে ব্যবহৃত হয়েছে। কারণ, এখানে 'before' দুটি বাক্যকে যুক্ত করেছে। প্রশ্নে প্রদত্ত বাক্যে 'look' verb এর আগে 'You' subject টি উহ্য রয়েছে।

৩৩. **Read to learn. (Complex)**
ক. By reading, you will learn
খ. In case of failure to read, you will not learn
গ. If you read, you will learn
ঘ. Read and learn উ. গ

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটির অর্থ হচ্ছে- 'জানার জন্য পড়।' এটি একটি Simple Sentence. উক্ত বাক্যটিকে Complex বাক্যে পরিবর্তন করলে করলে হবে- 'পড় যাতে তুমি জানতে পার'– 'Read so that you can learn.' তবে, প্রশ্নে প্রদত্ত অপশনগুলো উত্তরটি না থাকায় কাছাকাছি উত্তর অপশন (গ)।

৩৪. **He is the best player. (Negative)**
ক. No other player is as better as he
খ. No other player is as good as he
গ. No other player is considered as best as he
ঘ. No other player is as best as he উ. খ

ব্যাখ্যা : 'the best' যুক্ত superlative sentence -কে Negative/Positive Degree -তে পরিবর্তন করার নিয়ম : No other + Superlative degree এর পরের অংশ + verb + so/as + superlative degree-এর positive form + as + বাক্যের subject.

৩৫. **He is so dishonest that he cannot speak the truth. (Simple)**
ক. He is too dishonest that he cannot speak the truth
খ. He is too dishonest to be spoken the truth
গ. He is too dishonest to speak the truth
ঘ. He is very dishonest and cannot speak the truth উ. গ

ব্যাখ্যা : So ... that যুক্ত Complex sentence- কে Simple sentence- এ পরিবর্তনের নিয়ম : Sub + be verb + too + Adjective + to + verb.

৩৬. **I (help) you if I could.**
ক. I would help খ. I would be helped
গ. I would have helped ঘ. I helped উ. ক

ব্যাখ্যা : Unreal Conditional sentence এর নিয়ম অনুযায়ী, If + Past indefinite + Subject + would/could/might + verb-এর base form.

৩৭. **The synonym of the word 'scream' is–**
ক. yell খ. sound
গ. cry ঘ. loudly উ. ক

ব্যাখ্যা : Scream -আর্তনাদ করা বা চিৎকার করে কাঁদা; Yell - আর্তনাদ করা বা চিৎকার করে কাঁদা। যা পরস্পর সমার্থক। অন্যদিকে, Sound – শব্দ বা আওয়াজ; Cry -কান্না করা, চিৎকার করা; loudly উচ্চস্বরে।

৩৮. **The passive form of 'Don't do it' is–**
ক. Let not it be done খ. Let it be not done
গ. Let it be done ঘ. Let it not be done উ. ক

ব্যাখ্যা : Don't দ্বারা কোনো Imperative sentence শুরু হলে সেই বাক্যকে Passive করার নিয়ম হল : Let not + object এর Subjective রূপ + be + verb- এর past participle form.

৩৯. Some interesting facts about your past have just come to light. Here 'Come to light' means–.
ক. go near to light খ. to become known
গ. to realize ঘ. to lit a light উ. খ
ব্যাখ্যা : 'Come to light' phrase টির অর্থ 'প্রকাশিত হওয়া'। যা 'to become known' এর সমার্থক।

৪০. He came to Dhaka with a view to– a new place.
ক. visit খ. visiting
গ. watch ঘ. look উ. খ
ব্যাখ্যা : With a view to/ look forward to, accustomed to এর পর verb + ing হয়।

৪১. জ্ঞানীরা বেশি কথা বলেন না।
ক. The wises do not talk much
খ. The wise does not talk much.
গ. The wise do not talk much
ঘ. The wise men does not talk much উ. গ
ব্যাখ্যা : আমরা জানি, কোনো adjective এর পূর্বে article 'the' ব্যবহৃত হলে তা plural common noun হয়ে যা এবং এর সাথে plural verb বসে। এখানে adjective 'wise' এর পূর্বে The বসার ফলে এটি plural common noun হয়ে গেছে।

৪২. দাঁড়াও, আমি এখনি আসছি।
ক. Stand, I come now. খ. Wait, I am coming now.
গ. Keep standing,I am coming now.
ঘ. Stand here, I am coming. উ. খ
ব্যাখ্যা : এখানে 'দাঁড়াও' দ্বারা মূলত 'অপেক্ষা করা'কে বোঝানো হয়েছে। অতএব, সঠিক উত্তর অপশন (খ)।

৪৩. সে এক সপ্তাহ যাবত অসুস্থ।
ক. He has been ill since a week
খ. He has been ill till a week
গ. He has been ill for a week
ঘ. He has been ill during a week উ. গ
ব্যাখ্যা : বর্তমানেকালে দীর্ঘ সময় ধরে বোঝাতে Present perfect continuous tense হয় এবং যাবত/ধরে বোঝাতে 'for' হয়। তাই সঠিক উত্তর অপশন (গ)।

৪৪. এটা যেন বিনা মেঘে বজ্রপাত।
ক. It is as if a thunder from the clouds.
খ. It is a bolt from the blue.
গ. It is a strong thunder.
ঘ. It is bolts from the blues. উ. খ
ব্যাখ্যা : 'বিনা মেঘে বজ্রপাত'- কথাটি 'A bolt from the blue' দ্বারা প্রকাশ পায়। কারণ, এটি phrase.

৪৫. He and I _ well.
ক. am খ. is
গ. are ঘ. been উ. গ
ব্যাখ্যা : কোনো বাক্যে and দ্বারা দুটি Subject যুক্ত হলে verb plural হয়। তাই সঠিক উত্তর অপশন (গ)।

৪৬. If we practised speaking English, we – speak better.
ক. could খ. could have
গ. can ঘ. wuold have উ. ক
ব্যাখ্যা : If + Past indefinite tense + Subject + would/could/might + Verb এর base form + extension হয়।

৪৭. It is health which is–.
ক. asset খ. wealth
গ. valuable ঘ. precious উ. খ
ব্যাখ্যা : এটি একটি প্রবাদ। যার মূল অর্থ হল- 'স্বাস্থ্যই সম্পদ'। অতএব, শূন্যস্থানে 'wealth' শব্দটি বসবে।

৪৮. I have no money – hand.
ক. in খ. by
গ. at ঘ. on উ. ক
ব্যাখ্যা : 'in hand' অর্থ 'হাতে থাকা'। যেমন : আমার হাতে কোনো টাকা নেই' এর ইংরেজি– I have no money in hand.

৪৯. Did he see anyone in the room? (assertive)
ক. He saw no one in the room.
খ. He did not see someone in the room
গ. He saw anyone in the room.
ঘ. He saw someone in the room. উ. ক
ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যে 'anyone' থাকায় এটিকে assertive বাক্যে রূপান্তর করলে একটি negative sentence-এ negative sentence হবে। অতএব, সঠিক উত্তর অপশন (ক)।

৫০. The fruit is sweet – the taste.
ক. by খ. with
গ. for ঘ. to উ. ক
ব্যাখ্যা : আমরা জানি, কোনো ব্যক্তি বা বস্তুর সম্পর্কে অতিরিক্ত তথ্য উল্লেখ করার ক্ষেত্রে সাধারণত preposition হিসেবে by বসে।

৫১. ৬০ থেকে ৮০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যাদ্বয়ের গড় কত?
ক. ৭০ খ. ৬৭ গ. ৮০ ঘ. ৭৭ উ. ক
ব্যাখ্যা : ৬০ ও ৮০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা হচ্ছে যথাক্রমে ৬১ ও ৭৯।
সুতরাং, এই মৌলিক সংখ্যাদ্বয়ের গড়
$= \frac{৬১ + ৭৯}{২} = \frac{১৪০}{২} = ৭০$

৫২. দুইটি সংখ্যার ল. সা. গু ৩৬ ও গ. সা. গু ৬। একটি সংখ্যার ১২ হলে, অপর সংখ্যাটি কত?
ক. ৯ খ. ১২ গ. ১৫ ঘ. ১৮ উ. ঘ
ব্যাখ্যা : আমরা জানি,
একটি সংখ্যা × অপর সংখ্যা = ল. সা. গু × গ. সা. গু
$\Rightarrow$ ১২ × অপর সংখ্যা = ৩৬ × ৬
$\Rightarrow$ অপর সংখ্যা $= \frac{৩৬ \times ৬}{১২} = ১৮$ (উত্তর)

৫৩. ঘণ্টায় x মাইল বেগে y মাইল দূরত্ব অতিক্রম করতে কত সময় লাগবে?

ক. $\frac{x}{y}$ ঘণ্টা খ. x ঘণ্টা গ. y ঘণ্টা ঘ. $\frac{y}{x}$ ঘণ্টা **উ. ঘ**

ব্যাখ্যা : আমরা জানি, সময় $= \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}} = \frac{y}{x}$

৫৪. ৭৫ সংখ্যাটি কোন সংখ্যার ২৫%?

ক. ২০০ খ. ৩০০ গ. ১০০ ঘ. ৪০০ **উ. খ**

ব্যাখ্যা : ধরি, সংখ্যাটি = x

প্রশ্নমতে, x এর ২৫% = ৭৫

$\Rightarrow$ x এর ২৫% = ৭৫

$\Rightarrow \frac{২৫x}{১০০} = ৭৫$

$\Rightarrow ২৫x = ৭৫০০$

$\Rightarrow x = \frac{7500}{25}$ $\therefore x = ৩০০$

৫৫. বার্ষিক $৩\frac{১}{৩}$% হার সুদে ১৩৫০ টাকা কত বছরে সুদে-আসলে ১৬২০ টাকা হবে?

ক. ৫ বছরে খ. ৮ বছরে গ. ৭ বছরে ঘ. ৬ বছরে **উ. ঘ**

ব্যাখ্যা : সুদে-আসলে = ১৬২০ টাকা

আসল = ১৩৫০ টাকা

$\therefore$ সুদ = (১৬২০ − ১৩৫০) টাকা = ২৭০ টাকা

অতএব, সময় $= \frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{হার}} = \frac{১০০ \times ২০০}{১৩৫০ \times ৩\frac{১}{৩}}$

$= \frac{১০০ \times ২৭০}{১৩৫০ \times \frac{১০}{৩}} =$ ৬ বছর (উত্তর)

৫৬. টাকায় ১০টি ও টাকায় ১৫টি দরে সমান সংখ্যক লিচু কিনে সবগুলো লিচু টাকায় ১২টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

ক. ২৫% লাভ খ. ২৫% ক্ষতি

গ. ৩০% লাভ ঘ. লাভ বা ক্ষতি কিছুই হবে না **উ. ঘ**

ব্যাখ্যা : দেওয়া আছে, ১০টি লিচুর ক্রয়মূল্য = ১ টাকা

$\therefore$ ১ " " $= \frac{১}{১০}$ "

আবার, ১৫টি লিচুর ক্রয়মূল্য = ১ টাকা

$\therefore$ ১ " " " $= \frac{১}{১৫}$ "

$\therefore$ ২টি লিচুর ক্রয়মূল্য $= \frac{১}{১০} + \frac{১}{১৫} = \frac{৩+২}{৬} = \frac{১}{৬}$ টাকা

যেহেতু, প্রতিটি লিচুর ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য উভয়ই সমান। তাই, লাভ বা ক্ষতি কিছুই হবে না।

৫৭. ৬০ লিটার পানি ও চিনির সংমিশ্রণের অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে আর কত লিটার চিনি মিশালে অনুপাত ৩ : ৭ হবে?

ক. ৭০ লিটার খ. ৬০ লিটার

গ. ৮০ লিটার ঘ. ৫০ লিটার **উ. গ**

ব্যাখ্যা : বর্তমানে মিশ্রণে পানির পরিমাণ $= ৬০ \times \frac{৭}{১০}$ লিটার

$= ৪২$ লিটার

চিনির পরিমাণ $= ৬০ \times \frac{৩}{১০} = ১৮$ লিটার

মনে করি, 'ক' লিটার চিনি মিশাতে হবে

$\therefore ৪২ : (১৮ + ক) = ৩ : ৭$

$\Rightarrow \frac{৪২}{১৮ + ক} = \frac{৩}{৭}$

$\Rightarrow ৫৪ + ৩ক = ২৯৪$

$\therefore ক = ৮০$ লিটার (উত্তর)

৫৮. $2a^2 + 6a - 80$ এর উৎপাদক কোনটি?

ক. $2(a - 8)$ খ. $(a + 5)$

গ. $(a - 4)$ ঘ. $(a + 8)$ **উ. ঘ**

ব্যাখ্যা : $2a^2 + 6a - 80$

$= 2(a^2 + 3a - 40)$

$= (2(a^2 + 8a - 5a - 40)$

$= 2(\{a(a + 8) - 5(a + 8)\}$

$= 2(a + 8)(a - 5)$

অতএব, উত্তর হবে : $(a + 8)$

৫৯. দুইটি সংখ্যার বর্গের সমষ্টি ও অন্তরফল যথাক্রমে 61 ও 11 হলে, সংখ্যা দুইটি কী কী?

ক. (7, 6) খ. (7, 4) গ. (12, 1) ঘ. (6, 5) **উ. ঘ**

ব্যাখ্যা : মনে করি, সংখ্যা দুইটি x এবং y

$\therefore x^2 + y^2 = 61$ ..... (i)

$x^2 - y^2 = 11$ ..... (ii)

(+) $2x^2 = 72$

$\Rightarrow x^2 = 36$

$\Rightarrow x = 6$

(i) নং হতে $y^2 = 61 - x^2$

$\Rightarrow y^2 = 61 - 6^2$

$\Rightarrow y^2 = 25$

$\therefore y = 5$ $\therefore (x, y) = (6, 5)$

৬০. একটি সংখ্যা ও তার গুণাত্মক বিপরীতের সমষ্টি $\sqrt{3}$. সংখ্যার ঘন ও ঘন-এর গুণাত্মক বিপরীতের সমষ্টি কত?

ক. $-2\sqrt{3}$ খ. 0

গ. $2\sqrt{3}$ ঘ. $3\sqrt{3}$ **উ.**

ব্যাখ্যা : দেওয়া আছে,

$$x+\frac{1}{x}=\sqrt{3}$$

অতএব, $x^3+\frac{1}{x^3}=\left(x+\frac{1}{x}\right)^3-3.x.\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$

$=(\sqrt{3})^3-3.\sqrt{3}$

$=3.\sqrt{3})-3.\sqrt{3}=0$ (উত্তর)

৬১. 0, 2, 3 এর গ. সা. গু কত?

ক. 3 খ. 2 গ. 1 ঘ. 0 **উ. গ**

ব্যাখ্যা : $0=1\times 0$

$2=1\times 2$

$3=1\times 3$

এদের সাধারণ উৎপাদক = 1

∴ নির্ণেয় গ. সা. গু. হবে = 1

৬২. তিনটি ঘণ্টা একত্রে বাজার পর তারা যথাক্রমে 2 ঘণ্টা, 3 ঘণ্টা ও 4 ঘণ্টা পরপর বাজতে থাকলো। 1 দিনে তারা কতবার একত্রে বাজবে?

ক. 12 বার খ. 6 বার

গ. 4 বার ঘ. 3 বার **উ. ঘ**

ব্যাখ্যা : 2, 3 ও 4 এর ল. সা. গু = 12

∴ 12 ঘণ্টা পর তারা একত্রে আবার বাজবে।

∴ 12 ঘণ্টায় তারা $\frac{24}{12}$ বা 2 বার বাজবে।

ঘণ্টাগুলো দিনের শুরুতে একবার বাজার পর 1 দিনে আরও 2 বার বাজবে। অতএব, 1 দিনে ঘণ্টাগুলো বাজবে মোট (2 + 1) = 3 বার।

৬৩. $\log_x 5=2$ হলে, x = কত?

ক. $\sqrt{5}$ খ. 25 গ. $-\sqrt{5}$ ঘ. $\pm\sqrt{5}$ **উ. ক**

ব্যাখ্যা : দেয়া আছে, $\log_x 5=2$

$\Rightarrow x^2=5$

$\therefore x=\sqrt{5}$ (Ans)

৬৪. নিচের কোনটি মূলদ সংখ্যা?

ক. $\sqrt[3]{6}$ খ. π গ. $\sqrt{2}$ ঘ. $\sqrt[3]{8}$ **উ. ঘ**

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত অপশনগুলোর মধ্যে কেবল অপশন (ঘ) মূলদ সংখ্যা।

অপশন (ঘ) $=\sqrt[3]{8}=\sqrt[3]{2^3}=2^{\frac{3}{3}}=2$

এটি একটি মূলদ সংখ্যা। অতএব সঠিক উত্তর : $\sqrt[3]{8}$

৬৫. $3.2^n-4.2^{n-2}$ = কত?

ক. 1 খ. 2^{n+1} গ. 3 ঘ. 2^n **উ. খ**

ব্যাখ্যা : $3.2^n-4.2^{n-2}$

$=3.2^n-2^2.2^{n-2}$

$=3.2^n-2^{2+n-2}$

$=3.2^n-2^n$

$=2^n(3-1)$

$=2^n.2=2^{n+1}$

৬৬. $\left(\frac{x}{2}\right)^{a+1}=1$ হলে, a এর মান কত?

ক. 0 খ. 2

গ. 1 ঘ. –1 **উ. ঘ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $\left(\frac{x}{2}\right)^{a+1}=1$

$\Rightarrow\left(\frac{x}{2}\right)^{a+1}=\left(\frac{x}{2}\right)^0$

$\Rightarrow a+1=0 \quad \therefore a=-1$

৬৭. একটি সংখ্যা ও তার গুণাত্মক বিপরীতের সমষ্টি 2 হলে, সংখ্যাটি কত?

ক. –1 খ. 1 গ. 2 ঘ. $\frac{1}{2}$ **উ. খ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $x+\frac{1}{x}=2$

$\Rightarrow\frac{x^2+1}{x}=2$

$\Rightarrow x^2+1=2x$

$\Rightarrow x^2-2x+1=0$

$\Rightarrow (x-1)^2=0$ [$(a-b)^2$ এর সূত্র প্রয়োগ করে]

$\Rightarrow x-1=0 \quad \therefore x=1$

৬৮. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল কত হবে, যেখানে উহার সমান সমান বাহুদ্বয়ের দৈর্ঘ্য 50 সে. মি. ও ভূমি 60 সে. মি.?

ক. 10000 বর্গ সে. মি. খ. 11000 বর্গ সে.মি.

গ. 1200 বর্গ সে. মি. ঘ. 1100 বর্গ সে. মি. **উ. গ**

ব্যাখ্যা : সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $=\frac{b}{4}\sqrt{4a^2-b^2}$

$=\frac{60}{4}\sqrt{4.(50)^2-(60)^2}$

$=15\sqrt{4\times 2500-3600}$

$=15\sqrt{10000-3600}$

$=15\sqrt{6400}$

$=15\times 80$

$=1200$ বর্গ সে.মি.

৬৯. ৫ সে. মি. বাহুবিশিষ্ট বর্গের কর্ণের দৈর্ঘ্য কত?

ক. $2\sqrt{5}$ সে. মি. খ. $\sqrt{10}$ সে. মি.

গ. $5\sqrt{2}$ সে. মি. ঘ. $5\sqrt{5}$ সে. মি. **উ. গ**

ব্যাখ্যা : আমরা জানি, বর্গের এক বাহুর দৈর্ঘ্য = a একক হলে,

বর্গের কর্ণের দৈর্ঘ্য = $a\sqrt{2}$ একক

$=5\sqrt{2}$ সে. মি. [মান বসিয়ে]

Job Navigator

৭০. **একটি রম্বসের কর্ণদ্বয় 5 সে. মি. ও 6 সে. মি. হলে, এর ক্ষেত্রফল কত?**

ক. 30 বর্গ সে. মি. খ. 25 বর্গ সে. মি.
গ. 20 বর্গ সে. মি. ঘ. 15 বর্গ সে. মি. **উ. ঘ**

ব্যাখ্যা : আমরা জানি, রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল

$= \frac{১}{২}$ (৫ × ৬) [কর্ণদ্বয়ের মান বসিয়ে]

= ১৫ বর্গ সে. মি.

৭১. **2 সে. মি. বাহুবিশিষ্ট একটি বর্গের অভ্যন্তরে অন্তঃবৃত্ত অঙ্কিত হলো। বৃত্তদ্বারা বর্গের অনধিকৃত অংশের ক্ষেত্রফল কত বর্গ সে. মি.?**

ক. $\pi - 4$ খ. $8 - \pi^2$
গ. $4 - \pi$ ঘ. $2 - \pi$ **উ. গ**

ব্যাখ্যা :



বর্গের ক্ষেত্রফল $= 2^2 = 4$

বৃত্তের ব্যাস $2r = 2$, ব্যাসার্ধ $r = 1$

$\therefore$ বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$

= বৃত্তের ক্ষেত্রফল

$= \pi . 1^2$

$= \pi$

$\therefore$ অনধিকৃত অংশের ক্ষেত্রফল $= 4 - \pi$

৭২. **$\sin\theta = \frac{4}{5}$ হলে, $\tan\theta =$ কত?**

ক. $\frac{4}{3}$ খ. $\frac{3}{4}$
গ. $\frac{3}{5}$ ঘ. $\frac{5}{4}$ **উ. ক**

ব্যাখ্যা : $\cos\theta = \sqrt{1-\sin^2\theta}$

$= \sqrt{1-\left(\frac{4}{5}\right)^2}$

$= \sqrt{1-\frac{16}{25}} = \sqrt{\frac{9}{25}} = \frac{3}{5}$

$\therefore \tan\theta = \frac{\sin\theta}{\cos\theta} = \frac{\frac{4}{5}}{\frac{3}{5}} = \frac{4}{5} \times \frac{5}{3} = \frac{4}{3}$

৭৩. **চতুর্ভুজের চার কোণের অনুপাত 1 : 2 : 2 : 3 হলে, বৃহত্তম কোণের পরিমাণ কত হবে?**

ক. 100° খ. 115°
গ. 135° ঘ. 225° **উ. গ**

ব্যাখ্যা : চতুর্ভুজের চার কোণের অনুপাতের সমষ্টি $= 1 + 2 + 2 + 3 = 8$

আমরা জানি, যেকোনো চতুর্ভুজের চার কোণের সমষ্টি $= 360°$

$\therefore$ বৃহত্তম কোণের পরিমাণ $= 360° \times \frac{3}{8} = 135°$

৭৪. **১ ইঞ্চি = কত সে. মি.?**

ক. ৫.২৪ সে. মি. খ. ৪.২৫ সে. মি.
গ. ২.৫৪ সে. মি. ঘ. ৪.৫২ সে. মি. **উ. গ**

ব্যাখ্যা : ১ ইঞ্চি = ২.৫৪ সেমি। ১ মিটার = ৩৯.৩৭ ইঞ্চি।

৭৫. **ΔABC-এর BC বাহুকে D পর্যন্ত বর্ধিত করা হল। $\angle A = 60°$ এবং $\angle B = 90°$ হলে, $\angle ACD =$ কত?**

ক. 90° খ. 60°
গ. 120° ঘ. 150° **উ. ঘ**

ব্যাখ্যা : ΔABC এ $\angle A + \angle B + \angle C = 180°$

$\Rightarrow 60° + 90° + \angle C = 180°$

$\therefore \angle C = 30°$

আবার, $\angle ACB + \angle ACD = 180°$

$\Rightarrow 30° + \angle ACD = 180°$

$\therefore \angle ACD = 150°$



৭৬. **বাংলাদেশের প্রাচীনতম নগরকেন্দ্র কোনটি?**

ক. ময়নামতি খ. পাহাড়পুর
গ. মহাস্থানগড় ঘ. সোনারগাঁও **উ. গ**

ব্যাখ্যা : বাংলাদেশের প্রাচীনতম জনপদ পুণ্ড্র। পুণ্ড্রের রাজধানী ছিল পুণ্ড্রনগর। এটি বাংলাদেশের প্রাচীনতম নগরকেন্দ্র। পুণ্ড্রনগরের বর্তমান নাম মহাস্থানগড়। এটি বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় করতোয়া নদীর তীরে অবস্থিত। শাহ সুলতান বলখীর মাজার, বৈরাগীর ভিটা, বেহুলার বাসরঘর মহাস্থানগড়ে অবস্থিত।

৭৭. **বাংলাদেশ রেলওয়ের সর্ববৃহৎ কারখানা কোথায়?**

ক. চট্টগ্রাম খ. পাকশি
গ. সৈয়দপুর ঘ. আখাউড়া **উ. গ**

ব্যাখ্যা : বাংলাদেশের সর্ববৃহৎ রেলওয়ে কারখানা নীলফামারী জেলার সৈয়দপুরে অবস্থিত। বাংলাদেশের সর্ববৃহৎ রেলওয়ে স্টেশন ঢাকার কমলাপুর (স্থপতি বব বুই)। বাংলাদেশের বৃহত্তম রেল সেতু 'হার্ডিঞ্জ ব্রিজ' (১৯১৫) পাবনার পাকশিতে অবস্থিত। উপমহাদেশে রেল গাড়ি চালু করেন লর্ড ডালহৌসি ১৮৫০ সালে।

Job Navigator

৭৮. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?
ক. ১৩৬তম খ. ১৩৭তম
গ. ১৩৮তম ঘ. ১৩৯তম উ. ক
ব্যাখ্যা : বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম দেশ হিসেবে সদস্যপদ লাভ করে ১৯৭৪ সারের ১৭ সেপ্টেম্বর সাধারণ পরিষদের ২৯তম অধিবেশনে। আর ২৫ সেপ্টেম্বর ১৯৭৪ সালের সেই অধিবেশনেই বঙ্গবন্ধু জাতিসংঘের সাধারণ পরিষদে বাংলায় ভাষণ দেন।

৭৯. বাংলাদেশের কোন বনাঞ্চলকে ওয়ার্ল্ড হেরিটেজ সাইট ঘোষণা করা হয়েছে?
ক. মধুপুর বন খ. সুন্দরবন
গ. বান্দরবন ঘ. হিমছড়ি উ. খ
ব্যাখ্যা : UNESCO সুন্দরবনকে World Heritage Site হিসেবে ঘোষণা করে ৬ ডিসেম্বর ১৯৯৭। এটি UNESCO এর ৭৯৮ তম বিশ্ব ঐতিহ্য এলাকা। সুন্দরবন পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বন। সুন্দরবনের মোট আয়তন ১০,০০০ বর্গ কি.মি.। মোট আয়তনের ৬২% বাংলাদেশে পড়েছে। এটি বাংলাদেশে ৫টি জেলায় বিস্তৃত। একে বলা হয় 'বাংলাদেশের ফুসফুস'।

৮০. http-এর সংক্ষিপ্ত রূপ কোনটি?
ক. Hyper Text Transfer Protocol
খ. High Test Termination Procedure
গ. Harvard Teletext Proof
ঘ. Highest Times Technical Professional উ. ক
ব্যাখ্যা : http এর পূর্ণরূপ হচ্ছে Hyper Text Transfer Protocol। Web Browser এর মাধ্যমে Web Page দেখার জন্য এই প্রোটোকল ব্যবহৃত হয়।

৮১. CIRDAP-এর সদরদপ্তর কোথায়?
ক. নয়াদিল্লি খ. ঢাকা
গ. ম্যানিলা ঘ. কুয়ালালামপুর উ. খ
ব্যাখ্যা : CIRDAP হচ্ছে Centre on Integrated Rural Development for Asia and the Pacific। খাদ্য ও কৃষি সংস্থা (FAO) এর উদ্যোগে এটি ১৯৭৯ সালে সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর ঢাকায় (সুপ্রিম কোর্টের সামনে) অবস্থিত। এশীয় উন্নয়ন ব্যাংক (ADB, ১৯৬৬) এর সদর দপ্তর ফিলিপাইনের ম্যানিলায় অবস্থিত। সার্ক বিশ্ববিদ্যালয় নয়াদিল্লিতে অবস্থিত।

৮২. সার্ক কোন বছর প্রতিষ্ঠিত হয়?
ক. ১৯৭৫ খ. ১৯৮৫
গ. ১৯৮৭ ঘ. ১৯৯০ উ. খ
ব্যাখ্যা : ১৯৮৫ সালের ৮ ডিসেম্বর ঢাকায় জন্ম নেয়া সার্কের প্রথম মহাসচিব (Secretary- General) ছিলেন বাংলাদেশের আবুল আহসান। আর সার্কের বর্তমান ও ১৫তম মহাসচিব হলেন বাংলাদেশের গোলাম সারওয়ার। সার্কের মহাসচিবের মেয়াদ ৩ বছর। সার্কের সদস্য ৮; সদর দপ্তর নেপালের কাঠমান্ডুতে অবস্থিত।

৮৩. সাবান তৈরির উপজাত হিসেবে পাওয়া যায়–
ক. গ্লিসারিন খ. সিলিকন
গ. ইথানল ঘ. সোডিয়াম উ. ক
ব্যাখ্যা : সাবান এক ধরনের পরিষ্কারক। সাবানের রাসায়নিক নাম সোডিয়াম স্টিয়ারেট। সাবান তৈরির মূল উপাদান তৈল বা চর্বি। এটি তৈরিতে উপজাত হিসেবে গ্লিসারিন পাওয়া যায়।

৮৪. কীট-পতঙ্গ সম্পর্কিত বিদ্যা হলো–
ক. জিওলোজি খ. এ্যানথ্রপলোজি
গ. এনটোমলজি ঘ. নিউরোলজি উ. গ
ব্যাখ্যা : এনটোমলজি (Entomology) হচ্ছে কীট পতঙ্গ সম্পর্কিত বিজ্ঞান। স্নায়ু বিষয়ক বিজ্ঞান নিউরোলজি (Neurology), মানুষের উৎপত্তি ও বিকাশ সম্পর্কিত বিজ্ঞান Anthropology বা নৃবিজ্ঞান। Geology হচ্ছে ভূতত্ত্ববিদ্যা।

৮৫. নায়াগ্রা জলপ্রপাত কোথায় অবস্থিত?
ক. যুক্তরাষ্ট্র – কানাডা খ. যুক্তরাষ্ট্র - মেক্সিকো
গ. কানাডা - অস্ট্রেলিয়া ঘ. যুক্তরাষ্ট্র - ব্রাজিল উ. ক
ব্যাখ্যা : নায়াগ্রা বিশ্বের প্রশস্ততম জলপ্রপাত (Water Falls)। এটি যুক্তরাষ্ট্র ও কানাডায় অবস্থিত। বিশ্বের উচ্চতম জলপ্রপাত এঞ্জেল ফলস ভেনিজুয়েলায় অবস্থিত (উচ্চতা ৩২১২ ফুট বা ৯৭৯ মি.)। স্ট্যানলি ও লিভিংস্টোন দুটি জলপ্রপাত আফ্রিকার কঙ্গোতে অবস্থিত।

৮৬. ইউনিসেফের ২০১৪ সালের প্রতিবেদন অনুযায়ী, বাল্যবিবাহে শীর্ষ দেশ কোনটি?
ক. নাইজার খ. বাংলাদেশে
গ. শাদ ঘ. মালি উ. ক
ব্যাখ্যা : ২১ বছরে কম বয়সী ছেলে এবং ১৮ বছরের কম বয়সী মেয়ের বিবাহ বাংলাদেশের আইন অনুযায়ী বাল্য বিবাহ। দক্ষিণ এশিয়ায় বাল্য বিবাহে শীর্ষ দেশ বাংলাদেশ। বাল্য বিবাহ একটি শাস্তিযোগ্য অপরাধ।

৮৭. 'ইবোলা' ভাইরাস এর উৎপত্তিস্থল কোথায়?
ক. সিয়েরালিওন খ. কঙ্গো
গ. লিবিয়া ঘ. ইথিওপিয়া উ. খ
ব্যাখ্যা : ইবোলা ভাইরাস শনাক্ত হয় ১৯৭৬ সালে কঙ্গোতে। কঙ্গোর ইবোলা নদীর তীরে প্রথম সংক্রমণ হয় বলে নদী নাম ভাইরাসটির নামকরণ করা হয়েছে। এ ভাইরাস এর বাহক বাদুড় (নিপাহ ভাইরাসের বাহকও বাদুড়)।

৮৮. বাংলাদেশের রাজনৈতিক সমুদ্রসীমা কত?
ক. ১২ নটিক্যাল মাইল খ. ২০০ নটিক্যাল মাইল
গ. ১৪ নটিক্যাল মাইল' ঘ. ৪০০ নটিক্যাল মাইল উ. ক
ব্যাখ্যা : বাংলাদেশের মোট সমুদ্র অঞ্চল ১,১৮,৮১৩ বর্গ কি.মি.। বাংলাদেশের রাজনৈতিক সমুদ্রসীমা ১২ নটিক্যাল মাইল, অর্থনৈতিক সমুদ্র সীমা (Exclusive Ecoromic Zone) ২০০ নটিক্যাল মাইল (১ নটিক্যাল মাইল = ১.৮৫৩ কি.মি.)। ২০১২ সালে মিয়ানমারের সাথে, ২০১৪ সালে ভারতের সাথে বাংলাদেশ সমুদ্রসীমা জয় করে।

৮৯. সতীদাহ প্রথা কত সালে বিলুপ্ত হয়?
ক. ১৭২৯ সালে খ. ১৮২৯ সালে
গ. ১৬২৯ সালে ঘ. ১৮২৮ সালে উ. খ
ব্যাখ্যা : সতী মানে স্ত্রী, দাহ মানে পোড়ানো। মৃত স্বামীর সাথে জীবন্ত স্ত্রীকে পোড়ানোর জঘন্য প্রথাই সতীদাহ। ১৮২৯ সালে রাজা রামমোহন রায় এর প্রচেষ্টায় লর্ড বেন্টিংক সতীদাহ উচ্ছেদ আইন পাস করেন। ১৮৫৬ সালে হিন্দু বিধবা বিবাহ আইন পাস হয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রচেষ্টায়।

৯০. বাংলাদেশের কোন অঞ্চলে বরেন্দ্রভূমি আছে?
ক. মধুপুর খ. রংপুর
গ. রাজশাহী ঘ. কুমিল্লা উ. গ
ব্যাখ্যা : প্রাচীন বাংলা জনপদগুলোর মধ্যে অন্যতম হচ্ছে বরেন্দ্র। এটি উত্তরবঙ্গের জনপদ। রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিমাংশ নিয়ে গঠিত। বর্তমান রাজশাহী, বগুড়া, রংপুর, নওগাঁ, দিনাজপুর, রাজশাহী ছিল বরেন্দ্র এর অন্তর্ভুক্ত। (মনে রাখুন বরেন্দ্র = ব + র + ন + দ + র; অর্থাৎ বরেন্দ্র শব্দটিকে ভাঙলেই এর অন্তর্ভুক্ত এলাকা পাই)।

৯১. 'BIMSTEC'-এর সদর দপ্তর কোথায়?
ক. কলম্বো খ. ম্যানিলা
গ. ঢাকা ঘ. নিউইয়র্ক উ. গ
ব্যাখ্যা : BIMSTEC এর পূর্ণরূপ হচ্ছে Bay of Bengal Initiative for Multisectoral Technical and Economic Co-operation। এটি ১৯৯৭ সালে প্রতিষ্ঠিত হয়। ২০১৪ সালে ঢাকায় এর সদর দপ্তর স্থাপিত হয়। অর্থনৈতিক এই সংগঠনটির সদস্য বঙ্গোপসাগর তীরবর্তী ৭টি দেশ।

৯২. তেঁতুলে কোন ধরনের এসিড থাকে?
ক. সাইট্রিক এসিড খ. টারটারিক এসিড
গ. এসকরবিক এসিড ঘ. ফসফরিক এসিড উ. খ
ব্যাখ্যা : তেঁতুল ও আঙ্গুরে টারটারিক এসিড থাকে। (মনে রাখুন তেঁতুল, আঙ্গর = টক = টারটারিক)। লেবুতে সাইট্রিক এসিড, আমলকি ও কমলালেবুতে এসকরবিক এসিড থাকে।

৯৩. আন্তর্জাতিক শিক্ষক দিবস কোনটি?
ক. ২ অক্টোবর খ. ৪ অক্টোবর
গ. ৫ অক্টোবর ঘ. ৬ অক্টোবর উ. গ
ব্যাখ্যা : আন্তর্জাতিক শিক্ষক দিবস ৫ অক্টোবর, জাতীয় শিক্ষক দিবস ১৯ জানুয়ারি, বিশ্ব স্বাক্ষরতা দিবস ৮ সেপ্টেম্বর।

৯৪. আন্তর্জাতিক আদালতের বিচারকের সংখ্যা কত?
ক. ১২ জন খ. ১৪ জন
গ. ১৬ জন ঘ. ১৫ জন উ. ঘ
ব্যাখ্যা : জাতিসংঘের প্রধান বিচার বিভাগীয় অঙ্গসংস্থা হচ্ছে আন্তর্জাতিক আদালত (International Court of Justice)। এর সদর দপ্তর নেদারল্যান্ডের হেগে অবস্থিত। এর বিচারক সংখ্যা ১৫ জন এবং বিচারকদের মেয়াদ ৯ বছর। International Criminal Court (ICC) এর সদর দপ্তরও হেগ অবস্থিত। ICC জাতিসংঘের অঙ্গসংস্থা নয়।

৯৫. ২০১৪ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন কে?
ক. জ্যাঁ তিহল খ. মালালা ইউসুফজাঈ
গ. ড. ইউনুস ঘ. বারাক ওবামা উ. খ
ব্যাখ্যা : মালালা ইউসুফজাঈ (পাকিস্তান) এবং কৈলাস সত্যার্থী (ভারত) ২০১৪ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। মালালা (১৭ বছর বয়সে) সবচেয়ে কমবয়সী হিসেবে শান্তিতে নোবেল পুরস্কার পান।

৯৬. ২০১৪ সালের বিশ্বকাপ ফুটবল গোল্ডেন বল লাভ করেন কে?
ক. হামেস রদ্রিগেজ খ. টমাস মুলার
গ. লিওনেল মেসি ঘ. নেইমার উ. গ
ব্যাখ্যা : ২০১৪ বিশ্বকাপে গোল্ডেন বল পান লিওনেল মেসি। ২০২২ সালে কাতারে অনুষ্ঠিত ফুটবল বিশ্বকাপে গোল্ডেন বল : লিওনেল মেসি (আর্জেন্টিনা) এবং গোল্ডেন বুট : কিলিয়ান এমবাপে (ফ্রান্স)।

৯৭. বাংলাদেশের বৃহত্তম সেচ প্রকল্প কোনটি?
ক. গঙ্গা কপোতাক্ষ প্রকল্প খ. তিস্তা সেচ প্রকল্প
গ. কাপ্তাই সেচ প্রকল্প ঘ. ফেনী সেচ প্রকল্প উ. খ
ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম সেচ প্রকল্প গঙ্গা-কপোতাক্ষ সেচ প্রকল্প (G-K Project)। আর বাংলাদেশের বৃহত্তম সেচ প্রকল্প তিস্তা সেচ প্রকল্প। এটি লালমনিরহাট, রংপুর ও নীলফামারী জেলায় অবস্থিত। ১৯৯০ সালে এটির উদ্বোধন হয়।

৯৮. নিচের কোনটি জীবাশ্ম জ্বালানি নয়?
ক. পেট্রোল খ. কয়লা
গ. প্রাকৃতিক গ্যাস ঘ. বায়োগ্যাস উ. ঘ
ব্যাখ্যা : কয়লা, পেট্রোল, প্রাকৃতিক গ্যাস এগুলো জীবাশ্ম জ্বালানী। এগুলো অনবায়নযোগ্য শক্তি। কিন্তু বায়োগ্যাস জীবাশ্ম জ্বালানী নয়। জীবের মলমূত্র পানির সাথে মিশিয়ে ফার্মেন্টেশন প্রক্রিয়ায় বায়োগ্যাস উৎপন্ন হয়। এর প্রধান কাচামাল গোবর ও পানি (১ : ২)।

৯৯. ৮৬তম অস্কার পুরস্কার-২০১৪ এর সেরা চলচ্চিত্র কোনটি?
ক. টুয়েন্টি ফিট ফ্রম স্টারডম খ. হিলিয়াম
গ. টুয়েলভ ইয়ার্স অ্যা স্লেভ ঘ. গ্রাভিটি উ. গ
ব্যাখ্যা : বিশ্বের চলচ্চিত্র জগতের সবচেয়ে সম্মানজনক পুরস্কার হচ্ছে অস্কার পুরস্কার (অন্যনাম- একাডেমি অ্যাওয়ার্ড)। ৯৫তম অস্কার পুরস্কার ২০২৩ এ সেরা চলচ্চিত্র নির্বাচিত হয়েছে 'এভরিথিং এভরিহয়ার অল অ্যাট ওয়ানস'। সেরা পরিচালক নির্বাচিত হন- ড্যানিয়েল কোয়ান ও ড্যানিয়েল শাইনার্ট ('এভরিথিং এভরিহয়ার অল অ্যাট ওয়ানস' চলচ্চিত্রের জন্য)।

১০০. উয়ারী বটেশ্বর কোথায় অবস্থিত?
ক. বগুড়া খ. চট্টগ্রাম
গ. নরসিংদী ঘ. ঝিনাইদহ উ. গ
ব্যাখ্যা : নরসিংদী জেলার বেলাব উপজেলায় অবস্থিত একটি প্রত্নতাত্ত্বিক নিদর্শন উয়ারী-বটেশ্বর। কয়রা নদীর তীরে অবস্থিত উয়ারী ও বটেশ্বর পাশাপাশি দুটো গ্রাম। এখানে প্রাপ্ত প্রত্নতাত্ত্বিক নিদর্শন ৪৫০ খ্রিস্ট পূর্বাব্দের। ২০০০ সালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগের শিক্ষক সুফী মোস্তাফিজুর রহমানের নেতৃত্বে এখানে প্রথম খনন কাজ শুরু হয়।

১০ম স্কুল/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৪

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ৩০০; পরীক্ষার তারিখ : ৩০.০৫.২০১৪

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কর্তন হবে।]

১. ব্যাকরণ ও ভাষার মধ্যে কোনটি আগে সৃষ্টি হয়েছে?
ক. ব্যাকরণ খ. ভাষা
গ. ব্যাকরণ ও ভাষা উভয়ই একসাথে
ঘ. কোনোটিই নয় উ. খ
ব্যাখ্যা : ব্যাকরণ ও ভাষার মধ্যে আগে ভাষার সৃষ্টি হয়েছে, তারপরে ব্যাকরণের সৃষ্টি হয়েছে। কারণ, ভাষার শৃঙ্খলা রক্ষার জন্যই ব্যাকরণের উৎপত্তি হয়।

২. ফুলে ফুলে ঘর ভরেছে। কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্ম কারকে সপ্তমী বিভক্তি
খ. আপাদান কারকে সপ্তমী বিভক্তি
গ. করণ কারকে সপ্তমী বিভিক্তি
ঘ. অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি উ. গ
ব্যাখ্যা : 'ফুলে ফুলে ঘর ভরেছে'– এখানে ফুলে ফুলে করণ কারকে সপ্তমী বিভক্তি। ক্রিয়ার সঙ্গে কী দিয়ে, কীসের দ্বারা বা কী উপায়ে যোগ করে প্রশ্ন করলে সে উত্তর পাওয়া যায় তাই করণ কারক।

৩. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. চক্ষুস্মান খ. চক্ষুষ্মান
গ. চক্ষুশ্মান ঘ. চক্ষুষ্মাণ উ. খ
ব্যাখ্যা : 'চক্ষুষ্মান' বানানটি শুদ্ধ। অন্য বানানগুলো ণ-ত্ব বিধান ও ষ-ত্ব বিধান এর নিয়মানুযায়ী ভুল।

৪. কোনটি তদ্ভব শব্দের উদাহরণ?
ক. মই খ. জোছনা
গ. পাতা ঘ. কাগজ উ. গ
ব্যাখ্যা : 'পাতা' তদ্ভব শব্দের উদাহরণ। 'পাতা' এর তৎসম রূপ 'পত্র'। আরো কয়েকটি তদ্ভব শব্দ হলো– চামার, চাহিদা, চিংড়ি, ট্যাংরা, চিড়া ইত্যাদি।

৫. নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?
ক. মা খ. মেয়ে
গ. ছাত্রী ঘ. সতীন উ. ঘ
ব্যাখ্যা : যেসব স্ত্রীবাচক শব্দের কোন পুরুষবাচক শব্দ নেই, সেসব শব্দকে নিত্য স্ত্রীবাচক শব্দ বলে। যেমন : সতীন, সৎমা, এয়ো, সধবা, বিধবা অন্তঃসত্ত্বা ইত্যাদি।

৬. কোন সমাসে সাধারণ ধর্মের উল্লেখ থাকে না?
ক. উপমিত কর্মধারয় খ. মধ্যপদলোপী কর্মধারয়
গ. উপমান কর্মধারয় ঘ. রূপক কর্মধারয় উ. ক
ব্যাখ্যা : উপমিত কর্মধারায় সমাসে সাধারণ ধর্মের উল্লেখ থাকে না। যেমন : সিংহ পুরুষ - পুরুষ সিংহের ন্যায়। এখানে পুরুষ এবং সিংহের সাধারণ ধর্ম হলো শক্তি; যার উল্লেখ ব্যাসবাক্যে নেই।

৭. অলুক দ্বন্দ্ব সমাস সাধিত শব্দ কোনটি?
ক. দুধে-ভাতে খ. মাতাপিতা
গ. কমবেশি ঘ. সাত-পাঁচ উ. ক
ব্যাখ্যা : বিভক্তিযুক্ত নাম শব্দকে অলুক বলে। আর যে সমাসের ব্যাসবাক্যে বিভক্তি লোপ পায় না তাকে অলুক সমাস বলে। যেমন : দুধে-ভাতে এর ব্যাসবাক্য হবে দুধে-ভাতে। যেহেতু সমস্ত পদে ব্যাসবাক্যের বিভক্তি লোপ পায়নি, তাই এটি অলুক এবং উভয় পদের অর্থ প্রাধান্য পেয়েছে বলে অলুক দ্বন্দ্ব সমাস।

৮. 'পঙ্কজ'-এর সমার্থক শব্দ কোনটি?
ক. শৈল খ. উৎপন্ন
গ. সুবর্ণ ঘ. কুসুম উ. *
ব্যাখ্যা : পঙ্কজ-এর সমার্থক শব্দ অপশনগুলোতে নেই। এর সমার্থক শব্দ হচ্ছে– পদ্ম, কুমুদ, কমল, কুবলয়, কোকনদ, রাজীব ইত্যাদি।

৯. 'বিধি' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. বিরোধ খ. অবিধি
গ. নিষেধ ঘ. নিষিদ্ধ উ. গ
ব্যাখ্যা : বিধি এর বিপরীত শব্দ হচ্ছে– নিষেধ।

১০. 'উজানের কৈ'-এই বাগধারাটির অর্থ কী?
ক. বিরাট আয়োজন খ. সহজলভ্য
গ. অপদার্থ ঘ. সামান্য পার্থক্য উ. খ
ব্যাখ্যা : 'উজানের কৈই' বাগধারাটির অর্থ সহজ লভ্য। অপদার্থ = অকালকুষ্মাণ্ড; বিরাট আয়োজন = এলাহিকাণ্ড; উনিশ-বিশ = সামান্য পার্থক্য।

১১. নূপুরের ধ্বনি- এক কথায় কি বলে?
ক. শিঞ্জন খ. রুমঝুম
গ. ঝংকার ঘ. নিক্বণ উ. ঘ
ব্যাখ্যা : 'নূপুরের ধ্বনি'– এক কথায় বলে নিক্বণ, অলংকারের শব্দ- শিঞ্জন; বাদ্যযন্ত্রের ধ্বনি- ঝংকার; বাদ্যযন্ত্র মল = রুমঝুম।

১২. কোনটি শুদ্ধ বানান?
ক. রুগনো খ. রুগ্ন
গ. রুগন ঘ. রুগ্ণ উ. ঘ
ব্যাখ্যা : ণ-ত্ব বিধান অনুযায়ী রুগ্ণ বানানটি শুদ্ধ। রুগ্ণ অর্থ অসুস্থ।

১৩. তারিখ লিখতে কোন যতি চিহ্নের ব্যবহার হয়?
ক.সেমিকোলন খ. কমা
গ. দাঁড়ি ঘ. কোলন উ. খ
ব্যাখ্যা : তারিখ লিখতে কমা চিহ্নের ব্যবহার করা হয়। যেমন- ২৪ জানুয়ারি, ২০২২।

১৪. উক্তি এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক. √উক্ + তি খ. √উচ্ + ক্তি
গ. √বচ্ + ক্তি ঘ. √বচ্ + তি উ. গ
ব্যাখ্যা : সম্প্রসারণ ও পরিবর্তনের নিয়মানুযায়ী উক্তি এর সঠিক প্রকৃতি ও প্রত্যয়- √বচ্ + ক্তি। সম্প্রসারণ : ক্তি প্রত্যয় যোগ হলে ধাতুর প্রথম বর্ণ 'ব' এর স্থলে 'উ' হয়, এটিকে সম্প্রসারণ বলে। পরিবর্তন কিছু ধাতু আছে যেগুলোর শেষে প্রত্যয় যুক্ত হলে ধাতুর শেষ বর্ণ চ্/জ্ এর স্থলে ক্ হয়। এটিকে পরিবর্তন বলে।

১৫. অনুবাদের অর্থ কি?
ক. অনুসরণ খ. ভাবান্তর
গ. ভাষান্তরকরণ ঘ. সমার্থকরণ উ. গ
ব্যাখ্যা : অনুবাদের অর্থ ভাষান্তরকরণ। কারণ, আনুবাদের মাধ্যমে এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তর করা হয়।

১৬. ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ গ্রন্থের রচয়িতা কে?
ক. সুকমার সেন খ. সুকুমারী ভট্টাচার্য
গ. নিহার রঞ্জন রায় ঘ. সুনীতিকুমার চট্টোপাধ্যায় উ. ঘ
ব্যাখ্যা : 'ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' গ্রন্থের রচয়িতা সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

১৭. ইতর-এর বিপরীত শব্দ কোনটি?
ক. অভদ্র খ. মিথ্যা
গ. উত্তম ঘ. ভদ্র উ. ঘ
ব্যাখ্যা : ইতর এর বিপরীত শব্দ ভদ্র। অন্য অপশনগুলোর বিপরীত শব্দ হচ্ছে- মিথ্যা-সত্য, উত্তম-অধম, ভদ্র-অভদ্র/ইতর।

১৮. নিচের কোনটি অভিনন্দন বা সংবর্ধনা পত্র?
ক. আমন্ত্রণপত্র খ. মানপত্র
গ. নিমন্ত্রণপত্র ঘ. স্মারক পত্র উ. খ
ব্যাখ্যা : সংবর্ধনার জন্য প্রদত্ত প্রশংসা ও শ্রদ্ধাজ্ঞাপক অভিনন্দনপত্র বা সম্মাননাপত্রের আরেক নাম 'মানপত্র'।

১৯. অর্ণব-এর প্রতিশব্দ-
ক. ঝড় খ. সূর্য
গ. বায়ু ঘ. সমুদ্র উ. ঘ
ব্যাখ্যা : 'অর্ণব' এর প্রতিশব্দ সমুদ্র। অর্ণব এর আরো কয়েকটি প্রতিশব্দ হলো- পাথার, রত্নাকর, জলধি, সিন্ধু, উদধি, পয়োধি, পারাবার, বারিধি, বারীশ, বারীন্দ্র।

২০. কোনটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ?
ক. মানব খ. পানীয়
গ. জয় ঘ. স্মরণীয় উ. ক
ব্যাখ্যা : 'মানব' সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ। এর প্রকৃতি ও প্রত্যয় হলো- মনু + ষ্ণ = মানব। তবে, মনুষ্য এর প্রকৃতি-প্রত্যয় হলো- মনুঃ + ষ্ণ্য।

২১. অর্বাচীন শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. প্রাচীন খ. নবীন
গ. নির্বাচিত ঘ. অনির্বাচিত উ. ক
ব্যাখ্যা : অর্বাচীন এর বিপরীত শব্দ প্রাচীন। নবীন এর বিপরীত শব্দ- প্রবীণ; নির্বাচিত এর বিপরীত শব্দ- অনির্বাচিত।

২২. কোনটি পারিভাষিক শব্দ?
ক. কলেজ খ. নথি
গ. রেডিও ঘ. অক্সিজেন উ. খ
ব্যাখ্যা : বিদেশি শব্দের ভাবানুবাদমূলক প্রতিশব্দকে পারিভাষিক শব্দ বলে। কয়েকটি পারিভাষিক শব্দের উদাহরণ হলো- File- নথি, Oxygen- অম্লজান, College- মহাবিদ্যালয়, Radio- বেতার, Periodical-সাময়িকী।

২৩. 'পাখি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?
ক. বিহগ খ. গরুড়
গ. পৃপ ঘ. বিহঙ্গ উ. গ
ব্যাখ্যা : বিহগ, গরুড় ও বিহঙ্গের অর্থ হচ্ছে পাখি। অন্যদিকে, পৃপ পাখি শব্দের সমার্থক নয়। 'পৃপ' নামক কোনো অর্থবাচক শব্দ বাংলা একাডেমির বাংলা অভিধানে পাওয়া যায়নি।

২৪. 'ঢাকের কাঠি' এই বাগধারাটির সাথে কোন বাগধারাটির মিল আছে?
ক. তাসের ঘর খ. চোখের বালি
গ. গুড়ে বালি ঘ. খয়ের খাঁ উ. ঘ
ব্যাখ্যা : ঢাকের কাঠি, তেলমাখা, ধামাধরা, খয়ের খাঁ, আমড়াগাছি করা, জল উঁচু জল নিচু বাগধারাগুলো সমার্থক। এগুলোর অর্থ তোষামদকারী। অন্যদিকে, তাসের ঘর- ক্ষণস্থায়ী, চোখের বালি - শত্রু বা চক্ষুশূল; গুড়ে বালি-আশায় নৈরাশ্য।

২৫. 'ব্যাকরণ' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
ক. নব্য ভারতীয় আর্যভাষা খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. অসমীয়া উ. গ
ব্যাখ্যা : 'ব্যাকরণ' শব্দটি সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে। 'ব্যাকরণ' শব্দটির অর্থ- বিশেষভাবে বিশ্লেষণ।

২৬. Prevention is better than–
ক. nothing খ. healing
গ. cure ঘ. remedy উ. গ
ব্যাখ্যা : এটি একটি প্রবাদ বাক্য। এর অর্থ- 'প্রতিকারের চেয়ে প্রতিরোধ ভালো।' অতএব, শূন্যস্থানে 'cure' বসবে।

২৭. Knowledge is–
ক. strength খ. power
গ. gravity ঘ. comfort উ. খ
ব্যাখ্যা : এটি একটি প্রবাদ বাক্য। এর অর্থ- 'জ্ঞানই শক্তি'। এর ইংরেজি- 'Knowledge is power'. ফ্রান্সিস বেকন সর্বপ্রথম এই কথাটি বলেছেন।

২৮. What is lotted cannot be–
ক. blotted খ. broken
গ. endured ঘ. updated উ. ক
ব্যাখ্যা : এটি একটি প্রবাদ বাক্য। এর অর্থ- 'কপালের লিখন যায় না খণ্ডান।' ইংরেজিতে- What is lotted can out be blotted.

২৯. সে ইংরেজিতে ভাল।
ক. He is well in English.
খ. He is expert in English.
গ. He is good at English.
ঘ. He is better in English. উ. গ
ব্যাখ্যা : 'কোনো কিছুতে দক্ষ বা ভালো' বুঝাতে 'good at' বসে। তাই option 'গ' হবে উত্তর।

৩০. জীবন পুষ্পশয্যা নয়।
ক. The life is not bed of roses.
খ. A life is not bed of roses.
গ. Life is not bed of roses.
ঘ. Life is not a bed of roses. উ. ঘ
ব্যাখ্যা : 'জীবন পুষ্পশয্যা নয়'- এটি একটি প্রবাদ বাক্য। এর ইংরেজি হল- 'Life is not a bed of roses'.

৩১. ইংরেজি শেখা সহজ।
ক. English is easy for learning.
খ. The English is easy to learn.
গ. It is easy to learning English.
ঘ. It is easy to learn English. উ. ঘ
ব্যাখ্যা : লিঙ্গ জানা নেই এমন কিছুকে বোঝাতে It ব্যবহৃত হয়। option 'ঘ' হবে উত্তর। option 'গ' উত্তর হবে না; কারণ to এর পর Infinitive form হয়।

৩২. The journey was pleasant. Here 'pleasant' is–
ক. noun খ. pronoun
গ. adjective ঘ. adverb উ. গ
ব্যাখ্যা : Be verb বা copulative verb এরপর adjective বসে। তাই option 'গ' হবে উত্তর।

৩৩. Lovely comes here regularly. Here 'Lovely' is–
ক. noun খ. pronoun
গ. adjective ঘ. adverb উ. ক
ব্যাখ্যা : বাক্যটিতে 'Lovely' একজন ব্যক্তির নাম হিসেবে ব্যবহৃত হয়েছে। অতএব, উক্ত বাক্যে 'Lovely' শব্দটি Noun.

৩৪. The noun form of 'lose' is–
ক. losing খ. loss
গ. lost ঘ. loose উ. খ
ব্যাখ্যা : শব্দের শেষে 'ss' হলে সে শব্দ noun হয়। যেমন, Boss, fuss, loss ইত্যাদি। এখানে 'lose' শব্দটি verb; যার অর্থ 'হারিয়ে ফেলা'। আর 'lose' শব্দটির noun হল loss; যার অর্থ হারানো। তাই সঠিক উত্তর (খ)।

৩৫. Honey is (taste)– sweet.
ক. taste খ. tasting
গ. tasted ঘ. being tasted উ. গ
ব্যাখ্যা : Passive form এ মূল verb এর past participle form হয়। এখানে, 'taste' verb টির past participle form হলো tasted. option 'গ' হবে উত্তর।

৩৬. It is our duty to (obey) – our parents.
ক. obey খ. obeying
গ. obeyed ঘ. be obeyed উ. ক
ব্যাখ্যা : to এরপর Infinitive এর নিয়মে verb এর base form বসে। option 'ক' হবে উত্তর।

৩৭. Charity (to begin) – at home.
ক. is beginning খ. began
গ. begins ঘ. has begun উ. গ
ব্যাখ্যা : এটি একটি প্রবাদ বাক্য। 'আগে ঘর, তবে ত পর'। আমরা জানি বাক্যে subject এরপর verb বসে। তাই 'গ' হবে উত্তর।

৩৮. Something is better than–
ক. everything খ. nothing
গ. anything ঘ. all উ. খ
ব্যাখ্যা : 'নাই মামার চেয়ে কানা মামা ভালো'- এটি একটি প্রবাদ বাক্য। অতএব, শূন্যস্থানে 'nothing' শব্দটি বসবে।

৩৯. Many men, many–
ক. faces খ. lives
গ. minds ঘ. thoughts উ. গ
ব্যাখ্যা : 'নানা মুনির নানা মত'- এটি একটি প্রবাদ বাক্য। অতএব, শূন্যস্থানে 'minds' শব্দটি বসবে।

৪০. Out of sight, out of–
ক. life খ. might
গ. mind ঘ. right উ. গ
ব্যাখ্যা : 'Out of sight, out of mind.' = 'চোখের আড়াল তো মনের আড়াল' এটি একটি প্রবাদ বাক্য। অতএব, শূন্যস্থানে 'mind' শব্দটি বসবে।

৪১. Only the moon was visible. (Negative)
ক. The moon was not visible.
খ. The moon was not invisible.
গ. Nothing but the moon was visible.
ঘ. None but the moon was visible. উ. গ
ব্যাখ্যা : Only/Alone থাকলে বস্তুর ক্ষেত্রে nothing but, ব্যক্তির ক্ষেত্রে none but, সংখ্যার জন্য not more than/not less than বসে। option 'গ' হবে উত্তর।

Dhaka is one of the biggest cities in Bangladesh. (Positive)
ক. No other cities in Bangladesh are as big as Dhaka.
খ. Very few cities in Bangladesh are as big as Dhaka.
গ. Very few cities in Bangladesh is as big as Dhaka.
ঘ. Some cities in Bangladesh is as big as Dhaka.
উ. খ

ব্যাখ্যা : One of the যুক্ত superlative কে positive করার জন্য প্রথমে Very few + superlative এর পরের অংশ + plural verb + as + superlative এর positive form + as + subject. option 'খ' হবে উত্তর।

৪৩. Never tell a lie. (Passive)
ক. A lie is never told.
খ. A lie is never be told.
গ. Let a lie never be told.
ঘ. Let not a lie be told ever
উ. গ

ব্যাখ্যা : Never দ্বারা শুরু Imperative sentence এর passive structure হল : Let + object + never + be + মূল verb এর past participle.
যেমন : Let a lie never be told. অথবা Let not + Object + ever + be + মূল verb এর past participle।
যেমন : Let not a lie ever be told. অতএব, সঠিক উত্তর 'গ'।

৪৪. I have no pen that I can lend you. (Simple)
ক. Having no pen, I can lend you.
খ. Without any pen, I can lend you.
গ. I have no pen to lend you.
ঘ. I have not enough pen to lend.
উ. গ

ব্যাখ্যা : That যুক্ত complex কে somple করতে হলে, প্রথমে প্রদত্ত বাক্যের subject + verb + verb এর পরের অংশ + that ওঠে গিয়ে to + verb এর base form + বাকি অংশ। তাই 'গ' হল উত্তর।

৪৫. The synonym of the word 'increase' is–
ক. augment খ. decrease
গ. quick ঘ. lessen
উ. ক

ব্যাখ্যা : Increase অর্থ বৃদ্ধি পাওয়া এবং augment অর্থ বৃদ্ধি পাওয়া। তাই তারা পরস্পর সমার্থক শব্দ। অন্যদিকে, decrease অর্থ হ্রাস পাওয়া বা কমে যাওয়া; quick অর্থ দ্রুত করা, lessen অর্থ হ্রাস করা। তাই 'ক' হল উত্তর।

৪৬. The antonym of the word 'alien' is–
ক. new comer খ. native
গ. adverse ঘ. foreigner
উ. খ

ব্যাখ্যা : Alien অর্থ ভিনদেশী এবং native অর্থ স্বদেশী। যা পরস্পর বিপরীত। অন্যদিকে, new comer -আগন্তুক বা নবীন, adverse -প্রতিকূল এবং foreigner বিদেশি বা ভিনদেশী। তাই 'খ' হবে উত্তর।

৪৭. The word 'usual' is the synonym of–
ক. normal খ. certain
গ. unusual ঘ. strange
উ. ক

ব্যাখ্যা : Usual অর্থ স্বাভাবিক বা গতানুগতিক এবং normal অর্থ সাধারণ বা গতানুগতিক। তাই তারা পরস্পর সমার্থক শব্দ। অন্যদিকে, certain অর্থ নিশ্চিত, unusual অর্থ অস্বাভাবিক এবং strange অর্থ অদ্ভুত। তাই 'ক' হবে উত্তর।

৪৮. He is proud of his aristocracy. Here 'aristocracy' means–
ক. bad blood খ. blue blood
গ. good blood ঘ. cold blood
উ. খ

ব্যাখ্যা : Aristocracy অর্থ আভিজাত্য এবং blue blood অর্থও আভিজাত্য। অর্থাৎ, তারা পরস্পর সমার্থক শব্দ। তাই 'খ' হবে উত্তর।

৪৯. The man did the work as my direction. Here 'as' indicates the idiom–
ক. as regards খ. by all means
গ. according to ঘ. at random
উ. গ

ব্যাখ্যা : 'As' অর্থ অনুসারে; এবং according to অর্থও অনুসারে। যা পরস্পর সমার্থক। অন্যদিকে, As regard অর্থ সম্পর্কে/ব্যাপারে; by all means অর্থ সব উপায়ে এবং at random এলোপাতাড়ি। তাই 'গ' হবে উত্তর।

৫০. Smoking tells upon our body. Here 'tell upon' means–
ক. benefits খ. harms
গ. indicates ঘ. strengthens
উ. খ

ব্যাখ্যা : অপশনগুলোর মধ্যে 'harms' অর্থ ক্ষতি করা; আবার 'Tell upon' অর্থও ক্ষতি করা। অন্যদিকে, Benefits- উপকার করা, indicates- নির্দেশ করা এবং strengthens- শক্তিশালী করা। তাই 'খ' হবে উত্তর।

৫১. A = {x : x জোড় মৌলিক সংখ্যা}, তালিকা পদ্ধতিতে কি হবে?
ক. [2] খ. 2^{-1}
গ. (2) ঘ. {2}
উ. ক

ব্যাখ্যা : মৌলিক সংখ্যাগুলোর মধ্যে একমাত্র জোড় মৌলিক সংখ্যা হলো : 2।
∴ নির্ণেয় সেট হবে = {2}

৫২. একটি সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য 10 সে. মি. হলে, তার ক্ষেত্রফল কত বর্গ সে. মি.?
ক. $25\sqrt{3}$ ব. সে. মি. খ. $25\sqrt{2}$ ব. সে. মি.
গ. 100 ব. সে. মি. ঘ. 50 ব. সে. মি.
উ. ক

ব্যাখ্যা : এখানে দেওয়া আছে, সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য, a = 10 সে. মি.

আমরা জানি, সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$

$= \frac{\sqrt{3}}{4} \times (10)^2$

$= \frac{\sqrt{3}}{4} \times 100$

$= 25\sqrt{3}$ বর্গ সে. মি.

৫৩. ABCD সামান্তরিকের DC ভূমিকে E পর্যন্ত বর্ধিত করা হলো। $\angle BAD = 100°$ হলে, $\angle BCE =$ কত?

ক. 60° খ. 80°

গ. 90° ঘ. 100° **উ. খ**

ব্যাখ্যা :



আমরা জানি, সামান্তরিকের বিপরীত কোণগুলো পরস্পর সমান

$\therefore \angle BAD = \angle BCD = 100°$

চিত্র হতে পাই, $\angle BCD + \angle BCE = 180°$

বা, $\angle BCE = 180° - 100°$

$\therefore \angle BCE = 80°$ (Ans)

৫৪. $\log_4{}^2$ এর মান কত?

ক. $\frac{1}{3}$ খ. 2

গ. $\frac{1}{2}$ ঘ. 4 **উ. গ**

ব্যাখ্যা : মনে করি, $\log_4{}^2 = \log_4 \sqrt{4}$

$= \log_4 4^{\frac{1}{2}}$

$= \frac{1}{2}\log_4 4$ [সূত্র : $\log_a a = 1$]

$= \frac{1}{2}$

৫৫. $\left(a + \frac{1}{a}\right)^2 = 3$ হলে, $a^3 + \frac{1}{a^3}$ এর মান কত?

ক. $3\sqrt{3}$ খ. 18

গ. 9 ঘ. 0 **উ. ঘ**

ব্যাখ্যা : দেয়া আছে, $\left(a + \frac{1}{a}\right)^2 = 3$

বা, $a + \frac{1}{a} = \sqrt{3}$

$\therefore a^3 + \frac{1}{a^3} = \left(a + \frac{1}{a}\right)^3 - a.\frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$

$= (\sqrt{3})^3 - 3\sqrt{3}$ [মান বসিয়ে]

$= 3\sqrt{3} - 3\sqrt{3}$

$= 0$ (উত্তর)

৫৬. $\sqrt{289}$ এর বর্গমূল হলো–

ক. মূলদ খ. অমূলদ

গ. স্বাভাবিক সংখ্যা ঘ. পূর্ণ সংখ্যা **উ. ক**

ব্যাখ্যা : পূর্ণ বর্গ এমন যেকোনো স্বাভাবিক সংখ্যার বর্গমূল মূলদ সংখ্যা হয়।

সুতরাং, $\sqrt{289}$ একটি মূলদ সংখ্যা। যেহেতু, $\sqrt{289}$ এর বর্গমূল হলো = 17

৫৭. 0, 5, 7 এর গড় কত?

ক. 6 খ. 0

গ. 4 ঘ. 1 **উ. গ**

ব্যাখ্যা : নির্ণেয় গড় হল $= \frac{0+5+7}{3} = \frac{12}{3} = 4$

৫৮. কোন সংখ্যার ৭৫% = ৩?

ক. ৮ খ. ১৬

গ. ২ ঘ. ৪ **উ. ঘ**

ব্যাখ্যা : মনে করি, সংখ্যাটি = x

x এর ৭৫% = ৩

বা, $\frac{৭৫x}{১০০} = ৩$

বা, $৭৫x = ৩ \times ১০০$

বা, $x = \frac{৩ \times ১০০}{৭৫}$

$\therefore x = ৪$

৫৯. একটি দ্রব্য ক্রয় করে ২৪% ক্ষতিতে বিক্রয় করা হল। বিক্রয়মূল্য ও ক্রয়মূল্যের অনুপাত কত?

ক. ১৮ ঃ ২৫ খ. ২০ ঃ ২৫

গ. ২৪ ঃ ২৫ ঘ. ১৯ ঃ ২৫ **উ. ঘ**

ব্যাখ্যা : মনে করি, ক্রয়মূল্য ১০০ টাকা

২৪% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ − ২৪) = ৭৬ টাকা

$\therefore$ বিক্রয়মূল্য ঃ ক্রয়মূল্য

= ৭৬ ঃ ১০০

= ১৯ ঃ ২৫ [উভয় দিকে ৪ দ্বারা ভাগ করে]

Job Navigator

৬০. একটি নির্দিষ্ট কাজ শেষ করতে শ্রমিক সংখ্যা দ্বিগুণ করতে হলে, কাজটি করতে পূর্বের কতগুণ সময় লাগবে?

ক. ৪ গুণ খ. $\frac{১}{৪}$ গুণ

গ. ২ গুণ ঘ. $\frac{১}{২}$ গুণ **উ. ঘ**

ব্যাখ্যা : মনে করি, শ্রমিকের সংখ্যা = x জন

তাহলে, শ্রমিক সংখ্যা দ্বিগুণ করলে হয় = 2x জন

ধরি, x জন করতে পারে = y একক সময়ে

1 " " " = y × x

2x " " " = $\frac{y \times x}{2x}$ " "

= $\frac{1}{2}$ y " "

অতএব, কাজটি করতে পূর্বের $\frac{1}{2}$ গুণ সময় লাগবে।

৬১. ১ মাইল = কত কিলোমিটার?

ক. ১. ৬০৯ কি.মি. খ. ০.৬২কি.মি.

গ. ১ কি.মি. ঘ. ১.১ কি.মি. **উ. ক**

ব্যাখ্যা : ১ মাইল = ১.৬১ কিলোমিটার এবং ১ কিলোমিটার = ০.৬২ মাইল

৬২. $a \neq 0$ হলে, a^0 = কত?

ক. 0 খ. a

গ. 1 ঘ. অনির্ণেয় **উ. ক**

ব্যাখ্যা : $a \neq 0$ হলে, $a^0 = 1$ [সূত্র]

৬৩. শতকরা বার্ষিক ৫ টাকা হার সুদে কোন আসল কত বছরে সুদে আসলে দ্বিগুণ হবে?

ক. ১ বছরে খ. ২০ বছরে

গ. ৫ বছরে ঘ. ১০০ বছরে **উ. খ**

ব্যাখ্যা : মনে করি, আসল = ১০০ টাকা

সুদে আসলে দ্বিগুণ অর্থাৎ সুদ-আসলে হবে = ১০০ × ২ = ২০০ টাকা

∴ সুদ = ২০০ − ১০০ = ১০০ টাকা

৫ টাকা সুদ হয় ১ বছরে

১ " " " $\frac{১}{৫}$ "

∴ ১০০ " " " $\frac{১ \times ১০০}{৫}$ "

= ২০ বছরে (উত্তর)

৬৪. $x^2 - y^2$ এর উৎপাদক কত?

ক. $(x + y)(x + y)$ খ. $(x + y)(x - y)$

গ. $(x - y)(x - y)$ ঘ. $(y + x)(y - x)$ **উ. খ**

ব্যাখ্যা : $x^2 - y^2$

$= (x + y)(x - y)$

∴ নির্ণেয় উৎপাদক = $(x + y)(x - y)$

৬৫. 4ab এর সঠিক প্রয়োগ কোনটি?

ক. $(a + b)^2 - (a - b)^2$ খ. $(a - b)^2 - (a + b)^2$

গ. $\frac{(a + b)^2}{2} + \frac{(a - b)^2}{2}$ ঘ. $\left(\frac{a + b}{2}\right)^2 - \left(\frac{a - b}{2}\right)^2$

উ. ক

ব্যাখ্যা : $4ab = (a + b)^2 - (a - b)^2$ [সূত্র]

৬৬. $a^x = n$ হলে নিচের কোন সম্পর্কটি সঠিক?

ক. $x = a^n$ খ. $x = \ln x$

গ. $a = x^n$ ঘ. $x = \log_a n$ **উ. ঘ**

ব্যাখ্যা : $a^x = n$

বা, $x = \log_a n$

∴ $x = \log_a n$

৬৭. $x + y, x - y, x^2 - y^2$ এর গ. সা. গু. কত?

ক. 0 খ. 1

গ. $x^2 - y^2$ ঘ. $x + y$ **উ. খ**

ব্যাখ্যা : প্রথম রাশি = $x + y$

দ্বিতীয় রাশি = $x - y$

এবং তৃতীয় রাশি = $x^2 - y^2$

$= (x + y)(x - y)$

যেহেতু, প্রথম রাশি, দ্বিতীয় রাশি ও তৃতীয় রাশির মধ্যে কোনো common উৎপাদক নেই,

∴ নির্ণেয় গ. সা. গু. = 1

৬৮. a, b, c ক্রমিক সমানুপাতী হলে, নিচের কোন সিদ্ধান্তটি সঠিক?

ক. $b = ac$ খ. $c^2 = ab$

গ. $b^2 = ac$ ঘ. $b = ac$ **উ. গ**

ব্যাখ্যা : আমরা জানি, ক্রমিক সমানুপাতী এর ক্ষেত্রে,

$a : b = b : c$

বা, $\frac{a}{b} = \frac{b}{c}$

∴ $b^2 = ac$ (Ans)

৬৯. ত্রিকোণমিতিক অনুপাতে কোন সম্পকটি ব্যবহার করা হয়?

ক. $\sin\theta = 1 + \cos^2\theta$ খ. $\sin^2\theta = 1 - \cos^2\theta$

গ. $\sin^2\theta - \cos^2\theta = 1$ ঘ. $\sin\theta = \frac{1}{\cos\theta}$ **উ. খ**

ব্যাখ্যা : আমরা জানি,

$\sin^2\theta + \cos^2\theta = 1$

∴ $\sin^2\theta = 1 - \cos^2\theta$

৭০. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত কত?

ক. π খ. πr

গ. 2 ঘ. $2r$ **উ. ক**

Job Navigator

ব্যাখ্যা : আমরা জানি,

বৃত্তের ব্যাসার্ধ r হলে, বৃত্তের ব্যাস 2r

∴ বৃত্তের পরিধি = $2\pi r$

বা, $\frac{\text{বৃত্তের পরিধি}}{\text{বৃত্তের ব্যাস}} = \frac{2\pi r}{2r}$

$= \pi$

৭১. একটি ত্রিভুজের তিন কোণ অপর একটি ত্রিভুজের তিন কোণের সমান হলে, ত্রিভুজদ্বয় কিরূপ হবে?

ক. সমান খ. সর্বসম

গ. অসমান ঘ. সদৃশকোণী **উ. ঘ**

ব্যাখ্যা : আমরা জানি, একটি ত্রিভুজের তিন কোণ অপর একটি ত্রিভুজের তিন কোণের সমান হলে, ত্রিভুজদ্বয় হবে সদৃশকোণী।

৭২. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য, প্রস্থ অপেক্ষা 4 মিটার বেশি। ঘরটির পরিসীমা 32 মিটার হলে, এর ক্ষেত্রফল কত?

ক. 6 ব. মি. খ. 60 ব. মি.

গ. 10 ব. মি. ঘ. 64 ব. মি. **উ. খ**

ব্যাখ্যা : মনে করি, প্রস্থ = x মিটার

দৈর্ঘ্য = (x + 4) মিটার

∴ পরিসীমা = 2 (x + x + 4) = 2(2x + 4) = (4x + 8) মিটার

প্রশ্নানুসারে, 4x + 8 = 32

বা, 4x = 32 – 8

বা, 4x = 24

বা, $x = \frac{24}{4}$

∴ x = 6

অতএব, প্রস্থ = 6 মিটার

এবং দৈর্ঘ্য = 6 + 4 = 10 মিটার

∴ আয়তাকার ঘরের ক্ষেত্রফল = 10 × 6

= 60 বর্গমিটার।

৭৩. $a^x = 1$ হলে x এর মান কত?

ক. 1 খ. 0

গ. অনির্ণেয় ঘ. 2 **উ. খ**

ব্যাখ্যা : $a^x = 1$

বা, $a^x = a^\circ$ [যেহেতু, $a^0 = 1$]

বা, x = 0

∴ x = 0 (Ans)

৭৪. ট্রাপিজিয়ামের দুটি সমান্তরাল বাহু a সে. মি. ও b সে. মি.। তাদের মধ্যবর্তী দূরত্ব h সে. মি. হলে, এর ক্ষেত্রফল কত?

ক. (a + b)h খ. 2(a + b)h

গ. $\frac{1}{2} \times (a + b) \times h$ ঘ. $\frac{1}{2}(a - b)h$ **উ. গ**

ব্যাখ্যা : দেওয়া আছে, ট্রাপিজিয়ামের দুটি সমান্তরাল বাহু a সে. মি. ও b সে. মি. এবং মধ্যবর্তী দূরত্ব = h সে. মি.

∴ ট্রাপিজিয়ামের ক্ষেত্রফলের সূত্র : $= \frac{1}{2} \times (a + b) \times h$

৭৫. $1^3 + 2^3 + 3^3 + \ldots\ldots + n^3$ = কত?

ক. $\frac{n(n+1)}{2}$ খ. $\frac{n(n+1)(2n+1)}{6}$

গ. $\left\{\frac{n(n+1)}{2}\right\}^2$ ঘ. একটিও নয় **উ. গ**

ব্যাখ্যা : $1^3 + 2^3 + 3^3 + \ldots\ldots + n^3 = \left\{\frac{n(n+1)}{2}\right\}^2$

৭৬. ষাট গম্বুজ মসজিদ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?

ক. খুলনা খ. যশোর

গ. বাগেরহাট ঘ. রাজশাহী **উ. গ**

ব্যাখ্যা : বাগেরহাট জেলায় অবস্থিত প্রাক-মুঘল আমলে খান জাহান আলী কর্তৃক নির্মিত ষাট গম্বুজ মসজিদের গম্বুজ সংখ্যা ৮১টি। এটি বাংলাদেশের সবচেয়ে বড় মধ্যযুগীয় মসজিদ। ১৯৮৫ সালে UNESCO এটি World Heritage Site হিসেবে ঘোষণা করে।

৭৭. বাংলায় চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করা হয় কোন সনে?

ক. ১৭০০ সনে খ. ১৭৬২ সনে

গ. ১৭৬৫ সনে ঘ. ১৭৯৩ সনে **উ. ঘ**

ব্যাখ্যা : লর্ড কর্নওয়ালিশ ১৭৯৩ সালে চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করেন। একই সালে তিনি 'সূর্যাস্ত আইন' চালু করেন। এ আইনবলে জমির মালিক জমিদারগণ নির্দিষ্ট দিনে রাজস্ব প্রদানে ব্যর্থ হয়ে হয়ে অনেকেই জমিদারী হারায়।

৭৮. মুজিবনগর কোন জেলায় অবস্থিত?

ক. ঝিনাইদহ খ. মেহেরপুর

গ. যশোর ঘ. কুষ্টিয়া **উ. খ**

ব্যাখ্যা : ১৯৭১ সালের ১৭ এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার ভবেরপাড়া গ্রামে বাংলাদেশের অস্থায়ী/প্রবাসী সরকার শপথ নেয়। অস্থায়ী সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমেদ রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে বৈদ্যনাথতলার নাম রাখেন 'মুজিবনগর'। মুজিবনগর ছিল অস্থায়ী সরকারের রাজধানী।

৭৯. বাংলাদেশের সর্বাধিক বৈদেশিক মুদ্রা অর্জনকারী খাত কী?

ক. রেডিমেড গার্মেন্টস খ. পাট

গ. চামড়া ঘ. তুলা **উ. ক**

ব্যাখ্যা : RMG (Ready Made Garments) বা তৈরি পোশাক শিল্প হচ্ছে বাংলাদেশের বৈদেশিক মুদ্রা অর্জনকারী শীর্ষ খাত। বাংলাদেশ তৈরি পোশাক রপ্তানি শুরু করে ১৯৭৮ সালে। বাংলাদেশ যুক্তরাষ্ট্রে সবচেয়ে বেশি তৈরি পোশাক রপ্তানি করে। WTO এর 'ওয়ার্ল্ড ট্রেড স্ট্যাটিস্টিক্যাল রিভিউ-২০২৩' অনুযায়ী, বর্তমানে তৈরি পোশাক রপ্তানিতে ২য় শীর্ষ দেশে- বাংলাদেশ। সর্বশীর্ষ দেশ- চীন এবং ৩য়- ভিয়েতনাম।

৮০. সাগরকন্যা কোন জেলার ভৌগোলিক নাম?
ক. ভোলা খ. খুলনা
গ. কক্সবাজার ঘ. পটুয়াখালী উ. ঘ
ব্যাখ্যা : বঙ্গোপসাগর তীরবর্তী হওয়ায় বাংলাদেশের উপকূলীয় জেলা পটুয়াখালীকে বলা হয় 'সাগরকন্যা'। এ জেলার কলাপাড়া উপজেলায় 'কুয়াকটা' সমুদ্র সৈকত অবস্থিত। এটি বাংলাদেশের একমাত্র সমুদ্রসৈকত যেখান থেকে সূর্যোদয় ও সূর্যাস্ত দেখা যায়।

৮১. বাংলাদেশের জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত কত?
ক. ৯ : ৬ খ. ১১ : ৭
গ. ১০ : ৬ ঘ. ৮ : ৬ উ. গ
ব্যাখ্যা : "প্রজাতন্ত্রের জাতীয় পতাকা হইতেছে সবুজ ক্ষেত্রের উপর স্থাপিত রক্তবর্ণের একটি ভরাট বৃত্ত" (সংবিধান এর ৪(২) অনুচ্ছেদ)। বাংলাদেশের জাতীয় পতাকা আয়তাকার। এর দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ১০ঃ৬ (বা ৫ঃ৩)। কামরুল হাসান জাতীয় পতাকার ডিজাইনার। আ. স. ম. আব্দুর রব ২ মার্চ ১৯৭১ প্রথম বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করেন।

৮২. জাতীয় সংসদ ভবনের স্থপতি কে?
ক. মাজাহারুল হক খ. লুই আইকান
গ. এফ. আর খান ঘ. নভেরা আহম্মদ উ. খ
ব্যাখ্যা : বাংলাদেশের আইনসভা জাতীয় সংসদ (House of the Nation)। জাতীয় সংসদ ভবন ঢাকার শেরে বাংলানগর অবস্থিত। এর স্থপতি এস্তোনীয় বংশোদ্ভূত মার্কিন নাগরিক লুই আই কান। ১৯৮২ সালে এটির উদ্বোধন করা হয়। ৯ তলাবিশিষ্ট এই ভবনটি ২১৫ একর জমির উপর স্থাপিত।

৮৩. প্রাচীন চন্দ্রদ্বীপের বর্তমান নাম কী?
ক. ব-দ্বীপ খ. হাতিয়া
গ. সন্দ্বীপ ঘ. বরিশাল উ. ঘ
ব্যাখ্যা : 'চন্দ্রদ্বীপ' একটি প্রাচীন জনপদ। এর বর্তমান নাম বরিশাল। বাকলা, ইসমাইলপুর এগুলোও বরিশালের পূর্বনাম। বরিশারকে বলা হয় 'বাংলার শস্যভাণ্ডার', 'বাংলার ভেনিস'।

৮৪. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ কয়টি সেক্টরে বিভক্ত ছিল?
ক. ১২ টি খ. ৯ টি
গ. ৮ টি ঘ. ১১ টি উ. ঘ
ব্যাখ্যা : মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে ১১টি সেক্টরে এবং ৬৪টি সাব-সেক্টরে ভাগ করা হয়। ১০ নং সেক্টর ছিল নৌ সেক্টর (ব্যতিক্রমী সেক্টর)। মুজিবনগর ছিল ৮ নং সেক্টরের অধীন। রাজধানী ঢাকা শহর ছিল ২নং সেক্টরের অধীন। তবে সম্পূর্ণ ঢাকা জেলা ছিল ২ ও ৩ নং সেক্টরের অধীন।

৮৫. পরিবেশের উপর বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ 'ম্যাগসাসে' পুরস্কার- ২০১২ প্রাপ্ত হন-
ক. অধ্যাপক আব্দুল্লাহ আবু সাঈদ খ. ড. আইনুন নিশাত
গ. সৈয়দা রেজোয়ানা হাসান ঘ. ড. হাসান মাহমুদ উ. গ
ব্যাখ্যা : ১৯৫৭ সালে ফিলিপাইন কর্তৃক প্রবর্তিত ম্যাগসেসে পুরস্কার 'এশিয়ার নোবেল' হিসেবে পরিচিত। প্রথম বাংলাদেশি হিসেবে ১৯৭৮ সালে এ পুরস্কার লাভ করেন নারী উন্নয়নকর্মী তাহরুন্নেসা আব্দুল্লাহ। পরিবেশের উপর অবদানের জন্য ২০১২ সালে এ পুরস্কার লাভ করেন পরিবেশবাদী সংগঠন BELA এর প্রধান নির্বাহী সৈয়দা রিজওয়ানা হাসান।

৮৬. বিশ্বের প্রাচীনতম সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?
ক. গ্রিসে খ. রোমে
গ. মেসোপটেমিয়ায় ঘ. ভারতে উ. গ
ব্যাখ্যা : বিশ্বের প্রাচীনতম সভ্যতা মেসোপটেমিয়া। দজলা ও ফোরাত নদীর (বর্তমান নাম যথাক্রমে টাইগ্রিস ও ইউফ্রেতিস) তীরে এ সভ্যতা গড়ে ওঠেছিল। এটি ছিল সেচ নির্ভর প্রাচীন সভ্যতা। তবে, ভারতীয় উপমহাদেশের প্রাচীনতম সভ্যতা হচ্ছে সিন্ধু সভ্যতা।

৮৭. ইন্টারপোলের সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক. নিউইয়র্ক খ. লন্ডন
গ. লিঁও ঘ. রোম উ. গ
ব্যাখ্যা : আন্তর্জাতিক পুলিশ সংস্থা ইন্টারপোল (INTERPOL)। এর পূর্ণরূপ International Criminal Police Organization। ১৯১৩ সালে এটি প্রতিষ্ঠিত হয়। ফ্রান্সের লিওঁতে এর সদর দপ্তর অবস্থিত। Europol হচ্ছে European Police Office। Europol এর সদরদপ্তর দি হেগ, নেদারল্যান্ডসে অবস্থিত।

৮৮. জাতিসংঘ কত সালে প্রতিষ্ঠিত হয়?
ক. ১৯৪৮ খ. ১৯৪৬
গ. ১৯৪৫ ঘ. ১৯৪৭ উ. গ
ব্যাখ্যা : ১৯৪৫ সালের ২৪ অক্টোবর জাতিসংঘ সনদ কার্যকর হয় এবং জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়। ২৪ অক্টোবর জাতিসংঘ দিবস। জাতিসংঘের সদর দফতর যুক্তরাষ্ট্রের নিউইর্য়কে অবস্থিত। এর বর্তমান সদস্য ১৯৩। সর্বশেষ ও ১৯৩তম সদস্য দক্ষিণ সুদান (২০১১)।

৮৯. 'ওভাল' কোন খেলার জন্য বিখ্যাত?
ক. টেনিস খ. ফুটবল
গ. হকি ঘ. ক্রিকেট উ. ঘ
ব্যাখ্যা : ওভাল (The Oval) ইংল্যান্ডের লন্ডনে অবস্থিত একটি আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম। ১৮৮০ সালে এখানেই ইংল্যান্ড প্রথম টেস্ট খেলে। ইংল্যান্ড ও অস্ট্রেলিয়ার মধ্যকার বিখ্যাত ক্রিকেটীয় লড়াই 'অ্যাশেজ' এর জন্ম এখানেই।

৯০. NATO-র সদস্য সংখ্যা কত?
ক. ২২ খ. ২৫
গ. ২৬ ঘ. ২৮ উ. *
ব্যাখ্যা : NATO একটি সামরিক জোট। এর পূর্ণরূপ North Atlantic Treaty Organization। ১৯৪৯ সালের ৪ এপ্রিল ন্যাটো প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত। ন্যাটোর বর্তমান সদস্য ৩১। সর্বশেষ সদস্য- ফিনল্যান্ড (যোগদান : ৪ এপ্রিল, ২০২৩)।

৯১. বিশ্ব ধরিত্রী সম্মেলন কত তারিখে অনুষ্ঠিত হয়?
ক. জুন ১৯৯২ খ. জুলাই ১৯৯৫
গ. জুন ১৯৭২ ঘ. জুলাই ১৯৯২ উ. ক
ব্যাখ্যা : ১৯৯২ সালের জুনে জাতিসংঘের উদ্যোগে ব্রাজিলের রিও ডি জেনেরিও-তে 'জাতিসংঘ পরিবেশ ও উন্নয়ন সম্মেলন' (UNCED) অনুষ্ঠিত হয়। এ সম্মেলনকে বলা হয় বিশ্ব ধরিত্রী সম্মেলন (Earth Summit) বা রিও সম্মেলন। এ সম্মেলনেই জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশ্বের সর্ববৃহৎ প্রতিষ্ঠান UNFCCC প্রতিষ্ঠিত হয়। ২০১২ সালে রিও ডি জেনেরিও তে রিও-তে বিশ্ব ধরিত্রী সম্মেলন + ২০ অনুষ্ঠিত হয়। উল্লেখ্য যে, ২২ এপ্রিল 'বিশ্ব ধরিত্রী দিবস'।

৯২. বাংলাদেশ কত সালে ইসলামি সম্মেলন সংস্থার সদস্যপদ লাভ করে?
ক. ১৯৭২ খ. ১৯৭৩
গ. ১৯৭৪ ঘ. ১৯৭৫ উ. গ
ব্যাখ্যা : OIC এর বর্তমান পূর্ণরূপ Organisation of Islamic Cooperation। মরক্কোর রাজধানী রাবাতে ১৯৬৯ সালে এটি প্রতিষ্ঠিত হয়। এর সদর দফতর সৌদি আরবের জেদ্দায়। ১৯৭৪ সালের ২২-২৪ ফেব্রুয়ারি পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত OIC এর ২য় শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। তবে, বঙ্গবন্ধু এ সম্মেলনে যোগদান করেন ২৩ ফেব্রুয়ারি, ১৯৭৪ এবং সেই ২৩ ফেব্রুয়ারি, ১৯৭৪ সালে বাংলাদেশ ওআইসি এর সদস্যপদ লাভ করে।

৯৩. নিশীথ সূর্যের দেশ কোনটি?
ক. থাইল্যান্ড খ. জাপান
গ. কানাডা ঘ. নরওয়ে উ. ঘ
ব্যাখ্যা : নিশীথ সূর্যের দেশ নরওয়ে। অন্যদিকে, সূর্যোদয়ের দেশ/ভূমিকম্পের দেশ = জাপান, শ্বেত হাতীর দেশ/মুক্তভূমির দেশ = থাইল্যান্ড; ম্যাপল পাতার দেশ/লিলি ফুলের দেশ = কানাডা।

৯৪. বাষ্পীয় ইঞ্জিন আবিষ্কার করেন কে?
ক. আইজাক নিউটন খ. স্টিফেন হকিংস
গ. হেনরিক মার্জ ঘ. জেমস ওয়াট উ. ঘ
ব্যাখ্যা : বাষ্পীয় ইঞ্জিন আবিষ্কার করেন জেমস ওয়াট ১৭৬৯ সালে। পদার্থবিদ স্টিফেন হকিং 'Black Hole Theory' প্রদান করেন এবং 'Big Bang Theory' এর আধুনিক ব্যাখ্যা করেন। স্যার আইজ্যাক নিউটন ক্যালকুলাস আবিষ্কার করেন এবং ৩টি গতিসূত্র প্রদান করেন।

৯৫. শব্দের তীক্ষ্ণতা মাপা হয় কী দিয়ে?
ক. ডেসিবল খ. এ্যাম্পিয়ার
গ. ক্যালরি ঘ. জুল উ. ক
ব্যাখ্যা : শব্দের তীক্ষ্ণতা মাপক যন্ত্র- ডেসিবেল। শব্দের তীব্রতা মাপক যন্ত্র অডিও মিটার। শক্তির বা কাজের একক জুল। (কাজ করার সামর্থই শক্তি)। তড়িৎ প্রবাহের একক অ্যাম্পিয়ার।

৯৬. ROM-এর পূর্ণ অর্থ কী?
ক. Random Only Memory
খ. Read Only Memory
গ. Radio Only Memory
ঘ. Ranging One Memory উ. খ
ব্যাখ্যা : কম্পিউটারের প্রাথমিক বা প্রধান মেমরি ২ প্রকার : Rom এবং RAM। ROM হচ্ছে Read Only Memory। একে স্থায়ী মেমোরি (Non Volatile Memory) বলা হয়। আর RAM হচ্ছে Random Access Memory। একে বলা হয় অস্থায়ী মেমোরি (Volatile Memory)।

৯৭. ইনসুলিনের অভাবে কী রোগ হয়?
ক. রাতকানা খ. রিকেট
গ. ডায়াবেটিস ঘ. স্কার্ভি উ. গ
ব্যাখ্যা : ইনসুলিন এক ধরনের হরমোন। অগ্ন্যাশয় বা প্যানক্রিয়াস থেকে এটি নির্গত হয়। এর অভাবে ডায়াবেটিস রোগ হয়।

৯৮. পেনিসিলিন আবিষ্কার করেন–
ক. আলেকজান্ডার ফ্লেমিং খ. লুই পাস্তুর
গ. আইকম্যান ঘ. উইলিয়াম হার্ভে উ. ক
ব্যাখ্যা : ইংল্যান্ডের জীববিজ্ঞানী আলেকজান্ডার ফ্লেমিং 'পেনিসিলিন' নামক এন্টিবায়োটিক আবিষ্কার করেন। লুই পাস্তুর রোগ জীবাণু তত্ত্ব (Germ Theory of Disease) বা জীবাণুবিদ্যার জনক। পাস্তুরাইজেশন, জলাতঙ্কের প্রতিষেধক তিনিই আবিষ্কার করেন। উইলিয়াম হার্ভে শারীরবিদ্যার জনক।

৯৯. কোন গ্যাস ওজনস্তর ক্ষয়ের জন্য দায়ী?
ক. CO_2 খ. CH_4
গ. CFC ঘ. N_2 উ. গ
ব্যাখ্যা : বায়ুমণ্ডলের দ্বিতীয় স্তর স্ট্রাটোমণ্ডল। এ স্তরেই ওজোন (O_3) স্তর অবস্থিত। ওজোনস্তর সূর্যের ক্ষতিকর অতিবেগুনি রশ্মি থেকে প্রাণিকূলকে রক্ষা করে। ক্লোরোফ্লোরো কার্বন বা CFC গ্যাস ওজোনস্তরে ক্ষয়ের জন্য দায়ী।

১০০. সহজে সর্দিকাশি হয় কোন ভিটামিনের অভাবে?
ক. ভিটামিন-ই খ. ভিটামিন-কে
গ. ভিটামিন-সি ঘ. ভিটামিন-বি উ. গ
ব্যাখ্যা : ভিটামিন-সি এর অভাবে স্কার্ভি রোগ, সর্দিকাশি, দাঁতের মাড়ি নরম হওয়া বা পুঁজ পড়া ইত্যাদি হয়। ভিটামিন-কে এর অভাবে রক্ত জমাট বাঁধে না। ভিটামিন-ই এর অভাবে বন্ধ্যাত্ব হয় ও প্রজননশক্তি হ্রাস পায়। ভিটামিন B_1 এর অভাবে বেরিবেরি হয়।

৯ম স্কুল/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৩

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ৩০০; পরীক্ষার তারিখ : ২৩.০৮.২০১৩

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কর্তন হবে।]

১. **নিচের কোনটি মিশ্র শব্দ?**
ক. বেতার খ. হাট-বাজার
গ. হেড-মাস্টার ঘ. শাকসবজি উ. *

ব্যাখ্যা : কোনো কোনো সময় দেশি ও বিদেশি শব্দের মিলনে মিশ্র শব্দ সৃষ্টি হয়। অপশনগুলোর মধ্যে 'হাট-বাজার' (বাংলা + ফারসি) ও 'শাক-সবজি' (তৎসম + ফারসি) উভয়ই মিশ্র শব্দ। অপশনে প্রদত্ত 'বেতার' একটি সমাসবদ্ধ শব্দ; 'হেড-মাস্টার' একটি ইংরেজি শব্দ। [তবে, উক্ত প্রশ্নে অপশন অনুযায়ী, 'হাট-বাজার' অধিক প্রচলিত মিশ্র শব্দ হিসেবে উত্তর করা যেতে পারে।]

২. **মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ নিদর্শন কোনটি?**
ক. শ্রীকৃষ্ণকীর্তন খ. চর্যাপদ
গ. বৈষ্ণব পদাবলী ঘ. নাথ সাহিত্য উ. ক

ব্যাখ্যা : মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রথম ও শ্রেষ্ঠ নিদর্শন 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য। এটি ১৯০৯ সালে বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ কর্তৃক আবিষ্কৃত হয়। চর্যাপদ হচ্ছে বাংলা সাহিত্যের প্রাচীন যুগের একমাত্র নিদর্শন।

৩. **'অম্বর'-এর প্রতিশব্দ কোনটি?**
ক. পৃথিবী খ. জল
গ. সমুদ ঘ. আকাশ উ. ঘ

ব্যাখ্যা : অম্বর এর প্রতিশব্দ হচ্ছে আকাশ। অম্বর এর আরো কয়েকটি প্রতিশব্দ হচ্ছে– খ, গগন, নভঃ, অন্তরীক্ষ, শূন্য, ব্যোম, দ্যুলোক ইত্যাদি।

৪. **কোনটি অর্ধ-তৎসম শব্দের উদাহরণ?**
ক. মাথা খ. ঢেঁকি
গ. ভবন ঘ. কুচ্ছিত উ. ঘ

ব্যাখ্যা : সংস্কৃত ভাষার যে শব্দগুলো কিঞ্চিৎ পরবর্তিত হয়ে বাংলা ভাষায় ব্যবহৃত হচ্ছে সে শব্দগুলোই অর্ধ-তৎসম। অপশনগুলোর মধ্যে 'কুচ্ছিত' শব্দটি অর্ধ-তৎসম। এর তৎসম রূপ হচ্ছে- কুৎসিত। আরো কয়েকটি অর্ধ-তৎসম শব্দ হচ্ছে– জোছনা, ছেরাদ্দ, গিন্নী, বোষ্টম ইত্যাদি।

৫. **'দর্শক' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ-**
ক. দৃ +অক খ. দৃশ্ + ষ্বক
গ. দৃশ্ +অক ঘ. দৃ + শক্ উ. গ

ব্যাখ্যা : প্রশ্নে 'সন্ধি বিচ্ছেদ' এর স্থলে 'প্রকৃতি-প্রত্যয়' হবে। 'দর্শক' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় হচ্ছে– $\sqrt{দৃশ্}$ + ণক = দৃশ্ + অক = দর্শক।

৬. **'পাশ্চাত্য' শব্দের বিপরীত শব্দ-**
ক. প্রতীচ্য খ. প্রাচ্য
গ. পশ্চিমা ঘ. পূর্ব-পশ্চিম উ. খ

ব্যাখ্যা : পাশ্চাত্য শব্দের অর্থ হচ্ছে পশ্চিম দেশীয়, প্রতীচ্য। পাশ্চাত্য শব্দের বিপরীত শব্দ হচ্ছে প্রাচ্য।

৭. **নিচের কোন বানানটি শুদ্ধ নয়?**
ক. সমীচীন খ. সান্ত্বনা
গ. মুমূর্ষু ঘ. ফটোষ্ট্যাট উ. ঘ

ব্যাখ্যা : 'ফটোষ্ট্যাট' বানানটি শুদ্ধ নয়। কারণ ইংরেজি শব্দের বাংলা বানানে ণ, ষ ব্যবহৃত হয় না। তাই ফটোষ্ট্যাট শব্দটির বানান ভুল। এর শুদ্ধরূপ হবে ফটোস্ট্যাট।

৮. **'পত্র' শব্দটির আভিধানিক অর্থ কী?**
ক. বিনিময় খ. যোগাযোগ
গ. চিহ্ন বা স্মারক ঘ. সংযোগ উ. গ

ব্যাখ্যা : 'পত্র' শব্দটির আভিধানিক অর্থ হচ্ছে চিহ্ন বা স্মারক।

৯. **'বারান্দা' কোন ভাষা থেকে আগত?**
ক. পর্তুগিজ খ. ওলন্দাজ
গ. তুর্কি ঘ. ইংরেজি উ. ক

ব্যাখ্যা : 'বারান্দা' শব্দটি পর্তুগিজ ভাষা থেকে আগত। পর্তুগিজ ভাষা থেকে আগত আরো কয়েকটি শব্দ হচ্ছে– আলমারি, সাবান, আলপিন, ইস্পাত, ইস্তিরি, মিস্ত্রি, মাস্তুল ইত্যাদি।

১০. **নিচের কোনটি পারিভাষিক শব্দ?**
ক. মসজিদ খ. কাগজ-পত্র
গ. দর-দালান ঘ. সমীকরণ উ. ঘ

ব্যাখ্যা : বিদেশি শব্দের ভাষানুবাদমূলক প্রতিশব্দকে পারিভাষিক শব্দ বলে। কয়েকটি পারিভাষিক শব্দ হচ্ছে– সমীকরণ- Equation, নথি- File, ব্যবস্থাপক- Manager ইত্যাদি।

১১. **কোন ধরনের শব্দে কখনোই মূর্ধন্য-ণ হবে না?**
ক. তৎসম খ. বিদেশি
গ. তদ্ভব ঘ. আঞ্চলিক উ. খ

ব্যাখ্যা : বিদেশি শব্দের বানানে কখনোই মূর্ধন্য-ণ হবে না। কারণ, ণ-ত্ব বিধান অনুযায়ী, বিদেশি শব্দ বানানে সবসময় দন্ত্য-ন হয়।

১২. **সারাংশ লিখনে একাধিক অনুচ্ছেদ থাকা–**
ক. অপরিহার্য খ. বাঞ্ছনীয়
গ. অপ্রয়োজনীয় ঘ. অসম্ভব উ. গ

ব্যাখ্যা : সারাংশ শব্দের অর্থই হচ্ছে 'মূল অংশ'। সারাংশ লিখতে হয় প্রদত্ত উদ্দীপকের তিন ভাগের এক ভাগ। তাই সারাংশ লিখনে একাধিক অনুচ্ছেদ থাকা অপ্রয়োজনীয়।

Job Navigator

১৩. কোনটি শুদ্ধ বানান?
ক. নুনতম খ. ন্যূনতম
গ. নূন্যতম ঘ. নূন্যতম উ. গ
ব্যাখ্যা : 'ন্যূনতম' বানানটি শুদ্ধ। 'ন্যূনতম' অর্থ 'সর্বনিম্ন'।

১৪. সমাসের রীতি কোন ভাষা হতে আগত?
ক. আরবি খ. সংস্কৃত
গ. ফারসি ঘ. ইংরেজি উ. খ
ব্যাখ্যা : বাংলা ভাষায় সামাসের রীতি সংস্কৃত ভাষা থেকে আগত।

১৫. উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?
ক. মুখচন্দ্র খ. ক্রোধানল
গ. তুষারশুভ্র ঘ. মনমাঝি উ. গ
ব্যাখ্যা : উপমান কর্মধারায় সমাসে পূর্বপদ বিশেষ্য ও পরপদ বিশেষণ হয় এবং উপমান ও উপমেয়ের তুলনা বাস্তব ধর্মী হয়। এখানে তুষার (বিশেষ্য) শুভ্র (বিশেষণ) হচ্ছে উপমান কর্মধারয় সমাস। অন্যদিকে, মুখ চন্দ্রের ন্যায় = মুখচন্দ্র (উপমিত কর্মধারয়), ক্রোধ রূপ অনল = ক্রোধানল (রূপক কর্মধারায়) ও মনমাঝি = মন রূপ মাঝি (রূপক কর্মধারায়)।

১৬. 'পোস্টাল কোড' কী নির্দেশ করে?
ক. প্রাপকের এলাকা খ. ডাক বিভাগের নাম
গ. পোস্ট অফিসের নাম ঘ. প্রেরকের এলাকা উ. ক
ব্যাখ্যা : Postal Code (পোস্টাল কোড) এর মানে হচ্ছে– পোস্ট অফিসের নাম্বার। এটি প্রাপকের এলাকা নির্দেশ করে।

১৭. 'নদের চাঁদ' বাগধারাটির অর্থ কি?
ক. অতি আকাঙ্ক্ষিত বস্তু খ. অহমিকাপূর্ণ নির্গুণ ব্যক্তি
গ. অদৃষ্টের পরিহাস ঘ. বিশেষ সম্মানিত ব্যক্তি উ. খ
ব্যাখ্যা : 'নদের চাঁদ' বাগধারাটির অর্থ হচ্ছে– অহমিকাপূর্ণ নির্গুণ ব্যক্তি। ইদের চাঁদ = অতি আকাঙ্ক্ষিত বস্তু; ভাগ্যের বিড়ম্বনা = অদৃষ্টের পরিহাস।

১৮. বৈষয়িক ব্যাপারে সরকারি পৃষ্ঠপোষকতায় আইনানুসারে লিখিত পত্রকে কী বলে?
ক. চুক্তিপত্র খ. বায়নানামা
গ. বাণিজ্যিকপত্র ঘ. দলিলপত্র উ. ঘ
ব্যাখ্যা : বৈষয়িক ব্যাপারে সরকারি পৃষ্ঠপোষকতায় আইনানুসারে লিখিত পত্রকে দলিলপত্র বলে। কারণ, দলিল লেখার ক্ষেত্রে আইনের বাইরে যাওয়ার সুযোগ নেই।

১৯. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. তিনি স্বস্ত্রীক বিদেশে গেছেন
খ. 'শেষের কবিতা' একখানি উৎকৃষ্ট কাব্যগ্রন্থ
গ. সকল ছাত্রই অমনোযোগী নয়
ঘ. পরবর্তীতে তার সাথে আমার আর সাক্ষাৎ হয়নি উ. ঘ
ব্যাখ্যা : পরবর্তীতে তার সাথে আমার আর সাক্ষাৎ হয়নি– বাক্যটি শুদ্ধ। অন্য বাক্যগুলোর শুদ্ধরূপ- ক. তিনি সস্ত্রীক বিদেশে গেছেন। খ. 'শেষের কবিতা' একটি উৎকৃষ্ট উপন্যাস। গ. সকল ছাত্র অমনোযোগী নয়।

২০. সারাংশের জন্য গুরুত্বপূর্ণ দিক কোনটি?
ক. প্রাঞ্জলতা খ. সৃজনশীলতা
গ. মননশীলতা ঘ. ভাষারীতির শুদ্ধতা উ. ক
ব্যাখ্যা : সারাংশের জন্য গুরুত্বপূর্ণ দিক হলো ভাষার প্রাঞ্জলতা।

২১. কোনটি ভাব-সম্প্রসারণের বৈশিষ্ট্য নয়?
ক. একাধিক অনুচ্ছেদ খ. বাক্যের পুনরাবৃত্তি
গ. প্রবাদ-প্রবচনের ব্যবহার ঘ. অভিমত প্রদান উ. খ
ব্যাখ্যা : একই বাক্যের পুনরাবৃত্তি করা ভাবসম্প্রকারণের বৈশিষ্ট্য নয়।

২২. কোনটি ভাব-সম্প্রসারণে হুবহু ব্যবহৃত হওয়া উচিত নয়?
ক. তথ্য খ. উপমা
গ. অলঙ্কার ঘ. মূল ছত্র উ. ঘ
ব্যাখ্যা : ভাব-সম্প্রসারণে মূল ছত্র বা পঙক্তি হুবহু ব্যবহৃত হওয়া উচিত নয়।

২৩. যৌগিক ও মিশ্রবাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা ততোধিক বাক্যের সমন্বয় বা সংযোগ বোঝাতে কোন বিরাম চিহ্ন ব্যবহৃত হয়?
ক. ড্যাশ খ. কোলন
গ. সেমিকোলন ঘ. হাইফেন উ. ক
ব্যাখ্যা : দুই বা ততোধিক বাক্যের সমন্বয় বা সংযোগ বোঝাতে ড্যাশ বিরাম চিহ্ন ব্যবহৃত হয়।

২৪. কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে?
ক. ভারতীয় আর্য খ. সংস্কৃত
গ. ইন্দো-ইউরোপীয় ঘ. বঙ্গ-কামরূপী উ. ঘ
ব্যাখ্যা : ইন্দো-ইউরোপীয় ভাষা গোষ্ঠীর অন্তর্গত বঙ্গ-কামরূপী ভাষা থেকে বাংলা ও অসমিয়া ভাষার জন্ম হয়েছে।

২৫. কোন ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট?
ক. কথ্য ভাষা খ. আঞ্চলিক ভাষা
গ. সাধু ভাষা ঘ. চলিত ভাষা উ. গ
ব্যাখ্যা : সাধু-ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট। কিন্তু, চলিত ভাষা পরিবর্তনশীল বলে এ ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট নয়।

২৬. 'Beauty is truth'. Here 'Beauty' is–
ক. a pronoun খ. an abstract noun
গ. a common noun ঘ. a collective noun উ. খ
ব্যাখ্যা : যে noun দ্বারা কোনো ব্যক্তি বা বস্তুর দোষ, গুণ বা অনুভূতির নামকে বোঝায় তাকে Abstract noun বলা হয়। 'Beauty' শব্দটি দ্বারা বস্তুর গুণ নির্দেশ করে, তাই এটি Abstract noun

২৭. Noun form of 'know' is–
ক. knowing খ. known
গ. knowledge ঘ. unknown উ. গ
ব্যাখ্যা : 'Know' শব্দটি verb; যার অর্থ জানা। এর noun knowledge; যার অর্থ জ্ঞান। তাই সঠিক উত্তর (গ) knowledge।

২৮. The boy writes well. Here 'well' is a/an–
ক. adjective খ. adverb
গ. verb ঘ. noun উ. খ

ব্যাখ্যা : যে শব্দ noun/pronoun ব্যতীত অন্য parts of speech -কে modify করে তাকে adverb বলে। যেমন- Suma writes well. well শব্দটি verb- কে modify করেছে। কাজেই সঠিক উত্তর (খ) adverb.

২৯. **Every man is potential. Here 'Every' is a/an–**
ক. noun খ. adjective
গ. pronoun ঘ. adverb **উ. খ**

ব্যাখ্যা : যে শব্দ noun/pronoun এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা নির্দেশ করে তাকে adjective বলে। এখানে Every শব্দটি man এর সংখ্যা নির্দেশ করে। সুতরাং সঠিক উত্তর (খ) adjective.

৩০. **Adjective form of 'Miser' is–**
ক. miserly খ. miser
গ. misery ঘ. misearly **উ. ক**

ব্যাখ্যা : কিছু কিছু noun এর শেষে ly যুক্ত হলে adjective -এ রূপান্তর হয়। যেমন– miserly, friendly, fatherly, motherly, brotherly, homely ইত্যাদি। সুতরাং সঠিক উত্তর (ক)।

৩১. **Noun form of 'Young' is–**
ক. younger খ. youth
গ. youngest ঘ. tender **উ. খ**

ব্যাখ্যা : Young (তারুণ) adjective এর noun form 'youth' (তারুণ্য)।

৩২. **The tea is so hot that I cannot drink it. (Simple)**
ক. The tea is too hot to drink it
খ. The tea is so hot to drink.
গ. The tea is too hot for me to drink
ঘ. The tea is so hot for me to drink it. **উ. গ**

ব্যাখ্যা : So — that যুক্ত Negative complex sentence -কে simple sentence করতে হলে too — to ব্যবহার করতে হয়। প্রশ্নে প্রদত্ত বাক্যে subject হিসেবে 'I' থাকায় adjective এর পরে for me হবে। সুতরাং সঠিক উত্তর (গ)।

৩৩. **Would that I could fly in the sky! (Assertive)**
ক. I could fly in the sky.
খ. I would fly in the sky.
গ. I wish I could fly in the sky.
ঘ. I wish I fly in the sky. **উ. গ**

ব্যাখ্যা : 'Would that' দিয়ে exclamatory sentence শুরু হলে Sub + wish + would that এর পরের অংশ বসিয়ে Assertave sentence -এ রূপান্তর করতে হয়। শর্তমতে সঠিক উত্তর (গ) I wish I cold fly in the sky.

৩৪. **He has a cup of tea everyday. (Interrogative)**
ক. Doesn't he have a cup of tea everyday?
খ. Doesn't he has a cup of tea everyday?
গ. Has he not have a cup of tea everyday?
ঘ. Hasn't he a cup of tea everyday? **উ. ক**

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি Present Indefinite Tense-এ রয়েছে এবং বাক্যটির Subject 'He' হলো Third person singular number. আমরা জানি, Present Indefinite Tense-এ কোনো বাক্যের Subject যদি 3rd person singular number হয়, তাহলে Does দ্বারা প্রশ্ন করতে হয়। এবং Does এর পর Subject বসে এবং Subject এর পর মূল Verb এর Base form হয়। প্রশ্নে প্রদত্ত বাক্যটিতে 'has' হলো মূল verb; আর 'has' এর Base form হলো 'have'। অতএব, সঠিক উত্তর (ক)।

৩৫. **He is the best boy in the class. (Positive)**
ক. He is a good boy in the class.
খ. No other boy is so good as he.
গ. No other boy in the class is as good as he.
ঘ. He is better than any other boy. **উ. গ**

ব্যাখ্যা : Superlative -এ one of the না থাকলে positive করার নিয়ম No other + Singular noun + verb (singular) + so/as + positive form (adjective) + as + sub (1) + Extension. সুতরাং, উত্তর হবে (গ)।

৩৬. **I must do this. (Negative)**
ক. I cannot but doing this.
খ. I cannot help do this.
গ. I must not do this.
ঘ. I cannot help doing this. **উ. ঘ**

ব্যাখ্যা : Affirmative -এ must থাকলে Negative sentence -এ can not but/cannot help বসে। তবে মনে রাখা ভালো, cannot help এর পরে v + ing হবে। সুতরাং সঠিক উত্তর (ঘ) I cannot help doing this।

৩৭. **I know you. (Complex)**
ক. I know what you are. খ. I know who you are.
গ. I know who are you.
ঘ. I know what are you. **উ. খ**

ব্যাখ্যা : Sub + verb + object যুক্ত simple sentence কে compound sentence -এ পরিবর্তন করার ক্ষেত্রে : Sub + verb + relative pronoun + ব্যক্তিবাচক object + object অনুযায়ী verb হয়। সুতরাং সঠিক উত্তর (খ) I know who you are.

৩৮. **The sun rises in the east.**
ক. সূর্য পূর্ব দিকে ওঠে। খ. সূর্য পূর্ব দিকে অস্ত যায়।
গ. সূর্য পশ্চিম দিকে অস্ত যায়।
ঘ. সূর্য পূর্ব দিকে উঠছে। **উ. ক**

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি Present Indefinite tense –এ। তাই সঠিক উত্তর (ক)।

৩৯. **He is my nephew.**
ক. সে আমার চাচী। খ. সে আমার নতুন পরিচিত।
গ. সে আমার ভাতিজি। ঘ. সে আমার ভাতিজা। **উ. ঘ**

ব্যাখ্যা : 'Nephew' অর্থ 'ভাতিজা'; 'Niece' অর্থ ভাতিজি। অতএব, সঠিক উত্তর (ঘ)।

৪০. **It is I who am your teacher.**
ক. আমি তোমার শিক্ষক। খ. আমিই তোমার শিক্ষক।
গ. এটি আমি যে তোমার শিক্ষক।
ঘ. এটি আমি যিনি তোমার শিক্ষক। **উ. খ**

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত ইংরেজি বাক্যটি একটি complex sentence. এতএব, সঠিক উত্তর (খ)।

৪১. **It is a quarter to ten now.**
ক. এখন সোয়া দশটা বাজে। খ. এখন সাড়ে দশটা বাজে।
গ. এখন পৌনে দশটা বাজে।
ঘ. এখন দশটার কাছাকাছি। **উ. গ**

ব্যাখ্যা : ঘড়ির সময়ের ক্ষেত্রে 'quarter' অর্থ পৌনে। অতএব, সঠিক উত্তর (গ)।

৪২. **Pen through the line.**
ক. বাক্যটি কেটে দাও। খ. শব্দটি কেটে দাও।
গ. ছত্রটি কেটে দাও। ঘ. ছত্রটি বদলে দাও। **উ. গ**

ব্যাখ্যা : লেখা 'কেটে দেওয়া' অর্থে 'Pen through'। অতএব, সঠিক উত্তর (গ)।

৪৩. **Faults are thick where love is thin.**
ক. ভালবাসলে ত্রুটি দেখা যায় না।
খ. ত্রুটি ভালবাসায় বিলীন হয়ে যায়।
গ. যাকে দেখতে নারি তার চলন বাঁকা।
ঘ. ত্রুটি ও ভালবাসা অভিন্ন। **উ. গ**

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি একটি প্রবাদ। যার অনুবাদ- 'যাকে দেখতে নারি তার চলন বাঁকা।' অতএব, সঠিক উত্তর (গ)।

৪৪. **ছেলেটি হাড়ে হাড়ে দুষ্ট।**
ক. The boy is very wicked
খ. The boy is naughty.
গ. The boy is wicked bone to bone.
ঘ. The boy is wicked to the backbone. **উ. ঘ**

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি একটি প্রবাদ। এর সঠিক উত্তর (ঘ)

৪৫. **চক্ চক্ করলেই সোনা হয় না।**
ক. All that gliter is not gold.
খ. All that gliters is not gold.
গ. All that glitters is not gold.
ঘ. All that glitters are not gold **উ. গ**

ব্যাখ্যা : 'Glitter' শব্দটি verb; যার অর্থ 'চক্ চক্ করা'। প্রশ্নে প্রদত্ত বাক্যটি একটি প্রবাদ। এর সঠিক উত্তর (গ)

৪৬. **ঢাকা কি জন্য বিখ্যাত?**
ক. What is Dhaka famous for?
খ. Why Dhaka is famous?
গ. What Dhaka is famous for?
ঘ. What for Dhaka is famous? **উ. ক**

ব্যাখ্যা : Interrogative sentence এর নিয়ম অনুযায়ী, Wh question এর পর tense অনুযায়ী auxiliary verb বসবে। সুতরাং, সঠিক উত্তর (ক)

৪৭. **আমি জানি সে কোথায় বাস করে।**
ক. I know where does he lives.
খ. I know where he is living.
গ. I know where he live.
ঘ. I know where he lives. **উ. ঘ**

ব্যাখ্যা : Relative pronoun ও Relative adverb এর নিয়ম অনুযায়ী, Relative pronoun/Relative adverb বাক্যের মাঝখানে বসলে এর পরের clause তথা খণ্ড বাক্যটি assertive হয়। এখানে Relative adverb 'where' এর পর 'he' 3rd person singular হওয়ায় verb টিও singular হবে। অতএব, সঠিক উত্তর (ঘ)।

৪৮. **তেল পানিতে ভাসে।**
ক. Oil is floatin is water. খ. Oil floates over water.
গ. Oil floats on water.
ঘ. Oil is floated on water. **উ. গ**

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি Present Indefinite tense –এ রয়েছে। 'পানিতে ভাসা' অর্থে তথা পানির উপরে ভাসা 'on water' হয়। 'Oil' 3rd person singular হওয়ায় verb টিও singular 'floats' হবে। তাই সঠিক উত্তর (গ)

৪৯. **আমার একটি কম্পিউটার আছে।**
ক. I have a computer. খ. I had a computer.
গ. I has a computer. ঘ. I am a computer. **উ. ক**

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি Present Indefinite tense –এ রয়েছে। Present Indefinite tense –এ Subject 'I' এর পরে verb 'have' হয়। তাই সঠিক উত্তর (ক)

৫০. **A paragraph must have–**
ক. an object খ. a single idea or topic
গ. more than one para ঘ. topics **উ. খ**

ব্যাখ্যা : একটি paragraph এ কেবল একটি আইডিয়া বা টপিক থাকে। যাকে অনেক সময় 'topic sentence' বলা হয়। অতএব, সঠিক উত্তর (খ)।

৫১. **শতকরা বার্ষিক কত হার সুদে ১ বছরের সুদ আসলের $\frac{১}{৫}$ অংশ হবে?**
ক. ১০% খ. ১৫%
গ. ২০% ঘ. ২৫% **উ. গ**

ব্যাখ্যা : মনে করি, আসল = ৫ টাকা।

$\therefore$ সুদ = ৫ এর $\frac{১}{৫}$ টাকা = ১ টাকা

$\therefore$ সুদের হার = $\frac{১০০ \times ১}{১ \times ৫}$ %

= ২০% (উত্তর)

৫২. ১৪৪ কোন সংখ্যার ৪০%?

ক. ৩৫০ খ. ২৬০

গ. ৩৬০ ঘ. ৩৭০ **উ. গ**

ব্যাখ্যা : মনে করি, সংখ্যাটি = x

∴ x এর ৪০% = ১৪৪

বা, $\frac{৪০x}{১০০} = ১৪৪$

বা, $x = \frac{১৪৪ \times ১০০}{৪০}$

বা, x = ৩৬০

∴ সংখ্যাটি = ৩৬০ (উত্তর)

৫৩. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ১২ বার ঘোরে। চাকাটি পাঁচ সেকেন্ডে কত ডিগ্রি ঘোরে?

ক. ৩৬০° খ. ৩০০°

গ. ১৮০° ঘ. ৩০° **উ. ক**

ব্যাখ্যা : গাড়ির চাকা,

১ বার ঘুরলে অতিক্রম করে = ৩৬০°

∴ ১২ " " " = (৩৬০ × ১২)° = ৪৩২০°

অতএব, ৬০ সেকেন্ডে চাকাটি ঘুরে = ৪৩২০°

∴ ১ " " " $= \left(\frac{৪৩২০}{৬০}\right)^\circ$

∴ ৫ " " " $= \left(\frac{৪৩২০ \times ৫}{৬০}\right)^\circ$

= ৩৬০°(উত্তর)

৫৪. $a \neq 0$ হলে $(a^{-1})^{-1}$ এর সঠিক মান–

ক. a খ. a^{-1}

গ. a^{-2} ঘ. a **উ. ক**

ব্যাখ্যা : $(a^{-1})^{-1}$ (যেখানে $a \neq 0$)

$= \frac{1}{(a^{-1})}$ [যেহেতু, $a^{-1} = \frac{1}{a}$]

$= \frac{1}{\frac{1}{a}}$

$= 1 \times \frac{a}{1}$

$= a$

৫৫. $a^{m/n}$ = কত?

ক. ma খ. na^m

গ. $\sqrt[m]{a^n}$ ঘ. $\sqrt[n]{a^m}$ **উ. ঘ**

ব্যাখ্যা : $a^{\frac{m}{n}} = \sqrt[n]{a^m}$

৫৬. নিচের কোনটি রাশির গড় নির্দেশ করে?

ক. রাশির সমষ্টি × রাশির সংখ্যা খ. $\frac{\text{রাশির সমষ্টি}}{\text{রাশির সংখ্যা}}$

গ. $\frac{\text{রাশির সংখ্যা}}{\text{রাশির সমষ্টি}}$ ঘ. কোনোটিই নয় **উ. খ**

ব্যাখ্যা : একজাতীয় কতিপয় রাশির সমষ্টিকে উক্ত রাশিগুলোর মোট সংখ্যা দ্বারা ভাগ করলে রাশিগুলোর গড় পাওয়া যায়।

∴ গড় $= \frac{\text{একজাতীয় রাশির সমষ্টি}}{\text{রাশির সংখ্যা}}$

৫৭. নিচের কোনটি সঠিক?

ক. $\sec^2\theta = 1 + \tan^2\theta$

খ. $\sec^2\theta = 1 - \tan^2\theta$

গ. $\tan\theta = \frac{\cos\theta}{\sin\theta}$

ঘ. $\sin^2\theta - \cos^2\theta = 1$ **উ. ক**

ব্যাখ্যা : আমরা জানি, $\sec^2\theta - \tan^2\theta = 1$

∴ $\sec^2\theta = 1 + \tan^2\theta$

৫৮. x : y এর ব্যস্তানুপাত হবে–

ক. y : x খ. $y : \frac{1}{x}$

গ. $\sqrt{x} : \sqrt{y}$ ঘ. $\frac{1}{x} : \frac{1}{y}$ **উ. ক**

ব্যাখ্যা : আমরা জানি, সরল অনুপাতের উত্তর রাশিকে পূর্ব রাশি এবং পূর্ব রাশিকে উত্তর রাশি ধরে প্রাপ্ত অনুপাতকে সরল অনুপাতটির ব্যস্ত অনুপাত বলে। অর্থাৎ, উল্টোটা।

∴ x : y এর ব্যস্তানুপাত y : x।

৫৯. $2^{x+7} = 4^{x+2}$ হলে x এর মান কত?

ক. 0 খ. 2

গ. 3 ঘ. -1 **উ. গ**

ব্যাখ্যা : $2^{x+7} = 4^{x+2}$

বা, $2^x.2^7 = (2^2)^x.4^2$

বা, $2^x.2^7 = 2^{2x}.(2^2)^2$

বা, $2^x.2^7 = 2^{2x}.2^4$

বা, $\frac{2^7}{2^4} = \frac{2^{2x}}{2^x}$

বা, $2^{7-4} = 2^{2x-x}$

বা, $2^3 = 2^x$

বা, $2^x = 2^3$

∴ x = 3

৬০. 1 + 2 + 3 + ... + n = কত?

ক. $\frac{n(n+1)}{2}$ খ. $\frac{n^2(n+1)^2}{4}$

গ. n^2 ঘ. $\frac{n(n+1)(n+2)}{6}$ **উ. ক**

ব্যাখ্যা : আমরা জানি, n সংখ্যক স্বাভাবিক সংখ্যার যোগফল

$$= \frac{(\text{শেষপদ} + ১\text{ম পদ})}{২} \times \text{পদ সংখ্যা}$$

$$\therefore 1 + 2 + 3 + \ldots\ldots + n = \frac{n(n+1)}{2}$$

৬১. কোনো ত্রিভুজের দুটি কোণ 10° এবং 80° হলে ত্রিভুজটি হবে–

ক. স্থূলকোণী খ. সমকোণী

গ. সূক্ষ্মকোণী ঘ. সমবাহু ত্রিভুজ **উ. খ**

ব্যাখ্যা : আমরা জানি, যেকোনো ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি = 180°। অতএব, দুটি কোণের পরিমাণ $(10 + 80)° = 90°$ হলে অবশ্যই তৃতীয় কোণের পরিমাণ $180^0 - 90° = 90°$ বা এক সমকোণ হবে। আমরা জানি, যে ত্রিভুজের একটি কোণ সমান এক সমকোণ, তাকে সমকোণী ত্রিভুজ বলে।

∴ ত্রিভুজটি সমকোণী।

৬২. $a + \frac{1}{a} = 3$ হলে $a^3 + \frac{1}{a^3}$ এর মান কত?

ক. 16 খ. 20

গ. 48 ঘ. 18 **উ. ঘ**

ব্যাখ্যা : দেয়া আছে, $a + \frac{1}{a} = 3$

এখন, $a^3 + \frac{1}{a^3} = \left(a + \frac{1}{a}\right)^3 - 3.a.\frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$

$= (3)^3 - 3.3$ [মান বসিয়ে]

$= 27 - 9$

$= 18$

৬৩. কোনো সংখ্যার $\frac{1}{2}$ অংশের সাথে 6 যোগ করলে সংখ্যাটির $\frac{2}{3}$ অংশ হবে। সংখ্যাটি কত?

ক. 53 খ. 63

গ. 36 ঘ. 35 **উ. গ**

ব্যাখ্যা : মনে করি, সংখ্যাটি = x

প্রশ্নানুসারে, $\frac{x}{2} + 6 = \frac{2x}{3}$

বা, $\frac{x}{2} - \frac{2x}{3} = -6$

বা, $\frac{3x - 4x}{6} = -6$

বা, $-x = -36$

∴ $x = 36$

অতএব, সংখ্যাটি 36

৬৪. $\log_5 \sqrt[3]{5}$ এর মান কত?

ক. $\frac{1}{2}$ খ. $\frac{1}{3}$

গ. 5 ঘ. $\frac{1}{5}$ **উ. খ**

ব্যাখ্যা : $\log_5 \sqrt[3]{5}$

$= \log_5 5^{\frac{1}{3}}$

$= \frac{1}{3} \times \log_5 5$

$= \frac{1}{3} \times 1$ [যেহেতু, $\log_a a = 1$]

$= \frac{1}{3}$ (Ans)

৬৫. $\sin\theta = \frac{5}{13}$ হলে $\text{cosec}\theta$ এর মান কত?

ক. $\frac{5}{12}$ খ. $\frac{12}{5}$

গ. $\frac{13}{5}$ ঘ. $\frac{5}{13}$ **উ. গ**

ব্যাখ্যা : দেয়া আছে, $\sin\theta = \frac{5}{13}$

∴ $\text{cosec}\theta = \frac{1}{\sin\theta} = \frac{1}{\frac{5}{13}}$

$= 1 \times \frac{13}{5}$

$= \frac{13}{5}$ (Ans)

৬৬. দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর 199 হলে বড় সংখ্যাটি কত?

ক. 70 খ. 80

গ. 90 ঘ. 100 **উ. ঘ**

ব্যাখ্যা : বড় সংখ্যা $= \frac{\text{বর্গের অন্তর} + 1}{2}$

$= \frac{199 + 1}{2}$

$= 100$ (Ans)

৬৭. $x^2 - y^2 + 2y - 1$ এর একটি উৎপাদক–

ক. $x + y + 1$ খ. $x - y$

গ. $x + y - 1$ ঘ. $x - y - 1$ **উ. গ**

ব্যাখ্যা : $x^2 - y^2 + 2y - 1$

$= x^2 - (y^2 - 2y + 1)$

$= x^2 - (y - 1)^2$

$= (x + y - 1)(x - y + 1)$

৬৮. $x + y = 12$ এবং $x - y = 2$ হলে xy এর মান কত?

ক. 60 খ. 140

গ. 35 ঘ. 70 **উ. গ**

ব্যাখ্যা : আমরা জানি, $xy = \left(\frac{x+y}{2}\right)^2 - \left(\frac{x-y}{2}\right)^2$

$= \left(\frac{12}{2}\right)^2 - \left(\frac{2}{2}\right)^2$

$= (6)^2 - (1)^2$

$= 36 - 1$

$= 35$ (Ans)

৬৯. বৃত্তের ক্ষেত্রফল নিচের কোনটি?

ক. $\frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা খ. ভূমি $\times$ উচ্চতা

গ. $\frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল ঘ. দৈর্ঘ্য $\times$ প্রস্থ **উ. গ**

ব্যাখ্যা : বৃত্তের ক্ষেত্রফল এর সূত্র : $= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল

৭০. $\sqrt{3}$ সংখ্যাটি কোন ধরনের সংখ্যা?

ক. স্বাভাবিক সংখ্যা খ. পূর্ণ সংখ্যা

গ. মূলদ সংখ্যা ঘ. অমূলদ সংখ্যা **উ. ঘ**

ব্যাখ্যা : পূর্ণবর্গ নয় এমন যে কোনো স্বাভাবিক সংখ্যার বর্গমূল অমূলদ সংখ্যা হবে। যেমন : $\sqrt{2}, \sqrt{3}, \sqrt{5}$ ইত্যাদি।

অতএব, $\sqrt{3}$ সংখ্যাটি একটি অমূলদ সংখ্যা।

৭১. ১৫ জন লোক একটি কাজ শেষ করে ৩ ঘন্টায়। ৫ জন লোক ঐ কাজ কত সময়ে শেষ করবে?

ক. ৫ ঘন্টা খ. ৭.৫ ঘন্টা

গ. ৯ ঘন্টা ঘ. ৪ ঘন্টা **উ. গ**

ব্যাখ্যা : ১৫ জন লোক কাজটি করে = ৩ ঘন্টায়

∴ ১ জন লোক কাজটি করে = ১৫×৩ ঘন্টায়

∴ ৫ জন লোক কাজটি করে = $\frac{১৫ \times ৩}{৫}$ ঘন্টায়

= ৯ ঘন্টায় (উত্তর)

৭২. $\sin(-\theta)$ কত?

ক. $-\sin\theta$ খ. $\sin\theta$

গ. $\pm \sin\theta$ ঘ. কোনোটিই নয় **উ. ক**

ব্যাখ্যা : ত্রিকোণমিতিক সূত্র অনুসারে,

$\sin(-\theta) = -\sin\theta$ (Ans)

৭৩. ΔABC এর $\angle A = 45°$, $\angle B = 30°$ হলে $\angle C$ এর মান কত?

ক. 90° খ. 100°

গ. 105° ঘ. 110° **উ. গ**

ব্যাখ্যা :



আমরা জানি, যেকোনো ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি = 180°। অতএব, দুটি কোণের পরিমাণ (45 + 30)° = 75° হলে অবশ্যই তৃতীয় কোণের পরিমাণ 180° − 75° = 105°

∴ $\angle C = 105°$

৭৪. একটি বৃত্তের ব্যাসার্ধ r হলে বৃত্তের ক্ষেত্রফল কত?

ক. πr^2 খ. $2r^2\pi$

গ. $2\pi r$ ঘ. কোনোটিই নয় **উ. ক**

ব্যাখ্যা : প্রশ্নটি বৃত্ত সংক্রান্ত সূত্র থেকে এসেছে। আমরা জানি, ব্যাসার্ধ r হলে,

বৃত্তের ব্যাস 2r, বৃত্তের পরিধি $2\pi r$ এবং বৃত্তের ক্ষেত্রফল πr^2 (উত্তর)

৭৫. $A = \{1, 2, 3\}$, $B = \{2, 3, 7\}$ হলে $A \cap B$ = কত?

ক. {2} খ. {2, 3}

গ. {1, 2, 3, 7} ঘ. {3} **উ. খ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $A = \{1, 2, 3\}$, $B = \{2, 3, 7\}$

$\therefore A \cap B = \{1, 2, 3\} \cap \{2, 3, 7\}$

$= \{2, 3\}$

৭৬. কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়?

ক. ভিটামিন-এ খ. ভিটামিন-বি

গ. ভিটামিন-সি ঘ. ভিটামিন-ডি **উ. ক**

ব্যাখ্যা :

ভিটামিন	অভাবজনিত রোগ
ভিটামিন সি	স্কার্ভি, সর্দি কাশি
ভিটামিন এ	রাতকানা (X_e)
ভিটামিন ডি	রিকেটস, অস্টিওমেলাসিয়া
ভিটামিন B_1	বেরিবেরি
ভিটামিন B_2	মুখে ও জিহ্বায় ঘা
ভিটামিন B_3	পেলেগ্রা
ভিটামিন B_{12}	রক্তশূন্যতা

৭৭. ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে প্রথম স্বীকৃতি প্রদানকারী সংস্থা কোনটি?

ক. ইউনিসেফ খ. ইউনেস্কো

গ. আন্কটাড ঘ. ইউএনডিপি **উ. খ**

ব্যাখ্যা : জাতিসংঘের শিক্ষা বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা UNESCO ১৯৯৯ সালের ১৭ নভেম্বর তারিখে ২১-শে ফেব্রুয়ারিকে International Mother Language Day হিসেবে স্বীকৃতি দেয়। ২০০০ সালের ২১ ফেব্রুয়ারি বিশ্বের ১৮৮ টি দেশে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়।

৭৮. মানুষের মধ্যে ক্রোমোজোমের সংখ্যা কত?

ক. ২২ জোড়া খ. ২৩ জোড়া

গ. ২৪ জোড়া ঘ. ২৫ জোড়া **উ. খ**

ব্যাখ্যা : ক্রোমোজোম বংশগতির ধারক ও বাহক। স্টাসবুর্গার ১৮৭৫ সালে ক্রোমোজোম আবিষ্কার করেন। মানুষের শরীরে ২৩ জোড়া (৪৬টি) ক্রোমোজোম আছে। এগুলোর মধ্যে ২২ জোড়া অটোজোম (নারী পুরুষে অভিন্ন) এবং ১ জোড়া সেক্স ক্রোমোজোম (নারী পুরুষে ভিন্ন ভিন্ন)। ২৩তম ক্রোমোজোম xx = নারী, xy = পুরুষ।

৭৯. বাংলাদেশের সাথে মিয়ানমার সীমানায় নদীর নাম কী?

ক. সাংগু নদী খ. শংখ নদী
গ. নাফ নদী ঘ. মেঘনা নদী **উ. গ**

ব্যাখ্যা : বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে অভিন্ন/প্রবাহিত নদী ৩টি ঃ সাঙ্গু, মাতামহুরী ও নাফ। এ তিনটি নদীই মিয়ানমারের আরাকান পর্বত থেকে উৎপন্ন হয়েছে। নাফ নদী নাইখ্যংছড়ি বান্দরবান দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। এটি বাংলাদেশে ও মিয়ানমার এর মধ্যকার সীমান্ত নির্ধারণকারী বা পৃথককারী নদী।

৮০. টেলিফোনের জনক কে?

ক. আলেকজান্ডার গ্রাহাম বেল খ. টমাস আলভা এডিসন
গ. হাওওয়ার্ড আইকেন ঘ. মার্টিন কুপার **উ. ক**

ব্যাখ্যা : টেলিফোনের জনক আলেকজান্ডার গ্রাহাম বেল। মার্টিন কুপার মোবাইল ফোনের জনক। বৈদ্যুতিক বাতির আবিষ্কারক টমাস আলভা এডিসন। হাওয়ার্ড আইকেন কম্পিউটারের আবিষ্কারক। তবে, কম্পিউটারের জনক চার্লস ব্যাবেজ।

৮১. কচুশাক বিশেষভাবে মূল্যবান যে উপাদানের জন্য তা কোনটি?

ক. ফসফরাস খ. লৌহ
গ. ক্যালসিয়াম ঘ. আয়োডিন **উ. খ**

ব্যাখ্যা : খনিজ লবণ লৌহের অন্যতম প্রধান উৎস কচুশাক। লৌহের প্রধান কাজ হিমোগ্লোবিন তৈরি করা। লৌহের অভাবে অ্যানিমিয়া বা রক্তশূন্যতা হয়। ক্যালসিয়াম অক্সালেট থাকার কারণে কচুশাক খেলে গলা চুলকায়।

৮২. নিউমোনিয়া রোগে আক্রান্ত হয় মানবদেহের কোন অঙ্গ?

ক. ফুসফুস খ. যকৃত
গ. পিওথলি ঘ. হৃৎপিণ্ড **উ. ক**

ব্যাখ্যা : নিউমোনিয়া ফুসফুসের রোগ। এ রোগে ফুসফুস আক্রান্ত হয়। জন্ডিস এ যকৃত বা লিভার আক্রান্ত হয়। ডিপথেরিয়ায় গলা আক্রান্ত হয়।

৮৩. সুষম খাদ্যের উপাদান কয়টি?

ক. ৫ টি খ. ৬ টি
গ. ৭ টি ঘ. ৮ টি **উ. খ**

ব্যাখ্যা : সুষম খাদ্যের উপাদান ৬টি : আমিষ (প্রোটিন), শর্করা (কার্বোহাইড্রেট), স্নেহ (লিপিড), ভিটামিন, খনিজ লবণ ও পানি। সুষম খাদ্যে শর্করা আমিষ ও চর্বির অনুপাত ৪ : ১ : ১।

৮৪. কোন ডালের সাথে ল্যাথারিজম রোগের সম্পর্ক আছে?

ক. মসুর খ. খেসারী
গ. ছোলা ঘ. মুগ **উ. খ**

ব্যাখ্যা : ডালে প্রচুর পরিমাণে আমিষ থাকে। আমিষ হচ্ছে অ্যামাইনো এসিডের একটি জটিল যৌগ। খেসারি ডালে BOAA নামক এক ধরনের অ্যামাইনো এসিড থাকে। এটি 'ল্যাথারিজম' রোগের জন্য দায়ী।

৮৫. কোন জলজ জীবটি বাতাসে নিঃশ্বাস নেয়?

ক. হাঙ্গর খ. শুশুক
গ. জেলী ফিস ঘ. পটকা মাছ **উ. খ**

ব্যাখ্যা : মাছ ফুলকার সাহায্যে শ্বাসকার্য চালায়। কিন্তু স্তন্যপায়ী প্রাণী শুশুক (Dolphin) ও তিমির ফুলকা নেই। জলজ জীব হয়েও এরা তাই বাতাসে নিঃশ্বাস নেয়। একবার নিঃশ্বাস নিয়ে তিমি প্রায় ৪৫ মিনিট পানির নিচে থাকতে পারে।

৮৬. ভূমিকম্পের দেশ কোনটি?

ক. চীন খ. জাপান
গ. থাইল্যান্ড ঘ. ইন্দোনেশিয়া **উ. খ**

ব্যাখ্যা : জাপান একটি দ্বীপ রাষ্ট্র। ভৌগোলিক বৈশিষ্ট্যের কারণে এখানে প্রায়শই ভূমিকম্প হয়। তাই জাপানকে বলা হয় 'ভূমিকম্পের দেশ'। এর আরেক নাম সূর্যোদয়ের দেশ। প্রাচীরে দেশ = চীন, শ্বেত হাতির দেশ = থাইল্যান্ড, হাজার দ্বীপের দেশ - ইন্দোনেশিয়া।

৮৭. কোন উপাদানের ঘাটতি থেকে ডায়াবেটিস রোগ হয়?

ক. হিমোগ্লোবিন খ. বিলিরুবিন
গ. ইনসুলিন ঘ. গ্লাইকোজেন **উ. গ**

ব্যাখ্যা : অগ্ন্যাশয় বা প্যানক্রিমাস নির্গত হরমোন ইনসুলিন। ইনসুলিনের অভাবে ডায়াবেটিস (বহুমূত্র) রোগ হয়। ডায়াবেটিস হলে রক্তে গ্লুকোজের পরিমাণ বেড়ে যায়। তবে, চিনি জাতীয় খাবার খেলে ডায়াবেটিস হয় এ কথাটি সত্য নয়।

৮৮. কোনো দেশের পরিবেশ রক্ষার জন্য মোট ভূমির শতকরা কত ভাগ বনভূমি থাকা প্রয়োজন?

ক. ২৫ খ. ৩০
গ. ৩৫ ঘ. ৪০ **উ. ক**

ব্যাখ্যা : কোন দেশের পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য মোট ভূমির ২৫ ভাগ বনভূমি থাকা প্রয়োজন। বাংলাদেশে বনভূমির পরিমাণ ১৭ ভাগ। বাংলাদেশে মাত্র ৭টি জেলায় পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য প্রয়োজনীয় বনভূমি আছে। বাংলাদেশে ২৮টি জেলায় কোন রাষ্ট্রীয় বনভূমি নেই।

৮৯. পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধির জন্য দায়ী কোনটি?

ক. নাইট্রোজেন খ. মিথেন
গ. কার্বন ডাই অক্সাইড ঘ. নাইট্রাস গ্যাস **উ. গ**

ব্যাখ্যা : বায়ুমণ্ডলে নাইট্রোজেন (N_2) ৭৮.০২%, অক্সিজেন (O_2) ২০.৭১%, কার্বন ডাই অক্সাইড (Co_2) ০.০৩%, মিথেন (CH_4) ০.০০০০২%। পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি (Global Warming) এর জন্য কার্বন ডাই-অক্সাইড মূলত দায়ী। ওজোন স্তর ফাটলের জন্য দায়ী CFC।

৯০. মৌমাছি পালন সম্পর্কিত বিদ্যা কোনটি?
ক. এপিকালচার খ. সেরিকালচার
গ. পিসিকালচার ঘ. হরটিকালচার উ. ক
ব্যাখ্যা : এপিকালচার (Apiculture) হচ্ছে মৌমাছি পালন বিদ্যা। সেরিকালচার (Sericulture) রেশম বা গুটি পোকার চাষ বিদ্যা, পিসিকালচার (Pisciculture) হচ্ছে মৎস চাষ বিদ্যা। আর পাখি পালন বিদ্যাকে বলা হয় এভিকালচার (Aviwlture)। হর্টিকালচার (Horticulture) হচ্ছে উদ্যান পালন বিদ্যা।

৯১. একজন সাধারণ মানুষের দেহে কত টুকরা হাড় থাকে?
ক. ২০৫ খ. ২০৬
গ. ২০৭ ঘ. ২০৮ উ. খ
ব্যাখ্যা : মানবদেহে ২০৬টি হাড় বা অস্থি (Bone) থাকে। এদের মধ্যে করোটিতে ২২টি, মেরুদণ্ডে ৩৩টি, বক্ষপিঞ্জরে ২৫টি, উর্ধ্বাঙ্গে ৬৪টি এবং নিম্নাঙ্গে ৬২টি। মানবদেহের সবচেয়ে লম্বা অস্থি ফিমার (উরুর অস্থি)।

৯২. ভূমিকম্প মাপার যন্ত্রের নাম কি?
ক. সিসমোগ্রাফ খ. ক্রেসকোগ্রাফ
গ. ক্রোনোমিটার ঘ. ফ্যাদোমিটার উ. ক
ব্যাখ্যা : ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র/ ভূমিকম্প মাপার যন্ত্র- সিসমোগ্রাফ, ভূমিকম্পের তীব্রতা নির্ণায়ক যন্ত্র রিখটার স্কেল, সমুদ্রের গভীরতা মাপার যন্ত্র ফ্যাদেমিটার। ক্রেস্কোগ্রাফ হচ্ছে উদ্ভিদের বৃদ্ধি নির্ণায়ক যন্ত্র। ক্রোনোমিটার সমুদ্রের দ্রাঘিমা নির্ণায়ক যন্ত্র।

৯৩. বাংলাদেশের জাতীয় পতাকার রূপকর কে?
ক. কামরুল হাসান খ. মূর্তজা বশীর
গ. কাইয়ুম চৌধুরী ঘ. রফিকুন্নবী উ. ক
ব্যাখ্যা : "প্রজাতন্ত্রের জাতীয় পতাকা হইতেছে সবুজ ক্ষেত্রের উপর স্থাপিত রক্তবর্ণের একটি ভরাট বৃত্ত" (সংবিধান এর ৪(২) অনুচ্ছেদ)। বাংলাদেশের জাতীয় পতাকা আয়তাকার। এর দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ১০ঃ৬ (বা ৫ঃ৩)। কামরুল হাসান জাতীয় পতাকার ডিজাইনার। আ. স. ম. আব্দুর রব ২ মার্চ, ১৯৭১ প্রথম বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করেন। ২ মার্চ 'জাতীয় পতাকা' দিবস।

৯৪. জাতিসংঘের উদ্যোগে কবে থেকে বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়?
ক. ১৯৯০ সাল খ. ১৯৯১ সাল
গ. ১৯৯২ সাল ঘ. ১৯৯৩ সাল উ. ক
ব্যাখ্যা : বিশ্ব পরিবেশ দিবস ৫ জুন। ১৯৭২ সালের ৫ জুন জাতিসংঘ মানবিক পরিবেশ সম্মেলন শুরু হয়। দিবসটি প্রথম পালিত হয় ১৯৭৪ সালে। তবে জাতিসংঘের উদ্যোগে ১৯৯০ সাল থেকে বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়।

৯৫. 'লেডি উইথ দি ল্যাম্প' কার উপাধি?
ক. সরোজিনী নাইডু খ. ফ্লোরেন্স নাইটিঙ্গেল
গ. মাদার তেরেসা ঘ. যামিনী রায় উ. খ
ব্যাখ্যা : আধুনিক নার্সিং এর জনক ইতালির নাগরিক ফ্লোরেন্স নাইটিঙ্গেল। তিনি ক্রিমিয়া যুদ্ধে রাতেও মোমবাতি হাতে যুদ্ধাহত ও রোগীদের খোঁজখবর নিতেন। তাই তাকে বলা হয় 'Lady with the Lamp'। সরোজিনী নাইডুকে বলা হয়- ভারতের নাইটিঙ্গেল।

৯৬. মুক্তিযুদ্ধ চলাকারীন সময়ে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল?
ক. ১০ টি খ. ১১ টি
গ. ১২ টি ঘ. ১৩ টি উ. খ
ব্যাখ্যা : মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে ১১টি সেক্টরে এবং ৬৪টি সাব-সেক্টরে ভাগ করা হয়। ১০ নং সেক্টর ছিল নৌ সেক্টর। ১০ নং সেক্টরে কোনো নিয়মিত সেক্টর কমান্ডার ছিল না। তাই এটি ব্যতিক্রমী সেক্টর।

৯৭. বাংলাদেশের অস্থায়ী সরকারের শপথ বাক্য কে পাঠ করান?
ক. এম হোসেন আলী খ. সৈয়দ নজরুল ইসলাম
গ. অধ্যাপক ইউসুফ আলী ঘ. তাজউদ্দীন আহমদ উ. গ
ব্যাখ্যা : ১৯৭১ সালের ১৭ এপ্রিল অস্থায়ী/প্রবাসী/মুজিবনগর সরকার শপথ নেয় মেহেরপুরের বৈদনাথতলা (বর্তমান নাম মুজিবনগর) এর ভবের পাড়ার আম্রকাননে। এ সরকারের শপথবাক্য পাঠ করান অধাপক ইউসুফ আলী। তাজউদ্দীন আহমেদ ও সৈয়দ নজরুল ইসলাম ছিলেন যথাক্রমে প্রধানমন্ত্রী ও অস্থায়ী/উপরাষ্ট্রপতি।

৯৮. তামাবিল কোথায় অবস্থিত?
ক. সিলেট খ. কুমিল্লা
গ. ঢাকা ঘ. খুলনা উ. ক
ব্যাখ্যা : সিলেটের গোয়াইনঘাট উপজেলায় তামাবিল অবস্থিত। এটি সিলেটের অন্যতম প্রধান দর্শনীয় স্থান এবং একটি স্থলবন্দর। এর ওপরে রয়েছে মেঘালয়ের ডাউকি।

৯৯. বাংলাদেশকে স্বীকৃতিদানকারী দ্বিতীয় দেশ কোনটি?
ক. ইরাক খ. ভুটান
গ. মালয়েশিয়া ঘ. সেনেগাল উ. *
ব্যাখ্যা : বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম দেশ ভুটান, ২য় দেশ ভারত। দুটি দেশই বাংলাদেশকে স্বীকৃতি দেয় ৬ ডিসেম্বর ১৯৭১ (ভারতের কয়েক ঘন্টা আগে ভুটান স্বীকৃতি দেয়)। সোনেগাল বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আফ্রিকান দেশ/মুসলিম দেশ/অ-আরব মুসলিম দেশ। স্বীকৃতি দানকারী প্রথম এশীয় মুসলিম দেশ মালয়েশিয়া। তবে এখানে অপশন অনুযায়ী, ভুটান উত্তর করা যেতে পারে।

১০০. বাংলাদেশের সর্ব উত্তরের উপজেলা কোনটি?
ক. তেঁতুলিয়া খ. পাটগ্রাম
গ. হালুয়াঘাট ঘ. তাহিরপুর উ. ক
ব্যাখ্যা : বাংলাদেশের সর্ব উত্তরের জেলা পঞ্চগড় এবং উপজেলা তেঁতুলিয়া, ইউনিয়ন বাংলাবান্ধ এবং স্থান জায়গীরজোত। সর্ব পূর্বের উপজেলা থানচি (বান্দরবান), পশ্চিমের উপজেলা শিবগঞ্জ (চাঁপাইনবাবগঞ্জ) এবং দক্ষিণের উপজেলা টেকনাফ (কক্সবাজার)।

৮ম স্কুল/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১২

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ৩০০; পরীক্ষার তারিখ : ৩১.০৮.২০১২

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কর্তন হবে।]

১. বাংলা ভাষার মূল উৎস কোনটি?
ক. কানাড়ি ভাষা খ. বৈদিক ভাষা
গ. হিন্দি ভাষা ঘ. প্রাকৃত ভাষা **উ. ঘ**
ব্যাখ্যা : বাংলা ভাষার মূল উৎস প্রাকৃত ভাষা। প্রাকৃত ভাষা থেকে অপভ্রংশ → বহু-কামরূপী → বাংলা।

২. রেস্তোরাঁ কোন ভাষার শব্দ?
ক. ওলন্দাজ খ. জাপানি
গ. ফরাসি ঘ. ইংরেজি **উ. গ**
ব্যাখ্যা : 'রেস্তোরাঁ' ফরাসি ভাষার শব্দ। ফরাসি ভাষা থেকে আগত আরো কয়েকটি শব্দ হচ্ছে– বুর্জোয়া, কার্তুজ, কুপন, ডিপো, রেনেসা, আঁতাত ইত্যাদি।

৩. 'বুনো' কোন ভাষারীতির শব্দ?
ক. সাধু ভাষা খ. কথ্য ভাষা
গ. আঞ্চলিক ভাষা ঘ. চলিত ভাষা **উ. ঘ**
ব্যাখ্যা : 'বুনো' চলিত ভাষারীতির শব্দ। এর সাধুরীতি হলো 'বন্য'। এরকম আরো কয়েকটি শব্দের সাধু ও চলিত রীতি হলো– জুতা-জুতো, তুলা-তুলো, শুকনা-শুকনো ইত্যাদি।

৪. বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন করেন কে?
ক. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ. প্যারীচাঁদ মিত্র
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উ. গ**
ব্যাখ্যা : বাংলা ভাষায় যদি চিহ্নের প্রচলন করেন– ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। অন্যদিকে, 'সাহিত্যসম্রাট'- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়; বাংলা সাহিত্যের প্রথম উপন্যাস 'আলালের ঘরের দুলাল' লিখেছেন- প্যারীচাঁদ মিত্র; বাংলা সাহিত্যে ছোটগল্পের জনক- রবীন্দ্রনাথ ঠাকুর।

৫. সাধারণত পত্রের দুটি অংশ থাকে– এগুলো কী?
ক. প্রেরক ও প্রাপকের ঠিকানা খ. শিরোনাম ও পত্রগর্ভ
গ. লেখকের স্বাক্ষর ও নাম ঘ. প্রেরকের ঠিকানা **উ. খ**
ব্যাখ্যা : সাধারণত পত্রের দুটি অংশ হলো শিরোনাম ও পত্রগর্ভ।

৬. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. মুহুর্ত খ. মুহর্ত
গ. মূহুর্ত ঘ. মুহূর্ত **উ. ঘ**
ব্যাখ্যা : মুহূর্ত বানানটি শুদ্ধ। এরূপ আরো কয়েকটি শুদ্ধ বানান হলো– মুমূর্ষু, শুশ্রূষা, অনুকূল ইত্যাদি।

৭. 'চির অশান্তি' বাগধারাটি কোন অর্থে যথোপযুক্ত?
ক. ভরাডুবি খ. তামার বিষ
গ. রাবণের চিতা ঘ. আকাশ ভেঙ্গে পড়া **উ. গ**
ব্যাখ্যা : 'রাবণের চিতা' বাগধারাটির অর্থ চির-অশান্তি। অন্যদিকে, ভরাডুবি = সর্বনাশ; তামার বিষ = অর্থের কুপ্রভাব; আকাশ ভেঙ্গে পড়া = হঠাৎ বিপদ হওয়া।

৮. নিচের বাগধারার কোন জোড়াটি ভিন্নার্থক?
ক. বকধার্মিক- বিড়াল তপস্বী
খ. মণিকাঞ্চন যোগ-সোনায় সোহাগা
গ. ব্যাঙের আধুলি-ব্যাঙের সর্দি
ঘ. অন্ধের যষ্টি-অন্ধের নড়ি **উ. গ**
ব্যাখ্যা : ব্যাঙের আধুলি (সামান্য সম্পদ) ব্যাঙের সর্দি (অসম্ভব ঘটনা) বাগধারা জোড়াটি ভিন্নার্থক। বাগধারার অন্য জোড়াগুলো সমার্থক।

৯. 'আশীবিষ' কোন সমাসের উদাহরণ?
ক. বহুব্রীহি সমাস খ. দ্বিগু সমাস
গ. দ্বন্দ্ব সমাস ঘ. নিত্য সমাস **উ. ক**
ব্যাখ্যা : 'আশীবিষ' বহুব্রীহি সমাসের উদাহরণ। এর ব্যাসবাক্য আশীতে বিষ যায় = আশীবিষ। আমরা জানি, ব্যাসবাক্যে 'যার' কথাটি থাকলে সাধারণত বহুব্রীহি সমাস হয়।

১০. সমাস সাধিত পদ কোনটি?
ক. চাষী খ. মানব
গ. দম্পতি ঘ. বোনাই **উ. গ**
ব্যাখ্যা : 'দম্পতি' হলো সমাস সাধিত শব্দ। জায়া ও পতি = দম্পতি (দ্বন্দ্ব সমাস)। অন্যদিকে, চাষী, মানব, বোনাই হলো প্রত্যয় সাধিত শব্দ।

১১. 'ব্যাকরণ' কোন ভাষার শব্দ?
ক. বাংলা খ. সংস্কৃত
গ. পর্তুগীজ ঘ. হিন্দি **উ. খ**
ব্যাখ্যা : ব্যাকরণ শব্দটি সংস্কৃত ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে। ব্যাকরণ শব্দটির অর্থ 'বিশেষভাবে বিশ্লেষণ'।

১২. 'উদ্ধৃতি চিহ্ন কত প্রকার?
ক. দুই প্রকার খ. তিন প্রকার
গ. চার প্রকার ঘ. পাঁচ প্রকার **উ. ক**
ব্যাখ্যা : উদ্ধৃতি চিহ্ন দুই প্রকার। যথা– একক উদ্ধৃতি চিহ্ন (' ') ও যুগল উদ্ধৃতি চিহ্ন (" ")।

১৩. 'ফাঁকা আওয়াজে কাজ আদায়'-এর সমার্থক বাগধারা কোনটি?
ক. কলকাঠি নাড়া খ. কুপোকাৎ
গ. কালে ভদ্রে ঘ. কথায় চিড়া ভেজা **উ. ঘ**
ব্যাখ্যা : 'ফাঁকা আওয়াজে কাজ আদায়'-এর সমার্থক বাগধারা হলো- কথায় চিড়া ভেজা। অন্যদিকে, কলকাঠি নাড়া = গোপনে কু-পরামর্শ দেওয়া; কুপোকাৎ = পরাজিত/বিধ্বস্ত; কালে ভদ্রে = কদাচিৎ/মাঝেমধ্যে।

১৫. নিচের কোনটি পারিভাষিক শব্দ?
ক. টপর খ. গাছ
গ. মন্ত্রিপরিষদ ঘ. বালতি উ. গ
ব্যাখ্যা : বিদেশি শব্দের ভাবানুবাদমূলক প্রতিশব্দকে পারিভাষিক শব্দ বলে। অপশনগুলোর মধ্যে মন্ত্রিপরিষদ শব্দটি পারিভাষিক শব্দ। ইংরেজি 'Cabinet' এর বাংলা পরিভাষা 'মন্ত্রিপরিষদ'।

১৬. 'হরতাল' কোন ভাষার শব্দ"?
ক. পাঞ্জাবি খ. হিন্দি
গ. জাপানি ঘ. গুজরাটি উ. ঘ
ব্যাখ্যা : 'হরতাল' গুজরাটি ভাষার শব্দ। এছাড়া খদ্দর ও খাদি শব্দগুলোও গুজরাটি ভাষার শব্দ।

১৬. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক. 'গীতাঞ্জলি' পড়েছ কি? খ. এ কথা প্রমাণ হয়েছে।
গ. অল্প দিনের মধ্যে তিনি আরোগ্য হলেন।
ঘ. আবশ্যক ব্যয়ে কার্পণ্য করা অনুচিত। উ. ক
ব্যাখ্যা : 'অঞ্জলি' যুক্ত শব্দের বানানে- ই-কার হয়। 'গীতাঞ্জলি' পড়েছ কি? -বাক্যটি শুদ্ধ। অন্য বাক্যগুলোর শুদ্ধরূপ হল- খ. এ কথা প্রমাণিত হয়েছে। গ. অল্প দিনের মধ্যে তিনি আরোগ্য লাভ করলেন। ঘ. আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত।

১৭. নিচের কোন শব্দটি 'দক্ষ' অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. পাকা আম খেতে মিষ্টি খ. ছেলেটি অংকে পাকা
গ. পাকা সোনায় খাদ থাকে না ঘ. শাড়িটির রং পাকা উ. খ
ব্যাখ্যা : 'ছেলেটি অংকে পাকা'- বাক্যে 'পাকা' শব্দটি দক্ষ অর্থে ব্যবহৃত হয়। অর্থাৎ 'ছেলেটি অংকে দক্ষ।'

১৮. 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. তরঙ্গিনী খ. তটিনী
গ. হিল্লোল ঘ. পাথার উ. ঘ
ব্যাখ্যা : 'সমুদ্র' শব্দের কয়েকটি সমার্থক শব্দ হলো- পাথার, জলধর, পারাবার, নীলাম্বু, সিন্ধু, বারীশ ইত্যাদি। অন্যদিকে, তরঙ্গিনী ও তটিনী হলো নদীর সমার্থক শব্দ এবং হিল্লোল হলো ঢেউ এর সমার্থক।

১৯. সরাংশ কোন পুরুষে লিখতে হয়?
ক. উত্তম পুরুষ খ. মধ্যম পুরুষ
গ. প্রথম পুরুষ ঘ. উপরের সবগুলো উ. গ
ব্যাখ্যা : 'সারাংশ' প্রথম পুরুষ লিখতে হয়। বাক্যের বক্তা যে বিশেষ্য বা সর্বনামের দ্বারা বক্তা ও শ্রোতার বাইরে অন্য কাউকে নির্দেশ করে, তাকে বলে 'প্রথম পুরুষ' বা 'অন্যপক্ষ'।

২০. ইলেক বা লোপ চিহ্ন দিতে হয়-
ক. বিলুপ্ত বর্ণের জন্য খ. প্রত্যক্ষ উক্তির জন্য
গ. উদ্ধরণ চিহ্নের পূর্বে ঘ. সমাসবদ্ধ পদের জন্য উ. ক
ব্যাখ্যা : কোন বর্ণ বিশেষের লোপ বোঝাতে বিলুপ্ত বর্ণের জন্য (') ইলেক বা লোপ চিহ্ন ব্যবহার করা হয়। যেমন : দুইজন → দু'জন।

২১. প্রবাসী বন্ধুকে লেখা পত্রের ঠিকানা কোন ভাষায় লিখতে হয়?
ক. বাংলা ভাষায় খ. অবস্থানকারী দেশের ভাষায়
গ. প্রেরকের নিজের ভাষায় ঘ. ইংরেজি ভাষায় উ. ঘ
ব্যাখ্যা : প্রবাসী বন্ধুকে লেখা পত্রের ঠিকানা 'ইংরেজি' ভাষায় লিখতে হয়। কারণ, ইংরেজি হল আন্তর্জাতিক ভাষা।

২২. 'পরীক্ষা' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. পরী + ইক্ষা খ. পরি + ঈক্ষা
গ. পারী + ঈক্ষা ঘ. পরি + ইক্ষা উ. খ
ব্যাখ্যা : 'পরীক্ষা' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ হলো পরি + ঈক্ষা। এটি একটি স্বর-সন্ধির উদাহরণ।

২৩. ভাবের সুসংগত প্রসারণের নাম কী?
ক. ভাবার্থ খ. মর্মার্থ
গ. সারভাব ঘ. ভাব-সম্প্রসারণ উ. ঘ
ব্যাখ্যা : ভাবের সুসংগত প্রসারণের নাম হলো ভাব-সম্প্রসারণ। ভাব-সম্প্রসারণে একটি সুনির্দিষ্ট ভাবকে সম্প্রসারিত করা হয়।

২৪. 'সময়ে কাজে না লাগালে অসময়ে পথে ফেরানো কঠিন'-এই অর্থের সাথে প্রযোজ্য প্রবচন কোনটি?
ক. নির্গুণ পুরুষের ভোজন সার, করেন সদাই মার মার
খ. উঠন্তি মূলো পত্তনেই চেনা যায়
গ. নদী, নারী, শৃঙ্গধারী- এ তিনে না বিশ্বাস করি
ঘ. কাঁচায় না নোয়ালে বাঁশ, পাকলে করে ঠাস ঠাস উ. ঘ
ব্যাখ্যা : 'সময়ে কাজে না লাগালে অসময়ে পথে ফেরানো কঠিন'- এই অর্থের সাথে প্রযোজ্য প্রবচন হচ্ছে- 'কাঁচায় না নোয়ালে বাঁশ, পাকলে করে ঠাস ঠাস।'

২৫. সারাংশে কোনটি প্রয়োজন নেই?
ক. অলঙ্কার খ. প্রাঞ্জলতা
গ. সরলতা ঘ. সংক্ষেপণ উ. ক
ব্যাখ্যা : সারাংশ লেখার ক্ষেত্রে উপমা, দৃষ্টান্ত ও অলঙ্কারের প্রয়োজন নেই। কিন্তু, প্রাঞ্জলতা, সরলতা ও সংক্ষেপণ অনেক গুরুত্বপূর্ণ।

২৬. আমি তাকে দু'বছর যাবৎ চিনি।
ক. I have been knowing her for two years.
খ. I have known her for two years.
গ. I know her for two years.
ঘ. I am knowing her for two years. উ. খ
ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি Present Perfect Continuous tense-এ হওয়ার কথা। কিন্তু ইংরেজিতে কিছু verb আছে যেগুলোর continuous tense হয় না। যেমন- know, like, feel ইত্যাদি। তাই, প্রশ্নে প্রদত্ত বাক্যটি Present Perfect Continuous Tense নির্দেশ করা সত্ত্বেও সঠিক উত্তর হবে Present Perfect Tense-এ। অতএব উত্তর হবে (খ)।

২৭. সূর্য উঠেছে।
ক. The sun has up. খ. The sun is up.
গ. The sun had been up. ঘ. The sun has been up. উ. খ
ব্যাখ্যা : অপশন (ক) The sun has up- তে মূল verb নেই। (গ) The sun had been up- past perfect tense যা এ অনুবাদে যৌক্তিক নয়। (ঘ) The sun has been up - আক্ষরিক অর্থে সঠিক হলেও ইংরেজি ব্যাকরণের নিয়ম অনুযায়ী সঠিক নয়। কাজেই সঠিক উত্তর (খ)।

২৮. সে গতকাল বাড়ি এসেছে।
ক. He had come home yesterday.
খ. He has come home last day.
গ. He came home yesterday.
ঘ. He had been come home yesterday. উ. গ
ব্যাখ্যা : প্রদত্ত বাক্যটি 'গতকাল' কথাটি বিদ্যমান। অতএব, এটি Past Indefinite Tense হবে। Past Indefinite এর গঠন : Sub + past + v_2 + object. সুতরাং সঠিক উত্তর (গ)।

২৯. মেয়েটিকে আমি পথের পাশে ফুল বিক্রি করতে দেখেছিলাম।
ক. I had seen the nice girl beside the road to sell flowers.
খ. I saw the girl on the road to sell the flowers.
গ. I saw the girl beside the road to sell the flowers.
ঘ. I was seeing the girl beside the road to sell the flowers. উ. গ
ব্যাখ্যা : প্রশ্নে 'দেখেছিলাম' কথাটি থাকায় Past Indefinite tense হবে। অপশন (ক) ভুল কারণ বাক্যটির অনুবাদ হবে Past Indefinite tense-এ; কিন্তু এখানে had seen দেয়া আছে যা Past perfect tense। option (খ) ও ভুল কারণ এখানে রাস্তার পাশে বোঝাতে on the road ব্যবহার করা হয়েছে যা ভুল। পাশে শব্দটির ইংরেজি beside। এবং অপশন (ঘ) ও ভুল কারণ এখানে 'see' verb এর Past Continuous 'seeing' ব্যবহার করা হয়েছে, যা ঠিক নয়। কাজেই সঠিক উত্তর (গ)।

৩০. মোস্তারীরা চার বোন।
ক. Mostari and her sisters are four in numbers.
খ. Mostari has four sisters.
গ. Mostari has three sisters.
ঘ. Mostaris have four sisters. উ. ক
ব্যাখ্যা : 'মোস্তারিরা চার বোন' দ্বারা বলতে বোঝায় (মোস্তারি এবং তার বোনেরা মিলে ৪ জন। অর্থাৎ মোস্তারিসহ চারজন। খেয়াল রাখা দরকার 'মোস্তারির চার বোন আছে' একথা বলেনি কিন্তু। তাই সঠিক উত্তর হবে (ক)।

৩১. লক্ষ্মী আজ স্কুলে আসে নাই।
ক. Laxmi does not come to school today.
খ. Laxmi did not come to school that day.
গ. Laxmi has not come to school today.
ঘ. Laxmi has not been come to school today. উ. গ
ব্যাখ্যা : যে কাজ বা ঘটনা মাত্রই শেষে হয়েছে বা কিছু সময় আগে শেষ হয়েছে, যার ফল এখনও বিদ্যমান; এইরূপ বোঝাতে Present Perfect tense হয়। কাজেই সঠিক উত্তর (গ)।

৩২. It is really a vexed question.
ক. এটি প্রকৃতপক্ষে একটি অসহনীয় প্রশ্ন
খ. বাস্তবিকই এটি একটি বিরক্তিকর প্রশ্ন
গ. এটি প্রকৃতপক্ষে একটি বিরক্তিকর প্রশ্ন
ঘ. এটি আসলেই বাজে প্রশ্ন উ. গ
ব্যাখ্যা : Vexed অর্থ -বিরক্তিকর। সুতরাং সঠিক উত্তর (গ)।

৩৩. The clouds rolled away.
ক. মেঘ চলে গ্যাছে খ. মেঘ কেটে গেল
গ. মেঘ উড়ে গেল ঘ. মেঘ চলে গেল উ.
ব্যাখ্যা : মেঘ চলে যাওয়া অর্থে 'মেঘ কেটে' যাওয়া কথাটি সাধার ব্যবহৃত হয়। কাজেই সঠিক উত্তর (খ)।

৩৪. A little learning is a dangerous thing.
ক. অল্প লেখাপড়া ভীষণ ভয়ংকর খ. স্বল্পবিদ্যা ভয়ংক
গ. অল্প বিদ্যা ভয়ংকর ঘ. সামান্য বিদ্যা ভীষণ ভয়াবহ উ.
ব্যাখ্যা : 'A little learning is a dangerous thing' – একটি ইংরেজি proverb. যার অর্থ 'অল্প বিদ্যা ভয়ংক তাই সঠিক উত্তর (গ)।

৩৫. Sathi is known to me.
ক. সাথী আমার চেনা খ. সাথী আমার আত্মীয়
গ. সাথী আমার পরিচিত ঘ. সাথীকে আমি চিনি উ.
ব্যাখ্যা : 'Known' শব্দটির একাধিক অর্থ রয়েছে। এখানে বাক্যে অর্থের বিবেচনায় 'Known' অর্থ 'পরিচিত'। কাজেই সঠি উত্তর (গ)।

৩৬. Time and tide wait for none.
ক. সময় ও জল কারও জন্য থেমে থাকে না।
খ. সময় ও জল অপেক্ষা করে না কখনও।
গ. সময় ও জলস্রোত কারও জন্য অপেক্ষা করে না।
ঘ. সময় ও স্রোত কখনও অপেক্ষা করে থাকে না উ. গ
ব্যাখ্যা : এটি একটি ইংরেজি প্রবাদ। যার বাংলা অর্থ হল- 'সময় স্রোত কারও জন্য অপেক্ষা করে না।' সঠিক উত্তর (গ)।

৩৭. Don't cry down your enemy.
ক. শত্রুকে খাটো করে দেখো না। খ. শত্রু থেকে দূরে থেকো।
গ. শত্রুকে ছোট ভাবতে নাই। ঘ. শত্রুকে আপন ভেবো না। উ. ক
ব্যাখ্যা : cry down একটি phrase. যার অর্থ 'খাটো করে দেখা বা 'নিন্দা করা'। সুতরাং সঠিক উত্তর (ক)।

৩৮. Certainly, I shall stand by you (Complex).
ক. I shal stand by you and it is certain.
খ. It is certain that I shall stand by you.
গ. It is certainly that I shall stand by you.
ঘ. There is no doubt that I shall stand by you. উ. খ
ব্যাখ্যা : Certainly/Surely, Absolutely ইত্যাদি যুক্ত Simple sentence কে complex sentence এ পরিবর্তন করার সময় দুটি clause বা খণ্ডবাক্য তৈরি করতে হয়। এখানে certainly কে It is certain এবং that যোগে অপর clause লেখা হয়েছে। কাজেই সঠিক উত্তর (খ)।

৩৯. I had a nice dream last night (Interrogative).
ক. Didn't I had a nice dream last night?
খ. Did not I have a nice dream last night?
গ. Had not I have a nice dream?
ঘ. Had I have a nice dream last night? উ. খ

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি Past Indefinite tense এ রয়েছে। Past Indefinite tense এর বাক্যকে Interrogative করার সময় বাক্যের সর্বপ্রথমে Did + sub + মূল verb এর base form + বাকি অংশ + ? কাজেই সঠিক উত্তর (খ)।

৪০. **Although he is poor, he is honest (Simple).**
ক. Despite his poor, he is honest.
খ. Depite his honesty, he is poor.
গ. Despite his poverty, he is honest.
ঘ. In spite of having poor, he is honest. উ. গ

ব্যাখ্যা : Though/Although যুক্ত complex sentence- কে Simple sentence-এ রূপান্তর করার সময় Though/ Although এর পরিবর্তে Despite/ In spite বসে এবং এর পরে Subject এর possessive case হিসেবে my/ his/ her/its বসে + Noun বসে। সুতরাং সঠিক উত্তর (গ)।

৪১. **It burns the prettiest of any wood (Positive).**
ক. No other wood is as pretty as it hurns.
খ. No other wood burns is as pretty as it.
গ. No other wood burns as pretty as it.
ঘ. No other wood burn as pretty as it. উ. গ

ব্যাখ্যা : sub + verb + the + superlative degree এমন বাক্যকে positive-এ পরিবর্তন করার নিয়ম No other + singular noun + verb + as + positive degree + as + sub (superlative যুক্ত বাক্যের subject বসে)। সুতরাং সঠিক উত্তর (গ)।

৪২. **There is only a high school at Satkhira (Negative).**
ক. Not more than a high school is at Satkhira.
খ. There is not more than a high school at Satkhira.
গ. There is a few school at Satkhira.
ঘ. There is nothing but a school at Satkhira. উ. খ

ব্যাখ্যা : Only দ্বারা যদি সংখ্যা বোঝায় তবে এর পরিবর্তে not more than or not less than ব্যবহৃত হয়। Only দ্বারা যেহেতু high school এর সংখ্যা বোঝাচ্ছে তাই সঠিক উত্তর (খ)।

৪৩. **Akhi missed the train (Negative).**
ক. Akhi did not catch the train.
খ. Akhi did not get the train.
গ. Akhi did not get into the train.
ঘ. Akhi does not get on the train. উ. ক

ব্যাখ্যা : Past Indefinite tense-এর বাক্যকে negative করতে sub + did not + মূল verb এর base form + যথাযথ বিপরীত শব্দ বসে। কাজেই সঠিক উত্তর (ক)।

৪৪. **I knew his name (Complex).**
ক. I know what is his name.
খ. I knew what his name was.
গ. I know what was his name.
ঘ. I knew what name is. উ. খ

ব্যাখ্যা : এধরনের simple sentence কে complex করার সময় Sub + verb+ relative pronoun (what, who, which, what, that ইত্যাদি) + sub + finite verb বসে। তাই সঠিক উত্তর (খ)।

৪৫. **We shall not see his like again. Here 'like' is a/an–**
ক. Adverb খ. Noun
গ. Preposition ঘ. Adjective উ. খ

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটির অর্থ 'আমরা পুনরায় তার পছন্দ দেখব না।' ইংরেজিতে like শব্দটিকে বিভিন্ন parts of speech এ ব্যবহৃত হয়। My, our, your, his, her, their ইত্যাদি passive adjective এর পর সবসময় noun হয়। উক্ত বাক্যে 'his' এর পর 'like' শব্দটি noun হিসেবে বসেছে। সুতরাং সঠিক উত্তর (খ)।

৪৬. **What is the noun form of 'know'?**
ক. knowing খ. knowledge
গ. known ঘ. knowledge able উ. খ

ব্যাখ্যা : 'Know'একটি verb. যার 'Know'অর্থ জানা, চিনা, পরিচিত থাকা। 'Know' এর noun form হলো 'knowledge' অর্থ 'জ্ঞান', 'অবগতি', 'পরিচয়'। সুতরাং সঠিক উত্তর (খ)।

৪৭. **Shahed did not join the army. Here the word 'army' is–**
ক. an abstract noun খ. a common noun
গ. a collective noun ঘ. a material noun উ. গ

ব্যাখ্যা : যে noun সমষ্টিবাচক কিছুকে নির্দেশ করে তাকে collective noun বলে। Army সৈন্যদলকে বোঝায়। তাই সঠিক উত্তর (গ)। এরকম- navy, jury, family. gang, herd, cattle ইত্যাদি।

৪৮. **The road runs– hill and plain.**
ক. by খ. to
গ. across ঘ. over উ. গ

ব্যাখ্যা : বাক্যটির শূন্যস্থানে 'across' বসবে। কারণ, কোনো কিছুর ভিতর দিয়ে বোঝাতে 'across' বসে। অন্যদিকে, by -দ্বারা বা কর্তৃক, to- দিক বা প্রতি, over -অতিক্রম বা উপর দিয়ে বোঝাতে ব্যবহৃত হয়ে থাকে। কাজেই সঠিক উত্তর (গ)।

৪৯. **Piya has slept only three hours. Which part of speech is the word 'only' here?**
ক. A noun খ. An adjective
গ. An adverb ঘ. A preposition উ. গ

ব্যাখ্যা : আমরা জানি, 'adjective' noun/pronoun -কে modify করে এবং 'adverb' noun/pronoun ব্যতীত অন্য part of speech -কে modify করে। এখানে only শব্দটি 'three' adjective -কে modify করেছে বিধায় এটি adjective। কাজেই সঠিক উত্তর (গ)।

৫০. A paragraph has – important parts in a single para.
ক. 1 খ. 2
গ. 3 ঘ. 4 উ. গ

ব্যাখ্যা : একটি paragraph-এর একটি single para এর ভিতর তিনটি part বা প্রধান অংশ থাকে। যেমন- (1) Topic sentence (2) Supporting details or body (৩) Closing sentence.

৫১. দুইটি সংখ্যার অনুপাত 3 : 4 এবং তাদের ল. সা. গু. 180 সংখ্যা দুটি কি কি?
ক. 70, 60 খ. 60, 50
গ. 50, 40 ঘ. 45, 60 উ. ঘ

ব্যাখ্যা : মনে করি, সংখ্যা দুটি যথাক্রমে= 3x ও 4x
প্রশ্নমতে, $3 \times 4 \times x = 180$
বা, $12x = 180$
$\therefore x = 15$
$\therefore$ সংখ্যা দুটি $(x \times 15) = 45$ এবং $(4 \times 15) = 60$.

৫২. 5 টাকায় 2টি করে কমলা কিনে 35 টাকায় কয়টি কমলা বিক্রয় করলে x% লাভ হবে?
ক. 1400xটি খ. $\frac{1400}{100 + x}$ টি
গ. $\frac{100 + x}{1400}$ টি ঘ. $\frac{1400 + x}{100}$ টি উ. খ

ব্যাখ্যা : x% লাভে,
ক্রয়মূল্য 100 টাকা হলে বিক্রয়মূল্য হবে $(100 + x)$ টাকা
" " 1 " " " " $\frac{(100 + x)}{100}$ "
" " 5 " " " " $\frac{(100 + x) \times 5}{100}$ "
$= \frac{100 + x}{20}$ "

$\frac{100 + x}{20}$ টাকায় বিক্রি করতে হবে 2টি কমলা
$\therefore$ 1 " " " " $2 \times \frac{20}{100 + x}$ " "
$\therefore$ 35 " " " " $\frac{2 \times 20 \times 35}{100 + x}$ " "
$= \frac{1400}{100 + x}$ টি কমলা।

৫৩. $3 \times 0.3 \div 2 =$ কত?
ক. 1 খ. 0.6 গ. 2 ঘ. 0.45 উ. ঘ

ব্যাখ্যা : $3 \times 0.3 \div 2 = 3 \times \frac{3}{10} \times \frac{1}{2}$
$= 0.45$ (Ans)

৫৪. 30 টাকা 75 টাকার শতকরা কত?
ক. 40% খ. 35%
গ. 25% ঘ. $37\frac{1}{2}\%$ উ. ক

ব্যাখ্যা : 30 টাকা 75 টাকার $\frac{30}{75} \times 100\% = 40\%$ (Ans)

৫৫. টাকায় 10টি দরে লেবু ক্রয় করে 8টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?
ক. 20% খ. 25%
গ. 10% ঘ. 15% উ. খ

ব্যাখ্যা : 10টি লেবুর ক্রয়মূল্য 1 টাকা
$\therefore$ 1 " " " $\frac{1}{10}$ "
আবার, 8টি লেবুর বিক্রয়মূল্য 1 টাকা
$\therefore$ 1 " " " $\frac{1}{8}$ "
$\therefore$ 1টি লেবুতে লাভ হয় $\left(\frac{1}{8} - \frac{1}{10}\right)$ টাকা $= \frac{1}{40}$ টাকা
এখন, $\frac{1}{10}$ টাকায় লাভ হয় $\frac{1}{40}$ টাকা
$\therefore$ 1 " " " $\frac{10}{40}$ "
$\therefore$ 100 " " " $\frac{10 \times 100}{40}$ " $= 25\%$ (Ans)

৫৬. $(\sqrt{3})^6 =$ কত?
ক. 9 খ. 27
গ. 18 ঘ. 81 উ. খ

ব্যাখ্যা : $(\sqrt{3})^6 = (\sqrt{3})^{2\times3} = (3)^3 = 27$

৫৭. $x + \frac{1}{x} = 2$ হলে, $x^5 + \frac{1}{x^5} =$ কত?
ক. 2 খ. 4
গ. 27 ঘ. 64 উ. ক

ব্যাখ্যা : $x + \frac{1}{x} = 2$
$\Rightarrow x^2 - 2x + 1 = 0$
$\Rightarrow (x - 1)^2 = 0$
$\Rightarrow x - 1 = 0$
$\Rightarrow x = 1$
$\therefore x^5 + \frac{1}{x^5} = (1)^5 + \frac{1}{(1)^5}$
$= 1 + 1 = 2$

৫৮. $(2x - 6, 5) = (4, 2y - 5)$ হলে, (x, y)-এর মান কোনটি?
ক. (4, 5) খ. (5, 5)
গ. (6, 4) ঘ. (6, 5) উ. খ

Job Navigator

ব্যাখ্যা : $2x - 6 = 4$

বা, $2x = 10$

$\therefore x = 5$

আবার, $5 = 2y - 5$

$\therefore y = 5$

$\therefore (x, y) = (5, 5)$

৫৯. ল. সা. গু. নির্ণয় করুন।

$a^3 - 1, 1 + a^3, 1 + a^2 + a^4$

ক. $a^6 - 1$ খ. $(a - 1)(a^3 + 1)$

গ. $(a^4 + 1)(a - 1)$ ঘ. $a^6 + 1$ উ. ক

ব্যাখ্যা : ১ম রাশি $= a^3 - 1 = (a - 1)(a^2 + a + 1)$

২য় রাশি $= 1 + a^3 = (1 + a)(1 - a + a^2)$

$= (a + 1)(a^2 - a + 1)$

৩য় রাশি $= 1 + a^2 + a^4 = a^4 + 2a^2 + 1 - a^2$

$= (a^2 + 1)^2 - a^2$

$= (a^2 + 1 + a)(a^2 + 1 - a)$

$= (a^2 + a + 1)(a^2 - a + 1)$

$\therefore$ নির্ণেয় ল. সা. গু.

$(a + 1)(a - 1)(a^2 - a + 1)(a^2 + a + 1)$

$= (a^3 + 1)(a^3 - 1) = a^6 - 1$

৬০. $\log_x 324 = 4$ হলে, x-এর মান কত?

ক. $3\sqrt{2}$ খ. $\sqrt{3}$

গ. $\sqrt{2}$ ঘ. $\sqrt{32}$ উ. ক

ব্যাখ্যা : $\log_x 324 = 4$

$\therefore x^4 = 324$

বা, $x^4 = 81 \times 4$

বা, $x^4 = 9^2 \times 2^2$

বা, $x^4 = (3\sqrt{2})^4$

$\therefore x = 3\sqrt{2}$ (Ans)

৬১. ΔABC-এ AD, $\angle A$-এর সমদ্বিখণ্ডক এবং $\angle ADB$ সূক্ষ্মকোণ হলে–

ক. $AD > AC$ খ. $AB > AC$

গ. $AB < AC$ ঘ. $BD < CD$ উ. গ



ব্যাখ্যা : ΔABC এ $\angle BAD = \angle CAD$

$\therefore \angle ABC > \angle ACB$ ($\because \angle ADB < \angle ADC$)

$\therefore AC > AB$

অর্থাৎ, $AB < AC$ (Ans)

৬২. একটি ত্রিভুজের যে কোনো একটি কোণ অপর দুটি কোণের সমষ্টির সমান হলে ত্রিভুজটি কোন ধরনের?

ক. স্থূলকোণী খ. সূক্ষ্মকোণী

গ. সমকোণী ঘ. সমবাহু উ. গ

ব্যাখ্যা : আমরা জানি, যেকোনো ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি $= 180°$

মনে করি, বড় কোণ $= x$

তাহলে, অপর দুই কোণের সমষ্টিও হবে $= x$

প্রশ্নমতে, $x + x = 180°$

বা, $2x = 180°$

$\therefore x = 90°$

অতএব, ত্রিভুজটি হবে সমকোণী। কারণ, সমকোণী ত্রিভুজের যেকোনো একটি কোণের পরিমাণ $= 90°$ বা এক সমকোণ।

৬৩. একটি সমবাহু ত্রিভুজের উভয় দিকে বর্ধিত করলে দুটি বহিঃকোণ উৎপন্ন হয়, তাদের সমষ্টি কত?

ক. $120°$ খ. $60°$

গ. $240°$ ঘ. $100°$ উ. গ



ব্যাখ্যা : $\angle ABD + \angle ABC = 180°$

বা, $\angle ABD + 60° = 180°$

বা, $\angle ABD = 120°$

আবার, $\angle ACE + \angle ACB = 180°$

বা, $\angle ACE + 60° = 180°$

বা, $\angle ACE = 120°$

$\therefore \angle ABD + \angle ACE = 120° + 120° = 240°$

৬৪. বৃত্তের উপরস্থ কোনো বিন্দুতে কয়টি স্পর্শক আঁকা যায়?

ক. একটি খ. চারটি

গ. দুইটি ঘ. তিনটি উ. ক

ব্যাখ্যা :



O কেন্দ্র বিশিষ্ট একটি বৃত্তের উপরস্থ একটি বিন্দু P. যেখানে কেবল একটি স্পর্শকই আঁকা সম্ভব। স্পর্শকটি হলো AB। অতএব, উত্তর হবে (ক)।

৬৫. Δ-এর তিন কোণের সমষ্টি–

ক. 80° খ. 120°

গ. 160° ঘ. 180° উ. ঘ

ব্যাখ্যা : যেকোনো ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180° বা দুই সমকোণ। তাই উত্তর হবে (ঘ)।

৬৬. **tanA = 1 হলে, A-এর মান কত ডিগ্রি?**

ক. 45° খ. 30°

গ. 60° ঘ. 70° উ. ক

ব্যাখ্যা : $\tan A = 1$

বা, $\tan A = \tan 45°$

$\therefore A = 45°$ (Ans)

৬৭. **নিচের কোনটি সঠিক?**

ক. $\tan\theta = \frac{1}{\cos\theta}$ খ. $\tan\theta = \cos\theta$

গ. $\tan\theta = \frac{1}{\cot\theta}$ ঘ. $\tan\theta = \frac{\cos\theta}{\sin\theta}$ উ. গ

ব্যাখ্যা : ক) বামপক্ষ $= \tan\theta$

$= \frac{\sin\theta}{\cos\theta}$

ডানপক্ষ $= \frac{1}{\cos\theta}$

$\therefore \tan\theta \neq \frac{1}{\cos\theta}$

(খ) বামপক্ষ $= \tan\theta$

$= \frac{\sin\theta}{\cos\theta}$

ডানপক্ষ $= \cos\theta$

$\therefore \tan\theta \neq \cos\theta$

(গ) বামপক্ষ $= \tan\theta$

$= \frac{\sin\theta}{\cos\theta}$

ডানপক্ষ $= \frac{1}{\cot\theta}$

$= \frac{1}{\frac{\cos\theta}{\sin\theta}} = \frac{\sin\theta}{\cos\theta}$

$\therefore \tan\theta = \frac{1}{\cot\theta}$ (Ans.)

৬৮. একটি খুঁটি ভেঙ্গে গিয়ে ভূমির সাথে 30° কোণ উৎপন্ন করে। ভাঙ্গা অংশের দৈর্ঘ্য 16 মিটার হলে দণ্ডায়মান অংশের দৈর্ঘ্য কত মিটার?

ক. 8 মিটার খ. $8\sqrt{3}$ মিটার

গ. $16\sqrt{3}$ মিটার ঘ. 16 মিটার উ. ক

ব্যাখ্যা : $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

বা, $\sin 30° = \frac{x}{16}$

বা, $\frac{1}{2} = \frac{x}{16}$

$\therefore x = 8$

সুতরাং, উত্তর 8 মিটার।



৬৯. **$\sec\theta + \tan\theta = \frac{5}{2}$ হলে, $\sec\theta - \tan\theta$-এর মান কত?**

ক. $\frac{9}{4}$ খ. $\frac{2}{5}$

গ. 3 ঘ. $\frac{25}{4}$ উ. খ

ব্যাখ্যা : $\sec\theta + \tan\theta = \frac{5}{2}$

$\Rightarrow \frac{(\sec\theta + \tan\theta)(\sec\theta - \tan\theta)}{\sec\theta - \tan\theta} = \frac{5}{2}$

$\Rightarrow \frac{\sec^2\theta - \tan^2\theta}{\sec\theta - an\theta} = \frac{5}{2}$

$\Rightarrow \frac{1}{\sec\theta - \tan\theta} = \frac{5}{2}$

$\therefore \sec\theta - \tan\theta = \frac{2}{5}$ (Ans)

৭০. **যদি A = 45° হয়, তবে cos 2A-এর মান কত?**

ক. 1 খ. $\frac{1}{\sqrt{2}}$

গ. 0 ঘ. $\frac{1}{2}$ উ. গ

ব্যাখ্যা : $\cos 2A = \cos(2 \times 45°) = \cos 90° = 0$ (Ans)

৭১. **যদি একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 5 সেমি ও 12 সেমি হয়, তবে ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য কত?**

ক. 9 সেমি খ. 13 সেমি

গ. 12 সেমি ঘ. 10 সেমি উ. খ

ব্যাখ্যা : সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 5 সেমি ও 12 সেমি হয় তবে পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী,

অতিভুজের দৈর্ঘ্য $= \sqrt{5^2 + 12^2}$

$= \sqrt{25 + 144}$

$= \sqrt{169}$

$= 13$ সেমি (উত্তর)

Job Navigator

৭২. নিচের কোনটি দ্বারা বৃত্তের ক্ষেত্রফল নির্দেশ করে?

ক. $2\pi r$ খ. $\frac{4}{3}\pi r^3$

গ. $4\pi r^2$ ঘ. πr^2 উ. ঘ

ব্যাখ্যা : আমরা জানি, বৃত্তের ব্যাস = $2r$ ও বৃত্তের ব্যাসার্ধ = r হলে,

বৃত্তের ক্ষেত্রফল = πr^2

বৃত্তের পরিধি = $2\pi r$

অন্যদিকে,

গোলকের তলের ক্ষেত্রফল = $4\pi r^2$

গোলকের আয়তন = $\frac{4}{3}\pi r^3$

সুতরাং, উত্তর হবে (ঘ)।

৭৩. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত কোনটি?

ক. ২২ ঃ ৭ খ. ৭ ঃ ২২

গ. ২২ ঃ ৬ ঘ. ২২ ঃ ৫ উ. ক

ব্যাখ্যা : বৃত্তের ব্যাসার্ধ r হলে,

বৃত্তের ব্যাস = $2r$ এবং পরিধি = $2\pi r$

$\therefore$ পরিধি ঃ ব্যাস = 2π ঃ $2r$

= π ঃ r

= π ঃ ১

= $\frac{22}{7}$ ঃ ১ [যেহেতু, π এর মান $\frac{22}{7}$]

= ২২ ঃ ৭

৭৪. একটি রম্বসের কর্ণদ্বয় 40 সেমি ও 60 সেমি। এর ক্ষেত্রফল কত বর্গ সেমি?

ক. 2400 বর্গ সেমি খ. 1200 বর্গ সেমি

গ. 144 বর্গ সেমি ঘ. 3600 বর্গ সেমি উ. খ

ব্যাখ্যা : রম্বসের ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × কর্ণদ্বয়ের গুণফল

= $\frac{1}{2} \times 60 \times 40$

= 1200 বর্গ সেমি. (উত্তর)

৭৫. একটি সমান্তর ধারার 12তম পদ 77 হলে, তার প্রথম 23 পদের সমষ্টি কত?

ক. 1771 খ. 1176

গ. 1056 ঘ. 2025 উ. ক

ব্যাখ্যা : n তম পদ = $a + (n-1)d$

$\therefore$ 12 তম পদ = $a + (12-1)d$

$\Rightarrow 77 = a + 11d$

n সংখ্যক পদের সমষ্টি = $\frac{n}{2}\{2a + (n-1)d\}$

$\therefore$ 23টি পদের সমষ্টি = $\frac{23}{2}\{2a + (23-1)d\}$

= $\frac{23}{2}(2a + 22d)$

= $23(a + 11d)$

= 23×77

= 1771 (Ans)

৭৬. কোন বাংলাদেশি দুইবার এভারেস্ট শৃঙ্গে বাংলাদেশের পতাকা উত্তোলন করেন?

ক. মুসা ইব্রাহীম খ. নিশাত মজুমদার

গ. এমএ মুহিত ঘ. ওয়াসফিয়া নাজরীন উ. গ

ব্যাখ্যা : প্রথম বাংলাদেশি হিসেবে এভারেস্ট জয় করেন মুসা ইব্রাহীম (২৩ মে, ২০১০)। দ্বিতীয় বাংলাদেশি হিসেবে এভারেস্ট জয় করেন এমএ মুহিত (২১ মে, ২০১১)। তবে, প্রথম বাংলাদেশি হিসেবে এমএ মুহিত দুই পথে দুইবার এভারেস্ট জয় করেন। এভারেস্ট জয়ী প্রথম বাংলাদেশি নারী নিশাত মজুমদার (১৯ মে, ২০১২)

৭৭. কবি জসীমউদ্‌দীনের 'কবর' কবিতাটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

ক. কালি ও কলম পত্রিকা খ. ধূমকেতু পত্রিকা

গ. তত্ত্ববোধিনী পত্রিকা ঘ. কল্লোল পত্রিকা উ. ঘ

ব্যাখ্যা : পল্লী কবি জসীম উদ্‌দীন এর প্রথম কাব্যগ্রন্থ 'রাখালী' এর অন্তর্গত বিখ্যাত কবিতা 'কবর'। কবিতাটি প্রথম প্রকাশিত হয় কল্লোল পত্রিকায় (১৯২৬)। কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত। কবিতাটিতে মোট ১১৮টি পঙ্‌ক্তি রয়েছে। প্রিয়জন হারানোর মর্মান্তিক স্মৃতিচারণ কবিতাটির মূল বিষয়বস্তু। কবিতাটি একটি Elegy বা শোক কবিতা।

৭৮. মালয়েশিয়ার প্রশাসনিক রাজধানীর নাম কি?

ক. কুয়ালালামপুর খ. পুত্রজায়া

গ. পিনাং ঘ. কুয়াংটান উ. খ

ব্যাখ্যা : মালয়েশিয়ার রাজধানী- কুয়ালালামপুর; কিন্তু মালয়েশিয়ার প্রশাসনিক রাজধানী পুত্রজায়া। টেংকু আব্দুর রহমান দেশটি স্বাধীনতার জনক। মালয়েশিয়ার মুদ্রা রিংগিট।

৭৯. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?

ক. ১৩৬তম খ. ১৩৭তম

গ. ১৩৮তম ঘ. ১৩৯তম উ. ক

ব্যাখ্যা : বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম দেশ হিসেবে সদস্যপদ লাভ করে ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর সাধারণ পরিষদের ২৯তম অধিবেশনে। আর ২৫ সেপ্টেম্বর ১৯৭৪ সালের অধিবেশনেই বঙ্গবন্ধু জাতিসংঘের সাধারণ পরিষদে বাংলায় ভাষণ দেন।

৮০. রক্ত জমাট বাঁধার জন্য কোনটির প্রয়োজন নেই?

ক. অণুচক্রিকা খ. হরমোন

গ. ফিব্রিনোজেন ঘ. প্রোথোম্বিন উ. খ

ব্যাখ্যা : যে জৈব রাসায়নিক পদার্থ অন্তঃক্ষরা গ্রন্থি থেকে নিঃসৃত হয়ে 'মানবদেহে রাসায়নিক দূত' হিসেবে কাজ করে তাই হরমোন। রক্ত জমাট বাঁধার জন্য হরমোনের প্রয়োজন নেই। অনুচক্রিকা, ফিব্রিনোজেন, প্রোথ্রোম্বিন, থ্রোম্বোপ্লাস্টিন, ক্যালসিয়াম অয়ন ইত্যাদি উপাদান রক্ত জমাট বাঁধতে সহায়তা করে। ভিটামিন-কে রক্ত জমাট বাঁধতে সহায়তা করে।

৮১. কত বছর পর পর হ্যালির ধূমকেতু দেখা যায়?
ক. ৫৬ বছর খ. ৬৫ বছর
গ. ৭৬ বছর ঘ. ৮৫ বছর উ. গ
ব্যাখ্যা : ইংল্যান্ডের জ্যোতির্বিজ্ঞানী এডমন্ড হ্যালি 'হ্যালির ধূমকেতু' (Comet) আবিষ্কার করেন। ১৯৮৬ সালে সর্বশেষ দেখা গেছে। এটি আবার দেখা যাবে (১৯৮৬ + ৭৬) = ২০৬২ সালে। (অপশনে ৭৬ না থাকলে উত্তর হবে ৭৫)।

৮২. একজন পূর্ণবয়স্ক মানুষের দেহে রক্ত থাকে-
ক. ২-৩ লিটার খ. ৩-৪ লিটার
গ. ৪-৫ লিটার ঘ. ৫-৬ লিটার উ. ঘ
ব্যাখ্যা : একজন পূর্ণ বয়স্ক মানুষের দেহে রক্তের পরিমাণ ৫ থেকে ৬ লিটার। রক্তের Ph ৭.২-৭.৪ অর্থাৎ রক্ত সামান্য ক্ষারীয়। রক্ত রক্তরস (৫৫%) ও রক্তকণিকা (৪৫) এর সমন্বয়ে গঠিত। মানবদেহে দৈনিক পানির প্রয়োজন ৩-৪ লিটার।

৮৩. এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠাতা কে?
ক. লর্ড মাউন্টব্যাটন খ. স্যার পি জে হার্টজ
গ. স্যার উইলিয়াম জোন্স ঘ. লর্ড ক্যানিং উ. গ
ব্যাখ্যা : স্যার উইলিয়াম জোন্স ১৭৮৪ সালে এশিয়াটি সোসাইটি প্রতিষ্ঠা করেন (কলকাতার ফোর্ট উইলিয়ামে)। ১৯৫২ সালের ৩ জানুয়ারি প্রতিষ্ঠিত হয় 'বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি' (তৎকালীন 'পাকিস্তান এশিয়াটিক সোসাইটি')। এটি ২০০৩ সালে ১০ খণ্ডে জাতীয় জ্ঞানকোষ 'বাংলাপিডিয়া' প্রকাশ করে (সম্পাদক অধ্যাপক ড. সিরাজুল ইসলাম)। তবে, ২০১৪ সালে এটির দ্বিতীয় সংস্করণ প্রকাশেরর সময় ১৪ খণ্ডে প্রকাশ করে। বর্তমানে, 'বাংলাপিডিয়া' ১৪ খণ্ডে বিদ্যমান।

৮৪. সমুদ্রসীমা নিয়ে মিয়ানমারের সাথে বিরোধ নিস্পত্তির ফলে আমরা পেয়েছি-
ক. ১ লক্ষ বর্গ কিলোমিটারেরও বেশি জলসীমা
খ. ৫০ হাজার বর্গ কিলোমিটার জলসীমা
গ. ১২ হাজার বর্গ কিলোমিটার জলসীমা
ঘ. কোনোটিই নয় উ. ক
ব্যাখ্যা : ২০১২ সালে ITLOS মিয়ানমার বাংলাদেশের মধ্যকার সমুদ্রসীমা বিরোধের নিস্পত্তি করে বাংলাদেশের পক্ষে রায় দেয়। এতে বাংলাদেশ প্রায় ১,১১,৬৩১ বর্গ কিলোমিটার সমুদ্র এলাকা। বাংলাদেশ ভারতের সাথে সমুদ্র জয় পায় ২০১৪ বর্গ কি.মি.।

৮৫. ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথ কমনওয়েলথভুক্ত কয়টি রাষ্ট্রের রানি এবং রাষ্ট্রপ্রধান?
ক. ২০ টি খ. ১৬ টি
গ. ১৪ টি ঘ. ১০ টি উ. *
ব্যাখ্যা : সাবেক ব্রিটিশ উপনিবেশভুক্ত দেশগুলোর সংগঠন কমনওয়েলথ এর বর্তমান রাজা তৃতীয় চার্লস। ৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে রানি দ্বিতীয় এলিজাবেথ মৃত্যুবরণ করেন। তিনি কমনওয়েলথভুক্ত যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, কানাডা, গ্রানাডাসহ মোট ১৫টি দেশের রানি/রাজা ও রাষ্ট্রপ্রধান ছিলেন।

৮৬. কোন ক্ষেত্র সাফল্য অর্জন করায় বাংলাদেশ ২০১০ সালে জাতিসংঘ পুরস্কার লাভ করে?
ক. শিশুমৃত্যু হ্রাস খ. প্রসূতিমৃত্যু হ্রাস
গ. মাতৃমৃত্যু হ্রাস ঘ. শিক্ষাহার বৃদ্ধি উ. ক
ব্যাখ্যা : বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিশু মৃত্যুর হার হ্রাসের জন্য ২০১০ সালে MDG অ্যাওয়ার্ড পান। তিনি ২০১১ সালে South South Award, ২০১৪ সালে Peace Tree (শান্তিবৃক্ষ), ২০১৫ সালে Champions of the Earth (জলবায়ু পরিবর্তনের জন্য), ২০১৬ সালে Planet 50:50, ২০১৯ সালে ভ্যাকসিন হিরো ও Champion of Skill Development for Youth পুরস্কার পান।

৮৭. মানবদেহে HIV প্রবেশ করার কতদিনের মধ্যে শরীরে এইডসের লক্ষণ দেখা যায়?
ক. ১ মাস থেকে ২ মাস খ. ১ বছর থেকে ২ বছর
গ. ৬ মাস থেকে ১০ বছর ঘ. ৩ মাস থেকে ৪ মাস উ. গ
ব্যাখ্যা : AIDS ভাইরাসজনিত একটি মরণব্যাধি। HIV ভাইরাসের জন্য এ রোগ হয়। HIV হচ্ছে Human Immunodeficiency Virus। মানবদেহে HIV ভাইরাস প্রবেশের ৬ মাস থেকে ১০ বছরের মধ্যে শরীরে এইডস এর লক্ষণ দেখা দিতে পারে। ১৯৮১ সালে USA তে সর্বপ্রথম AIDS রোগীর সন্ধান পাওয়া যায়।

৮৮. ২০১৪ সালে বিশ্বকাপ ফুটবল কোথায় অনুষ্ঠিত হয়?
ক. লন্ডন খ. বার্লিন
গ. আর্জেন্টিনা ঘ. ব্রাজিল উ. ঘ
ব্যাখ্যা : ২০১৪ সালে ২০তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয়েছিল ব্রাজিলে। ২০২২ সালে ২২তম বিশ্বকাপ ফুটবল হয় কাতারে। ২০২৬ সালে ২৩তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে যৌথভাবে যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে।

৮৯. গোলক ভরাট করা খাতা পড়তে পারে কোন ইনপুট ডিভাইস?
ক. বারকোড রিডার খ. স্ক্যানার
গ. ও এম আর ঘ. ওয়েব ক্যাম উ. গ
ব্যাখ্যা : অবজেক্টিভ প্রশ্নের উত্তরপত্র মূল্যায়নে (গোলক ভরাটকৃত খাতা পড়তে) ইনপুট ডিভাইস OMR ব্যবহৃত ব্যবহৃত হয়। OMR হচ্ছে Optical Mark Recognition/Reader। OMR যন্ত্রটি পেন্সিল বা কালির দাগ (Mark) পড়তে পারে। ব্যাংকিং খাতে ব্যবহৃত হয় MICR।

৯০. বাংলাদেশের সংবিধান ২০১১ সাল পর্যন্ত কতবার সংশোধন হয়েছে?
ক. ১১ খ. ১৫
গ. ১৩ ঘ. ১৭ উ. খ

ব্যাখ্যা : ২০২৩ সালের ১০ সেপ্টেম্বর পর্যন্ত বাংলাদেশের সংবিধানের ১৭টি সংশোধনী হয়েছে। ২০১১ সালে ১৫তম, ২০১৪ সালে ১৬তম এবং ২০১৮ সালের ৮ জুলাই ১৭তম সংশোধনী পাস হয়েছে। সর্বশেষ ১৭তম সংশোধনীর বিষয়বস্তু ছিল সংরক্ষিত নারী আসনের মেয়াদ আরো ২৫ বছর বৃদ্ধি।

৯১. Meteorology কী সম্বন্ধীয় বিজ্ঞান?

ক. বিষ সম্পর্কিত বিদ্যা খ. উদ্যান বিষয়ক বিজ্ঞান
গ. পরিবেশের সাথে জীবের সম্পর্ক সম্বন্ধীয় বিজ্ঞান
ঘ. আবহাওয়া ও জলবায়ু সম্বন্ধীয় বিজ্ঞান **উ. ঘ**

ব্যাখ্যা : Meteorology হচ্ছে আবহাওয়া ও জলবায়ু বিষয়ক বিজ্ঞান। উদ্যান বিষয়ক বিজ্ঞান হর্টিকালচার (Horticulture), বিষ সম্পর্কিত বিজ্ঞান টক্সিকোলজি (Toxicology) আর ইকোলজি Ecology হচ্ছে বাস্তুসংস্থান বিদ্যা অর্থাৎ পরিবেশের সাথে জীবের সম্পর্ক বিষয়ক বিজ্ঞান।

৯২. ইন্টারনেট কত সালে শুরু হয়?

ক. ১৯৫৯ সালে খ. ১৯৬৯ সালে
গ. ১৯৭৯ সালে ঘ. ১৯৮৯ সালে **উ. খ**

ব্যাখ্যা : International Network এর সংক্ষিপ্ত রূপ Internet। এটি ১৯৬৯ সালে আবিষ্কৃত হয়। আর বাংলাদেশে চালু হয় ১৯৯৬ সালে। Internet এর পূর্বসূরী ARPANet। ভিনটন জি কার্ফকে বলা হয় ইন্টারনেটের জনক।

৯৩. পিলখানায় বিডিআর বিদ্রোহ সংঘটিত হয় কবে?

ক. ২৫ ফেব্রুয়ারি ২০০৯ খ. ২৫ ফেব্রুয়ারি ২০১০
গ. ২১ আগস্ট ২০০৯ ঘ. ২১ সেপ্টেম্বর ২০১০ **উ. ক**

ব্যাখ্যা : ২০০৯ সালে ২৫-২৬ ফেব্রুয়ারি তারিখে তৎকালীন BDR এর সদর দফতর ঢাকার পিলখানায় বিদ্রোহ সংঘটিত হয়। এতে ৫৭ জন সেনা কর্মকর্তা নিহত হয়। এ বিদ্রোহের পর BDR কে পুনর্গঠন করে ২০১১ সালে BGB (Border Guard Bangladesh) গঠন করা হয়।

৯৪. মানব সভ্যতার শুরু হয় কী থেকে?

ক. শিল্প থেকে খ. কৃষি থেকে
গ. আগুনের ব্যবহার থেকে ঘ. জঙ্গল থেকে **উ. খ**

ব্যাখ্যা : বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা হচ্ছে মেসোপটেমীয় সভ্যতা। এটি ছিল সেচনির্ভর কৃষিভিত্তিক প্রাচীন সভ্যতা। অর্থাৎ, মানব সভ্যতার শুরু হয় কৃষি থেকে। এরপর তারা আগুনের ব্যবহার শিখে।

৯৫. বাংলাদেশের White gold কোনটি?

ক. ইলিশ খ. পাট
গ. চিংড়ি ঘ. রূপা **উ. গ**

ব্যাখ্যা : White Gold = চিংড়ি (প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জনের জন্য) Black Tiger = বাগদা চিংড়ি (Black Bengal = ছাগল)। পাট = সোনালি আঁশ (বাংলাদেশ সোনালি আঁশের দেশ). ইলিশ = বাংলাদেশের জাতীয় মাছ। ২৫ সেন্টিমিটার বা ১০ ইঞ্চির নিচের ইলিশকে বলে জাটকা।

৯৬. ভূপৃষ্ঠের সৌরদীপ্ত ও অন্ধকারাচ্ছন্ন অংশের সংযোগস্থলকে বলে-

ক. উষা খ. গোধূলি
গ. শুক্লবৃত্ত ঘ. ছায়াবৃত্ত **উ. ঘ**

ব্যাখ্যা : ভূপৃষ্ঠের সৌরদীপ্ত ও অন্ধকার অংশের সংযোগস্থল হচ্ছে ছায়াবৃত্ত। গোধূলি = (যখন গরুর পাল ধূলা উড়িয়ে গৃহে ফিরে) সন্ধ্যার কিছুক্ষণ পূর্বের ক্ষীণ আলো বা সূর্যাস্তকাল। উষা হচ্ছে প্রভাতের কিছুক্ষণ পূর্বের ক্ষীণ আলো।

৯৭. 'গ্রেট হল' কোথায় অবস্থিত?

ক. চীন খ. যুক্তরাজ্য
গ. রাশিয়া ঘ. ব্রিটেন **উ. ক**

ব্যাখ্যা : গ্রেট হল চীনের রাজধানী বেইজিং এ অবস্থিত। চীনের গুরুত্বপূর্ণ আলোচনা সভা এখানেই অনুষ্ঠিত হয়। মহাপ্রাচীর = চীন, হোয়াইট হল = লন্ডন, হোয়াইট হাউজ = যুক্তরাষ্ট্র।

৯৮. স্বাধীন বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন?

ক. সৈয়দ নজরুল ইসলাম খ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
গ. আবু সাঈদ চৌধুরী ঘ. সাহাবুদ্দীন আহমদ **উ. খ**

ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি এবং স্বাধীন বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বাংলাদেশের প্রথম অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম, প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমেদ। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর সরকারের বহির্বিশে বিশেষ দূত ছিলেন বিচারপতি আবু সাঈদ চৌধুরী। তত্ত্বাধবায়ক সরকারের প্রথম প্রধান উপদেষ্টা ছিলেন বিচারপতি সাহাবুদ্দীন আহমেদ।

৯৯. ল্যাপটপ কি?

ক.ছোট কুকুর খ. পর্বতারোহণ সামগ্রী
গ. বাদ্যযন্ত্র ঘ. ছোট্ট কম্পিউটার **উ. ঘ**

ব্যাখ্যা : ল্যাপটপ হচ্ছে ল্যাপ (lap) বা কোলের উপর বসিয়ে কাজ করা যায় এমন ছোট্ট কম্পিউটার। পামটপ হচ্ছে পাম (Palm) বা হাতের তালুর মধ্যে রেখে কাজ করা যায় এমন ছোট কম্পিউটার। এর অন্য নাম পাম পিসি, PDA (Personal Digital Assistant).

১০০. বাংলাদেশের মুক্তিযুদ্ধের নৌ-কমান্ডোর সেক্টর-

ক. সেক্টর ১ খ. সেক্টর ১০
গ. সেক্টর ১১ ঘ. সেক্টর ২ **উ. খ**

ব্যাখ্যা : মুক্তযুদ্ধের সময় ১১টি সেক্টর ছিল। একমাত্র নৌ কমান্ডের সেক্টর ছিল ১০নং সেক্টর। এই ১০নং সেক্টরে নিয়মিত সেক্টর কমান্ডার ছিল না। এটি ছিল ব্যতিক্রমী সেক্টর।

Job Navigator

৭ম স্কুল/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১১

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ৩; বিষয় কোড : ৩০০; পরীক্ষার তারিখ : ০২.১২.২০১১

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কর্তন হবে।]

১. নিচের কোনটি অর্ধতৎসম শব্দ?
ক. গিন্নী খ. হস্ত
গ. গল্প ঘ. তসনি উ. ক

ব্যাখ্যা : তৎসম ভাষার যে শব্দগুলো কিঞ্চিৎ পরিবর্তিত হয়ে বাংলা ভাষায় এসেছে সে শব্দগুলোকে অর্ধ-তৎসম শব্দ বলে। কয়েকটি অর্ধ-তৎসম শব্দ হচ্ছে– গিন্নী, জোছনা, ছেরাদ্দ, নোষ্টম, কুচ্ছিত।

২. বাড়ি বা রাস্তার নামের পরে কোন যতিচিহ্ন বসে?
ক. দাঁড়ি খ. কোলন
গ. কমা ঘ. ড্যাস উ. গ

ব্যাখ্যা : বাড়ি বা রাস্তার নামের পরে 'কমা' যতিচিহ্ন বসে। সম্বোধন পদের পরেও 'কমা' বসে।

৩. নিচের কোনটি পারিভাষিক শব্দ?
ক. ডাব খ. সচিব
গ. কুচ্ছিত ঘ. বালতি উ. খ

ব্যাখ্যা : বিদেশি শব্দের ভাবানুবাদমূলক প্রতিশব্দকে পারিভাষিক শব্দ বলে। অপশনগুলোর মধ্যে সচিব (secretary) শব্দটি পারিভাষিক শব্দ। ডাব শব্দটি দেশি, কুচ্ছিত শব্দটি অর্ধ-তৎসম ও বালতি শব্দটি পর্তুগিজ ভাষার শব্দ।

৪. 'যার কোনো মূল্য নেই'-এর সমার্থক বাগধারা কোনটি?
ক. ডাকা বুকো খ. তুলসী বনের বাঘ
গ. কাঠের পুতুল ঘ. ঢাকের বায়া উ. ঘ

ব্যাখ্যা : 'ঢাকের বায়া' বাগধারাটির অর্থ হলো– অপ্রয়োজনীয়/ অকেজো/ মূল্যহীন/ যার কোনো মূল্য নেই। তুলসী বনের বাঘ = ভণ্ড সাধু। কাঠের পুতুল = নির্জীব, অসার। ডাকা বুকো = ভয়হীন, অসমসাহসী।

৫. সংবাদপত্রে প্রকাশের জন্য নিখোঁজ সংবাদ কোন ধরনের পত্র?
ক. বিজ্ঞপ্তি খ. অভিযোগপত্র
গ. চুক্তিপত্র ঘ. প্রতিবেদন উ. ক

ব্যাখ্যা : সংবাদপত্রে প্রকাশের জন্য নিখোঁজ সংবাদ 'বিজ্ঞপ্তি' ধরনের পত্র। কোন ঘটনার সু-শৃঙ্খল বর্ণনাকে 'প্রতিবেদন' বলে।

৬. নিচের কোনটি চলিত রীতির শব্দ?
ক. তুলা খ. শুকনো
গ. পড়িল ঘ. সহিত উ. খ

ব্যাখ্যা : শুকনো শব্দটি চলিত রীতির শব্দ। এর সাধুরীতি হলো শুকনা। অন্য অপশনগুলো সাধুরীতির শব্দ। তুলা-তুলো, পড়িল-পড়ল, সাহিত-সঙ্গে।

৭. 'বিষ নেই তার কুলোপনা চক্কর' বাগধারাটির সঠিক অর্থ কোনটি?
ক. যার কোনো প্রকার ক্ষমতা নেই
খ. অন্তঃসার শূন্য অনন্তা
গ. ক্ষমতাশালীর দম্ভ প্রকাশ
ঘ. অক্ষম ব্যক্তির বৃথা আস্ফালন উ. ঘ

ব্যাখ্যা : 'বিষ নেই তার কুলোপনা চক্কর' বাগধারাটির সঠিক অর্থ হলো অক্ষম ব্যক্তির বৃথা আস্ফালন। এর আরো কয়েকটি সমার্থক বাগধারা হলো– খালি কলস বাজে বেশি; অসারের তর্জন গর্জন সার।

৮. কোনটির অভাবে চিঠি লেখার উদ্দেশ্য ব্যর্থ হয়?
ক. প্রেরকের ঠিকানা খ. প্রাপকের ঠিকানা
গ. পত্রগর্ভ ঘ. স্বাক্ষর ও তারিখ উ. খ

ব্যাখ্যা : প্রাপকের ঠিকানা না থাকলে চিঠি লেখার উদ্দেশ্য ব্যর্থ হয়। কারণ, প্রাপকের ঠিকানাবিহীন চিঠি প্রাপকের কাছে পৌঁছে না।

৯. 'দেশের সকল আলেমগণই সভায় উপস্থিত ছিলেন।' বাক্যটি কোন দোষে দুষ্ট?
ক. বাহুল্য দোষ খ. উপমান ভুল প্রয়োগ
গ. অপ্রচলিত শব্দের ব্যবহার ঘ. গুরুচণ্ডালী দোষ উ. ক

ব্যাখ্যা : বাক্যটি বাহুল্য দোষে দুষ্ট। এখানে 'সকল' এবং 'গণ' দুটি বহুবচন ব্যবহৃত হয়েছে। একটি বাক্যে একই সাথে দুটি বহুবচন ব্যবহৃত হয় না। একটি বাক্যে একই সাথে দুটি বহুবচন ব্যবহৃত হলে তাকে 'বাহুল্য দোষ' বলে।

১০. 'সাক্ষী গোপাল' বাগধারাটির অর্থ কী?
ক. অপদার্থ খ. মূর্খ
গ. নিরেট বোকা ঘ. নিষ্ক্রিয় দর্শক উ. ঘ

ব্যাখ্যা : 'সাক্ষী গোপাল' বাগধারাটির অর্থ নিষ্ক্রিয় দর্শক। 'অকালকুষ্মাণ্ড' বাগধারাটির অর্থ- অপদার্থ। হস্তীমূর্খ/ভবচন্দ্র বাগধারার অর্থ নিরেট বোকা।

১১. 'পাউরুটি' কোন ভাষার শব্দ?
ক. পাঞ্জাবি খ. পর্তুগিজ
গ. গুজরাটি ঘ. ফরাসি উ. খ

ব্যাখ্যা : 'পাউরুটি' পর্তুগিজ ভাষার শব্দ। পর্তুগিজ ভাষা থেকে আগত আরো কয়েকটি শব্দ হলো– পাদ্রি, পেঁপে, পেয়ারা, আলপিন, টুপি ইত্যাদি।

১২. 'গরমিল'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি?
ক. মিল ও অমিল খ. অমিলের সদৃশ
গ. মিলের অভাব ঘ. গর ও মিল উ. গ

ব্যাখ্যা : গরমিল এর ব্যাসবাক্য হলো– মিলের অভাব। এটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ।

১৩. সম্বোধন পদে কোন যতিচিহ্ন বসে?
ক. কমা খ. ড্যাস
গ. সেমিকোলন ঘ. হাইফেন উ. ক
ব্যাখ্যা : সম্বোধন পদে কমা বসে। কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে সেমিকোলন বসে। দুই বা তার বেশি বাক্যের সমন্বয় বা সংযোগ বোঝাতে ড্যাস চিহ্ন ও সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখানোর জন্য হাইফেনের ব্যবহার হয়।

১৪. প্রাপক বয়সে বড় হলে প্রেরক স্বাক্ষরের আগে কোন শব্দটি ব্যবহার করবে?
ক. প্রীতিমুগ্ধ খ. আশীর্বাদক
গ. শুভাকাঙ্ক্ষী ঘ. স্নেহভাজন উ. ঘ
ব্যাখ্যা : প্রাপক বয়সে বড় হলে প্রেরক স্বাক্ষরের আগে স্নেহভাজন শব্দটি ব্যবহার করবে।

১৫. নিচের কোন বাগধারাটি ভিন্নার্থক?
ক. সুখের পায়রা খ. শরতের শিশির
গ. দুধের মাছি ঘ. লক্ষ্মীর বরযাত্রী উ. *
ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। সবগুলো বাগধারাই সমার্থক। বাগধারাগুলোর অর্থ সুসময়ের বন্ধু।

১৬. বাংলা ভাষায় যতি বা ছেদচিহ্ন মোট কয়টি?
ক. ৯ টি খ. ১০ টি
গ. ১১ টি ঘ. ১২ টি উ. ঘ
ব্যাখ্যা : বাংলা ভাষার যতি বা বিরাম চিহ্ন মোট ১২টি। বাংলা ভাষায় যদি বা বিরাম চিহ্নের প্রবর্তক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

১৭. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. মধুসুদন দত্ত খ. মধূসূদন দত্ত
গ. মধুসূদন দত্ত ঘ. মধুসুধন দত্ত উ. গ
ব্যাখ্যা : মধুসূদন বানানটি শুদ্ধ। এরূপ আরো কয়েকটি শুদ্ধ বানান হলো– মুহূর্ত, মুহুর্মুহু, অনুকূল, শুশ্রূষা ইত্যাদি।

১৮. নিচের কোনটি দ্বিগু সমাসের সমস্ত পদ?
ক. সাতসমুদ্র খ. প্রতিদিন
গ. নীলকণ্ঠ ঘ. মুখেভাত উ. ক
ব্যাখ্যা : 'সাতসমুদ্র' দ্বিগু সমাসের সমস্তপদ। এর ব্যাসবাক্য হল- সাত সমুদ্রের সমাহার। নীলকণ্ঠ = নীল কণ্ঠ যার (সমানাধিকরণ বহুব্রীহি সমাস), মুখেভাত = মুখে ভাত দেওয়া হয় যে অনুষ্ঠানে = মুখেভাত (মধ্যপদলোপী বহুব্রীহি)

১৯. যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটি পদকে কী বলে?
ক. ব্যাসবাক্য খ. সমস্যমান পদ
গ. সমস্তপদ ঘ. উত্তরপদ উ. খ
ব্যাখ্যা : যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটিকে সমস্যমান পদ বলে। সমস্যমান পদগুলো মিলে ব্যাসবাক্য হয়।

২০. শিরোনামের প্রধান অংশ কোনটি?
ক. ডাক টিকেট খ. প্রোস্টাল কোড
গ. প্রেরকের ঠিকানা ঘ. প্রাপকের ঠিকানা উ. ঘ
ব্যাখ্যা : শিরোনামের প্রধান অংশ হলো– প্রাপকের ঠিকানা।

২১. 'ইঁদুর কপালে'-এর বিপরীতার্থক বাগধারা কোনটি?
ক. অদৃষ্টের পরিহাস খ. চাঁদের হাট
গ. একাদশে বৃহস্পতি ঘ. কেউকেটা উ. গ
ব্যাখ্যা : 'ইঁদুর কপালে' বাগধারাটির অর্থ মন্দভাগ্য। এর বিপরীতার্থক বাগধারা হলো- একাদশে বৃহস্পতি (সৌভাগ্যের বিষয়)।

২২. নিচের কোনটি অর্ধতৎসম শব্দ?
ক. কুচ্ছিত খ. ভবন
গ. পাত্র ঘ. গৃহিণী উ. ক
ব্যাখ্যা : 'কুচ্ছিত' শব্দটি অর্ধ-তৎসম। অপশনের বাকি শব্দগুলো তৎসম শব্দ। আরো কয়েকটি অর্ধ-তৎসম শব্দ হচ্ছে– জোছনা, ছেরাদ্দ, নোষ্টিম ইত্যাদি।

২৩. 'গুণহীনের বৃথা আস্ফালন'-এর অর্থ নিচের কোন প্রবাদের সাহায্যে বোঝানো যায়?
ক. আসলে মুযল নেই, টেঁকি ঘরে চাঁদোয়া
খ. অসারের তর্জন গর্জন সার
গ. কানা ছেলের নাম পদ্মলোচন
ঘ. ঘুঘু দেখেছো, ফাঁদ দেখনি উ. খ
ব্যাখ্যা : 'গুণহীনের বৃথা আস্ফালন' এর সমার্থক প্রবাদ বাক্য হলো– অসারের তর্জন-গর্জন সার, বিষ নেই তার কুলোপনা চক্কর।

২৪. পর্তুগিজ ভাষার শব্দ নয় কোনটি?
ক. আনারস খ. আলমারি
গ. গুদাম ঘ. চাহিদা উ. ঘ
ব্যাখ্যা : আনারস, আলমারি ও গুদাম পর্তুগিজ ভাষার শব্দ। অন্যদিকে, 'চাহিদা' পাঞ্জাবি ভাষার শব্দ।

২৫. নিচের কোন শব্দটি রোগ অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. মাথা ব্যথা খ. মাথা ঘামান
গ. মাথা ধরা ঘ. মাথা দেয়া উ. গ
ব্যাখ্যা : 'মাথা ধরা' শব্দটি রোগ অর্থে ব্যবহৃত হয়েছে।

Choose the best answer (Translate into English) (২৬-৩১)

২৬. বর্ষা শুরু হয়েছে।
ক. The rain has set in খ. The rains have set in
গ. The rains have set on ঘ. The rain has set out উ. খ
ব্যাখ্যা : set in অর্থ শুরু হওয়া। সঠিক উত্তর (খ) The rains have set in।

২৭. সে দিন এসে দিন খায়।
ক. He lives from hand to mouth
খ. He lives by hand to mouth
গ. He lives day by day
ঘ. He eats day by day উ. ক
ব্যাখ্যা : From hand to mouth অর্থ কোনো রকমে বা দিন আনো দিন খায় এমন। সুতরাং সঠিক উত্তর (ক) He lives from hand to mouth.

২৮. সে বলল যে সে যাবে।
ক. He said that he will go
খ. He said that he would went
গ. He said that he will went
ঘ. He said that he would go উ. ঘ
ব্যাখ্যা : 'said that' এর পরে verb আসলে সেটি past form - এ হয়। সঠিক উত্তর (ঘ) He said that he would go.

২৯. আমি বরং মরব কিন্তু ভিক্ষা করব না।
ক. I would rather die than beg
খ. I would rather to die than to beg
গ. I would die than beg
ঘ. I would die rather beg উ. ক
ব্যাখ্যা : would rather অর্থ তারচেয়ে, বরং। Would rather এর পর verb এর base form হয় এবং than থাকে। সুতরাং সঠিক উত্তর (ক) I would rather die than beg.

৩০. সে হাসতে হাসতে চলে গেল।
ক. He went away laugh
খ. He went away to laugh
গ. He went away laughing and laughing
ঘ. He went away laughing উ. ঘ
ব্যাখ্যা : 'হাসতে হাসতে' বোঝালে laughing তথা present participle হয় । অর্থাৎ, মূল verb এর শেষে 'ing' যুক্ত হয়। কাজেই সঠিক উত্তর (ঘ) He went away laughing.

৩১. আমি এটা না করে পারলাম না।
ক. I could not help do it
খ. I could not help doing it
গ. I could not help to do it
ঘ. I could not but did it উ. খ
ব্যাখ্যা : Can not help/could not help থাকলে verb + ing হয়। সুতরাং সঠিক উত্তর (খ) I could not help doing it.

Choose the best answer (Translate into Bangla) (৩২-৩৭) :

৩২. **I do not take tea.**
ক. আমি চা খাই। খ. আমি চা পান করি না।
গ. আমি চা খাব না। ঘ. আমি চা আমি না। উ. খ
ব্যাখ্যা : যে সব খাবার দাত দিয়ে ছিঁড়ে খাওয়া হয়, তাদের ক্ষেত্রে 'খাই' ব্যবহৃত হয়। তবে তরল বোঝালে সেক্ষেত্রে 'পান করা' ব্যবহৃত হয়। সুতরাং তা যেহেতু পান করি তাই সঠিক উত্তর (খ) আমি চা পান করিনা।

৩৩. **Look before you leap.**
ক. লাফ দেবার আগে তাকাও। খ. ভাবিয়া করিও কাজ।
গ. আগে ভাবিয়া পরে লাফ দিবে।
ঘ. দেখে নাও পরে লাফ দাও। উ. খ
ব্যাখ্যা : Look before you leap - ভাবিয়া করিও কাজ। সুতরাং সঠিক উত্তর (খ)।

৩৪. **It is raining cats and dogs.**
ক. মুষলধারে বৃষ্টি হচ্ছে।
খ. কুকুর বিড়ালের মত বৃষ্টি হচ্ছে।
গ. ইহা বৃষ্টি হচ্ছে কুকুর ও বিড়ালগুলো।
ঘ. কুকুর ও বিড়াল বৃষ্টিতে ভিজছে। উ. ক
ব্যাখ্যা : 'মুষলধারে' = cats and dogs. সঠিক উত্তর (ক)।

৩৫. **He has killed himself.**
ক. সে তোমাকে হত্যা করেছে।
খ. সে তাকে হত্যা করেছে।
গ. সে মারা গিয়েছে। ঘ. সে আত্মহত্যা করেছে। উ. ঘ
ব্যাখ্যা : নিজেকে নিজে হত্যা করাকে আত্মহত্যা বলে। He has killed himself - সে আত্মহত্যা করেছে। সঠিক উত্তর (ঘ)।

৩৬. **Diamond cuts diamond.**
ক. সঙ্গ দোষে নষ্ট। খ. সঙ্গ দেখে লোক চেনা যায়।
গ. সৎ সঙ্গে স্বর্গ বাস। ঘ. মানিকে মানিক চেনে। উ. ঘ
ব্যাখ্যা : Diamond cuts diamond অর্থ মানিকে মানিক চেনে। সঠিক উত্তর (ঘ)।

৩৭. **I am badly hard up.**
ক. আমি অসহ্য হয়ে উঠেছি।
খ. আমি এক কথার মানুষ।
গ. আমি কঠিন অসুখে ভুগছি।
ঘ. আমার টাকার খুব অনটন হয়েছে। উ. ঘ
ব্যাখ্যা : I am badly hard up আমার টাকার খুব অভাব/অনটন হয়েছে।

Transform the following sentences as directed in brackets (৩৮-৪৪) :

৩৮. **He is only five. (Negative)**
ক. He is not less than five খ. He is not only five
গ. He is above not five ঘ. He in not aged five উ. ক
ব্যাখ্যা : Only/a/one দ্বারা কোনো বাক্য শুরু হলে যদি বস্তুবাচক শব্দের ক্ষেত্রে nothing but বসে এবং সংখ্যাবাচক শব্দের ক্ষেত্রে not more than বা not less than বসে। কাজেই সঠিক উত্তর (ক)।

৩৯. **If he does not do, he will die. (Compound)**
ক. Do and die খ. Do or die
গ. He cannot do and die
ঘ. Let him do or he will die উ. ঘ
ব্যাখ্যা : Complex sentence-এর If যুক্ত subordinate clause যদি negative হয় এবং তার nominative যদি first/third person হয় তবে compound এর গঠন হবে Let + nominative এর objective form এবং negative উঠে যায়। দুটি Independent clause মধ্যে or ব্যবহৃত হয়। সুতরাং সঠিক উত্তর (ঘ) Let him do or he will die.

৪০. **Everybody knows this. (Interrogative)**
ক. Does anybody knows this?
খ. Who does not know this?
গ. Who do not know this?
ঘ. Do anybody know this? উ. খ

ব্যাখ্যা : Everybody/Everyone/all দ্বারা Affirmative বাক্য শুরু হলে Interrogative বাক্যে who হয় এবং Tense অনুযায়ী Auxiliary verb বসে। সুতরাং সঠিক উত্তর (খ) Who does not know this?

৪১. **I wish I were an ideal teacher. (Exclamatory)**
ক. If I were an ideal teacher!
খ. How an ideal teacher I was!
গ. What an ideal teacher I was!
ঘ. If an ideal teacher I am! উ. ক

ব্যাখ্যা : Assertive বাক্যে 'I wish' কথাটি থাকলে, এর দ্বারা অপূর্ণ আকাঙ্ক্ষা প্রকাশ পায় এবং Exclamatory sentence এ 'I wish' এর পরিবর্তে If/Would that বসে। কাজেই সঠিক উত্তর (ক) If I were an ideal teacher.

৪২. **I must go there. (Negative)**
ক. I cannot but going there
খ. I cannot help go there
গ. I cannot but go there
ঘ. I must not go there উ. গ

ব্যাখ্যা : Negative করার সময় must এর পরিবর্তে cannot but/cannot help ব্যবহৃত হয়। মনে রাখতে হবে- can not but এর পর verb এর base form হবে। তবে cannot help এর পর v + ing হয়। সুতরাং সঠিক উত্তর (গ) I cannot but go there.

৪৩. **Move and die. (Simple)**
ক. If you move, you will die.
খ. By moving you will die
গ. Without moving you will die
ঘ. If you do not move, you will do উ. খ

ব্যাখ্যা : 'Move and die' একটি compound sentence। আমরা জানি, একটি ক্রিয়ার কারণে অন্য আরেকটি ক্রিয়ার কাজ হলে কারণমূলক ক্রিয়ার By + ing যুক্ত verb (Gerund) হয়। সুতরাং সঠিক উত্তর (খ) By moving you will die.

৪৪. **Though he tried hard, he failed. (Compound)**
ক. He tried and failed
খ. In spite of his trying hard, he failed
গ. He tried hard but failed
ঘ. But for his trying hard, he failed উ. গ

ব্যাখ্যা : Though/Although যুক্ত complex sentence- কে compound sentence-এ পরিবর্তন করার জন্য subordinate clause থেকে through/although তুলে দিয়ে Independent clause দুটির মাঝখানে 'but' conjunction বসে। সুতরাং সঠিক উত্তর (গ) He tried hard but failed.

৪৫. **What is the 'noun' form of 'beautiful'?**
ক. beauty খ. beautify
গ. beautifully ঘ. beauteous উ. ক

ব্যাখ্যা : কোনো word-এর শেষে যদি ment, ism, tion, ity ইত্যাদি থাকে তবে উক্ত word সাধারণত noun হয়। এখানে 'beautiful' adjective এর noun form 'beauty'. অন্যদিকে, beautify হল verb; beautifully হল adverb.

৪৬. **He is a justice of the High Court. Here 'justice' is a/an– noun.**
ক. abstract খ. material
গ. proper ঘ. common উ. ঘ

ব্যাখ্যা : যে word দ্বারা শ্রেণিবাচক বা জাতিবাচক কোনো কিছুর সাধারণ নাম বোঝায় তাকে common noun বলে। যেমন– Justice, man, woman, student, teacher etc. সুতরাং সঠিক উত্তর (ঘ)।

৪৭. **He raised his hand. Here 'raised' is a– verb.**
ক. copulative খ. cognate
গ. factitive ঘ. causative উ. *

ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। আমরা জানি, কোনা Verb এর শেষে object থাকলে তাকে transitive verb বা সকর্মক ক্রিয়া বলা হয়। Raise এর পর hand (object) থাকার কারণে raise এখানে একটি transitive verb হবে।

৪৮. **An adverb does not modify–.**
ক. nouns খ. adjectives
গ. verbs ঘ. adverbs উ. ক

ব্যাখ্যা : যে word- noun/pronoun ব্যতীত অন্য যে কোনো শব্দ বা parts of speech- কে অথবা একটি সম্পূর্ণ বাক্যকে modify করে তাকে adverb বলে। কাজেই সঠিক উত্তর (ক) nouns. noun/pronoun -কে modify করে adjective.

৪৯. **Which pen do you want? Here 'which' is a/an–.**
ক. adjective খ. pronoun
গ. conjunction ঘ. interjection উ. ক

ব্যাখ্যা : যে word- noun/pronoun - কে modify করে, তাকে adjective বলে। প্রশ্নে প্রদত্ত বাক্যে 'which' শব্দটি (pen) -কে modify করেছে। অর্থাৎ which pen বা 'কোন কলমটি' বোঝাচ্ছে। সুতরাং সঠিক উত্তর (ক) adjective.

Job Navigator

৫০. A paragraph must have – theme/themes.

ক. one খ. two

গ. three ঘ. four উ. ক

ব্যাখ্যা : একটি paragraph অবশ্যই একটি বিষয় (theme) এবং একটি para-য় লিখতে হয়। সঠিক উত্তর (ক) one.

৫১. প্রথম 6টি 7-এর অযুগ্ম গুণিতকের গড় কত?

ক. 40 খ. 41

গ. 42 ঘ. 43 উ. গ

ব্যাখ্যা : ৭ এর প্রথম ৬টি অযুগ্ম গুণিতক হচ্ছে ৭, ২১, ৩৫, ৪৯, ৬৩, ৭৭

সুতরাং তাদের গড়

$$= \frac{৭ + ২১ + ৩৫ + ৪৯ + ৬৩ + ৭৭}{৬}$$

$$= \frac{২৫২}{৬} = ৪২ \text{ (উত্তর)}$$

৫২. A ঃ B = 3 ঃ 4 এবং B ঃ C = 6 ঃ 5 হলে, A ঃ C = কত?

ক. 3 ঃ 5 খ. 9 ঃ 10

গ. 10 ঃ 9 ঘ. 4 ঃ 9 উ. খ

ব্যাখ্যা : A : B = 3 : 4 = 18 : 24

B : C = 6 : 5 = 24 : 20

∴ A : B : C = 18 : 24 : 20

অতএব, A : C = 18 : 20

= 9 : 10 (উত্তর)

৫৩. 10 টাকায় 12টি দরে জিনিস ক্রয় করে 10 টাকায় 8টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

ক. 25% লাভ খ. 25% ক্ষতি

গ. 50% ক্ষতি ঘ. 50% লাভ উ. ঘ

ব্যাখ্যা : 12 টির ক্রয়মূল্য 10 টাকা

∴ 1 " " $\frac{10}{12}$ "

আবার, 8টির বিক্রয়মূল্য 10 টাকা

∴ 1 " " $\frac{10}{8}$ "

$$\therefore \text{শতকরা লাভ (\%)} = \frac{\frac{10}{8} - \frac{10}{12}}{\frac{10}{12}} \times 100$$

$$= \frac{30 - 20}{24} \times \frac{12}{10} \times 100$$

= 50% (উত্তর)

৫৪. 425 টাকার 4 বছরের সুদ 85 টাকা হলে সুদের হার শতকরা বার্ষিক কত টাকা হবে?

ক. 5% খ. 9%

গ. 4% ঘ. 7% উ. ক

ব্যাখ্যা : $\text{সুদ} = \frac{\text{আসল} \times \text{সময়} \times \text{হার}}{100}$

$$\therefore 85 = \frac{425 \times 4 \times \text{হার}}{100}$$

$$\therefore \text{হার} = \frac{8500}{1700}$$

= 5% (উত্তর)

৫৫. নিচের কোনটি মূলদ সংখ্যা?

ক. $\sqrt[3]{8}$ খ. $\sqrt{2}$

গ. $\sqrt[3]{7}$ ঘ. $\frac{\sqrt{5}}{4}$ উ. ক

ব্যাখ্যা : যে সংখ্যাকে দুটি পূর্ণ সংখ্যার অনুপাত হিসেবে প্রকাশ করা যায়, তাকে মূলদ সংখ্যা বলে। অর্থাৎ, যে সংখ্যাকে ভগ্নাংশ আকারে প্রকাশ করা যায়, তাকে মূলদ সংখ্যা বলে। অপশনে প্রদত্ত মূলদ সংখ্যা : $\sqrt[3]{8} = \sqrt[3]{2^3} = 2$

৫৬. $\log_x \frac{1}{9} = -2$ হলে, x-এর মান কত?

ক. ± 3 খ. $\pm \frac{1}{3}$

গ. -3 ঘ. 3 উ. ঘ

ব্যাখ্যা : $\log_x \frac{1}{9} = -2$

$$\Rightarrow \frac{1}{9} = x^{-2}$$

$$\Rightarrow \frac{1}{9} = \frac{1}{x^2}$$

$$\Rightarrow \frac{1}{3} = \frac{1}{x}$$

∴ x = 3 (উত্তর)

৫৭. k-এর কোন মানের জন্য 2x + 5y + 8 = 0 এবং 2x – ky = 3 সমীকরণ দুটির কোনো সমাধান থাকবে না?

ক. –5 খ. 5

গ. 0 ঘ. $\frac{1}{5}$ উ. ক

ব্যাখ্যা : $2x + 5y + 8 = 0$ ..... (i)

এবং $2x - ky = 3$ ..... (ii)

(ii) নং হতে পাই, $2x - ky = 3$

বা, $2x - (-5)y = 3$, [$k = -5$]

$\therefore 2x + 5y = 3$

এখানে (i) নং ও (ii) নং সমীকরণকে যোগ অথবা বিয়োগ করলে কোনোভাবেই x ও y এর মান পাওয়া সম্ভব নয়। তাই সঠিক উত্তর (ক)।

৫৮. যদি $f(x) = x^3 + kx^2 - 4x - 8$ হয়, তাহলে k-এর কোন মানের জন্য $f(-2) = 0$.

ক. 2 খ. -2

গ. $\frac{1}{2}$ ঘ. $-\frac{1}{2}$ উ. ক

ব্যাখ্যা : যেহেতু $f(-2) = 0$

$\therefore f(-2) = (-2)^3 + Z(-2)^2 - 4(-2) - 8$

$\Rightarrow 0 = -8 + 4k + 8 - 8$

$\Rightarrow 0 = -8 + 4k$

$\Rightarrow 4k = 8$

$\Rightarrow k = \frac{8}{4}$

$\therefore k = 2$ (উত্তর)

৫৯. $2x + \frac{2}{x} = 3$ হলে, $x^3 + \frac{1}{x^3} + 2$ এর মান কত?

ক. $\frac{5}{8}$ খ. $\frac{7}{8}$

গ. $\frac{9}{8}$ ঘ. $\frac{11}{8}$ উ. খ

ব্যাখ্যা : $2x + \frac{2}{x} = 3$

$\Rightarrow 2\left(x + \frac{1}{x}\right) = 3$

$\Rightarrow \left(x + \frac{1}{x}\right) = \frac{3}{2}$

$\therefore x^3 + \frac{1}{x^3} + 2 = \left(x + \frac{1}{x}\right)^3 - 3.x.\frac{1}{x}\left(x + \frac{1}{x}\right) + 2$

$= \left(\frac{3}{2}\right)^3 - 3\left(\frac{3}{2}\right) + 2 \left[\because x + \frac{1}{x} = \frac{3}{2}\right]$

$= \frac{27}{8} - \frac{9}{2} + 2$

$= \frac{27 - 36 + 16}{8} = \frac{7}{8}$ (উত্তর)

৬০. $x + y = 8$ এবং $x - y = 2$ হলে, $2x^2 + 2y^2 =$ কত?

ক. 64 খ. 72

গ. 70 ঘ. 68 উ. ঘ

ব্যাখ্যা : $x + y = 8$ ..... (i)

$x - y = 2$ ..... (ii)

(i) + (ii) $\Rightarrow 2x = 10 \therefore x = 5$

(i) − (ii) $\Rightarrow 2y = 6 \therefore y = 3$

$\therefore 2x^2 + 2y^2 = 2(5)^2 + 2 \times (3)^2$

$= 2 \times 25 + 2 \times 9$

$= 68$ (উত্তর)

৬১. একটি চতুর্ভুজের চারটি বাহুর মধ্যবিন্দু পরস্পর যুক্ত করলে কিরূপ ক্ষেত্র পাওয়া যাবে?

ক. বর্গক্ষেত্র খ. আয়তক্ষেত্র

গ. ট্রাপিজিয়াম ঘ. সামান্তরিক উ. ঘ

ব্যাখ্যা :



জ্যামিতির অনুসিদ্ধান্ত অনুযায়ী, কোনো চতুর্ভুজের চারটি বাহুর মধ্যবিন্দু যোগ করলে মধ্যবিন্দুগুলোর সংযোগ রেখা সামান্তরিক উৎপন্ন করে। অর্থাৎ, সামান্তরিক পাওয়া যাবে।

৬২. ABC ত্রিভুজের BC বাহুকে D পর্যন্ত বর্ধিত করা হলো। $\angle ACD = 160°$; $\angle ABC = 7\angle BAC$ হলে, $\angle BAC$-এর মান কত?

ক. 20° খ. 40°

গ. 60° ঘ. 70° উ. ক

ব্যাখ্যা :



$\angle ACD = 160°$

$\therefore \angle ACB = 180° - 160° = 20°$

ΔABC এ, $\angle ABC + \angle BAC + \angle ACB = 180°$

$\Rightarrow 7\angle BAC + \angle BAC + 20° = 180°$

$\Rightarrow 8\angle BAC = 160°$

$\therefore \angle BAC = 20°$ (উত্তর)

৬৩. একটি সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের পার্থক্য 6° হলে ক্ষুদ্রতম কোণের মান কত?

ক. 38° খ. 41°

গ. 42° ঘ. 39° উ.

Job Navigator

ব্যাখ্যা : আমরা জানি, যেকোনো ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি = 180°
মনে করি, সমকোণী ত্রিভুজের একটি কোণ x, অপর কোণ = x + 6°
প্রশ্নমতে, $x + x + 6° + 90° = 180°$
$\Rightarrow 2x = 180° - 96°$
$\Rightarrow x = \frac{84°}{2}$
$\therefore x = 42°$ (উত্তর)

৬৪. দুটি বৃত্ত পরস্পরকে অন্তঃস্পর্শ করল। বৃহত্তর বৃত্তটির ব্যাসার্ধ 6 সেমি এবং কেন্দ্রদ্বয়ের দূরত্ব 2 সেমি। অপর বৃত্তের ব্যাসার্ধ কত?

ক. 2 সেমি খ. 4 সেমি
গ. 6 সেমি ঘ. 8 সেমি **উ. খ**

ব্যাখ্যা : মনে করি, অন্তস্থবৃত্তের ব্যাসার্ধ = x
প্রশ্নমতে, $x + 2 = 6$
বা, $x = 6 - 2$
$= 4$
সুতরাং, অপর বৃত্তের ব্যাসার্ধ = 4 সেমি (উত্তর)

৬৫. ত্রিভুজের কোণগুলোর অন্তঃসমদ্বিখণ্ডকত্রয়ের ছেদ বিন্দুটির নাম কী?

ক. ভরকেন্দ্র খ. পরিকেন্দ্র
গ. লম্ববিন্দু ঘ. অন্তঃকেন্দ্র **উ. ঘ**

ব্যাখ্যা : আমরা জানি, ত্রিভুজের অন্তস্থ কোণগুলোর অন্তর্দ্বিখণ্ডকের ছেদ বিন্দুকে অন্তঃকেন্দ্র বলে। অতএব, উত্তর হবে অপশন (ঘ)।

৬৬. 18 মিটার দীর্ঘ একটি মই ভূমির সাথে 30° কোণ উৎপন্ন করে দেওয়ালের ছাদ স্পর্শ করে। দেওয়ালটির উচ্চতা কত?

ক. 6 মিটার খ. 9 মিটার
গ. 12 মিটার ঘ. $6\sqrt{3}$ মিটার **উ. খ**

ব্যাখ্যা :



মনে করি, ABC সমকোণী ত্রিভুজের দেওয়ালের উচ্চতা = h মিটার
আমরা জানি, $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$
$\therefore \sin 30° = \frac{h}{18}$
বা, $\frac{1}{2} = \frac{h}{18}$
বা, $h = \frac{18}{2}$
$\therefore h = 9$ মিটার (উত্তর)

৬৭. $\sin^2 21° + \sin^2 69°$-এর মান কত?

ক. 1 খ. −1
গ. $\frac{1}{2}$ ঘ. $\frac{1}{\sqrt{2}}$ **উ. ক**

ব্যাখ্যা : $\sin^2 21° + \sin^2 69°$
$= \sin^2(90° - 69°) + \sin^2 69°$
$= \cos^2 69° + \sin^2 69° = 1$ (উত্তর)

৬৮. $\sin\theta = \frac{5}{13}$ হলে, $\tan\theta$-এর মান কত?

ক. $\frac{3}{4}$ খ. $\frac{5}{12}$
গ. $\frac{12}{13}$ ঘ. $\frac{5}{13}$ **উ. খ**

ব্যাখ্যা : $\cos\theta = \sqrt{1 - \sin^2\theta}$
$= \sqrt{1 - \left(\frac{5}{13}\right)^2}$
$= \sqrt{1 - \frac{25}{169}} = \frac{12}{13}$
$\therefore \tan\theta = \frac{\sin\theta}{\cos\theta}$
$= \frac{\frac{5}{13}}{\frac{12}{13}} = \frac{5}{13} \times \frac{13}{12} = \frac{5}{12}$
$= \frac{5}{13} \times \frac{13}{12}$
$= \frac{5}{12}$ (উত্তর)

৬৯. নিচের কোন সম্পর্কটি সঠিক?

ক. $\sin^2 A + \cos^2 B = 1$ খ. $\sin\theta + \cos\theta > 1$
গ. $\tan^2\theta - \sec^2\theta = 1$ ঘ. $\sin\theta + \cos\theta < 1$ **উ. খ**

ব্যাখ্যা : আমরা জানি, ত্রিভুজের যে কোনো দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর।
সমকোণী ত্রিভুজে, লম্ব + ভূমি > অতিভুজ
$\Rightarrow \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}} + \frac{\text{ভূমি}}{\text{অতিভুজ}} > 1$
$\Rightarrow \sin\theta + \cos\theta > 1$

৭০. $\text{Sec}\,\theta = 2$ হলে, θ-এর মান কত?

ক. 0° খ. 30°
গ. 45° ঘ. 60° **উ. ঘ**

Job Navigator

ব্যাখ্যা : $\sec\theta = 2$

$\Rightarrow \sec\theta = \sec 60°$

$\therefore \theta = 60°$

৭১. একটি সমবাহু ত্রিভুজের পরিসীমা 9 সেমি হলে, এর ক্ষেত্রফল কত বর্গ সেন্টিমিটার?

ক. $9\sqrt{3}$ খ. $\frac{9\sqrt{3}}{4}$

গ. $\frac{3\sqrt{3}}{4}$ ঘ. $\frac{2\sqrt{3}}{4}$ উ. খ

ব্যাখ্যা : দেওয়া আছে, সমবাহু ত্রিভুজের পরিসীমা = 9 সেমি

$\therefore$ মনে করি, বাহুর দৈর্ঘ্য = a সেমি

যেহেতু পরিসীমা = 9 সেমি

$\therefore 3a = 9$

$\therefore a = 3$

$\therefore$ সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}.(a)^2$

$= \frac{\sqrt{3}}{4}.(3)^2$

$= \frac{9\sqrt{3}}{4}$ (উত্তর)

৭২. একটি ট্রাপিজিয়াম আকৃতির লোহার পাতের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 3 সেমি ও 1 সেমি এবং এদের লম্ব দূরত্ব 2 সেমি। পাতটির ক্ষেত্রফল কত বর্গ সেমি?

ক. 1 খ. 2

গ. 3 ঘ. 4 উ. ঘ

ব্যাখ্যা : যেহেতু, পাতটি ট্রাপিজিয়াম আকৃতির। সুতরা, পাতটির ক্ষেত্রফল হবে মূলত ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল।

আমরা জানি, ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ (সমান্তরাল বাহুদ্বয়ের যোগফল) $\times$ লম্ব দূরত্ব

$= \frac{1}{2} \times (3 + 1) \times 2 = \frac{4}{2} \times 2$

$= \frac{1}{2} \times (3 + 1) \times 2$

$= \frac{4}{2} \times 2 = 4$ বর্গ সেমি (উত্তর)

৭৩. একটি বৃত্তাকার মাঠের ব্যাস 26 মিটার। মাঠটির বাইরে চারদিকে 2 মিটার চওড়া রাস্তা রয়েছে। রাস্তাসহ মাঠটির ক্ষেত্রফল কত বর্গমিটার?

ক. 225π খ. 169π

গ. 121π ঘ. 144π উ. ক

ব্যাখ্যা : বৃত্তাকার মাঠের ব্যাস $2r = 26$ মিটার হলে,

ব্যাসার্ধ $r = \frac{26}{2} = 13$ মিটার

রাস্তাসহ মাঠের ব্যাসার্ধ $r = 13 + 2 = 15$ মিটার

$\therefore r = 15$ মিটার

$\therefore$ রাস্তাসহ মাঠের ক্ষেত্রফল $= \pi r^2$ বর্গমিটার

$= \pi(15)^2$ বর্গমিটার

$= 225\pi$ বর্গমিটার

৭৪. একটি চাকার ব্যাস 4.2 মিটার। চাকাটি 330 মিটার পথ অতিক্রম করতে কতবার ঘুরবে?

ক. 32 খ. 30

গ. 25 ঘ. 22 উ. গ

ব্যাখ্যা : চাকার ব্যাসার্ধ $r = \frac{4.2}{2}$

$= 2.1$

$\therefore$ চাকার পরিধি $= 2\pi r$

$= 2 \times \frac{22}{7} \times 2.1$ মিটার $\left[\because \pi = \frac{22}{7}\right]$

$= 13.2$ মিটার

চাকাটি 13.2 মি. যেতে 1 বার ঘোরে

$\therefore$ " 1 " " $\frac{1}{13.2}$ " "

$\therefore$ " 330 " " $\frac{330}{13.2}$

$= 25$ বার ঘোরে (উত্তর)

৭৫. একটি বেলনের বক্রতলের ক্ষেত্রফল 100 বর্গ সেমি এবং আয়তন 150 ঘন সেমি। বেলনের ভূমির ব্যাসার্ধ কত?

ক. 5 সেমি খ. 4 সেমি

গ. 3 সেমি ঘ. 6 সেমি উ. গ

ব্যাখ্যা : বেলনের বক্রতলের ক্ষেত্রফল $= 2\pi rh = 100$ বর্গ সেমি

" " আয়তন $= \pi r^2 h = 150$ ঘন সেমি

$\therefore \frac{\pi r^2 h}{2\pi rh} \frac{150}{100}$

$\Rightarrow r = \frac{300}{100}$

$\therefore r = 3$ সেমি (উত্তর)

৭৬. বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন কে?

ক. প্রধানমন্ত্রী খ. স্পীকার

গ. রাষ্ট্রপতি ঘ. প্রধান বিচারপতি উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন আহ্বান ও স্থগিত করেন রাষ্ট্রপতি। জাতীয় সংসদের সভাপতি হলেন স্পিকার, জাতীয় সংসদের নেতা ও শাসন বিভাগের প্রধান প্রধানমন্ত্রী। প্রধান বিচারপতি বিচার বিভাগের প্রধান।

৭৭. মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর কোন সেক্টরের অন্তর্ভুক্ত ছিল?

ক. ২ নং খ. ৮ নং

গ. ১০ নং ঘ. ১১ নং উ. খ

Job Navigator

ব্যাখ্যা : মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে ১১টি সেক্টরে এবং ৬৪টি সাব সেক্টরে ভাগ করা হয়। ১০ নং সেক্টর ছিল নৌ সেক্টর (ব্যতিক্রমী সেক্টর)। মুজিবনগর ছিল ৮ নং সেক্টরের অধীন। ঢাকা শহর ছিল ২নং সেক্টরের অধীন। তবে, ঢাকা জেলা ছিল ২ ও ৩ নং সেক্টরে অধীন।

৭৮. ঢাকায় বাংলাদেশের রাজধানী স্থাপনের সময় মুঘল সুবেদার কে ছিলেন?

ক. শায়েস্তা খান | খ. ইসলাম খান
গ. ইব্রাহিম খান | ঘ. আলীবর্দি খান | উ. খ

ব্যাখ্যা : ঢাকায় বাংলার প্রথম রাজধানী স্থাপন করেন মোঘল সম্রাট জাহাঙ্গীরের সুবেদার ইসলাম খান। তিনি ১৬১০ সালে সুবা বাংলার রাজধানী রাজমহল থেকে ঢাকায় স্থানান্তর করেন এবং ঢাকার নাম রাখেন 'জাহাঙ্গীরনগর'। (১৬১০, ১৬৬০, ১৯০৫, ১৯৪৭, ১৯৭১) এ পর্যন্ত ঢাকা ৫ বার রাজধানীর মর্যাদা পায়।

৭৯. বাংলাদেশের মোট আয়তনের কতভাগ বনভূমি আছে?

ক. ২৯ ভাগ | খ. ১৯ ভাগ
গ. ১৭ ভাগ | ঘ. ২৩ ভাগ | উ. গ

ব্যাখ্যা : কোন দেশের পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য মোট ভূমির ২৫ ভাগ বনভূমি থাকা প্রয়োজন। বাংলাদেশে বনভূমির পরিমাণ ১৭ ভাগ। বাংলাদেশে মাত্র ৭টি জেলায় পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য প্রয়োজনীয় বনভূমি আছে। বাংলাদেশে ২৮টি জেলায় কোন রাষ্ট্রীয় বনভূমি নেই।

৮০. সার্কভুক্ত কোন দেশটির দূতাবাস বাংলাদেশে নেই?

ক. শ্রীলংকা | খ. নেপাল
গ. ভুটান | ঘ. মালদ্বীপ | উ. *

ব্যাখ্যা : ১৯৮৫ সালের ৮ ডিসেম্বর ঢাকায় প্রতিষ্ঠিত হয়। দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা সার্ক (SAARC)। এর সদস্য দেশ ৮টি। বর্তমানে মালদ্বীপসহ ৮টি দেশেরই দূতাবাস বাংলাদেশে আছে। ঢাকায় মালদ্বীপের দূতাবাস ২০১৫ সালে পুনরায় চালু হয়।

৮১. ইউরোপীয় বণিকদের মধ্যে সর্বপ্রথম বাংলায় এসেছিল কারা?

ক. ইংরেজরা | খ. ফরাসিরা
গ. ওলন্দাজরা | ঘ. পর্তুগীজরা | উ. ঘ

ব্যাখ্যা : ইউরোপ থেকে ভারতে আসার জলপথ আবিষ্কার করেন পর্তুগীজ নাবিক ভাস্কো দা গামা ১৪৮৭ সালে। ইউরোপীয় বর্ণিকদের মধ্যে বাংলায় সর্বপ্রথম এসেছিল পর্তুগালের অধিবাসী পর্তুগিজরা ১৫১৬ সালে। ইউরোপীয় বণিকদের মধ্যে সর্বশেষ বাংলায় আসে ফরাসিরা ১৬৬৮ সালে। পর্তুগিজদের পরে আসে ডাচ তথা ওলন্দাজরা।

৮২. থাইল্যান্ডের নব-নির্বাচিত প্রধানমন্ত্রীর নাম কি?

ক. থাকসিন সিনাওয়াত্রা | খ. ভূমিবল
গ. ইংলাক সিনাওয়াত্রা | ঘ. লুরা সিনচিলা | উ. *

ব্যাখ্যা : থাইল্যান্ড অর্থ মুক্ত/ স্বাধীন ভূমি (অতীতে কোন দেশের উপনিবেশ ছিল না) দেশটির বর্তমান প্রধানমন্ত্রী প্রাইউথ শানওশা। দেশটির প্রথম নারী প্রধানমন্ত্রী ইংলাক সিনাওয়াত্রা। প্রথম নির্বাচিত প্রধানমন্ত্রী থাকসিন সিনাওয়াত্রা।

৮৩. মানুষের গড় আয়ু সবচেয়ে বেশি কোন দেশে?

ক. কানাডা | খ. জাপান
গ. নরওয়ে | ঘ. সুইডেন | উ. *

ব্যাখ্যা : *UNDP এর 'মানব উন্নয়ন প্রতিবেদন ২০২১-২২' অনুযায়ী, গড় আয়ুতে শীর্ষ দেশ হংকং আর সর্বনিম্ন দেশ মধ্য শাদ। উক্ত প্রতিবেদনে বাংলাদেশের অবস্থান- ১২৯তম।

৮৪. জাপানের পার্লামেন্টের নাম কি?

ক. নেসেট | খ. ডায়েট
গ. কোকেটিং | ঘ. মিরামি | উ. খ

ব্যাখ্যা : জাপানের পার্লামেন্টের নাম- ডায়েট। এটি দ্বিকক্ষবিশিষ্ট। উচ্চকক্ষ হউজ অব কাউন্সিলর্স আর নিম্নকক্ষ হাউজ অব রিপ্রেজেন্টেটিভস। সুইডেনের পার্লামেন্ট রিকসড্যাগ, তুরস্কের গ্যান্ড ন্যাশনাল অ্যাসেম্বলি। নেসেট ইসারাইলের, ফোকেটিং ডেনমার্কের পার্লামেন্ট।

৮৫. যুক্তরাষ্ট্রের কোন অঙ্গরাজ্যটি ফ্রান্সের নিকট থেকে কেনা?

ক. লুসিয়ানা | খ. আলাস্কা
গ. ফ্লোরিডা | ঘ. ওহাইও | উ. ক

ব্যাখ্যা : যুক্তরাষ্ট্রে ৫০টি অঙ্গরাজ্য রয়েছে। (৫০তম অঙ্গরাজ্য হাওয়াই)। এদের মধ্যে যুক্তরাষ্ট্র লুসিয়ানা অঙ্গরাজ্যটি ফ্রান্সের নিকট থেকে (১৮০৩ সালে) এবং আলাস্কা অঙ্গরাজ্যটি রাশিয়ার কাছ থেকে (১৮৬৭ সালে) ক্রয় করে।

৮৬. নিউজিল্যান্ডের অধিবাসীদের কি বলা হয়?

ক. মাউরি | খ. ডাচ
গ. তাতারু | ঘ. অজি | উ. ক

ব্যাখ্যা : নিউজিল্যান্ডের আদিবাসী মাউরি। নেদারল্যান্ডের অধিবাসীদের ডাচ বলে। অস্ট্রেলিয়ানদের বলা হয় অজি। তাতার সাইবেরিয়া ও মঙ্গোলিয়া অঞ্চলের জাতি।

৮৭. বিশ্বব্যাংকের অঙ্গ সংস্থা নয় কোনটি?

ক. IBRD | খ. IDA
গ. IMF | ঘ. IFA | উ. গ

ব্যাখ্যা : World Bank = IBRD। World Bank Group = IBRD + IDA + ICSID + MIGA + IFA। IDA হচ্ছে বিশ্ব ব্যাংকের Sof Loan Window। IMF (International Monetary Fund) বিশ্ব ব্যাংকের অঙ্গসংস্থা নয়; স্বতন্ত্র সংস্থা। বিশ্বব্যাংক ১৯৪৬ সালে, IMF ১৯৪৭ সালে কার্যক্রম শুরু করে।

৮৮. দুধে থাকে কোন এসিড?

ক. ফোলিক এসিড | খ. টারটারিক এসিড
গ. ল্যাকটিক এসিড | ঘ. সাইট্রিক এসিড | উ. গ

ব্যাখ্যা : দুধে ল্যাকটিক এসিড থাকে। আঙুর ও তেঁতুল = টারটারিক এসিড; লেবু = সাইট্রিক এসিড; আমলকি, কমলালেবু = এসকরবিক এসিড; আনারস, আপেল, গাজর = ম্যালিক এসিড।

৮৯. ১ মেগাবাইট = কত কিলোবাইট?
ক. ১০০০ খ. ৫১২
গ. ১০২৬ ঘ. ১০২৪ উ. ঘ
ব্যাখ্যা : ১ কিলোবাইট (KB) = ১০২৪ বাইট। ১ মেগাবাইট (MB) = ১০২৪ কিলোবাইট (KB)। ১ গিগাবাইট (GB) = ১০২৪ মেগাবাইট (MB), ১ টেরাবাইট (TB) = ১০২৪ গিগাবাইট (GB), ১ পিটাবাইট (PB) = ১০২৪ টেরাবাইট (TB)।

৯০. বর্তমানে বাংলাদেশে মাতৃত্বকালীন ছুটি কত মাস?
ক.৩ মাস খ. ৪ মাস
গ. ৫ মাস ঘ. ৬ মাস উ. ঘ
ব্যাখ্যা : বর্তমানে বাংলাদেশ মাতৃকালীন ছুটি ৬ মাস। এ ছুটিকালীন সময়ে নারী কর্মজীবীরা পূর্ণ বেতনাদি সর্বোচ্চ ২ বার ভোগ করতে পারেন।

৯১. 'কবর' নাটকটির রচয়িতা কে?
ক. জহির রায়হান খ. মুনীর চৌধুরী
গ. কাজী নজরুল ইসলাম ঘ. জসীমউদ্‌দীন উ. খ
ব্যাখ্যা : 'কবর' নাটকটির রচয়িতা মুনীর চৌধুরী। এটি ১৯৫২ সালের ভাষা আন্দোলনের পটভূমিতে রচিত। রণেশ দাশগুপ্তের অনুরোধে মুনীর চৌধুরী ১৯৫৩ সালে 'কবর' নাটকটি রচনা করেন এবং ১৯৫৩ সালের ২১ ফেব্রুয়ারি তারিখে ঢাকা কেন্দ্রীয় কারাগারে নাটকটি প্রথম মঞ্চস্থ হয়। উল্লেখ্য যে, 'কবর' কবিতার লেখক পল্লীকবি জসীমউদ্‌দীন।

৯২. এপিকালচার বলতে কি বোঝায়?
ক. রেশমের চাষ খ. মৌমাছির চাষ
গ. মৎস্য চাষ ঘ. পাখি পালন উ. খ
ব্যাখ্যা : এপিকালচার (Apiculture) হচ্ছে মৌমাছি পালন বিদ্যা। সেরিকালচার (Sericulture) রেশম বা গুটি পোকার চাষ বিদ্যা, পিসিকালচার (Pisciculture) হচ্ছে মৎস চাষ বিদ্যা। আর পাখি পালন বিদ্যাকে বলা হয় এভিকালচার (Aviculture)। হর্টিকালচার (Horticulture) হচ্ছে উদ্যান পালন বিদ্যা।

৯৩. অন্ধদের জন্য লিখনরীতি উদ্ভাবন করেন কে?
ক. হেলেন কিলার খ. ব্রেইল
গ. এডিসন ঘ. ডেভিট বোর উ. খ
ব্যাখ্যা : ব্রেইল সিস্টেম অন্ধদের লেখাপড়ার ও লিখনের মাধ্যম। এ পদ্ধতির আবিষ্কার করেন ফরাসি অন্ধ নাগরিক লুই ব্রেইল। এখানে ডট বা বিন্দুর মাধ্যমে অক্ষরকে ফুটিয়ে তোলা হয়।

৯৪. বিশ্বে কার্বন ডাই-অক্সাইড নিঃসরণে শীর্ষ দেশ কোনটি?
ক. চীন খ. জাপান
গ. ব্রিটেন ঘ. যুক্তরাষ্ট্র উ. ক
ব্যাখ্যা : Global Warming এর জন্য দায়ী কার্বন ডাই অক্সাইড (CO_2)। এটি প্রধান গ্রিন হাউজ গ্যাস (৪৯)। কার্বন নিঃসরণে শীর্ষ দেশ চীন। আর মাথাপিছু শীর্ষ কার্বন নিঃসরণকারী দেশ যুক্তরাষ্ট্র।

৯৫. ২০১০ বিশ্বকাপ ফুটবলে চ্যাম্পিয়ন হয় কোন দেশ?
ক. ইতালী খ. স্পেন
গ. ব্রাজিল ঘ. উরুগুয়ে উ. খ
ব্যাখ্যা : ২০২২ সালে বিশ্বকাপ ফুটবলে (পুরুষ) চ্যাম্পিয়ন হয়- আর্জেন্টিনা এবং রানার্স-আপ হয়- ফ্রান্স। তৃতীয় স্থান- ক্রোয়েশিয়া এবং ৪র্থ স্থান- মরক্কো।

৯৬. ২০১০ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন কে?
ক. লিওজিয়াওবো খ. মারিও ভার্গাস
গ. পিটার ডায়মন্ড ঘ. আন্দ্রিয়া সুজিকি উ. ক
ব্যাখ্যা : বেলারুশ, রাশিয়া ও ইউক্রেনে মানবাধিকার, গণতন্ত্র ও শান্তিপূর্ণ সহাবস্থানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য২০২২ সালে শান্তিতে নোবেল পান- ১. রাশিয়ায় জনমুহেণকারী বেলারুশের নাগরিক অ্যালেস বিয়ালিয়াৎস্কি, ২. রাশিয়ার মানবাধিকার সংগঠন 'মেমোরিয়াল' এবং ৩. ইউক্রেনের মানবাধিকার সংগঠন 'সেন্টার ফর সিভিল লিবার্টিস'।

৯৭. বাংলাদেশের সাথে একমাত্র বন্দি বিনিময় চুক্তি আছে কোন দেশের?
ক. ভারত খ. পাকিস্তান
গ. মায়ানমার ঘ. থাইল্যান্ড উ. ঘ
ব্যাখ্যা : বর্তমানে থাইল্যান্ড ও ভারতের সাথে বর্তমানে বাংলাদেশের বন্দী বিনিময় চুক্তি (Extredition Treaty) আছে।

৯৮. কোন দেশের মুদ্রায় ব্রিটেনের রানির ছবি আছে?
ক. কানাডা খ. ফ্রান্স
গ. বেলজিয়াম ঘ. নরওয়ে উ. ক
ব্যাখ্যা : ব্রিটেনের রানি/রাজা যুক্তরাজ্য, কানাডা, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ডসহ মোট ১৫টি দেশের রাষ্ট্রপ্রধান ও রানি/রাজা। তবে কানাডার মুদ্রায় রানির ছবি রয়েছে। কানাডার মুদ্রার নাম ডলার।

৯৯. ২০১০ সালের জাতীয় শিক্ষানীতিতে মাধ্যমিক স্তর কোন শ্রেণি পর্যন্ত?
ক. ৬ষ্ঠ-৮ম শ্রেণি খ. ৮ম-১০ম শ্রেণি
গ. ৯ম-১০ম শ্রেণি ঘ. ৯ম-দ্বাদশ শ্রেণি উ. ঘ
ব্যাখ্যা : জাতীয় শিক্ষানীতি ২০১০ অনুসারে প্রাথমিক = ১ম-৮ম শ্রেণি, মাধ্যমিক = ৯ম-দ্বাদশ শ্রেণি, উচ্চ শিক্ষা = স্নাতক এবং তদূর্ধ্ব। জাতীয় অধ্যাপক কবীর চৌধুরীর নেতৃত্বে ২০১০ সালে শিক্ষানীতি প্রণীত হয়।

১০০. ৫ম আদমশুমারীর প্রাথমিক রিপোর্ট অনুযায়ী, জনসংখ্যা বৃদ্ধির হার সবচেয়ে কম কোন বিভাগে?
ক. ঢাকা খ. কুমিল্লা
গ. বরিশাল ঘ. সিলেট উ. গ
ব্যাখ্যা : পঞ্চম আদমশুমারী অনুষ্ঠিত হয় ২০১১ সালে। এ রিপোর্ট অনুযায়ী জনসংখ্যা ১৪ কোটি ৯৭ লাখ। জনসংখ্যা বৃদ্ধির হার সবচেয়ে বেশি সিলেট বিভাগে আর সবচেয়ে কম বরিশাল বিভাগে। ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২ অনুযায়ী, জনসংখ্যা বৃদ্ধির হার সবচেয়ে বেশি ঢাকা বিভাগে আর সবচেয়ে কম বরিশাল বিভাগে।

৬ষ্ঠ স্কুল/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১০

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ৩০০; পরীক্ষার তারিখ : ১১.১২.২০১০

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. সংবাদপত্রে একটি আবেদন প্রকাশের জন্য কার বরাবর পাঠাতে হবে?
ক. মালিকের বরাবর খ. সাংবাদিকের বরাবর
গ. প্রকাশকের বরাবর ঘ. সম্পাদকের বরাবর **উ. ঘ**
ব্যাখ্যা : সংবাদপত্রে কোনো আবেদন, তথ্য বা সংবাদ প্রকাশের জন্য সম্পাদক বরাবর আবেদন করতে হয়।

২. আঞ্চলিক ভাষার অপর নাম কী?
ক. কথ্যভাষা খ. উপভাষা
গ. সাধুভাষা ঘ. চলিত ভাষা **উ. খ**
ব্যাখ্যা : পৃথিবীর সবভাষারই আঞ্চলিক ভাষা আছে। এর অপর নাম উপভাষা। ইংরেজিতে Dialect বলে।

৩. পত্র শব্দটির আভিধানিক বা ব্যবহারিক অর্থ কী?
ক. যোগাযোগ খ. বিনিময়
গ. চিহ্ন বা স্মারক ঘ. সংযোগ **উ. গ**
ব্যাখ্যা : পত্র শব্দটির আভিধানিক বা ব্যবহারিক অর্থ চিহ্ন বা স্মারক। যেমন কখখও কখনও কোনো কিছুর দাবিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যে চিঠি দেওয়া হয়, তাকে 'স্মারকলিপি' বলে।

৪. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. ক্ষুৎপীড়িত খ. ক্ষুৎপিড়িত
গ. ক্ষুতপীড়িত ঘ. ক্ষুৎপিড়ীত **উ. ক**
ব্যাখ্যা : 'ক্ষুৎপীড়িত' বানানটি শুদ্ধ। এটি একটি সন্ধি সাধিত শব্দ। সংস্কৃত ব্যঞ্জন সন্ধির নিয়মানুযায়ী দ্ ও ধ্ এর পরে প থাকলে দ্ ও ধ্ স্থলে অঘোষ অল্পপ্রাণ ধ্বনি হয়। যেমন : ক্ষুধ্ + পীড়িত = ক্ষুৎপীড়িত; তদ্ + কাল = তৎকাল।

৫. সারাংশে প্রত্যক্ষ উক্তির ক্ষেত্রে কী করতে হবে?
ক. গ্রহণ করতে হবে খ. পরিবর্তন করতে হবে
গ. অবিকল লিখতে হবে ঘ. বর্জন করতে হবে **উ. ঘ**
ব্যাখ্যা : সারাংশের মূল উদ্দেশ্য হলো অন্তর্নিহিত তাৎপর্য তুলে ধরা। তাই সারাংশ লেখার সময় অলংকার, উপমা, প্রত্যক্ষ উক্তি বর্জন করতে হয়।

৬. বাংলাভাষা ও সাহিত্যের প্রাচীন নিদর্শন কোনটি?
ক. বৈষ্ণবপদাবলী খ. শ্রীকৃষ্ণকীর্তন
গ. চর্যাপদ ঘ. রামায়ণ **উ. গ**
ব্যাখ্যা : বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীন নিদর্শন চর্যাপদ। এটি ১৯০৭ সালে নেপালের রাজদরবার থেকে আবিষ্কৃত হয় এবং ১৯১৬ সালে 'বঙ্গীয় সাহিত্য পরিষদ' থেকে প্রকাশিত হয়।

৭. ব্যাসবাক্যের অপর নাম কী?
ক. বিগ্রহ বাক্য খ. উত্তরপদ
গ. পূর্বপদ ঘ. সমস্ত পদ **উ. ক**
ব্যাখ্যা : ব্যাসবাক্যের অপর নাম বিগ্রহ বাক্য, সমাসবাক্য। সমাসনিষ্পন্ন পদটিকে বলা হয়- সমস্ত পদ।

৮. 'যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি, আলোতে তার দেখিবে না আর নিশীথে প্রদীপ বাতি'– এই অংশের সম্প্রসারণে কোন ভাষাটি সঠিক?
ক. দিনের বেলায় আলোর উৎস সূর্য
খ. দিনের বেলায় প্রদীপ জ্বালানো আবশ্যক
গ. দিনের বেলায় প্রদীপ জ্বালানো অপব্যয়ের নামান্তর
ঘ. অপব্যয়ের পরিণাম অত্যন্ত দুঃখজনক **উ. ঘ**
ব্যাখ্যা : এই অংশের ভাব সম্প্রসারণে অপব্যয়, অপচয় বা অপ্রয়োজনীয় খরচের পরিণাম তুলে ধরা হয়েছে। তাই এর সঠিক ভাষা হবে– অপব্যয়ের পরিণাম অত্যন্ত দুঃখজনক।

৯. বাক্যে সেমিকোলন (;) থাকলে কতক্ষণ থামতে হয়?
ক. ১ বলতে যে সময় লাগে খ. এক সেকেন্ড
গ. ১ বলার দ্বিগুণ সময় ঘ. থামার প্রয়োজন নেই **উ. গ**
ব্যাখ্যা : বাক্যে সেমিকোলন (;) থাকলে ১ বলার দ্বিগুণ সময় থামতে হয়। কমা চিহ্নের জন্য এক বলতে যতটুকু সময়ের প্রয়োজন হয়, ততটুকু সময় থামতে হয়।

১০. হৃদয়াবেগ প্রকাশ করতে হলে কোন চিহ্ন বসে?
ক. বিস্ময় খ. দাঁড়ি
গ. কমা ঘ. হাইফেন **উ. ক**
ব্যাখ্যা : 'হৃদয়াবেগ প্রকাশ করতে হলে বিস্ময় চিহ্ন আ আশ্চর্যবোধক চিহ্ন (!) বসে।

১১. 'মহাকীর্তি'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি?
ক. মহতী যে কীর্তি খ. মহা যে কীর্তি
গ. মহান যে কীর্তি ঘ. মহান কীর্তি যার **উ. ক**
ব্যাখ্যা : পূর্বপদে স্ত্রীবাচক বিশেষণ থাকলে কর্মধারয় সমাসে সেটি পুরুষবাচক হয়। যেমন : মহতী যে কীর্তি = মহাকীর্তি।

১২. সারাংশের মূল উদ্দেশ্য কী?
ক. অন্তর্নিহিত তাৎপর্য তুলে ধরা
খ. ভাবের অংশ প্রকাশ করা
গ. বাইরের ভাব বিশ্লেষণ করা
ঘ. অন্যভাবে ফুটিয়ে তোলা **উ. ক**
ব্যাখ্যা : সারাংশের মূল উদ্দেশ্য হলো অন্তর্নিহিত তাৎপর্য তুলে ধরা।

১৩. নিচের কোনটি তৎসম শব্দ?
ক. চাঁদ খ. ভবন
গ. বাল্তি ঘ. হরতাল **উ. খ**
ব্যাখ্যা : 'ভবন' শব্দটি তৎসম শব্দ। চাঁদ, বলতি, হরতাল যথাক্রমে অরব, পর্তুগিজ ও গুজরাটি ভাষার শব্দ।

৪. কোন ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট?
ক. চলতি ভাষা খ. কথ্যভাষা
গ. লেখ্যভাষা ঘ. সাধুভাষা উ. ঘ
ব্যাখ্যা : সাধু ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট। অন্যদিকে, চলতি ভাষারীতি পরিবর্তনশীল।

১৫. অনিষ্ট করতে গিয়ে ভাল করা কে কী বলে?
ক. ভিজে বেড়াল খ. শাপে বর
গ. কপাল ফেরা ঘ. অদৃষ্টের পরিহাস উ. খ
ব্যাখ্যা : কারো অনিষ্ট বা ক্ষতি করতে গিয়ে ভাল করা বোঝাতে 'শাপে বর' বাগধারাটি ব্যবহৃত হয়। অন্যদিকে, ভিজে বেড়াল = কপট, কপাল ফেরা = সৌভাগ্য লাভ, অদৃষ্টের পরিহাস = ভাগ্যের বিড়ম্বনা।

১৬. নিচের কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ?
ক. নির্জন খ. পঞ্চবটী
গ. দেশান্তর ঘ. অনুতাপ উ. ক
ব্যাখ্যা : এখানে অব্যয়ীভাব সমাসের উদাহরণ হচ্ছে- নির্জন = জনের অভাব। অন্যদিকে, পঞ্চবটী = পঞ্চ বটের সমাহার (দ্বিগু সমাস), দেশান্তর = অন্য দেশ (নিত্য সমাস), অনুতে (পশ্চাতে) যে তাপ (প্রাদি সমাস)। [নোট : বাজারের প্রচলিত অনেক বইয়ে প্রশ্নটির ভুল উত্তর দেয়া আছে।]

১৭. কোন জোড়াটি ভিন্নার্থক?
ক. বকধার্মিক- বিড়াল তপস্বী
খ. মণিকাঞ্চন যোগ- সোনায় সোহাগা
গ. ব্যাঙের আধুলি- ব্যাঙের সর্দি
ঘ. অন্ধের যষ্টি- অক্কা পাওয়া উ. গ,ঘ
ব্যাখ্যা : *অপশন (গ) ও (ঘ) দুটিই ভিন্নার্থক। (গ) ব্যাঙের আধুলি (সামান্য সম্পদ)- ব্যাঙের সর্দি (অসম্ভব ব্যাপার): (ঘ) অন্ধের যষ্টি (একমাত্র সম্বল)- অক্কা পাওয়া (মারা যাওয়া) বাগধারা জোড়াটি ভিন্নার্থক। বাকি দুটি অপশনের জোড়াগুলো সমার্থক।

১৮. 'দুর্নীতি জাতির সকল উন্নতির অন্তরায়'- মূলত কোন বিষয়ে আলোচিত হয়?
ক. সারমর্ম খ. প্রবন্ধ
গ. ভাব-সম্প্রসারণ ঘ. আবেদনপত্রে উ. গ
ব্যাখ্যা : 'দুর্নীতি জাতির সকল উন্নতির 'অন্তরায়'- মূলত ভাব-সম্প্রসারণে আলোচিত হয়।

১৯. 'পকেটমার' কোন সমাসের উদাহরণ?
ক. পঞ্চমী তৎপুরুষ খ. উপপদ তৎপুরুষ
গ. প্রাদি সমাস ঘ. বহুব্রীহি সমাস উ. খ
ব্যাখ্যা : পকেট মারে যে = পকেটমার। এটি উপপদ তৎপুরুষ সমাসের উদাহরণ।

২০. নিচের কোনটি সাধুরীতির উদাহরণ?
ক. তখন গভীর ছায়া নেমে আসে সর্বত্র
খ. তখন গভীর ছায়া নামিয়া আসিল সবখানে
গ. তখন গভীর ছায়া নামিয়া আসে সর্বত্র
ঘ. তখন গভীর ছায়ায় সর্বত্র ঢেকে গিয়াছে উ. খ
ব্যাখ্যা : 'সাধু ভাষায়' সর্বনাম ও ক্রিয়াপদ পূর্ণাঙ্গরূপে ব্যবহৃত হয়। তাই সঠিক উত্তর হবে (খ)।

২১. কোনটি শুদ্ধ বাক্য?
ক. বৃক্ষটি সমূলে উৎপাটিত হয়েছে
খ. তোমার সঙ্গে গোপন পরামর্শ আছে
গ. মেয়েটি দারুণ সবুদ্ধিমতী
ঘ. আজকাল বিদ্বান মহিলার অভাব নেই উ. ক
ব্যাখ্যা : 'বৃক্ষটি সমূলে উৎপাটিত হয়েছে' বাক্যটি শুদ্ধ। অন্য অপশনগুলোর শুদ্ধ রূপ : (খ) তোমার সঙ্গে গোপনীয় পরামর্শ আছে। (গ) মেয়েটি দারুণ বুদ্ধিমতী। (ঘ) আজকাল বিদুষী মহিলার অভাব নেই।

২২. পূর্বপদ বিশেষণ ও পরপদ বিশেষ্য হলে কোন বহুব্রীহি সমাস হয়?
ক. সমানাধিকরণ খ. প্রত্যয়ান্ত
গ. ব্যাধিকরণ ঘ. ব্যতিহার উ. ক
ব্যাখ্যা : পূর্বপদ বিশেষণ ও পরপদ বিশেষ্য হলে সমানাধিকরণ বহুব্রীহি সমাস হয়। যেমন : খোজ যে মেজাজ = খোজমেজাজ।

২৩. সুযোগ-সুবিধা প্রার্থনা করে কর্তৃপক্ষের নিকট লিখিত পত্রের নাম-
ক. আবেদনপত্র খ. চুক্তিপত্র
গ. মানপত্র ঘ. স্মারকলিপি উ. ক
ব্যাখ্যা : যে পত্রের মাধ্যমে কোন কর্তৃপক্ষের কাছে সুযোগ-সুবিধা প্রার্থনা করা হয় তাকে আবেদনপত্র বলে। প্রতিবাদ জানানো হয়- স্মারকলিপির মাধ্যমে। দুই বা ততোধিক পক্ষের মধ্যে যে লিখিত অঙ্গীকার হয়, তা-ই চুক্তিনামা। আনুষ্ঠানিকভাবে কোনো ব্যক্তি বা ব্যক্তি সমষ্টিকে বরণ/ বিদায়/ সংবর্ধনা/ অভিনন্দন জানাতে যে পত্র রচনা করা হয়, তাকে মানপত্র বলে।

২৪. কোনটি দেশি শব্দ?
ক. গিন্নি খ. কৃপণ
গ. টোপর ঘ. মাথা উ. গ
ব্যাখ্যা : বাংলাদেশের আদিম অধীবাসীদের ভাষাকে দেশি ভাষা বলে। যেমন : টোপর, কুলা, গণ্ড, চোঙ্গা, ভাব, ডাগর, ঢেঁকি ইত্যাদি। অন্যদিকে, কৃপণ একটি তৎসম শব্দ, গিন্নি শব্দটি অর্ধ-তৎসম, মাথা শব্দটি তদ্ভব।

২৫. বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন করেন-
ক. প্রমথ চৌধুরী খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ. মাইকেল মধুসূদন দত্ত ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর উ. খ
ব্যাখ্যা : বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন করেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ১৮৪৭ সালে। প্রমথ চৌধুরী বাংলা চলিত ভাষারীতির জনক; মাইকেল মধুসূদন দত্ত বাংলা সনেটের জনক; রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা ছোট গল্পের জনক।

২৬. A pargraph must be written in – para/pars.
ক. one খ. two
গ. three ঘ. four উ. ক
ব্যাখ্যা : একটি paragraph -কে অবশ্যই একটি প্যারায় লিখতে হয়। কাজেই সঠিক উত্তর (ক)।

২৭. **Which is the verb form of the word 'ability'?**
ক. ableness খ. enable
গ. ably ঘ. able উ. খ

ব্যাখ্যা : Ability শব্দটি noun; এর অর্থ হল- সক্ষমতা, সামর্থ্য। Ability -এর verb হল enable; enable অর্থ হল- সক্ষম করা। অন্যদিকে, ably (adverb), এবং able (adjective)। সুতরাং সঠিক উত্তর (খ) enable।

২৮. **Which is the noun form of the word 'beautiful'?**
ক. beauty খ. beautifulness
গ. beautiness ঘ. beautyness উ. ক

ব্যাখ্যা : কোনো word -এর শেষে যদি tion, ism, ment, ance, ence, ty ইত্যাদি থাকে তবে ঐ শব্দগুলো noun। 'beautiful' (adjective) এর noun form 'beauty'। সুতরাং সঠিক উত্তর (ক)।

২৯. **He ran a race. Here 'ran' is a – verb.**
ক. Causative খ. Copulative
গ. Cognate ঘ. Factitive উ. গ

ব্যাখ্যা : কোনো Intransitive verb যদি সেই verb -এর সমজাতীয় কোনো word - কে তার object হিসেবে গ্রহণ করে তবে তাকে cognate verb বলে। যেমন– Sumona sings a song। সুতরাং সঠিক উত্তর (গ)।

৩০. **Which is the past form of the verb 'wring'?**
ক. Wrang খ. Wrung
গ. Wranged ঘ. Wringed উ. খ

ব্যাখ্যা : Wring শব্দটির অর্থ পাকানো বা মোচড়ানো। Wring -এর past form এবং past participle form হল : wrung। কাজেই সঠিক উত্তর (খ) wrung.

৩১. **Cricket is a very exciting game. (Exclamatory)**
ক. How exciting is cricket game!
খ. How an exciting game is cricket!
গ. What an exciting game cricket is!
ঘ. What an exciting is cricket game! উ. গ

ব্যাখ্যা : Assertive কে Exclamatory বাক্যে পরিবর্তন করতে : Very এর বদলে What a/ What an অথবা How + adj + sub + verb + exclamatory চিহ্ন। সুতরাং সঠিক উত্তর (গ)।

৩২. **It is man who is the maker of his own fortune. (Simple)**
ক. Man is the maker of his own fortune.
খ. Man makes his own fortune.
গ. Men are the makers of his own fortune.
ঘ. Men make his own fortune. উ. ক

ব্যাখ্যা : Relative pronoun 'Who' যুক্ত complex sentence কে simple sentence এ পরিবর্তন করতে : Relative pronoun (who) এর antecedent তথা who এর পূর্ববর্তী অংশ + who এর পরবর্তী অংশ। অতএব, সঠিক উত্তর (ক)।

৩৩. **We are proud of our freedom fighters. (Interrogative)**
ক. Are we proud of our freedom fighters?
খ. Are we not proud of our freedom fighters?
গ. Are not we proud of our freedom fighters?
ঘ. Don't we proud of our freedom fighters? উ. খ

ব্যাখ্যা : Assertive/Affirmative sentence- কে Negative- Interrogative করার ক্ষেত্রে subject pronoun হলে (be verb + sub + not + বাকি অংশ + প্রশ্নবোধক চিহ্ন বসে)। অন্যদিকে, subject noun হলে (be verb + not + sub + বাকি অংশ + প্রশ্নবোধক হয়) যেহেতু subject + (pronoun). তাই সঠিক উত্তর (খ)।

৩৪. **Mango is one of the sweetest fruits in the world. (Comparative)**
ক. Mango is more sweet than any other fruits in the world.
খ. Mango is sweeter than all other fruits in the world.
গ. Mango is sweeter than most other fruits in the world.
ঘ. Mango is sweeter than any other fruits in the world. উ. গ

ব্যাখ্যা : Superlative Degree- তে one of the থাকলে comparative degree- তে than most other বসে। সুতরাং সঠিক উত্তর (গ)।

৩৫. **If he does not move, he will die. (Compound)**
ক. Move and die
খ. Move or die
গ. He cannot move and die
ঘ. Let him move or he will die উ. ঘ

ব্যাখ্যা : If দ্বারা শুরু হওয়া Complex sentence-এর subject যদি 1st অথবা 3rd person হয়, তাহলে compound sentence-এ পরিবর্তন করার নিয়ম হবে : Let + subject এর objective form + verb এর base form + or + বাকি অংশ। সুতরাং সঠিক উত্তর (খ)।

৩৬. **Though he is poor, he is happy. (Simple)**
ক. Despite his poverty, he is happy.
খ. Inspite of his poorness, he is happy
গ. He is poor but happy.
ঘ. Inspite of his being poor, he is unhappy. উ. ক

ব্যাখ্যা : Though/Although যুক্ত complex বাক্যকে simple বাক্যে রূপান্তর করতে : Though/Although এর বদলে Inspite of/ Dispite + subject এর Passessive form + be verb পরবর্তী adjective-এর noun form + কমা চিহ্ন দিয়ে বাকি অংশ। সুতরাং সঠিক উত্তর (ক)।

৩৭. **Priyom is only six. (Negative)**
ক. Priyom is not six.
খ. Priyom is not more than six.
গ. Priyom is no more six.
ঘ. Priyom is no less six. উ. খ

ব্যাখ্যা : Only যুক্ত Assertive বাক্যে সংখ্যাকে নির্দেশ করলে Negative বাক্যে রূপান্তর করার সময় not more than/not less than বসে। কাজেই সঠিক উত্তর (খ)।

৩৮. **He tried all plans. (Negative)**
ক. He tried no plan untried.
খ. He tried no plan.
গ. He untried all pans.
ঘ. He did not try all plans. উ. ক

ব্যাখ্যা : অপশন (খ) ও (ঘ)-ত বাক্যের মূল অর্থের পরিবর্তন হয়ে গেছে। অপশন (গ)-তে ইংরেজি ব্যাকরণজনিত ভুল রয়েছে। সুতরাং সঠিক উত্তর (ক)।

Choose the best answer (English to Bangla) (৩৯ – ৪৪) :

৩৯. **The baby is always full of smiling.**
ক. শিশুটির মুখে হাসি লেগেই আছে।
খ. শিশুটি সবসময় হাসছে।
গ. শিশুটি সবসময় হাসে।
ঘ. শিশুটির মুখ হাসিতে ভরা। উ. ক

ব্যাখ্যা : 'হাসি লেগে আছে'- এম বোঝাতে full of smiling কথাটি ব্যবহৃত হয়। অতএব, The baby is always full of smiling -বাক্যটির অনুবাদ হবে– শিশুটির মুখে হাসি লেগেই আছে। সুতরাং সঠিক উত্তর (ক)।

৪০. **The tree is in flowers.**
ক. গাছটি ফুলে ফুলে ভরা। খ. গাছটিতে ফুল ধরেছে।
গ. গাছটি ফুলে ফুলে ছেয়ে গেছে।
ঘ. গাছে ফুলের সমারোহ। উ. খ

ব্যাখ্যা : 'In flower' কথাটির অর্থ -'ফুল ধরেছে' এমন। সুতরাং সঠিক উত্তর (খ)।

৪১. **Patience is a bitter but its fruit is sweet.**
ক. ধৈর্য তেতো হলেও তা মিষ্টি।
খ. মিষ্টি ফল টক হয় না
গ. ধৈর্য ধর, মিষ্টি ফল পাবে।
ঘ. সবুরে মেওয়া ফলে। উ. ঘ

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি একটি ইংরেজি প্রবাদ। যার অর্থ হল- 'সবুরে মেওয়া ফলে।' সুতরাং সঠিক উত্তর (ঘ)।

৪২. **I cannot stand rich dishes.**
ক. আমি গরম থালার পাশে দাঁড়াতে পারি না।
খ. গুরুপাক খাবার আমার সহ্য হয় না।
গ. দামি থালার পাশে আমি দাঁড়াতে পারি না।
ঘ. গুরপাক খাবারে আমার আগ্রহ নেই। উ. খ

ব্যাখ্যা : Stand দাঁড়ানো, সহ্য করা। যদিও আমরা জানি, stand সচরাচর দাঁড়ানো অর্থে ব্যবহার হয়। তবে এ বাক্য সহ্য করা অর্থে ব্যবহার হয়েছে। rich dishes অর্থ উন্নতমানের বা গুরুপাক খাবার। সুতরাং সঠিক উত্তর (খ)।

৪৩. **I wonder where he may be now.**
ক. সে এখন কোথায় আছে তাই ভাবছি।
খ. আমি অবাক সে কোথায় আছে।
গ. আমি জানি সে কোথায় আছে।
ঘ. আমি জানি সে এখন কোথায় আছে। উ. ক

ব্যাখ্যা : Wonder শব্দটির অর্থ মনে মনে ভাবা বা কল্পনা করা। সুতরাং সঠিক উত্তর (ক)।

৪৪. **He asked me to do it.**
ক. তিনি আমাকে এটা জিজ্ঞেস করলেন।
খ. তিনি আমাকে এটা জিজ্ঞেস করেছিলেন।
গ. তিনি আমাকে এটা করতে বলেছিলেন।
ঘ. তিনি আমাকে এটা জিজ্ঞেস করতে বলেছিলেন। উ. গ

ব্যাখ্যা : 'কাউকে কোনো কিছু করতে বলা' অর্থে Ask somebody to do something হয়। সুতরাং সঠিক উত্তর (গ)।

৪৫. **আমি তাকে দিয়ে চিঠিটি লিখালাম।**
ক. I wrote the letter by him.
খ. I had written the letter by him
গ. I had the letter written by him.
ঘ. I got the letter being written by him. উ. গ

ব্যাখ্যা : 'কাউকে দিয়ে কিছু করিয়ে নেয়া' 'কাউকে দিয়ে কাজ করানো বোঝাতে causative verb হয়। ইংরেজি ব্যাকরণের নিয়ম অনুযায়ী, অপশন (গ) হবে।

৪৬. **আমি একটি পাখি দেখছি।**
ক. I am seeing a bird. খ. I see a bird.
গ. I seeing a bird
ঘ. I have been seeing a bird. উ. খ

ব্যাখ্যা : ইংরেজি ব্যাকরণের নিয়ম অনুযায়ী, 'see' verb টি continuous tense হিসেবে ব্যবহৃত হয় না। অতএব 'আমি একটি পাখি দেখছি' এর অনুবাদ হবে– I see bird। সুতরাং সঠিক উত্তর (খ)।

৪৭. **দৃশ্যটি অতি মনোরম।**
ক. How nce the scenery is!
খ. What a charming scenery it is!
গ. The scenery is very charming.
ঘ. This is a great scenery. উ.

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি অর্থের দিক থেকে অনেকটাই Exclamatory Sentence হলেও প্রকৃতপক্ষে এটি একটি Assertive sentence. কারণ, বাক্যটিতে Exclamatory চিহ্ন (!) নেই। তাই অপশন (ক) ও (খ) ভুল এবং অপশন (ঘ) অর্থের দিক দিয়ে সামঞ্জস্যপূর্ণ নয়। সুতরাং সঠিক উত্তর (গ)।

৪৮. এক টাকার ভাংতি দাও।

ক. Give me one taka change.

খ. Give me a change for taka.

গ. Give me a taka change.

ঘ. Give me change for a taka. উ. ক

ব্যাখ্যা : 'One taka' = এক টাকা। এই ক্ষেত্রে 'a taka' কথাটি হয় না। সুতরাং সঠিক উত্তর (ক)।

৪৯. ডাক্তার রোগীটির নাড়ী দেখলেন।

ক. The doctor saw the pulse of the patient.

খ. The doctor felt the pulse of the patient.

গ. The doctor feels the pulse of the patient.

ঘ. The doctor has seen the pules of the patient. উ. খ

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি অতীতকালে রয়েছে। 'নাড়ী দেখা' কথাটি দ্বারা মূলত নাড়ীর স্পন্দন অনুভব করে করে। তাই এইক্ষেত্রে 'feel the pluse' কথাটি ব্যবহৃত হয়, 'see' ব্যবহৃত হয় না। কাজেই সঠিক উত্তর (খ)।

৫০. এই ঘরটি ভাড়া দেয়া হবে।

ক. This house is to let.

খ. The house is for sale.

গ. This house will be sold.

ঘ. Rent this house. উ. ক

ব্যাখ্যা : 'ভাড়ায় দেওয়া হবে' এমন কিছু বোঝাতে To let কথাটি হয়। সুতরাং সঠিক উত্তর (ক)।

৫১. বৃত্তকলার ক্ষেত্রফল কোনটি সঠিক?

ক. $\frac{\theta}{360}\pi r^2$ বর্গ একক খ. $\frac{\theta}{90}\pi r^2$ বর্গ একক

গ. $\frac{\theta}{210}\pi r^2$ বর্গ একক ঘ. $\frac{\theta}{180}\pi r^2$ বর্গ একক উ. ক

ব্যাখ্যা : ধরি, বৃত্তের কেন্দ্র O, ব্যাসার্ধ r একক। AOB বৃত্তকলাটি AXB চাপের উপর দণ্ডায়মান; যার ডিগ্রি পরিমাপ θ। OA -এর উপর OC লম্ব অঙ্কন করলে।

$$\frac{\text{বৃত্তকলা AOB-এর ক্ষেত্রফল}}{\text{বৃত্তকলা AOC-এর ক্ষেত্রফল}} = \frac{\angle AOB\text{-এর ডিগ্রি পরিমাপ}}{\angle AOC\text{-এর ডিগ্রি পরিমাপ}}$$

বা, বৃত্তকলা AOB-এর ক্ষেত্রফল



$= \frac{\theta}{90} \times$ বৃত্তকলা AOC-এর ক্ষেত্রফল $[\because \angle AOC = 90°]$

$= \frac{\theta}{90} \times \frac{1}{4} \times$ বৃত্তক্ষেত্রের ক্ষেত্রফল

$= \frac{\theta}{90} \times \frac{1}{4} \times \pi r^2$ বর্গ একক

$= \frac{\theta}{360}\pi r^2$ বর্গ একক (উত্তর)

৫২. একটি কোণকের ভূমির ব্যাসার্ধ 5 সে. মি. এবং উচ্চতা 12 সে. মি. হলে, এর হেলানো উচ্চতা কত?

ক. 6 সেমি খ. 8 সেমি

গ. 10 সেমি ঘ. 13 সেমি উ. ঘ

ব্যাখ্যা : মনে করি, ABCD একটি কোণক



এর ভূমির ব্যাসার্ধ, r = BC = 5 সেমি

এবং উচ্চতা, h = AB = 12 সেমি

কোণকের হেলানো উচ্চতা x = AC = ?

ΔABC থেকে পাই,

পিথাগোরাসের সূত্র অনুযায়ী, $AC^2 = AB^2 + BC^2$

বা, $x^2 = h^2 + r^2$

বা, $x = \sqrt{12^2 + 5^2}$

$\therefore x = 13$

অতএব, কোণকের হেলানো উচ্চতা 13 সেমি (উত্তর)

৫৩. একটি ঘনকের ছয়টি পৃষ্ঠতলের ক্ষেত্রফল 216 বর্গ সেমি হলে, ঘনকটির আয়তন কত?

ক. 64 ঘন সেমি খ. 126 ঘন সেমি

গ. 216 ঘন সেমি ঘ. 316 ঘন সেমি উ. গ

ব্যাখ্যা : ঘনক এর সমগ্র তলের ক্ষেত্রফলের সূত্র = $2(a^2 + a^2 + a^2)$
$= 6a^2$ বর্গ একক

শর্তমতে, $6a^2 = 216$ সেমি
$\Rightarrow a^2 = 36$ সেমি
$\therefore a = 6$ সেমি
অতএব, ঘনকটির আয়তন = a^3
$= 6^3$
= 216 ঘন সেমি (উত্তর)

৫৪. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল 512 বর্গমিটার হলে, পরিসীমা কত?

ক. 96 মিটার খ. 112 মিটার
গ. 15 মিটার ঘ. 20 মিটার **উ. ক**

ব্যাখ্যা : মনে করি, আয়তাকার ঘরের বিস্তার = x মিটার
$\therefore$ আয়তাকার ঘরের দৈর্ঘ্য = 2x মিটার
শর্তমতে, $2x^2 = 512$
$\therefore x = 16$
$\therefore$ আয়তাকার ঘরের বিস্তার = 16 মিটার
$\therefore$ আয়তাকার ঘরের দৈর্ঘ্য = 2x মিটার
$= (2 \times 16) = 32$ মিটার

আমরা জানি,
আয়তক্ষেত্রের পরিসীমা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ) = 2(32 + 16)
= 96 মিটার (উত্তর)

৫৫. একট সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর পরিমাণ a হলে, এর ক্ষেত্রফল কত?

ক. a^2 খ. $\frac{\sqrt{3}a^2}{4}$
গ. πa^2 ঘ. $\frac{4a^2}{3}$ **উ. খ**

ব্যাখ্যা : সমবাহু ত্রিভুজ ক্ষেত্রফলের সূত্র : $\frac{\sqrt{3}a^2}{4}$ বর্গ একক।

৫৬. $\text{cosec}\theta + \cot\theta = 2$ হলে, $\text{cosec}\theta - \cot\theta =$ কত?

ক. –1 খ. $\frac{1}{2}$
গ. 0 ঘ. 1 **উ. খ**

ব্যাখ্যা : দেয়া আছে,
$\text{cosec}\theta + \cot\theta = 2$
$\Rightarrow (\text{cosec}\theta + \cot\theta)(\text{cosec}\theta - \cot\theta) = 2(\text{cosec}\theta - \cot\theta)$
$\Rightarrow \text{cosec}^2\theta - \cot^2\theta = 2(\text{cosec}\theta - \cot\theta)$
$\Rightarrow 2(\text{cosec}\theta - \cot\theta) = 1$
$\Rightarrow \text{cosec}\theta - \cot\theta = \frac{1}{2}$

৫৭. কোন ত্রিকোণমিতিক অনুপাতটির মান অসংজ্ঞায়িত?

ক. $\sin 90°$ খ. $\cos 90°$
গ. $\sec 0°$ ঘ. $\text{cosec}\, 0°$ **উ. ঘ**

ব্যাখ্যা : ত্রিকোণমিতির সূত্র অনুযায়ী,
$\sin 90° = 1$, $\cos 90° = 0$,
$\sec 0° = 1$ এবং $\text{cosec}\, 0° = \alpha$
অতএব, উত্তর হবে (ঘ)।

৫৮. $A = 30°$ হলে, $\frac{2\tan A}{\tan^2 A}$ এর মান কত?

ক. 2 খ. $\frac{2}{\sqrt{3}}$
গ. 4 ঘ. $2\sqrt{3}$ **উ. ঘ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $A = 30°$
$= \frac{2\tan A}{\tan^2 A} = \frac{2\tan 30°}{(\tan 30°)^2}$
$= \frac{2.\frac{1}{\sqrt{3}}}{\left(\frac{1}{\sqrt{3}}\right)^2}$
$= \frac{2}{\sqrt{3}} \times \frac{3}{1}$
$= \frac{2}{\sqrt{3}} \times 3$
$= \frac{2 \times \sqrt{3} \times \sqrt{3}}{\sqrt{3}}$
$= 2\sqrt{3}$

৫৯. যদি $\cot\theta = \frac{5}{12}$ হয়, তবে $\text{cosec}\theta$ এর মান কত?

ক. $\frac{12}{5}$ খ. $\frac{13}{12}$
গ. $\frac{25}{144}$ ঘ. $-\frac{13}{12}$ **উ. খ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $\cot\theta = \frac{5}{12}$
ত্রিকোণমিতির সূত্রানুসারে, $\text{cosec}^2\theta - \cot^2\theta = 1$
বা, $\text{cosec}^2\theta = 1 + \cot^2\theta$
$= 1 + \frac{25}{144}$ [$\cot\theta$ এর মান বসিয়ে]
$= \frac{169}{144}$
$\therefore \text{cosec}\theta = \frac{13}{12}$

৬০. θ সূক্ষ্মকোণ হলে নিচের কোন সম্পর্কটি সঠিক?

ক. $\sin^2\theta + \cos^2\theta = 1$ খ. $\sin\theta + \cos\theta < 1$
গ. $\tan^2\theta - \sec^2\theta = 1$ ঘ. $\sin^2\theta + \cos^2\theta > 1$ **উ. ক**

ব্যাখ্যা : ত্রিকোণমিতির সূত্রানুসারে,
θ সূক্ষ্মকোণ হলে, $\sin^2\theta + \cos^2\theta = 1$

৬১. নিচের কোন তিনটি রেখাংশের দৈর্ঘ্য দ্বারা একটি সমকোণী ত্রিভুজ আঁকা সম্ভব?

ক. 3, 5, 8 খ. 3, 4, 5
গ. 3, 5, 6 ঘ. 3, 6, 9 **উ. খ**

ব্যাখ্যা : একটি সমকোণী ত্রিভুজের অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল অপর দুই বাহুর উপর অঙ্কিত বর্গক্ষেত্রদ্বয়ের ক্ষেত্রফলের সমষ্টির সমান। [পিথাগোরাসের উপপাদ্য]

(খ)-এর ক্ষেত্রে, $3^2 + 4^2 = 5^2$

বা, $9 + 16 = 25$

সুতরাং, 3, 4, 5 এই তিনটি রেখাংশের দৈর্ঘ্য দ্বারা একটি সমকোণী ত্রিভুজ আঁকা সম্ভব। এছাড়াও, 6, 8, 10; 12, 13, 5 এবং 15, 17, 8 এই তিনটি রেখাংশের দৈর্ঘ্য দ্বারা একটি সমকোণী ত্রিভুজ আঁকা সম্ভব।

৬২. **একটি সুষম ষড়ভুজের প্রত্যেকটি কোণের পরিমাণ কত?**

ক. 60° খ. 120°
গ. 180° ঘ. 270° **উ. খ**

ব্যাখ্যা : সুষম বহুভুজের বাহুর সংখ্যা n হলে,

$$\frac{(n-2)\times 180^\circ}{n}$$

$$= \frac{(6-2)\times 180}{6}$$

$= 120^\circ$ (উত্তর)

৬৩. **বৃত্তস্থ সামান্তরিক একটি–**

ক. রম্বস খ. আয়তক্ষেত্র
গ. ট্রাপিজিয়াম ঘ. বর্গক্ষেত্র **উ. খ**

ব্যাখ্যা : বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজ সংক্রান্ত উপপাদ্যের অনুসিদ্ধান্ত অনুযায়ী: বৃত্তে অন্তর্লিখিত তথা বৃত্তস্থ সামান্তরিক একটি আয়তক্ষেত্র।

৬৪. **ΔABC এ AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D, E। যদি BC = 12 সেমি হয়, তবে DE = কত?**

ক. 3 সেমি খ. 6 সেমি
গ. 14 সেমি ঘ. 24 সেমি **উ. খ**

ব্যাখ্যা : দেয়া আছে, ΔABC-এর ভূমি 12 সেমি।

আমরা জানি, ত্রিভুজ সংক্রান্ত উপপাদ্যের অনুসিদ্ধান্ত অনুযায়ী : ত্রিভুজের যেকোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ তৃতীয় বাহুর সমান্তরাল এবং দৈর্ঘ্যে তার অর্ধেক হয়। অতএব, উত্তর হবে 6 সেমি।

৬৫. **ABCD সামান্তরিকের $\angle B = 75^\circ$ হলে, $\angle A$ এর মান কত?**

ক. 75° খ. 85°
গ. 105° ঘ. 115° **উ. গ**

ব্যাখ্যা : আমরা জানি, যে চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু কোনো কোণই সমকোণ নয়, তাকে সামান্তরিক বলে। অতএব, সামান্তরিকের বিপরীত বাহুদ্বয় এবং বিপরীত কোণদ্বয় সমান।

আমরা জানি, যেকোনো চতুর্ভুজের চারটি কোণের সমষ্টি = 360°

$\therefore \angle B + \angle D = 75^\circ + 75^\circ = 150^\circ$

এবং $\angle A + \angle C = 360^\circ - 150^\circ$

বা, $2\angle A = 210^\circ$ [যেহেতু বিপরীত কোণদ্বয় পরস্পর সমান]

$\therefore \angle A = 105^\circ$।

৬৬. **P টাকার P% হার সরল মুনাফায় 4 বছরের মুনাফা P টাকা হলে, P এর মান কত?**

ক. 15 খ. 20
গ. 25 ঘ. 50 **উ. গ**

ব্যাখ্যা : দেওয়া আছে,

মূলধন, P = P টাকা

মুনাফার হার, $r = P\% = \frac{P}{100}$

সময়, n = 4 বছর

মুনাফা, I = P টাকা

আমরা জানি,

$I = pnr$

$\Rightarrow P = P \times 4 \times \frac{P}{100}$

$\therefore P = 25$ (উত্তর)

৬৭. **$4(a+b)$, $10(a-b)$ এবং $12(a^2-b^2)$ এর গ. সা. গু. কত?**

ক. $a-b$ খ. $a+b$
গ. $12(a^2-b^2)$ ঘ. 2 **উ. ঘ**

ব্যাখ্যা : $4(a+b)$, $10(a-b)$, $12(a^2-b^2)$-এর গ. সা. গু. হল

১ম রাশি, $4(a+b) = 2 \times 2(a+b)$

২য় রাশি, $10(a-b) = 2 \times 5(a-b)$

৩য় রাশি, $12(a^2-b^2) = 2 \times 2 \times 3(a+b)(a-b)$

$\therefore$ নির্ণেয় গ. সা. গু. = 2 (উত্তর)

৬৮. **$\log_{\sqrt{5}} 400$ এর মান কত?**

ক. 4 খ. 5
গ. 25 ঘ. 50 **উ. ক**

ব্যাখ্যা : ধরি, $\log_{\sqrt{5}} 400 = x$

$\Rightarrow (2\sqrt{5})^x = 400$

$\Rightarrow (2\sqrt{5})^x = \{4(\sqrt{5})^2\}^2$

$\Rightarrow (2\sqrt{5})^x = \{(2\sqrt{5})^2\}^2$

$\Rightarrow (2\sqrt{5})^x = (2\sqrt{5})^4$

$\therefore x = 4$ (উত্তর)

৬৯. $2y^4 - 14y^2 + 2$ এর উৎপাদকে বিশ্লেষণ কোনটি?

ক. $(2y^2 + 6y + 2)(y^2 - 3y + 1)$

খ. $(2y^2 - 7y + 1)(2y^2 + 7y + 1)$

গ. $2(y^2 + 3y + 1)(y^2 - 3y + 1)$

ঘ. $2(y^2 + 3y + 1)(y^2 - 3y + 1)$ উ. গ

ব্যাখ্যা : $2y^4 - 14y^2 + 2$

$= 2(y^4 - 7y^2 + 1)$

$= 2(y^4 - 3y^3 + 3y^3 + y^2 - 9y^2 + y^2 + 3y - 3y + 1)$

$= 2(y^4 - 3y^3 + y^2 + 3y^3 - 9y^2 + 3y + y^2 - 3y + 1)$

$= 2\{y^2(y^2 - 3y + 1) + 3y(y^2 - 3y + 1) + 1(y^2 - 3y + 1)\}$

$= 2(y^2 + 3y + 1)(y^2 - 3y + 1)$

৭০. $a + b = 3$ এবং $ab = 3$ হলে, $a^3 + b^3$ এর মান কত?

ক. 0 খ. 54

গ. 9 ঘ. 45 উ. ক

ব্যাখ্যা : দেওয়া আছে, $a + b = 3$, $ab = 3$

এখন, $a^3 + b^3 = (a + b)^3 - 3ab(a + b)$

$= 3^3 - 3.3.3$ [মান বসিয়ে]

$= 0$

৭১. সুদ নির্ণয়ের সূত্র কোনটি?

ক. $\frac{\text{আসল} \times \text{সময়}}{১০০}$

খ. $\frac{১০০ \times \text{সুদ}}{\text{সময়} \times \text{আসল}}$

গ. $\frac{১০০ \times \text{সুদাসল}}{\text{সময়} \times \text{হার}}$

ঘ. $\frac{\text{সুদের হার} \times \text{আসল} \times \text{সময়}}{১০০}$ উ. ঘ

ব্যাখ্যা : সুদের হার নির্ণয়ের সূত্র : $\frac{১০০ \times \text{সুদ}}{\text{সময়} \times \text{আসল}}$

অন্যদিকে,

আসল নির্ণয়ের দুটি সূত্র হল :

(১) $\frac{১০০ \times \text{সুদ}}{\text{সময়} \times \text{হার}}$; (২) $\frac{১০০ \times \text{সুদাসল}}{(\text{সময় } \times \text{ হার}) + ১০০}$

৭২. শতকরা ৬ টাকা হার সুদে কত বছরে ৫০০ টাকা সুদে-মূলে ৮০০ টাকা হয়?

ক. ১০ বছর খ. ৫০ বছর

গ. $৩\frac{৩}{৪}$ বছর ঘ. $\frac{৩}{৪}$ বছর উ. ক

ব্যাখ্যা : সুদে-মূলে ৮০০ টাকা হলে,

সুদ = ৮০০ − ৫০০

= ৩০০ টাকা।

সময় নির্ণয়ের সূত্র অনুযায়ী,

$\text{সময়} = \frac{১০০ \times \text{সুদ}}{\text{হার} \times \text{আসল}}$

$\text{সময়} = \frac{১০০ \times ৩০০}{৬ \times ৫০০}$ [মান বসিয়ে]

= ১০ বছর (উত্তর)

৭৩. ৪, $৪\frac{১}{২}$, ২ এর চতুর্থ সমানুপাতী নির্ণয় করুন।

ক. $২\frac{১}{২}$ খ. $৬\frac{১}{৪}$

গ. $২\frac{১}{৪}$ ঘ. $৬\frac{১}{২}$ উ. গ

ব্যাখ্যা : মনে করি, চতুর্থ সমানুপাতী= ক

আমরা জানি,

১ম ঃ ২য় = ৩য় ঃ ৪র্থ

বা, $৪ ঃ ৪\frac{১}{২} = ২ ঃ ক$

বা, $\frac{২}{ক} = \frac{৮}{৯}$

$\therefore ক = ২\frac{১}{৪}$

৭৪. ৪৫০ এর ২২% = কত?

ক. ৬৬ খ. ৭৭

গ. ৮৮ ঘ. ৯৯ উ. ঘ

ব্যাখ্যা : $৪৫০ \times \frac{২২}{১০০}$

$= ৯ \times ১১$

= ৯৯ (উত্তর)

৭৫. নিচের কোনটি অমূলদ সংখ্যা?

ক. $\sqrt{\frac{16}{9}}$ খ. $\sqrt{\frac{4}{2}}$

গ. $\sqrt{49}$ ঘ. $\sqrt{\frac{64}{26}}$ উ. *

ব্যাখ্যা : যে সংখ্যাকে বর্গমূল করলে পূর্ণ সংখ্যা পাওয়া যায় না, বা দুইটি পূর্ণসংখ্যার অনুপাত রূপে প্রকাশ করা যায় না, অথবা দশমিকে প্রকাশ করলে অসীম বা অনাবৃত দশমিক হয়, তাকে অমূলদ সংখ্যা বলে।

এখানে অপশন (খ) $\sqrt{\frac{4}{2}} = \sqrt{2}$ একটি অমূলদ সংখ্যা এবং

(ঘ) $\sqrt{\frac{64}{26}} = \sqrt{২৬}$ একটি অমূলদ সংখ্যা।

অর্থাৎ, অপশন (খ) ও (ঘ) উভয়ই সঠিক উত্তর।

৭৬. ইতিহাস-বিখ্যাত ট্রয় নগরী কোথায়?
ক. ইতালি খ. স্পেন
গ. তুরস্ক ঘ. গ্রিস উ. গ
ব্যাখ্যা : ইতিহাস বিখ্যাত ট্রয়নগরী বর্তমান তুরস্কে অবস্থিত। বিভিন্ন গ্রিক মহাকাব্যে কিংবদন্তি এ শহরের উল্লেখ পাওয়া যায়। এটি ইউনেস্কোর একটি World Heritage Site।

৭৭. বাংলাদেশের বিদ্যুৎ শক্তির প্রধান উৎস কি?
ক. খনিজ তৈল খ. খরস্রোতা নদী
গ. প্রাকৃতিক গ্যাস ঘ. উপরের সবগুলো উ. গ
ব্যাখ্যা : বাংলাদেশের প্রধান খনিজ সম্পদ পাকৃতিক গ্যাস। ১৯৫৭ সাল থেকে প্রাকৃতিক গ্যাস উত্তোলন করা হচ্ছে। বর্তমানে বাংলাদেশে ২৯টি গ্যাস ক্ষেত্র আছে। সর্বশেষ গ্যাসক্ষেত্র- ইলিশা-১ গ্যাসক্ষেত্র, ভোলা। বাংলাদেশে প্রাকৃতিক প্রাকৃতিক গ্যাস সবচেয়ে বেশি ব্যবহৃত হয় বিদ্যুৎ উৎপাদনে। এটি বাংলাদেশে বিদ্যুৎ শক্তির প্রধান উৎস।

৭৮. বাংলাদেশের বৃহত্তম দ্বীপ কোনটি?
ক. হাতিয়া খ. সন্দ্বীপ
গ. ভোলা ঘ. সেন্টমার্টিন উ. গ
ব্যাখ্যা : ভোলা জেলা বাংলাদেশের একমাত্র দ্বীপ জেলা। এটি বাংলাদেশের বৃহত্তম দ্বীপ। এর পূর্বনাম শাহবাজপুর দ্বীপ। বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্ট মার্টিন। সন্দ্বীপ চট্টগ্রামে অবস্থিত আর হাতিয়া দ্বীপটি নোয়াখালীতে অবস্থিত।

৭৯. বাংলাদেশ কোন সনে জাতিসংঘের সদস্যপদ লাভ করে?
ক. ১৯৭২ সালে খ. ১৯৭৩ সালে
গ. ১৯৭৪ সালে ঘ. ১৯৭৬ সালে উ. গ
ব্যাখ্যা : ১৯৪৭ সালের ১৭ সেপ্টেম্বর ২৯তম অধিবেশনে বাংলাদেশে আনুষ্ঠানিকভাবে জাতিসংঘে যোগ দেয়। আর ২৫ সেপ্টেম্বর ১৯৭৪ বঙ্গবন্ধু জাতিসংঘে বাংলায় ভাষণ দেন। বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্য।

৮০. কম্পিউটারের মস্তিস্ক বলা হয় কোন অংশকে?
ক. সিপিইউ (CPU) খ. মনিটর
গ. কীবোর্ড ঘ. মাউস উ. ক
ব্যাখ্যা : CPU হচ্ছে Central Processing Unit। একে বলা হয় কম্পিউটারের মস্তিষ্ক। মনিটর সবচেয়ে বহুল ব্যবহৃত Output Device। মাউস, কী-বোর্ড এগুলো Input Device.

৮১. অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রীর নাম কি?
ক. জন হাওয়ার্ড খ. কেভিন বার্ড
গ. জুলিয়া গিলাড ঘ. কেভিন হ্যারিসন উ. *
ব্যাখ্যা : 'অস্ট্রেলিয়া' অর্থ এশিয়ার দক্ষিণ দিক। অস্ট্রেলিয়ার বর্তমান প্রধানমন্ত্রী লেবার পার্টির- অ্যান্থনি অ্যালবানিজ। তিনি ২০২২ সালে দায়িত্বগ্রহণ করেন। অস্ট্রেলিয়াকে বলা হয় 'ক্যাঙ্গারুর দেশ'। রাজধানী ক্যানবেরা।

৮২. মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে কয়টি সেক্টরে বিভক্ত করা হয়েছিল?
ক. ১০টি খ. ১২টি
গ. ০৯টি ঘ. ১১টি উ. ঘ
ব্যাখ্যা : মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে ১১টি সেক্টরে ও ৬৪টি সাব সেক্টরে ভাগ করা হয়েছিল।

৮৩. জাতীয় স্মৃতিসৌধের স্থপতি কে?
ক. হামিদুর রহমান খ. মৃনাল হক
গ. সৈয়দ মাইনুল হোসেন ঘ. শামীম সিকদার উ. গ
ব্যাখ্যা : জাতীয় স্মৃতিসৌধের স্থপতি সৈয়দ মাইনুল হোসেন। এটি ঢাকার সাভারে অবস্থিত। অন্যনাম- সম্মিলিত প্রয়াস। স্মৃতিসৌধটির উচ্চতা ১৫০ ফুট (৪৫.৭২ মিটার)। ১৯৮২ সালের ১৬ ডিসেম্বর এটির উদ্বোধন হয়। এতে সাতটি ফলক আছে।

৮৪. প্রথম মহিলা জাতীয় অধ্যাপকের নাম–
ক. ড. নীলিমা ইব্রাহিম খ. ড. সুফিয়া আহমেদ
গ. ড. শায়লা সুলতানা ঘ. ড. তাহমিনা খানম উ. খ
ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম মহিলা জাতীয় অধ্যাপক ড. সুফিয়া আহমেদ। বাংলাদেশের প্রথম জাতীয় অধ্যাপক শিল্পাচার্য জয়নুল আবেদীন, প্রফেসর আব্দুর রাজ্জাক এবং ড. কাজী মোতাহের হোসেন (১৯৭৫ সালে)।

৮৫. বিশ্ব শিক্ষক দিবস কোনটি?
ক. ৪ অক্টোবর খ. ৫ অক্টোবর
গ. ৪ এপ্রিল ঘ. ৫ এপ্রিল উ. খ
ব্যাখ্যা : বিশ্ব শিক্ষক দিবস ৫ অক্টোবর। জাতীয় শিক্ষক দিবস ১৯ জানুয়ারি। তবে, বিশ্ব স্বাক্ষরতা দিবস ৮ সেপ্টেম্বর।

৮৬. বাংলাদেশের 'কৃষি দিবস'–
ক. পহেলা কার্তিক খ. পহেলা অগ্রহায়ণ
গ. পহেলা পৌষ ঘ. পহেলা আষাঢ় উ. খ
ব্যাখ্যা : বাংলাদেশ কৃষি প্রধান দেশ। হেমন্ত ঋতু কার্তিক ও অগ্রহায়ণ মাস নিয়ে গঠিত। পহেলা অগ্রহায়ণ বাংলাদেশের জাতীয় কৃষি দিবস। হেমন্তে নবান্ন উৎসব হয়।

৮৭. মানুষের বুদ্ধির বিকাশ সম্পন্ন হয়–
ক. ১৬ বছরে খ. ১৮ বছরে
গ. ২৪ বছরে ঘ. ৩০ বছরে উ. গ
ব্যাখ্যা : মানুষের জীবনে ৫টি পর্যায় রয়েছে। যেমন- শৈশব, কৈশোর, যৌবন, প্রৌঢ়ত্ব ও বার্ধক্য। ১৮ বছর থেকে যৌবনকাল শুরু। ২৪ বছর বয়সে মানুষের বুদ্ধির বিকাশ সম্পন্ন হয়।

৮৮. UNESCO-র সদর দপ্তর অবস্থিত–
ক. লন্ডনে খ. জেনেভায়
গ. নিউইয়র্কে ঘ. প্যারিসে উ. ঘ
ব্যাখ্যা : UNESCO এর পূর্ণরূপ United Nations Educational Scientific and Cultural Organization। ১৯৪৫ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর ফ্রান্সের প্যারিসে অবস্থিত। বাংলাদেশ এর সদস্য পদ লাভ করে ১৯৭২ সালে। এর প্রধানের পদবি মহাপরিচালক।

সিডর শব্দের অর্থ কি?
ক. চোখ খ. বন্যা
গ. ঝড় ঘ. সমুদ্র উ. ক

ব্যা : সিডর অর্থ অর্থ চোখ। এটি একটি সিংহলি শব্দ। ১৫ নভেম্বর, ২০০৭ সালে বাংলাদেশে সিডর আঘাত হানে। তবে, 'সুনামি' একটি জাপানি শব্দ। এর অর্থ পোতাশ্রয়ের ঢেউ।

৮. কোন বিদেশি রাষ্ট্র বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে?
ক. রুয়ান্ডা খ. ইরিত্রিয়া
গ. সিয়েরা লিওন ঘ. লাইবেরিয়া উ. গ

ব্যাখ্যা : পশ্চিম আফ্রিকার দেশ সিয়েরালিয়ন (অর্থ সিংহ পর্বত) বাংলাকে তাদের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে। সেদেশে কর্মরত বাংলাদেশে শান্তিরক্ষীদের অবদানের কারণে বাংলা ভাষাকে সম্মান জানিয়ে রাষ্ট্রভাষা ঘোষণা করে। সিয়েরালিয়নের মূল ভাষা ইংরেজি।

৯১. কোন দেশের সংবিধান অলিখিত?
ক. ফ্রান্স খ. ইতালি
গ. ব্রিটেন ঘ. আমেরিকা উ. গ

ব্যাখ্যা : ব্রিটেন, নিউজিল্যান্ড, স্পেন, সৌদি আরব প্রভৃতি দেশের সংবিধান অলিখিত। এসব দেশে কোন লিখিত সংবিধান নেই। বাংলাদেশের সংবিধান সুলিখিত ও দুষ্পরিবর্তনীয়। বিশ্বের সবচেয়ে বড় সংবিধান ভারতের, আর ছোট সংবিধান আমেরিকার।

৯২. ২০১০ সালে বাংলাদেশ বিমান ঢাকা থেকে প্রথম হজ্জ ফ্লাইট কবে থেকে যাত্রা শুরু করে?
ক. ৯-১০-১০ খ. ৮-১০-১০
গ. ৭-১০-১০ ঘ. ৬-১০-১০ উ. খ

ব্যাখ্যা : তখনকার সাম্প্রতিক প্রশ্ন হিসেবে পরীক্ষায় প্রশ্নটি এসেছিল। বর্তমানে এই প্রশ্নের প্রাসাঙ্গিকতা নেই।

৯৩. ঢাকা কখন সর্বপ্রথম বাংলার রাজধানী হয়েছিল?
ক. ১৬১০ সালে খ. ১৫১০ সালে
গ. ১৭১০ সালে ঘ. ১৮১০ সালে উ. ক

ব্যাখ্যা : ঢাকায় বাংলার প্রথম রাজধানী স্থাপন করেন মোঘল সম্রাট জাহাঙ্গীরের সুবাদার ইসলাম খান। তিনি ১৬১০ সালে সুবা বাংলার রাজধানী রাজমহল থেকে ঢাকায় স্থানান্তর করেন এবং ঢাকার নাম রাখেন 'জাহাঙ্গীরনগর'।

৯৪. OIC-এর বর্তমান মহাসচিব কোন দেশের নাগরিক?
ক. বাংলাদেশ খ. তুরস্ক
গ. মালয়েশিয়া ঘ. মরক্কো উ. *

ব্যাখ্যা : Organization of Islemic Co-operation (OIC) প্রতিষ্ঠিত হয় ১৯৬৯ সালে। এর সদর দপ্তর সৌদি আরবের জেদ্দায়। বাংলাদেশ ১৯৭৪ সালে এর সদসপদ লাভ করে। OIC এর প্রথম মহাসচিব টেংকু আব্দুর রহমান (মালয়েশিয়া) আর বর্তমান ও ১২তম মহাসচিব আফ্রিকার দেশ শাদের নাগরিক হুসেইন ব্রাহিম তাহা।

৯৫. নেদারল্যান্ডের মুদ্রার নাম–
ক. কিয়াট খ. গিল্ডার
গ. রিংগিট ঘ. ক্রোনা উ. *

ব্যাখ্যা : নেদারল্যান্ডসের বর্তমান মুদ্রা ইউরো। পূর্বে নেদারল্যান্ডসের মুদ্রা ছিল গিল্ডার। অন্যদিকে, কিয়াট মিয়ানমারের, রিংগিট মালয়েশিয়ার, ক্রোনা সুইডেন ও আইসল্যান্ডের মুদ্রার নাম।

৯৬. ADB এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক. জাকার্তায় খ. ম্যানিলায়
গ. ইন্দোনেশিয়ায় ঘ. শ্রীলংকায় উ. খ

ব্যাখ্যা : Asian Development Bank (ADB) প্রতিষ্ঠিত হয় ১৯৬৬ সালে। এর সদর দফতর ফিলিপাইনের ম্যানিলায় অবস্থিত। বাংলাদেশ ১৯৭৩ সালে ADB এর সদসপদ লাভ করে।

৯৭. তিতাস উপজেলা কোন জেলায় অবস্থিত?
ক. কুমিল্লা খ. রংপুর
গ. সিলেট ঘ. যশোর উ. ক

ব্যাখ্যা : কুমিল্লায় ১৭টি উপজেলা আছে; এর মধ্যে তিতাস একটি উপজেলা। তবে, 'তিতাস গ্যাসক্ষেত্র' ব্রাহ্মণবাড়িয়ায় অবস্থিত। ব্রাহ্মণবাড়িয়া তিতাস নদীর তীরে অবস্থিত।

৯৮. প্রাচীন 'চন্দ্রদ্বীপ'-এর বর্তমান নাম কি?
ক. নোয়াখালী খ. বগুড়া
গ. খুলনা ঘ. বরিশাল উ. ঘ

ব্যাখ্যা : প্রাচীন 'চন্দ্রদ্বীপ' এর বর্তমান নাম বরিশাল। বরিশালকে বলা হয় বাংলার ডেনিস, বাংলার শস্যভাণ্ডার। নোয়াখালীর পূর্বনাম সুধারাম, ভুলুয়া, কলিন্দা। খুলনার পূর্বনাম জাহানাবাদ। বগুড়ার পূর্বনাম বরেন্দ্রভূমি, পুণ্ড্রবর্ধন।

৯৯. গোবি মরুভূমি কোথায় অবস্থিত?
ক. উত্তর আফ্রিকা খ. এশিয়া
গ. চীন ঘ. দক্ষিণ আফ্রিকা উ. খ

ব্যাখ্যা : গোবি মরুভূমি এশিয়া মহাদেশ (মঙ্গোলিয়া ও চীন) এ অবস্থিত। পৃথিবীর বৃহত্তম মরুভূমি 'সাহারা মরুভূমি' আফ্রিকা মহাদেশে অবস্থিত। একে বলা হয় 'আফ্রিকার দুঃখ'। ইউরোপ মহাদেশে মরুভূমি নেই।

১০০. পল্লী উন্নয়ন একাডেমি (RDA) কোথায় অবস্থিত?
ক. কুমিল্লা খ. বগুড়া
গ. যশোর ঘ. রাজশাহী উ. খ

ব্যাখ্যা : পল্লী উন্নয়ন একাডেমি (Rural Development Academy বা RDA) বগুড়ায় অবস্থিত (১৯৭৪)। কিন্তু বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (BARD) কুমিল্লার কোটবাড়িতে অবস্থিত (১৯৫৯)।

বেসরকারি শিক্ষক নিবন্ধন (বিশেষ) পরীক্ষা ২০১০

পরীক্ষার তারিখ : ২৬.০৬.২০১০; সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট : ১

পদের নাম : সংযুক্ত এবতেদায়ী মাদরাসার এবতেদায়ী প্রধান, জুনিয়র মৌলভী, জুনিয়র শিক্ষক ও ক্লারি

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করুন। প্রত্যেক প্রশ্নের মান ১]

ক বিভাগ : বাংলা (আবশ্যিক) মান-২৫

১. **সাধু ও চলিত রীতির পার্থক্য কোন কোন পদে বেশি?**
ক. ক্রিয়া ও বিশেষণ পদে খ. বিশেষ্য ও বিশেষণ পদে
গ. সর্বনাম ও ক্রিয়া পদে ঘ. বিশেষ্য ও অব্যয় পদে **উ. গ**
ব্যাখ্যা : সাধু ও চলিত রীতির প্রধান পার্থক্য হয় সর্বনাম ও ক্রিয়াপদে। সাধু ভাষার রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ দীর্ঘ হয়, চলিত ভাষার রীতিতে সংক্ষিপ্ত হয়।

২. **বাড়ি বা রাস্তার নম্বরের পরে কোন চিহ্ন বসে?**
ক. কমা খ. হাইফেন
গ. লোপ ঘ. দাঁড়ি **উ. ক**
ব্যাখ্যা : বাড়ি বা রাস্তার নম্বরের পর কম বসে। যেমন : ৩২, প্রফেসর পাড়া, চকবাজার, কুমিল্লা।

৩. **"ইঁদুর কপালে"– এর বিপরীত বাগধারা কোনটি?**
ক. নিরেট বোকা খ. একাদশে বৃহস্পতি
গ. সোনায় সোহাগা ঘ. অহংকারী **উ. খ**
ব্যাখ্যা : "ইদুঁর কপালে" (মন্দভাগ্য) এর বিপরীত বাগধারা– একাদশে বৃহস্পতি (সৌভাগ্যের বিষয়)। অন্যদিকে, নিরেট বোকা অর্থ গণ্ডমূর্খ; সোনায় সোহাগা অর্থ উপযুক্ত মিলন বা মনিকাঞ্চন যোগ; অহংকারী অর্থ পায়াভারী।

৪. **কোন বানানটি শুদ্ধ?**
ক. শুশ্রূষা খ. শুশ্রুষা
গ. শ্বশ্রুষু ঘ. শুশুষা **উ. ক**
ব্যাখ্যা : 'শুশ্রূষা' বানানটি শুদ্ধ। এইরকম আরও কয়েকটি শুদ্ধ বানান- মুহূর্ত, মুমূর্ষু, মুহুর্মুহু।

৫. **বাংলা সাহিত্যে চলিত রীতির প্রবর্তক কে?**
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. প্যারীচাঁদ মিত্র
গ. প্রমথ চৌধুরী ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উ. গ**
ব্যাখ্যা : বাংলা সাহিত্যে চলিত রীতির প্রবর্তক প্রথম চৌধুরী। 'সবুজপত্র পত্রিকা' (১৯১৪) এর মাঝে চলিত রীতিকে জনপ্রিয় করে তুলেন।

৬. **সারাংশ বা সারমর্ম সাধারণত কয়টি অনুচ্ছেদে লিখতে হয়?**
ক. একটি খ. দুটি
গ. তিনটি ঘ. চারটি **উ. ক**
ব্যাখ্যা : সারাংশ বা সারমর্ম সাধারণত একটি অনুচ্ছেদে লিখতে হয়। এবং সারাংশ বা সারমর্মে অপ্রয়োজনীয় কথা বাদ দিতে মূল কথা লিখতে হয়।

৭. **সুলিখিত পত্র অনেক সময় কিসের মর্যাদা লাভ করে?**
ক. ঐতিহাসিক খ. সামাজিক
গ. সাংস্কৃতিক ঘ. সাহিত্যিক **উ. ঘ**
ব্যাখ্যা : সুলিখিত বা উৎকৃষ্ট পত্র অনেক সময় সাহিত্যিক মর্যাদা লাভ করে। যেমন : রবীন্দ্রনাথ ঠাকুরের 'ছিন্ন পত্রাবলী'। এই ছিন্ন পত্রাবলীর অধিকাংশ পত্র তার ভ্রাতুষ্পুত্রী শ্রীমতি ইন্দিরা দেবীকে উদ্দেশ্য করে লিখেছেন।

৮. **"যৌবন সূর্য" কোন সমাস?**
ক. মধ্যপদলোপী কর্মধারয় সমাস খ. দ্বন্দ্ব সমাস
গ. ষষ্ঠী তৎপুরুষ সমাস ঘ. রূপক কর্মধারয় সমাস **উ. ঘ**
ব্যাখ্যা : 'যৌবনসূর্য'- এর ব্যাসবাক্য হলো যৌবন রূপ সূর্য। এটি রূপক কর্মধারয় সমাসের উদাহরণ।

৯. **দেশি ও তৎসম শব্দের মিশ্রণকে কি বলে?**
ক. বাহুল্য দোষ খ. গুরুচণ্ডালী দোষ
গ. দুর্বোধ্যতা ঘ. উপমার ভুল প্রয়োগ **উ. খ**
ব্যাখ্যা : দেশি ও তৎসম শব্দের মিশ্রণকে গুরুচণ্ডালী দোষ বলে। বহুবচনজনিত ভুলকে বাহুল্য দোষ বলে। সহজে না পড়া গেলে তাকে, দুর্বোধ্যতা বলে। সঠিকভাবে উপমা অলঙ্কার ব্যবহার না করলে বাক্যের যোগ্যতার যে হানি ঘটে, তাকে উপমার ভুল প্রয়োগ বলে। যেমন : 'আমার হৃদয়-মন্দিরে আশার বীজ উপ্ত হল।' আমরা জানি, বীজ ক্ষেতে বপন করা হয়, মন্দিরে নয়।

১০. **চাকরির জন্য যে পত্র লিখতে হয় তার নাম কি?**
ক. ব্যক্তিগতপত্র খ. আবেদনপত্র **উ. খ**
গ. নিমন্ত্রণপত্র ঘ. অভিযোগ সংক্রান্ত পত্র
ব্যাখ্যা : চাকরির জন্য লিখিত পত্রকে আবেদনপত্র বলে। বন্ধু-বান্ধব, আত্মীয়স্বজন, পরিচিতদের মধ্যে যে অনানুষ্ঠানিক চিঠি লিখা হয়, তাকে ব্যক্তিগতপত্র বলে; কাউকে দাওয়াদ দেওয়ার নিমিত্তে যে পত্র দেওয়া হয়, তাকে নিমন্ত্রণপত্র বলে। অভিযোগ প্রদান করে যে পত্র দেওয়া হয়, তাকে অভিযোগ সংক্রান্ত পত্র বলে।

১১. **"সারাংশ লিখন" শিক্ষার উদ্দেশ্য কী?**
ক. বক্তব্য বিশ্লেষণ খ. বক্তব্য সংযোজন
গ. বক্তব্য সংক্ষেপণ ঘ. বক্তব্য সংমিশ্রণ **উ. গ**
ব্যাখ্যা : "সারাংশ লিখন" শিক্ষার উদ্দেশ্য বক্তব্য সংক্ষেপেণ। আর 'ভাব-সম্প্রসারণ' শিক্ষার উদ্দেশ্য বক্তব্য বিশ্লেষণ।

১২. **ভাষার কোন রীতি নাটকের সংলাপে ও বক্তৃতার উপযোগী?**
ক. আঞ্চলিক রীতি খ. সাধু রীতি
গ. চলিত রীতি ঘ. লেখ্য রীতি **উ. গ**
ব্যাখ্যা : ভাষার চলিত রীতি নাটকের সংলাপে ও বক্তৃতার উপযোগী। অন্যদিকে, সাধু রীতি নাটকের সংলাপে ও বক্তৃতার অনুপযোগী।

১৩. **কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ?**
ক. আপাদমস্তক খ. কথাসর্বস্ব
গ. হতশ্রী ঘ. অল্পবয়সী **উ. ক**

ব্যাখ্যা : আপাদমস্তক এর ব্যাসবাক্য হলো– পা থেকে মাথা পর্যন্ত। এটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ। অন্যদিকে, কথাসর্বস্ব = কথা সর্বস্ব যার (বহুব্রীহি সমাস), হতশ্রী = হত হয়েছে শ্রী যার (বহুব্রীহি সমাস)।

১৪. শুদ্ধ বানান কোনটি?

ক. দারিদ্র খ. দরিদ্র্য
গ. দারিদ্র্যতা ঘ. দরিদ্রতা **উ. ঘ**

ব্যাখ্যা : 'দরিদ্রতা' বানানটি শুদ্ধ।

১৫. ইঙ্গিতময়, অর্থপূর্ণ, ভাবঘন বাক্যকে সম্প্রসারিত করার নাম কী?

ক. সারাংশ খ. সারমর্ম
গ. রচনা ঘ. ভাব-সম্প্রসারণ **উ. ঘ**

ব্যাখ্যা : ইঙ্গিতময়, অর্থপূর্ণ, ভাবঘন বাক্যকে সম্প্রসারিত করার নাম– ভাব-সম্প্রসারণ। সারাংশ ও সারমর্মে বক্তব্য সংক্ষেপণ করে মূল বক্তব্য লেখা হয়। রচনায় বিস্তারিত আলোচনা করা হয়।

১৬. ব্যাসবাক্যের অন্তর্গত প্রত্যেকটি পদকে কি বলে?

ক. পূর্বপদ খ. পরপদ
গ. সমস্ত পদ ঘ. সমস্যমান পদ **উ. ঘ**

ব্যাখ্যা : ব্যাসবাক্যের অন্তর্গত প্রত্যেকটি পদকে সমস্যমান পদ বলে। সমাসনিষ্পন্ন পদটিকে বলে সমস্ত পদ। সমাসযুক্ত পদের প্রথম অংশ (শব্দ)-কে বলা হয় পূর্বপদ এবং পরবর্তী অংশ (শব্দ)-কে বলা উত্তরপদ বা পরপদ।

১৭. "যার কোনো মূল্য নেই" – একে বাগধারায় বলে–

ক. তামার বিষ খ. অরণ্যে রোদন
গ. ঢাকের বাঁয়া ঘ. কাঠের পুতুল **উ. গ**

ব্যাখ্যা : যার কোন মূল্য নেই, বা অপ্রয়োজনীয় বোঝাতে 'ঢাকের বাঁয়া' বাগধারাটি ব্যবহৃত হয়। অন্যদিকে, তামার বিষ = অর্থের কুপ্রভাব, অরণ্যে রোদন = নিষ্ফল আবেদন; কাঠের পুতুল = নির্জীব বা অসার।

১৮. ভাব-সম্প্রসারণের ক্ষেত্রে দোষের বিষয় কোনটি?

ক. একই কথার পুনরাবৃত্তি খ. প্রাসঙ্গিক আলোচনা
গ. যুক্তিতর্কপূর্ণ বিষয় ঘ. বৈজ্ঞানিক ব্যাখ্যা **উ. ক**

ব্যাখ্যা : একই কথার পুনরাবৃত্তি, কঠিন ভাষার ব্যবহার ভাব-সম্প্রসারণের ক্ষেত্রে দোষের বিষয়।

১৯. কোন ছেদ চিহ্নে থামার প্রয়োজন নেই?

ক. ইলেক খ. কমা চিহ্ন
গ. বিস্ময় চিহ্ন ঘ. উদ্ধরণ চিহ্ন **উ. ক**

ব্যাখ্যা : কমা ও উদ্ধরণ চিহ্নে থামতে হয় এক উচ্চারণে যে সময় লাগে, বিস্ময় চিহ্নে থামতে হয় এক সেকেন্ড আর ইলেক বা লোপ চিহ্নে থামার প্রয়োজন নেই।

২০. "সারাংশ লিখনে" ভাষার বাহুল্য, উপমা, অলংকার এসকল–

ক. বর্জনীয় খ. গ্রহণীয়
গ. প্রাসঙ্গিক ঘ. যৌক্তিক **উ. ক**

ব্যাখ্যা : সারাংশ লিখনের উদ্দেশ্য হলো অন্তর্নিহিত তাৎপর্য তুলে ধরা। তাই সারাংশ বা সারমর্ম লিখনে ভাষার বাহুল্য, উপমা, অলংকার এসকল বর্জনীয়।

২১. "কূল কাঠের আগুন"– বাগধারাটির প্রকৃত অর্থ কী?

ক. কাঠের পুতুল খ. তীব্র জ্বালা
গ. কূপমণ্ডুক ঘ. কেতাদুরস্ত **উ. খ**

ব্যাখ্যা : তীব্র জ্বালা বা দীর্ঘস্থায়ী মনঃকষ্ট বোঝাতে কূল কাঠের আগুন বাগধারাটি ব্যবহৃত হয়। অন্যদিকে, কাঠের পুতুল = নির্জীব বা অসার; কূপমণ্ডুক = সংকীর্ণমনা ব্যক্তি; কেতাদুরস্ত = পরিপাটি।

২২. বাক্যে "কমা" অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কী বসে?

ক. কোলন খ. ড্যাশ
গ. হাইফেন ঘ. সেমিকোলন **উ. ঘ**

ব্যাখ্যা : বাক্যে 'কমা' (,) অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে 'সেমিকোলন' (;) বসে। সেমিকোলনের ক্ষেত্রে ১ বলার দ্বিগুণ সময় বিরতির প্রয়োজন হয়। কিন্তু, কমার ক্ষেত্রে ১ বলতে যে সময় লাগে, সেইরূপ বিরতির প্রয়োজন হয়।

২৩. কোনটি শুদ্ধ?

ক. নিঃশোষিত খ. নীরস
গ. মাধুরিয়া ঘ. অধীনী **উ. খ**

ব্যাখ্যা : 'নীরস' শব্দটি শুদ্ধ। এটি সন্ধিসাধিত শব্দ। এর সন্ধি বিচ্ছেদ হলো নিঃ + রস = নীরস। অপশনের বাকি শব্দগুলোর শুদ্ধরূপ : নিঃশেষিত, মাধুরী, অধীন।

২৪. কোন বাগধারাটি স্বতন্ত্র অর্থ প্রকাশক?

ক. সাতেও না পাঁচেও না খ. আদায় কাঁচকলায়
গ. সাপে-নেউলে ঘ. দা-কুমড়া **উ. ক**

ব্যাখ্যা : সাতেও নেই, পাঁচেও নেই– বাগধারাটির অর্থ ঝুট ঝামেলা মুক্ত/ নির্লিপ্ত। অন্য বাগধারাগুলোর অর্থ ভীষণ শত্রুতা।

২৫. সংখ্যাবাচক শব্দ পূর্বপদে বসে কোন সমাস হয়?

ক. বহুব্রীহি সমাস খ. তৎপুরুষ সমাস
গ. দ্বিগু সমাস ঘ. কর্মধারয় সমাস **উ. গ**

ব্যাখ্যা : দ্বিগু সামাসের পূর্বপদে সংখ্যাবাচক শব্দ বসে এবং পরপদে সমাহার হয়। যেমন : পঞ্চ নদের সমাহার = পঞ্চনদ (দ্বিগু সামাস)।

খ বিভাগ : ইংরেজি (আবশ্যিক) মান–২৫

Choose the best answer (English to Bangla) (26-31)

২৬. The man is in great trouble.

ক. লোকটা মহাসঙ্কটে পড়েছে খ. লোকটা বিপদে পড়েছে
গ. লোকটা সমস্যায় পড়েছে ঘ. লোকটা খুবই অসহায় **উ. ক**

ব্যাখ্যা : 'Great trouble' অর্থ 'মহাসঙ্কট'। তাই option 'ক' হবে উত্তর।

২৭. The rains have set in.

ক. বৃষ্টি শুরু খ. বৃষ্টিপাত হয়েছিল
গ. বর্ষাকাল এসেছে ঘ. বর্ষাকাল শুরু হয়েছে **উ. ঘ**

ব্যাখ্যা : set in শুরু হওয়া। তাই option 'ঘ' হবে উত্তর।

২৮. Suddenly he began to weeping.

ক. হঠাৎ সে কাঁদছে
খ. হঠাৎ সে কাঁদতে শুরু করল
গ. হঠাৎ সে কাঁদতে শুরু করেছে
ঘ. হঠাৎ সে কাঁদতে শুরু করে **উ. খ**

ব্যাখ্যা : Begin to weep -কাঁদতে শুরু করা। প্রশ্নে প্রদত্ত বাক্যটি অতীতকালে রয়েছে। তাই option 'খ' হবে উত্তর।

২৯. Were the birds chirping?
ক. পাখিরা কি গান করছিল? খ. পাখিরা কি গান করেছে?
গ. পাখিরা কি কিচিরমিচির করছিল?
ঘ. পাখিরা কি কিচিরমিচির করছে? উ. গ

ব্যাখ্যা : chirping অর্থ কিচিরমিচির। তাই option 'গ' হবে উত্তর।

৩০. He used to come here every week.
ক. তিনি প্রত্যেক সপ্তাহে এখানে আসেন
খ. তিনি প্রত্যেক সপ্তাহে এখানে আসতেন
গ. তিনি প্রত্যেক সপ্তাহে এখানে এসেছিলেন
ঘ. তিনি প্রত্যেক সপ্তাহে এখানে এসে থাকবেন উ. খ

ব্যাখ্যা : অতীতের অভ্যাস বলতে used to ব্যবহৃত হয়। তাই option 'খ' হবে উত্তর।

৩১. He starts for London tonight.
ক. সে আজ রাতে লন্ডন যায়
খ. সে আজ রাতে লন্ডন শুরু করে
গ. সে আজ রাতে লন্ডন যাত্রা করে
ঘ. সে আজ রাতে লন্ডন রওয়ানা হবে উ. ঘ

ব্যাখ্যা : Start for অর্থ গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা করা, রওনা হওয়া। option 'ঘ' হবে।

Transform the sentences as directed in brackets (32-37) :

৩২. He is an honest man. (Interrogative)
ক. Does he an honest man?
খ. Is he an honest man?
গ. Isn't he an honest man?
ঘ. Doesn't he a dishonest man? উ. গ

ব্যাখ্যা : কোনো Assertive বাক্যের subject pronoun হলে, সেই বাক্যকে Interrogative করতে হলে Auxiliary verb + not + subject + বাকি অংশ। তাই option 'গ' হবে উত্তর।

৩৩. He has only a few books. (Negative)
ক. He does not but a few books
খ. He is nothing though a few books
গ. He has nothing but a few books
ঘ. He does not possess a few books উ. গ

ব্যাখ্যা : Affirmative এ only দ্বারা কোনো বস্তুকে বোঝালে negative করার সময় only এর পরিবর্তে nothing but বসে। তবে ব্যক্তিকে বোঝালে none but বসে। সুতরাং, option 'গ' হবে উত্তর।

৩৪. I had done the work and went home. (Simple)
ক. Having done the work, I went home
$\therefore$ ১ " " ৭২০ " " " (১২ × ৩) "
$\therefore$ ৯ " " ৭২০ " " " $\frac{১২ \times ৩}{৯}$ "
= ৪ দিনে (উত্তর)

৬২. $27^{x+1} = 81$ হলে x এর মান নিচের কোনটি?

ক. $\frac{1}{3}$ খ. $\frac{7}{3}$
গ. 2 ঘ. 3 **উ. ক**

ব্যাখ্যা : দেওয়া আছে, $27^{x+1} = 81$

বা, $(3^3)^{x+1} = 3^4$

বা, $3^{3x+3} = 3^4$

বা, $3x + 3 = 4$

বা, $3x = 4 - 3$

$\therefore x = \frac{1}{3}$

৬৩. $x^2 - y^2 + 2y - 1$ এর একটি উৎপাদক নিচের কোনটি?

ক. $x + y + 1$ খ. $x + y - 1$

গ. $x - y - 1$ ঘ. $x - y$ উ. খ

ব্যাখ্যা : $x^2 - y^2 + 2y - 1$

$= x^2 - (y^2 - 2y + 1)$

$= x^2 - (y - 1)^2$

$= (x + y - 1)(x - y + 1)$

৬৪. $x^2 + 2x$, $x^3 + 8$ এবং $x^2 - 4$ রাশি তিনটির গ. সা. গু নিচের কোনটি?

ক. $x + 2$ খ. $x - 2$

গ. $x(x + 2)(x - 2)$ ঘ. $x^2 + 4x + 4$ উ. ক

ব্যাখ্যা : ১ম রাশি, $x^2 + 2x$

$= x(x + 2)$

২য় রাশি, $x^3 + 8$

$= x^3 + 2^3$

$= (x + 2)(x^2 - 2x + 4)$

৩য় রাশি, $x^2 - 4$

$= x^2 - 2^2$

$= (x + 2)(x - 2)$

$\therefore$ নির্ণেয় গ. সা. গু $= (x + 2)$

৬৫. রম্বসের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র কোনটি?

ক. $\frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা খ. কর্ণদ্বয়ের গুণফল

গ. $\frac{১}{২} \times$ কর্ণদ্বয়ের গুণফল ঘ. দৈর্ঘ্য $\times$ প্রস্থ উ. গ

ব্যাখ্যা : রম্বসের ক্ষেত্রফলের সূত্র $= \frac{১}{২} \times$ কর্ণদ্বয়ের গুণফল

৬৬. ৫৫° কোণের পূরক কোণ কত?

ক. ৩৫° খ. ৪৫°

গ. ১২৫° ঘ. ১৮০° উ. ক

ব্যাখ্যা : আমরা জানি, পূরক কোণ = ৯০°। অর্থাৎ, দুটি কোণের সমষ্টি ৯০° বা এক সমকোণ হলে কোণ দুটিকে পরস্পরের পূরক কোণ বলা হয়।

অতএব, ৫৫° কোণের পূরক কোণ = ৯০° − ৫৫°

= ৩৫°(উত্তর)

৬৭. কোনো বৃত্তের ব্যাস 10 cm হলে ক্ষেত্রফল কত?

ক. 5π খ. 10π

গ. 25π ঘ. 100π উ. গ

ব্যাখ্যা : বৃত্তের ব্যাস $2r = 10$ cm হলে,

বৃত্তটি ব্যাসার্ধ $r = \frac{10}{2}$ cm বা 5 cm

বৃত্তের ক্ষেত্রফলের সূত্র $= \pi r^2$ বর্গ একক

$= \pi(5)^2$ বর্গ সেমি [মান বসিয়ে]

$= 25\pi$ বর্গ সেমি

৬৮. নিচের চিত্রে $\angle B = 75°$ এবং $\angle ACE = 150°$ হলে $\angle A$ কোণের মান কত?

ক. 30° খ. 45°

গ. 75° ঘ. 105° উ. গ



ব্যাখ্যা : দেওয়া আছে, $\angle ACE = 150°$

$\therefore \angle ACB = 180° - 150° = 30°$

আবার, $\angle ABC = 75°$

অতএব, $\angle A = 180° - \angle ABC - \angle ACB$

$= 180° - 75° - 30°$

$= 75°$

৬৯. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ৩ ঃ ৪ ঃ ৫ হলে ক্ষুদ্রতম কোণের পরিমাণ কত ডিগ্রি?

ক. ৪৫° খ. ৭৫°

গ. ৯০° ঘ. ১৮০° উ. ক

ব্যাখ্যা : আমরা জানি, ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি = ১৮০°

মনে করি, ত্রিভুজের তিনটি কোণের পরিমাণ যথাক্রমে ৩ক, ৪ক এবং ৫ক।

তাহলে, ৩ক + ৪ক + ৫ক = ১৮০°

বা, ১২ক = ১৮০°

$\Rightarrow$ ক $= \frac{180°}{12}$

$\therefore$ ক = ১৫°

$\therefore$ ক্ষুদ্রতম কোণের পরিমাণ = ৩ক $\times$ ১৫° = ৪৫°

৭০. ছোয়াদ সাহেব ৩০০ টাকার বই কিনলেন। দোকানদার তাকে $\frac{১৯}{২}$ % কমিশন দিলেন। তিনি কত টাকা কমিশন পেলেন?

ক. ১৯.৫ টাকা খ. ২৮.৫ টাকা
গ. ৫১.৫ টাকা ঘ. ৫৭.০০ টাকা **উ. খ**

ব্যাখ্যা : ১০০ টাকায় কমিশন পায় = $\frac{১৯}{২}$ টাকা

$\therefore$ ১ " " " $\frac{১৯}{২ \times ১০০}$ "

$\therefore$ ৩০০ " " " $\frac{১৯ \times ৩০০}{২ \times ১০০}$ "

= ২৮.৫ টাকা

৭১. চক্রবৃদ্ধি মুনাফার ক্ষেত্রে নিচের কোন সূত্রটি সঠিক?

ক. $C = P(1 + n)^r$ খ. $C = P(1 + r^n)$
গ. $P = C(1 + r)^n$ ঘ. $C = P(1 + r)^n$ **উ. ঘ**

ব্যাখ্যা : চক্রবৃদ্ধি মুনাফার সূত্র : $C = P(1 + r)^n$

এখানে, C = n বছর শেষে সবৃদ্ধিমূল
r = সুদের হার
n = বছর বা সময়

৭২. জাওয়াদ সাহেব ৫০০ টাকা ৩ বছরের জন্য ব্যাংকে জমা রাখলেন। $৮\frac{১}{৩}$ % হারে তিনি কত টাকা সরল মুনাফা পাবেন?

ক. ১০০ টাকা খ. ১২৫ টাকা
গ. ৫২৫ টাকা ঘ. ৬২৫ টাকা **উ. খ**

ব্যাখ্যা : সরল মুনাফার সূত্র : $I = pnr$

$$I = ৫০০ \times ৩ \times \frac{২৫}{৩ \times ১০০} \text{ টাকা}$$

$\therefore I = ১২৫$ টাকা

৭৩. $x + \frac{1}{x} = \sqrt{3}$ হলে $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত?

ক. $\sqrt{3} - 2$ খ. 1
গ. 5 ঘ. 7 **উ. খ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $x + \frac{1}{x} = \sqrt{3}$

এখন, $x^2 + \frac{1}{x^2} = \left(x + \frac{1}{x}\right)^2 - 2.x.\frac{1}{x}$

$= \left(\sqrt{3}\right)^2 - 2$ [মান বসিয়ে]
$= 3 - 2$
$= 1$

৭৪. 32 এর 2 ভিত্তিক লগারিদম কত?

ক. 3 খ. 4
গ. 5 ঘ. 6 **উ. গ**

ব্যাখ্যা : $\log_2 32$
$= \log_2 2^5$
$= 5\log_2 2$
$= 5 \times 1$ [যেহেতু, $\log_2 2 = 1$]
$= 5$

৭৫. $(5x)^\circ$ এর মান নিচের কোনটি?

ক. 5x খ. 0
গ. 5 ঘ. 1 **উ. ঘ**

ব্যাখ্যা : $(5x)^\circ = 1$ [$\because a^\circ = 1$, যেখানে $a \neq 0$]

৭৬. কোন যন্ত্রের সাহায্যে যান্ত্রিক শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করা হয়?

ক. ট্রান্সফরমার খ. ডায়নামো
গ. বৈদ্যুতিক মটর ঘ. হুইল **উ. খ**

ব্যাখ্যা : যে যন্ত্রের মাধ্যমে যান্ত্রিক শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করা হয় তাকে বলে ডায়ানামো বা জেনারেটর। বৈদ্যুতিক মটর তার বিপরীত যন্ত্র। অর্থাৎ বৈদ্যুতিক মটরের সাহায্যে বিদ্যুৎ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করা হয়। ট্রান্সফরমার (রূপান্তরক) এর মাধ্যমে উচ্চ বিভবকে নিম্ন বিভব বা নিম্ন বিভবকে উচ্চ বিভবে রূপান্তর করা হয়।

৭৭. বাংলাদেশের জাতীয় খেলা–

ক. ফুটবল খ. ক্রিকেট
গ. কাবাডি ঘ. ব্যাডমিন্টন **উ. গ**

ব্যাখ্যা : বাংলাদেশের জাতীয় খেলা কাডাডি। ১৯৭২ সালে হা-ডু-ডু খেলাকে 'কাবাডি' নামকরণ করা হয় এবং বাংলাদেশের জাতীয় খেলা হিসেবে স্বীকৃতি দেয়া হয়। এ খেলা সর্বপ্রথম শুরু হয় ভারতে। মালয়েশিয়ার জাতীয় খেলা ব্যাডমিন্টন।

৭৮. ম্যাকমোহন লাইন কোন কোন দেশের সীমানা নির্ধারণ করে?

ক. ভারত ও পাকিস্তান খ. চীন ও ভারত
গ. পাকিস্তান ও আফগানিস্তান ঘ. চীন ও রাশিয়া **উ. খ**

ব্যাখ্যা : ম্যাকমোহন লাইন চীন ও ভারতের মধ্যে সীমানা নির্ধারক। 'লাইন অব একচুয়াল কন্ট্রোল'-ও চীন ও ভারতের সীমানা নির্ধারক। লাইন অব কন্ট্রোল = ভারত ও পাকিস্তান; ডুরান্ড লাইন = পাকিস্তান ও আফগানিস্তান।

৭৯. জাতিসংঘ দিবস পালিত হয়–

ক. ২৪ অক্টোবর খ. ২৪ আগস্ট
গ. ২৪ ডিসেম্বর ঘ. ২৪ নভেম্বর **উ. ক**

ব্যাখ্যা : জাতিসংঘ সনদ স্বাক্ষরিক হয় ২৬ জুন ১৯৪৫, কিন্তু কার্যকর হয় ২৪ অক্টোবর ১৯৪৫। তাই ২৪ অক্টোবর জাতিসংঘ দিবস হিসেবে পালিত হয়। জাতিসংঘের সদরদপ্তর = নিউইয়র্ক এবং সদস্য = ১৯৩টি দেশ।

Job Navigator

৮০. 'কার্টাগোনা প্রটোকল' হচ্ছে–
ক. জাতিসংঘের জৈবনিরাপত্তা বিষয়ক চুক্তি
খ. ইরান পুনর্গঠন চুক্তি
গ. যুক্তরাষ্ট্র-মেক্সিকো বৈধ চুক্তি
ঘ. শিশু অধিকার চুক্তি **উ. ক**

ব্যাখ্যা : জাতিসংঘের জৈব নিরাপত্তা বিষয়ক চুক্তি কার্টাগেনা ২০০০ সালে কানাডার মন্ট্রিলে গৃহীত হয়। কার্যকর হয় ২০০৩ সালে। এর পুরো নাম Cartagena Protocol on Biosafety to the Convention of Biotogical Diversity.

৮১. **"মনপুরা '৭০" কি?**
ক. একটি উপজেলা খ. একটি নদীবন্দর
গ. একটি উপন্যাস ঘ. একটি চিত্রশিল্প **উ. ঘ**

ব্যাখ্যা : শিল্পাচার্য জয়নুল আবেদিনের (১৯১৪-১৯৭৬) একটি বিখ্যাত চিত্রকর্ম হচ্ছে মনপুরা '৭০। ১৯৭০ সালে দেশের দক্ষিণাঞ্চলে সংঘটিত ভয়াবহ ঘূর্ণিঝড়ের প্রেক্ষিতে তিনি এ চিত্রকর্মটি আঁকেন। তাঁর অন্যান্য চিত্রকর্মের মধ্যে রয়েছে সংগ্রাম, ম্যাডোনা ১৯৪৩, বিদ্রোহী গরু, সাঁওতাল রমণী, গায়ের বধু, কাক, মইটানা, নবান্ন, দুর্ভিক্ষ ইত্যাদি। তিনি বাংলার দুর্ভিক্ষ (পঞ্চাশের মন্বন্তর) এর ছবি এঁকে আর্ন্তজাতিক খ্যাতি অর্জন করেন। উল্লেখ্য মনপুরা ভোলা জেলার একটি উপজেলা।

৮২. **শান্তিতে অবদানের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন পদকটি পেয়েছিলেন?**
ক. ফ্রিডম পদক খ. ম্যাগসেসে পদক
গ. জওহরলাল নেহেরু পদক ঘ. জুলিও কুরি পদক **উ. ঘ**

ব্যাখ্যা : শান্তিতে অবদানের জন্য বিশ্ব শান্তি পরিষদ বঙ্গবন্ধুকে 'জুলিও কুরি পদকে' ভূষিত করে ১০ অক্টোবর ১৯৭২। এ পদক প্রদান করা হয় ২৩ মে, ১৯৭৩।

৮৩. **বাংলাদেশের সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক–**
ক. সেনাবাহিনী প্রধান খ. প্রতিরক্ষামন্ত্রী
গ. প্রধানমন্ত্রী ঘ. রাষ্ট্রপতি **উ. ঘ**

ব্যাখ্যা : বাংলাদেশের সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক হলেন মহামান্য রাষ্ট্রপতি। বাংলাদেশেব সংবিধানের ৬১ নং অনুচ্ছেদে বলা হয়েছে- "বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগ সমূহের সর্বাধিনায়ক রাষ্ট্রপতির উপর ন্যাস্ত হইবে।"

৮৪. **২৬তম কমনওয়েলথ শীর্ষ সম্মেলন (CHOGM) কবে অনুষ্ঠিত হবে?**
ক. ২০১৯ সালে খ. ২০২০ সালে
গ. ২০২১ সালে· ঘ. ২০২২ সালে **উ.***

ব্যাখ্যা : Commonwealth Heads to Government Meeting বা কমনওয়েলথ সরকার প্রধানদের সম্মেলন হচ্ছে CHOGM। ২৬তম CHOGM অনুষ্ঠিত হওয়ার কথা ছিল ২০২০ সালে রুয়ান্ডার রাজধানী কিগালিতে। কিন্তু করোনাভাইরাসের সংক্রমণের কারণে পরবর্তীতে এটি অনুষ্ঠিত হয় ২০২২ সালের ২০-২৫ জুন রুয়ান্ডার রাজধানী কিগালিতে। উল্লেখ্য যে, প্রথম CHOGM অনুষ্ঠিত হয় ১৯৭১ সালে সিঙ্গাপুরে।

৮৫. **WIMAX-এর পূর্ণ কী?**
ক. Worldwide Interoperability for Microwave Access
খ. Worldwide Internet for Microwave Access
গ. Worldwide Interconnection for Microwave Access
ঘ. কোনোটিই নয় **উ. ক**

ব্যাখ্যা : Worldwide Inter-operabilty for Microwave Access- এর সংক্ষিপ্ত রূপ হচ্ছে WIMAX। এটি তারবিহীন উচ্চ গতির ব্রডব্যান্ড ইন্টারনেট প্রযুক্তি। সারাবিশ্বে WIMAX চালু হয় ২০০১ সালে, বাংলাদেশে চালু হয় ২০০৯ সালে।

৮৬. **প্রাচীন 'চন্দ্রদ্বীপ'-এর বর্তমান নাম কি?**
ক. মালদ্বীপ খ. হাতিয়া
গ. বরিশাল ঘ. সন্দ্বীপ **উ. গ**

ব্যাখ্যা : প্রাচীন জনপদ চন্দ্রদ্বীপের বর্তমান নাম বরিশাল। বরিশালকে বলা হয় 'বাংলার শস্যভাণ্ডার', 'বাংলার ভেনিস'। বরিশালের অন্য পুরাতন নাম হল- বাকলা/ইসমাইলপুর।

৮৭. **সংবিধানের ২৮(২) অনুচ্ছেদের বিষয়বস্তু কী?**
ক. সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান
খ. সর্বস্তরে নারী-পুরুষের সমান অধিকার
গ. সকল নাগরিকের চাকুরী লাভের সুযোগ
ঘ. জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার **উ. খ**

ব্যাখ্যা : সংবিধানের ২৮ (২) অনুচ্ছেদের বিষয়বস্তু হচ্ছে নারী পুরুষের সমান অধিকার। বাংলাদেশের সংবিধানের ২৮নং অনুচ্ছেদে বলা হয়েছে- "রাষ্ট্র ও জীবনের সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার লাভ করিবেন"।

৮৮. **বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করা হয় কবে?**
ক. ৮ মে ২০১৮ খ. ১০ মে ২০১৮
গ. ১১ মে ২০১৮ ঘ. ১২ মে ২০১৮ **উ. ঘ**

ব্যাখ্যা : 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' বাংলাদেশের প্রথম কৃত্রিম স্যাটেলাইট। যুক্তরাষ্ট্রের কেপ কেনেডি থেকে 'ফেলকন-৯' রকেটে করে বাংলাদেশ সময় অনুযায়ী ১২ মে ২০১৮ তারিখে উৎক্ষেপণ করা হয়। বাংলাদেশ স্যাটেলাইট উৎক্ষেপণকারী ৫৭তম দেশ।

৮৯. **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মনোগ্রাম-এ কয়টি তারকা চিহ্ন রয়েছে?**
ক. ৪টি খ. ৫টি
গ. ৬টি ঘ. ২টি **উ. ক**

ব্যাখ্যা : বাংলাদেশের রাষ্ট্রীয় মনোগ্রামে ৪টি তারকা আছে। বাংলাদেশের জাতীয় প্রতীকেও ৪টি তারকা আছে। ৪টি তারকা সংবিধানে উল্লেখিত বাংলাদেশের ৪টি রাষ্ট্রীয় মূলনীতিকে নির্দেশ করে। বাংলাদেশের রাষ্ট্রীয় মনোগ্রামের ডিজাইনার এ এন এ সাহা।

৯০. ২০১৯ সালে অনুষ্ঠেয় বিশ্বকাপ ক্রিকেট কোন দেশে অনুষ্ঠিত হবে?

ক. ভারত খ. পাকিস্তান
গ. ইংল্যান্ড ঘ. অস্ট্রেলিয়া **উ. গ**

ব্যাখ্যা : ২০১৯ সালে দ্বাদশ ওয়ানডে বিশ্বকাপ ক্রিকেট অনুষ্ঠিত হয় ইংল্যান্ডে। ২০২৩ সালে ১৩তম ওয়ানডে বিশ্বকাপ ক্রিকেট অনুষ্ঠিত হবে ভারতে।

৯১. বাংলাদেশে কোনটি প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র?

ক. কর্ণফুলী খ. তিতাস
গ. গোমতি ঘ. হালদা **উ. ঘ**

ব্যাখ্যা : বাংলাদেশের একমাত্র 'প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র' হচ্ছে হালদা নদী (বর্তমান নাম- 'বঙ্গবন্ধু মৎস্য হেরিটেজ')। এ নদী থেকে বাণিজ্যিক ভিত্তিতে মাছের রেণু পোনা সংগ্রহ করা হয়। খাগড়াছড়ির বাদানতলী পর্বতশৃঙ্গ থেকে এ নদী উৎপত্তি। (হালদা ভ্যালি খাগড়াছড়িতে অবস্থিত। মনে রাখুন- খিচুড়ির রং হলুদ)

৯২. বিখ্যাত যুদ্ধক্ষেত্র ওয়াটারলু কোন দেশে অবস্থিত?

ক. আফগানিস্তান খ. বেলজিয়াম
গ. মরক্কো ঘ. তুরস্ক **উ. খ**

ব্যাখ্যা : বিখ্যাত ওয়াটার লু যুদ্ধক্ষেত্র বেলজিয়ামে অবস্থিত। ১৮১৫ সালে এখানে নেপোলিয়ন বোনাপার্ট ও ব্রিটিশ ব্রিটিশ বাহিনীর মধ্যে ঐতিহাসিক 'ওয়াটার লু' যুদ্ধ হয়। যুদ্ধে নেপোলিয় ডিউক অব ওয়েলিংটনের কাছে পরাজিত হন। নেপোলিয়নকে সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসিত করা হয় এবং ১৮২১ সালে তিনি সেখানেই মৃত্যুবরণ করেন। তাকে বলা হয় ফরাসি বিপ্লবের শিশু এবং 'লিটল করপোরাল' ছিল তার উপনাম।

৯৩. রোহিঙ্গা মুসলিম নিধনে নেতৃত্ব প্রদানকারী অন্যতম জেনারেল কে?

ক. মুং মই খ. উথান
গ. সুচি ঘ. মাউং মাউং **উ. ঘ**

ব্যাখ্যা : মিয়ানমারের রাখাইন প্রদেশের জনগোষ্ঠী রোহিঙ্গাদের নাগরিকত্ব বাতিল করা হয় ১৯৮২ সালে। ২০১৬ সালে রোহিঙ্গা নিধনে চালানো হয় সামরিক অভিমান 'অপারেশন ক্লিয়ারেন্স'। আর রোহিঙ্গা নিধনে ২৫ আগস্ট ২০১৭ তারিখে চালানে পরিকল্পিত গণহত্যা আর এতে নেতৃত্বদানকারী অন্যতম হলে মেজর জেনারেল মাউং মাউং শোয়ে।

৯৪. আন্তর্জাতিক অর্থ তহবিলের সদর দপ্তর কোথায়?

ক. নিউইয়র্ক খ. টোকিও
গ. রোম ঘ. ওয়াশিংটন **উ. ঘ**

ব্যাখ্যা : 'ব্রেটন উডস' প্রতিষ্ঠান আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) এর সদর দফতর যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে অবস্থিত। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৪৪ সালে; কিন্তু কার্যক্রম চালু হয় ১৯৪৭ সালে।

৯৫. ২০১৮ সালে ১৮৯টি দেশের মধ্যে বাংলাদেশের মানব উন্নয়ন সূচক কত?

ক. ১২৬ খ. ১৩৬
গ. ১৩৯ ঘ. ১৪৫ **উ. খ**

ব্যাখ্যা : UNDP 'মানব উন্নয়ন সূচক ২০২১-২২' অনুসারে, বাংলাদেশের অবস্থান ১২৯তম; শীর্ষদেশ- সুইজারল্যান্ড ও সর্বনিম্ন দেশ- দক্ষিণ সুদান।

৯৬. বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে প্রথম জাতিসংঘে যোগদান করে কত সালে?

ক. ১৯৭২ খ. ১৯৭৩
গ. ১৯৭৪ ঘ. ১৯৭৫ **উ. গ**

ব্যাখ্যা : ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর ২৯তম অধিবেশনে বাংলাদেশে আনুষ্ঠানিকভাবে জাতিসংঘে যোগ দেয়। আর ২৫ সেপ্টেম্বর ১৯৭৪ বঙ্গবন্ধু জাতিসংঘে বাংলায় ভাষণ দেন। বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্য।

৯৭. স্বাধীন বাংলাদেশের নির্বাচিত প্রথম প্রধানমন্ত্রী ছিলেন কে?

ক. শেখ মুজিবুর রহমান খ. তাজউদ্দীন আহমদ
গ. সৈয়দ নজরুল ইসলাম ঘ. আতাউর রহমান খান **উ. ক**

ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী (মুজিবনগর সরকারের) তাজউদ্দীন আহমেদ। আর স্বাধীন বাংলাদেশের প্রথম নির্বাচিত প্রধানমন্ত্রী শেখ মুজিবুর রহমান। স্বাধীন বাংলাদেশে প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয় ৭ মার্চ ১৯৭৩।

৯৮. ২০১৮ সালে বাংলাদেশের মানুষের গড় আয়ু কত?

ক. ৬৮ বছর খ. ৭২ বছর
গ. ৭৮ বছর ঘ. ৮২ বছর **উ. খ**

ব্যাখ্যা : 'অর্থনৈতিক সমীক্ষা ২০২৩' অনুসারে, বাংলাদেশে মানুষের প্রত্যাশিত গড় আয়ু ৭২.৩ বছর।

৯৯. শীতকালে বাংলাদেশের কোনটি সবচেয়ে শীতলতম জেলা?

ক. দিনাজপুর খ. বগুড়া
গ. শেরপুর ঘ. গাজীপুর **উ. ক**

ব্যাখ্যা : শীতকালে বাংলাদেশের শীতলতম জেলা দিনাজপুর। তবে সার্বিকভাবে বাংলাদেশের শীতলতম জেলা সিলেট আর শীতলতম স্থান শ্রীমঙ্গল (মৌলভীবাজার) এবং উষ্ণতম জেলা রাজশাহী। বাংলাদেশের শীতলতম মাস- জানুয়ারি এবং উষ্ণতম মাস- এপ্রিল।

১০০. বাংলাদেশের সরকারি আয়ের প্রধান উৎস কোনটি?

ক. আয়কর খ. মূসক (মূল্য সংযোজন কর)
গ. আমদানি শুল্ক ঘ. বিক্রয় কর **উ. খ**

ব্যাখ্যা : বাংলাদেশে সরকারি আয়ের প্রধান উৎস হচ্ছে মূসক বা মূল্য সংযোজন কর (Value-Added Tax- VAT)। বাংলাদেশ মূসক/VAT চালু হয় ১ জুলাই ১৯৯১। এটি একটি পরোক্ষ কর।

১৪তম স্কুল-২/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৭

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড-১; বিষয় কোড : ২০০; পরীক্ষার তারিখ : ২৫.০৮.২০১৭

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. মানুষের ভাষা কিসের সাহায্যে সৃষ্টি হয়?
ক. ইঙ্গিতের সাহায্যে খ. ঠোঁটের সাহায্যে
গ. কণ্ঠের সাহায্যে ঘ. বাগযন্ত্রের সাহায্যে **উ. ঘ**

ব্যাখ্যা : 'মানুষের ভাষা' বাগযন্ত্রের সাহায্যে সৃষ্টি হয়। ধ্বনির সৃষ্টি হয় বাগ্‌যন্ত্রের দ্বারা। গলনালি, মুখবিবর, কণ্ঠ, জিহ্বা, তালু, দাঁত, নাক ইত্যাদি বাক্ প্রত্যঙ্গকে এক কথায় বাগযন্ত্র বলে। এই বাগযন্ত্রের দ্বারা উচ্চারিত অর্থবোধক ধ্বনির সাহায্যে মানুষের ভাব প্রকাশের মাধ্যমকে ভাষা বলে।

২. কথ্যরীতি সমন্বয়ে শিষ্টজনের ব্যবহৃত ভাষাকে কী বলে?
ক. সাধুভাষা খ. আদর্শ চলিত ভাষা
গ. আঞ্চলিক ভাষা ঘ. দেশি ভাষা **উ. খ**

ব্যাখ্যা : কথ্যরীতি সমন্বয়ে শিষ্টজনের ব্যবহৃত ভাষাকে আদর্শ চলিত ভাষা বলে। বাংলা চলিত ভাষার জনক বলা হয়- প্রমথ চৌধুরীকে।

৩. 'সাক্ষী গোপাল' বাগধারাটির অর্থ কী?
ক. অপদার্থ খ. মূর্খ
গ. সক্রিয় দর্শক ঘ. নিষ্ক্রিয় দর্শক **উ. ঘ**

ব্যাখ্যা : 'সাক্ষী গোপাল' বাগধারাটির অর্থ নিষ্ক্রিয় দর্শক। 'আমড়া কাঠের ঢেঁকি' বাগধারাটির অর্থ- অপদার্থ। 'গোবর গণেশ' বাগধারার অর্থ- মূর্খ/নিরেট মূর্খ।

৪. 'নেই আঁকড়া' বাগধারাটির অর্থ–
ক. একই স্বভাবের খ. নিরেট মূর্খ
গ. একগুঁয়ে ঘ. সহায় সম্বলহীন **উ. গ**

ব্যাখ্যা : 'নেই আঁকড়া' বাগধারাটির অর্থ একগুঁয়ে। এর সমার্থক বাগধারা– গোকুলের ষাঁড়, ধর্মের ষাঁড়। 'ঝাঁকের কই' বাগধারাটির অর্থ- একই স্বভাবের বা একই দলের লোক। 'স্রোতের শেওলা' বাগধারাটির অর্থ- নিরাশ্রয় ও সহায় সম্বলহীন লোক।

৫. বাড়ি বা রাস্তার নম্বরের পরে কোন চিহ্ন বসে?
ক. দাঁড়ি খ. কোলন
গ. কমা ঘ. সেমিকোলন **উ. গ**

ব্যাখ্যা : বাড়ি বা রাস্তার নাম্বারের পর, সম্বোধনের পর 'কমা' চিহ্ন বসে।

৬. কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে, কোন যদি চিহ্নটি বসবে?
ক. কোলন খ. ড্যাস
গ. হাইফেন ঘ. সেমিকোলন **উ. ঘ**

ব্যাখ্যা : 'কমা' (১ বলতে যে সময় লাগে) অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে 'সেমিকোলন' (১ বলার দ্বিগুণ সময়) বসে।

৭. কোন বানানটি সঠিক?
ক. সমিচিন খ. সমীচীন
গ. সমীচিন ঘ. সমিচীন **উ. খ**

ব্যাখ্যা : 'সমীচীন' বানানটি সঠিক, এরূপ আরো কয়েকটি বানান- মনীষী, উদীচী, জীবনী ইত্যাদি।

৮. Man gets as much as he wants-এর সঠিক বাংলা অনুবাদ কোনটি?
ক. মানুষের চাওয়া বেশি, পাওয়া বেশি
খ. মানুষ যত পায়, তত চায়
গ. মানুষের চাওয়ার শেষ নেই
ঘ. মানুষ যা চায় তা পায় না **উ. খ**

ব্যাখ্যা : Man gets as much as he wants-এর সঠিক বাংলা অনুবাদ 'মানুষ যত পায়, তত চায়'।

৯. 'It is a long story' এর সঠিক বাংলা অনুবাদ–
ক. সে এক বিরাট ইতিহাস খ. বড় কাহিনী
গ. সে অনেক কথা ঘ. সে অনেক বড় কাহিনী **উ. গ**

ব্যাখ্যা : 'It is a long story'-এর সঠিক বাংলা অনুবাদ– সে অনেক কথা।

১০. কোন বাক্যটি শুদ্ধ?
ক. অনেক সন্ন্যাসিতে গাজন নষ্ট খ. অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট
গ. অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট ঘ. অধিক সন্ন্যাসীতে গান নষ্ট **উ. খ**

ব্যাখ্যা : 'অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট'– বাক্যটি শুদ্ধ। অন্য বাক্যগুলো বানান ও প্রদক্রমজনিত কারণে ভুল।

১১. শুদ্ধ কোনটি?
ক. ভূবন খ. ভুবন
গ. ভুবণ ঘ. ভূবণ **উ. খ**

ব্যাখ্যা : 'ভুবন' শব্দটি শুদ্ধ। এটি সংস্কৃত কৃৎপ্রত্যয় সাধিত শব্দ।

১২. সন্নিহিত দুটি ধ্বনির মিলনকে কী বলে?
ক. সন্ধি খ. প্রত্যয়
গ. বচন ঘ. সমাস **উ. ক**

ব্যাখ্যা : সন্নিহিত দুটি ধ্বনির মিলনকে সন্ধি বলে। সন্ধির মাধ্যমে শব্দের উচ্চারণ সহজ ও শ্রুতিমধুর হয়। শব্দ বা ধাতুর মূলের সঙ্গে যে ধ্বনি বা ধ্বনিসমষ্টি যুক্ত হয়, তাকে 'প্রত্যয়' বলে। 'বচন' অর্থ সংখ্যার ধারণা। বিশেষ্য বা সর্বনাম পদের সংখ্যাগত ধারণা প্রকাশের উপায়কে বচন বলে। সমাস শব্দের অর্থ সংক্ষেপ, মিলন, একাধিক পদের একপদীকরণ। সম্বন্ধ আছে এমন একাধিক শব্দের মিলিত হয়ে একটি নতুন শব্দ তৈরির ব্যাকরণ সম্মত প্রক্রিয়াকেই সমাস বলে।

১৩. নিয়ম অনুসারে সন্ধি হয় না কোনটির?
ক. পাবক খ. শাবক
গ. কুলটা ঘ. গায়ক **উ. গ**
ব্যাখ্যা : 'কুলটা' (কুল + অটা) শব্দটির নিয়ম অনুসারে সন্ধি হয় না। এটি নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির উদাহরণ।

১৪. 'রাজ্ঞী' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. রাজ্ + নী খ. রাগ্ + নী
গ. রাজ্ + ঞী ঘ. রাগ্ + ঞী **উ. ক**
ব্যাখ্যা : 'রাজ্ঞী' এর সন্ধি বিচ্ছেদ- রাজ্ + নী, তৎসম ব্যঞ্জন সন্ধির নিয়ম অনুযায়ী চ/জ পূর্বে থাকলে পরবর্তী 'ন' এর স্থানে ঞ হয়। যেমন : যজ্ + ন = যজ্ঞ।

১৫. সামীপ্য অর্থে কোন অধিকরণ হয়?
ক. অভিব্যাপক খ. আধারাধিকরণ
গ. ঐকদেশিক ঘ. কালাধিকরণ **উ. খ**
ব্যাখ্যা : সামীপ্য অর্থে ঐকদেশিক (বিশাল স্থানের যেকোনো অংশে) আধারাধিকরণ হয়। যেমন : ঘাটে (ঘাটের কাছে) নৌকা বাধা আছে।

১৬. 'আমি কি ডরাই সখী ভিখারি রাঘবে?'– 'রাঘবে' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী
গ. করণে ৭মী ঘ. অপাদানে ৭মী **উ. ঘ**
ব্যাখ্যা : 'আমি কি ডরাই সখী ভিখারি রাঘবে?'– 'রাঘবে' অপাদান কারকে সপ্তমী বিভক্তি। ভয় বোঝালে ভয়ের উৎস অপাদান কারক হবে।

১৭. কৃদন্ত পদের সাথে উপপদের যে সমাস হয় তাকে কী বলে?
ক. উপপদ তৎপুরুষ খ. উপমান কর্মধারয়
গ. উপমিত কর্মধারয় ঘ. নিত্য সমাস **উ. ক**
ব্যাখ্যা : কৃদন্ত পদ (কৃৎপ্রত্যয় সাধিত পদ) এর পূর্ববর্তী পদকে উপপাদ বলে; আর কৃদন্ত পদের সাথে উপপদের যে সমাস হয় তাকে উপপদ তৎপুরুষ সমাস বলে।

১৮. 'অন্তরীপ' সমস্তপদটি কোন বহুব্রীহি সমাসের অন্তর্গত?
ক. প্রত্যয়ান্ত বহুব্রীহি খ. সংখ্যাবাচক বহুব্রীহি
গ. নিপাতনে সিদ্ধ বহুব্রীহি ঘ. ব্যাধিকরণ বহুব্রীহি **উ. গ**
ব্যাখ্যা : 'অন্তরীপ' সমস্তপদটি নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাসের উদাহরণ। 'অন্তরীপ' সমস্তপদটির ব্যাসবাক্য হল অন্তর্গত অপ যার = অন্তরীপ।

১৯. প্রত্যয়ের কোন নিয়মটি সঠিক?
ক. নীল + মা = নীলিমা খ. নীল + ইমন = নীলিমা
গ. নী + ইলিমা = নীলিমা ঘ. নিলী + মা = নীলিমা **উ. খ**
ব্যাখ্যা : শব্দের শেষে 'ইমা' থাকলে ইমন প্রত্যয় যুক্ত হয়। যেমন : নীল + ইমন = নীলিমা, রক্ত + ইমন = রক্তিমা, তনু + ইমন = তনিমা ইত্যাদি।

২০. প্রাতিপদিক কী?
ক. সাধিত শব্দ খ. বিভক্তিযুক্ত শব্দ
গ. বিভক্তিহীন নাম শব্দ ঘ. প্রত্যয়যুক্ত শব্দ **উ. গ**
ব্যাখ্যা : বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপদিক বলে। বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে পদ বলে।

২১. 'অম্বর' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. চন্দ্র খ. সূর্য
গ. নভঃ ঘ. মেঘ **উ. গ**
ব্যাখ্যা : 'অম্বর' অর্থ আকাশ; যার সমার্থক শব্দ- নভঃ। কিন্তু অম্বু অর্থ পানি; অম্বুদ অর্থ মেঘ, অম্বুধি অর্থ সমুদ্র, অম্বুনিধি অর্থ সমুদ্র।

২২. 'প্রসারণ'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অপ্রসারণ খ. অপসরণ
গ. আকিঞ্চন ঘ. আকুঞ্চন **উ. ঘ**
ব্যাখ্যা : প্রসারণের বিপরীতার্থক শব্দ- আকুঞ্চন।

২৩. 'ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি'– এক কথায় কী হবে?
ক. ইতিহাসসচেতন খ. ঐতিহাসিক
গ. ইতিহাসবেত্তা ঘ. চিন্তাবিদ **উ. গ**
ব্যাখ্যা : ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি- ইতিহাসবেত্তা। ইতিহাস রচনা করেন বা ইতিহাস নিয়ে লিখেন যিনি- ঐতিহাসিক।

২৪. 'নী' প্রত্যয়যোগে লিঙ্গান্তর হয়েছে কোন শব্দটি?
ক. অরণ্যানী খ. চাকরানী
গ. ভাগনী ঘ. মেধাবিনী **উ. ঘ**
ব্যাখ্যা : 'নী' প্রত্যয়যোগে লিঙ্গান্তর হয়েছে 'মেধাবিনী' শব্দটি। মেধাবী + নী = মেধাবিনী। এইরকম- যোগী-যোগিনী; ধোপা-ধোপানী।

২৫. 'শুক' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?
ক. সারী খ. শারী
গ. শুকী ঘ. সারা **উ. ক**
ব্যাখ্যা : 'শুক' শব্দের স্ত্রীবাচক শব্দ 'শুকী'। 'শুক' শব্দের অর্থ টিয়া পাখি।

২৬. তিনি সৎ লোক ছিলেন, তাই না?
ক. He was truthful, was he?
খ. He was an honest man, wasn't he?
গ. He was an honest man, did not he?
ঘ. He was really an honest man? **উ. খ**
ব্যাখ্যা : Tag question এর ক্ষেত্রে positive statement হলে negative tag হয়। option 'খ' হবে উত্তর।

২৭. আমি এইমাত্র তোমার চিঠি পেয়েছি।
ক. I received your letter just now.
খ. I have just received your letter.
গ. I just have received your letter.
ঘ. Just I have received your letter. **উ. খ**
ব্যাখ্যা : 'এই মাত্র' বোঝাতে present perfect tense হয়। এবং বাক্যে modal ও principal verb থাকলে কিছু adverb আছে যেগুলো দুই verb এর মাঝে বসে। তাই option 'খ' হবে উত্তর।

২৮. গাছে এখনও ফল ধরেনি।
ক. The tree has not yet borne fruit.
খ. There is no fruit in the tree.
গ. Still the tree is without fruit.
ঘ. The tree has not born fruit yet. **উ. ক**

ব্যাখ্যা : কোন কিছু এখনো হয়নি বা বাকি আছে বুঝাতে yet ব্যবহৃত হয়। তাই option 'ক' হবে উত্তর।

২৯. গুজবে কান দেওয়া উচিত নয়।
ক. One should not concentrate on rumour.
খ. We should not hear rumour.
গ. One should not give ear to rumour.
ঘ. We should not give our ear on rumour. উ. গ

ব্যাখ্যা : কোনো কিছুতে কান দেওয়া অর্থে 'give ear to' ব্যবহৃত হয়। 'give ear to rumour' অর্থ গুজবে কান দেওয়া। অতএব, সঠিক উত্তর অপশন 'ক'।

৩০. সে হাঁপাতে হাঁপাতে এখানে আসল।
ক. He has come here exhausted.
খ. He had come here runing.
গ. He came here hurriedly
ঘ. He came here panting. উ. ঘ

ব্যাখ্যা : 'Panting' অর্থ হাঁপাতে হাঁপাতে। অন্যদিকে, exhausted অর্থ পরিশ্রান্ত; runing অর্থ দৌড়াতে দৌড়াতে; hurriedly অর্থ দ্রুততার সাথে।

৩১. কিছু করার আগে ভাল করে ভেবে নাও।
ক. Think before you do anything.
খ. Look before you leap.
গ. Look before you do.
ঘ. Think before you leap. উ. খ

ব্যাখ্যা : 'Look before you leap' হল একটি প্রবাদ; যার অর্থ হল 'ভাবিয়া করিও কাজ করিয়া ভাবিও না'।

৩২. The noun form of 'broad' is—
ক. broadly খ. breath
গ. broaden ঘ. breadth উ. ঘ

ব্যাখ্যা : 'broad (প্রশস্ত) একটি adjective; যার noun হল breadth (প্রশস্ততা)। অন্যদিকে, broadly–ব্যাপকভাবে (adverb), broaden–প্রসারিত করা (verb)। আবার, breath(শ্বাস-প্রশ্বাস) একটি noun। তবে এটি 'Breathe' (শ্বাস-প্রশ্বাস নেওয়া বা ফেলা) verb এর noun।

৩৩. The verb form of 'little' is—
ক. belittle খ. enlittle
গ. littlen ঘ. littlise উ. ক

ব্যাখ্যা : option 'ক' ছাড়া বাকী option গুলো দিয়ে ইংরেজিতে কোন শব্দ হয় না। তাই option 'ক' হবে উত্তর।

৩৪. What part of speech is the word 'manly'?
ক. Noun খ. Verb
গ. Adjective ঘ. Adverb উ. গ

ব্যাখ্যা : Noun এর শেষে ly যুক্ত হলে Noun টি Adjective হয়ে যায়। যেমন- Friend(noun)–Friendly (Adjetive)। এরকম- man-manly, mother-motherly, father-fatherly, brother-brotherly. তাই, 'গ' হবে উত্তর।

৩৫. The noun form of approve is—.
ক. approveness খ. approof
গ. approval ঘ. aproval উ. গ

ব্যাখ্যা : অনেক সময় শব্দের শেষে 'al' যুক্ত হলে শব্দটি noun হয়ে যায়। যেমন, arrive arrival, remove-removal তাই option 'গ' হবে উত্তর।

৩৬. Lima along with her friends— to school everyday.
ক. go খ. goes
গ. is going ঘ. are going উ. খ

ব্যাখ্যা : along with, together with, accompanied by, as well as ইত্যাদি phrase যুক্ত হলে ঐ বাক্যের verb টি phrase এর আগের subject অনুযায়ী হয়। phrase এর আগের subject singular হলে verb ও singular হয়। আর subject টি plural হলে verb ও plural হয়। option 'খ' হবে সঠিক উত্তর।

৩৭. Mr. Ruhin — a crime.
ক. did খ. does
গ. comits ঘ. committed উ. ঘ

ব্যাখ্যা : 'commit crime' একটি phrase; যার অর্থ অপরাধ করা। option 'গ' এ বানান ভুল আছে। তাই option 'ঘ' হবে উত্তর।

৩৮. Your watch has run —
ক. down খ. short
গ. good ঘ. up উ. ক

ব্যাখ্যা : run down phrase-টির অর্থ নষ্ট হয়ে যাওয়া। 'Your watch has run down' বাক্যটির অর্থ হল- 'তোমার ঘড়িটি নষ্ট হয়ে গিয়েছে।'

৩৯. What is the verb form of the word 'beauty'?
ক. beautiful খ. beautifully
গ. beautifying ঘ. beautify উ. ঘ

ব্যাখ্যা : কিছু শব্দের শেষে fy যোগ করে verb করা হয়। যেমন, class – classify, modification – modify, simple – simplify ইত্যাদি। option 'ঘ' হবে উত্তর।

৪০. The word 'docile' refers to—
ক. wild খ. angry
গ. disheartened ঘ. tame উ. ঘ

ব্যাখ্যা : wild– বর্বর/হিংস্র, angry– রাগান্বিত, disheartened– হতাশ এবং tame– বশীভূত, অনুগত। আবার docile অর্থ অনুগত বা বাধ্য। তাই option 'ঘ' হবে উত্তর।

৪১. The antonym of 'candid' is—
ক. frank খ. straight forward
গ. reserved ঘ. truthful উ. গ

ব্যাখ্যা : candid অর্থ অকপট বা মনখোলা। আবার frank অর্থও অকপট বা মনখোলা। অন্যদিকে, straight forward সোজাসাপ্টা, reserved চাপা স্বভাবের, truthful সত্যবাদী। option 'গ' হল উত্তর।

৪২. **The synonym of 'decrease' is—**
ক. abate খ. destroy
গ. expand ঘ. amplify **উ. ক**

ব্যাখ্যা : decrease অর্থ হ্রাস পাওয়া। আবার abate অর্থও হ্রাস পাওয়া, destroy ধ্বংস হওয়া, expand বৃদ্ধি পাওয়া, amplify সম্প্রসারিত করা। option 'ক' হবে উত্তর।

৪৩. **'At a loss' means—**
ক. puzzled খ. destroyed
গ. defeat ঘ. harm **উ. ক**

ব্যাখ্যা : At a lass অর্থ হতবুদ্ধি হওয়া। আবার, puzzled অর্থও হতবুদ্ধি হওয়া, destroyed ধ্বংস হয়েছিল, defeat পরাজিত, harm ক্ষতি করা। option 'ক' হবে উত্তর।

৪৪. **Now-a-days educative programmes are — on different TV channels.**
ক. seen খ. telecasting
গ. telecast ঘ. telecasted **উ. গ**

ব্যাখ্যা : সম্প্রচার করা অর্থে telecast ব্যবহৃত হয়। টিভিতে যেহেতু কোনো প্রোগ্রাম নিজে নিজে সম্প্রচার হয় না, এর পিছনে অনেক মানুষ কাজ করে, তাই এটি passive voice হবে। তবে 'telecast' শব্দটির present, past এবং past participle form একইরকম। তাই option 'গ' হবে উত্তর।

৪৫. **Friendship is nothing but a name. (Interrogative)**
ক. What is friendship but a name?
খ. Is friedship anything but a name?
গ. What is nothing but a name?
ঘ. Why is friendship a name? **উ. খ**

ব্যাখ্যা : Assertive বাক্যকে Interrogative বাক্যে পরিণত করতে হলে প্রথমে verb বসবে + subject + nothing শব্দটি negative ও Interrogative বাক্যে anything হয়ে যায় + বাকি অংশ + প্রশ্নবোধক চিহ্ন। option 'খ' হবে উত্তর।

৪৬. **It is beyond doubt that he is a brave man. (Simple)**
ক. It is doubtless that he is a brave man.
খ. There is no doubt that he is a brave man.
গ. Undoubtedly he is a brave man.
ঘ. He is a brave man and there is no doubt about it. **উ. গ**

ব্যাখ্যা : complex থেকে simple করার সময়ে ২টি finite clause কে একটি finite clause এ নিয়ে আসতে হবে। প্রথম clause এর 'adjective' শব্দটি adverb করে প্রথম clause টি বাদ দিয়ে দ্বিতীয় clause টিকে finite clause করে নিলেই হবে। option 'গ' হবে উত্তর।

৪৭. **We should love our country. (Imperative)**
ক. Love our country.
খ. Let us love our country.
গ. We may not hate our country.
ঘ. Should love our country. **উ. খ**

ব্যাখ্যা : Imperative sentence verb দিয়ে শুরু হয়। কোনো কিছু উচিত বা প্রস্তাবনা বুঝালে let us দিয়ে করা যায়। option 'খ' হবে উত্তর।

৪৮. **Water-logging is one of the worst problems in our country. (Positive)**
ক. No other problem in our country is as bad as water-logging.
খ. Very few problems in our country are as bad as water-logging.
গ. Water-logging is a very worse problem in our country.
ঘ. Water logging is worse than any other problem in our country. **উ. খ**

ব্যাখ্যা : One of the যুক্ত superlative কে positive করার সময় one of the উঠে গিয়ে very few + superlative degree এর পরের অংশ + plural verb + as + superlative degree এর positive form + as + subject. option 'খ' হবে উত্তর।

৪৯. **As soon as the teacher enters the classroom, the students stand up. (Negative)**
ক. No sooner does the teacher enter the classroom than the students stand up.
খ. No sooner the teacher enters the classroom than the students stand up.
গ. No sooner had the teacher entered the classroom than the students stood up.
ঘ. The students stood up as the teacher entered the classroom. **উ. ক**

ব্যাখ্যা : As soon as যুক্ত assertive বাক্যকে negative করতে হলে as soon as উঠিয়ে দিয়ে প্রথমে no sooner + tense অনুযায়ী verb + subject + verb (tense, person ও sumber অনুসারে) + প্রথম clause এর বাকি অংশ + than দিয়ে দ্বিতীয় clause শুরু + দ্বিতীয় clause এর subject + verb (প্রথম clause এর verb অনুসারে)। প্রশ্নে প্রদত্ত বাক্যটি present indefinite tense-এ রয়েছে; তাই option 'ক' হবে উত্তর।

৫০. **What cannot be cured must be endured. (Active)**
ক. We must be endured what we can not cure.
খ. We cannot cure what we must endure.
গ. Must be endure can cure.
ঘ. We must endure what we cannot cure. **উ. ঘ**

ব্যাখ্যা : Passive voice থেকে active করার সময় প্রথমে প্রয়োজনমতো subject নিতে হবে + verb + বাকি অংশ। option 'ঘ' হবে উত্তর।

৫১. **৫ ঃ ৭ এবং ৩ ঃ ১৩ অনুপাতগুলোর ধারাবাহিক অনুপাত কত?**
ক. ১৫ ঃ ২১ ঃ ৯১ খ. ২১ ঃ ১৫ ঃ ৯১
গ. ২১ ঃ ১৫ ঃ ৬৫ ঘ. ১৫ ঃ ২১ ঃ ৩৯ **উ. ক**

ব্যাখ্যা : ৫ : ৭ = (৫ × ৩) : (৭ × ৩)
= ১৫ : ২১
৩ : ১৩ = (৩ × ৭) : (১৩ × ৭)
= ২১ : ৯১
∴ অনুপাতগুলোর ধারাবাহিক অনুপাত = ১৫ : ২১ : ৯১

৫২. ১৮ নিচের কোন সংখ্যার ৮% এর সমান?
ক. ৪৪.৪৪ খ. ১.৪৪
গ. ১৮০ ঘ. ২২৫ উ. ঘ

ব্যাখ্যা : মনে করি, সংখ্যাটি ক
∴ ক এর ৮% = ১৮
বা, $ক \times \frac{৮}{১০০} = ১৮$
বা, $ক = \frac{১৮ \times ১০০}{৮}$
∴ ক = ২২৫

৫৩. $x - \frac{1}{x} = \sqrt{2}$ হলে $x^3 - \frac{1}{x^3}$ এর মান কত?
ক. 0 খ. 2
গ. $5\sqrt{2}$ ঘ. $6\sqrt{2}$ উ. গ

ব্যাখ্যা : দেওয়া আছে, $x - \frac{1}{x} = \sqrt{2}$
এখন, $x^3 - \frac{1}{x^3} = (x)^3 - \left(\frac{1}{x}\right)^3$
$= \left(x - \frac{1}{x}\right)^3 + 3.x.\frac{1}{x}\left(x - \frac{1}{x}\right)$
$= \left(\sqrt{2}\right)^3 + 3.\sqrt{2}$
$= 2\sqrt{2} + 3\sqrt{2}$
$= 5\sqrt{2}$

৫৪. $4^x = 2$ হলে x এর মান কত?
ক. 2 খ. $\frac{1}{2}$
গ. $\frac{1}{8}$ ঘ. $\frac{1}{16}$ উ. খ

ব্যাখ্যা : দেওয়া আছে, $4^x = 2$
বা, $(2^2)^x = 2^1$
বা, $2^{2x} = 2^1$
বা, $2x = 1$
∴ $x = \frac{1}{2}$

৫৫. $25\sqrt{5}$ এর 5 ভিত্তিক লগ কত?
ক. $\frac{5}{2}$ খ. $\frac{1}{2}$
গ. $\frac{125}{2}$ ঘ. $\frac{25}{\sqrt{5}}$ উ. ক

ব্যাখ্যা : $\log_5 25\sqrt{5}$
$= \log_5 5^2.5^{\frac{1}{2}}$
$= \log_5 5^{2+\frac{1}{2}}$
$= \log_5 5^{\frac{4+1}{2}}$
$= \log_5 5^{\frac{5}{2}}$
$= \frac{5}{2}\log_5 5$
$= \frac{5}{2} \times 1$ [যেহেতু, $\log_5 5 = 1$]
$= \frac{5}{2}$

৫৬. ৭৫ টাকায় ১৫টি কলম কিনে ৯০ টাকায় বিক্রয় করলে শতকরা লাভ কত?
ক. ১০% খ. ১৫%
গ. ২০% ঘ. ২৫% উ. গ

ব্যাখ্যা : ৭৫ টাকায় লাভ হয় (৯০ − ৭৫) = ১৫ টাকা
∴ ১ টাকায় লাভ হয় = $\frac{১৫}{৭৫}$ টাকা
∴ ১০০ টাকায় লাভ হয় = $\frac{১৫ \times ১০০}{৭৫}$ টাকা = ২০%

৫৭. $16x^2 - 25y^2$ এবং $22ax - 15ay$ এর গ. সা. গু. কত?
ক. $6ax - 10ay$ খ. $4x + 5y$
গ. $4ax - 5ay$ ঘ. $4x - 5y$ উ. ঘ

ব্যাখ্যা : প্রশ্নে ভুল রয়েছে। দ্বিতীয় রাশিতে 22ax এর স্থলে 12ax হলে তখন উত্তর হবে : 4x − 5y]
ব্যাখ্যা : ১ম রাশি = $16x^2 - 25y^2$
$= (4x)^2 - (5y)^2$
$= (4x + 5y)(4x - 5y)$
২য় রাশি = $12ax - 15ay$
$= 3a(4x - 4y)$
∴ গ. সা. গু. = (4x − 5y)

৫৮. ৫০০ টাকায় বিক্রয় করায় ২৫% লাভ হলো, ক্রয়মূল্য কত?
ক. ৬২৫ টাকা খ. ৫২৫ টাকা
গ. ৪০০ টাকা ঘ. ৩৭৫ টাকা উ. গ

ব্যাখ্যা : ২৫% লাভে,
বিক্রয়মূল্য ১২৫ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
∴ " ১ " " " $\frac{১০০}{১২৫}$ "
∴ " ৫০০ " " " $\frac{১০০ \times ৫০০}{১২৫}$ "
= ৪০০ টাকা

Job Navigator

৫৯. ৬% হারে ৪০০ টাকার মুনাফা কত বছরে ১২০ টাকা?
ক. ৫ বছর খ. ৪ বছর
গ. ৩ বছর ঘ. ২ বছর উ. ক

ব্যাখ্যা : সরল মুনাফার সূত্র : সময় $n = \frac{I \times 100}{pr}$

$= \frac{120 \times 100}{400 \times 6}$

$\therefore n = ৫$ বছর

৬০. ৪, ৬, ৮ এর ৪র্থ সমানুপাতি কোনটি?
ক. ১০ খ. ১২
গ. ২৬ ঘ. ৪৮ উ. খ

ব্যাখ্যা : মনে করি, ৪র্থ সমানুপাতি = ক

$\therefore ৪ : ৬ = ৮ : ক$

বা, $\frac{৪}{৬} = \frac{৮}{ক}$

বা, $ক = \frac{৮ \times ৬}{৪}$

$\therefore ক = ১২$

৬১. ৭০° এর সম্পূরক কোণ কত?
ক. ২০° খ. ৩০°
গ. ৬০° ঘ. ১১০° উ. ঘ

ব্যাখ্যা : সম্পূরক কোণ = ১৮০° বা দুই সমকোণ। অর্থাৎ দুটি কোণের সমষ্টি ১৮০° বা দুই সমকোণ হলে একটিকে অপরটির সম্পূরক কোণ বলে।

$\therefore$ ৭০° এর সম্পূরক কোণ = (১৮০° − ৭০°)
= ১১০°

৬২. বৃত্তের ব্যাস 20 মিটার হলে পরিধি কত?
ক. 20π খ. 10π
গ. 100π ঘ. 400π উ. ক

ব্যাখ্যা : মনে করি, বৃত্তের ব্যাসার্ধ r মিটার

$\therefore$ বৃত্তের ব্যাস 2r মিটার

$\therefore$ বৃত্তের পরিধি = 2πr
= 2rπ
= 20π

[যেহেতু বৃত্তের ব্যাস 2r = 20 মিটার]

৬৩. সমবাহু ত্রিভুজের এক বাহু x মিটার হলে তার ক্ষেত্রফল কত বর্গমিটার?
ক. $\frac{3\sqrt{3}}{4}x^2$ খ. $\frac{\sqrt{3}}{4}x^2$
গ. $\frac{4}{\sqrt{3}}r^2$ ঘ. $\frac{\sqrt{3}}{4}a^2$ উ. খ

ব্যাখ্যা : সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য x মিটার হলে ক্ষেত্রফল হবে $= \frac{\sqrt{3}}{4}x^2$ বর্গমিটার।

৬৪. বর্গক্ষেত্রের একবাহু 4 মিটার হলে কর্ণ কত মিটার?
ক. $4\sqrt{2}$ খ. 16
গ. 32 ঘ. $32\sqrt{2}$ উ. ক

ব্যাখ্যা : বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য a মিটার হলে কর্ণ = $a\sqrt{2}$ মিটার

$\therefore$ বর্গক্ষেত্রের কর্ণ = $4\sqrt{2}$ মিটার [মান বসিয়ে]

৬৫. চিত্রে AB = BC = CD = AD হলে ∠x এর মান কত?



ক. 30° খ. 45°
গ. 60° ঘ. 75° উ. গ

ব্যাখ্যা :



দেওয়া আছে, ∠DBC = 30°

$\therefore$ ∠ABC = 2 × 30°
= 60°

$\therefore$ ∠ADC = 60°

$\therefore$ ∠DAB = {360° − (60° + 60°)} ÷ 2
= 240° ÷ 2 = 120°

$\therefore \angle CAB = \angle x = \frac{120°}{2} = 60°$

৬৬. $6x - 7x - 5$ এর উৎপাদক নিচের কোনটি?
ক. (2x + 1) (3x − 5) খ. (2x − 1) (3x + 5)
গ. (2x + 5) (3x − 1) ঘ. (2x − 5) (3x + 1) উ. ক

ব্যাখ্যা : $6x - 7x - 5 = 6x^2 - 10x + 3x - 5$
$= 6x^2 + 3x - 10x - 5$
$= 3x(2x + 1) - 5(2x + 1)$
$= (2x + 1)(3x - 5)$

৬৭. $a = 3^{\frac{1}{3}} + 3^{\frac{1}{2}}$ হলে $3a^3 - 9a + 1$ এর মান কত?
ক. 5 খ. 8
গ. 10 ঘ. 11 উ. ঘ

Job Navigator

ব্যাখ্যা : দেওয়া আছে, $a = 3^{\frac{1}{3}} + 3^{\frac{1}{2}}$

বা, $(a)^3 = \left(3^{\frac{1}{3}} + 3^{\frac{1}{3}}\right)^3$

বা, $a^3 = \left(3^{\frac{1}{3}}\right)^3 + \left(3^{-\frac{1}{3}}\right)^3 + 3.3^{\frac{1}{3}}.3^{-\frac{1}{3}}\left(3^{\frac{1}{3}} + 3^{-\frac{1}{3}}\right)$

বা, $3^3 = 3 + 3^{-3} + 3.3^{\frac{1}{3}-\frac{1}{3}}.a$

বা, $a^3 = 3 + \frac{1}{3} + 3.3^0.a$

বা, $a^3 = 3 + \frac{1}{3} + 3a$

বা, $3a^3 = 9 + 1 + 9a$

বা, $3a^3 - 9a = 10$

বা, $3a^3 - 9a + 1 = 10 + 1$ [উভয় পাশে 1 যোগ করে]

$\therefore 3a^3 - 9a + 1 = 11$

৬৮. $a^x = y$ হলে নিচের কোন সম্পর্কটি সঠিক?

ক. $y = \log_x a$ খ. $x = \log_a y$

গ. $a = \log_x y$ ঘ. $x = \log_y a$ **উ. খ**

ব্যাখ্যা : $a^x = y$

$\therefore x = \log_a y$ [log এর সূত্রানুসারে]

৬৯. $\log_x 324 = 4$ হলে, x এর মান কত?

ক. $3\sqrt{2}$ খ. $2\sqrt{3}$

গ. $5\sqrt{2}$ ঘ. $2\sqrt{5}$ **উ. ক**

ব্যাখ্যা : $\log_x^{324} = 4$

বা, $x^4 = 324$

বা, $x^4 = (3\sqrt{2})^4$

$\therefore x = 3\sqrt{2}$

৭০. দুটি সংখ্যার অনুপাত 3 : 2 এবং গ. সা. গু 4 হলে, তাদের গ. সা. গু কত?

ক. 6 খ. 8

গ. 12 ঘ. 24 **উ. ঘ**

ব্যাখ্যা : মনে করি, সংখ্যা দুটি যথাক্রমে = 3x ও 2x

$\therefore$ সংখ্যা দুটির গ. সা. গু. = x

অর্থাৎ $x = 4$

$\therefore$ সংখ্যা দুটির ল. সা. গু. $= 6x$

$= 6 \times 4$ [x এর মান বসিয়ে]

$= 24$

৭১. $a^2 - b^2 = 8$ এবং $ab = 3$ হলে $a^2 + b^2 =$ কত?

ক. ± 10 খ. 10

গ. ± 11 ঘ. 11 **উ. ক**

ব্যাখ্যা : আমরা জানি, $(a^2 + b^2) = (a^2 - b^2)^2 + 4.a^2.b^2$

$= (8)^2 + 4(ab)^2$ [মান বসিয়ে]

$= 64 + 4 \times (3)^2$ [মান বসিয়ে]

$= 64 + 36$

বা, $a^2 + b^2 = \pm\sqrt{100}$

$\therefore a^2 + b^2 = \pm 10$

৭২. কোনো ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 6, 8 ও 10 সেমি. হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক. 40 বর্গসেমি খ. 30 বর্গসেমি

গ. 24 বর্গসেমি ঘ. 12 বর্গসেমি **উ. গ**

ব্যাখ্যা : পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী,

(লম্ব)^2 + (ভূমি)^2 = (অতিভুজ)^2

$\Rightarrow 6^2 + 8^2 = (10)^2$

$\Rightarrow 36 + 64 = 100$

$\Rightarrow 100 = 100$

$\therefore$ ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 6 \times 8$ বর্গসেমি

$= 24$ বর্গসেমি।

৭৩. অর্ধবৃত্তস্থ কোণ সমান কত?

ক. ৩০° খ. ৪৫°

গ. ৬০° ঘ. ৯০° **উ. ঘ**

ব্যাখ্যা : আমরা জানি, অর্ধবৃত্তস্থ কোণ ৯০° বা এক সমকোণ।

৭৪. $\sqrt{x^{-1}y}.\sqrt{y^{-1}z}.\sqrt{z^{-1}x}$ এর মান কত?

ক. 0 খ. 1

গ. xyz ঘ. $\sqrt{xyz}$ **উ. খ**

ব্যাখ্যা : $\sqrt{x^{-1}y}.\sqrt{y^{-1}z}.\sqrt{z^{-1}x} = \sqrt{x^{-1}y.y^{-1}z.z^{-1}x}$

$= \sqrt{x^{-1+1}.y^{1-1}.z^{1-1}}$

$= \sqrt{x^0.y^0.z^0}$

$= \sqrt{1.1.1} = 1$

৭৫. বৃত্তের উপচাপে অন্তর্লিখিত কোণ–

ক. স্থূলকোণ খ. সূক্ষ্মকোণ

গ. সমকোণ ঘ. প্রবৃদ্ধকোণ **উ. ক**

ব্যাখ্যা : আমরা জানি, বৃত্তের উপচাপে অন্তর্লিখিত কোণ স্থূলকোণ হয় এবং বৃত্তের অধিচাপে অন্তর্লিখিত কোণ সূক্ষ্মকোণ।



উপচাপ



অধিচাপ

৭৬. বাংলাদেশের মোট সীমান্ত দৈর্ঘ্য কত?

ক. ৫১৩৮ কিমি খ. ৫১২০ কিমি

গ. ৪৫০০ কিমি ঘ. ৪৩০০ কিমি **উ. ক**

ব্যাখ্যা : বাংলাদেশের মোট সীমান্ত দৈঘ্য ৫১৩৮ কি. মি। এর মধ্যে মোট স্থল সীমান্ত ৪৪২৭ কি. মি। এর মধ্যে ভারতের সাথে স্থল সীমান্ত ৪১৫৬ কি.মি. আর মিয়ানমারের সাথে স্থল সীমান্ত

৫৭১ কি. মি। আর বাংলাদেশের মোট জল সীমা/সমুদ্র উপকূলের দৈর্ঘ্য ৭১১ কি.মি.। অর্থাৎ ৪১৫৬ + ২৭১ = ৪৪২৭ + ৭১১ = ৫১৩৮। [সূত্র BGB]

৭৭. বাংলাদেশের কোন স্থানে সবচেয়ে বেশি বৃষ্টিপাত হয়?
ক. সিলেটের লালখানে খ. নাটোরের লালপুরে
গ. মৌলভীবাজারের মাধবকুণ্ডে ঘ. রাজশাহীর তানোরে উ. ক

ব্যাখ্যা : বাংলাদেশের বার্ষিক গড় বৃষ্টিপাত ২০৩ সেমি। সর্বোচ্চ বৃষ্টিপাত হয় সিলেটের লালখানে আর সর্বনিম্ন বৃষ্টিপাত হয় নাটোরের লালপুরে। (মনে রাখুন বেশি বৃষ্টিতে লাল খান ভরে গেছে। বৃষ্টি হয় না বলে পুড়ে লাল হয়ে গেছে।)

৭৮. 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থটি কার রচনা?
ক. তাজউদ্দীন আহমেদ খ. শেরে বাংলা এ. কে. ফজলুল হক
গ. ক্যাপ্টেন মনসুর আলী ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উ. ঘ

ব্যাখ্যা : 'অসমাপ্ত আত্মজীবনী' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত আত্মজীবনীমূলক গ্রন্থ। ইউনিভার্সিটা প্রেস লিমিটেড (UPL) কর্তৃক ২০১২ সালে প্রকাশিত বইটির ভূমিকা লিখেন শেখ হাসিনা। 'The Unfinished Memoirs' নামে বইটির ইংরেজি অনুবাদ করেন অধ্যাপক ফখরুল আলম।

৭৯. বাংলাদেশের শিক্ষার স্তর কয়টি?
ক. ৪টি খ. ৫টি
গ. ৬টি ঘ. ৭টি উ. ক

ব্যাখ্যা : বর্তমানে বাংলাদেশে শিক্ষার স্তর ৪টি। ১. প্রাথমিক স্তর (১ম-৫ম) ২. মাধ্যমিক স্তর (৬ষ্ঠ-১০ম) ৩. উচ্চ-মাধ্যমিক স্তর (একাদশ ও দ্বাদশ) ৪. উচ্চতর স্তর (স্নাতক এবং তদূর্ধ্ব)। ২০১০ সালের শিক্ষানীতিতে প্রাথমিক শিক্ষাকে ১ম থেকে ৮ম শ্রেণি পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। কিন্তু ঐ নীতি এখনও পুরোপুরি বাস্তবায়িত হয়নি।

৮০. বিশ্বের কততম দেশ হিসেবে বাংলাদেশ সাবমেরিনের যুগে পদার্পণ করে?
ক. ৪০তম খ. ৪১তম
গ. ৩২তম ঘ. ৪৩তম উ. খ

ব্যাখ্যা : বাংলাদেশ সাবমেরিন যুগে প্রবেশ করে ১২ মার্চ ২০১৭। বাংলাদেশ ৪১তম সাবমেরিন অধিকারী দেশ। বাংলাদেশ নৌবাহিনীতে যুক্ত চীনের তৈরি দুটি সাবমেরিন হচ্ছে বানৌজা নবযাত্রা এবং বানৌজা জয়যাত্রা।

৮১. সূর্য কিরণ থেকে কোন ভিটামিন পাওয়া যায়?
ক. ভিটামিন 'এ' খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'ই' ঘ. ভিটামিন 'ডি' উ. ঘ

ব্যাখ্যা : সূর্যকিরণের অতি বেগুনি রশ্মি (Utra Violet Ray) ভিটামিন ডি তৈরিতে সাহায্য করে। ভিটামিন ডি এর অন্যান্য উৎস মাছের তেল, ডিমের কুসুম, দুধ, দুগ্ধজাত খাদ্য (মাখন, ঘি) ইত্যাদি। এ ভিটামিনের অভাবে শিশুদের রিকেটস রোগ হয়।

৮২. জাতীয় শিক্ষক দিবস হলো–
ক. ১৯ জানুয়ারি খ. ২০ জানুয়ারি
গ. ২১ জানুয়ারি ঘ. ২২ জানুয়ারি উ. ক

ব্যাখ্যা : জাতীয় শিক্ষক দিবস ১৯ জানুয়ারি (বিশ্ব শিক্ষক দিবস ৫ অক্টোবর)। ৮ সেপ্টেম্বর বিশ্ব স্বাক্ষরতা দিবস। জাতীয় শিক্ষা দিবস ১৭ সেপ্টেম্বর, ২০ জানুয়ারি– শহীদ আসাদ দিবস।

৮৩. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় প্রথম কোন জেলা শত্রুমুক্ত হয়?
ক. মাগুরা খ. মেহেরপুর
গ. যশোর ঘ. ময়মনসিংহ উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় প্রথম শত্রুমুক্ত জেলা যশোর। যশোর জেলা শত্রুমুক্ত হয় ৬ ডিসেম্বর ১৯৭১ (মনে রাখুন সেদিনই প্রথমে ভুটান এবং পরে ভারত বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দেয়।)

৮৪. বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম উপজাতি গোষ্ঠী কোনটি?
ক. সাঁওতাল খ. চাকমা
গ. মারমা ঘ. রাখাইন উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশের বৃহত্তম উপজাতি চাকমা (চাকমা অর্থ মানুষ)। আর বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম উপজাতি দ্বিতীয় বৃহত্তম উপজাতি মারমা। মারমারা প্রধানত বাস করে বান্দরবানের চিম্বুক পাহাড়ের পাদদেশে।

৮৫. সম্প্রতি ব্রিটেনের সাধারণ নির্বাচনে কোন দল জয়ী হয়?
ক. লেবার পার্টি খ. ডেমোক্রেটিক ইউনিয়ন
গ. স্কটিশ এলায়েন্স ঘ. কনজারভেটিভ পার্টি উ. ঘ

ব্যাখ্যা : ২০১৭ সালে ব্রিটেনে অনুষ্ঠিত সাধারণ নির্বাচনে জয়ী হয় কনজারভেটিভ পার্টি। বর্তমানে ব্রিটেনের প্রধানমন্ত্রী কনজারভেটিভ পার্টির ঋষি সুনাক। ব্রিটেনের পরবর্তী সাধারণ নির্বাচন ২০২৫ সালের জানুয়ারি মাসে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

৮৬. বৌদ্ধ সভ্যতার তীর্থস্থান 'তক্ষশীলা' কোথায় অবস্থিত?
ক. পাকিস্তান খ. নেপাল
গ. শ্রীলংকা ঘ. ভারত উ. ক

ব্যাখ্যা : পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের রাওয়ালপিন্ডি জেলায় অবস্থিত তক্ষশীলা বৌদ্ধ সভ্যতার স্মৃতিবিজড়িত প্রত্নতাত্ত্বিক স্থান। এখানে রয়েছে বৌদ্ধ যুগের প্রসিদ্ধ বিশ্ববিদ্যালয়।

৮৭. 'অর্থশাস্ত্র' গ্রন্থটি কার রচনা?
ক. আবুল ফজল খ. কৌটিল্য
গ. ইবনে খালদুন ঘ. দীনেশচন্দ্র সেন উ. খ

ব্যাখ্যা : মৌর্য সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা চন্দ্রগুপ্ত মৌর্যের প্রধানমন্ত্রী ছিলেন চাণক্য। তিনি 'কৌটিল্য' ছদ্মনামে রচনা বিখ্যাত সংস্কৃত গ্রন্থ 'অর্থশাস্ত্র'। অর্থনীতি, রাষ্ট্রশাসন ও কূটনীতি-কৌশলের সার সংক্ষেপ হচ্ছে এই অর্থশাস্ত্র।

৮৮. 'সৎগুণই জ্ঞান' উক্তিটি কার?
ক. সক্রেটিস খ. প্লেটো
গ. জন লক ঘ. এরিস্টটল উ. ক

ব্যাখ্যা : সদগুণই জ্ঞান (Knowledge is virtue) এই বিখ্যাত উক্তিটি সব জ্ঞানীদের গুরু (জ্ঞানের পিতা) সক্রেটিসের। মহান এই গ্রিক দার্শনিকের অন্যান্য বিখ্যাত উক্তি: Know thyself (নিজেকে জানো)।

৮৯. যুক্তফ্রন্টের ২১ দফার ১ম দফাটি ছিল–
ক. বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করা
খ. পাটকল জাতীয়করণ করা
গ. চাকরিতে সকলের সমান অধিকার নিশ্চিত করা
ঘ. পূর্ব পাকিস্তানের সুষমউন্নয়ন নিশ্চিত করা **উ. ক**

ব্যাখ্যা : ২১ দফার ভিত্তিতে যুক্তফ্রন্ট ১৯৫৪ সালের ঐতিহাসিক নির্বাচনে অংশগ্রহণ করে। ২১ দফার প্রথম দফা ছিল বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করা। ১৮তম দফা ছিল একুশে ফেব্রুয়ারিকে শহীদ দিবস ও সরকারি ছুটির দিন ঘোষণা করা।

৯০. এডিস মশা নিচের কোন রোগটির বাহন?
ক. গোদ রোগ খ. ম্যালেরিয়া
গ. চিকুনগুনিয়া ঘ. ফাইলেরিয়া **উ. গ**

ব্যাখ্যা : এডিস মশা চিকুনগুনিয়া ও ডেঙ্গু রোগের বাহক। ম্যালেরিয়ার বাহক অ্যানোফিলিস মশা। ফাইলেরিয়ার বাহক কিউলেক্স মশা। গোদ রোগের জন্য দায়ী ফাইলেরিয়া কৃমি।

৯১. কত সালে মার্কিন যুক্তরাষ্ট্রে নারীরা ভোটাধিকার লাভ করে?
ক. ১৮২০ সালে খ. ১৮২১ সালে
গ. ১৯২০ সালে ঘ. ১৯২১ সালে **উ. গ**

ব্যাখ্যা : মার্কিন যুক্তরাষ্ট্রের নারীরা ভোটাধিকার লাভ করে ১৯২০ সালে। আর ১৮৯৩ সালে বিশ্বের প্রথম দেশ হিসেবে নিউজিল্যান্ডের নারীরা ভোটাধিকার লাভ করে।

৯২. আন্তর্জাতিক নারী দিবস কবে পালিত হয়?
ক. ৮ মার্চ খ. ৫ জুন
গ. ১০ ডিসেম্বর ঘ. ৮ সেপ্টেম্বর **উ. ক**

ব্যাখ্যা : আন্তর্জাতিক নারী দিবস- ৮ মার্চ। ৫ জুন - বিশ্ব পরিবেশ দিবস, ১০ ডিসেম্বর- বিশ্ব মানবাধিকার দিবস, ৮ সেপ্টেম্বর- বিশ্ব স্বাক্ষরতা দিবস।

৯৩. জলবায়ু পরিবর্তন রোধে গঠিত 'গ্রিন ক্লাইমেট ফান্ড' (GCF) এর সদর দপ্তর কোথায়?
ক. ইনচিয়ন, দক্ষিণ কোরিয়া খ. প্যারিস, ফ্রান্স
গ. ভিয়েনা অস্ট্রিয়া ঘ. ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র **উ. ক**

ব্যাখ্যা : Green Climate Fund এর সদর দফতর দক্ষিণ কোরিয়ার ইনচিয়নে। ২০০৯ সালে ডেনমার্কের কোপেনহেগেনে ১৫তম বিশ্ব জলবায়ু সম্মেলনে এই ফান্ড গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। আর এই ফান্ড গঠিত হয় ২০১০ সালে মেক্সিকোর কানকুনে COP-16 এর মাধ্যমে।

৯৪. পিঁপড়া ও মৌমাছির কামড়ে থাকে–
ক. অ্যাসকরবিক এসিড খ. অক্সালিক এসিড
গ. মিথানয়িক এসিড ঘ. টারটারিক এসিড **উ. গ**

ব্যাখ্যা : লাল পিঁপড়া, মৌমাছি, বোলতা প্রভৃতির কামড়ে থাকে মিথানয়িক এসিড তথা ফরমিক এসিড। অ্যাসকরবিক এসিড থাকে আমলকি ও কমরালেবুতে। অক্সালিক এসিড থাকে টমেটোতে। টারটারিক এসিড থাকে তেতুল, আঙ্গুরে (মনে রাখুন তেতুল, আঙ্গুর = টক = টারটারিক)

৯৫. ২২তম বিশ্বকাপ ফুটবল খেলা অনুষ্ঠিত হবে কোন দেশে?
ক. জার্মানি খ. আর্জেন্টিনা
গ. মেক্সিকো ঘ. কাতার **উ. ঘ**

ব্যাখ্যা : ২২তম বিশ্বকাপ অনুষ্ঠিত হয় ২০২২ সালে কাতারে। আর ২৩তম বিশ্বকাপ হবে যৌথভাবে যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে ২০২৬ সালে।

৯৬. এয়ারফোর্স ওয়ান কি?
ক. ব্রিটেনের প্রধানমন্ত্রীর বিমান খ. রাশিয়ার রাষ্ট্রপতির বিমান
গ. আমেরিকার রাষ্ট্রপতির বিমান ঘ. স্পেনের রানির বিমান **উ. গ**

ব্যাখ্যা : আমেরিকার রাষ্ট্রপতিকে বহনকারী বিমান হচ্ছে এয়ারফোর্স ওয়ান। এটি অত্যাধুনিক পরিবহন আর শৌর্যের প্রতীক। এতে রয়েছে উড়ন্ত অবস্থায় জ্বালানি ভরার মতো অত্যাধুনিক প্রযুক্তি আর ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা।

৯৭. দক্ষিণ আফ্রিকা মুদ্রার নাম কি?
ক. ক্রোনার খ. ক্রুজিরা
গ. পেশো ঘ. র‍্যান্ড **উ. ঘ**

ব্যাখ্যা : দক্ষিণ আফ্রিকার মুদ্রার নাম র‍্যান্ড (Rond)। ক্রোনা আইসল্যান্ড ও সুইডেনের মুদ্রার নাম। আর্জেন্টিনা, চিলি, কলম্বিয়া, মেক্সিকো উরুগুয়ে প্রভৃতি দেশের মুদ্রা পেসো (Peso)। ক্রুজিরা ব্রাজিলের সাবেক মুদ্রার নাম। বর্তমানে ব্রাজিলের মুদ্রার নাম ব্রাজিলিয়ান রিয়াল।

৯৮. কোন যন্ত্রের সাহায্যে সমুদ্রের গভীরতা মাপা হয়?
ক. থার্মোমিটার খ. ফ্যাদোমিটার
গ. স্পিগমোম্যানোমিটার ঘ. রিখটার স্কেল **উ. খ**

ব্যাখ্যা : যে যন্ত্রের সাহায্যে সমুদ্রের গভীরতা মাপা হয় তার নাম ফ্যাদোমিটার। থার্মোমিটার = উষ্ণতা পরিমাপক যন্ত্র; স্পিগমোম্যানোমিটার = মানবদেহের রক্তচাপ নির্ণায়ক যন্ত্র; রিখটার স্কেল = ভূমিকাম্পের তীব্রতা পরিমাপক যন্ত্র।

৯৯. কম্পিউটারের স্থায়ী স্মৃতিকে বলে–
ক. ROM খ. RAM
গ. Hard Disc ঘ. Compact Disc **উ. ক**

ব্যাখ্যা : কম্পিউটারের Primary Memory দুই প্রকার। ROM এবং RAM। RAM = Rardom Access Memory। এটি অস্থায়ী (Volatile) মেমরি। আর ROM হচ্ছে Read Only Memory. এটি স্থায়ী মেমরি (Non-Volatile)। বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেলেও ROM-এ রক্ষিত তথ্যাদি মুছে যায় না।

১০০. জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য সংখ্যা হলো–
ক. ৪টি খ. ৫টি
গ. ৬টি ঘ. ৭টি **উ. খ**

ব্যাখ্যা : জাতিসংঘের নিরাপত্তা পরিষদের মোট সদস্য ১৫টি। তার মধ্যে স্থায়ী সদস্য ৫টি এবং অস্থায়ী সদস্য ১০টি। ৫টি স্থায়ী সদস্য আমেরিকা, ব্রিটেন, চীন, রাশিয়া এবং ফ্রান্স। (মনে রাখুন ABC আর F)। এদের Veto (অর্থ আমি মানি না) পাওয়ার আছে।

১৩তম স্কুল-২/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৬

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ২০০; পরীক্ষার তারিখ : ১৩.০৫.২০১৬

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. **'স্বকীয়' শব্দটির বিপরীত শব্দ কোনটি?**
ক. অপর খ. নিজস্ব
গ. স্বকীয়তা ঘ. পরকীয় **উ. ঘ**
ব্যাখ্যা : 'স্বকীয়' শব্দটির বিপরীত শব্দ 'পরকীয়'। শব্দদ্বয় সংস্কৃত তদ্ধিৎ প্রত্যয় যোগে বিশেষ নিয়মে গঠিত।

২. **'তেজি' শব্দের বিপরীত শব্দ কোনটি?**
ক. দুর্বল খ. নিস্তেজ
গ. সতেজ ঘ. রুগ্ন **উ. খ**
ব্যাখ্যা : 'তেজি' (তেজস্বী/বলবান) শব্দের বিপরীত শব্দ নিস্তেজ (তেজহীন)।

৩. **'শত্রুকে দমন করে যে' এক কথায় প্রকাশ–**
ক. শত্রুঘ্ন খ. অরিন্দম
গ. শত্রু হত্যা ঘ. কৃতঘ্ন **উ. খ**
ব্যাখ্যা : 'অরি' অর্থ শত্রু। আর 'অরি বা শত্রুকে দমন করে যে'– তাকে এককথায় বলা হয় অরিন্দম। 'শত্রুকে হনন করেন যে'- এককথায় বলা হয়- শত্রুঘ্ন। 'উপকারকারীর অপকার করেন যে' এককথায় কৃতঘ্ন বলা হয়।

৪. **ভাষার মূল উপাদান কী?**
ক. বাক্য খ. শব্দ
গ. বর্ণ ঘ. ধ্বনি **উ. ঘ**
ব্যাখ্যা : ভাষার মূল উপাদান ধ্বনি এবং ভাষার মূল উপকরণ বাক্য।

৫. **'নাটিকা' শব্দটি কোন অর্থে স্ত্রীবাচক?**
ক. সমার্থে খ. বিপরীতার্থে
গ. ক্ষুদ্রার্থে ঘ. বৃহদার্থে **উ. গ**
ব্যাখ্যা : 'নাটিকা' শব্দটি ক্ষুদ্রার্থে স্ত্রীবাচক শব্দ। এইরকম পুস্তক-পুস্তিকা।

৬. **'আনারস' কোন ভাষার শব্দ?**
ক. ওলন্দাজ খ. গুজরাটি
গ. পর্তুগিজ ঘ. জাপানি **উ. গ**
ব্যাখ্যা : 'আনারস' পর্তুগিজ ভাষার শব্দ, আরো কয়েকটি পর্তুগিজ ভাষার শব্দ– আলপিন, পাউরুটি, আচার, আলকাতরা, আলমারি ইত্যাদি।

৭. **নাটকের সংলাপের উপযোগী ভাষার কোন রীতি?**
ক. সাধু খ. চলিত
গ. আঞ্চলিক ঘ. মিশ্র **উ. খ**
ব্যাখ্যা : চলিত রীতি বক্তৃতা ও নাটকের সংলাপের উপযোগী। অন্যদিকে, চলিত রীতি বক্তৃতা ও নাটকের সংলাপের অনুপযোগী।

৮. **বিস্ময় চিহ্নের বিরতিকাল কতটুকু?**
ক. একবলার দ্বিগুণ সময় খ. এক সেকেন্ড
গ. থামার প্রয়োজন নেই
ঘ. এক বলতে যে সময় প্রয়োজন **উ. খ**
ব্যাখ্যা : বিস্ময়, কোলন, ড্যাস, কোলন ড্যাস ও প্রশ্নবোধক চিহ্নের বিরতিকাল এক সেকেন্ড।

৯. **'চাঁদের হাট' বাগধারাটির সঠিক অর্থ কোনটি?**
ক. বিরাট আয়োজন খ. সৌভাগ্য লাভ
গ. সৌভাগ্যের বিষয় ঘ. আনন্দের প্রাচুর্য **উ. ঘ**
ব্যাখ্যা : 'চাঁদের হাট' বাগধারাটির অর্থ আনন্দের প্রাচুর্য বা প্রিয়জন সমাগম। 'একাদশে বৃহস্পতি' অর্থ- সৌভাগ্যের বিষয়। 'এলাহী কাণ্ড' অর্থ- বিরাট আয়োজন।

১০. **'ছকড়া নকড়া'– বাগধারাটির অর্থ কী?**
ক. সস্তা দর খ. নষ্ট করা
গ. দুর্লভ বস্তু ঘ. আশায় নৈরাশ্য **উ. ক**
ব্যাখ্যা : 'ছকড়া নকড়া'– বাগধারাটির অর্থ সস্তা দর/অপচয়। গুড়ে বালি- আশায় নৈরাশ্য; অমাবস্যার চাঁদ- দুর্লভ বস্তু; ছিনিমিনি খেলা- নষ্ট করা।

১১. **কোন বানানটি সঠিক?**
ক. মুমুর্ষু খ. মুমূর্ষু
গ. মুমুর্সু ঘ. মুমুর্ষ **উ. খ**
ব্যাখ্যা : মুমূর্ষু বানানটি সঠিক। এই রকম গুরুত্বপূর্ণ বানান- মুহূর্ত।

১২. **কোনটি শুদ্ধ বানান?**
ক. তিতিক্ষা খ. তীতীক্ষা
গ. তীতিক্ষা ঘ. তিতীক্ষা **উ. ক**
ব্যাখ্যা : তিতিক্ষা (সহনশীলতা/সহিষ্ণুতা) বানানটি শুদ্ধ।

১৩. **অনুবাদের পারদর্শিত কিসের উপর নির্ভরশীল?**
ক. পড়াশোনার উপর খ. ভাষান্তরের উপর
গ. নির্ধারণের উপর ঘ. অভ্যাসের উপর **উ. খ**
ব্যাখ্যা : অনুবাদে পারদর্শিতা ভাষান্তর তথা এক ভাষাকে অন্য ভাষায় রূপান্তরের দক্ষতার উপর নির্ভরশীল।

১৪. **'Patience has its reward'– এ বাক্যের যথার্থ অনুবাদ–**
ক. সবুরে মেওয়া ফলে খ. রোগী পুরস্কার পেয়েছে
গ. রোগীর জন্য পুরস্কার আছে ঘ. ধৈর্যের মূল্যায়ন হয়েছে **উ. ক**
ব্যাখ্যা : 'সবুরে মেওয়া ফলে' এর ইংরেজি অনুবাদ হলো– 'Patience has its reward.' অথবা, 'Patience is bitter but its fruit is sweet.'

১৫. সমাসবদ্ধ পদগুলো বিচ্ছিন্ন করে দেখানোর জন্য কোন চিহ্ন বসে?
ক. ড্যাস খ. কোলন
গ. হাইফেন ঘ. সেমিকোলন উ. গ
ব্যাখ্যা : সমাসবদ্ধ পদগুলো বিচ্ছিন্ন করে দেখানোর জন্য হাইফেন চিহ্ন বসে। হাইফেন চিহ্নে থামার প্রয়োজন নেই।

১৬. 'দুর্যোগ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. দুর + যোগ খ. দুঃ + যোগ
গ. দু + যোগ ঘ. দুর্যোঃ + যোগ উ. খ
ব্যাখ্যা : 'দুর্যোগ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ- দুঃ + যোগ। অ/আ ভিন্ন অন্য স্বরধ্বনির পর বিসর্গ থাকলে এবং তার সঙ্গে য/র/ল/হ-এর সন্ধি হলে ঃ (বিসর্গ) এর স্থানে 'র' হয়, যেমন : নিঃ + আকার = নিরাকার।

১৭. 'ফুলে ফুলে ঘর ভরেছে'- কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. খ
ব্যাখ্যা : ফুলে ফুলে ঘর ভরেছে- করণ কারকে সপ্তমী বিভক্তি।

১৮. 'আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে'- এখানে 'রাঘবে' কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে ৭মী খ. কর্তৃকারকে ৭মী
গ. অধিকরণে ৭মী ঘ. কর্মে ৭মী উ. ক
ব্যাখ্যা : ভয় বুঝালে ভয়ের উৎস অপাদান কারক হবে। এখানে 'রাঘবে' অপাদান কারকে সপ্তমী বিভক্তি।

১৯. 'সকলের জন্য প্রযোজ্য'- এক কথায় কী হবে?
ক. সর্বজনীন খ. সার্বজনীন
গ. সর্বজনস্বীকৃত ঘ. সর্বজনগ্রাহ্য উ. ক
ব্যাখ্যা : 'সকলের জন্য প্রযোজ্য'- এর কথায় হবে সর্বজনীন। সকলের মধ্যে প্রবীণ- সার্বজনীন।

২০. কোনটি নিত্য সমাসের সমস্তপদ?
ক. সেতার খ. প্রত্যহ
গ. গ্রামান্তর ঘ. সহোদর উ. গ
ব্যাখ্যা : অন্য গ্রাম- 'গ্রামান্তর' ('অন্তর' থাকলেই নিত্য সমাস হবে) নিত্য সমাসের সমস্তপদ। অন্য দেশ- দেশান্তর (নিত্য সমাস)

২১. 'সচেষ্ট'-এর সঠিক বিপরীত শব্দ কোনটি?
ক. অশিষ্ট খ. অনিষ্ট
গ. লঘিষ্ঠ ঘ. নিশ্চেষ্ট উ. ঘ
ব্যাখ্যা : সচেষ্ট (চেষ্টাযুক্ত) এর বিপরীত শব্দ নিশ্চেষ্ট। নিষ্ট-অনিষ্ট; লঘিষ্ঠ-গরিষ্ঠ; শিষ্ট-অশিষ্ট।

২২. 'গায়ক' শব্দটির সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক. √গিঃ + অক খ. √গায় + নক
গ. √গৈঃ + ণক ঘ. √গৈ + ণক উ. ঘ
ব্যাখ্যা : 'গায়ক' শব্দটির সঠিক প্রকৃতি ও প্রত্যয় √গৈ + ণক, 'ণক' প্রত্যয় পরে থাকলে নিজন্ত ধাতুর 'ঐ'-কার লোপ পায়। মূল স্বরের বৃদ্ধি পেয়ে অ-স্থানে 'আ' হয়, যেমন : √নৈ + অক = নায়ক।

২৩. 'মুক্তি' শব্দটির সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?
ক. √মুচ + তি খ. √মুক + ক্তি
গ. √মুক + তি ঘ. √মুচ + ক্তি উ. ঘ
ব্যাখ্যা : 'মুক্তি' শব্দটির সঠিক প্রকৃতি ও প্রত্যয় √মুচ + ক্তি। ক্তি (তি) প্রত্যয় যুক্ত হলে 'চ' স্থানে 'ক' হয়।

২৪. 'প্রসূন' এর প্রতিশব্দ?
ক. ভ্রমর খ. পক্ষী
গ. পুষ্প ঘ. ফল উ. গ
ব্যাখ্যা : প্রসূন' এর প্রতিশব্দ- পুষ্প, ফুল, কুঁড়ি, মুকুল ইত্যাদি।

২৫. 'সংখ্যাবাচক' শব্দের সাথে বিশেষ্যপদের যে সমাস হয়, তাকে কী সমাস বলে?
ক. দ্বন্দ্ব খ. দ্বিগু
গ. কর্মধারয় ঘ. বহুব্রীহি উ. খ
ব্যাখ্যা : সমাহার অর্থে সংখ্যাবাচক শব্দের সাথে বিশেষ্যপদের যে সমাস হয় তাকে দ্বিগু সমাস বলে।

২৬. It is health— is wealth.
ক. which খ. what
গ. whatever ঘ. whats ever উ. ক
ব্যাখ্যা : বাক্যটির অর্থ 'স্বাস্থ্যই সম্পদ'। Relative pronoun এর নিয়ম অনুযায়ী, বস্তুবাচক কোনো কিছুকে নির্দেশ করতে বাক্যের মাঝখানে সাধারণত which বসে। অতএব, সঠিক উত্তর (ক) which.

২৭. The boy is– answer the question.
ক. to dull too খ. too dull to
গ. to dull to ঘ. to very dull উ. খ
ব্যাখ্যা : বাক্যটির বাংলা অর্থ হল 'ছেলেটি এতই বোকা যে প্রশ্নটির উত্তর দিতে পারে না। বাক্যটির সঠিক structure টি হবে sub + verb + too + adjective/adverb + to + v_1 + extension। সুতরাং সঠিক উত্তর (খ) too dull to.

২৮. I carried an umbrella in case–
ক. it was raining খ. it rained
গ. it rains ঘ. its raining উ. খ
ব্যাখ্যা : Past indefinite tense + in case + past Indefinite tense হবে। কাজেই সঠিক উত্তর (খ) it rained.

২৯. If had seen him–
ক. I would tell him the matter
খ. I might tell him the matter
গ. I will have told him the matter
ঘ. I might have told him the matter উ. ঘ
ব্যাখ্যা : Unreal conditional এর গঠন (If + past perfect tense + sub + would/could/might have + v_3 + obj)। সুতরাং সঠিক উত্তর (ঘ)। I might have told him the matter.

৩০. হায়! তার মা আজ জীবিত নেই।
ক. Alas! His mother is no more today
খ. Ah! His mother is dead
গ. Alas! His mother has died
ঘ. Alas! His mother has lost her life **উ. ক**

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি Exclamatory sentence। অপশন (ক)-তে 'today' শব্দটি দেখেই সহজে উত্তর করা যায়। অন্যদিকে, অপশন (খ) এর অর্থ 'তার মা মৃত' (গ) তার মা মারা গেছে এবং (ঘ) এর অর্থ 'তার মা জীবন হারিয়েছে'। অতএব, সঠিক উত্তর (ক)।

৩১. মেয়েটি চা অপেক্ষা দুধ বেশি পছন্দ করে।
ক. The girl likes milk more than tea
খ. The girl prefers milk to tea
গ. The girl prefers milk than tea
ঘ. The girl prefers tea to milk **উ. খ**

ব্যাখ্যা : কোনো একটি জিনিস অপেক্ষা অপর কোনো জিনিস বেশি পছন্দ করার বোঝাতে prefer শব্দটি ব্যবহৃত হয় এবং prefer এরপর than না বসে to ব্যবহৃত হয়। কাজেই সঠিক উত্তর (খ) The girl prefers milk to tea.

৩২. সকাল থেকে মুষলধারে বৃষ্টি হচ্ছে।
ক. It has been raining cats and dogs from morning
খ. It has been raining cats and dogs since morning
গ. It is raining cats and dogs since morning
ঘ. Rain has started cats and dogs from morning **উ. খ**

ব্যাখ্যা : বর্তমানকালে কোনো একটি কাজ শুরু হয়ে দীর্ঘ সময় ধরে চলছে, এইরূপ বোঝাতে বাক্যটি Present perfect continuous tense। টি Present perfect continuous tense -এ নির্দিষ্ট সময় থেকে বোঝাতে সবসময় since ব্যবহৃত হয়। কাজেই সঠিক উত্তর (খ)।

৩৩. আমার মানিকগঞ্জ যাবার কথা ছিল।
ক. I was to go to Manikganj
খ. I am to go to Manikganj
গ. I have to go to Manikganj
ঘ. I need to go to Manikganj **উ. ক**

ব্যাখ্যা : 'আমার মানিকগঞ্জ যাবার কথা ছিল'– বাক্যটির সঠিক অনুবাদ হল 'I was supposed to go to Manikganj'। কিন্তু অপশনে এই অনুবাদ না থাকায় অপশন অনুযায়ী অতীতকাল হিসেবে সঠিক উত্তর (ক) I was to go to Manikganj.

৩৪. আমি তাকে পড়তে শুনলাম।
ক. I heard him to read খ. I heard him reading
গ. I have heard him reading
ঘ. I saw him reading **উ. খ**

ব্যাখ্যা : 'আমি তাকে পড়তে শুনলাম' বাক্যটি অতীতকালকে নির্দেশ করে এবং heard এর পর দ্বিতীয় verb আসলে দ্বিতীয় verb শেষে সাধারণত ing যুক্ত হয়। অতএব বাক্যটির সঠিক অনুবাদ হল– I heard him reading.

৩৫. Would that I – to college.
ক. can go খ. shall go
গ. could go ঘ. might have gone **উ. গ**

ব্যাখ্যা : Would that অথবা I wish এর পর subject থাকলে পরের verb টি past form -এ হবে এবং বাক্যটি Past indefinite tense-এ হবে। তবে মনে রাখতে হবে to be-এ verb সর্বদা were হবে। কাজেই সঠিক উত্তর (গ) could go.

৩৬. I wish I – a sweet song.
ক. sang খ. shall sing
গ. can sing ঘ. will sing **উ. ক**

ব্যাখ্যা : Would that অথবা I wish এর পর subject থাকলে পরের verb টি past form -এ হবে এবং বাক্যটি Past indefinite tense-এ হবে। সঠিক উত্তর (ক) sang.

৩৭. He spoke as though he– everything.
ক. knew খ. has known
গ. had known ঘ. knows **উ. গ**

ব্যাখ্যা : Present indefinite + as if/as though + past indefinite এবং past indefinite + as if/as though + past perfect tense। কাজেই সঠিক উত্তর (গ) had known.

৩৮. The colour of her eyes— blue.
ক. are খ. is **উ. খ**
গ. were ঘ. none of the above

ব্যাখ্যা : Headword অনুযায়ী verb বসে। প্রশ্নে প্রদত্ত বাক্যের head word (colour) যা 3rd person singular number। কাজেই সঠিক উত্তর (খ) is.

৩৯. 'Ten to one' means–
ক. very uncertain খ. very likely **উ. খ**
গ. almost impossible ঘ. not possible at all

ব্যাখ্যা : Ten to one- এটি একটি ইংরেজি বাগধারা। এর অর্থ 'খুব সম্ভবত' বা 'very likely'. সুতরাং সঠিক উত্তর (খ) very likely.

৪০. He insisted — there.
ক. over going খ. on my going
গ. to go ঘ. is to go **উ. খ**

ব্যাখ্যা : Insist এর পর preposition হিসেবে on বসে। কাজেই সঠিক উত্তর (খ) on my going।

৪১. Jim and Della were as wise as the Magi (Negative.)
ক. Jim and Della were not as wise as the Magi
খ. Jim and Della were not less wise than the Magi
গ. Jim and Della were not to wise as the Magi
ঘ. Jim and Della were not unwise than the Magi **উ. খ**

ব্যাখ্যা : as ... as যুক্ত affirmative বাক্যকে negative বাক্যে রূপান্তর করতে not less/not more + adjective + than + ১ম subject ব্যবহৃত হয়। কাজেই সঠিক উত্তর (খ) Jim and Della were not less wise than the Magi.

Job Navigator

৪২. **Every man must die (Interrogative).**
ক. Is there any man who must die?
খ. Doesn't any man die?
গ. Is there any man who will not die?
ঘ. Is there any man who does not die? উ. গ

ব্যাখ্যা : Every + noun যুক্ত Assertive sentence থাকলে Interrogative এর structure হবে- Is there any + every এর পরে ব্যবহৃত noun টি + will not + verb এর base form + মূল verb এর পরের অংশ। প্রশ্নবোধক চিহ্ন। সুতরাং সঠিক উত্তর (গ) Is there any man who will not die?

৪৩. **He worked very hard so that he could succeed in life. (Compound).**
ক. He worked very hard but he could not succeed in life
খ. He worked very hard and he succeeded in life
গ. He worked very hard in order to succeed in life
ঘ. He wanted to succeed in life and so he worked very hard উ. ঘ

ব্যাখ্যা : So that যুক্ত Complex sentence কে Compound করার সময় প্রথম clause এর verb want দিয়ে replace করতে হয়। compound এর গঠন হবে ২য় clause + and so + প্রথম clause। কাজেই সঠিক উত্তর (ঘ)।

৪৪. **Find out the correct synonym of 'occupy'.**
ক. grab খ. gain
গ. recieve ঘ. reserve উ. ক

ব্যাখ্যা : Occupy অর্থ দখল করা। অপশন (ক) grap -দখল করা; (খ) gain -অর্জন করা; (গ) receive -গ্রহণ করা; (ঘ) reserve - মজুদ করা। সুতরাং Occupy এর সমার্থক শব্দ (ক) grab।

৪৫. **Find out the correct synonym of 'defence'.**
ক. assault খ. resistance
গ. attack ঘ. raid উ. খ

ব্যাখ্যা : Defence -প্রতিরোধ, অপশন (ক) assult - আক্রমণ; (খ) resistance -প্রতিরোধ; (গ) attack - আক্রমণ করা; (ঘ) riad - অভিযান। কাজেই সঠিক উত্তর (খ) resistance.

৪৬. **Find out the antonym of 'assist'.**
ক. hinder খ. aid
গ. support ঘ. co-operate উ. ক

ব্যাখ্যা : assist অর্থ সাহায্য করা; অপশন (ক) Hinder -বাধাগ্রস্থ করা; (খ) aid -সহায়তা করা; (গ) support - সমর্থন করা; (ঘ) co-operate- সহায়তা করা; কাজেই assist এর antonym (ক) hinder সঠিক উত্তর (ক) hinder.

৪৭. **Bad habits should be <u>nipped in the bud.</u> Here the underlined phrase means—**
ক. crop up খ. to be cultivated
গ. to shun
ঘ. to be stopped in the beginning উ. ঘ

ব্যাখ্যা : 'Nipped in the bud' phrase-টির অর্থ 'অংকুরে বিনষ্ট হওয়া বা করা'। অপশন (ক) crop up কেটে ফেলা; (খ) to be cultivated - চাষ করা; (গ) to shun এড়িয়ে চলা; (ঘ) to be stopped in the beginning - শুরুতেই থামিয়ে দেয়া। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

৪৮. **What is the noun form of the word 'successful'?**
ক. Successfully খ. Succeed
গ. Success ঘ. Successive উ. গ

ব্যাখ্যা : Successful শব্দটি Adjective। যার noun form হল Success। এখন দেখা যাক অপশনগুলো- অপশন (ক) successfully (adj); (খ) succeed (verb); (গ) success (noun) এবং (ঘ) successive (adj)। কাজেই সঠিক উত্তর (গ)।

৪৯. **Verb of the word 'apology' is—**
ক. apological খ. apologise
গ. apologify ঘ. enapology উ. খ

ব্যাখ্যা : apology (noun) যার অর্থ ক্ষমা। যার verb form apologise. সঠিক উত্তর (খ) apologise.

৫০. **He is proud of his—**
ক. bad blood খ. blue blood
গ. block head ঘ. broken reed উ. খ

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত অপশনগুলোর মধ্যে (ক) bad blood -অসদ্ভাব; (খ) blue blood - আভিজাত্য; (গ) block head গণ্ডমূর্খ বা মাথামোটা এবং (ঘ) broken reed -অনির্ভরযোগ্য বস্তু। চারটি অপশনের মধ্যে blue boold বা আভিজাত্যই একমাত্র জিনিস যেটা নিয়ে মানুষ গর্ববোধ করে। কাজেই সঠিক উত্তর (খ) blue blood.

৫১. **৪% লাভে বিক্রয়মূল্য ৪৬৮ টাকা হলে ক্রয়মূল্য কত?**
ক. ৪০০ টাকা খ. ৪২০ টাকা
গ. ৪৪০ টাকা ঘ. ৪৫০ টাকা উ. ঘ

ব্যাখ্যা : ৪% লাভে,
বিক্রয়মূল্য ১০৪ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
∴ " ১ টাকা হলে ক্রয়মূল্য $\frac{১০০}{১০৪}$ "
∴ " ৪৬৮ টাকা হলে ক্রয়মূল্য $\frac{১০০ \times ৪৬৮}{১০৪}$ " = ৪৫০ টাকা

৫২. $\log_5\left(\sqrt[3]{5}\right)\left(\sqrt{5}\right)$ এর মান কোনটি?
ক. $\frac{6}{5}$ খ. $\sqrt{\frac{5}{6}}$ গ. $\frac{5}{6}$ ঘ. $\frac{1}{2}$ উ. গ

ব্যাখ্যা : $\log_5\left(\sqrt[3]{5}\right)\left(\sqrt{5}\right)$
$= \log_5 5^{\frac{1}{3}} \times 5^{\frac{1}{2}}$

$= \log_5 5^{\frac{1}{3}+\frac{1}{2}}$

$= \log_5 5^{\frac{5}{6}}$

$= \frac{5}{6} \times \log_5 5$

$= \frac{5}{6}$ [$\because \log 5^5 = 1$]

৫৩. দুইটি সংখ্যার সমষ্টি 47 এবং তাদের অন্তর 7 হলে সংখ্যা দুটি কত?

ক. 33 এবং 21 খ. 20 এবং 13
গ. 27 এবং 34 ঘ. 27 এবং 20 **উ. গ**

ব্যাখ্যা : সংখ্যা দুটি x ও y হলে,

$x + y = 47$ ..... (i)

$x - y = 7$ ..... (ii)

(i) + (ii) করে পাই

$\Rightarrow 2x = 54$

$\therefore x = 27$

এবং $y = 47 - 27$

$= 20$

৫৪. $x + y = 2$, $x^2 + y^2 = 4$ হলে $x^3 + y^3$ এর মান কত?

ক. 4 খ. 8
গ. 12 ঘ. 16 **উ. খ**

ব্যাখ্যা : $x + y = 2$

$\Rightarrow (x + y)^2 = 2^2$ [উভয় পাশে বর্গ করে]

$\Rightarrow x^2 + y^2 + 2xy = 4$ [$(x + y)^2$ এর সূত্র প্রয়োগ করে]

$\Rightarrow 4 + 2xy = 4$ [মান বসিয়ে]

$\Rightarrow 2xy = 4 - 4$

$\Rightarrow xy = \frac{0}{2}$

$\therefore xy = 0$

$\therefore x^3 + y^3 = (x + y)^3 - 3xy(x + y)$

$= (2)^3 - 3 \times 0 \times 2$

$= 8$

৫৫. যদি $f(x) = x^3 + 9x^2 - 3x - 6$ হয়, তবে $f(-2)$ = কত?

ক. 28 খ. –44
গ. 32 ঘ. 26 **উ. ক**

ব্যাখ্যা : $f(x) = x^3 + 9x^2 - 3x - 6$

$\therefore f(-2) = (-2)^3 + 9(-2)^2 - 3(-2) - 6$

$= 8 + 36 + 6 - 6 = 28$

৫৬. কোনো বৃত্তের ব্যাসার্ধ 7 সেমি হলে বৃত্তের বৃহত্তর জ্যা এর দৈর্ঘ্য নিচের কোনটি?

ক. 2 সেমি খ. 6 সেমি
গ. 14 সেমি ঘ. 12 সেমি **উ. গ**

ব্যাখ্যা : আমরা জানি, বৃত্তের বৃহত্তম জ্যা ব্যাস।

$\therefore$ বৃত্তের ব্যাসার্ধ = 7 সেমি হলে,

বৃত্তের ব্যাস = (2×7) = 14 সেমি

$\therefore$ বৃহত্তম জ্যা এর দৈর্ঘ্য = 14 সেমি.

৫৭.



এই চিত্রে y এর মান কোনটি?

ক. 60° খ. 100°
গ. 120° ঘ. 180° **উ. গ**

ব্যাখ্যা :



একান্তর কোণ $\angle QPD = \theta$

$\therefore \theta = 60°$

এখন, $y + \theta = 180°$

$\therefore y = 180° - 60° = 120°$

৫৮. একটি রম্বসের ক্ষেত্রফল 52 বর্গ সে.মি. হলে এর কর্ণদ্বয়ের গুণফল কত?

ক. 26 বর্গ সে.মি. খ. 52 বর্গ সে.মি.
গ. 104 বর্গ সে.মি. ঘ. 108 বর্গ সে.মি. **উ. গ**

ব্যাখ্যা : রম্বসের ক্ষেত্রফলের সূত্র = $\frac{1}{2}$ × কর্ণদ্বয়ের গুণফল

বা, $52 = \frac{1}{2}$ × কর্ণদ্বয়ের গুণফল

$\therefore$ রম্বসের কর্ণদ্বয়ের গুণফল = 104 বর্গ সেমি.

৫৯. কোনো ত্রিভুজের একটি বহিঃস্থকোণ ও এর অন্তঃস্থ সন্নিহিত কোণের সমষ্টি কত?

ক. 90° খ. 120°
গ. 180° ঘ. 360° **উ. গ**

Job Navigator

ব্যাখ্যা : যে কোনো ত্রিভুজের একটি বহিঃস্থকোণ ও এর অন্তঃস্থ সন্নিহিত কোণের সমষ্টি = 180°।



বহিঃস্থ কোণ + অন্তঃস্থ সন্নিহিত কোণ = ∠ACD + ∠ACB
= ∠BCD = 180°

৬০. একটি সুষম ষড়ভুজের একটি বহিঃস্থ কোণের পরিমাণ কত?

ক. 120° খ. 60°
গ. 90° ঘ. 30° **উ. খ**

ব্যাখ্যা : সুষম ষড়ভুজের বহিঃস্থ কোণের পরিমাণ $= \left(\frac{360}{n}\right)^\circ$

$= \left(\frac{360}{6}\right)^\circ$

$= 60^\circ$

৬১. কোন সংখ্যার ১৫% ৫৪ হবে?

ক. ৩০০ খ. ৩৫০
গ. ৩৬০ ঘ. ৩৭৫ **উ. গ**

ব্যাখ্যা : মনে করি, সংখ্যাটি = ক

$\therefore$ ক $\times \frac{১৫}{১০০} = ৫৪$

$\Rightarrow$ ক $= \frac{৫৪ \times ১০০}{১৫}$

$\therefore$ ক = ৩৬০

৬২. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৫৪ বছর এবং অনুপাত ৭ ঃ ২। ১০ বছর পরে তাদের বয়সের অনুপাত কত হবে?

ক. ৩১ ঃ ১৬ খ. ২৬ ঃ ১১
গ. ১৭ ঃ ১২ ঘ. ২ ঃ ১ **উ. খ**

ব্যাখ্যা : মনে করি, পিতার বয়স = ৭ক বছর

পুত্রের বয়স = ২ক বছর

প্রশ্নমতে, ৭ক + ২ক = ৫৪

বা, ৯ক = ৫৪

$\therefore$ ক = ৬

১০ বছর পর তাদের বয়সের অনুপাত = (৭ ক + ১০) ঃ (২ক + ১০)
= (৭ × ৬ + ১০) ঃ (২ × ৬ + ১০)
= ৫২ ঃ ২২ = ২৬ ঃ ১১

৬৩. ১ থেকে ১০০ এর মধ্যে মৌলিক কয়টি?

ক. ২৫ খ. ২৬
গ. ২৭ ঘ. ২৯ **উ. ক**

ব্যাখ্যা : ১ থেকে ১০০ এর মধ্যে মৌলিক সংখ্যা ২৫টি। মৌলিক সংখ্যাগুলো হল : ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯ ও ৯৭।

৬৪. একটি বৃত্তের ব্যাস r হলে বৃত্তটির ক্ষেত্রফল কত?

ক. πr^2 খ. $\frac{\pi r^2}{2}$
গ. $4\pi r^2$ ঘ. কোনোটিই নয় **উ. ঘ**

ব্যাখ্যা : বৃত্তের ব্যাস r হলে

$\therefore$ বৃত্তের ব্যাসার্ধ $= \frac{r}{2}$

$\therefore$ বৃত্তের ক্ষেত্রফল $= \frac{\pi r^2}{4}$ বর্গ একক

৬৫. $x^2 - 6x + 9 = 0$ সমীকরণের মূল কয়টি?

ক. 1 খ. 2
গ. 3 ঘ. 4 **উ. খ**

ব্যাখ্যা : চলকের সর্বোচ্চ ঘাতের সংখ্যাই হচ্ছে সমীকরণটির মূলের সংখ্যা। যেহেতু, x এর সর্বোচ্চ ঘাত 2। তাই, সমীকরণটির মূল 2টি।

৬৬. একটি সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $\sqrt{3}$ বর্গমিটার হলে তার বাহুর দৈর্ঘ্য কত মিটার?

ক. 2 খ. 3
গ. $\sqrt{3}$ ঘ. 4 **উ. ক**

ব্যাখ্যা : মনে করি, সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য = a মিটার

তাহলে, সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$

প্রশ্নমতে, $\frac{\sqrt{3}}{4}a^2 = \sqrt{3}$

$\Rightarrow a^2 = 4$

$\therefore a = 2$

৬৭. $\left(\frac{3}{2}\right)^x = 1$ হলে x এর মান নিচের কোনটি?

ক. 0 খ. $\frac{2}{3}$ গ. 1 ঘ. $\frac{3}{2}$ **উ. ক**

ব্যাখ্যা : দেওয়া আছে, $\left(\frac{3}{2}\right)^x = 1$

বা, $\left(\frac{3}{2}\right)^x = \left(\frac{3}{2}\right)^0$ [$\because a^\circ = 1, a > 0$]

$\therefore x = 0$ (উত্তর)

৬৮. $x - 2, x^2 - 4$ এবং $x + 2$ এর গ. সা. গু. নিচের কোনটি?

ক. 0 খ. 1
গ. $x - 2$ ঘ. $x + 2$ **উ. খ**

Job Navigator

ব্যাখ্যা : দেওয়া আছে,

১ম রাশি = $x - 2$

২য় রাশি = $x^2 - 4$

$= x^2 - 2^2$

$= (x + 2)(x - 2)$

৩য় রাশি = $x + 2$

∴ নির্ণেয় গ. সা. গু. = 1

৬৯. জাওয়াদ মোবাইলে 5 মিনিট কথা বলল। প্রতি মিনিটের মূল্য 1.50 টাকা এবং ভ্যাট 15% হলে মোট কত টাকা বিল হবে?

ক. 8.625 টাকা খ. 8.652 টাকা

গ. 7.500 টাকা ঘ. 1.125 টাকা **উ. ক**

ব্যাখ্যা : 5 মিনিটের মূল্য = (5×1.50) টাকা = 7.5

ভ্যাট = 15%

∴ ভ্যাটসহ মোট বিল = $\left(7.5 + 7.5 \times \frac{15}{100}\right)$ টাকা

$= (7.5 + 1.125)$ টাকা

$= 8.625$

৭০. একই হার মুনাফায় কোনো আসল ৭ বছরে মুনাফা-আসলে দ্বিগুণ হলে কত বছরে মুনাফা আসলে তিনগুণ হবে?

ক. ১১ খ. ১২

গ. ১৪ ঘ. ২১ **উ. গ**

ব্যাখ্যা : মনে করি, আসল ১০০ টাকা

∴ ৭ বছরে মুনাফা-আসলে দ্বিগুণ হলে মুনাফা-আসল = ২০০ টাকা

∴ মুনাফা = (২০০ − ১০০) বা ১০০ টাকা

$$r = \frac{১০০ \times ১০০}{১০০ \times ৭} = ১৪.২৯$$

অতএব, মুনাফা-আসলে তিনগুণ হলে,

মুনাফা = (৩০০ − ১০০) বা ২০০ টাকা

$$\therefore n = \frac{২০০ \times ১০০}{১০০ \times ১৪.২৯}$$

= ১৪ বছর (উত্তর)

৭১. $\frac{9^x - 4}{3^x - 2} - 2$ এর মান কত?

ক. 3^x খ. $3^x + 2$

গ. $2^x - 2$ ঘ. 2^x **উ. ক**

ব্যাখ্যা : $\frac{9^x - 4}{3^x - 2} - 2 = \frac{(3^x)^2 - (2)^2}{3^x - 2} - 2$

$= \frac{(3^x + 2)(3^x - 2)}{(3^x - 2)} - 2$

$= 3^x + 2 - 2 = 3^x$

৭২. আয়ান সাহেব একটি মোবাইল সেট p টাকায় বিক্রয় করে x% লাভ করেছেন। তিনি মোবাইল সেটটি কত টাকায় ক্রয় করেছিলেন?

ক. $\frac{100x}{100 + P}$ খ. $\frac{100P}{100 + Px}$

গ. $\frac{100}{100x + p}$ ঘ. $\frac{100P}{100 + x}$ **উ. ঘ**

ব্যাখ্যা : x% লাভে বিক্রয়মূল্য (100 + x) টাকা

বিক্রয়মূল্য (100 + x) টাকা হলে ক্রয়মূল্য 100 টাকা

∴ বিক্রয়মূল্য 1 " " " $\frac{100}{100 + x}$ টাকা

∴ বিক্রয়মূল্য P " " " $\frac{100 \times P}{100 + x}$ টাকা

$= \frac{100P}{100 + x}$ টাকা

৭৩. $2x^3 - 5x^2 + 4 = 0$ সমীকরণের x এর সহগ কত?

ক. −5 খ. 0

গ. 2 ঘ. 4 **উ. খ**

ব্যাখ্যা : $2x^3 - 5x^2 + 4 = 0$

বা, $2x^3 - 5x^2 + 0.x + 4 = 0$

∴ সমীকরণে x এর সহগ 0

৭৪. 5, 11, 13, 7, 8 এবং 10 সংখ্যাগুলোর গড় কত?

ক. 6 খ. 7

গ. 8 ঘ. 9 **উ. ঘ**

ব্যাখ্যা : সংখ্যাগুলোর গড় = $\frac{5 + 11 + 13 + 7 + 8 + 10}{6}$

$= \frac{54}{6}$

$= 9$

৭৫. ৩০ জন শ্রমিক ২০ দিনে একটি বাড়ি তৈরি করতে পারে। ১২ জন শ্রমিক কত দিনে ঐ বাড়িটি তৈরি করতে পারবে?

ক. ৩০ দিনে খ. ৪৫ দিনে

গ. ৫০ দিনে ঘ. ৬০ দিনে **উ. গ**

ব্যাখ্যা : ৩০ জন শ্রমিক একটি বাড়ি তৈরি করে ২০ দিনে

∴ ১ " " " " " " ২০ × ৩০ "

∴ ১২ " " " " " " $\frac{২০ \times ৩০}{১২}$ "

= ৫০ দিনে

৭৬. বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ কোনটি?

ক. ভোলা খ. হাতিয়া

গ. কুতুবদিয়া ঘ. সেন্টমার্টিন **উ. ঘ**

Job Navigator

ব্যাখ্যা : সেন্টমার্টিন (অন্য নাম নারিকেল জিঞ্জিরা) বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ (প্রবাল অর্থ সামুদ্রিক কীটজাত লাল বর্ণের বস্তু বিশেষ)। ৮ বর্গ কি.মি. আয়তনের দ্বীপটি টেকনাফ থেকে ৯ কি.মি. দক্ষিণে নাফ নদীর মোহনায় বঙ্গোপসাগরে অবস্থিত। ভোলা বাংলাদেশের বৃহত্তম দ্বীপ এবং একমাত্র দ্বীপ জেলা। কুতুবদিয়া দ্বীপ বাতিঘরের জন্য বিখ্যাত।

৭৭. বাংলাদেশের উপর দিয়ে মৌসুমী-বায়ু প্রবাহিত হয় কোন কোন মাসে?
ক. আগস্ট-সেপ্টেম্বর খ. মে-জুন
গ. নভেম্বর-ডিসেম্বর ঘ. ফেব্রুয়ারি-মার্চ উ. *

ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। আরবি ভাষায় মওসুম অর্থ ঋতু। ঋতু পরিবর্তনের সাথে সাথে যে বায়ু প্রবাহের দিক পরিবর্তিত হয় তাই মৌসুমী বায়ু। বাংলাদেশে মৌসুমী বায়ু গ্রীষ্মকালে মার্চ থেকে মে, বর্ষাকালে জুন থেকে অক্টোবর এবং শীতকালে নভেম্বর থেকে ফেব্রুয়ারি মাসে প্রবাহিত হয়। গ্রীষ্মকালীন মৌসুমী বায়ু দক্ষিণ পশ্চিম দিক থেকে এবং শীতকালীন মৌসুমী বায়ু উত্তর-পূর্ব থেকে প্রবাহিত হয়।

৭৮. প্রাচীন জনপদগুলোকে একত্রিত করে গৌড় রাজ্য প্রতিষ্ঠা করেন কে?
ক. ধর্মপাল খ. লক্ষ্মণ সেন
গ. শশাঙ্ক ঘ. ইলিয়াছ শাহ্ উ. গ

ব্যাখ্যা : বাংলার প্রাচীন জনপদগুলোকে একত্রিত করে সপ্তম শতকের শুরুতে স্বাধীন গৌড় রাজ্য প্রতিষ্ঠা করেন শশাঙ্ক। তাই তাকে বলা হয় বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা। তার উপাধি ছিল 'রাজাধিরাজ'। তার রাজধানী ছিল কর্ণসুবর্ণ, সেটি বর্তমান মুর্শিদাবাদ জেলায় অবস্থিত।

৭৯. 'জীবন থেকে নেয়া' চলচ্চিত্রের পরিচালক কে?
ক. চাষী নজরুল ইসলাম খ. আলমগীর কবির
গ. জহির রায়হান ঘ. সুভাষ দত্ত উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশের শ্রেষ্ঠ চলচ্চিত্রকার জহির রায়হানের ভাষা আন্দোলনভিত্তিক একটি বিখ্যাত চলচ্চিত্র 'জীবন থেকে নেয়া' (১৯৭০)। এ চলচ্চিত্রেই প্রথম বাংলাদেশের জাতীয় সংগীত গাওয়া হয়। তার অন্যান্য চলচ্চিত্রের মধ্যে রয়েছে কখনও আসেনি (তার প্রথম চলচ্চিত্র), সঙ্গম (বাংলাদেশের প্রথম রঙিন চলচ্চিত্র), কাঁচের দেয়াল ইত্যাদি।

৮০. বাংলাদেশের ক্রীড়া সংগীতের গীতিকার কে?
ক. সেলিমা রহমান খ. খন্দকার নুরুল আলম
গ. হেলাল হাফিজ ঘ. রফিক আজাদ উ. ক

ব্যাখ্যা : সেলিমা রহমান বাংলাদেশের ক্রীড়া সংগীতের গীতিকার তথা রচয়িতা। এবং সুরকার হলেন খন্দকার নুরুল আলম। বাংলাদেশের জাতীয় সংগীত এবং রণ সঙ্গীতের রচয়িতা ও সুরকার হলেন যথাক্রমে রবীন্দ্রনাথ ঠাকুর এবং কাজী নজরুল ইসলাম।

৮১. ভারতের প্রজাতান্ত্রিক দিবস কোনটি?
ক. ২৬ জানুয়ারি খ. ১৫ আগস্ট
গ. ১৪ আগস্ট ঘ. ১৬ ডিসেম্বর উ. ক

ব্যাখ্যা : বিশ্বের সবচেয়ে বড় গণতান্ত্রিক রাষ্ট্র ভারত। দেশটি ১৯৫০ সালের ২৬ জানুয়ারি সংবিধান কার্যকরের মধ্য দিয়ে 'প্রজাতন্ত্রে' পরিণত হয়। তাই ২৬ জানুয়ারি ভারতের 'প্রজাতন্ত্র দিবস'। আর ভারতের স্বাধীনতা দিবস ১৫ আগস্ট।

৮২. পরপর তিনবার ফিফা বর্ষসেরা ফুটবলার হন কে?
ক. ক্রিশ্চিয়ানো রোনাল্ডো খ. ম্যারাডোনা
গ. লিওনেল মেসি ঘ. ডেভিড ব্যাকহাম উ. গ

ব্যাখ্যা : ২০০৯ থেকে ২০১২ (টানা ৪ বার) পুরস্কার পান আর্জেন্টাইন তারকা লিওনেল মেসি। ফিফা বর্ষসেরা ফুটবলার-২০২২ হন লিওনেল মেসি। এখন পর্যন্ত তিনি সর্বোচ্চ ৭ বার এ সম্মানজনক এ পুরস্কার পান।

৮৩. সবচেয়ে বড় দিন কোনটি?
ক. ২২ ডিসেম্বর খ. ২১ মার্চ
গ. ২৩ সেপ্টেম্বর ঘ. ২১ জুন উ. ঘ

ব্যাখ্যা : ২১ মার্চ ও ২৩ সেপ্টেম্বর পৃথিবীর সর্বত্র দিনরাত্রি সমান। ২১ জুন উত্তর গোলার্ধে সবচেয়ে বড় দিন (স্বাভাবিকভাবে ক্ষুদ্রতম রাত) আর ২২ ডিসেম্বর দক্ষিণ গোলার্ধে সবচেয়ে বড় দিন (স্বভাবতই ক্ষুদ্রতম রাত)।

৮৪. বিশ্বের সবচেয়ে বড় অর্থনৈতিক জোট কোনটি?
ক. EU খ. WTO
গ. NATO ঘ. FIFA উ. ক

ব্যাখ্যা : বিশ্বের সর্ব বৃহত্তম অর্থনৈতিক জোট হলো European Union (EU, ১৯৯৩ সালে প্রতিষ্ঠা) আর বিশ্বের বৃহত্তম বাণিজ্যিক সংস্থা হচ্ছে World Trade Organization (WTO, প্রতিষ্ঠা ১৯৯৫)।

৮৫. কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে কী বলা হয়?
ক. ই-মেইল খ. ইন্টারকম
গ. ইন্টারনেট ঘ. টেলিগ্রাম উ. গ

ব্যাখ্যা : কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদান প্রযুক্তি হচ্ছে ইন্টারনেট (Internet)। এটি International Network এর সংক্ষিপ্ত রূপ। বিশ্বে ইন্টারনেট প্রথম চালু হয় ১৯৬৯ সালে এবং বাংলাদেশে চালু হয় ১৯৯৬ সালে।

৮৬. প্রাচীন বাংলার কোন অঞ্চলটি পূর্বাংশে অবস্থিত ছিল?
ক. হরিকেল খ. সমতট গ. বরেন্দ্র ঘ. রাঢ় উ. ক

ব্যাখ্যা : প্রাচীন বাংলার 'হরিকেল' জনপদটি পূর্বাংশে অবস্থিত ছিল। বর্তমান চট্টগ্রাম ও সিলেট এ জনপদের অংশ ছিল। বরেন্দ্র উত্তরবঙ্গের জনপদ। বর্তমান বৃহত্তর কুমিল্লা ও নোয়াখালী নিয়ে সমতট জনপদ অবস্থিত। বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলে বরেন্দ্র জনপদটি অবস্থিত। পশ্চিমবঙ্গের বর্ধমান জেলায় অবস্থিত ছিল রাঢ় জনপদটি।

৮৭. দেশের বাহিরে প্রথম শহীদ মিনার নির্মিত হয় কোথায়?
ক. কানাডা খ. ইতালি
গ. জাপান ঘ. দক্ষিণ আফ্রিকা উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশ সরকারের অর্থায়নে দেশের বাইরে প্রথম শহীদ মিনার নির্মিত হয় জাপানের রাজধানী টোকিওতে ২০০৫ সালে। দেশের বাইরে প্রথম শহীদ মিনার নির্মিত হয় ব্রিটেনের কিন্তু ওল্ডহ্যাম শহরে ১৯৯৭ সালে।

৮৮. ষাট গম্বুজ মসজিদে প্রকৃত গম্বুজ কতটি?
ক. ৬০টি খ. ৬৬টি
গ. ৭৭টি ঘ. ৮১টি উ. ঘ

ব্যাখ্যা : বাগেরহাট জেলায় অবস্থিত প্রাক মুঘল আমলে খান জাহান আলী কর্তৃক নির্মিত ষাট গম্বুজ মসজিদের গম্বুজ সংখ্যা ৮১টি (মসজিদের ভিতরে পিলার/ স্তম্ভ আছে ৬০টি)। এটি বাংলাদেশের সবচেয়ে বড় মধ্যযুগীয় মসজিদ। ১৯৮৫ সালে UNESCO এটি World Heritage Site হিসেবে ঘোষণা করে।

৮৯. কুমিল্লার পূর্বনাম কী?
ক. নাসিরাবাদ খ. ত্রিপুরা
গ. সুধারাম ঘ. সুবর্ণগ্রাম উ. খ

ব্যাখ্যা :

বর্তমান নাম	পূর্বনাম,
কুমিল্লা	ত্রিপুরা, কমলাঙ্ক
ময়মনসিংহ	নাসিরাবাদ, মোমেনশাহী
নোয়াখালী	সুধারাম/ভুলুয়া
সোনারগাঁও	সুবর্ণগ্রাম

৯০. ভাওয়াইয়া কোন অঞ্চলের গান?
ক. রংপুর খ. রাজশাহী
গ. ময়মনসিংহ ঘ. সিলেট উ. ক

ব্যাখ্যা : ভাওয়াইয়া ও চটকা রংপুর; ভাটিয়ালী, জারি, সারি = ময়মনসিংহ; গম্ভীরা বৃহত্তর রাজশাহী।

৯১. বাংলাদেশ থেকে সবচেয়ে বেশি ঔষধ রপ্তানি হয় কোথায়?
ক. নেপাল খ. মিয়ানমার গ. ব্রাজিল ঘ. শ্রীলংকা উ. খ

ব্যাখ্যা : ২০২৩ সালের তথ্যতে, বাংলাদেশ সবচেয়ে বেশি ঔষধ রপ্তানি করে মিয়ানমারে, দ্বিতীয় শ্রীলংকা। বর্তমানে ১৪৮টি দেশে বাংলাদেশ ওষুধ রপ্তানি করে। সর্বপ্রথম বিদেশে রপ্তানি করে Beximco ফার্মা। বাংলাদেশের প্রথম ঔষধ পার্ক নির্মিত হচ্ছে মুন্সিগঞ্জের গজারিয়ায়।

৯২. এগার-দফা আন্দোলন কখন হয়েছিল?
ক. ১৯৫৪ সালে খ. ১৯৬৬ সালে
গ. ১৯৬৮ সালে ঘ. ১৯৬৯ সালে উ. ঘ

ব্যাখ্যা : সর্বদলীয় 'ছাত্র সংগ্রামে পরিষদ' এর ১১ দফা এবং বঙ্গবন্ধুর ৬ দফার ভিত্তিতে ১৯৬৯ সালে স্বৈরাচারী আইয়ুব সরকারের বিরুদ্ধে গণআন্দোলন হয়।

৯৩. সার্কের প্রথম মহাসচিব কে ছিলেন?
ক. শীল কান্ত শর্মা খ. ইব্রাহীম হুসাইন জাকী
গ. আবুল আহসান ঘ. নিহাল রডরিগো উ. গ

ব্যাখ্যা : ১৯৮৫ সালের ৮ ডিসেম্বর ঢাকায় জন্ম নেয়া সার্কের প্রথম মহাসচিব (Secretary General) ছিলেন বাংলাদেশের আবুল আহসান। আর সার্কের বর্তমান ও ১৫তম মহাসচিব হলেন বাংলাদেশের গোলাম সারওয়ার। মহাসচিবের মেয়াদ ৩ বছর। সার্কের সদস্য ৮; সদর দপ্তর নেপালের কাঠমান্ডুতে অবস্থিত।

৯৪. কোন খাদ্যে পচন ধরে না?
ক. ফল খ. মধু গ. দুধ ঘ. চাল উ. খ

ব্যাখ্যা : উচ্চ ঔষধিগুণসম্পন্ন মধু একপ্রকার ঘন ও মিষ্টি তরল পদার্থ। এটি অপচনশীল।

৯৫. ভিটামিন সি-এর অভাবে কোন রোগ হয়?
ক. রাতকানা খ. বেরিবেরি গ. স্কার্ভি ঘ. রিকেটস উ. গ

ব্যাখ্যা :

ভিটামিন	অভাবজনিত রোগ
ভিটামিন সি	স্কার্ভি, সর্দি কাশি
ভিটামিন এ	রাতকানা (X_n)
ভিটামিন ডি	রিকেটস, অস্টিওমেলাসিয়া
ভিটামিন B_1	বেরিবেরি
ভিটামিন B_2	মুখে ও জিহ্বায় ঘা
ভিটামিন B_3	পেলেগ্রা
ভিটামিন B_{12}	রক্তশূন্যতা

৯৬. নিউমোনিয়া রোগে আক্রান্ত হয় মানবদেহের কোথায়?
ক. ফুসফুস খ. যকৃত
গ. কিডনী ঘ. প্লীহা উ. ক

ব্যাখ্যা : ফুসফুসের প্রদাহকে বলে নিউমোনিয়া। এই রোগে ফুসফুস আক্রান্ত হয়। এটি একটি ব্যাকটেরিয়াজনিত রোগ। জন্ডিস রোগে আক্রান্ত হয় Liver বা যকৃত। ডিপথেরিয়ায় আক্রান্ত হয় গলা।

৯৭. বাংলাদেশের একটি জীবন্ত জীবাশ্ম হলো–
ক. রাজ কাঁকড়া খ. পিপীলিকা
গ. কেঁটো ঘ. সাপ উ. ক

ব্যাখ্যা : বাংলাদেশের একটি জীবন্ত জীবাশ্ম হচ্ছে রাজ কাঁকড়া। এছাড়া ক্যাঙ্গারু ও একটি জীবন্ত জীবাশ্ম।

৯৮. বিশ্ব পরিবেশ দিবস পালিত হয় কোন দিন?
ক. ৫ মে খ. ১৫ মে
গ. ৫ জুন ঘ. ১৫ জুন উ. গ

ব্যাখ্যা : বিশ্ব পরিবেশ দিবস ৫ জুন। ১ মে = শ্রমিক দিবস, ৫ মে = বিশ্ব ধাত্রী দিবস, ৩১ মে = বিশ্ব তামাক মুক্ত দিবস, ৭ জুন = ছয় দফা দিবস।

৯৯. 'লাইন অব কন্ট্রোল' কোন দুটি দেশের মধ্যে?
ক. ভারত-পাকিস্তান খ. ভারত-চীন উ. ক
গ. ভারত-বাংলাদেশ ঘ. পাকিস্তান-আফগানিস্তান

ব্যাখ্যা : Line of Control = ভারত-পাকিস্তান (কাশ্মীর সীমান্তে)
Line of actual Control = ভারত-চীন (কাশ্মীর সীমান্তে)
Radcliffe Line (রেডক্লিফ লাইন) = ভারত-বাংলাদেশ
Durand Line (ডুরান্ড লাইন) = পাকিস্তান-আফগানিস্তান

১০০. আইসিডিডিআর, বি হাসপাতালে কোন রোগের চিকিৎসা হয়?
ক. ম্যালেরিয়া খ. যক্ষ্মা
গ. নিউমোনিয়া ঘ. কলেরা উ. ঘ

ব্যাখ্যা : ঢাকার মহাখালী অবস্থিত ICDDR, B এর পূর্ণরূপ হচ্ছে International Centre for Diarrhoreal Disease Research, Bangladesh। এটি 'কলেরা হাসপাতাল' নামে পরিচিত।

১২তম স্কুল-২/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৫

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১, বিষয় কোড : ২০০; পরীক্ষার তারিখ : ১২.০৬.২০১৫

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. কোন বাক্যটির শুদ্ধ প্রয়োগ হয়েছে?
ক. অন্যায়ের ফল অনিবার্য খ. অন্যায়ের ফল দুর্নিবার্য
গ. অন্যায়ের ফল ভয়'বহ ঘ. অন্যায়ের শাস্তি মৃত্যু উ. ক
ব্যাখ্যা : দুর্নিবার্য বলতে কোন শব্দ নেই। তাই 'অন্যায়ের ফল অনিবার্য'– বাক্যটির শুদ্ধ প্রয়োগ হয়েছে।

২. বিশেষ নিয়মে গঠিত স্ত্রীবাচক শব্দ কোনটি?
ক. বালক-বালিকা খ. দুঃখী-দুঃখিনী
গ. খান-খানম ঘ. নর-নারী উ. ঘ
ব্যাখ্যা : 'নর-নারী' বিশেষ নিয়মে গঠিত স্ত্রীবাচক শব্দ। বিশেষ নিয়মে গঠিত আরো কয়েকটি স্ত্রী-বাচক শব্দ : সম্রাট–সম্রাজ্ঞী, শ্বশুর–শ্বশ্রূ, দেবর–জা ইত্যাদি।

৩. নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?
ক. এয়ো খ. কবিরাজ
গ. সন্তান ঘ. কৃতদার উ. ক
ব্যাখ্যা : এয়ো, দাই, সতীন, সৎমা, সধবা (বাংলা) নিত্য স্ত্রীবাচক শব্দ।

৪. 'সকলের জন্য প্রযোজ্য'– এক কথায় কী হবে?
ক. সর্বজনীন খ. সার্বজনীন
গ. সর্বজনস্বীকৃত ঘ. সর্বজনগ্রাহ্য উ. ক
ব্যাখ্যা : 'সকলের জন্য প্রযোজ্য'– এক কথায় হবে সর্বজনীন।

৫. 'যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ– এক কথায় কী বলে?
ক. দুর্গম খ. শ্বাপদসংকুল
গ. অরণ্য জনপদ ঘ. বিপদসংকুল উ. খ
ব্যাখ্যা : 'যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ'।– তাকে এককথায় শ্বাপদসংকুল বলে। যেখানে সহজে গমন করা যায় না, তাকে দুর্গম বলে। বিপদসংকুল অর্থ- বিপদ-বহুল বা সংকটাপন্ন।

৬. 'গ্রহণ' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. পরিহার খ. বর্জন
গ. অগ্রাহ্য ঘ. প্রদান উ. খ
ব্যাখ্যা : 'গ্রহণ' শব্দের বিপরীত শব্দ 'বর্জন'। অন্যদিকে, আদান এর বিপরীত প্রদান, গ্রাহ্য এর বিপরীত অগ্রাহ্য।

৭. 'তেজী' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. দুর্বল খ. রুগ্ন
গ. নিস্তেজ ঘ. সতেজ উ. গ
ব্যাখ্যা : 'তেজি' শব্দের বিপরীত শব্দ নিস্তেজ। অন্যদিকে, সবল-দুর্বল, সতেজ/তেজী- নিস্তেজ, রুগ্ন-সুস্থ।

৮. 'মাতঙ্গ' কার সমার্থক?
ক. হরিণ খ. ভুজঙ্গ
গ. হাতি ঘ. অশ্ব উ. গ
ব্যাখ্যা : 'মাতঙ্গ' শব্দের সমার্থক– হাতি, দ্বিপ, দ্বিরদ, বারণ ইত্যাদি।

৯. কোনটি 'পানি' শব্দের সমার্থক শব্দ?
ক. সবিতা খ. সলিল
গ. সাগর ঘ. সৈকত উ. খ
ব্যাখ্যা : পানি শব্দের সামর্থক শব্দ– সলিল, অম্বু, অম্ভঃ, অপ, পয়ঃ ইত্যাদি।

১০. $\sqrt{কাঁদ}$ + অন – কোন প্রত্যয়ের অন্তর্ভুক্ত?
ক. কৃৎ প্রত্যয় খ. তদ্ধিত প্রত্যয়
গ. সংস্কৃত তদ্ধিত প্রত্যয় ঘ. বাংলা কৃৎ প্রত্যয় উ. ক
ব্যাখ্যা : 'অন'- বাংলা কৃৎপ্রত্যয়ের অন্তর্ভুক্ত।

১১. 'মুক্তি'– এর সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?
ক. $\sqrt{মুচ্}$ + ক্তি খ. $\sqrt{মুচ্}$ + তি
গ. $\sqrt{মুক্}$ + ক্তি ঘ. $\sqrt{মুক্}$ + তি উ. ক
ব্যাখ্যা : 'মুক্তি' শব্দের প্রকৃতি-প্রত্যয় √মুচ্ + ক্তি। পরিবর্তনের নিয়মানুযায়ী 'চ' এর স্থলে 'ক' হয়।

১২. 'ভিখারিকে ভিক্ষা দাও'– কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৪র্থী খ. করণে ৪র্থী
গ. সম্প্রদানে ৪র্থী ঘ. অপাদানে ৪র্থী উ. গ
ব্যাখ্যা : 'ভিখারিকে ভিক্ষা দাও'– সম্প্রদান কারকে ৪র্থী বিভক্তি। কারণ, দান/সেবা/ভক্তি বোঝালে সম্প্রদান কারক হয়।

১৩. 'ফুলে ফুলে ঘর ভরেছে'– বাক্যে 'ফুলে ফুলে' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. খ
ব্যাখ্যা : 'ফুলে ফুলে ঘর ভরেছে'– বাক্যে ফুলে ফুলে করণ কারকে ৭মী বিভক্তি। উপকরণ বুঝালে করণ কারক হয়।

১৪. ব্যাসবাক্যের অপর নাম কী?
ক. যৌগিক বাক্য খ. বিগ্রহ বাক্য
গ. সমস্ত পদ ঘ. সমস্যামান পদ উ. খ
ব্যাখ্যা : ব্যাসবাক্যের অপর নাম বিগ্রহ বাক্য বা সমাস বাক্য।

১৫. 'চাঁদের ন্যায় মুখ' = চাঁদমুখ' কোন প্রকার কর্মধারয় সমাস?
ক. রূপক খ. উপমিত
গ. উপমান ঘ. মধ্যপদলোপী উ. খ
ব্যাখ্যা : 'চাঁদমুখ' উপমিত কর্মধারয় সমাস। পূর্বপদ পরপদ দুটিই যদি বিশেষ্য হয় তাহলে উপমিত কর্মধারয় সমাস হয়। সাধারণ উপমিত কর্মধারয় দ্বারা অবাস্তব তুলনাকে বোঝায়।

১৬. 'সতীশ' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক. সতি + ইশ খ. সতি + ঈশ
গ. সতী + ইশ ঘ. সতী + ঈশ উ. ঘ

ব্যাখ্যা : 'সতীশ' শব্দটির সন্ধি-বিচ্ছেদ– সতী + ঈশ = সতীশ। ই/ঈ + ই/ঈ = ঈ হয়।

১৭. 'গবেষণা' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক. গব + এষণা খ. গো + এষণা
গ. গো + ষণা ঘ. গ + বেষণা উ. খ

ব্যাখ্যা : 'গবেষণা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ– গো + এষণা। ও + এ = অব + এ।

১৮. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. অগ্নবিনা খ. অগ্নিবীণা
গ. অগ্নিবিণা ঘ. অগ্নিবীনা উ. খ

ব্যাখ্যা : 'অগ্নিবীণা' বানানটি শুদ্ধ।

১৯. কোন বানানটি সঠিক?
ক. মুমূর্ষু খ. মুমূর্ষ
গ. মুমুর্সু ঘ. মুমুর্সূ উ. ক

ব্যাখ্যা : 'মুমূর্ষু' বানানটি সঠিক।

২০. বাক্যে কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কী বসে?
ক. সেমিকোলন খ. কোলন
গ. ড্যাস ঘ. হাইফেন উ. ক

ব্যাখ্যা : বাক্যে 'কমা' অপেক্ষা বেশি রিরতি প্রয়োজন হলে সেমিকোলন বসে। 'কমা' এর জন্য ১ বলতে যতটুকু সময়ের প্রয়োজন হয়, ততটুকু বিরতির প্রয়োজন হয়। সেমিকোলনের জন্য ১ বলার দ্বিগুণ সময় বিরতির দিতে হয়।

২১. 'চাঁদের হাট' বাগধারাটির অর্থ কী?
ক. সৌভাগ্য লাভ খ. বিরাট আয়োজন
গ. আনন্দের প্রাচুর্য ঘ. আনন্দ আয়োজন উ. গ

ব্যাখ্যা : 'চাঁদের হাট' বাগধারাটির অর্থ 'আনন্দের প্রাচুর্য' বা 'প্রিয়জনের সমাগম'।

২২. 'চশমা' কোন ভাষার শব্দ?
ক. আরবি খ. ফারসি
গ. ফরাসি ঘ. গুজরাটি উ. খ

ব্যাখ্যা : চশমা, তোশক, পেরেশান, বখশিস, বরদাশ্‌ত, দস্তখত, একতারা প্রভৃতি ফারসি ভাষার শব্দ।

২৩. চলিত ভাষারীতির ক্ষেত্রে কোন বৈশিষ্ট্য প্রযোজ্য?
ক. গুরুগম্ভীর খ. কৃত্রিম
গ. পরিবর্তনশীল ঘ. তৎসম শব্দবহুল উ. গ

ব্যাখ্যা : চলিত ভাষারীতির ক্ষেত্রে 'পরিবর্তনশীল' বৈশিষ্ট্যটি প্রযোজ্য। কারণ চলিত ভাষারীতি প্রতিনিয়ত পরিবর্তনশীল।

২৪. 'He lives from hand to mouth'– এর সঠিক অনুবাদ কোনটি?
ক. সে রোজগারের ওপর খায়
খ. সে কষ্ট করে খায়
গ. সে হাতে রোজগার করে, মুখে খায়
ঘ. সে দিন আনে দিন খায় উ. ঘ

ব্যাখ্যা : From hand to mouth একটি phrase যার অর্থ কোনো রকমে, দিন এনে দিন খাওয়া। কাজেই সঠিক উত্তর (ঘ) সে দিন আনে দিন খায়।

২৫. 'সকাল থেকে বৃষ্টি হচ্ছে'-এর ইংরেজি অনুবাদ হলো–
ক. It is raining since morning
খ. It has been raining since morning
গ. It has been raining from morning
ঘ. It is raining for morning উ. খ

ব্যাখ্যা : 'সকাল থেকে বৃষ্টি হচ্ছে' এর ইংরেজি অনুবাদ– It has been raining since morning. এটি Present perfect tense.

২৬. তিনি কদাচিৎ মিথ্যা কথা বলেন।
ক. He sometimes tells a lie
খ. He never tells a lie
গ. He seldom tells a lie
ঘ. He sometime tell a lie উ. গ

ব্যাখ্যা : Seldom, scarcely, hardly, rarely - শব্দগুলোর অর্থ কদাচিৎ, উল্লেখ করার মতো নয়। এই শব্দগুলো sentence - এ negative অর্থ প্রকাশ করে। প্রশ্নে প্রদত্ত বাক্যের সঠিক অনুবাদ He seldom tells a lie - তিনি কদাচিৎ মিথ্যা কথা বলেন বা মিথ্যা কথা বলেন না বলেই চলে। never tell- কখনো বলেন না, sometimes tells- মাঝেমধ্যে বলেন, sometime tell- কিছু সময় বলেন। অতএব, সঠিক উত্তর (গ)।

২৭. ভুল করা মানুষের স্বভাব।
ক. To err is human খ. To err is a human
গ. To err is humans ঘ. To err are human উ. ক

ব্যাখ্যা : 'ভুল করা মানুষের স্বভাব' প্রবাদটির অনুবাদ 'To err is human'। এই কথাটি বলেছেন ইংরেজি সাহিত্যিক আলেকজান্ডার পোপ। সুতরাং সঠিক উত্তর (ক)

২৮. নাই মামার চেয়ে কানা মামা ভালো।
ক. Some uncles are better than no uncle
খ. Some uncles are better than no uncle
গ. Somethings are better than nothing
ঘ. Something is better than nothing উ. ঘ

ব্যাখ্যা : 'নাই মামার চেয়ে কানা মামা ভালো' প্রবাদটির অনুবাদ 'Something is better than nothing'। কাজেই সঠিক উত্তর (ঘ)।

২৯. লোকটি মরমর অবস্থা।
ক. The man is to die খ. The man is about to die
গ. The man is died ঘ. The man has died উ. খ

ব্যাখ্যা : কোনো কিছুর দ্বারপ্রান্তে বা কোনো কিছু খুব শ্রীঘ্রই করা হচ্ছে বা হবে- এরূপ বোঝাতে Be about to do something হয়। সুতরাং সঠিক উত্তর (খ) The man is about to die.

৩০. আমি তাকে দিয়ে কাজটি করালাম।
ক. I made him do the work
খ. I got him do the work
গ. I made done the work by him
ঘ. I have done him the work. উ. ক

ব্যাখ্যা : কাউকে দিয়ে কাজ করাতে বোঝাতে causative verb ব্যবহৃত হয়। Let, make, help, get, have ইত্যাদি causative verb। have ও make দিয়ে তৈরি বাক্যে subject-এর পর complement হিসেবে person থাকলে verb এর base form হয়। কাজেই সঠিক উত্তর (ক) I made him do the work.

১. **Belal is the best boy in the class. (Comparative)**
ক. Very few boys in the class are as good as Belal
খ. Belal is a good boy in the class
গ. Belal is better than any other boy in the class
ঘ. Belal is better than any other boys in the class উ. গ

ব্যাখ্যা : 'The best' যুক্ত superlative degree- কে comparative degree তে রূপান্তরের নিয়ম subject + be verb + adjective এর comparative form + than any other + বাক্যের বাকি অংশ। সুতরাং সঠিক উত্তর (গ)।

২. **Everybody hates a liar. (Interrogative)**
ক. Who hates a liar? খ. Do you hate a liar?
গ. Who does not hates a liar?
ঘ. Who does not hate a liar? উ. ঘ

ব্যাখ্যা : Everybody/ Everyone/ All- যুক্ত assertive বাক্যকে Interrogative করতে এগুলোর পরিবর্তে Who + doesn't/didn't + verb এর base form + বাকি অংশ + প্রশ্নবোধক চিহ্ন। সুতরাং সঠিক উত্তর (ঘ)

৩৩. **He is poor but he is honest. (Complex)**
ক. Though he is poor, he is honest
খ. He is poor and honest
গ. As he is poor, he is honest
ঘ. Since he is poor, he is honest উ. ক

ব্যাখ্যা : 'But' যুক্ত compound sentence কে though/although ব্যবহার করে complex করতে হয়। কাজেই সঠিক উত্তর (ক) Though he is poor, he is honest.

৩৪. **He is so weak that he cannot walk. (Simple)**
ক. He is so weak that walk
খ. He is weak to walk
গ. He is too weak to walk
ঘ. He is very weak to walk উ. গ

ব্যাখ্যা : So ... that দ্বারা গঠিত complex sentence - কে simple করার নিয়ম so এর স্থলে too এবং that এর স্থলে to বসে। কাজেই সঠিক উত্তর (গ)।

৩৫. **'Milk and water' means–**
ক. brave খ. timid
গ. daring ঘ. courageous উ. খ

ব্যাখ্যা : 'Milk and water' idiom-টির অর্থ Timid বা ভীতু, ভীরু, কাপুরুষ। সুতরাং সঠিক উত্তর (খ) Timid. অন্যদিকে, brave অর্থ সাহসী, daring অর্থ ভয়ঙ্কর, courageous অর্থ সাহসী, নির্ভীক।

৩৬. **Politicians often use students as–**
ক. cat's paw খ. cold water
গ. fresh blood ঘ. kith and kin উ. ক

ব্যাখ্যা : Cat's paw -অপরের ক্রীড়ানক অর্থাৎ কোনো ব্যক্তি যখন উদ্দেশ্য হাসিলের জন্য অন্য কোনো ব্যক্তিকে ব্যবহার করে তখন তাকে cat's paw বলে। সুতরাং সঠিক উত্তর (ক) cats paw.

৩৭. **Sher-e-Bangla was a–.**
ক. man of sorrow খ. man of justice উ. গ
গ. man of mark ঘ. man of sofhheart

ব্যাখ্যা : 'Man of mark' অর্থ বিখ্যাত ব্যক্তি। শেরে-এ বাংলা একজন বিখ্যাত ব্যক্তি বা man of mark ছিলেন। সুতরাং সঠিক উত্তর (গ) Man of mark.

৩৮. **He is – a rogue.**
ক. above all খ. after all
গ. one and every ঘ. out and out উ. ঘ

ব্যাখ্যা : 'Out and out' phrase-টির অর্থ পুরোপুরি বা সম্পূর্ণ রূপে। 'rogue' অর্থ অসৎ। কাজেই সঠিক উত্তর (ঘ) Out and out.

৩৯. **I saw the beggar – on the floor.**
ক. laid খ. lying
গ. lay ঘ. lie উ. খ

ব্যাখ্যা : 'See' verb এর object এর পর পুনরায় কোনো verb আসলে তার সঙ্গে ing যুক্ত হয়। যেমন- I saw him going there.' এখানে, lie অর্থ শয়ন করা, হেলান দেওয়া। এর Present, Past ও Past Participle রূপ হলো- Lie-lay-lain. 'Lie' এর সাথে ing যুক্ত হলে হয় 'lying'. আরেকটি বিষয় মনে রাখুন- 'Lay' অর্থ ডিম পড়া বা ডিম দেওয়া। এর Present, Past ও Past Participle রূপ হলো- Lay-laid-laid. অতএব, সঠিক উত্তর (খ) lying হবে।

৪০. **I went to the library with a view to– knowledge.**
ক. gain খ. gaining
গ. gained ঘ. be gained উ. খ

ব্যাখ্যা : with a view to, look forward এর পরে (v + ing) হয়। সুতরাং সঠিক উত্তর (খ) gaining.

৪১. **The poor– much in winter.**
ক. suffer খ. suffers
গ. suffering ঘ. suffered উ. ক

ব্যাখ্যা : কোনো Adjective এর আগে the ব্যবহৃত হলে তা সবসময় plural common noun হয় এবং plural verb হয়। কাজেই সঠিক উত্তর (ক) suffer.

৪২. **Walk fast lest you (miss) the train.**
ক. would miss খ. missed
গ. should miss ঘ. will miss উ. গ

ব্যাখ্যা : lest + sub + should/might + verb এর base form হয়। সঠিক উত্তর (গ) should miss।

৪৩. **The patient (die) before the doctor came.**
ক. died খ. had died
গ. have died ঘ. would die **উ. খ**

ব্যাখ্যা : Past perfect tense + before + past Indefinite tense হয়। আবার past indefinite tense + after + past perfect tense হয়। সুতরাং সঠিক উত্তর (খ) had died.

৪৪. **I (to suffer) from fever for three days.**
ক. have suffered খ. am suffering **উ. ঘ**
গ. suffered ঘ. have been suffering

ব্যাখ্যা : কোনো বাক্যে period of time বা point of time বোঝালে present perfect continuous tense হয়। উক্ত for three days দ্বারা period of time বোঝায়। তাই বাক্যটি present perfect continuous tense হবে। কাজেই সঠিক উত্তর (ঘ)।

৪৫. **Hardly had we taken shelter under a big tree–**
ক. then the storm started খ. when the storm starts
গ. then the storm starts ঘ. when the storm started **উ. ঘ**

ব্যাখ্যা : { Hardly had — when / Scarcely had — when / No sooner had — than } + Past Indefinite tense হয়।
সুতরাং সঠিক উত্তর (ঘ) when then storm started.

৪৬. **If I were a bird,–.**
ক. I would fly in the sky খ. I should fly in the sky
গ. I will fly in the sky ঘ. I flew in the sky **উ. ক**

ব্যাখ্যা : Unreal condition এর নিয়ম অনুযায়, If + past indefinite tense, sub + would/could/might + verb এর base form। সুতরাং সঠিক উত্তর (ক)। I would fly in the sky.

৪৭. **He speaks as if–**
ক. he knows everything খ. he knew everything
গ. he had known everyting
ঘ. he know everything **উ. খ**

ব্যাখ্যা : Present indefinite + as if/as though + Past indefinite) এবং past indefinite + as if/as though + past perfect। কাজেই সঠিক উত্তর (খ) he knew everything.

৪৮. **which is the antonym of 'handsome'?**
ক. Beautiful খ. Ugly
গ. Nice ঘ. Bad **উ. খ**

ব্যাখ্যা : Handsome শব্দের অর্থ সুদর্শন বা সুন্দর Handsome এর বিপরীত শব্দ বা antonym হচ্ছে ugly বা কুৎসিত। কাজেই সঠিক উত্তর (খ) ugly.

৪৯. **What is the adjective of 'comfort'?**
ক. Comfortation খ. Comfortably
গ. Comfortification ঘ. Comfortable **উ. ঘ**

ব্যাখ্যা : Comfort শব্দটির adjective হলো comfortable যার অর্থ আরামদায়ক। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

৫০. **Find out the correct synonym of the word 'ability'.**
ক. Property খ. Appropriacy
গ. Capability ঘ. Disability **উ. গ**

ব্যাখ্যা : Ability অর্থ সামর্থ্য। প্রশ্নে প্রদত্ত অপশনগুলোর মধ্যে ability শব্দের সমার্থক শব্দ capability যার অর্থ সামর্থ্য। অন্যদিকে, Property- সম্পত্তি; Appropriacy- উপযুক্ততা, যথার্থতা; Disability- অসামর্থ্য; যা Ability এর বিপরীত। কাজেই সঠিক উত্তর (গ) capability.

৫১. **দুইটি ধনাত্মক পূর্ণ সংখ্যার বর্গের সমষ্টি ২২১ হলে, ক্ষুদ্রতম সংখ্যাটি কত?**
ক. ৮ খ. ১১ গ. ১০ ঘ. ১১০ **উ. গ**

ব্যাখ্যা : প্রশ্নের অপশন অনুযায়ী, $= (১০)^২ + (১১)^২$
$= ১০০ + ১২১ = ২২১$
∴ ক্ষুদ্রতম সংখ্যাটি = ১০ (উত্তর)

৫২. **৪, ৮ ও ১০ এর ৪র্থ সমানুপাতিক কোনটি?**
ক. ১২ খ. ২০ গ. ৪০ ঘ. ৩২ **উ. খ**

ব্যাখ্যা : মনে করি, ৪র্থ সমানুপাতি = ক
১ম সংখ্যা × ৪র্থ সংখ্যা = ২য় সংখ্যা × ৩য় সংখ্যা
বা, $৪ \times ক = ৮ \times ১০$
বা, $ক = \frac{৮ \times ১০}{৪}$
∴ ক = ২০

৫৩. **কোনটি অভেদ?**
ক. $x^2 + 5x + 6 = 0$ খ. $a^2 - 10a + 9 = 0$ **উ. ঘ**
গ. $4x + 5 = 9$ ঘ. $(p + q)^2 = p^2 + 2pq + q^2$

ব্যাখ্যা : আমরা জানি, সকল বীজগণিতীয় সূত্রই অভেদ। তাহলে, অপশন অনুযায়ী সঠিক উত্তর হবে অপশন (ঘ)। কারণ এটি $(a + b)^2$ এর সূত্রের অনুরূপ।

৫৪. **এক ডজন কলার দাম ৩০ টাকা হলে, দুই হালি তিনটি কলার দাম কত টাকা?**
ক. ৮০ টাকা খ. ২৭.৫০ টাকা
গ. ৩৭.৫০ টাকা ঘ. ২০ টাকা **উ. খ**

ব্যাখ্যা : আমরা জানি, ১ হালি = ৪টি।
∴ ২ হালি ৩টি = ১১টি
১২টি কলার দাম ৩০ টাকা
∴ ১ " " $\frac{৩০}{১২}$ টাকা
∴ ১১ " " $\frac{৩০ \times ১১}{১২}$ টাকা = ২৭.৫০

৫৫. **$x + y = 2$ এবং $x^2 + y^2 = 4$ হলে, $x^3 + y^3$ এর মান কত?**
ক. 2 খ. 14 গ. 8 ঘ. 0 **উ. গ**

ব্যাখ্যা : $x^2 + y^2 = 4$
বা, $(x + y)^2 - 2xy = 4$
বা, $(2)^2 - 4 = 2xy$

বা, $0 = 2xy$

$\therefore xy = 0$

এখন, $x^3 + y^3 = (x+y)^3 - 3xy(x+y)$

$= (2)^3 - 3 \times 0 \times 2$ [মান বসিয়ে]

$= 8 - 0 = 8$

৫৬. ১ হতে ১০০ এর মধ্যে মৌলিক সংখ্যা কয়টি রয়েছে?

ক. ২৬ খ. ২০ গ. ২৫ ঘ. ১৮ **উ. গ**

ব্যাখ্যা : ১ হতে ১০০ এর মধ্যে মৌলিক সংখ্যা রয়েছে ১০০টি। মৌলিক সংখ্যাগুলো হল : ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯ ও ৯৭।

৫৭. $x + \frac{1}{x} = \sqrt{5}$ হলে, $x^3 + \frac{1}{x^3} = ?$

ক. 0 খ. $3\sqrt{5}$ গ. 5 ঘ. $2\sqrt{5}$ **উ. ঘ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $x + \frac{1}{x} = \sqrt{5}$

এখন, $x^3 + \frac{1}{x^3} = \left(x + \frac{1}{x}\right)^3 - 3.x.\frac{1}{x}\left(x + \frac{1}{x}\right)$

$= \left(\sqrt{5}\right)^3 - 3 \times \sqrt{5}$

$= 5\sqrt{5} - 3\sqrt{5} = 2\sqrt{5}$

৫৮. $x^2 + 5x$, $x^2 - 25$, $x^2 + 7x + 10$ এর গ. সা. গু কত?

ক. $x - 5$ খ. $x + 5$ **উ. খ**

গ. $x(x+5)$ ঘ. $x(x+5)(x-5)(x+2)$

ব্যাখ্যা : দেওয়া আছে, ১ম রাশি $= x^2 + 5x = x(x+5)$

২য় রাশি $= x^2 - 25$

$= x^2 - 5^2$

$= (x+5)(x-5)$

৩য় রাশি $= x^2 + 7x + 10$

$= x^2 + 5x + 2x + 10$

$= (x+5)(x+2)$

$\therefore$ নির্ণেয় গ. সা. গু $= (x+5)$

৫৯. সমবাহু ত্রিভুজের একবাহুর দৈর্ঘ্য ১০ সে.মি. হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক. ১০০ বর্গ সে. মি. খ. ৫০ বর্গ সে. মি. **উ. গ**

গ. $২৫\sqrt{৩}$ বর্গ সে.মি. ঘ. $৫০\sqrt{২}$ বর্গ সে. মি.

ব্যাখ্যা : সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য $= a$ একক হলে,

সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}(a)^2$ বর্গ একক

$= \frac{\sqrt{3}}{4}(10)^2$ [মান বসিয়ে]

$= \frac{\sqrt{3}}{4} \times 100 = 25\sqrt{3}$

৬০. একটি কোণের দ্বিগুণ 60° হলে, তার পূরক কোণ কত?

ক. ৩০° খ. ১৫°

গ. ২০° ঘ. ৬০° **উ. ঘ**

ব্যাখ্যা : আমরা জানি, পূরক কোণ 90°। অর্থাৎ, দুইটি কোণের সমষ্টি 90° হলে একটিকে অপরটির পূরক কোণ বলা হয়। 30° কোণের দ্বিগুণ $= 60°$।

$\therefore$ 30° কোণের পূরক কোণ $(90° - 30°) = 60°$

৬১. একটি রম্বসের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য ৪ সে. মি. এবং ৬ সে. মি.। এর ক্ষেত্রফল কত?

ক. ৪৮ বর্গ সে. মি. খ. ১০ বর্গ সে. মি.

গ. ১২ বর্গ সে. মি. ঘ. ২৪ বর্গ সে. মি. **উ. গ**

ব্যাখ্যা : রম্বসের ক্ষেত্রফলের সূত্র $= \frac{১}{২} \times$ কর্ণদ্বয়ের গুণফল

$= \frac{১}{২} \times ৪ \times ৬$ বর্গ সে. মি.

$= ১২$ বর্গ সে. মি.।

৬২. তিনটি ক্রমিক সংখ্যার যোগফল ১২৩। ক্ষুদ্রতম সংখ্যা দুইটির গুণফল কত?

ক. ৬২৫ খ. ১৬৪০ গ. ১৬০০ ঘ. ৯০০ **উ. খ**

ব্যাখ্যা : মনে করি, ক্রমিক সংখ্যা তিনটি $= x - ১ + x + x + ১$

প্রশ্নমতে, $x - ১ + x + x + ১ = ১২৩$

বা, $৩x = ১২৩$

বা, $x = \frac{123}{3}$

$\therefore x = ৪১$

$\therefore$ ক্ষুদ্রতম সংখ্যা দুটির গুণফল $= ৪০ \times ৪১ = ১৬৪০$

৬৩. দুইটি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত ৩ : ২ হলে, বৃত্ত দুইটির ক্ষেত্রফলের অনুপাত কত?

ক. ২ ঃ ৩ খ. $\sqrt{৩} ঃ \sqrt{২}$

গ. ৪ ঃ ৯ ঘ. ৯ ঃ ৪ **উ. ঘ**

ব্যাখ্যা : আমরা জানি, বৃত্তের ব্যাসার্ধ $= r$ হলে,

বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$

সুতরাং, দুইটি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত ৩ : ২ হলে, বৃত্ত দুইটির ক্ষেত্রফলের অনুপাত হবে-

$\pi(৩)^২ ঃ \pi(২)^২ = ৯ ঃ ৪$

৬৪. $\sqrt[3]{\sqrt[3]{a^3}} =$ কত?

ক. $a^{\frac{1}{3}}$ খ. $a^{\frac{-1}{3}}$ গ. a^3 ঘ. a^{-3} **উ. ক**

ব্যাখ্যা : $\sqrt[3]{\sqrt[3]{a^3}} = \sqrt[3]{(a^3)^{\frac{1}{3}}}$

$= \sqrt[3]{a} = a^{\frac{1}{3}}$

৬৫. সমকোণী ত্রিভুজের বাহুগুলোর অনুপাত কত?

ক. 6 : 4 : 3 খ. 6 : 5 : 4

গ. 13 : 12 : 5 ঘ. 12 : 8 : 4 **উ. গ**

ব্যাখ্যা : পিথাগোরাসের উপপাদ্য হতে পাই,
$(\text{অতিভুজ})^2 = (\text{লম্ব})^2 + (\text{ভূমি})^2$
$\Rightarrow (13)^2 = (12)^2 + (5)^2$

৬৬. যদি $2x^2 + mx + 6 = 0$ সমীকরণের মূল দুইটি সমান হয় এবং $m > 0$ হয়, তবে m-এর মান কত?
ক. 0 খ. $2\sqrt{3}$ গ. $2\sqrt{6}$ ঘ. $4\sqrt{3}$ **উ. খ**

ব্যাখ্যা : $2x^2 + mx + 6 = 0$ সমীকরণটির নিশ্চায়ক $= m^2 - 4.6.2$
যেহেতু সমীকরণটির মূলদ্বয় সমান
$\therefore m^2 - 48 = 0$
বা, $m^2 = 48$
বা, $m = \sqrt{48} = \sqrt{16 \times 3}$
$\therefore m = 4\sqrt{3}$

৬৭. x-এর মান কত হলে $a(x - a) = b(x - b)$ হবে?
ক. a খ. $b - a$ গ. $a - b$ ঘ. $a + b$ **উ. ঘ**

ব্যাখ্যা : $a(x - a) = b(x - b)$
বা, $ax - a^2 = bx - b^2$
বা, $ax - bx = a^2 - b^2$
বা, $x(a - b) = (a + b)(a - b)$
$\therefore x = a + b$

৬৮. 32 এর 2 ভিত্তিক লগারিদম কত?
ক. 4 খ. 5 গ. 6 ঘ. 8 **উ. খ**

ব্যাখ্যা : $\log_2 32$
$= \log_2 2^5$
$= 5\log_2 2$
$= 5 \times 1$ [যেহেতু, $\log_2 2 = 1$]
$= 5$

৬৯. $4^{4+1} = 2^{x-2}$ হলে, x এর মান কত?
ক. 3 খ. 6 গ. –4 ঘ. –2 **উ. গ**

ব্যাখ্যা : $4^{x+1} = 2^{x-2}$
বা, $(2^2)^{x+1} = 2^{x-2}$
বা, $2^{2x+2} = 2^{x-2}$
বা, $2x + 2 = x - 2$
বা, $2x - x = -2 - 2$
$\therefore x = -4$

৭০. $1 - a^2 + 2ab - b^2$ এর উৎপাদক কোনটি?
ক. $(1 + a + b)(1 - a + b)$
খ. $(1 + a + b)(1 - a - b)$
গ. $(1 + a + b)(1 + a - b)$
ঘ. $(1 + a - b)(1 - a + b)$ **উ. ঘ**

ব্যাখ্যা : $1 - a^2 + 2ab - b^2$
$= 1 - (a^2 - 2ab + b^2)$
$= 1 - (a - b)^2$
$= (1 + a - b)(1 - a + b)$

৭১. $\frac{x}{y}$ এর সাথে কত যোগ করলে যোগফল $\frac{2y}{x}$ হবে?
ক. $\frac{2x^2 - y^2}{xy}$ খ. $\frac{2y^2 - x^2}{xy}$
গ. $\frac{x^2 - 2y^2}{xy}$ ঘ. $\frac{x^2 - y^2}{xy}$ **উ. খ**

ব্যাখ্যা : $\frac{x}{y}$ এর যোগ করতে হবে $= \frac{2y}{x} - \frac{x}{y} = \frac{2y^2 - x^2}{xy}$

৭২. বার্ষিক ৮% সরল সুদে কত টাকা ৬ বছরে সুদে-আসলে ১০৩৬ টাকা হবে?
ক. ৫৫০ টাকা খ. ৬৫০ টাকা
গ. ৬০০ টাকা ঘ. ৭০০ টাকা **উ. ঘ**

ব্যাখ্যা : ১০০ টাকার ১ বছরের সুদ ৮ টাকা
$\therefore$ ১০০ " টাকার ৬ বছরের সুদ (৮×৬) টাকা
$= ৪৮$ টাকা
তাহলে, সুদাসল $(১০০ + ৪৮) = ১৪৮$ টাকা
সুদাসল ১৪৮ টাকা হলে আসল ১০০ টাকা
$\therefore$ " ১০৩৬ " " " $\frac{১০০}{১৪৮}$ টাকা
$\therefore$ " ১০৩৬ " " " $\frac{১০০ \times ১০৩৬}{১৪৮}$
$= ৭০০$ টাকা।

৭৩. ৯০ কোন সংখ্যার ৭৫%?
ক. ১২০ খ. ১২৫ গ. ১৫০ ঘ. ২৭৫ **উ. ক**

ব্যাখ্যা : ধরি, সংখ্যাটি= x
প্রশ্নমতে, x এর ৭৫% = ৯০
$\Rightarrow x \times \frac{৭৫}{১০০} = ৯০$
$\Rightarrow x = \frac{১০০ \times ৯০}{৭৫}$
$\therefore x = ১২০$

৭৪. ৭টি সংখ্যার গড় ১২। একটি সংখ্যা বাতিল করলে গড় হয় ১১। বাতিলকৃত সংখ্যাটি কত?
ক. ১০ খ. ১২ গ. ১৫ ঘ. ১৮ **উ. ঘ**

ব্যাখ্যা : ৭টি সংখ্যার সমষ্টি $(৭ \times ১২) = ৮৪$
৬টি " " $(৭ \times ১২) = ৬৬$
$\therefore$ বাতিলকৃত সংখ্যাটি $= ১৮$

৭৫. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গুণফল ৩৫ এবং দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গুণফল ৬৩। দ্বিতীয় সংখ্যাটি কত?
ক. ৫ খ. ৬ গ. ৭ ঘ. ৮ **উ. গ**

ব্যাখ্যা : ধরি, সংখ্যা তিনটি যথাক্রমে x, y ও z
$\therefore xy = ৩৫$
$\therefore yz = ৬৩$
$\Rightarrow \frac{xy}{yz} = \frac{৩৫}{৬৩}$
$\Rightarrow \frac{x}{z} = \frac{৫}{৯}$

∴ শর্তমতে, $x = ৫ \text{ ও } ৯$

$\therefore y = \frac{৩৫}{৫} = ৭$

৭৬. G-8 এর একমাত্র এশীয় দেশ কোনটি?

ক. কোরিয়া খ. জাপান

গ. চীন ঘ. মালয়েশিয়া উ. খ

ব্যাখ্যা : বিশ্বের শিল্পোন্নত ৮টি দেশের একটি অর্থনৈতিক জোট G-8। এর সদস্য দেশ : যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি, ইতালি, কানাডা, জাপান ও রাশিয়া। উল্লেখ্য যে, ২০১৪ সালে রাশিয়ার সদস্যপদ স্থগিত করার ফলে G-8 এর বর্তমান নাম G-7। জাপান G-7/G-8 ভুক্ত একমাত্র এশীয় দেশ।

৭৭. ড্রোন কি?

ক. চালকবিহীন বিমান খ. একটি পারমাণবিক বোমা

গ. গেরিলা সংগঠন ঘ. সাবমেরিন উ. ক

ব্যাখ্যা : ড্রোন হচ্ছে চালকবিহীন বিমান। একে বলা হয় UAV (Unmanned Aerial Vehicle)। বর্তমানে যুদ্ধ, তথ্য সংগ্রহ, সিনেমার শুটিং ইত্যাদি নানা ক্ষেত্রে এটি ব্যবহৃত হচ্ছে। বি ৫২ : বোমারু বিমান (USA), মিগ : জঙ্গি বিমান (রাশিয়া)।

৭৮. পৃথিবীর কোন দেশে খুব বেশি ভূমিকম্প অনুভূত হয়?

ক. নেপাল খ. ভারত

গ. জাপান ঘ. চীন উ. গ

ব্যাখ্যা : জাপান একটি দ্বীপরাষ্ট্র। ভৌগোলিক বৈশিষ্ট্যের কারণে জাপানে প্রায়ই ভূমিকম্প, সুনামি, অগ্ন্যুপাত ঘটে। প্রায়ই ভূমিকম্প হয় বলে দেশটিকে 'ভূমিকম্পের দেশ' বলা হয়। সমুদ্রের তলদেশে ভূমিকম্পের ফলে সুনামি (জাপানি শব্দ) হয়।

৭৯. সামাজিক যোগাযোগ মাধ্যম 'ফেসবুক' এর প্রতিষ্ঠাতা কে?

ক. স্টিফেন হকিংস খ. মার্ক জুকারবার্গ

গ. মার্টিন কুপার ঘ. আলেকজান্ডার উ. খ

ব্যাখ্যা : সবচেয়ে বহুল ব্যবহৃত সামাজিক যোগাযোগ মাধ্যম Facebook এর প্রতিষ্ঠাতা Mark Zuckerberg। তিনি ২০০৪ সালে এটি প্রতিষ্ঠা করেন। ফেইসবুকের সদরদপ্তর যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া। মোবাইল ফোনের জনক মার্টিন কুপার। স্টিফেন হকিং একজন বিখ্যাত পদার্থবিদ। Black Hole Theory প্রদান করেন। তার বিখ্যাত বই A Brief History of Time। আলেকজান্ডার ছিলেন এরিস্টটলের ছাত্র।

৮০. Mouse (মাউস) একটি–

ক. Software খ. Output device

গ. Input device ঘ. Input output device উ. গ

ব্যাখ্যা : একটি বহুল ব্যবহৃত Input device হচ্ছে Mouse। এটি একটি Pointing Device। এটি দেখতে অনেকটা ইঁদুরের মত। ডগলাস এঙ্গেলবার্ট ১৯৬৩ সালে Mouse আবিষ্কার করেন।

৮১. VDU এর পূর্ণরূপ হচ্ছে–

ক. Video Display Unit খ. Video Device Unit

গ. Visual Display Unit ঘ. Visual Device Unit উ. গ

ব্যাখ্যা : VDU এর পূর্ণরূপ হচ্ছে Visual Display Unit। মনিটর একটি Visual Display Unit.

৮২. সিরিয়াল পোর্ট মাউসে পিন থাকে–

ক. ৯টি খ. ১০টি

গ. ১১টি ঘ. ১২টি উ. ক

ব্যাখ্যা : সিরিয়াল কমিউনিকেশন ডিভাইস সংযোগ দেওয়ার পোর্টকে সিরিয়াল পোর্ট বলা হয়। সিরিয়াল পোর্ট মাউসে ৯টি পিন থাকে।

৮৩. পানিতে কোন ভিটামিন দ্রবণীয়?

ক. A ও B খ. B ও C

গ. A ও C ঘ. B ও D উ. খ

ব্যাখ্যা : ভিটামিনকে বলা হয় খাদ্য প্রাণ। Casimir Funk (পোল্যান্ডের বিজ্ঞানী) হলেন ভিটামিনের জনক। ভিটামিন দুই প্রকার : পানিতে দ্রবণীয় ভিটামিন এবং তেলে/স্নেহে দ্রবণীয় ভিটামিন। ভিটামিন B এবং C পানিতে দ্রবণীয় (মনে রাখুন বাচ্চা [B-বা, C-চ্চা] পোলাপান পানিতে সহজে ডুবে যায়)। ভিটামিন ADEK পানিতে অদ্রবণীয় কিন্তু তেলে দ্রবণীয়।

৮৪. বিলিরুবিন তৈরি হয়–

ক. যকৃতে খ. বৃক্কতে

গ. পিত্তথলিতে ঘ. হৃদযন্ত্রে উ. ক

ব্যাখ্যা : বিলিরুবিন তৈরি হয় যকৃতে; কিন্তু বিলিরুবিন সঞ্চিত থাকে প্লীহায়। রক্তে বিলিরুবিনের মাত্রা বেড়ে যাওয়াকে বলে জন্ডিস। জন্ডিস বা পাণ্ডুরোগ হচ্ছে যকৃতের প্রদাহ।

৮৫. বাংলাদেশের সংবিধানে মোট অনুচ্ছেদ আছে–

ক. ১৪৮টি খ. ১৫০টি

গ. ১৫২টি ঘ. ১৫৩টি উ. ঘ

ব্যাখ্যা : বাংলাদেশের সংবিধানে ১টি প্রস্তাবনা, ৮টি তফসিল, ১১টি ভাগ এবং ১৫৩টি অনুচ্ছেদ রয়েছে।

৮৬. বিশ্ব এইডস দিবস বছরের কোন তারিখ পালন করা হয়?

ক. ৫ জুন খ. ১ নভেম্বর

গ. ১ ডিসেম্বর ঘ. ১০ ডিসেম্বর উ. গ

ব্যাখ্যা : ১ ডিসেম্বর = বিশ্ব এইডস দিবস (বাংলাদেশে ১ ডিসেম্বর মুক্তিযোদ্ধা দিবস)। ৫ জুন = বিশ্ব পরিবেশ দিবস; ১০ ডিসেম্বর = বিশ্ব মানবাধিকার দিবস; ১ নভেম্বর = জাতীয় যুব দিবস।

৮৭. জাপানের পার্লামেন্টের নাম কি?

ক. ডায়েট খ. সিনেট

গ. কংগ্রেস ঘ. নেসেট উ. ক

ব্যাখ্যা : জাপানের আইনসভার নাম ডায়েট। দ্বিকক্ষবিশিষ্ট এ আইনসভার উচ্চকক্ষ 'হাউস অব কাউন্সিলর্স' এবং নিম্নকক্ষ 'হাউস অব রিপ্রেজেন্টেটিভস'। নেসেট ইসরাইলের পার্লামেন্ট আর ডেনমার্কের পার্লামেন্টের নাম ফোকেটিং। যুক্তরাষ্ট্রের পার্লামেন্টের নাম- কংগ্রেস। যুক্তরাষ্ট্রের পার্লামেন্টের উচ্চকক্ষের নাম- সিনেট; নিম্নকক্ষের নাম- 'হাউস অব রিপ্রেজেন্টেটিভস'।

৮৮. সুইডেনের মুদ্রার নাম কি?

ক. ডলার খ. ক্রোনা

গ. রুবল ঘ. লিরা উ. খ

ব্যাখ্যা : সুইডেন এবং আইসল্যান্ডের মুদ্রা ক্রোনা। লিরা তুরস্কের মুদ্রা। রুবল রাশিয়া ও বেলারুশের মুদ্রা। ডেনমার্ক ও নরওয়ের মুদ্রা ক্রোন। যুক্তরাষ্ট্রসহ বিশ্বের অনেক দেশের মুদ্রার নাম মুদ্রা ডলার।

৮৯. বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা কোনটি?
ক. সিন্ধু সভ্যতা খ. মেসোপটেমিয়া সভ্যতা
গ. ভারত সভ্যতা ঘ. মিশরীয় সভ্যতা **উ. খ**
ব্যাখ্যা : বিশ্বের প্রাচীনতম সভ্যতা মেসোপটেমিয়া (গ্রিক শব্দ 'মেসোপটেমিয়া' অর্থ দুই নদীর মধ্যবর্তী ভূমি)। দজলা ও ফোরাত নদীর (বর্তমান নাম যথাক্রমে টাইগ্রিস ও ইউফ্রেতিস) তীরে এ সভ্যতা গড়ে ওঠেছিল। এটি ছিল সেচ নির্ভর প্রাচীন সভ্যতা। সুমেরীয়, ব্যাবিলনীয়, আমেরীয় ও ক্যালডীয় সভ্যতা মেসোপটেমিয়ারা সভ্যতার অন্তর্ভুক্ত। উপমহাদেশের প্রাচীনতম সভ্যতা হচ্ছে সিন্ধু সভ্যতা।

৯০. 'মাটির ময়না' ছবি নির্মাণ করেন কে?
ক. অপর্ণা সেন খ. মৃণাল সেন
গ. তারেক মাসুদ ঘ. মুস্তফা মনোয়ার **উ. গ**
ব্যাখ্যা : 'মাটির ময়না' ছবিটি নির্মাণ করেন তারেক মাসুদ। এটি কান চলচ্চিত্র উৎসবে পুরস্কারপ্রাপ্ত প্রথম বাংলাদেশি ছবি। প্রথম বাংলাদেশি ছবি হিসেবে ছবিটি অস্কারের জন্য মনোনীত হয়েছিল। তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ নির্মিত 'অন্তর্যাত্রা' (The Homeland) ছবিটি বাংলাদেশের প্রথম ডিজিটাল চলচ্চিত্র। মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র 'মুক্তির গান', 'মুক্তির কথা' তিনি নির্মাণ করেন।

৯১. তিতাস গ্যাসক্ষেত্রটি কোথায়?
ক. ব্রাহ্মণবাড়িয়া খ. খাগড়াছড়ি
গ. বগুড়া ঘ. হরিপুর **উ. ক**
ব্যাখ্যা : ১৯৬২ সালে আবিষ্কৃত তিতাস গ্যাসক্ষেত্রটি ব্রাহ্মণবাড়িয়া জেলায় অবস্থিত। এটি বাংলাদেশের বৃহত্তম গ্যাসক্ষেত্র। এখান থেকেই ঢাকা শহরে গ্যাস সরবরাহ করা হয়। বাংলাদেশের প্রথম গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয় ১৯৫৫ সালে সিলেটের হরিপুরে। এ গ্যাসক্ষেত্র থেকেই ১৯৫৭ সালে বাংলাদেশে প্রথম গ্যাস উত্তোলন শুরু হয়।

৯২. বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতি কয়টি?
ক. ৫টি খ. ১২টি
গ. ৪টি ঘ. ৮টি **উ. গ**
ব্যাখ্যা : বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতি ৪টি : জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা। সংবিধানের প্রস্তাবনা এবং ৮নং অনুচ্ছেদে ৪টি মূলনীতির কথা বলা হয়েছে। সংবিধানের ২য় ভাগে রাষ্ট্র পরিচালনার মূলনীতিগুলো আলোচিত হয়েছে।

৯৩. কোন দেশের রাজাকে 'Son of God' বলা হতো?
ক. ভুটান খ. নেপাল
গ. জাপান ঘ. চীন **উ. ঘ**
ব্যাখ্যা : চীনের রাজাকে বলা হতো 'Son of God'। আরো অনেক রাজা ও শাসক নিজেদেরকে এই অভিধায় ভূষিত করেন। খ্রিস্টান ধর্মাবলম্বীদের কাছে খ্রিস্ট ধর্মের প্রবক্তা যিশুখ্রিস্ট হলেন Son of Good.

৯৪. বর্তমান বিশ্বের একমাত্র নগর রাষ্ট্র হলো–
ক. কুয়েত খ. ডেনমার্ক গ. সিঙ্গাপুর ঘ. কাতার **উ. গ**
ব্যাখ্যা : বর্তমান বিশ্বের একমাত্র নগর রাষ্ট্র (City State) সিঙ্গাপুর। দেশটির রাজধানীর নাম ও সিঙ্গাপুর। সিঙ্গাপুরের স্বাধীনতার জনক লি কুয়ান ইউ। প্রাচীন গ্রিসে অনেকগুলো নগররাষ্ট্র ছিল। প্রধান নগর রাষ্ট্র ছিল এথেন্স ও স্পার্টা।

৯৫. পূর্ব পাকিস্তান জাতীয় পরিষদে আসন সংখ্যা ছিল–
ক. ১৬৮টি খ. ১৬৯টি গ. ১৭০টি ঘ. ১৬৭টি **উ. খ**
ব্যাখ্যা : পূর্ব পাকিস্তানের জাতীয় পরিষদের আসন সংখ্যা ছিল ১৬৯টি (এর মধ্যে ৭টি সংরক্ষিত আসন) আর পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদের আসন সংখ্যা ছিল ৩১০টি। ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগ জাতীয় পরিষদে ১৬৭টি এবং প্রাদেশিক পরিষদে ২৯৮টি আসন লাভ করে।

৯৬. ২০১৪ সালের বৈশ্বিক ব্যবসায়িক সক্ষমতা বাংলাদেশের অবস্থান কততম?
ক. ১১৪তম খ. ১১৫তম গ. ১১৬তম ঘ. ১১৭তম **উ. খ**
ব্যাখ্যা : 'ডুয়িং বিজনেস ২০২০' রিপোর্টে শীর্ষদেশ নিউজিল্যান্ড আর বাংলাদেশের অবস্থান ১৬৮তম। ২০২১ সালে বিশ্বব্যাংক ঘোষণা দেয় যে, তারা আর ডুয়িং বিজনেস রিপোর্টে প্রকাশ করবে না।

৯৭. বাংলা নববর্ষ পহেলা বৈশাখ চালু করেছিলেন কে?
ক. মুঘল সম্রাট আকবর খ. শেরে বাংলা এ. কে. ফজলুল হক
গ. প্রধানমন্ত্রী খাজা নাজিম উদ্দীন
ঘ. প্রেসিডেন্ট হুসেইন মোহাম্মদ এরশাদ **উ. ক**
ব্যাখ্যা : বাংলা নববর্ষ 'পহেলা বৈশাখ' তথা বাংলা সনের প্রবর্তন করেন মোঘল সম্রাট আকবর ১৫৮৪ সালে। তবে বাংলা সন কার্যকর তথা ভিত্তিবছর ধরা হয় সম্রাট আকবরের সিংহাসনারোহনের বছর ১৫৫৬ সাল থেকে।

৯৮. বঙ্গভঙ্গ রদ হয় কোন সালে?
ক. ১৯০৫ সালে খ. ১৯১১ সালে
গ. ১৯০৬ সালে ঘ. ১৯৪০ সালে **উ. খ**
ব্যাখ্যা : ১৯০৫ সালে লর্ড কার্জন বঙ্গভঙ্গ করেন। বঙ্গভঙ্গের ফলে হিন্দুদের স্বার্থ ক্ষুণ্ন হয় ও মুসলমানদের স্বার্থ রক্ষিত হয়। বর্ণবাদী হিন্দুদের ব্যাপক আন্দোলনের মুখে ১৯১১ সালে রাজা পঞ্চম জর্জ বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন এবং বঙ্গভঙ্গ রদের এই ঘোষণা কার্যকর করেন লর্ড হার্ডিঞ্জ।

৯৯. নিম্নের কোন বংশটি প্রায় চারশ বছরের মতো শাসন করেছে?
ক. পাল বংশ খ. সেন বংশ
গ. সুলতান বংশ ঘ. উপরের কোনোটি নয় **উ. ক**
ব্যাখ্যা : বাংলার প্রথম দীর্ঘস্থায়ী রাজবংশ হচ্ছে পাল বংশ। পাল বংশের রাজারা একটানা প্রায় ৪০০ বছর এদেশ শাসন করে (৭৫৬-১১৪৩)। পাল বংশের প্রথম রাজা গোপাল, শ্রেষ্ঠ রাজা ছিলেন ধর্মপাল এবং সর্বশেষ রাজা ছিলেন মদন পাল।

১০০. বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপের নাম কি?
ক. মহেশখালী খ. সেন্টমার্টিন
গ. দক্ষিণ তালপট্টি ঘ. ভোলা **উ. খ**
ব্যাখ্যা : সেন্টমার্টিন (অন্যনাম- নারিকেল জিঞ্জিরা) বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ। ৮ বর্গ কি.মি. আয়তনের দ্বীপটি টেকনাফ থেকে ৯ কি.মি. দক্ষিণে নাফ নদীর মোহনায় বঙ্গোপসাগরে অবস্থিত। ভোলা বাংলাদেশের বৃহত্তম দ্বীপ এবং একমাত্র দ্বীপ জেলা। কুতুবদিয়া দ্বীপ বাতিঘরের জন্য বিখ্যাত।

১১তম স্কুল-২/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৪

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ২০০; পরীক্ষার তারিখ : ১২.০৬.২০১৪

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান-১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কর্তন হবে।]

১. চলিতরীতির শব্দ নয় কোনটি?
ক. করবার খ. করার
গ. করিবার ঘ. করে উ. গ
ব্যাখ্যা : 'করিবার' শব্দটি চলিত রীতি শব্দ নয়। এটি সাধু ভাষারীতির শব্দ।

২. 'ভূষণ্ডির কাক' বাগ্‌ধারাটির সঠিক অর্থ কোনটি?
ক. একই স্বভাবের খ. মূর্খ
গ. কপট ব্যক্তি ঘ. দীর্ঘজীবী উ. ঘ
ব্যাখ্যা : 'ভূষণ্ডির কাক' বাগধারাটির সঠিক অর্থ দীর্ঘজীবী। তবে মনে রাখতে হবে, 'কাক ভূষণ্ডি' অর্থ অত্যন্ত ভেজা।

৩. কোন বানানটি সঠিক?
ক. সমীচীন খ. সমিচিন
গ. সমীচিন ঘ. সমিচীন উ. ক
ব্যাখ্যা : 'সমীচীন' বানানটি সঠিক। সমীচীন অর্থ উচিত বা যথাযথ

৪. বাড়ি বা রাস্তার নম্বরের পরে কোন চিহ্ন বসে?
ক. হাইফেন খ. কমা
গ. দাঁড়ি ঘ. লোপ চিহ্ন উ. খ
ব্যাখ্যা : বাড়ি/রাস্তা/সম্বোধনের পরে কমা চিহ্ন বসে।

৫. ভাষার কোন রীতি তদ্ভব শব্দ বহুল?
ক. সাধুরীতি খ. চলিতরীতি
গ. কথারীতি ঘ. বানানরীতি উ. খ
ব্যাখ্যা : ভাষার চলিতরীতি তদ্ভব শব্দ বহুল। আর সাধু ভাষারীতি তৎসম বা সংস্কৃত শব্দ বহুল।

৬. 'For good' এর সঠিক অর্থ কোনটি?
ক. ভালো হওয়া খ. গড়িমসি
গ. ক্ষণতরে ঘ. চিরতরে উ. ঘ
ব্যাখ্যা : 'For good'- এর সঠিক অর্থ চিরতরে। এটি একটি ইংরেজি phrase.

৭. অনুবাদ কোনটির সহায়ক?
ক. ভাষার উন্নতি খ. জ্ঞান চর্চার
গ. ভাষার শৃঙ্খলার ঘ. কাব্য রচনার উ. খ
ব্যাখ্যা : অনুবাদ জ্ঞানচর্চার সহায়ক। কারণ বিভিন্ন ভাষার অনূদিত বই পড়ে আমরা বিভিন্ন বিষয়ে জ্ঞান চর্চা করতে পারি।

৮. 'Waste not, want not' এর সঠিক অনুবাদ কোনটি?
ক. অপচয় করলে অভাবে পড়তে হয়
খ. অপচয় অভাবের মূল কারণ
গ. অপচয় করো না, অভাবও হবে না
ঘ. অভাব থেকে বাঁচার জন্য অপচয় রোধ জরুরী উ. গ
ব্যাখ্যা : 'Waste not, want ont'- এটি একটি প্রবাদ। এর সঠিক অনুবাদ– 'অপচয় করো না, অভাবও হবে না'।

৯. 'লবণ' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক. লো + অন খ. লো + বন
গ. ল + বন ঘ. লৈ + বন উ. ক
ব্যাখ্যা : 'লবণ' শব্দের সন্ধি-বিচ্ছেদ লো + অন। 'ও' এর সাথে 'অ' এর সন্ধি হলে 'অব' হয়।

১০. নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ কোনটি?
ক. নিষ্কর খ. পরস্পর
গ. সন্তাপ ঘ. ষষ্ঠ উ. খ
ব্যাখ্যা : পরস্পর, বনস্পতি, বৃহস্পতি, গোষ্পদ, তস্কর ইত্যাদি নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ।

১১. 'চৌচালা' কোন সমাসের উদাহরণ?
ক. বহুব্রীহি খ. দ্বিগু
গ. তৎপুরুষ ঘ. কর্মধারয় উ. ক
ব্যাখ্যা : চৌচালা = চৌ (চার) চাল আছে যার। এটি বহুব্রীহি সমাসের উদাহরণ। কারণ, চৌচালা দ্বারা ঘরকে বোঝায়; চৌচালকে বোঝায় না।

১২. আমার যাওয়া হয়নি– 'আমার' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে শূন্য খ. কর্তায় শূন্য
গ. কর্তায় ষষ্ঠী ঘ. কর্মে ষষ্ঠী উ. গ
ব্যাখ্যা : 'আমার' কর্তৃকারকে ষষ্ঠী বিভক্তি। এখানে বাক্যের কর্তা 'আমার'; যিনি যাওয়ার কাজটি করবেন।

১৩. সমাসের রীতি কোন ভাষা হতে বাংলায় এসেছে?
ক. হিন্দি খ. সংস্কৃত
গ. প্রাকৃত ঘ. ইংরেজি উ. খ
ব্যাখ্যা : 'সমাসের রীতি' সংস্কৃত ভাষা হতে বাংলায় এসেছে। 'সমাস' শব্দের অর্থ সংক্ষেপণ; একাধিক পদকে একপদীকরণ।

১৪. ব্যতিহার কর্তার উদাহরণ কোনটি?
ক. ছেলেরা ফুটবল খেলছে খ. মুষলধারে বৃষ্টি পড়ছে
গ. বাঘে-মহিষে এক ঘাটে জল খায়
ঘ. শিক্ষক ছাত্রদের ব্যাকরণ পড়াচ্ছেন উ. গ
ব্যাখ্যা : যখন দুইজন কর্তা একই সাথে একই কাজ করে তখন তাদেরকে ব্যাতিহার কর্তা বলে। এখানে ব্যতিহার কর্তার উদারণ হচ্ছে 'বাঘে-মহিষে এক ঘাটে জল খায়।' কারণ, বাঘ ও মহিষ দুইজনই খাওয়ার কাজটি করছেন।

১৫. নিম্নের কোনটিতে বৃত্তি অর্থে 'ঈ' প্রত্যয় যুক্ত হয়েছে?
ক. জমিদারী খ. পোদ্দারী
গ. উমেদারী ঘ. সরকারী উ. খ

ব্যাখ্যা : পোদ্দারী, ডাকারি, মোক্তারি, ব্যাপারি, চাষী- এশব্দগুলোতে ই/ঈ প্রত্যয় বৃত্তি/ব্যবসায় অর্থে যুক্ত হয়েছে। 'পোদ্দারী' অর্থ মহাজনি বা সুদের ব্যবসা করা।

১৬. একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোন চিহ্ন বসে?
ক. কোলন খ. সেমিকোলন
গ. ড্যাশ ঘ. কমা উ. ক

ব্যাখ্যা : একটি অপূর্ণ বাক্যের পর অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোলন চিহ্ন বসে।

১৭. 'চাঁদ' এর সমার্থক শব্দ কোনটি?
ক. সবিতা খ. তপন
গ. অদিতা ঘ. বিধু উ. ঘ

ব্যাখ্যা : 'চাঁদ' এর সমার্থক শব্দ বিধু, শশী, ইন্দু, চন্দ্র, মৃগাঙ্ক, দ্বিজপতি ইত্যাদি।

১৮. খাতক শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. মহাজন খ. পরতন্ত্র
গ. তিরোভাব ঘ. শ্বাস উ. ক

ব্যাখ্যা : খাতক (ঋণী) শব্দের বিপরীত শব্দ মহাজন।

১৯. 'পর্বত' এর সমার্থক শব্দ নয় কোনটি?
ক. শৈল খ. অদ্রি
গ. মেদিনী ঘ. অচল উ. গ

ব্যাখ্যা : মেদিনী শব্দের অর্থ পৃথিবী, এটি পর্বত এর সমার্থক শব্দ নয়। অপশনে বাকি শব্দগুলো পর্বতের সমার্থক শব্দ।

২০. 'দীপ্তি পাচ্ছে এমন'– এক কথায় কী হবে?
ক. দ্বীপ্যমান খ. দীপ্তমান
গ. দীপ্যমান ঘ. দেদীপ্যমান উ. গ

ব্যাখ্যা : 'দীপ্তি পাচ্ছে এমন'– এককথায় দীপ্যমান। যা দীপ্তি পায় = দীপ্তমান; যা পুনঃ পুনঃ দীপ্ত হচ্ছে– দেদীপ্যমান

২১. কোনটির স্ত্রীলিঙ্গ ভিন্ন শব্দ?
ক. বিদ্বান খ. গায়ক
গ. কোকিল ঘ. দাদা উ. ক

ব্যাখ্যা : 'বিদ্বান' শব্দটি তৎসম পুরুষবাচক শব্দ। এর স্ত্রীলিঙ্গ 'বিদুষী'। অন্যদিকে, গায়ক-গায়িকা, কোকিল-কোকিলা, দাদা-দাদি- এগুলো স্ত্রীলিঙ্গ কাছাকাছি শব্দ।

২২. কোনটির শুধুমাত্র স্ত্রীবাচক হয়?
ক. সন্তান খ. সহমা গ. ঢাকী ঘ. ঘোষজা উ. খ

ব্যাখ্যা : সহমা, সতীন, সধবা ইত্যাদি শব্দের শুধু স্ত্রীবাচক হয়। এদের কোনো স্ত্রীবাচক শব্দ নেই।

২৩. অনূঢ়া কোনটির বাক্য সংকোচন?
ক. যে নারীর কোনো সন্তান হয় না
খ. যে নারী বীর সন্তান প্রসব করে
গ. যে নারীর সন্তান বাঁচে না
ঘ. যে মেয়ের বিয়ে হয়নি উ. ঘ

ব্যাখ্যা : 'যে মেয়ের বিয়ে হয়নি'– বাক্য সংকোচনে অনূঢ়া হয়। যে নারীর কোনো সন্তান হয় না- বন্ধ্যা। যে নারী বীর সন্তান প্রসব করে- বীরপ্রসূ। যে নারীর সন্তান বাঁচে না- মৃতবৎসা।

২৪. 'হরতাল' কোন ভাষার শব্দ?
ক. গুজরাটি খ. তুর্কি
গ. পর্তুগীজ ঘ. বার্মিজ উ. ক

ব্যাখ্যা : হরতাল, খদ্দর গুজরাটি ভাষার শব্দ।

২৫. 'উক্তি'-এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক. বচ্ + ক্ত খ. বচ্ + উক্তি
গ. √বচ্ + ক্তি ঘ. বচ্ + তি উ. গ

ব্যাখ্যা : উক্তি এর প্রকৃতি ও প্রত্যয় √বচ্ + ক্তি।

২৬. **No sooner – than the students stood up.**
ক. the teacher enter the class
খ. do the teacher enter the class
গ. does the teacher enter the class
ঘ. had the teacher entered the class উ. ঘ

ব্যাখ্যা : No sooner + past perfect tense + than + past Indefinite tense হবে। সুতরাং সঠিক উত্তর (ঘ) had the teacher entered the class.

২৭. **1971 was the year–.**
ক. when Bangladesh is born
খ. when Bangladesh came to being
গ. when Bangladesh came into being
ঘ. when Bangladesh comes to being উ. গ

ব্যাখ্যা : 'Come into being' phrase-টির অর্থ অর্থ অস্তিত্ব লাভ করা, জন্ম লাভ করা। পূর্ণাঙ্গ বাক্যটির অর্থ '১৯৭১ সালে বাংলাদেশ অস্তিত্ব লাভ করেছিল।' প্রশ্নে প্রদত্ত principal clause টি past tense হওয়ায় sub-ordinate clause টিও past tense -এ হতে হবে। অপশন (গ) সঠিক উত্তর।

২৮. **Had I the wings of a bird—.**
ক. I flew in the sky খ. I would have flown in the sky
গ. I fly in the sky ঘ. I could fly in the sky উ. ঘ

ব্যাখ্যা : Had দ্বারা শুরু হওয়া Past Indefinite Tense এর পরবর্তী বাক্যাংশ sub + would/could/might + verb এর base form হয়। এই ধরনের বাক্য দ্বারা অতীতের কোনো অবাস্তব বা অপূর্ণ ইচ্ছা প্রকাশ করে। কাজেই (ঘ)-ই সঠিক উত্তর।

২৯. **The man is too dishonest—.**
ক. to tell a lie খ. to take bribe উ. গ
গ. to speak the truth ঘ. to steal something

ব্যাখ্যা : Sub + verb + too + adj/adv + to + একটি সঙ্গতিপূর্ণ verb + ... সুতরাং সঠিক উত্তর (গ)। বাক্যটির বাংলা অর্থ হল- 'লোকটি এতই অসৎ যে সত্য বলতে পারে না'।

৩০. **It is many years since—.**
ক. I meet you খ. I met you
গ. I help you ঘ. I have met you উ. খ

ব্যাখ্যা : Present indefinite tense + since + Past indefinite tense হয়। Past indefinite tense + since + Past perfect tense হয়। কাজেই সঠিক উত্তর (খ) met you.

৩১. **The old man walks slowly lest —.**
ক. he falls খ. he may fall
গ. he should fall ঘ. he fell down উ. গ

ব্যাখ্যা : Lest + sub (প্রথম subject) + should/might + verb এর base form। সুতরাং সঠিক উত্তর (গ) he should fall.

৩২. **কতই না বিস্ময়কর মানুষের জীবন!**
ক. How strange man's life was!
খ. How strange man's life is!
গ. What an wonderful man's life is!
ঘ. How wonderful a man's life is! উ. খ

ব্যাখ্যা : রহস্যজনক বা বিস্ময়কর বোঝাতে সাধারণত strange শব্দটি ব্যবহৃত হয়। Exclamatory sentence টি present tense এ থাকায় (খ)-ই সঠিক উত্তর।

৩৩. **তার কোনো বন্ধু নেই বললেই চলে।**
ক. He has a few friends. খ. He has no friends.
গ. He has few friends.
ঘ. He has the few friends. উ. গ

ব্যাখ্যা 'নেই বললেই চলে' 'একেবারেই কম'- এইরূপ বোঝাতে Countable noun-এর ক্ষেত্রে few ব্যবহৃত হয়। 'কিছু সংখ্যক' বোঝাতে a few হয়। সুতরাং সঠিক উত্তর (গ)।

৩৪. **ভাই ভাই ঠাঁই ঠাঁই।**
ক. Brothers part. খ. Brothers will part.
গ. Brothers will be part. ঘ. Brothers have parted. উ. ঘ

ব্যাখ্যা : 'ভাই ভাই ঠাঁই ঠাঁই' দ্বারা বোঝায় ভাই ভাই পৃথক হয়ে গিয়েছে বা আলাদা হয়ে গিয়েছে। সুতরাং সঠিক উত্তর (ঘ) Brothers have parted.

৩৫. **শিশুটি কাঁদতে কাঁদতে আমার কাছে এল।**
ক. The child comes to me run.
খ. The child came to me running.
গ. The child came to me crying.
ঘ. The child came to me to cry. উ. গ

ব্যাখ্যা : নাচতে নাচতে/কাঁদতে কাঁদতে/হাসতে হাসতে -এইরূপ বোঝাতে বোঝাতে v + ing ব্যবহৃত হয়। উপরিউক্ত প্রশ্নটি দ্বারা অতীতকালকে নির্দেশ করেছে। কাজেই সঠিক উত্তর (গ)।

৩৬. **তুমি কি কখনও কক্সবাজার গিয়েছ?**
ক. Have you ever been to Cox's Bazar?
খ. Did you ever go to Cox's Bazar?
গ. Have you ever go to Cox's Bazar?
ঘ. Have you gone to Cox's Bazar? উ. ক

ব্যাখ্যা : কোথাও গিয়ে পুনরায় চলে আসা–এরূপ বোঝাতে 'Be' verb এর Past participle form 'been' হয় এবং বাক্যটি present perfect tense-এ হয়। এক্ষেত্রে come বা gone কোনোটিই হয় না। কাজেই সঠিক উত্তর (ক) Have you ever been to Cox's Bazar?

৩৭. **I wish I — child again.**
ক. be খ. am গ. was ঘ. were উ. ঘ

ব্যাখ্যা : I wish দ্বারা কোনো বাক্য শুরু হলে তা সবসময় Past indefinite tense হয় এবং এর পরবর্তী মূল be verb হিসেবে সবসময় were ব্যবহৃত হয়। তবে modal auxiliary verb আসলে could ব্যবহৃত হয়। কাজেই সঠিক উত্তর (ঘ) were।

৩৮. **Two and two — four.**
ক. make খ. makes
গ. made ঘ. make/makes উ. খ

ব্যাখ্যা : গাণিতিক যুক্তির ক্ষেত্রে অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগের বেলায় verb সবসময় Singular হয়। যেমন- Five and five *makes* ten. Seven plus ten *is* seventeen. Twenty minus six *is* fourteen. অতএব, সঠিক উত্তর (খ)

৩৯. **It is high time we — our food habits.**
ক. give up খ. gave up
গ. changed ঘ. changing উ. গ

ব্যাখ্যা : It is high time + sub + verb এর past form বসে। Option গুলোর মধ্যে দুটি past form আছে (খ) gave up এবং (গ) changed। যেহেতু খাদ্যাভাস ত্যাগ করা যায় না পরিবর্তন করা যায়, তাই সঠিক উত্তর (গ) changed.

৪০. **The headmaster along with his colleagues — coming here today.**
ক. is খ. are
গ. will ঘ. was উ. ক

ব্যাখ্যা : Sub + along with, together with, as well as, including, accompanied by ইত্যাদি থাকলে তাদের পূর্ববর্তী subject অনুসারে verb বসে। যেহেতু প্রদত্ত প্রশ্নে along with এর পূর্ববর্তী subject 'the headmaster' singular, তাই সঠিক উত্তর হবে (ক) is.

৪১. **It — since morning.**
ক. has rained খ. has been raining
গ. is raining ঘ. has rained/has been raining উ. খ

ব্যাখ্যা : কোনো কাজ শুরু হয়ে দীর্ঘ সময় চলছে- এমন বোঝাতে Present perfect continuous tense হয়। কাজেই সঠিক উত্তর (খ) has rained/has been raining.

৪২. **Birds fly — in the sky.**
ক. at a stretch খ. at large
গ. all along ঘ. at random উ. খ

ব্যাখ্যা : অপশন (খ) at large - স্বাধীনভাবে; (ক) at a stretch - একটানা; (গ) all along- সর্বদা; (ঘ) at random - উদ্দেশ্যহীনভাবে। প্রশ্নে প্রদত্ত বাক্যের সাথে সঙ্গতিপূর্ণ (খ) at large। কাজেই সঠিক উত্তর (খ)।

৪৩. **"Tooth and nail" means—.**
ক. get by heart খ. go with heart
গ. tried hard ঘ. get hard উ. গ

ব্যাখ্যা : 'Tooth and nail'– একটি phrase যার অর্থ প্রবলভাবে বা ভীষণভাবে। অপশন (গ) Tried hard -প্রবলভাবে চেষ্টা করা। অন্যদিকে, অপশন (ক) get by heart -মুখস্থ করা; (খ) go with heart -আন্তরিকতার সাথে গ্রহণ করা বা মেনে নেওয়া। (ঘ) get hard -শক্ত করা বা হওয়া। কাজেই সঠিক উত্তর (গ) Tried hard.

৪৪. **'Big bug' means—.**
ক. unemployed person খ. important person
গ. useful person ঘ. employed person উ. খ

ব্যাখ্যা : Big bug একটি phrase; যার অর্থ গুরুত্বপূর্ণ ব্যক্তি। অপশন (খ) Important person গুরুত্বপূর্ণ ব্যক্তি। অন্যদিকে, অপশন (ক) useful person- উপকারী ব্যক্তি, (গ) Unemployed person বেকার এবং (ঘ) employed person চাকরিরত বা কর্মরত ব্যক্তি। কাজেই সঠিক উত্তর (খ) Important person.

৪৫. **The price of rice is increasing—.**
ক. by fits and starts খ. by dint of উ. ঘ
গ. by virtue of ঘ. by leaps and bounds.

ব্যাখ্যা : সম্পূর্ণ বাক্যটির বাংলা অর্থ- 'চালের মূল্য দ্রুতগতিতে বৃদ্ধি পাচ্ছে।' অপশন (ক) by fits and stars- অনিয়মিতভাবে; (খ) by didnt of- বদৌলতে; (গ) by virtee of - কারণে এবং (ঘ) by leaps and bounds - দ্রুত গতিতে। প্রদত্ত প্রশ্নের অর্থানুসারে অপশন (ঘ)-ই সঠিক উত্তর।

৪৬. **Della was too poor to buy a gift for Jim. (Negative)**
ক. Della was not too poor to buy a gift for Jim.
খ. Della was so poor that he could not buy a gift for Jim.
গ. Della was so poor that she could not buy a gift for Jim.
ঘ. Della was so poor that she cannot buy a gift for Jim. উ. গ

ব্যাখ্যা : Too + to যুক্ত বাক্যকে negative বা complex বাক্যে রূপান্তর করতে so...that ব্যবহৃত হয়। এবং that এর পরে tense অনুসারে can not/could not বসে। এই শর্তমতে, অপশন (খ) এবং (গ) সঠিক। তবে Della যেহেতু একটি মেয়ের নাম, সেহেতু এর pronoun 'he' না হয়ে 'she' হবে। কাজেই সঠিক উত্তর (গ)।

৪৭. **Nobody wishes to be unhappy. (Interrogative)**
ক. Who wishes to be unhappy?
খ. Who wishes to be happy?
গ. Who does not wish to be unhappy?
ঘ. Does nobody wish to be happy? উ. ক

ব্যাখ্যা : Affirmative sentence এর Everyone/ Everybody/ All – এই জাতীয় subject হলে Interrogative এর নিয়ম হবে– Who + doesn't/didn't + মূল verb এর present form + মূল verb এর পরের অংশ। + প্রশ্নবোধক চিহ্ন। কিন্তু Nobody/No one/None ইত্যাদি subject হলে Interrogative করার সময় Nobody/No none/None-এর পরিবর্তে who ব্যবহৃত হয় এবং মূল verb এর শেষে নেভেটিভ শব্দ ব্যবহৃত হয় না; বরং verb এর শেষে পর্যন্ত অংশ অভিন্ন রূপ থাকে। কাজেই সঠিক উত্তর (ক)।

৪৮. **Unemployment is a state for a man having no work to earn money. (Complex)**
ক. Unemployment is a state when a man has no work to earn money.
খ. Unemployment is a state for a man who has no work to earn money.
গ. Unemployment is a state of a man who has no work.
ঘ. Unemployment is the condition of a man who has no work. উ. খ

ব্যাখ্যা : Simple sentence -এ ব্যবহৃত participle (having) কোনো noun/pronoun সম্পর্কে বললে, complex করার সময় তা পূর্ববর্তী noun/pronoun অনুযায়ী relative pronoun + tense অনুযায়ী verb বসে। সুতরাং সঠিক উত্তর (খ)।

৪৯. **Noun of the word 'simple' is—.**
ক. simply খ. simplify
গ. simplicity ঘ. simplication উ. গ

ব্যাখ্যা : 'Simple' একটি adjective; যার অর্থ সহজ, সাধারণ। simple এর noun 'simplicity', 'simplification' দুটিই হয়। সুতরাং সঠিক উত্তর (গ) simplicity।

৫০. **Find out the correct synonym of 'hazard'.**
ক. Impartial খ. Static
গ. Impolite ঘ. Danger উ. ঘ

ব্যাখ্যা : Hazard - একটি Noun; যার অর্থ বিপদ, ঝুঁকি। এর সমার্থক শব্দ হল (ঘ) Danger -বিপদ। অন্যদিকে, অপশন (ক) Impartial -নিরপেক্ষ (খ) static স্থির, নিশ্চল; (গ) Impolite - অভদ্র এবং সঠিক উত্তর (ঘ) Danger.

৫১. **তিনটি পূর্ণ সংখ্যার গড় ১৫০ এবং ক্ষুদ্রতম সংখ্যা দুইটির গড় ১২০ বৃহত্তম সংখ্যাটি কত?**
ক. ২৩০ খ. ২১০
গ. ২০০ ঘ. ১৯০ উ. খ

ব্যাখ্যা : ৩টি পূর্ণ সংখ্যার গড় ১৫০ হলে,
৩টি পূর্ণ সংখ্যার সমষ্টি = ১৫০ × ৩ = ৪৫০
আবার, ২টি ক্ষুদ্রতম সংখ্যার গড় = ১২০
∴ ২টি ক্ষুদ্রতম সংখ্যার সমষ্টি = ১২০ × ২
= ২৪০
∴ বৃহত্তম সংখ্যাটি হবে = ৪৫০ − ২৪০ = ২১০

৫২. **$x^4 + x^2 + 1$ এর উৎপাদক কোনটি?**
ক. $(x^2 + x + 1)(x^2 + x - 1)$
খ. $(x^2 - x + 1)(x^2 + x - 1)$
গ. $(x^2 + x + 1)(x^2 - x + 1)$
ঘ. $(x^2 + x + 1)(x^2 + x + 1)$ উ. গ

ব্যাখ্যা : $x^4 + x^2 + 1$
$= (x^2)^2 + 2.x^2.1 + (1)^2 - (x)^2$
$= (x^2 + 1)^2 - (x)^2$
$= (x^2 + x + 1)(x^2 - x + 1)$

৫৩. P এর মান কত হলে $4x^2 - px + 9$ একটি পূর্ণবর্গ হবে?

ক. 24 খ. 16

গ. 12 ঘ. 0 উ. গ

ব্যাখ্যা : $4x^2 - px + 9$

$= (2x)^2 + (3)^2 - 2.2x.3 - px + 2.2x.3$

$= (2x - 3)^2 + 12x - px$

রাশিটি পূর্ণবর্গ হবে যদি $12x - px = 0$ হয়

বা, $12x = px$

$\therefore p = 12$ (উত্তর)

৫৪. একটি বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য x একক হলে এর কর্ণের দৈর্ঘ্য কত একক?

ক. $x\sqrt{2}$ খ. $x\sqrt{3}$

গ. $2\sqrt{2x}$ ঘ. $\sqrt{x}$ উ. ক

ব্যাখ্যা : আমরা জানি, বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য = x একক হলে

বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = x^2 বর্গ একক

বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য = $x\sqrt{2}$ একক

৫৫. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৬, তাদের গ. সা. গু. 8 হলে, সংখ্যা দুইটির ল. সা. গু. কত?

ক. ৩৬০ খ. ২৪০

গ. ১৮০ ঘ. ১২০ উ. ঘ

ব্যাখ্যা : মনে করি, দুটি সংখ্যা যথাক্রমে = ৫x ও ৬x

৫x ও ৬x এর গ. সা. গু = x

শর্তমতে, x = 8

$\therefore$ দুটি সংখ্যা যথাক্রমে ৫x = ৫ × 8 = ২০ ও

৬x = ৬ × 8 = ২৪

এখন, ২০ এবং ২৪ এর ল. সা. গু = ১২০

$\therefore$ সংখ্যা দুটির ল. সা. গু = ১২০

৫৬. ৩৭৫ এর ২০% = কত?

ক. ৭৫ খ. ৬২.০

গ. ৬০.০ ঘ. ৩৭.০ উ. ক

ব্যাখ্যা : ৩৭৫ এর ২০%

$= ৩৭৫ \times \frac{২০}{১০০} = ৭৫$

৫৭. $f(x) = x^3 - 6x^2 + 11x - 6$ হলে, $f(2)$ = কত?

ক. 3 খ. 2

গ. 1 ঘ. 0 উ. ঘ

ব্যাখ্যা : দেওয়া আছে, $f(x) = x^3 - 6x^2 + 11x - 6$

$\therefore f(2) = 2^3 - 6.2^2 + 11.2 - 6$

$= 8 - 24 + 22 - 6$

$= 30 - 30 = 0$

৫৮. $4^x = 8$ হলে, x এর মান কত?

ক. $\frac{2}{3}$ খ. $\frac{3}{2}$

গ. $\frac{4}{3}$ ঘ. $\frac{3}{4}$ উ. খ

ব্যাখ্যা : দেওয়া আছে, $4^x = 8$

$\Rightarrow 2^{2x} = 2^3$

$\Rightarrow 2x = 3$

$\therefore x = \frac{3}{2}$

৫৯. কোনো ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি কত?

ক. ১৮০° খ. ২৭০°

গ. ৩০০° ঘ. ৩৬০° উ. ঘ

ব্যাখ্যা : আমরা জানি, কোনো ত্রিভুজের তিন কোণের সমষ্টি = ১৮০° এবং কোনো ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি = ৩৬০°।



তাহলে, $x + y + z = 180°$ ..... (i)

আবার, এক সরল কোণ = ১৮০°

$\therefore$ বহিঃস্থ কোণ তিনটির যোগফল হবে

$= (১৮০° - x) + (১৮০° - y) + (১৮০° - z)$

$= ৫৪০° - (x + y + z)$

$= ৫৪০° - ১৮০°$

$= ৩৬০°$ (উত্তর)

৬০. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ১৬ মিটার অপর দুইটি বাহুর প্রতিটি ১০ মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গমিটার?

ক. ৩৬ খ. ৪২

গ. ৪৮ ঘ. ৫০ উ. গ

ব্যাখ্যা : দেওয়া আছে, ভূমি b = ১৬ মিটার

বাহুর দৈর্ঘ্য a = ১০ মিটার

সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফলের সূত্র = $\frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$ বর্গ মি

$= \frac{১৬}{৪}\sqrt{৪ \times ১০^২ - ১৬^২}$

$= \frac{১৬}{৪}\sqrt{৪০০ - ২৫৬}$

$= \frac{১৬}{৪} \times ১২ = ৪৮$ বর্গ মিটার

৬১. $a^2 - 3a, a^2 - 9, a^2 - 4a + 3$ এর গ. সা. গু. কত?

ক. $a(a-3)$ খ. $a-3$

গ. $(a-1)(a-3)$ ঘ. $a(a-1)(a-3)$ উ. গ

ব্যাখ্যা : দেওয়া আছে, ১ম রাশি $= a^2 - 3a$

$= a(a-3)$

২য় রাশি $= a^2 - 9$

$= (a+3)(a-3)$

৩য় রাশি $= a^2 - 4a + 3$

$= a^2 - 3a - a + 3$

$= a(a-3) - 1(a-3)$

$= (a-1)(a-3)$

∴ নির্ণেয় গ. সা. গু. হল : $(a-3)$

৬২. চতুর্ভুজের চার কোণের অনুপাত ১ : ২ : ২ : ৩ হলে বৃহত্তম কোণের পরিমাণ হবে?

ক. ১০০° খ. ১১৫°

গ. ১৩৫° ঘ. ১৪০° উ. গ

ব্যাখ্যা : আমরা জানি, চতুর্ভুজের চার কোণের সমষ্টি $= ৩৬০^\circ$

এখানে অনুপাতের রাশিগুলোর সমষ্টি $= ১ + ২ + ২ + ৩$

$= ৮$

∴ চতুর্ভুজের বৃহত্তম কোণের পরিমাণ $= \frac{৩}{৮} \times ৩৬০^\circ$

$= ৩ \times ৪৫^\circ = ১৩৫^\circ$

৬৩. সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১২০° হলে এর বাহুর সংখ্যা কত?

ক. ৪ খ. ৫

গ. ৬ ঘ. ৮ উ. গ

ব্যাখ্যা : সুষম বহুভুজের বাহুর সংখ্যা নির্ণয়ের সূত্র : $\frac{n-2}{n} \times 180$

প্রশ্নমতে, $\frac{n-2}{n} \times 180 = 120$

$\Rightarrow \frac{n-2}{n} \times ৩ = ২$

$\Rightarrow ৩n - ৬ = ২n$

$\Rightarrow ৩n - ২n = ৬$

$\therefore n = ৬$

∴ সুষম বহুভুজের বাহুর সংখ্যা = ৬টি।

৬৪. ৩০ লিটার পরিমাণ মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭ : ৩। ঐ মিশ্রণে কি পরিমাণ পানি নিশ্রিত করলে এসিড ও পানির অনুপাত ৩ : ৭ হবে?

ক. ২৫ লিটার খ. ৩০ লিটার

গ. ৩৫ লিটার ঘ. ৪০ লিটার উ. ঘ

ব্যাখ্যা : দেওয়া আছে, এসিড : পানি = ৭ : ৩

অনুপাতের রাশিদ্বয়ের যোগফল = ৭ + ৩ = ১০

মিশ্রণে এসিডের পরিমাণ $= ৩০ \times \frac{৭}{১০} = ২১$ লিটার

মিশ্রণে পানির পরিমাণ $= ৩০ \times \frac{৩}{১০} = ৯$ লিটার

পানি মেশানোর ফলে নতুন মিশ্রণে এসিড : পানি = ৩ : ৭

$\Rightarrow \frac{এসিড}{নতুন} = \frac{৩}{৭}$

$\Rightarrow \frac{২১}{নতুন} = \frac{৩}{৭}$

$\Rightarrow$ পানি $= \frac{২১ \times ৭}{৩} = ৪৯$ লিটার।

নতুন করে পানি মেশানোর ফলে $= ৪৯ - ৯$ লিটার

$= ৪০$ লিটার

৬৫. $a + b = \sqrt{7}$ এবং $a - b = \sqrt{5}$ হলে, $8ab(a^2 + b^2) = ?$ কত?

ক. 12 খ. 24

গ. 36 ঘ. 40 উ. গ

ব্যাখ্যা : দেওয়া আছে, $a + b = \sqrt{7}$

এবং $a - b = \sqrt{5}$

এখন $8ab(a^2 + b^2)$

$= 4ab \times 2(a^2 + b^2)$

$= [(a+b)^2 - (a-b)^2] \times [(a+b)^2 + (a-b)^2]$

$= [(\sqrt{7})^2 - (\sqrt{5})^2] \times [(\sqrt{7})^2 + (\sqrt{5})^2]$

$= (7-5) \times (7+5)$

$= 2 \times 12 = 24$

৬৬. $\log_{\sqrt{3}} 81$ এর মান কত?

ক. 4 খ. 6

গ. 9 ঘ. 8 উ. ঘ

ব্যাখ্যা : $\log_{\sqrt{3}} 81 = \text{Log}_{\sqrt{3}} 3^4$

$= \text{Log}_{\sqrt{3}} (\sqrt{3})^8$

$= 8\text{Log}_{\sqrt{3}} \sqrt{3}$

$= 8 \; [\because \log_a a = 1]$

৬৭. সমদ্বিবাহু ত্রিভুজের শীর্ষ কোণের মান 80° হলে, অপর কোণদ্বয়ের মান কত?

ক. 50° ও 50° খ. 60° ও 40°

গ. 45° ও 45° ঘ. 40° ও 40° উ. ক

ব্যাখ্যা : আমরা জানি, যেকোনো ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি $= 360^\circ$

এখানে দেওয়া আছে সমদ্বিবাহু ত্রিভুজের শীর্ষ কোণ $= 80^\circ$

∴ ভূমি সংলগ্ন কোণদ্বয়ের সমষ্টি $(180 - 80^\circ)$ বা 100°

সমদ্বিবাহু ত্রিভুজের হওয়ায় কোণদ্বয় পরস্পর সমান।

∴ প্রতিটি কোণ $= \frac{100^\circ}{2}$

$= 50^\circ$

Job Navigator

৬৮. দুইটি কোণের সমষ্টি দুই সমকোণ হলে, একটিকে অপরটির কি বলে?

ক. সন্নিহিত কোণ খ. পূরক কোণ
গ. বিপ্রতীপ কোণ ঘ. সম্পূরক কোণ উ. ঘ

ব্যাখ্যা : আমরা জানি, দুটি কোণের সমষ্টি ১৮০° বা দুই সমকোণ হলে একটিকে অপরটির সম্পূরক কোণ বলে। দুটি কোণের সমষ্টি ৯০° বা এক সমকোণ হলে একটিকে অপরটির পূরক কোণ বলে।

৬৯. যদি $x + 2y = 4$ এবং $\frac{x}{y} = 2$ হয়, তবে $x =$ কত?

ক. 0 খ. 1
গ. 2 ঘ. 3 উ. গ

ব্যাখ্যা : দেওয়া আছে, $\frac{x}{y} = 2$

$\therefore x = 2y$

এখন, $x + 2y = 4$

$\Rightarrow x + x = 4$ [যেহেতু, $x = 2y$]

$\Rightarrow 2x = 4$

$\therefore x = 2$

৭০. $(x-4)^2 = 0$ সমীকরণের মূল কয়টি?

ক. 1 খ. 2
গ. 3 ঘ. 0 উ. ক

ব্যাখ্যা : দেওয়া আছে, $(x-4)^2 = 0$

$\Rightarrow (x-4)(x-4) = 0$

$\therefore x = 4, x = 4$

অতএব, $(x-4)^2 = 0$ সমীকরণটির মূল হল মাত্র একটি এবং সমীকরণটির সেই মূলটি হল = 4।

৭১. একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো, শতকরা ক্ষতির হার কত?

ক. ৪% খ. ৬%
গ. ৭% ঘ. ৮%

ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। সঠিক উত্তর ৫%।

দ্রব্যটি ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলে,

দ্রবটির ক্রয়মূল্য (৩৮০ + ২০) টাকা = ৪০০ টাকা

$\therefore$ ৪০০ টাকায় ক্ষতি হয় = ২০ টাকা

$\therefore$ ১ টাকায় ক্ষতি হয় = $\frac{২০}{৪০০}$ টাকা

$\therefore$ ১০০ টাকায় ক্ষতি হয় = $\frac{২০ \times ১০০}{৪০০}$ টাকা

= ৫% (উত্তর)

৭২. দুইটি সংখ্যার যোগফল ১৫ এবং বিয়োগফল ১৩, ছোট সংখ্যাটি কত?

ক. ১ খ. ২
গ. ৪ ঘ. ১৪ উ. ক

ব্যাখ্যা : মনে করি, সংখ্যা দুটি যথাক্রমে x ও y; যেখানে, $x > y$

শর্তমতে, $x + y = ১৫$ ..... (i)

$x - y = ১৩$ ..... (ii)

$২x = ২৮$

$\Rightarrow x = ১৪$

এখন (i) নং সমীকরণে x এর মান বসিয়ে পাই,

$\Rightarrow ১৪ + y = ১৫$

$\Rightarrow y = ১৫ - ১৪$

$\therefore y = ১$

$\therefore$ ছোট সংখ্যাটি ১।

৭৩. $\sqrt[6]{64} \times \sqrt[3]{27}$

ক. 2 খ. 4
গ. 6 ঘ. 8 উ. গ

ব্যাখ্যা : $\sqrt[6]{64} \times \sqrt[3]{27}$

$= (64)^{\frac{1}{6}} \times (27)^{\frac{1}{3}}$

$= (4^3)^{\frac{1}{6}} \times (3^3)^{\frac{1}{3}}$

$= (4)^{\frac{1}{2}} \times 3 = 2 \times 3 = 6$

৭৪. দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর 199 হলে, বড় সংখ্যাটি কত?

ক. 70 খ. 80
গ. 90 ঘ. 100 উ. খ

ব্যাখ্যা : ধরি, বড় সংখ্যাটি a

$\therefore a^2 - (a-1)^2 = 199$

$\Rightarrow a^2 - (a^2 - 2a + 1) = 199$

$\Rightarrow a^2 - a^2 + 2a - 1 = 199$

$\Rightarrow 2a = 200$

$\therefore a = 100$

৭৫. $3x^2 - x + 5 = 0$ সমীকরণে x এর সহগ কত?

ক. 3 খ. 1
গ. –1 ঘ. 5 উ. গ

ব্যাখ্যা : আমরা জানি, যে সংখ্যা প্রতীক বা অক্ষর প্রতীক চলরাশির সাথে গুণ হিসেবে থাকে তাদেরকে যথাক্রমে 'সাংখ্যিক সহগ' এবং 'আক্ষরিক সহগ' বলে। উপরিউক্ত সমীকরণে x এর সাথে (–1) গুণ হিসেবে রয়েছে। অতএব, x এর সাংখ্যিক সহগ হবে = – 1।

৭৬. বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয়েছিল কবে?

ক. ১৯৭০ সালের ১০ এপ্রিল
খ. ১৯৭০ সালের ১৭ এপ্রিল
গ. ১৯৭১ সালের ১০ এপ্রিল
ঘ. ১৯৭১ সালের ১৭ এপ্রিল উ. গ

ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার (অনানুষ্ঠানিক প্রবাসী সরকার, মুজিবনগর সরকার) গঠিত হয়েছিল ১৯৭১ সালের ১০ এপ্রিল এবং মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার আম্রকাননে আম্রকানন গ্রামের এ সরকার শপথ নেয় ১৭ এপ্রিল ১৯৭১। তাই ১৭ এপ্রিল 'মুজিবনগর সরকার দিবস' হিসেবে পালিত হয়।

৭৭. 'পারে' ক্ষুদ্র জাতিসত্তার সমাজে পরিবারের প্রধান কে?
ক. বাবা খ. মা
গ. প্রবীণ ব্যক্তি ঘ. বড় ভাই উ. খ

ব্যাখ্যা : পারে, হসিয়া, কোচ সমাজব্যবস্থা মাতৃতান্ত্রিক। এসব উপজাতি সমাজে মা পরিবারের প্রধান এবং পরিবারিক সম্পত্তির অধিকারী। এগুলো ছাড়া অন্যান্য প্রায় সবগুলো উপজাতিই পিতৃতান্ত্রিক।

৭৮. মালালা ইউসুফজাই ও কৈলাশ সত্যার্থী নোবেল পুরস্কার পেয়েছেন কোন ক্ষেত্রে?
ক. সাহিত্যে খ. শান্তিতে
গ. চিকিৎসায় ঘ. অর্থনীতিতে উ. খ

ব্যাখ্যা : মালালা ইউসুফজাই (পাকিস্তান) এবং কৈলাশ সত্যার্থী (ভারত) ২০১৪ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। মালালা (১৭ বছর বয়সে) সবচেয়ে কমবয়সী হিসেবে নোবেল পান।

৭৯. বাংলাদেশের প্রথম মহিলা উপাচার্যের নাম কী?
ক. ড. ফারজানা ইসলাম খ. খালেদা এদরিস উ. ক
গ. রাশেদা কে চৌধুরী ঘ. ড. শিরিন শারমিন চৌধুরী

ব্যাখ্যা : বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রথম নারী উপাচার্য হিসেবে নিয়োগ পান ড. ফারজানা ইসলাম। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তিনি ২০১৪ সালে নিয়োগ পান।

৮০. বর্তমানে বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার কত?
ক. ১.৩২% খ. ১.৩৩%
গ. ১.৩৪% ঘ. ১.৪৩% উ. *

ব্যাখ্যা : অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুযায়ী, বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার ১.৩০%।

৮১. যোগাযোগ মন্ত্রণালয়ের বর্তমান নাম কী?
ক. সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
খ. পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গ. সড়ক পরিবহন মন্ত্রণালয়
ঘ. পরিবহন ও সড়ক মন্ত্রণালয় উ. ক

ব্যাখ্যা : যোগাযোগ মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে ২০১৪ সালে রাখা হয়- সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের বর্তমান মন্ত্রী জনাব ওবায়দুল কাদের।

৮২. বাংলাদেশের সবচেয়ে ছোট বিভাগ কোনটি?
ক. বরিশাল খ. সিলেট
গ. খুলনা ঘ. রংপুর উ. *

ব্যাখ্যা : *বর্তমানে আয়তনে সবচেয়ে ছোট বিভাগ- ময়মনসিংহ বিভাগ (আগে ছিল সিলেট বিভাগ)।

নাম	আয়তনে		জনসংখ্যায়	
	বৃহত্তম	ক্ষুদ্রতম	বৃহত্তম	ক্ষুদ্রতম
বিভাগ	চট্টগ্রাম	ময়মনসিংহ	ঢাকা	বরিশাল

৮৩. জাতিসংঘের প্রশাসনিক কাজ করে কোন শাখা?
ক. সচিবালয় খ. নিরাপত্তা পরিষদ
গ. জাতিসংঘ সচিবালয় ঘ. আন্তর্জাতিক আদালত উ. গ

ব্যাখ্যা : জাতিসংঘের প্রশাসনিক কাজ করে জাতিসংঘ সচিবালয় (UN Secretariat)। জাতিসংঘ সচিবালয়ের প্রধান হলেন মহাসচিব (Secretary General)। তিনি জাতিসংঘের প্রধান প্রশাসনিক কর্মকর্তা। জাতিসংঘের বর্তমান ও ৯ম মহাসচিব পর্তুগালের আন্তোনিও গুতেরেস (২০১৭– বর্তমান)।

৮৪. কোনটি গ্রিন হাউজ গ্যাস নয়?
ক. নাইট্রাস অক্সাইড খ. কার্বন ডাই-অক্সাইড
গ. ক্লোরোফ্লোরো কার্বন ঘ. নাইট্রোজেন উ. ঘ

ব্যাখ্যা : গ্রিন হাউজ গ্যাস ৬টি। যথা- কার্বন ডাই-অক্সাইড (Co_2, প্রায় ৪৯%), মিথেন (CH_4, প্রায় ১৯%), ক্লোরোফ্লোরোকার্বন (CFC, প্রায় ১৭%), ওজোন (O_3, প্রায় ৮%), নাইট্রাস অক্সাইড (N_2O, প্রায় ৪%) এবং জলীয় বাষ্প (H_2O, প্রায় ২%)। প্রধান গ্রিন হাউস গ্যাস CO_2 যা বৈশ্বিক উষ্ণতার জন্য দায়ী।

৮৫. নিশীথ সূর্যের দেশ কোনটি?
ক. জাপান খ. কেনিয়া
গ. নরওয়ে ঘ. সুদান উ. গ

ব্যাখ্যা : নিশীথ সূর্যের দেশ = নরওয়ে। সূর্যোদয়ের দেশ/ ভূমিকম্পের দেশ = জাপান। শান্ত সকালের দেশ/ সকাল বেলার শান্তি = কেনিয়া। অস্ট্রিকার একটি দেশ সুদান।

৮৬. গ্রামীণ ব্যাংক কোন ধরনের তালিকার অন্তর্ভুক্ত?
ক. তালিকাভুক্ত ব্যাংক খ. ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান
গ. ক্ষুদ্র ব্যাংক ঘ. বিশেষায়িত ব্যাংক উ. *

ব্যাখ্যা : জবাবে সঠিক উত্তর নেই। গ্রামীণ ব্যাংক একটি Non-scheduled (তফসিল বহির্ভূত বা অতালিকাভুক্ত) ব্যাংক। ব্যাংকটি ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত হয়। তবে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু ১৯৮৩ সালে। এটি ক্ষুদ্রঋণ (Micro credit) প্রদানের জন্য বিখ্যাত। ২০০৬ সালে গ্রামীণ ব্যাংক ও প্রতিষ্ঠাতা ড. মুহাম্মদ ইউনূস নোবেল শান্তি পুরস্কার লাভ করে।

৮৭. আন্তর্জাতিক মানবাধিকার দিবস কোনটি?
ক. ১০ই ডিসেম্বর খ. ১১ই জানুয়ারি
গ. ১৫ই মার্চ ঘ. ১৭ই মার্চ উ. ক

ব্যাখ্যা : ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর জাতিসংঘে Universal Decleration of Human Rights (মানবাধিকারের সর্বজনীন ঘোষণাপত্র) গৃহীত হয়। তাই ১০ ডিসেম্বর আন্তর্জাতিক মানবাধিকার দিবস। ১৭ মার্চ = বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস, ১৫ মার্চ = বিশ্ব ভোক্তা অধিকার সংরক্ষণ দিবস।

৮৮. ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র কোনটি?
ক. ব্যারোমিটার খ. সিসমোগ্রাফ
গ. ম্যানোমিটার ঘ. সেক্সট্যান্ট উ. খ

ব্যাখ্যা : সিসমোগ্রাফ = ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র। রিখটার স্কেল = ভূমিকম্পের তীব্রতা পরিমাপক যন্ত্র; ম্যানোমিটার = গ্যাসের চাপ নির্ণায়ক যন্ত্র; ব্যারোমিটার = বায়ুমণ্ডলের চাপ নির্ণায়ক যন্ত্র; সেক্সট্যান্ট = সূর্য ও অন্যান্য গ্রহের কৌণিক উন্নত পরিমাপক যন্ত্র।

Job Navigator

৮৯. ২১তম বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে–
ক. ফ্রান্সে খ. ব্রাজিলে
গ. রাশিয়ায় ঘ. ইংল্যান্ডে উ. গ
ব্যাখ্যা : ২০১৮ সালে ২১তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয়েছে রাশিয়ায়। ২০২২ সালে ২২তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় কাতারে, ২০২৬ সালে ২৩তম হবে যৌথভাবে যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে।

৯০. বাংলাদেশের প্রথম যাদুঘর কোনটি?
ক. বিজ্ঞান জাদুঘর খ. বরেন্দ্র গবেষণা জাদুঘর
গ. জাতীয় জাদুঘর ঘ. ঢাকা নগর জাদুঘর উ. খ
ব্যাখ্যা : বাংলাদেশের প্রথম জাদুঘর হচ্ছে 'বরেন্দ্র গবেষণা জাদুঘর'। ১৯১০ সালে প্রতিষ্ঠিত জাদুঘরটি রাজশাহীতে অবস্থিত। জাতীয় জাদুঘর ঢাকার শাহবাগে, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এবং মুক্তিযুদ্ধ জাদুঘর ঢাকার আগারগাঁও এ অবস্থিত।

৯১. মানবদেহের প্রতিটি কোষে কত জোড়া ক্রোমোজোম আছে?
ক. ২২ খ. ২৩
গ. ২৪ ঘ. ২৫ উ. খ
ব্যাখ্যা : ক্রোমোসোমকে বলা হয় জীবের বংশগতির বাহক। মানুষের ক্রোমোজোমের সংখ্যা ২৩ জোড়া। এদের মধ্যে ২২ জোড়া অটোসোম (জীবের দৈহিক বৈশিষ্ট্য নিয়ন্ত্রণ করে) এবং ১ জোড়া স্কেস ক্রোমোসোম যৌন বৈশিষ্ট্য নিয়ন্ত্রণ করে)।

৯২. CNG-এর পূর্ণরূপ কী?
ক. Converted Natural Gas
খ. Compressed Natural Gas
গ. Conversed Natural Gas
ঘ. Connected Natural Gas উ. খ
ব্যাখ্যা : CNG হচ্ছে রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস। ইংরেজিতে- Compressed Natural Gas। এ পদ্ধতিতে উচ্চচাপে প্রাকৃতিক গ্যাসকে তরলে রূপান্তর করা হয়। যানবাহনে জ্বালানী হিসেবে এটি বহুল ব্যবহৃত।

৯৩. সিডর কী?
ক. ঘূর্ণিঝড় খ. সুনামি
গ. টাইফুন ঘ. সাইক্লোন উ. ক
ব্যাখ্যা : 'সিডর' একটি সিংহলি শব্দ; এর অর্থ 'চোখ'। ২০০৭ সালের ১৫ নভেম্বর উপকূলীয় জেলাগুলোতে ঘূর্ণিঝড় 'সিডর' আঘাত হানে এবং জানমালের ব্যাপক ক্ষতি করে।

৯৪. গুগল কী?
ক. সার্চ ইঞ্জিন খ. সফটওয়্যার প্রতিষ্ঠান
গ. ওয়েব সাইট ঘ. হার্ডওয়্যার প্রতিষ্ঠান উ. ক
ব্যাখ্যা : বর্তমান বিশ্বের সবচেয়ে জনপ্রিয় ও বহুল ব্যবহৃত Search Engine হলো Google। একে বলা হয় Search Engine Giant। ল্যারি পেইজ এবং সার্জে ব্রিন ১৯৯৮ সালে গুগল প্রতিষ্ঠা করেন। গুগল, ফেইসবুক ও ইউটিউবের সদরদপ্তর যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় অবস্থিত।

৯৫. আলজাজিরা কোন দেশের সংবাদ সংস্থা?
ক. কাতার খ. আফগানিস্তান
গ. আলজেরিয়া ঘ. আরব আমিরাত উ. ক
ব্যাখ্যা : আলজাজিরা (অর্থ উপদ্বীপ) একটি কাতারের সংবাদভিত্তিক নিউজ চ্যানেল। ১৯৯৬ সালে এটি প্রতিষ্ঠিত হয়। BBC যুক্তরাজ্যভিত্তিক; ABC, CNN যুক্তরাষ্ট্রভিত্তিক নিউজ চ্যানেল।

৯৬. বিজ্ঞানীরা ইবোলা ভাইরাস সনাক্ত করেন কবে?
ক. ১৯৭৫ সালে খ. ১৯৭৬ সালে
গ. ১৯৭৭ সালে ঘ. ১৯৭৮ সালে উ. খ
ব্যাখ্যা : ইবোলা ভাইরাস শনাক্ত হয় ১৯৭৬ সালে কঙ্গোতে। কঙ্গো ইবোলা নদীর তীরে প্রথম সংক্রমণ হয় বলে নদী অনুসারে ভাইরাসটির নামকরণ করা হয়েছে। এ ভাইরাস এর বাহক বাদুড় (নিপাহ ভাইরাসের বাহকও বাদুড়)।

৯৭. গোবি মরুভূমি কোন মহাদেশে অবস্থিত?
ক. এশিয়া খ. আফ্রিকা
গ. ইউরোপ ঘ. আমেরিকা উ. ক
ব্যাখ্যা : গোবি মরুভূমি এশিয়া মহাদেশ (মঙ্গোলিয়া ও চীন) এ অবস্থিত। পৃথিবীর বৃহত্তম মরুভূমি 'সাহারা মরুভূমি' আফ্রিকা মহাদেশে অবস্থিত। একে বলা হয় 'আফ্রিকার দুঃখ'। ইউরোপ মহাদেশে কোনো মরুভূমি নেই।

৯৮. জাতিসংঘ দিবস পালিত হয় কোন তারিখে?
ক. ২৪ আগস্ট খ. ২৪ সেপ্টেম্বর
গ. ২৪ অক্টোবর ঘ. ২৪ নভেম্বর উ. গ
ব্যাখ্যা : ১৯৪৫ সালের ২৬ জুন জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয়। অর্থ এ সনদ কার্যকর হয় এবং জাতিসংঘ প্রতিষ্ঠিত হয় ১৯৪৫ সালের ২৪ অক্টোবর। তাই ২৪ অক্টোবর 'জাতিসংঘ দিবস' হিসেবে পালিত হয়।

৯৯. রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প কোথায় অবস্থিত?
ক. ভেড়ামারা, কুষ্টিয়া খ. কেরাণীগঞ্জ, ঢাকা
গ. রামপাল, বাগেরহাট ঘ. ঈশ্বরদী, পাবনা উ. ঘ
ব্যাখ্যা : রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প পাবনার ঈশ্বরদীতে অবস্থিত। রাশিয়ার সহায়তায় এ প্রকল্প নির্মিতত হচ্ছে। বাগেরহাটের রামপালে ভারতের সহায়তায় কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মিত হচ্ছে। দেশের সবচেয়ে বড় তাপ বিদ্যুৎ কেন্দ্র কুষ্টিয়ার ভেড়ামারায় অবস্থিত।

১০০. "আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, – আমি কি ভুলিতে পারি"– গানটির গীতিকার কে?
ক. আলতাফ মাহমুদ
খ. গাজী মাজহারুল আনোয়ার
গ. আবদুল গাফফার চৌধুরী
ঘ. আলাউদ্দীন আলী উ. গ
ব্যাখ্যা : 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি' ভাষা আন্দোলনভিত্তিক কালজয়ী এ গানের গীতিকার সাংবাদিক ও লেখক আব্দুল গাফফার চৌধুরী। গানটির প্রথম সুরকার আব্দুল লতিফ আর বর্তমান সুরকার আলতাফ মাহমুদ।

১০ম স্কুল-২/সমপর্যায় নিবন্ধন প্রিলিমিনারি টেস্ট-২০১৪

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান : ১০০; সেট কোড : ১; বিষয় কোড : ২০০; পরীক্ষার তারিখ : ৩০.০৫.২০১৪

[দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান-১।] প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কর্তন হবে।]

১. 'ষড়ঋতু' শব্দের সন্ধিবিচ্ছেদ–
ক. ষড় + ঋতু খ. ষড়্ + ঋতু
গ. ষট্ + ঋতু ঘ. ষট্ + ঋতু **উ. ঘ**

ব্যাখ্যা : 'ষড়ঋতু' শব্দের সন্ধিবিচ্ছেদ– ষট্ + ঋতু = ষড়ঋতু'। সন্ধিতে 'ট' এর পরে 'উ' আসলে 'ট' এর স্থলে ড (ড়) বসে।

২. বাক্যে কোন যতি চিহ্নের প্রয়োগে থামার প্রয়োজন নেই?
ক. হাইফেন খ. ড্যাস
গ. সেমিকোলন ঘ. কোলন **উ. ক**

ব্যাখ্যা : বাক্যের হাইফেন, ইলেক ও বন্ধনী চিহ্নের প্রয়োগে থামার প্রয়োজন নেই।

৩. This collar is too limp-এর অর্থ–
ক. এই কলারটি বড্ড শক্ত খ. এই কলারটি বড্ড খসখসে
গ. এই কলারটি বড্ড নরম
ঘ. এই কলারটি বড্ড দৃঢ় **উ. গ**

ব্যাখ্যা : 'limp'-এর অর্থ নরম বা নিস্তেজ। সুতরাং, 'The collar is too limp'-এর অর্থ– এই কলারটি বড্ড নরম।

৪. 'বক্তব্য এর প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক. √বক্ + তব্য খ. √বক্ + অব্য
গ. √বক্ত + ব্য ঘ. √বচ্ + তব্য **উ. ঘ**

ব্যাখ্যা : 'বক্তব্য' এর প্রকৃতি-প্রত্যয় = √বচ্ + তব্য। পরিবর্তনের নিয়মানুসারে 'চ' এর স্থানে 'ক' হয়।

৫. 'উপভাষা' কোন সমাসের উদাহরণ?
ক. তৎপুরুষ সমাস খ. কর্মধারয় সমাস
গ. অব্যয়ীভাব সমাস ঘ. বহুব্রীহি সমাস **উ. গ**

ব্যাখ্যা : 'উপভাষা' অব্যয়ীভাব সমাসের উদাহরণ। ভাষার সদৃশ = উপভাষা।

৬. বাংলা সাহিত্যে চলিত গদ্যরীতির প্রবর্তক কে?
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. প্রমথ চৌধুরী
গ. প্যারীচাঁদ মিত্র ঘ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় **উ. খ**

ব্যাখ্যা : বাংলা সাহিত্য চলিত গদ্যরীতির প্রবর্তক প্রথম চৌধুরী। তবে বাংলা ভাষায় গদ্যরীতির প্রবর্তক হলেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর সর্বপ্রথম সাধু ভাষায় গদ্যরীতির প্রবর্তক করেন।

৭. 'পৃথিবী'-এর সমার্থক শব্দ নয় কোনটি?
ক. ভূধর খ. অবনী
গ. ধরিত্রী ঘ. ধরণী **উ. ক**

ব্যাখ্যা : শব্দটি পৃথিবী– এর সমার্থক শব্দ নয়। ভূধর অর্থ পাহাড়।

৮. কোন বাক্যটি শুদ্ধ?
ক. দারিদ্র্য বাংলাদেশের প্রধান সমস্যা
খ. দরিদ্র্য বাংলাদেশের প্রধান সমস্যা
গ. দারিদ্র্যতা বাংলাদেশের প্রধান সমস্যা
ঘ. দরিদ্র্যতা বাংলাদেশের প্রধান সমস্যা **উ. ক**

ব্যাখ্যা : 'দারিদ্র্য বাংলাদেশের প্রধান সমস্যা'– বাক্যটি শুদ্ধ। শুদ্ধ বানান দরিদ্রতা/দারিদ্র্য।

৯. শকুনি মামা-এর অর্থ–
ক. কুৎসিত মামা খ. সৎ মামা
গ. কুচক্রী লোক ঘ. পাতানো মামা **উ. গ**

ব্যাখ্যা : 'শকুনি মামা' বাগধারাটির অর্থ কুচক্রীলোক।

১০. To err is human–
ক. মানুষ মাত্রই মানবিক গুণসম্পন্ন
খ. মানুষ মরণশীল
গ. মানুষ মাত্রই ভুল করে ঘ. কোনোটিই নয় **উ. গ**

ব্যাখ্যা : 'To err is human'- প্রবাদটির বাংলা এর অনুবাদ 'মানুষ মাত্রই ভুল করে'।

১১. তার বয়স বেড়েছে, কিন্তু বুদ্ধি বাড়েনি–
ক. যৌগিক বাক্য খ. মিশ্র বাক্য
গ. সরল বাক্য ঘ. সাধারণ বাক্য **উ. ক**

ব্যাখ্যা : বাক্যে এবং/কিন্তু/অথবা থাকলে যৌগিক বাক্য হয়।

১২. জল পড়ে, পাতা নড়ে– নিম্নরেখা শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় শূন্য খ. অপাদানে শূন্য
গ. কর্মে শূন্য ঘ. করণে শূন্য **উ. ক**

ব্যাখ্যা : 'জল পড়ে, পাতা নড়ে'– বাক্যে 'জল' শব্দটি 'কর্তায় শূন্য'।

১৩. 'যা বলা হয়নি'– এক কথায় প্রকাশ কী হবে?
ক. অকথ্য খ. অনুক্ত
গ. নির্বাক ঘ. মুক **উ. খ**

ব্যাখ্যা : 'যা বলা হয়নি'– এক কথায় 'অনুক্ত' হবে। 'যা বলার যোগ্য নয়'- এক কথায় 'অকথ্য' হবে।

১৪. 'অন্ধজনে দেহ আলো।' –বাক্যে 'অন্ধজনে' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৭মী খ. কর্মে ২য়া
গ. সম্প্রদানে ৭মী ঘ. সম্প্রদানে ৪র্থী **উ. গ**

ব্যাখ্যা : 'অন্ধজনে দেহ আলো'– অন্ধজনে সম্প্রদানে ৭মী বিভক্তি। আমরা জানি, দান/সেবা/ভক্তি বোঝালে সম্প্রদান কারক হয়।

১৫. 'A to Z' কথাটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. সম্পূর্ণভাবে খ. সারাক্ষণ
গ. শেষ পর্যন্ত ঘ. মৃত্যু অবধি উ. ক
ব্যাখ্যা : 'A to Z' কথাটি 'সম্পূর্ণভাবে' অর্থে ব্যবহৃত হয়।

১৬. অনুবাদ কোন প্রকারের হবে তা কীসের ওপর নির্ভর করে?
ক. বিষয়ের ওপর খ. ভাবের ওপর
গ. বিন্যাসের ওপর ঘ. ভাষার ওপর উ. খ
ব্যাখ্যা : অনুবাদ কোন প্রকারের হবে তা নির্ভর করে ভাবের উপর। কারণ, অনুবাদক অনুবাদ করার সময় মূল বিষয়টি যেভাবে ভাববেন, তিনি সেইভাবে অনুবাদ করবেন।

১৭. সাধারণ অর্থের বাইরে যা বিশিষ্ট অর্থ প্রকাশ করে থাকে তাকে বলে–
ক. বাগ্বিধি খ. সমার্থক শব্দ
গ. ভিন্নার্থক শব্দ ঘ. বিপরীতার্থক শব্দ উ. ক
ব্যাখ্যা : সাধারণ অর্থের বাইরে যা বিশিষ্ট অর্থ প্রকাশ করে তাকে বাগ্বিধি তথা বাক বিধি বলে। বাগধারা সবসময় ভিন্ন অর্থ প্রকাশ করে থাকে বহুব্রীহি সমাসের মতো।

১৮. 'উৎকর্ষ' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. উৎকৃষ্ট খ. অপকৃষ্ট
গ. নিকৃষ্ট ঘ. অপকর্ষ উ. ঘ
ব্যাখ্যা : উৎকর্ষ শব্দের বিপরীত শব্দ অপকর্ষ। অন্যদিকে, উৎকৃষ্ট এর বিপরীত হল নিকৃষ্ট।

১৯. কোন শব্দটি 'সাগর' শব্দটির সমার্থক শব্দ নয়?
ক. জলধি খ. পাথার
গ. অর্ণব ঘ. ভূপতি উ. ঘ
ব্যাখ্যা : 'ভূপতি' সাগর শব্দের সমার্থক শব্দ নয়। ভূপতি অর্থ রাজা।

২০. কোন বানানটি সঠিক?
ক. উষা খ. কিংবদন্তি
গ. আমীন ঘ. বিদেশী উ. খ
ব্যাখ্যা : 'কিংবদন্তি' বানানটি সঠিক। বাকি শব্দগুলোর শুদ্ধরূপ- উষা, আমিন (আরবি শব্দ), বিদেশি।

২১. বাংলায় যতি বা ছেদ চিহ্ন কয়টি?
ক. ১০টি খ. ১১টি
গ. ১২টি ঘ. ১৩টি উ. গ
ব্যাখ্যা : বাংলায় যতি/ছেদ/বিরাম চিহ্ন ১২টি।

২২. কোন শব্দটির কোনো স্ত্রীবাচক শব্দ হয় না?
ক. অজ খ. নর
গ. কবিরাজ ঘ. কবি উ. গ
ব্যাখ্যা : 'কবিরাজ শব্দটির কোন স্ত্রীবাচক শব্দ হয় না। এটি নিত্য পুরুষবাচক শব্দ। এইরকম আরও কয়েকটি নিত্য পুরুষবাচক শব্দ- রাষ্ট্রপতি, বিচারপতি, সেনাপতি, কৃতদার, অকৃতদার, পুরোহিত ইত্যাদি।

২৩. 'মতৈক্য' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. মতঃ + এক খ. মতঃ + ঐক্য
গ. মত + এক ঘ. মত + ঐক্য উ. ঘ
ব্যাখ্যা : 'মতৈক্য' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ– মত + ঐক্য। অ/আ এর পরে এ/ঐ থাকলে উভয়ে মিলে ঐ হয়।

২৪. 'রাজপথ'-এর ব্যাসবাক্য কোনটি হবে?
ক. পথের রাজা খ. রাজার পথ
গ. রাজা নির্মিত পথ ঘ. রাজাদের পথ উ. ক
ব্যাখ্যা : 'রাজপথ' এর ব্যাসবাক্য– 'পথের রাজা'। এটি একটি ষষ্ঠী তৎপুরুষ সমাস।

২৫. চলতি রীতির শব্দ কোনটি?
ক. শুষ্ক খ. শুকনা
গ. তুলা ঘ. তুলো উ. ঘ
ব্যাখ্যা : 'তুলো' চলিত রীতির শব্দ। বাকি শব্দগুলো সাধু ভাষারীতির শব্দ। শুষ্ক/শুকনা-শুকনো; তুলা-তুলো। এইরকম- জুতা-জুতো।

২৬. The correct spelling is –
ক. humouros খ. humourious
গ. humorous ঘ. humorious উ. গ
ব্যাখ্যা : শুদ্ধ বানান Humorous। Humorous অর্থ রসাত্মক বা কৌতুকপ্রিয়।

২৭. What is the adjective of 'child'?
ক. Childhood খ. Childly
গ. Childish ঘ. Children উ. গ
ব্যাখ্যা : Child (noun)- -শিশু। অপশন (ক) childhood- শব্দটি abstract noun, (খ) childly একই সাথে adverb এবং adjective দুটিই হতে পারে; যার অর্থ- শিশুসুলভ। কিন্তু অপশন (গ) Childish শুধু adjective; এর অর্থ শিশুসুলভ। অপশন (ঘ) children শব্দটি child এর plural form। কাজেই সঠিক উত্তর (গ) childish.

২৮. The man is so weak that he cannot walk (Simple)
ক. The man is too weak to walk.
খ. The man is so weak to walk.
গ. The man is too weak for him to walk.
ঘ. The man is so weak for him to walk. উ. ক
ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি complex sentence। এ ধরনের বাক্যকে simple sentence -এ পরিবর্তন করার নিয়ম : Sub + (so এর স্থলে) too + (that থেকে না-বোধক পর্যন্ত উঠে যায়) + to + v_1 বসে।) সঠিক উত্তর (ক) The man is too week to walk.

২৯. What have you bought? (Passive)
ক. What are bought by you?
খ. What is bought by you?
গ. What are being bought by you?
ঘ. What has been bought by you উ. ঘ
ব্যাখ্যা : What যুক্ত Active voice কে passive করার নিয়ম what + tense, number ও person অনুসারে Auxiliary verb -এর রূপ + মূল verb এর past participle + to by + object + প্রশ্নবোধক চিহ্ন (?) কাজেই সঠিক উত্তর (ঘ) What has been brought by you?

৩০. **Only Rina can do this sum. (Negative)**
ক. Only Rina cannot do this sum.
খ. Rina cannot do this sum.
গ. None but Rina can do this sum.
ঘ. Any one but Rina can do this sum. **উ. গ**

ব্যাখ্যা : যদি Affirmative sentence-এ only/alone কোনো ব্যক্তিকে নির্দেশ করে only/alone পরিবর্তে Negative sentence-এ none but বসে। এবং sentence-এর অন্যান্য অংশ অপরিবর্তিত থাকে। সুতরাং সঠিক উত্তর (গ) None but Rina can do this sum.

৩১. **What a nice scenery it is! (Assertive)**
ক. It is very nice scenery.
খ. It is a great scenery.
গ. It is a very nice scenery.
ঘ. The scenery is very nice. **উ. গ**

ব্যাখ্যা : এটি একটি Exclamatory sentence। এই ধরনের বাক্যকে assertive বাক্যে রূপান্তর করতে sub + verb + a/an + very/great (what এর পরিবর্তে) + adjective + বাকি অংশ বসে। সুতরাং সঠিক উত্তর (গ) It is a very nice scenery.

৩২. **All love flower. (Interrogative)**
ক. Who does not love flower?
খ. Who do not love flower?
গ. Who did not love flower?
ঘ. Do all love flower? **উ. ক**

ব্যাখ্যা : All যুক্ত Affirmative বাক্যকে Interrogative বাক্যে রূপান্তর করতে হলে (who + doesn't/ didn't + মূল verb এর present form + মূল verb এর পরের অংশ + প্রশ্নবোধক চিহ্ন বসে।) সুতরাং সঠিক উত্তর (ক) Who does not love flower?

৩৩. **'Cock and bull story' means–**
ক. a fable খ. a tragedy **উ. গ**
গ. a false story ঘ. a wonderful story

ব্যাখ্যা : 'Cock and bull story' একটি phrase; যার অর্থ আজগুবি গল্প বা মিথ্যা গল্প। অপশন (ক) fable- উপকথা; (খ) tragedy - শোকগাঁথা; (গ) false story- মিথ্যা বা বানোয়াট গল্প যা প্রশ্নে প্রদত্ত phrase এর সমার্থক। এবং (ঘ) woulderful story চমৎকার গল্প। কাজেই সঠিক উত্তর (গ) false story।

৩৪. **'Apple of one's eye' means–**
ক. extremely favourite খ. apple like eye **উ. ক**
গ. big eye ঘ. apple coloured eye

ব্যাখ্যা : 'Apple of one's eye' একটি phrase; যার অর্থ অত্যধিক প্রিয় বা অতি আদরের। সুতরাং সঠিক উত্তর (ক) extremely favourite।

৩৫. **What is the meaning of 'white elephant'?**
ক. An elephant of white colour
খ. A black marketer
গ. A very costly or troublesome possession
ঘ. A hoarder **উ. গ**

ব্যাখ্যা : White elephant একটি phrase; যার অর্থ– কাজে আসে না কিন্তু দামি বা অসুবিধাজনক সম্পদ। সুতরাং সঠিক উত্তর (গ) A very truoublesome possession।

৩৬. **Everybody should – their old parents.**
ক. look at খ. look after
গ. look up ঘ. look into **উ. খ**

ব্যাখ্যা : অপশন (খ) look after- দেখাশোনা করা। যা প্রদত্ত শূন্যস্থানের জন্য যথাযথ। অন্যদিকে, (ক) Look at -তাকানো (গ) look up- খুজে বের করা এবং (ঘ) look into -তদন্ত করা। কাজেই সঠিক উত্তর (খ) look after।

৩৭. **The patient will – soon**
ক. come in খ. come off
গ. come round ঘ. come by **উ. গ**

ব্যাখ্যা : অপশন come round -আরোগ্য লাভ করা। যা প্রদত্ত শূন্যস্থানের জন্য যথাযথ। অন্যদিকে, (ক) come in প্রবেশ করা; (খ) come off -সম্পন্ন হওয়া; (গ) এবং (ঘ) come by -পাওয়া। কাজেই সঠিক উত্তর (গ) come round।

৩৮. **None of the students – a car.**
ক. have খ. have got
গ. has ঘ. own **উ. গ**

ব্যাখ্যা : None of + plural subject + singular verb হয়। সুতরাং সঠিক উত্তর (গ) has।

৩৯. **Would you mind– the window?**
ক. open খ. to open
গ. to opening ঘ. opening **উ. ঘ**

ব্যাখ্যা : Would you mind এর পর v + ing বসে। সুতরাং সঠিক উত্তর (ঘ) opening.

৪০. **Chose the correct verb to complete the sentence : You had better– a doctor.**
ক. to see খ. see
গ. saw ঘ. seen **উ. খ**

ব্যাখ্যা : Had better/would rather এর পর সবসময় verb এর base form বসে। সুতরাং সঠিক উত্তর (খ) see।

৪১. **No sooner had the thief seen the police–**
ক. than he ran away খ. than he run away
গ. than he had run away ঘ. when he run away
উ. ক

ব্যাখ্যা : দেখতে না দেখতেই, আসতে না আসতেই, যেতে না যেতেই- এমন কিছু বোঝাতে No sooner had ... than বসে। No sooner + past perfect + than + past Indefinite হয়। অতএব, সঠিক উত্তর (ক)।

৪২. He is working hard–
ক. as he can shine in life খ. that he can shine in life
গ. to shining in life
ঘ. so that he can shine in life উ. ঘ
ব্যাখ্যা : কাজ + so that + ফলাফল/আশা কাজেই সঠিক উত্তর (ঘ) He is working hard so that he can shine in life.

৪৩. রানী ছবি আঁকে।
ক. Rani draw a picture. খ. Rani drew a picture.
গ. Rani is drawing a picture.
ঘ. Rani draws a picture. উ. ঘ
ব্যাখ্যা : 'রানী ছবি আঁকে'– বাক্যটি সাধারণ বর্তমানকাল তথা present Indefinite tense -কে নির্দেশ করে। 'রানী' 3rd person singular number হওয়ায় মূল verb-এর সাথে s যুক্ত হয়েছে। সুতরাং সঠিক উত্তর (ঘ) Rani draws a picture.

৪৪. লোকটি হাসতে হাসতে আমার কাছে আসলো।
ক. The man comes to me by laugh.
খ. The man came to me by laugh.
গ. The man came to me laughing.
ঘ. The man coming to me laugh উ. গ
ব্যাখ্যা : হাসতে হাসতে, কাঁদতে কাঁদতে, নাচতে নাচতে, গাইতে গাইতে- এইরূপ বোঝাতে verb + ing হয়। সুতরাং সঠিক উত্তর (গ) The man came to me laughing।

৪৫. সে কি গতকাল এসেছে?
ক. Did he come yesterday?
খ. Did he came yesterday?
গ. Had he come yesterday?
ঘ. Has he come yesterday? উ. ক
ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যেটি অতীতকালকে নির্দেশ করে। যেহেতু বাক্যটিতে, 'গতকাল' শব্দটি রয়েছে। যেহেতু Past Indefinite সেহেতু did + মূল verb এর base form বসবে। সুতরাং সঠিক উত্তর (ক) Did he come yesterday?

৪৬. অপমানের চেয়ে মৃত্যু শ্রেয়।
ক. Death is better than insult.
খ. Death is preferable to dishonour.
গ. Dishonour is preferable than death.
ঘ. Death is acceptable than dishonour. উ. খ
ব্যাখ্যা : চেয়ে... শ্রেয় বোঝাতে preferable to বসে। সুতরাং সঠিক উত্তর (খ) Death is preferable to dishonour.

৪৭. বাংলাদেশ একটি নদীবহুল দেশ।
ক. Bangladesh is a riverine country.
খ. Bangladesh is a country of river.
গ. Bangladesh is sorrounded by river.
ঘ. Bangladesh is situated by river. উ. ক
ব্যাখ্যা : Riverine - নদীবহুল। সুতরাং সঠিক উত্তর (ক) Bangladesh is a riverine country.

৪৮. আমার যদি পাখির মত ডানা থাকত।
ক. If would have the wings of a bird!
খ. Had I the wings of a bird?
গ. I wish that I would have the wings of a bird!
ঘ. If I could fly like a bird! উ.
ব্যাখ্যা : অবাস্তব বা অপূরণীয় ইচ্ছা প্রকাশ করতে subject এর had না বসে বাক্যের শুরুতে had বসে এবং একসাথে I had এর কাজ করে। সুতরাং সঠিক উত্তর (খ) Had I wings of a bird?

৪৯. মুষলধারে বৃষ্টি হচ্ছে।
ক. It is raining heavily. খ. It rains contionuously
গ. It is raining cats and dogs.
ঘ. It has been raining seriously. উ.
ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি Present continuous tense-এ নির্দেশ করছে। 'Cats and dogs' phrase টির অর্থ মুষলধারে সুতরাং সঠিক উত্তর (গ) It is raining cats and dogs.

৫০. সে সাঁতার কাটতে জানে না।
ক. He does not know how to swim.
খ. He does not know to swim.
গ. He donot knows how to swim.
ঘ. He cannot know to swim. উ.
ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত বাক্যটি Present continuous tense-এ নির্দেশ করছে। বাক্যটির subject 3rd person singular হওয়ায় 'dose' হবে মূল verb। বাক্যে 'know' verb এর পর সরাসরি Infinitive হয় না। এক্ষেত্রে know এর পর how to + verb এর base form বসে। সুতরাং সঠিক উত্তর (ক)

৫১. দুইটি সরলরেখা পরস্পর সমাপতিত হলে, সমাধান সংখ্যা কত হবে
ক. অসংখ্য খ. সমাধান নেই
গ. দুইটি ঘ. একটি উ.
ব্যাখ্যা : দুইটি সরলরেখা পরস্পর সমাপতিত হলে, এর সমাধান নেই।

৫২. ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র কোনটি?
ক. πr^2 খ. $\frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা
গ. ভূমি $\times$ উচ্চতা ঘ. $2\pi r^2$ উ.
ব্যাখ্যা : ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র : $\frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

৫৩. চিত্রে XY এবং WZ দুটো সমান্তরাল সরলরেখা, PQ তাদের ছেদক। সেক্ষেত্রে $\angle a + \angle b$ এর মান নিচের কোনটি?



ক. 90° খ. 120°
গ. 180° ঘ. 360° উ.

ব্যাখ্যা : দুইটি সমান্তরাল সরলরেখাকে অপর একটি সরলরেখা তির্যকভাবে ছেদ করলে ছেদকরেখার বিপরীত পার্শ্বে সমান্তরাল রেখা যে কোণ উৎপন্ন করে, তাদের একান্তর কোণ বলে। একান্তর কোণদ্বয় পরস্পর সমান হয় এবং একান্তর কোণদ্বয়ের সমষ্টি = ১৮০°। অতএব, $\angle a + \angle b$ এর যোগফল = ১৮০°।

৫৪. চিত্রে ΔABC এর দুই বাহুর দৈর্ঘ্য a এবং b। বাহু দুইটির অন্তর্ভুক্ত কোণ θ। সেক্ষেত্রে ΔABC এর ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র হবে–



ক. $\frac{1}{2}ab\sin\theta$ খ. $\frac{1}{2}ab\sin^2\theta$

গ. $ab\cos^0$ ঘ. $\frac{1}{2}ab\cos^2\theta$ **উ. ক**

ব্যাখ্যা : আমরা জানি, $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

বা, অতিভুজ × $\sin\theta$ = লম্ব

∴ লম্ব = $b\sin\theta$



আমরা জানি, ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি × উচ্চতা

$= \frac{1}{2} \times a \times b\sin\theta$

$= \frac{1}{2}ab\sin\theta$

৫৫. 10 মিটার প্রস্থবিশিষ্ট নদীর তীরে অবস্থিত একটি টাওয়ারের উচ্চতা $10\sqrt{3}$ মিটার হলে, অপর তীরে টাওয়ারের অবনতি কোণ কত ডিগ্রি?

ক. 90° খ. 60°

গ. 45° ঘ. 30° **উ. খ**

ব্যাখ্যা : মনে করি, ABC সমকোণী ত্রিভুজে, BC = 10 মিটার এবং উচ্চতা AB = $10\sqrt{3}$ মিটার।



আমরা জানি, $\tan\theta = \frac{10\sqrt{3}}{10}$

$\Rightarrow \tan\theta = \sqrt{3}$

$\Rightarrow \tan\theta = \tan 60°$ [যেহেতু, $\tan 60° = \sqrt{3}$]

$\therefore \theta = 60°$

৫৬. বৃত্তের একই চাপের ওপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ 60° হলে, বৃত্তস্থ কোণ কত?

ক. 60° খ. 30°

গ. 120° ঘ. 180° **উ. খ**

ব্যাখ্যা :



বৃত্তের সূত্র অনুযায়ী, বৃত্তের একই চাপের উপর দণ্ডায়মান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক। এখানে কেন্দ্রস্থ কোণ = 60° হওয়ায় বৃত্তস্থ কোণ হবে = 30°।

৫৭. বৃত্তের ব্যাসার্ধ 5 একক হলে, বৃত্তের ক্ষেত্রফল কত বর্গ একক?

ক. 5π খ. 10π

গ. 20π ঘ. 25π **উ. ঘ**

ব্যাখ্যা : আমরা জানি, বৃত্তের ব্যাস = 2r হলে, বৃত্তের ব্যাসার্ধ= r

এবং বৃত্তের ক্ষেত্রফল = πr^2

$= \pi(5)^2$ [যেহেতু, বৃত্তের ব্যাসার্ধ r = 5]

$= 25\pi$

৫৮. 50° এর পূরক কোণ কোনটি?

ক. 130° খ. 220°

গ. 40° ঘ. 310° **উ. গ**

ব্যাখ্যা : দুটি কোণের সমষ্টি = 90° হলে, তাদের একটিকে অপরটির পূরক কোণ বলে। অর্থাৎ, পূরক কোণের সমষ্টি = 90°

∴ 50° কোণের পূরক কোণ = (90 – 50)° = 40°

৫৯. সমকোণী ত্রিভুজের একটি কোণ 60° হলে অপর কোণটি কত?

ক. 30° খ. 120°

গ. 60° ঘ. 0° **উ. ক**

Job Navigator

ব্যাখ্যা : আমরা জানি, যেকোনো ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি $=180°$। আবার, সমকোণী ত্রিভুজের একটি কোণ = এক সমকোণ বা $90°$।

সুতরাং সমকোণী ত্রিভুজের অপর কোণটি $= 180° - (90° + 60°)$

$= 180° - 150° = 30°$

৬০. $\log_5\left(\sqrt{5}.\sqrt[3]{5}\right)$ এর মান কত?

ক. $\frac{5}{6}$ খ. $\frac{1}{3}$

গ. $\frac{1}{6}$ ঘ. 1 **উ. ক**

ব্যাখ্যা : $\log_5\left(\sqrt{5}.\sqrt[3]{5}\right)$

$= \log_5\left(5^{\frac{1}{2}}.5^{\frac{1}{3}}\right)$

$= \log_5\left(5^{\frac{1}{2}+\frac{1}{3}}\right)$

$= \log_5\left(5^{\frac{3+2}{6}}\right)$

$= \log_5 5^{\frac{5}{6}}$

$= \frac{5}{6}\log_5 5$

$= \frac{5}{6} \times 1 = \frac{5}{6}$

৬১. $9^{x+3} = 27^{x+1}$ হলে, x এর মান কত?

ক. 2 খ. –3

গ. 9 ঘ. 3 **উ. ঘ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $9^{x+3} = 27^{x+1}$

$\Rightarrow 3^{2(x+3)} = 3^{3(x+1)}$

$\Rightarrow 2(x + 3 = 3(x + 1)$

$\Rightarrow 2x + 6 = 3x + 3$

$\Rightarrow 2x - 3x = 3 - 6$

$\Rightarrow -x = -3$

$\therefore x = 3$

৬২. $(2^{-1} + 5^{-1})^{-1}$ এর মান কত?

ক. 7 খ. $\frac{10}{7}$

গ. 3 ঘ. $\frac{7}{10}$ **উ. খ**

ব্যাখ্যা : $(2^{-1} + 5^{-1})^{-1}$

$= \left(\frac{1}{2} + \frac{1}{5}\right)^{-1}$

$= \left(\frac{5+2}{10}\right)^{-1}$

$= \left(\frac{7}{10}\right)^{-1}$

$= \frac{1}{\frac{7}{10}}$

$= 1 \times \frac{10}{7} = \frac{10}{7}$

৬৩. $x^2 - y^2, (x + y)^2, x^3 + y^3$ এর গ. সা. গু কত?

ক. $x - y$ খ. $x + y$

গ. $(x^2 - y^2)(x^3 + y^3)$

ঘ. $(x - y)(x + y)^2(x^2 - xy + y^2)$ **উ. খ**

ব্যাখ্যা : দেওয়া আছে,

১ম রাশি, $x^2 - y^2 = (x + y)(x - y)$

২য় রাশি, $(x + y)^2 = (x + y)(x + y)$

৩য় রাশি, $x^3 + y^3 = (x + y)(x^2 - xy + y^2)$

সুতরাং, এদের গ. সা. গু. $= (x + y)$

৬৪. দুইটি সংখ্যার যোগফল 56। যদি সংখ্যা দুইটির অনুপাত 3 : 1 হয়, তবে সংখ্যা দুইটির গুণফল নিচের কোনটি হবে?

ক. 14 খ. 42

গ. 168 ঘ. 588 **উ. ঘ**

ব্যাখ্যা : মনে করি, একটি সংখ্যা $= 3x$

এতএব, অপর সংখ্যাটি $= x$

$\therefore$ প্রশ্নমতে, $3x + x = 56$

$\Rightarrow 4x = 56$

$\Rightarrow x = \frac{56}{4}$

$\therefore x = 14$

অতএব, একটি সংখ্যা $= 3 \times 14 = 42$

এবং অপর সংখ্যাটি $= 1 \times 14 = 14$

$\therefore$ সংখ্যা দুটির গুণফল হবে $= 42 \times 14 = 588$

৬৫. $1 + \frac{1}{3} + \frac{1}{9} + \ldots\ldots$ ধারাটির ১ম 5টি পদের সমষ্টি কত?

ক. $\frac{121}{81}$ খ. $\frac{119}{81}$

গ. $\frac{81}{121}$ ঘ. $-\frac{121}{81}$ **উ. ক**

Job NaVigator

ব্যাখ্যা : প্রশ্নে প্রদত্ত ধারাটি একটি গুণোত্তর ধারা; যার প্রথম পদ, a = 1 এবং সাধারণ অনুপাত, $q = \frac{1}{3} < 1$

$S_n = a.\frac{1-q^n}{1-q}$; $q < 1$

∴ প্রদত্ত গুণোত্তর ধারার 5টি পদের সমষ্টি,

$$s_5 = 1.\frac{1-\left(\frac{1}{3}\right)^5}{1-\frac{1}{3}} = \frac{1-\frac{1}{243}}{\frac{2}{3}}$$

$$= \frac{242}{243} \times \frac{3}{2} = \frac{121}{81}$$

৬৬. $a = \sqrt{3}+\sqrt{2}$ হলে, $a^3 + 3a + 3a^{-1} + a^{-3}$ এর মান কত?

ক. $8\sqrt{2}$ খ. $16\sqrt{2}$

গ. $18\sqrt{3}$ ঘ. $24\sqrt{3}$ **উ. ঘ**

ব্যাখ্যা : দেওয়া আছে, $a = \sqrt{3}+\sqrt{2}$

$$\Rightarrow \frac{1}{a} = \frac{1}{\sqrt{3}+\sqrt{2}}$$

$$\Rightarrow \frac{1}{a} = \frac{\sqrt{3}-\sqrt{2}}{(\sqrt{3}+\sqrt{2})(\sqrt{3}-\sqrt{2})}$$

$$\Rightarrow \frac{1}{a} = \frac{\sqrt{3}-\sqrt{2}}{(\sqrt{3})^2-(\sqrt{2})^2}$$

$$\Rightarrow \frac{1}{a} = \frac{\sqrt{3}-\sqrt{2}}{3-2}$$

$$\Rightarrow \frac{1}{a} = \frac{\sqrt{3}-\sqrt{2}}{1}$$

$$\therefore \frac{1}{a} = \sqrt{3}-\sqrt{2}$$

এখন, $a^3 + 3a + 3a^{-1} + a^{-3}$

$$= a^3 + \frac{1}{a^3} + 3a + \frac{3}{a}$$

$$= \left(a+\frac{1}{a}\right)^3 - 3.a.\frac{1}{a}\left(a+\frac{1}{a}\right) + 3\left(a+\frac{1}{a}\right)$$

$$= \left(a+\frac{1}{a}\right)^3 - 3\left(a+\frac{1}{a}\right) + 3\left(a+\frac{1}{a}\right)$$

$$= \left(a+\frac{1}{a}\right)^3$$

$$= \left(\sqrt{3}+\sqrt{2}+\sqrt{3}-\sqrt{2}\right)^3$$ [মান বসিয়ে]

$$= \left(2\sqrt{3}\right)^3$$

$$= 8.3\sqrt{3}$$

$$= 24\sqrt{3}$$

৬৭. $a^x = b$, $by = c$, $c^z = a$ হলে, নিচের কোন সম্পর্কটি সঠিক?

ক. $a = a^{\frac{x}{yz}}$ খ. $a = a^{\frac{y}{zx}}$

গ. $b = c^{\frac{x}{yz}}$ ঘ. $a = a^{xyz}$ **উ. ঘ**

ব্যাখ্যা : মনে করি, $a^x = b$

$$\Rightarrow \log a^x = \log b$$

$$\Rightarrow x\log a = \log b$$

$$\therefore x = \frac{\log b}{\log a}$$

একইভাবে, $y = \frac{\log c}{\log b}$

এবং $z = \frac{\log a}{\log c}$

$$\therefore xyz = \frac{\log b}{\log a} \times \frac{\log c}{\log b} \times \frac{\log a}{\log c}$$

$$\therefore xyz = 1$$

অতএব, দেখা যাচ্ছে যে, অপশনগুলোর মধ্যে কেবল (ঘ)-এ xyz এর মান বসালে সম্পর্কটি সঠিক হবে।

৬৮. $\sqrt{m}+\frac{1}{\sqrt{m}} = 2$ হলে, $\sqrt{m}-\frac{1}{\sqrt{m}}$ = কত?

ক. 0 খ. $\sqrt{2}$

গ. 2 ঘ. 4 **উ. ক**

ব্যাখ্যা : আমরা জানি,

$$\left(\sqrt{m}-\frac{1}{\sqrt{m}}\right)^2 = \left(\sqrt{m}+\frac{1}{\sqrt{m}}\right)^2 - 4.\sqrt{m}.\frac{1}{\sqrt{m}}$$

$$\Rightarrow \left(\sqrt{m}-\frac{1}{\sqrt{m}}\right)^2 = (2)^2 - 4$$ [মান বসিয়ে]

$$\Rightarrow \left(\sqrt{m}-\frac{1}{\sqrt{m}}\right)^2 = 4-4$$

$$\Rightarrow \left(\sqrt{m}-\frac{1}{\sqrt{m}}\right) = \sqrt{0}$$

$$\therefore \sqrt{m}-\frac{1}{\sqrt{m}} = 0$$

৬৯. মুনাফার হার ৮% হলে ৫০০ টাকার ৪ বছরের মুনাফা কত?

ক. ৪০ টাকা খ. ৩২ টাকা

গ. ১৬০ টাকা ঘ. ২০ টাকা **উ. গ**

Job Navigator

ব্যাখ্যা : ১০০ টাকার ১ বছরের মুনাফা = ৮ টাকা

$\therefore$ ১ টাকার ১ বছরের মুনাফা = $\frac{৮}{১০০}$ টাকা

$\therefore$ ৫০০ টাকার ১ বছরের মুনাফা = $\frac{৮ \times ৫০০}{১০০}$ টাকা

$\therefore$ ৫০০ টাকার ৪ বছরের মুনাফা = $\frac{৮ \times ৫০০ \times ৪}{১০০}$ টাকা

= ১৬০ টাকা

শর্টকাট সূত্র : I = pnr

৭০. ক্রয়মূল্য ৩৫০ টাকা হলে ১২% লাভে বিক্রয়মূল্য কত?

ক. ১১২ টাকা খ. ৩৬২ টাকা

গ. ৩৯২ টাকা ঘ. ৩৮৬ টাকা **উ. গ**

ব্যাখ্যা : ১২% লাভে বিক্রয়মূল্য (১০০ + ১২) টাকা = ১১২ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১১২ টাকা

" ১ " " " = $\frac{১১২}{১০০}$ "

" ৩৫০ " " " = $\frac{১১২ \times ৩৫০}{১০০}$ টাকা

= ৩৯২ টাকা

৭১. লাভ ক্ষতির হিসেবে–

i. লাভ বা ক্ষতি শতকরায় প্রকাশ করা যায়

ii. ২০০ টাকায় ১০% ক্ষতি হলে, ক্ষতির পরিমাণ ১০ টাকা

iii. ১০% লাভে ৫০০ টাকার পণ্যের বিক্রয়মূল্য ৫১০ টাকা

ওপরের তথ্যের আলোকে নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii

গ. iii ঘ. i, ii, iii **উ. ক**

ব্যাখ্যা : ওপরের তথ্যের আলোকে কেবল অপশন (i) সঠিক। অপশন (ii) ও (iii) ভুল। অপশনগুলোর শুদ্ধরূপ-

(ii) ২০০ টাকার ১০% = ২০ টাকা। অতএব, ২০০ টাকায় ১০% ক্ষতি হলে, ক্ষতির পরিমাণ ২০ টাকা।

(iii) ৫০০ এর ১০% = ৫০ টাকা। অতএব, ১০% লাভে ৫০০ টাকার পণ্যের বিক্রয়মূল্য ৫২০ টাকা।

৭২. ৭ জন লোক একদিনে একটি কাজের $\frac{১}{৭}$ অংশ করে। ৭ দিনে একজন লোক ঐ কাজের কত অংশ করতে পারবে?

ক. $\frac{১}{৪৯}$ অংশ খ. $\frac{১}{১৪}$ অংশ

গ. $\frac{১}{৭}$ অংশ ঘ. সম্পূর্ণ কাজ **উ. গ**

ব্যাখ্যা : ১ দিনে ৭ জন লোক করে $\frac{১}{৭}$ অংশ

$\therefore$ ১ " ১ " " " = $\frac{১}{৭ \times ৭}$ "

$\therefore$ ৭ " ১ " " " = $\frac{১ \times ৭}{৭ \times ৭}$ "

= $\frac{১}{৭}$ অংশ।

৭৩. ২৫ ঃ ৮১ দ্বিভাজিত অনুপাত কোনটি?

ক. ৮১ ঃ ২৫ খ. ৫ ঃ ৯

গ. $\frac{২৫}{১}$ ঃ $\frac{৮১}{১}$ ঘ. ৯ ঃ ৫ **উ. খ**

ব্যাখ্যা : ২৫ : ৮১ এর দ্বিভাজিত অনুপাত হল = $\sqrt{২৫} : \sqrt{৮১}$

= ৫ : ৯

৭৪. $\frac{১}{৪}, \frac{৩}{১৬}, \frac{৯}{২০}$ এর সাধারণ গুণিতক নিচের কোনটি?

ক. $\frac{১}{৪}$ খ. $\frac{৪}{৯}$

গ. $\frac{৯}{২০}$ ঘ. $\frac{৯}{৪}$ **উ. ঘ**

ব্যাখ্যা : লব ১, ৩, ৯ লবগুলোর ল. সা. গু. = ৯ এবং ৪, ১৬, ২০ হরগুলোর গ. সা. গু. = ৪

আমরা জানি, ভগ্নাংশের ল. সা. গু. = $\frac{\text{লবগুলোর ল. সা. গু.}}{\text{হরগুলোর গ. সা. গু.}}$

= $\frac{৯}{৪}$ (উত্তর)

৭৫. ১৫০ এর ১০% কত?

ক. ১.৫ খ. ১৫০

গ. ১০ ঘ. ১৫ **উ. ঘ**

ব্যাখ্যা : ১৫০ এর ১০%

= ১৫০ × $\frac{১০}{১০০}$ = ১৫ (উত্তর)

৭৬. বাংলার শেষ নবাব সিরাজ-উ-দ্দৌলা কোন যুদ্ধে পরাজিত হন?

ক. পলাশী যুদ্ধে খ. সিপাহি বিদ্রোহে

গ. বক্সারের যুদ্ধে ঘ. কর্ণাটকের যুদ্ধে **উ. ক**

ব্যাখ্যা : বাংলার শেষ স্বাধীন সিরাজ উদ-দৌলার সাথে ইংরেজদের যুদ্ধ হয় ১৭৫৭ সালের ২৩ জুন ভাগীরথী নদীর তীরে পলাশীর প্রান্তরে। পলাশীর যুদ্ধে সিরাজ উদদৌলার প্রধান সেনাপতি মীর জাফরের বিশ্বাসঘাতকায় সিরাজ উদ-দৌলা পরাজিত হন। তাকে হত্যা করেন মুহাম্মদী বেগ (মতান্তরে মীর জাফরের পুত্র মীরন)।

৭৭. বাংলাদেশে বাস নেই এমন উপজাতির নাম–

ক. মাওরি খ. সাঁওতাল

গ. মুরং ঘ. গারো **উ. ক**

ব্যাখ্যা : সাওতাল, গারো, মুরং বাংলাদেশের উপজাতি। আর মাউরি নিউজিল্যান্ডের একটি উপজাতি।

৭৮. Bkash কোন ব্যাংকের জয়েন্ট ভেঞ্চার হিসেবে কাজ করে?

ক. ব্র্যাক ব্যাংক খ. গ্রামীণ ব্যাংক

গ. জনতা ব্যাংক ঘ. ডাচ-বাংলা ব্যাংক **উ. ক**

ব্যাখ্যা : ডাচ বাংলা ব্যাংকের সহযোগী প্রতিষ্ঠান 'বকেট', ডাক বিভাগের সহযোগী প্রতিষ্ঠান 'নগদ', ব্র্যাক ব্যাংকের সহযোগী প্রতিষ্ঠান 'বিকাশ' ইত্যাদি বাংলাদেশে মোবাইল ব্যাংকিং সেবা প্রদান করে আসছে। বিকাশ সবচেয়ে জনপ্রিয় এবং বহুল ব্যবহৃত মোবাইল ব্যাংকিং সেবা।

৭৯. সবচেয়ে হালকা গ্যাস কোনটি?
ক. হাইড্রোজেন খ. হিলিয়াম
গ. নাইট্রোজেন ঘ. আর্গন উ. ক

ব্যাখ্যা : সবচেয়ে হালকা গ্যাস হাইড্রোজেন। সবচেয়ে ভারী গ্যাস রেডন। পারমাণবিক বোমা তৈরিতে হাইড্রোজেন গ্যাস ব্যবহৃত হয়। বৈদ্যুতিক বাল্বে নাইট্রোজেন গ্যাস ব্যবহৃত হয়। বেলুনে, উড়োজাহাজে এবং ডুবুরিরা ডাসার ক্ষেত্রে হিলিয়াম গ্যাস ব্যবহার করে।

৮০. সামাজিক যোগাযোগের মাধ্যম 'ফেসবুক' এর প্রতিষ্ঠাতা হচ্ছেন–
ক. বিল গেটস খ. টিম বার্নার্স লি
গ. মার্ক জুকারবার্গ ঘ. এন্ড্রি গ্রোভ উ. গ

ব্যাখ্যা : Mark Zuckerberg ২০০৪ সালে সামাজিক যোগাযোগ মাধ্যম Facebook প্রতিষ্ঠা করেন। বিল গেটস ও তার বন্ধু পল অ্যালেন ১৯৭৫ সালে মাইক্রোসফট প্রতিষ্ঠা করে। টিম বার্নস লি হলেন World Wide Web (WWW) এর জনক।

৮১. বাংলাদেশের কোন জেলার সাথে ভারত এবং মিয়ানমারের সীমান্ত রয়েছে?
ক. কক্সবাজার খ. কুড়িগ্রাম
গ. বান্দরবান ঘ. রাঙামাটি উ. ঘ

ব্যাখ্যা : ভারতের সাথে বাংলাদেশের ৩০টি এবং মিয়ানমারের সাথে বাংলাদেশের ৩টি জেলার সীমান্ত রয়েছে। রাঙামাটি জেলার সাথে ভারত ও মিয়ানমার উভয় দেশের সীমান্ত আছে। বাংলাদেশের মোট সীমান্তবর্তী জেলা ৩২টি।

৮২. কোন রক্ত গ্রুপকে সার্বিক গ্রহীতা বলে?
ক. A রক্ত গ্রুপকে খ. B রক্ত গ্রুপকে
গ. AB রক্ত গ্রুপকে ঘ. O রক্ত গ্রুপকে উ. গ

ব্যাখ্যা : মানুষের রক্তের গ্রুপ চারটি ঃ A, B, AB, O। এগুলোর মধ্যে O গ্রুপ হচ্ছে সর্বজনীন দাতা (Universal Donor) আর AB গ্রুপ হচ্ছে সর্বজনীন গ্রহীতা (Universal Receiver)। অর্থাৎ O গ্রুপধারী যেকোনো গ্রুপধারী ব্যক্তিকে রক্ত দিতে পারে আর AB গ্রুপধারী ব্যক্তি যেকোনো গ্রুপধারীর রক্ত গ্রহণ করতে পারে।

৮৩. ব্রহ্মপুত্রের প্রধান শাখা কোন নদী?
ক. পদ্মা খ. যমুনা
গ. সুরমা ঘ. মেঘনা উ. খ

ব্যাখ্যা : তিব্বতের হিমালয় পর্বতের কৈলাস শৃঙ্গের মানস সরোবর হ্রদ থেকে উৎপন্ন হয়ে ব্রহ্মপুত্র নদ কুড়িগ্রাম জেলা দিয়ে বাংলাদেশে প্রবেশ করে। ব্রহ্মপুত্র নদ (পূর্বনাম লৌহিত্য) এর প্রধান শাখা নদী যমুনা (পূর্বনাম জোনাই)। ব্রহ্মপুত্র নদীর পতিত মুখ যমুনা নদী (সেওয়ানগঞ্জ, জামালপুর)। ১৭৮৭ সালের ভূমিকম্পে ব্রহ্মপুত্রের দিক পরিবর্তিত হয়ে শাখা নদী যমুনার উৎপত্তি হয়।

৮৪. নাইট্রোজেন গ্যাস থেকে কোন সার প্রস্তুত করা হয়?
ক. টিএসপি খ. সবুজ সার
গ. পটাশ ঘ. ইউরিয়া উ. ঘ

ব্যাখ্যা : ইউরিয়া বহুল ব্যবহৃত নাইট্রোজেন সংবলিত একটি রাসায়নিক সার। এ সারে নাইট্রোজেনের পরিমাণ প্রায় ৪৬%। নাইট্রোজেনের অভাবে গাছের পাতা হলদে হয়ে যায়।

৮৫. বায়ুমণ্ডলে অক্সিজেনের পরিমাণ কত?
ক. ২০.০১% খ. ২১.০১%
গ. ২০.৭১% ঘ. ২১.৭১% উ. গ

ব্যাখ্যা : বায়ুমণ্ডলের প্রধান উপাদান নাইট্রোজেন (N_2)। নাইট্রোজেন ৭৮.০২%, অক্সিজেন (O_2) = ২০.৭১%; কার্বন ডাই অক্সাইড (Co_2) ০.০৩%; ওজোন (O_3) = ০.০০০১%।

৮৬. বাংলাদেশের বর্তমান রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ এডভোকেট কততম রাষ্ট্রপতি?
ক. ১৬তম খ. ১৭তম
গ. ২০তম ঘ. ১৯তম উ. *

ব্যাখ্যা : এডভোকেট মোঃ আব্দুল হামিদ ২০১৩ সালে ২০তম মহামান্য রাষ্ট্রপতি হিসেবে নিয়োগ পান। ২০১৮ সালে ২১ তম হিসেবে টানা দ্বিতীয়বারের মতো রাষ্ট্রপতির দায়িত্ব নেন। বাংলাদেশের বর্তমান রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন ২২তম রাষ্ট্রপতি। তিনি ২০২৩ সালে দায়িত্বগ্রহণ করেন।

৮৭. দেশে বর্তমানে মোট উপজেলার সংখ্যা কয়টি?
ক. ৪৮৭টি খ. ৪৫৬টি
গ. ৪৭১টি ঘ. ৪৬৫টি উ. *

ব্যাখ্যা : বাংলাদেশে ৮টি বিভাগের অন্তর্গত ৬৪টি জেলায় মোট ৪৯৫টি উপজেলা রয়েছে। সর্বশেষ উপজেলা শায়েস্তাগঞ্জ (হবিগঞ্জ)। এটি আয়তনে বাংলাদেশের ক্ষুদ্রতম উপজেলা। বাংলাদেশে প্রথম উপজেলা ব্যবস্থা চালু হয় ১৯৮৩ সালে এবং প্রথম উপজেলা নির্বাচন হয় ১৯৮৫ সালে।

৮৮. পঞ্চম টি-২০ বিশ্বকাপ ক্রিকেটে মোট কয়টি দেশ অংশ নিয়েছে?
ক. ২০টি খ. ১৬টি
গ. ১৪টি ঘ. ১২টি উ. খ

ব্যাখ্যা : প্রথম টি-২০ বিশ্বকাপ ক্রিকেট অনুষ্ঠিত হয় ২০০৭ সালে দক্ষিণ আফ্রিকায়। ২০২২ সালে ৮ম টি-২০ বিশ্বকাপ ক্রিকেট (পুরুষ) অনুষ্ঠিত হয় অস্ট্রেলিয়ায়। চ্যাম্পিয়ন- ইংল্যান্ড এবং রানার্স-আপ হয়- পাকিস্তান। ২০২২ সালের ৮ম টি-২০ বিশ্বকাপ ক্রিকেটে অংশগ্রহণ করে ১৬টি দেশ।

৮৯. চট্টগ্রামের নাম 'ইসলামবাদ' কে রাখেন?
ক. ইসলাম খান খ. শায়েস্তা খান
গ. ঈশা খাঁ ঘ. মীর জুমলা উ. খ

ব্যাখ্যা : মুঘল সম্রাট আওরঙ্গজেবের আমলে বাংলার সুবাদার শায়েস্তা খান চট্টগ্রাম দখল করেন এবং চট্টগ্রামের নাম রাখেন 'ইসলামাবাদ'। ঢাকার নাম 'জাহাঙ্গীরনগর' রাখেন সম্রাট জাহাঙ্গীরের সুবাদার ইসলাম খান। বাংলার নাম 'জান্নাতাবাদ' রাখেন মুঘল সম্রাট হুমায়ুন।

৯০. কত সালে হিন্দুসমাজে বিধবা বিবাহ প্রথা আইন চালু হয়?
ক. ১৭৫৬ খ. ১৮৫৬ গ. ১৮৮৫ ঘ. ১৮৯৫ উ. খ
ব্যাখ্যা : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সর্বাত্মক প্রচেষ্টায় লর্ড ডালহৌসি ১৮৫৬ সালে 'বিধবা বিবাহ আইন' পাস করেন। এর মাধ্যমে হিন্দু সমাজে বিধবারা পুনরায় বিবাহের সুযোগ পান। ১৮২৯ সালে সতীদাহ প্রথা উচ্ছেদ আইন পাস করেন লর্ড বেন্টিঙ্ক, রাজা রামমোহন রায়ের প্রচেষ্টায়।

৯১. জাতীয় স্মৃতিসৌধে কয়টি ফলক আছে?
ক. ৫টি খ. ৬টি গ. ৭টি ঘ. ৯টি উ. গ
ব্যাখ্যা : ঢাকার সাভারের নবীনগরে অবস্থিত জাতীয় স্মৃতিসৌধ (অন্যনাম- সম্মিলিত প্রয়াস) এ ৭টি ফলক রয়েছে। ৭টি ফলক স্বাধীনতা সংগ্রামের ৭টি ঐতিহাসিক ঘটনা বা পর্যায় নির্দেশ করে : ১৯৫২ = ভাষা আন্দোলন, ১৯৫৪ = যুক্তফ্রন্ট নির্বাচন, ১৯৫৬ = শাসনতন্ত্র আন্দোলন, ১৯৬২ = শিক্ষা আন্দোলন, ১৯৬৬ = ৬ দফা, ১৯৬৯ = গণ-অভ্যুত্থান এবং ১৯৭১ = মহান মুক্তিযুদ্ধ। এটির উচ্চতা ১৫০ ফুট বা ৪৫.৭২ মিটার।

৯২. বাংলাদেশের বিজ্ঞান জাদুঘর কোথায় অবস্থিত?
ক. ঢাকার শাহবাগে খ. ঢাকার আগারগাঁয়ে
গ. সোনারগাঁয়ে ঘ. ঢাকার ইসলামপুরে উ. খ
ব্যাখ্যা : বাংলাদেশের বিজ্ঞান জাদুঘর, বর্তমান নাম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকার আগারগাঁও এলাকায় অবস্থিত। লোকশিল্প জাদুঘর সোনারগাঁও, জাতীয় জাদুঘর ঢাকার শাহবাগে, আহসান মঞ্জিল জাদুঘর ঢাকার ইসলামপুরে অবস্থিত। মুক্তিযুদ্ধ জাদুঘর আগারগাঁও-এ অবস্থিত।

৯৩. সূর্য কিরণ থেকে কোন ভিটামিন পাওয়া যায়?
ক. ভিটামিন 'এ' খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'ই' ঘ. ভিটামিন 'ডি' উ. ঘ
ব্যাখ্যা : ভিটামিন ডি এর অন্যতম উৎস সূর্য সূর্যের অতিবেগুনি রশ্মি; যা ত্বকে ভিটামিন ডি তৈরিতে সাহায্য করে। মাছের তেল, ভোজ্য তেল, ডিমের কুসুম, দুধ ও দুগ্ধজাত খাদ্যে প্রচুর ভিটামিন ডি পাওয়া যায়। দাঁত ও হাড় গঠনে ভিটামিন ডি প্রয়োজন। এর অভাবে শিশুদের রিকেটস এবং বয়স্কদের অস্টিওম্যালেসিয়া রোগ হয়।

৯৪. বাংলাদেশের বৃহত্তম তাপ বিদ্যুৎকেন্দ্র অবস্থিত–
ক. ভেড়ামারা খ. আশুগঞ্জ
গ. সিদ্ধিরগঞ্জ ঘ. গোয়ালপাড়া উ. ক
ব্যাখ্যা : বাংলাদেশের বৃহত্তম তাপ বিদ্যুৎ কেন্দ্র কুষ্টিয়ার ভেড়ামারায় অবস্থিত। বাংলাদেশের পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র পাবনার ঈশ্বরদীতে, কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র বাগেরহাটের রামপালে, একমাত্র জলবিদ্যুৎ কেন্দ্র রাঙামাটির কাপ্তাই-এ অবস্থিত।

৯৫. কিসের সাহায্যে সমুদ্রের গভীরতা নির্ণয় করা হয়?
ক. প্রতিফলন খ. প্রতিধ্বনি
গ. প্রতিসরণ ঘ. প্রতিসরাংক উ. খ
ব্যাখ্যা : শব্দের প্রতিধ্বনির সাহায্যে সমুদ্র ও কুয়ার গভীরতা নির্ণয় করা যায়। সমুদ্রের গভীরতা নির্ণায়ক যন্ত্র হল ফ্যাদোমিটার।

৯৬. বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্যে নোবেল পান কোন সালে?
ক. ১৯১৩ খ. ১৯১২
গ. ১৯১১ ঘ. ১৯৩১ উ. ক
ব্যাখ্যা : বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর প্রথম এশীয়, প্রথম উপমহাদেশীয়, প্রথম বাঙালি হিসেবে ১৯১৩ সালে নোবেল পুরস্কার পান। তাঁর গীতাঞ্জলি (Song Offerings) কাব্যের জন্য সাহিত্যে নোবেল পান। তিনিই সাহিত্যে নোবেল জয়ী প্রথম অ-ইউরোপীয়। ২০০৪ সালে শান্তিনিকেতন থেকে তার নোবেল পুরস্কার চুরি হয়ে যায়। গীতাঞ্জলি এবং এর অনুবাদ 'The Song Offerings' প্রকাশিত হয় যথাক্রমে ১৯১০ এবং ১৯১২ সালে। গীতাঞ্জলি কাব্যটি ইংরেজিতে অনুবাদ করে ডব্লিও বি ইয়েটস।

৯৭. পতেঙ্গা সমুদ্র সৈকত কোন জেলায় অবস্থিত?
ক. কক্সবাজার খ. চট্টগ্রাম
গ. বরিশাল ঘ. ফেনী উ. খ
ব্যাখ্যা : পতেঙ্গা সমুদ্র সৈকত, পারকী সমুদ্র সৈকত চট্টগ্রামে অবস্থিত। কুয়াকটা সমুদ্র সৈকত পটুয়াখালীতে অবস্থিত। একে বলা হয় 'সাগরকন্যা' (আয়তন ১৮ কি.মি)। বিশ্বের দীর্ঘতম প্রাকৃতিক সমুদ্র সৈকত 'কক্সবাজার সমুদ্র সৈকত' (১২০ কি.মি.)।

৯৮. সূর্য উদয়ের দেশ কোনটি?
ক. চীন খ. জাপান
গ. থাইল্যান্ড ঘ. ইন্দোনেশিয়া উ. খ
ব্যাখ্যা : সূর্য উদয়ের দেশ- জাপান; মহাপ্রাচীরের দেশ- চীন, মুক্তভূমি থাইল্যান্ড, হাজার দ্বীপের দেশ- ইন্দোনেশিয়া।

৯৯. ১৯৫২ সাল বাংলাদেশের ইতিহাসে যে জন্য বিখ্যাত–
ক. মুক্তিযুদ্ধ খ. ভাষা আন্দোলন
গ. গণঅভ্যুত্থান ঘ. আগরতলা ষড়যন্ত্র মামলা উ. খ
ব্যাখ্যা : ১৯৫২ সালে ভাষা আন্দোলন হয়। ভাষা আন্দোলনকে বলা যায় আমাদের স্বাধীনতার প্রথম সোপান। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি (বাংলা ৮ ফাল্গুন ১৩৫৮) ছিল বৃহস্পতিবার। ভাষা আন্দোলনের ফলে বাঙালি জাতীয়তাবাদের বিকাশ ঘটে।

১০০. বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়–
ক. ৫ জুন খ. ৫ জুলাই
গ. ৫ আগস্ট ঘ. ৫ মার্চ উ. ক
ব্যাখ্যা : 'বিশ্ব পরিবেশ দিবস' ৫ জুন। দিবসটি প্রথম পালিত হয় ১৯৭৪ সালে।

*[*বি.দ্র. ২০০৫ সালে প্রথম যখন NTRCA কর্তৃক 'বেসরকারি শিক্ষক নিবন্ধন' পরীক্ষা পদ্ধতি চালু করে, তখন কেবল 'কলেজ পর্যায়' ও 'স্কুল পর্যায়' নিবন্ধন পরীক্ষা বিদ্যমান ছিল। 'স্কুল পর্যায়-২' নিবন্ধন পরীক্ষার অন্তর্ভুক্ত ছিল না। ২০১৪ সালে ১০ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা থেকে 'স্কুল পর্যায়-২' অন্তর্ভুক্ত করা হয়]*

বাংলা

NTRCA সিলেবাসভুক্ত অধ্যায়সমূহ

১. ভাষারীতি ও বিরাম চিহ্নের ব্যবহার [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 340
২. বাগধারা ও বাগবিধি [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 367
৩. ভুল সংশোধন বা শুদ্ধকরণ [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 377
৪. যথার্থ অনুবাদ ও শিরোনাম [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 391
৫. সন্ধি বিচ্ছেদ [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 393
৬. কারক বিভক্তি [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 401
৭. সমাস ও প্রত্যয় বিন্যাস [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 410
৮. সমার্থক ও বিপরীতার্থক শব্দ [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 424
৯. বাক্য সংকোচন [*স্কুল ও স্কুল পর্যায়-২] 436
১০. লিঙ্গ পরিবর্তন [*স্কুল ও স্কুল পর্যায়-২] 446

Job Navigator

১. ভাষারীতি ও বিরাম চিহ্নের ব্যবহার [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

(ক) ভাষারীতি

কলেজ পর্যায়

ক. ভাষারীতি

১. বাংলা ভাষার মূল উৎস কী? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. হিন্দি ভাষা খ. বৈদিক ভাষা
গ. উড়িয়া ঘ. অনার্য ভাষা **উ. খ**

২. বাংলা ভাষা ও সাহিত্যের মধ্যযুগের প্রথম নিদর্শন কোনটি? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. মধুমালতী খ. সিকান্দারনামা
গ. শ্রীকৃষ্ণকীর্তন ঘ. বৈষ্ণব পদাবলি **উ. গ**

৩. সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. অব্যয় খ. সম্বোধন পদ
গ. সর্বনাম ঘ. ক্রিয়া **উ. ক**

৪. ভাষার কোন রীতি তৎসম শব্দবহুল? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. সাধুরীতি খ. চলিতরীতি
গ. কথ্যরীতি ঘ. লেখ্যরীতি **উ. ক**

৫. প্রমথ চৌধুরী সম্পাদিত পত্রিকার নাম– *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. তত্ত্ববোধিনী খ. সবুজপত্র
গ. কল্লোল ঘ. ধূমকেতু **উ. খ**

৬. 'কলম' শব্দটি কোন ভাষা থেকে গৃহীত? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. সংস্কৃত খ. আরবি
গ. ফারসি ঘ. তুর্কি **উ. খ**

৭. পাউরুটি কোন ভাষার শব্দ? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. পাঞ্জাবি খ. ফরাসি
গ. গুজরাটি ঘ. পর্তুগিজ **উ. ঘ**

৮. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. রূপতত্ত্বে খ. বাক্যতত্ত্বে
গ. অর্থতত্ত্বে ঘ. ধ্বনিতত্ত্বে **উ. ঘ**

৯. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. রূপতত্ত্বে খ. বাক্যতত্ত্বে
গ. অর্থতত্ত্বে ঘ. ধ্বনিতত্ত্বে **উ. ঘ**

১০. Edition শব্দের অর্থ– *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. সংস্করণ খ. সম্পাদক
গ. সম্পাদকীয় ঘ. অনুসন্ধান **উ. ক**

১১. 'পোস্টাল কোড' কী নির্দেশ করে? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. প্রাপকের এলাকা খ. ডাকবিভাগের নাম
গ. পোস্ট অফিসের নাম ঘ. প্রেরকের এলাকা **উ. ক**

১২. 'বাংলা ভাষার ইতিবৃত্ত' গ্রন্থের রচয়িতা কে? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. মুহম্মদ শহীদুল্লাহ খ. দীনেশচন্দ্র সেন
গ. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ঘ. সুকুমার সেন **উ. ক**

১৩. 'সংবাদ প্রভাকর' পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক কে ছিলেন? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. কাজী নজরুল ইসলাম খ. ঈশ্বরচন্দ্র গুপ্ত
গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. প্রমথ চৌধুরী **উ. খ**

১৪. 'ইউসুফ জোলেখা' কী জাতীয় রচনা? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. নাটক খ. উপন্যাস
গ. রোমান্টিক প্রণয় কাব্য ঘ. রম্যরচনা **উ. গ**

১৫. কায়কোবাদের প্রকৃত নাম কী? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. কাজেম আল কোরেশী খ. আবু নাসের কায়কোবাদ
গ. কায়কোবাদ ইসলাম ঘ. আবুল হোসেন কায়কোবাদ **উ. ক**

১৬. "উষ্ণ' শব্দের যুক্তাক্ষরটি কোন কোন বর্ণের সমন্বয়ে গঠিত? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. ষ্ + ন খ. ষ্ +ণ
গ. ষ্ +ঞ ঘ. ষ্ +ঙ **উ. খ**

১৭. কোনটি ফারসি শব্দ? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. চাবি খ. চাকর
গ. চাহিদা ঘ. চশমা **উ. ঘ**

১৮. কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. বড় দাদা > বড়দা খ. কিছু > কিচ্ছু
গ. পিশাচ > পিচাশ ঘ. মুক্তা > মুকুতা **উ. গ**

১৯. যোগরূঢ় শব্দ কোনটি? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. বাঁশি খ. তৈল
গ. পঙ্কজ ঘ. চিকামারা **উ. গ**

২০. "রাজায় রাজায় লড়াই করছে"–এ বাক্যে 'রাজায় রাজায়' কী? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. প্রয়োজক কর্তা খ. মুখ্য কর্তা
গ. ব্যতিহার কর্তা ঘ. ণিজন্ত কর্তা **উ. গ**

২১. প্রাকৃত শব্দের ভাষাগত অর্থ– *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. মূর্খদের ভাষা খ. পণ্ডিতদের ভাষা
গ. জনগণের ভাষা ঘ. লেখকদের ভাষা **উ. গ**

২২. গৌড়ীয় বাংলা ব্যাকরণ রচনা করেছেন– *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. রামরাম বসু
গ. রামনারায়ণ তর্করত্ন ঘ. রাজা রামমোহন রায় **উ. ঘ**

২৩. ব্রজবুলিতে কোন কবি পদাবলি রচনা করেন? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. চণ্ডীদাস খ. জ্ঞানদাস
গ. বিদ্যাপতি ঘ. গোবিন্দদাস **উ. গ**

২৪. রত্ন>রতন হওয়ার সন্ধি সূত্র– *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. স্বরভক্তি খ. স্বরসঙ্গতি
গ. অভিশ্রুতি ঘ. অপিনিহিতি **উ. ক**

২৫. 'লালসালু' উপন্যাসের রচনাকাল কোনটি? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. ১৯৪৩ খ. ১৯৪৮
গ. ১৯৫২ ঘ. ১৯৭০ **উ. খ**

২৬. 'টপ্পা' কী? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. এক ধরনের গান খ. নাচের মুদ্রা
গ. বাদ্যযন্ত্র ঘ. বিশেষ ধরনের খেলা **উ. ক**

২৭. নিচের কোনটি জীবনানন্দ দাশের প্রবন্ধ গ্রন্থ? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. ধূসর পাণ্ডুলিপি খ. কবিতার কথা
গ. ঝরা পালক ঘ. দুর্দিনের যাত্রী **উ. খ**

২৮. সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়– *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. অব্যয় পদ খ. সম্বোধন পদ
গ. সর্বনাম পদ ঘ. ক্রিয়াপদ **উ. ক**

২৯. 'ঙ' ধ্বনিটির সঠিক উচ্চারণ হলো– *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. উম্য খ. উম্যো
গ. ইয়ো ঘ. উয়ো **উ. ঘ**

৩০. 'সুন্দর মানুষকে নিজের দিকে টানে'– বাক্যটিতে 'সুন্দর' শব্দটি কোন পদ? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. বিশেষ্য খ. বিশেষণ
গ. সর্বনাম ঘ. অব্যয় **উ. ক**

৩১. মৌলিক শব্দ কোনটি? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. শ্রবণ খ. পাঠক
গ. পরিষ্কার ঘ. কালো **উ. ঘ**

৩২. 'Epicurism'-এর যথার্থ পরিভাষা– *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. নিয়তিবাদ খ. অস্তিত্ববাদ
গ. ভোগবাদ ঘ. পরিবেশবাদ **উ. গ**

৩৩. 'বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ' গ্রন্থের রচয়িতার নাম– *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. বিদ্যাপতি
গ. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ঘ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় **উ. গ**

৩৪. বাংলা সাহিত্যে চতুর্দশপদী কবিতা বা সনেটের প্রবর্তক কে? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. প্যারীচাঁদ মিত্র খ. মোহিতলাল মজুমদার
গ. বিহারীলাল চক্রবর্তী ঘ. মাইকেল মধুসূদন দত্ত **উ. ঘ**

৩৫. 'চর্যাপদ' আবিষ্কৃত হয় কত সালে? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. ১৯০৯ খ. ১৭৯৮
গ. ১৯০৭ ঘ. ১৭০৯ **উ. গ**

৩৬. 'পায়ের আওয়াজ পাওয়া যায়'– কি ধরনের রচনা? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. ছোটগল্প খ. কাব্যনাটক
গ. উপন্যাস ঘ. পত্রোপন্যাস **উ. খ**

৩৭. বাংলা গদ্যের জনক বলা হয় কাকে? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. প্যারীচাঁদ মিত্র
ঘ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় **উ. ক**

৩৮. 'ধূমকেতু' পত্রিকার সম্পাদক কে ছিলেন? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. বুদ্ধদেব বসু খ. শামসুর রাহমান
গ. কাজী নজরুল ইসলাম ঘ. শওকত ওসমান **উ. গ**

৩৯. কোনটি তৎসম শব্দ? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. কিংবদন্তী খ. হাতি
গ. চাঁদ ঘ. তেঁতুল **উ. ক**

৪০. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কি বলে? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. ফলা খ. কার
গ. ধ্বনি ঘ. অক্ষর **উ. খ**

৪১. 'ক্রিয়ারকাল ও পুরুষ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. ধ্বনিতত্ত্বে খ. রূপতত্ত্বে
গ. বাক্যতত্ত্বে ঘ. অর্থতত্ত্বে **উ. খ**

৪২. শরীর > শরীল– শব্দটিতে ধ্বনি পরিবর্তনের কোন ধরনের নিয়ম প্রযোজ্য? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. সমীভবন খ. বিষমীভবন
গ. অসমীভবন ঘ. ধ্বনিবিপর্যয় **উ. খ**

৪৩. প্রথম বাঙলা ভাষার ব্যাকরণ কে লেখেন? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. রামমোহন রায় খ. ন্যাথানিয়েল ব্রাসি হ্যালহেড
গ. উইলিয়াম কেরী ঘ. সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উ. খ**

৪৪. বাংলা ভাষায় সংস্কৃত উপসর্গ কয়টি? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. ২২টি খ. ২১টি
গ. ২০টি ঘ. ২৩টি **উ. গ**

৪৫. উৎপত্তি অনুসারে বাংলাভাষার শব্দসমূহে কয় ভাগে ভাগ করা হয়েছে? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. ৪ ভাগে খ. ৩ ভাগে
গ. ৫ ভাগে ঘ. ৬ ভাগে **উ. গ**

৪৬. 'ইংরেজি' শব্দটি কোন ভাষা থেকে নেয়া হয়েছে? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. গ্রিক খ. তুর্কী
গ. ফারসি ঘ. পর্তুগিজ **উ. ঘ**

৪৭. বাংলা ভাষা কোন ভাষা থেকে এসেছে? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. সংস্কৃত খ. গৌড়ীয় প্রাকৃত
গ. হিন্দি ঘ. আসামি **উ. খ**

৪৮. কোনটি মৌলিক স্বরধ্বনি? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. ঔ খ. ঈ
গ. ঐ ঘ. এ **উ. ঘ**

৪৯. বাংলা ভাষারীতির কয়টি রূপ? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. দুইটি খ. তিনটি
গ. পাঁচটি ঘ. চারটি **উ. ক**

৫০. নিচের কোনটি যোগরূঢ় শব্দ? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. পঙ্কজ খ. তৈল
গ. মধুর ঘ. নবাবী **উ. ক**

৫১. 'অদ্য' শব্দটি কোন ভাষারীতির উদাহরণ? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. চলিত খ. সাধু
গ. প্রাকৃত ঘ. কোল **উ. খ**

৫২. কোনটি ওষ্ঠ্য ধ্বনি? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. ম খ. ঙ
গ. চ ঘ. র উ. ক

৫৩. কোনগুলো দন্ত্যধ্বনি? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. ক খ গ ঘ খ. প ফ ব ভ
গ. ত থ দ ধ ঘ. ট ঠ ড ঢ উ. গ

৫৪. কোনটি দেশি শব্দ? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬
ক. রিকশা খ. চা
গ. কিতাব ঘ. কুলা উ. ঘ

৫৫. কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. শরীর > শরীল খ. হংস > হাঁস
গ. লাফ > ফাল ঘ. দুর্গা > দুগ্‌গা উ. গ

৫৬. বাংলা ব্যাকরণের ধ্বনিতত্ত্ব অংশে কোন বিষয়টি আলোচনা করা হয়? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. সন্ধি খ. সমাস
গ. কারক ঘ. প্রত্যয় উ. ক

৫৭. বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম শাখা কোনটি? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. ছোটগল্প খ. নাটক
গ. কাব্য ঘ. উপন্যাস উ. গ

৫৮. সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র সম্পাদিত পত্রিকার নাম কি? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. গ্রামবার্তা খ. বঙ্গদর্শন
গ. মাসিক পত্রিকা ঘ. সংবাদ প্রভাকর উ. খ

৫৯. ব্যুৎপত্তিগতভাবে ব্যাকরণ শব্দের অর্থ হলো- [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. বিশেষভাবে সংশোধন খ. বিশেষভাবে পরিমার্জন
গ. বিশেষভাবে বিশ্লেষণ ঘ. বিশেষভাবে সংশ্লেষণ উ. গ

৬০. বাগযন্ত্রের অংশ নয়- [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. দাঁত খ. তালু
গ. কান ঘ. নাক উ. গ

৬১. ক্রিয়া, সর্বনাম ও অনুসর্গের পূর্ণরূপ ব্যবহৃত হয়- [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. চলিত ভাষারীতিতে খ. সাধু ভাষারীতিতে
গ. সমাজ উপভাষায় ঘ. আঞ্চলিক উপভাষায় উ. খ

৬২. 'গিন্নি' কোন শব্দ? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. তৎসম খ. অর্ধ-তৎসম
গ. তদ্ভব ঘ. বিদেশি উ. খ

৬৩. 'Justification for' এর সঠিক অনুবাদ কোনটি [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. সমর্থন খ. বিচার
গ. মন্তব্য ঘ. তর্ক উ. ক

৬৪. ভাষার মূল উপকরণ কী? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. বাক্য খ. ধ্বনি
গ. শব্দ ঘ. বর্ণ উ. ক

৬৫. জুতো শব্দটি কোন ভাষারীতির? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. সাধু খ. চলিত
গ. প্রাকৃত ঘ. কোল উ. খ

৬৬. কোনটি দন্ত্য ধ্বনি? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ণ খ. প
গ. ত ঘ. চ উ. গ

৬৭. বাংলা সাহিত্যে ভোরের পাখি কে? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. স্বর্ণকুমারী দেবী
গ. বিহারীলাল চক্রবর্তী ঘ. ঈশ্বরচন্দ্র গুপ্ত উ. গ

৬৮. মীর মশাররফ হোসেনের ছদ্মনাম কী? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. বনফুল খ. গাজীমিয়া
গ. ভ্রমর ঘ. জরাসন্ধ উ. খ

৬৯. সুহৃদ কী ধরনের শব্দ [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. মৌলিক খ. রূঢ়ী
গ. যোগরূঢ় ঘ. যৌগিক উ. খ

৭০. তিনি সৎ কিন্তু কৃপণ-বাক্যটি- [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. সরল বাক্য খ. যৌগিক বাক্য
গ. মিশ্র বাক্য ঘ. বিস্ময়বোধক বাক্য উ. খ

৭১. কোনটি জীবনানন্দ দাশের কাব্য নয়? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ঝরা পালক খ. সাতটি তারার তিমির
গ. অর্কেস্ট্রা ঘ. মহাপৃথিবী উ. গ

৭২. 'ফুড কনফারেন্স'-এর রচয়িতা কে? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. মীর মশাররফ হোসেন খ. কাজী নজরুল ইসলাম
গ. ড. মুহাম্মদ শহীদুল্লাহ ঘ. আবুল মনসুর আহমেদ উ. খ

৭৩. কালি ও কলম কী? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. উপন্যাস খ. কাব্যগ্রন্থ
গ. পত্রিকা ঘ. প্রবন্ধ উ. গ

৭৪. বাংলা সাহিত্যের আধুনিকতম শাখা কোনটি? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. কাব্য খ. ছোটগল্প
গ. নাটক ঘ. উপন্যাস উ. খ

৭৫. বাংলা উপসর্গ সংখ্যা কত? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. বিশটি খ. একুশটি
গ. বাইশটি ঘ. তেইশটি উ. খ

৭৬. ব্যক্তিগত পত্রে কতটি অংশ থাকে? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. চার খ. পাঁচ
গ. ছয় ঘ. সাত উ. গ

৭৭. কাজী নজরুল ইসলাম সম্পাদিত পত্রিকা কোনটি? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ধূমকেতু খ. সবুজপত্র
গ. ভারতী ঘ. সওগাত উ. ক

৭৮. বাংলা গদ্যের জনক কে? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. বিহারীলাল চক্রবর্তী উ. গ

৭৯. কণ্ঠ্য থেকে উচ্চারিত ধ্বনি- [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ক খ. ঙ
গ. হ ঘ. ঝ উ. ক

৮০. ভারতবর্ষে মুসলিম শাসনামলে রাজভাষা ছিল- [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. বাংলা খ. সংস্কৃত
গ. আরবি ঘ. ফারসি উ. ঘ

Job Navigator

৮১. ড. মুহম্মদ শহীদুল্লাহ মতে বাংলা ভাষার উদ্ভব- *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. সংস্কৃত থেকে খ. গৌড়ীয় প্রাকৃত থেকে
গ. মাগধী প্রাকৃত থেকে ঘ. মৈথিলী থেকে **উ. খ**

৮২. কোনটি চলিত ভাষার বৈশিষ্ট্য? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. গাম্ভীর্য খ. প্রমিত উচ্চারণ
গ. তৎসম শব্দের বহুল ব্যবহার
ঘ. ব্যাকরণ অনুসরণ করে চলে **উ. খ**

৮৩. 'ইউনেস্কো' কত সালে ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. ১৯৯৮ খ. ১৯৯৯
গ. ২০০০ ঘ. ২০০৫ **উ. খ**

৮৪. চলিত ভাষার আদর্শরূপে গৃহীত ভাষাকে বলা হয়- *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. সাধু ভাষা খ. প্রমিত ভাষা
গ. আঞ্চলিক ভাষা ঘ. উপভাষা **উ. খ**

৮৫. 'এইরূপ সাদৃশ্য অনেক চক্ষে পড়িবে'। -এর চলিতরূপ লিখুন। *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. এইরূপ সাদৃশ্য অনেকগুলো চোখে পড়বে
খ. এরকম সাদৃশ্য অনেক চোখে পড়বে
গ. এরকম সাদৃশ্য অনেকগুলি চোখে পড়বে
ঘ. এ রকম সাদৃশ্য অনেকগুলো চক্ষে পড়বে **উ. খ**

৮৬. চলিত ভাষার বৈশিষ্ট্য নয়- *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. সহজবোধ্যতা খ. ধ্বন্যাত্মক শব্দের প্রাধান্য
গ. ভদ্র সমাজে ব্যবহারোপযোগিতা
ঘ. সংস্কৃত শব্দের বহুল ব্যবহার **উ. ঘ**

৮৭. 'কিয়ৎক্ষণ' শব্দের সঠিক চলিতরূপ কোনটি? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. কিছুক্ষণ খ. কিছু সময়ে
গ. কয়েকক্ষণে ঘ. কয়েক মুহূর্ত **উ. ক**

৮৮. কোন বাক্যটি গুরুচণ্ডালী দোষমুক্ত? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. তার বাহিরে যাবার সময় হয়েছে
খ. সে এখন স্কুলে যাবে
গ. তার বিবাহ হয় নাই
ঘ. তাহারা রওয়ানা হলো **উ. খ**

৮৯. ব্যক্তিগত পত্রের ওপরের ডান কোণে কী লেখা হয়? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. সম্ভাষণ খ. প্রাপকের ঠিকানা
গ. মঙ্গলসূচক শব্দ ঘ. পত্র লেখকের স্থান ও তারিখ **উ. ঘ**

৯০. গঠন অনুসারে শব্দ কয় প্রকার? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. তিন খ. দুই
গ. পাঁচ ঘ. চার **উ. খ**

৯১. কোনটি ভাষার বৈশিষ্ট্য নয়? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. অর্থদ্যোতকতা খ. ইশারা বা অঙ্গভঙ্গি
গ. মানুষের কণ্ঠনিঃসৃত ধ্বনি
ঘ. জনসমাজে ব্যবহার যোগ্যতা **উ. খ**

৯২. বাংলা গদ্যে প্রথম বিরাম চিহ্নের সুষ্ঠু ব্যবহার করেন- *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. দেবেন্দ্রনাথ ঠাকুর খ. অক্ষয়কুমার দত্ত
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. রাজা রামমোহন রায় **উ. গ**

৯৩. প্রমথ চৌধুরী সম্পাদিত পত্রিকার নাম- *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. তত্ত্ববোধিনী খ. সবুজপত্র
গ. কল্লোল ঘ. ধূমকেতু **উ. খ**

৯৪. 'সত্যি সেলুকাস, এ দেশ বড় বিচিত্র'। -কোন বাক্য? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. নির্দেশাত্মক বাক্য খ. বিস্ময়বোধক বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. জটিল বাক্য **উ. ঘ**

৯৫. ভাব-সম্প্রসারণে ভাবের- *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. পরিবর্তন ঘটে খ. অলঙ্করণ ঘটে
গ. সম্প্রসারণ ঘটে ঘ. সংকোচন ঘটে **উ. গ**

৯৬. 'বাংলা ভাষার জন্ম হয়েছে মাগধী প্রাকৃত থেকে।' – এ মতের প্রবক্তা কে? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. স্যার জর্জ আব্রাহাম গ্রিয়ার্সন খ. ড. মুহম্মদ শহীদুল্লাহ
গ. ড. সুকুমার সেন ঘ. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উ. ঘ**

৯৭. চলিত ভাষায় নিম্নের কোনটির রূপ সংক্ষিপ্ত হয়? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. অনুসর্গ খ. বিশেষ্য
গ. অব্যয় ঘ. উপসর্গ **উ. ক**

৯৮. 'সাধুভাষা' পরিভাষাটি প্রথম ব্যবহার করেন- *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. রাজা মনি মোহন রায় খ. রাজা রামমোহন রায়
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. অক্ষয় কুমার দত্ত **উ. খ**

৯৯. ভাবের সার্থক ও সুসঙ্গত প্রসারণই- *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. গবেষণাপত্র খ. প্রতিবেদন
গ. সার সংক্ষেপ ঘ. ভাবসম্প্রসারণ **উ. ঘ**

১০০. ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে বাংলা ভাষার উৎপত্তি কোন প্রাকৃত স্তর থেকে? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. মাগধী প্রাকৃত খ. গৌড়ীয় প্রাকৃত
গ. মহারাষ্ট্রী প্রাকৃত ঘ. অর্ধ মাগধী প্রাকৃত **উ. খ**

১০১. সাধুরীতিতে কোন পদটির দীর্ঘরূপ হয় না? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. বিশেষ্য খ. সর্বনাম
গ. অব্যয় ঘ. ক্রিয়া **উ. গ**

১০২. বাক্যে এক পদের পর অন্যপদ শোনার ইচ্ছাকে কী বলে? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. আসত্তি খ. আকাঙ্ক্ষা
গ. যোগ্যতা ঘ. আসক্তি **উ. খ**

১০৩. একটি পত্রের বাইরের অংশের উপর যেটা থাকে তাকে বলা হয়- *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. পত্রগর্ভ খ. শিরোনাম
গ. সম্ভাষণ ঘ. মূল বক্তব্য **উ. খ**

১০৪. ভাষার মূল উপকরণ কী? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. ধ্বনি খ. বাক্য
গ. শব্দ ঘ. বর্ণ **উ. খ**

১০৫. বাংলা ভাষার শব্দ সম্ভারকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. দুইটি খ. তিনটি
গ. চারটি ঘ. পাঁচটি **উ. ঘ**

১০৬. 'হরতাল' কী ধরনের শব্দ? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. তুর্কি খ. চীনা
গ. পাঞ্জাবি ঘ. গুজরাটি উ. ঘ

১০৭. 'যতই পরিশ্রম করবে ততই ফল পাবে'– [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. নির্দেশক বাক্য খ. সরল বাক্য
গ. যৌগিক বাক্য ঘ. জটিল বাক্য উ. ঘ

১০৮. কোনটি সাধুরীতির শব্দ? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. আজ খ. মিনতি
গ. জল ঘ. জোসনা উ.ঘ

১০৯. একটি পত্রের প্রধান অংশ কয়টি? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. দুইটি খ. তিনটি
গ. চারটি ঘ. পাঁচটি উ. ক

১১০. সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়– [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. অব্যয় খ. সম্বোধন পদ
গ. সর্বনাম ঘ. ক্রিয়া উ. ক

১১১. বাংলা ভাষা কোন মূল ভাষার অন্তর্গত? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. দ্রাবিড় খ. ইন্দো-ইউরোপীয়
গ. দক্ষিণ-পূর্ব এশিয় ঘ. ইউরালীয় উ. খ

১১২. কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. অসমিয়া খ. হিন্দি
গ. বঙ্গকামরূপী ঘ. সংস্কৃত উ. গ

১১৩. ভাষার কোন রীতি পরিবর্তনশীল? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. সাধুরীতি খ. চলিত রীতি
গ. কথ্যরীতি ঘ. লেখ্যরীতি উ. খ

১১৪. ব্যাখ্যার মাধ্যমে ভাবকে সহজ করে তোলার নামই হচ্ছে– [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. সারাংশ খ. অনুবাদ
গ. ভাবসম্প্রসারণ ঘ. বাগধারা উ. গ

১১৫. বাংলা ভাষায় মাত্রহীন বর্ণ কয়টি? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. ৭টি খ. ৮টি
গ. ৯টি ঘ. ১০টি উ. ঘ

স্কুল পর্যায়

ক. ভাষারীতি

১. অঘোষ অল্পপ্রাণ ধ্বনি কোনটি? [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. 'চ' ধ্বনি খ. 'ছ' ধ্বনি
গ. 'জ' ধ্বনি ঘ. 'ঝ' ধ্বনি উ. ক

২. বাক্যের ক্ষুদ্রাংশকে কী বলে? [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. পদ খ. রূপ
গ. শব্দমূল ঘ. ধ্বনি উ. গ

৩. সাধু ও চলিত ভাষার প্রধান পার্থক্য– [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. বাক্যের গঠন প্রক্রিয়ায়
খ. ক্রিয়া ও সর্বনাম পদের রূপগত ভিন্নতায়
গ. শব্দের কথ্য ও লেখ্য রূপের ভিন্নতায়
ঘ. ভাষার জটিলতা ও প্রাঞ্জলতায় উ. খ

৪. 'Invoice' এর বাংলা পারিভাষিক রূপ কোনটি? [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. চালান খ. পণ্যাগার
গ. শুল্ক ঘ. বিনিয়োগ উ. ক

৫. বাংলা সাহিত্যে চলিত রীতির প্রবর্তক কে? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. প্রমথ চৌধুরী খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. মোতাহার হোসেন চৌধুরী ঘ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর উ. ক

৬. বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী বর্ণ কয়টি? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. ৫টি খ. ৩টি
গ. ৪টি ঘ. ১টি উ. খ

৭. 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. বাংলা খ. পর্তুগিজ
গ. ফারসি ঘ. হিন্দি উ. খ

৮. বাংলা বর্ণমালার উৎস কী? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. তিব্বতি লিপি খ. ব্রাহ্মী লিপি
গ. খরোষ্ঠী লিপি ঘ. দেবনাগরি লিপি উ. খ

৯. 'খ্রিস্টান' কোন জাতীয় মিশ্র শব্দ? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. ইংরেজি + বাংলা খ. ইংরেজি + আরবি
গ. ইংরেজি + ফারসি ঘ. ইংরেজি + তৎসম উ. ঘ

১০. 'মরি। মরি। কী সুন্দর প্রভাতের রূপ'– এখানে অনন্বয়ী অব্যয় কিভাবে প্রকাশ পেয়েছে? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. যন্ত্রণা খ. বিরক্তি
গ. সম্মতি ঘ. উচ্ছ্বাস উ. ঘ

১১. 'Book Post'– এর পারিভাষিক রূপ কোনটি? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. ডাকঘর খ. খোলা ডাক
গ. উপবিধি ঘ. লেখস্বত্ব উ. খ

১২. কোনটি দেশি শব্দের উদাহরণ? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. লুঙ্গি খ. খোকা
গ. সম্রাট ঘ. গঞ্জ উ. ঘ

১৩. 'মহকুমা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. তুর্কি খ. আরবি
গ. ফারসি ঘ. ফরাসি উ. খ

১৪. অর্থ অনুসারে 'হরিণ' কোন ধরনের শব্দ? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. যৌগিক খ. মৌলিক
গ. যোগরূঢ় ঘ. রূঢ়ি উ. ঘ

১৫. বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রাহীন বর্ণের সংখ্যা যথাক্রমে– [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. ৩২, ৮, ১০ খ. ৩২, ৭, ১১
গ. ৩০, ৮, ১২ ঘ. ৩২, ৭, ৯ উ. ক

১৬. নিচের কোন শব্দটি সাধু ভাষায় ব্যবহারের উপযোগী? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. শুকনো খ. সাথে
গ. জুতা ঘ. বুনো উ. গ

১৭. Apenthesis-এর অর্থ– [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. স্বরসঙ্গতি খ. স্বরাগম
গ. অভিশ্রুতি ঘ. অপিনিহিতি উ. ঘ

১৮. Phoneme শব্দের অর্থ– *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. শব্দমূল খ. নাম প্রকৃতি
গ. রূপ ঘ. ধ্বনিমূল **উ. ঘ**

১৯. 'ক্ষ' এর সঠিক বিশ্লেষণ কোনটি? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. ক্ + ষ খ. হ্ + ম
গ. হ্ + ন ঘ. ষ্ + ণ **উ. খ**

২০. নিচের কোনটি ঘোষ অল্পপ্রাণ বর্ণ? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. ট খ. থ
গ. ড ঘ. ভ **উ. গ**

২১. আদেশ অর্থে অনুজ্ঞার উদাহরণ কোনটি? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. আমটা খাও খ. সবাই এখানে আসুন
গ. সুখী হও ঘ. নিজের দিকে খেয়াল রাখ **উ. ক**

২২. সাধুরীতিতে কোন পদটি দীর্ঘরূপ হয় না? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. বিশেষ্য খ. অব্যয়
গ. সর্বনাম ঘ. ক্রিয়া **উ. খ**

২৩. ব্যাকরণের কোন অংশে কারক সম্বন্ধে আলোচনা করা হয়? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. ধ্বনিতত্ত্বে খ. অর্থতত্ত্বে
গ. বাক্যতত্ত্বে ঘ. রূপতত্ত্বে **উ. ঘ**

২৪. নিচের কোনটিতে সাধুভাষা সাধারণত অনুপযোগী? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. কবিতায় খ. গানে
গ. ছোটগল্পে ঘ. নাটকে **উ. ঘ**

২৫. মৌলিক শব্দ কোনটি? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. আকাশ খ. শীতল
গ. ঢাকাই ঘ. কান্না **উ. ক**

২৬. 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. হিন্দি খ. উর্দু
গ. গ্রিক ঘ. পর্তুগিজ **উ. ঘ**

২৭. নিচের কোনটি শুদ্ধ? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. ষ্ণ = ষ + ণ খ. ষ্ণ = ষ + ঞ
গ. ষ্ণ = ষ + ন ঘ. ষ্ণ = ষ + ঙ **উ. ক**

২৮. আলালি বা হুতোমি ভাষা বলা হয় কোন ভাষাকে? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. সাধু খ. চলিত
গ. ইংরেজি ঘ. সংস্কৃত **উ. খ**

২৯. 'Autonomous' শব্দের অর্থ– *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. স্বাক্ষর খ. স্বায়ত্তশাসিত
গ. সত্যায়িত ঘ. সংশোধিত **উ. খ**

৩০. সন্ধি ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. রূপতত্ত্বে খ. বাক্যতত্ত্বে
গ. অর্থতত্ত্বে ঘ. ধ্বনিতত্ত্বে **উ. ঘ**

৩১. 'Edition' শব্দের অর্থ– *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. সংস্করণ খ. সম্পাদক
গ. সম্পাদকীয় ঘ. অনুসন্ধান **উ. ক**

৩২. সাধু ও চলিত রীতি বাংলা ভাষার কোন রূপে বিদ্যমান? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. আঞ্চলিক খ. উপভাষা
গ. লেখা ঘ. কথ্য **উ. গ**

৩৩. ভাষার মৌলিক অংশ কয়টি? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. তিনটি খ. চারটি
গ. পাঁচটি ঘ. ছয়টি **উ. খ**

৩৪. বাংলা ভাষা কোন মূল ভাষার অন্তর্গত? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. দ্রাবিড় খ. ইউরালীয়
গ. ইন্দো-ইউরোপীয় ঘ. সেমেটিক **উ. গ**

৩৫. পাণিনি কে ছিলেন? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. ভাষাবিদ খ. ঋগ্বেদবিদ
গ. বৈয়াকরণবিদ ঘ. আখ্যানবিদ **উ. গ**

৩৬. 'Superstitions' শব্দের অর্থ– *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. যাদুবিদ্যা খ. সেতুবন্ধন
গ. কুসংস্কারাচ্ছন্ন ঘ. উপাসনা **উ. গ**

৩৭. Blue print-এর পারিভাষিক শব্দ কোনটি? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. চলচ্চিত্র খ. জীবনবৃত্তান্ত
গ. প্রতিচিত্র ঘ. পটভূমি **উ. গ**

৩৮. গিন্নী, কেষ্ট শব্দ দুটি কোন ধরনের শব্দ? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. তৎসম খ. অর্ধ-তৎসম
গ. দেশী ঘ. বিদেশী **উ. খ**

৩৯. বাংলা ব্যাকরণ কোন পদে সংস্কৃতির লিঙ্গের নিয়ম মানে না? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. বিশেষণ খ. অব্যয়
গ. সর্বনাম ঘ. বিশেষ্য **উ. খ**

৪০. 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. হিন্দি খ. উর্দু
গ. পর্তুগিজ ঘ. গ্রিক **উ. গ**

৪১. নিচের কোনটি অর্ধ-তৎসম শব্দ? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. গিন্নী খ. হস্ত
গ. গণ্ড ঘ. তসবি **উ. ক**

৪২. শিরোনামের প্রধান অংশ কোনটি? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. ডাক টিকিট খ. পোস্টাল কোড
গ. প্রেরকের ঠিকানা ঘ. প্রাপকের ঠিকানা **উ. ঘ**

৪৩. ব্যকরণ ও ভাষার মধ্যে কোনটি আগে সৃষ্টি হয়েছে? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. ব্যাকরণ খ. ভাষা
গ. ব্যাকরণ ও ভাষা উভয়ই একসাথে
ঘ. কোনোটিই নয় **উ. খ**

৪৪. কোনটি তদ্ভব শব্দের উদাহরণ? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. মই খ. জোছনা
গ. পাতা ঘ. কাগজ **উ. গ**

৪৫. ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ গ্রন্থের রচয়িতা কে? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. সুকমার সেন খ. সুকুমারী ভট্টাচার্য
গ. নিহার রঞ্জন রায় ঘ. সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উ. ঘ**

৪৬. নিচের কোনটি অভিনন্দন বা সংবর্ধনা পত্র? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. আমন্ত্রণপত্র খ. মানপত্র
গ. নিমন্ত্রণপত্র ঘ. স্মারক পত্র **উ. খ**

৪৭. কোনটি পারিভাষিক শব্দ? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. কলেজ খ. নথি
গ. রেডিও ঘ. অক্সিজেন **উ. খ**

Job Navigator

৪৮. 'ব্যাকরণ' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. নব্য ভারতীয় আর্যভাষা খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. অসমীয়া উ. গ

৪৯. নিচের কোনটি মিশ্র শব্দ? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. বেতার খ. হাট-বাজার
গ. হেড-মাস্টার ঘ. শাকসবজি উ. *
ব্যাখ্যা : কোনো কোনো সময় দেশি ও বিদেশি শব্দের মিলনে মিশ্র শব্দ সৃষ্টি হয়। অপশনগুলোর মধ্যে 'হাট-বাজার' (বাংলা + ফারসি) ও 'শাক-সবজি' (তৎসম + ফারসি) উভয়ই মিশ্র শব্দ।

৫০. মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ নিদর্শন কোনটি? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. শ্রীকৃষ্ণকীর্তন খ. চর্যাপদ
গ. বৈষ্ণব পদাবলী ঘ. নাথ সাহিত্য উ. ক

৫১. কোনটি অর্ধ-তৎসম শব্দের উদাহরণ? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. মাথা খ. ঢেঁকি
গ. ভবন ঘ. কুচ্ছিত উ. ঘ

৫২. 'পত্র' শব্দটির আভিধানিক অর্থ কী? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. বিনিময় খ. যোগাযোগ
গ. চিহ্ন বা স্মারক ঘ. সংযোগ উ. গ

৫৩. 'পোস্টাল কোড' কী নির্দেশ করে? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. প্রাপকের এলাকা খ. ডাক বিভাগের নাম
গ. পোস্ট অফিসের নাম ঘ. প্রেরকের এলাকা উ. ক

৫৪. বৈষয়িক ব্যাপারে সরকারি পৃষ্ঠপোষকতায় আইনানুসারে লিখিত পত্রকে কী বলে? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. চুক্তিপত্র খ. বায়নানামা
গ. বাণিজ্যিকপত্র ঘ. দলিলপত্র উ. ঘ

৫৫. সারাংশের জন্য গুরুত্বপূর্ণ দিক কোনটি? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. প্রাঞ্জলতা খ. সৃজনশীলতা
গ. মননশীলতা ঘ. ভাষারীতির শুদ্ধতা উ. ক

৫৬. কোনটি ভাব-সম্প্রসারণের বৈশিষ্ট্য নয়? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. একাধিক অনুচ্ছেদ খ. বাক্যের পুনরাবৃত্তি
গ. প্রবাদ-প্রবচনের ব্যবহার ঘ. অভিমত প্রদান উ. খ

৫৭. কোনটি ভাব-সম্প্রসারণে হুবহু ব্যবহৃত হওয়া উচিত নয়? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. তথ্য খ. উপমা
গ. অলঙ্কার ঘ. মূল ছত্র উ. ঘ

৫৮. সারাংশ লিখনে একাধিক অনুচ্ছেদ থাকা– [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. অপরিহার্য খ. বাঞ্ছনীয়
গ. অপ্রয়োজনীয় ঘ. অসম্ভব উ. গ

৫৯. 'বারান্দা' কোন ভাষা থেকে আগত? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. পর্তুগিজ খ. ওলন্দাজ
গ. তুর্কি ঘ. ইংরেজি উ. ক

৬০. নিচের কোনটি পারিভাষিক শব্দ? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. মসজিদ খ. কাগজ-পত্র
গ. দর-দালান ঘ. সমীকরণ উ. ঘ

৬১. কোন ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. কথ্য ভাষা খ. আঞ্চলিক ভাষা
গ. সাধু ভাষা ঘ. চলিত ভাষা উ. গ

৬২. কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ভারতীয় আর্য খ. সংস্কৃত
গ. ইন্দো-ইউরোপীয় ঘ. বঙ্গ-কামরূপী উ. ঘ

৬৩. বাংলা ভাষার মূল উৎস কোনটি? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. কানাড়ি ভাষা খ. বৈদিক ভাষা
গ. হিন্দি ভাষা ঘ. প্রাকৃত ভাষা উ. ঘ

৬৪. রেস্তোরাঁ কোন ভাষার শব্দ? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. ওলন্দাজ খ. জাপানি
গ. ফরাসি ঘ. ইংরেজি উ. গ

৬৫. 'বুনো' কোন ভাষারীতির শব্দ? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. সাধু ভাষা খ. কথ্য ভাষা
গ. আঞ্চলিক ভাষা ঘ. চলিত ভাষা উ. ঘ

৬৬. সাধারণত পত্রের দুটি অংশ থাকে– এগুলো কী? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. প্রেরক ও প্রাপকের ঠিকানা খ. শিরোনাম ও পত্রগর্ভ
গ. লেখকের স্বাক্ষর ও নাম ঘ. প্রেরকের ঠিকানা উ. খ

৬৭. সরাংশ কোন পুরুষে লিখতে হয়? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. উত্তম পুরুষ খ. মধ্যম পুরুষ
গ. প্রথম পুরুষ ঘ. উপরের সবগুলো উ. গ

৬৮. প্রবাসী বন্ধুকে লেখা পত্রের ঠিকানা কোন ভাষায় লিখতে হয়? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. বাংলা ভাষায় খ. অবস্থানকারী দেশের ভাষায়
গ. প্রেরকের নিজের ভাষায় ঘ. ইংরেজি ভাষায় উ. ঘ

৬৯. সারাংশে কোনটি প্রয়োজন নেই? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. অলঙ্কার খ. প্রাঞ্জলতা
গ. সরলতা ঘ. সংক্ষেপণ উ. ক

৭০. ভাবের সুসংগত প্রসারণের নাম কী? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. ভাবার্থ খ. মর্মার্থ
গ. সারভাব ঘ. ভাব-সম্প্রসারণ উ. ঘ

৭১. 'ব্যাকরণ' কোন ভাষার শব্দ? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. বাংলা খ. সংস্কৃত
গ. পর্তুগীজ ঘ. হিন্দি উ. খ

৭২. নিচের কোনটি পারিভাষিক শব্দ? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. টপর খ. গাছ
গ. মন্ত্রিপরিষদ ঘ. বালতি উ. গ

৭৩. 'হরতাল' কোন ভাষার শব্দ"? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. পাঞ্জাবি খ. হিন্দি
গ. জাপানি ঘ. গুজরাটি উ. ঘ

৭৪. নিচের কোনটি অর্ধতৎসম শব্দ? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. গিন্নী খ. হস্ত
গ. গণ্ড ঘ. তসবি উ. ক

৭৫. নিচের কোনটি পারিভাষিক শব্দ? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. ডাব খ. সচিব
গ. কুচ্ছিত ঘ. বালতি উ. খ

৭৬. সংবাদপত্রে প্রকাশের জন্য নিখোঁজ সংবাদ কোন ধরনের পত্র? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. বিজ্ঞপ্তি খ. অভিযোগপত্র
গ. চুক্তিপত্র ঘ. প্রতিবেদন উ. ক

Job Navigator

৭৭. নিচের কোনটি চলিত রীতির শব্দ? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. তুলা খ. শুকনো
গ. পড়িল ঘ. সহিত **উ. খ**

৭৮. কোনটির অভাবে চিঠি লেখার উদ্দেশ্য ব্যর্থ হয়? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. প্রেরকের ঠিকানা খ. প্রাপকের ঠিকানা
গ. পত্রশির্ষ ঘ. স্বাক্ষর ও তারিখ **উ. খ**

৭৯. 'পাউরুটি' কোন ভাষার শব্দ? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. পাঞ্জাবি খ. পর্তুগিজ
গ. গুজরাটি ঘ. ফরাসি **উ. খ**

৮০. প্রাপক বয়সে বড় হলে প্রেরক স্বাক্ষরের আগে কোন শব্দটি ব্যবহার করবে? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. প্রীতিমুগ্ধ খ. আশীর্বাদক
গ. শুভাকাঙ্ক্ষী ঘ. স্নেহভাজন **উ. ঘ**

৮১. শিরোনামের প্রধান অংশ কোনটি? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. ডাক টিকেট খ. প্রোস্টাল কোড
গ. প্রেরকের ঠিকানা ঘ. প্রাপকের ঠিকানা **উ. ঘ**

৮২. পর্তুগিজ ভাষার শব্দ নয় কোনটি? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. আনারস খ. আলমারি
গ. গুদাম ঘ. চাহিদা **উ. ঘ**

৮৩. নিচের কোনটি অর্ধতৎসম শব্দ? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. কুচ্ছিত খ. ভবন
গ. পাত্র ঘ. গৃহিণী **উ. ক**

৮৪. সংবাদপত্রে একটি আবেদন প্রকাশের জন্য কার বরাবর পাঠাতে হবে? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. মালিকের বরাবর খ. সাংবাদিকের বরাবর
গ. প্রকাশকের বরাবর ঘ. সম্পাদকের বরাবর **উ. ঘ**

৮৫. আঞ্চলিক ভাষার অপর নাম কী? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. কথ্যভাষা খ. উপভাষা
গ. সাধুভাষা ঘ. চলিত ভাষা **উ. খ**

৮৬. পত্র শব্দটির আভিধানিক বা ব্যবহারিক অর্থ কী? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. যোগাযোগ খ. বিনিময়
গ. চিহ্ন বা স্মারক ঘ. সংযোগ **উ. গ**

৮৭. সারাংশে প্রত্যক্ষ উক্তির ক্ষেত্রে কী করতে হবে? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. গ্রহণ করতে হবে খ. পরিবর্তন করতে হবে
গ. অবিকল লিখতে হবে ঘ. বর্জন করতে হবে **উ. ঘ**

৮৮. বাংলাভাষা ও সাহিত্যের প্রাচীন নিদর্শন কোনটি? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. বৈষ্ণবপদাবলী খ. শ্রীকৃষ্ণকীর্তন
গ. চর্যাপদ ঘ. রামায়ণ **উ. গ**

৮৯. সারাংশের মূল উদ্দেশ্য কী? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. অন্তর্নিহিত তাৎপর্য তুলে ধরা
খ. ভাবের অংশ প্রকাশ করা
গ. বাইরের ভাব বিশ্লেষণ করা
ঘ. অন্যভাবে ফুটিয়ে তোলা **উ. ক**

৯০. নিচের কোনটি তৎসম শব্দ? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. চাঁদ খ. ভবন
গ. বাল্‌তি ঘ. হরতাল **উ. খ**

৯১. কোন ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. চলতি ভাষা খ. কথ্যভাষা
গ. লেখ্যভাষা ঘ. সাধুভাষা **উ. ঘ**

৯২. 'দুর্নীতি জাতির সকল উন্নতির অন্তরায়'– মূলত কোন বিষয়ে আলোচিত হয়? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. সারমর্ম খ. প্রবন্ধ
গ. ভাব-সম্প্রসারণ ঘ. আবেদনপত্রে **উ. গ**

৯৩. নিচের কোনটি সাধুরীতির উদাহরণ? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. তখন গভীর ছায়া নেমে আসে সর্বত্র
খ. তখন গভীর ছায়া নামিয়া আসিল সবখানে
গ. তখন গভীর ছায়া নামিয়া আসে সর্বত্র
ঘ. তখন গভীর ছায়ায় সর্বত্র ঢেকে গিয়াছে **উ. খ**

৯৪. সুযোগ-সুবিধা প্রার্থনা করে কর্তৃপক্ষের নিকট লিখিত পত্রের নাম– *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. আবেদনপত্র খ. চুক্তিপত্র
গ. মানপত্র ঘ. স্মারকলিপি **উ. ক**

৯৫. কোনটি দেশি শব্দ? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. গিন্নি খ. কৃপণ
গ. টোপর ঘ. মাথা **উ. গ**

৯৬. বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন করেন– *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. প্রমথ চৌধুরী খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ. মাইকেল মধুসূদন দত্ত ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উ. খ**

৯৭. সাধু ও চলিত রীতির পার্থক্য কোন কোন পদে বেশি? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. ক্রিয়া ও বিশেষণ পদে খ. বিশেষ্য ও বিশেষণ পদে
গ. সর্বনাম ও ক্রিয়া পদে ঘ. বিশেষ্য ও অব্যয় পদে **উ. গ**

৯৮. বাংলা সাহিত্যে চলিত রীতির প্রবর্তক কে? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. প্যারীচাঁদ মিত্র
গ. প্রমথ চৌধুরী ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উ. গ**

৯৯. সারাংশ বা সারমর্ম সাধারণত কয়টি অনুচ্ছেদে লিখতে হয়? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. একটি খ. দুটি
গ. তিনটি ঘ. চারটি **উ. ক**

১০০. সুলিখিত পত্র অনেক সময় কিসের মর্যাদা লাভ করে? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. ঐতিহাসিক খ. সামাজিক
গ. সাংস্কৃতিক ঘ. সাহিত্যিক **উ. ঘ**

১০১. দেশি ও তৎসম শব্দের মিশ্রণকে কি বলে? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. বাহুল্য দোষ খ. গুরুচণ্ডালী দোষ
গ. দুর্বোধ্যতা ঘ. উপমার ভুল প্রয়োগ **উ. খ**

১০২. চাকরির জন্য যে পত্র লিখতে হয় তার নাম কি? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. ব্যক্তিগতপত্র খ. আবেদনপত্র **উ. খ**
গ. নিমন্ত্রণপত্র ঘ. অভিযোগ সংক্রান্ত পত্র

১০৩. "সারাংশ লিখন" শিক্ষার উদ্দেশ্য কী? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. বক্তব্য বিশ্লেষণ খ. বক্তব্য সংযোজন
গ. বক্তব্য সংক্ষেপণ ঘ. বক্তব্য সংমিশ্রণ **উ. গ**

১০৪. ভাষার কোন রীতি নাটকের সংলাপে ও বক্তৃতার উপযোগী? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. আঞ্চলিক রীতি খ. সাধু রীতি
গ. চলিত রীতি ঘ. লেখ্য রীতি উ. গ

১০৫. ইঙ্গিতময়, অর্থপূর্ণ, ভাবঘন বাক্যকে সম্প্রসারিত করার নাম কী? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. সারাংশ খ. সারমর্ম
গ. রচনা ঘ. ভাব-সম্প্রসারণ উ. ঘ

১০৬. ভাব-সম্প্রসারণের ক্ষেত্রে দোষের বিষয় কোনটি? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. একই কথার পুনরাবৃত্তি খ. প্রাসঙ্গিক আলোচনা
গ. যুক্তিতর্কপূর্ণ বিষয় ঘ. বৈজ্ঞানিক ব্যাখ্যা উ. ক

১০৭. "সারাংশ লিখনে" ভাষার বাহুল্য, উপমা, অলংকার এসকল– [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. বর্জনীয় খ. গ্রহণীয়
গ. প্রাসঙ্গিক ঘ. যৌক্তিক উ. ক

স্কুল পর্যায়-২

ক. ভাষারীতি

১. বাংলা ভাষায় মোট কয়টি বর্ণ রয়েছে? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. ৪৭টি খ. ৪৮টি
গ. ৪৯টি ঘ. ৫০টি উ. ঘ

২. ব্যুৎপত্তিগতভাবে ব্যাকরণ শব্দের অর্থ হলো– [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. সংক্ষেপণ খ. ভাবের বিনিময়
গ. বিশেষভাবে বিশ্লেষণ ঘ. মিলন উ. গ

৩. নিচের কোনটি তৎসম শব্দ? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. চাঁদ খ. খোকা
গ. কাঠ ঘ. সন্ধ্যা উ. ঘ

৪. 'লোকটি ধনী কিন্তু কৃপণ'– কোন ধরনের বাক্য? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. জটিল খ. যৌগিক
গ. সরল ঘ. মিশ্র উ. খ

৫. চলিতরীতির প্রবর্তক কে? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. প্রমথ চৌধুরী ঘ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর উ. গ

৬. 'পার হইয়া'-এর চলিতরূপ কোনটি? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. পার হয়ে খ. পারি হয়ে
গ. পার হইয়ে ঘ. পারিয়া উ. ক

৭. Ad-hoc এর অর্থ কী? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. তদর্থক খ. অস্থায়ী
গ. শপথপত্র ঘ. ক ও খ উভয়ই উ. ঘ

৮. বাংলা সাধু ভাষার জনক কে? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. হরলাল রায় খ. ড. সুনীতি কুমার চট্টোপাধ্যায়
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. রবীন্দ্রনথ ঠাকুর উ. গ

৯. কোন ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. কথ্য ভাষা খ. লেখ্য ভাষা
গ. সাধু ভাষা ঘ. চলিত ভাষা উ. গ

১০. 'Watery grave'-এর অর্থ কী? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. পানির নালা খ. সলিল সমাধি
গ. পানিযুক্ত কবর ঘ. কোনোটি নয় উ. খ

১১. সন্ধি ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. ধ্বনিতত্ত্বে খ. রূপতত্ত্বে
গ. বাক্যতত্ত্বে ঘ. অর্থতত্ত্বে উ. ক

১২. কোনটি সাধুভাষার ক্ষেত্রে প্রযোজ্য? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. সহজবোধ্য খ. নাট্য সংলাপে ব্যবহার
গ. তদ্ভব শব্দবহুল ঘ. তৎসম শব্দবহুল উ. ঘ

১৩. ভাষার মূল উপাদান কোনটি? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. ধ্বনি খ. শব্দ
গ. বাক্য ঘ. অর্থ উ. ক

১৪. মানুষের ভাষা কিসের সাহায্যে সৃষ্টি হয়? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. ইঙ্গিতের সাহায্যে খ. ঠোঁটের সাহায্যে
গ. কণ্ঠের সাহায্যে ঘ. বাগযন্ত্রের সাহায্যে উ. ঘ

১৫. কথ্যরীতি সমন্বয়ে শিষ্টজনের ব্যবহৃত ভাষাকে কী বলে? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. সাধুভাষা খ. আদর্শ চলিত ভাষা
গ. আঞ্চলিক ভাষা ঘ. দেশি ভাষা উ. খ

১৬. নাটকের সংলাপের উপযোগী ভাষার কোন রীতি? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. সাধু খ. চলিত
গ. আঞ্চলিক ঘ. মিশ্র উ. খ

১৭. ভাষার মূল উপাদান কী? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. বাক্য খ. শব্দ
গ. বর্ণ ঘ. ধ্বনি উ. ঘ

১৮. 'আনারস' কোন ভাষার শব্দ? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. ওলন্দাজ খ. গুজরাটি
গ. পর্তুগিজ ঘ. জাপানি উ. গ

১৯. 'চশমা' কোন ভাষার শব্দ? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. আরবি খ. ফারসি
গ. ফরাসি ঘ. গুজরাটি উ. খ

২০. চলিত ভাষারীতির ক্ষেত্রে কোন বৈশিষ্ট্য প্রযোজ্য? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. গুরুগম্ভীর খ. কৃত্রিম
গ. পরিবর্তনশীল ঘ. তৎসম শব্দবহুল উ. গ

২১. চলিতরীতির শব্দ নয় কোনটি? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. করবার খ. করার
গ. করিবার ঘ. করে উ. গ

২২. ভাষার কোন রীতি তদ্ভব শব্দ বহুল? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. সাধুরীতি খ. চলিতরীতি
গ. কথ্যরীতি ঘ. বানানরীতি উ. খ

২৩. 'হরতাল' কোন ভাষার শব্দ? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. গুজরাটি খ. তুর্কি
গ. পর্তুগীজ ঘ. বার্মিজ উ. ক

২৪. বাংলা সাহিত্যে চলিত গদ্যরীতির প্রবর্তক কে? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. প্রমথ চৌধুরী
গ. প্যারীচাঁদ মিত্র ঘ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় **উ. খ**

২৫. চলতি রীতির শব্দ কোনটি? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. শুষ্ক খ. শুকনা
গ. তুলা ঘ. তুলো **উ. ঘ**

২৬. তার বয়স বেড়েছে, কিন্তু বুদ্ধি বাড়েনি– *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. যৌগিক বাক্য খ. মিশ্র বাক্য
গ. সরল বাক্য ঘ. সাধারণ বাক্য **উ. ক**

বিস্তারিত আলোচনা

ভাষার সংজ্ঞা : মানুষ তার মনের ভাব অন্যের কাছে প্রকাশ করার জন্য **কণ্ঠধ্বনি** এবং হাত, পা, চোখ ইত্যাদি **অঙ্গ-প্রত্যঙ্গের** সাহায্যে **ইঙ্গিত** করে থাকে। **কণ্ঠধ্বনির** সাহায্যে মানুষ যত বেশি পরিমাণ মনোভাব প্রকাশ করতে পারে, **ইঙ্গিতের** সাহায্যে ততটা পারে না। আর **কণ্ঠধ্বনির** সহায়তায় মানুষ মনের **সূক্ষ্মাতিসূক্ষ্ম** ভাবও প্রকাশ করতে সমর্থ হয়। **কণ্ঠধ্বনি** বলতে মুখগহ্বর, কণ্ঠ, নাক ইত্যাদির সাহায্যে উচ্চারিত বোধগম্য ধ্বনি বা ধ্বনি সমষ্টিকে বোঝায়। এই ধ্বনিই ভাষার মূল উপাদান। এই ধ্বনির সাহায্যে ভাষার সৃষ্টি হয়। আবার ধ্বনির সৃষ্টি হয় বাগ্‌যন্ত্রের দ্বারা। গলনালি, মুখবিবর, কণ্ঠ, জিহ্বা, তালু, দাঁত, নাক ইত্যাদি **বাক্ প্রত্যঙ্গকে** এক কথায় বাগ্‌যন্ত্র বলে। এই **বাগযন্ত্রের** দ্বারা উচ্চারিত অর্থবোধক ধ্বনির সাহায্যে মানুষের ভাব প্রকাশ্যের মাধ্যমকে ভাষা বলে।

সকল মানুষের ভাষাই বাগযন্ত্রের দ্বারা সৃষ্ট। তবুও একই ধ্বনি বা ধ্বনিসমষ্টির অর্থ বিভিন্ন মানবগোষ্ঠীর ক্ষেত্রে বিভিন্ন রকম হতে পারে। এ কারণে বিভিন্ন মানবগোষ্ঠীর জন্য আলাদা আলাদা ভাষার সৃষ্টি হয়েছে।

মানুষের কণ্ঠনিঃসৃত বাক্ সংকেতের সংগঠনকে ভাষা বলা হয়। অর্থাৎ বাগযন্ত্রের দ্বারা সৃষ্ট অর্থবোধক ধ্বনির সংকেতের সাহায্যে মানুষের ভাব প্রকাশের মাধ্যমই হলো ভাষা।

দেশ, কাল ও পরিবেশভেদে ভাষার পার্থক্য ও পরিবর্তন ঘটে। বিভিন্ন প্রাকৃতিক পরিবেশে অবস্থান করে মানুষ আপন মনোভাব প্রকাশের উদ্দেশ্যে বিভিন্ন বস্তু ও ভাবের জন্য বিভিন্ন ধ্বনির সাহায্যে শব্দের সৃষ্টি করেছে। সেসব শব্দ মূলত নির্দিষ্ট পরিবেশে মানুষের বস্তু ও ভাবের প্রতীক (Symbol) মাত্র। এ জন্যই আমরা বিভিন্ন দেশে বিভিন্ন ভাষার ব্যবহার দেখতে পাই।

বাংলাদেশের অধিবাসীদের মাতৃভাষা বাংলা। বাংলাদেশের ছাড়াও পশ্চিমবঙ্গের জনসাধারণ এবং ত্রিপুরা, বিহার, উড়িষ্যা ও আসামের কয়েকটি অঞ্চলের মানুষের ভাষা বাংলা। এ ছাড়া যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যসহ বিশ্বের অনেক দেশে বাংলা ভাষাভাষী জনগণ রয়েছে। বর্তমানে পৃথিবীতে প্রায় ত্রিশ কোটি লোকের মুখের ভাষা বাংলা।

ভাষার মূল উপাদান হচ্ছে ধ্বনি; কিন্তু ভাষার মূল উপকরণ হচ্ছে বাক্য। ধ্বনি নির্দেশক চিহ্নকে বলা হয় বর্ণ। পশাপাশি দুটি স্বরধ্বনি একাক্ষর হিসেবে উচ্চারিত হলে তাকে 'যৌগিক স্বরধ্বনি' বলে, অর্থাৎ একই সঙ্গে উচ্চারিত দুটি মিলিত স্বরধ্বনিই হলো 'যৌগিক স্বর'।

বাংলা ভাষার মৌলিক রূপ : দুইটি। যথা : ১. মৌলিক বা কথ্য (চলিত ও আঞ্চলিক বা উপভাষা) ২. লৈখিক বা লেখ্য (সাধু ও চলিত)। নিম্নে ভাষার রূপগুলো বিস্তারিত আলোচনা করা হলো–

➲ সাধু ভাষা : সংস্কৃত ভাষা থেকে উৎপন্ন ভাষাকে 'সাধু ভাষা' হিসেবে অভিহিত করা হয়। প্রাচীনকাল থেকেই সাধু ভাষা সাহিত্যের ভাষা হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। তবে এটি মানুষের দৈনন্দিন জীবনের শুরু থেকেই বিচ্ছিন্ন হয়ে পড়েছিল। সাধু ভাষা ছিল সাহিত্যিক ও কৃত্রিম ভাষা। এটি বাঙালি সমাজের অভিজাত শ্রেণির মধ্যে বেশি প্রচলিত ছিল। প্রাচীন ও মধ্যযুগের সাহিত্যিক নিদর্শনে সাধুভাষার প্রভাব ছিল স্পষ্ট। কিন্তু আধুনিককালে এসে সাধু ভাষার সে দখল করে নিয়েছে চলিত ভাষা।

➲ চলিত ভাষা : সাধারণ মানুষের মুখের ভাষাকে চলিত ভাষা বলে। চলিত ভাষার আদর্শরূপে গৃহীত ভাষাকে বলা হয় প্রমিত ভাষা। চলিত ভাষার অন্যতম বৈশিষ্ট্য প্রমিত উচ্চারণ। কলকাতা অঞ্চলের মৌখিক ভাষাকে ভিত্তি করে চলিত ভাষা গড়ে উঠেছে। উনিশ শতকের দ্বিতীয়ার্ধের শুরুতেই বাংলা সাহিত্যে 'চলিত ভাষা'র প্রচলন শুরু হতে থাকে। তৎকালীন সময়ের কিছু গদ্য লেখক পণ্ডিত সাহিত্যের বেড়াজাল থেকে বের হয়ে এসে আপামর জনসাধারণের 'কথ্য ভাষা'য় সাহিত্য রচনায় ব্রতী হন এবং সফল হন। বিশেষত, চলিত ভাষা রীতির প্রবর্তনে প্রমথ চৌধুরীর অবদান অনস্বীকার্য। তিনিই প্রথম চলিত ভাষায় সাহিত্য রচনা শুরু করেন এবং 'সবুজপত্র' সাহিত্য পত্রিকার মাধ্যমে চলিত রীতিকে সাহিত্যের ভাষা হিসেবে প্রতিষ্ঠার আন্দোলন করেন। প্রমথ চৌধুরীর 'বীরবলের হালখাতা' হলো বাংলা চলিত রীতিতে রচিত প্রথম পূর্ণাঙ্গ গ্রন্থ।

➲ আঞ্চলিক ভাষা বা উপভাষা : সাধু ও চলিত ভাষার বাইরে বিভিন্ন ক্ষুদ্র ক্ষুদ্র অঞ্চলের জনগণ নিজ নিজ অঞ্চলের ভাষায় নিজেদের মনেরভাব প্রকাশ করে। এগুলোকে 'আঞ্চলিক কথ্য ভাষা' বা 'উপভাষা' বলে। পৃথিবীর সব ভাষায়ই উপভাষা আছে। এক অঞ্চলের জনগণের মুখের ভাষার সঙ্গে অপর অঞ্চলের জনগণের মুখের ভাষার যথেষ্ট পার্থক্য দেখা যায়। অর্থাৎ, অঞ্চলের সাথে সাথে আঞ্চলিক ভাষারও পরিবর্তন ঘটে। ফলে এমন হয় যে, এক অঞ্চলের ভাষা অন্য অঞ্চলের লোকের কাছে দুর্বোধ্য হয়ে ওঠে। আক্ষরিক অর্থে উপভাষা বলতে 'ভাষা'র চেয়ে একটু নিম্ন বা কিছুটা কম মর্যাদাসম্পন্ন ভাষাকে বোঝায়। পৃথিবীর সব ভাষারই উপভাষা আছে। বাংলা ভাষার উপভাষা মোট ৫টি। যথা–

ক. রাঢ়ি (পশ্চিম ও মধ্যবঙ্গ)
খ. ঝাড়খণ্ডি (দক্ষিণ পশ্চিমবঙ্গ, সিংভূম, মানভূম, পুরুলিয়া অঞ্চল)
গ. বরেন্দ্রি (উত্তরবঙ্গ)
ঘ. বঙ্গালি (পূর্ব ও দক্ষিণ পূর্ববঙ্গ, বাংলাদেশ)
ঙ. কামরূপি (উত্তর পূর্ববঙ্গ, কোচবিহার, কাছাড়)। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, 'বাংলাভাষার সহোদর ভাষা' বলা হয়- 'অসমিয়া' ভাষাকে।



সাধু রীতি ও চলিত রীতির পার্থক্য

সাধু রীতি	চলিত রীতি
সাধু রীতি ব্যাকরণের নির্দিষ্ট নিয়ম অনুসরণ করে এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত।	চলিত রীতি পরিবর্তনশীল
এ রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল	এ রীতি তদ্ভব শব্দবহুল
সাধু রীতি নাটকের সংলাপ ও বক্তৃতার অনুপযোগী	এ রীতি নাটকের সংলাপ ও বক্তৃতার উপযোগী
এ রীতিতে সর্বনাম ও ক্রিয়া পদ এক বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে।	এ রীতিতে সর্বনাম ও ক্রিয়া পদ পরিবর্তিত ও সহজতর রূপ লাভ করে।
সর্বনাম, ক্রিয়া ও অনুসর্গের পূর্ণরূপ ব্যবহার করা হয়।	সর্বনাম, ক্রিয়া ও অনুসর্গের সংক্ষিপ্ত রূপ ব্যবহার করা হয়।

সাধু ও চলিত রীতির প্রয়োগ

সাধু রীতি : 'যে কথা একবার জমিয়ে বলা গিয়াছে, তাহার পর তাহা ফেনাইয়া ব্যাখ্যা করা চলে না।

চলিত রীতি : যে কথা একবার জমে বলা গেছে, তার পর তা ফেনিয়ে ব্যাখ্যা করা চলে না

সাধু রীতি : এই রূপ সাদৃশ্য অনেক চক্ষে পড়িবে।

চলিত রীতি : এরকম সাদৃশ্য অনেক চোখে পড়বে।

সাধু রীতি : অতঃপর তাহা ভাঙিয়া পড়িল।

চলিত রীতি : তারপর তা ভেঙে পড়ল।

সাধু ও চলিত রীতির বিভিন্ন পদের রূপভেদ

সাধু রীতি	চলিত রীতি	সাধু রীতি	চলিত রীতি
বিশেষ্য পদ			
তুলা	তুলো	জুতা	জুতো
পূজা	পূজো	সুতা	সুতো
জ্যোৎস্না/জোসনা	জোছনা	চর্মকার	চামার
মস্তক	মাথা	হস্ত	হাত
বিশেষণ পদ			
বন্য	বুনো	শুষ্ক/শুকনা	শুকনো
কিয়ৎক্ষণ	কিছুক্ষণ	রঙ্গিন	রঙিন
অতঃপর	তারপর	সতিশয়	অত্যন্ত
অব্যয় (অনুসর্গ)			
পূর্বেই	আগেই	অপেক্ষা	চেয়ে
সহিত	সাথে	হইতে	হতে
সর্বনাম			
তাহাকে	তাকে	তাঁহার	তাঁর
তাঁহারা	তাঁরা	উহা	ওটা
ক্রিয়া পদ			
আসিয়া	এসে	করিয়া	করে
করিল	করল	দেখিয়া	দেখে
ফুটিয়া	ফুটে	পড়িল	পড়ল
করিবার	করার	রহিয়াছে	রয়েছে
পার হইয়া	পেরিয়ে	হইয়া	হয়ে
পড়িয়াছেন	পড়েছেন	হইলেন	হলেন
খুলিয়া	খুলে	লিখা	লেখা
হউক	হোক	চলিয়া	চলে
গিয়াছে	গেছে	বলিয়া	বলে

বাংলা ভাষার উৎপত্তি

প্রশ্ন: মনের ভাব প্রকাশের প্রধান মাধ্যম কী?

উঃ ভাষা।

প্রশ্ন: বাংলা ভাষা কোন মূল ভাষাগোষ্ঠীর অন্তর্গত?

উঃ ইন্দো-ইউরোপীয়।

প্রশ্ন: ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠীর কয়টি শাখা ছিল?

উঃ ২টি। কেন্তুম ও শতম।

প্রশ্ন: ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠীর কোন শাখা থেকে বাংলা ভাষার উৎপত্তি হয়েছে?

উঃ শতম শাখা থেকে।

প্রশ্ন: বাংলার আদি অধিবাসীগণ কোন ভাষাভাষীর ছিলেন?

উঃ অস্ট্রিক।

প্রশ্ন: কোন ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভব ঘটেছে?

উঃ প্রাকৃত ভাষা থেকে।

প্রশ্ন: ড. মুহম্মদ শহীদুল্লার মতে, কোন ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভব ঘটেছে?

উঃ গৌড়ীয় প্রাকৃত ভাষা থেকে। তিনি মনে করেনে, গৌড়ীয় প্রাকৃতের অপভ্রংশ থেকে বাংলা ভাষার উৎপত্তি হয়েছে।

প্রশ্ন: ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, কোন ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভব ঘটেছে?

উঃ মাগধী প্রাকৃত ভাষা থেকে। তিনি মনে করেনে, মাগধী প্রাকৃতের অপভ্রংশ থেকে।

প্রশ্ন: কোন লিপি থেকে বাংলা লিপির উদ্ভব ঘটেছে বা বাংলা লিপির উৎস কী?

উঃ ব্রাহ্মী লিপি। (মনে রাখুন, বাংলা লিপির উৎপত্তি ব্রাহ্মী লিপি থেকে।

- পৃথিবীর সব ভাষারই - উপভাষা আছে।
- বাংলা ভাষা যে আদি ভাষা গোষ্ঠী বা মূল ভাষা গোষ্ঠীর অন্তর্গত– ইন্দো-ইউরোপীয় ভাষা গোষ্ঠীর শতম শাখা থেকে।
- ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, বাংলা ভাষার উৎপত্তি হয়েছে যে অপভ্রংশ থেকে- পূর্ব ভারতে প্রচলিত মাগধী অপভ্রংশ থেকে।
- ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, বাংলা ভাষার উৎপত্তি হয়েছে যে অপভ্রংশ থেকে- পূর্ব ভারতে প্রচলিত মাগধী অপভ্রংশ থেকে।
- ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, বাংলা ভাষার উৎপত্তি হয়েছে যে অপভ্রংশ থেকে- গৌড় অপভ্রংশ থেকে।
- ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, বাংলা ভাষার উৎপত্তি হয়েছে- সপ্তম শতকে।
- ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়সহ অধিকাংশ ভাষাবিদের মতে, বাংলা ভাষার উৎপত্তি হয়েছে- দশম শতকে।

ভাষার ব্যাকরণ

📖 **ব্যাকরণ :** বি + আ + √কৃ + অন = ব্যাকরণ। 'ব্যাকরণ' শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ 'বিশেষভাবে বিশ্লেষণ'। যে শাস্ত্রে কোনো ভাষার বিভিন্ন উপাদানের প্রকৃতি ও স্বরূপের বিশ্লেষণ করা হয় এবং বিভিন্ন উপাদানের সম্পর্ক নির্ণয় ও প্রয়োগবিধি বিশদভাবে আলোচিত হয়, তাকে ব্যাকরণ বলে।

📖 **ব্যাকরণ পাঠের প্রয়োজনীয়তা :** ব্যাকরণ পাঠ করে ভাষার বিভিন্ন উপাদানের গঠন প্রকৃতি ও সেসবের সুষ্ঠু ব্যবহারবিধি সম্পর্কে জ্ঞান লাভ করা যায় এবং লেখায় ও কথায় ভাষা প্রয়োগের সময় শুদ্ধাশুদ্ধি নির্ধারণ সহজ হয়।

পৃথিবীর যেকোনো ব্যাকরণ বা বাংলা ব্যাকরণের প্রধান আলোচ্য বিষয় বা ভাষার মৌলিক অংশ- ৪ টি। যথা-

➲ **১. ধ্বনিতত্ত্ব :** মানুষের বাক প্রত্যঙ্গ অর্থাৎ কণ্ঠনালি, মুখবিবর, জিহ্বা, আল-জিহ্বা, কোমল তালু, শক্ত তালু, দাঁত, মাড়ি, চোয়াল, ঠোঁট ইত্যাদির সাহায্যে উচ্চারিত আওয়াজকে 'ধ্বনি' বলা হয়। বাক প্রত্যঙ্গজাত ধ্বনির সূক্ষ্মতম মৌলিক অংশ বা একককে (Unit) ধ্বনিমূল (Phoneme) বলা হয়। বাক প্রত্যঙ্গজাত প্রত্যেকটি ধ্বনি এককের জন্য প্রত্যেক ভাষায়ই লেখার সময় এক একটি প্রতীক বা চিহ্ন (Symbol) ব্যবহৃত হয়। বাংলায় এ প্রতীক বা চিহ্নকে বলা হয় বর্ণ (Letter)। অর্থাৎ, ধ্বনি নির্দেশক চিহ্নকে 'বর্ণ' বলে। ধ্বনিতত্ত্বকে ইংরেজিতে 'Phonology' বলা হয়।

☛ **ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়-** ধ্বনির প্রতীক বা বর্ণের বিন্যাস, ধ্বনির পরিবর্তন, ণ-ত্ব বিধান ও ষ-ত্ব বিধান এবং সন্ধি।

➲ **২. শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব :** এক বা একাধিক ধ্বনির অর্থবোধক সম্মিলনে শব্দ তৈরি হয়, শব্দের ক্ষুদ্রাংশকে বলা হয় রূপ (morpheme)। রূপ গঠন করে শব্দ। সেই জন্য শব্দতত্ত্বকে রূপতত্ত্ব (Morphology) বলা হয়।

☛ **শব্দতত্ত্ব বা রূপতত্ত্বের আলোচ্য বিষয়-** শব্দ, শব্দের গঠন, বচন, লিঙ্গ, কারক, সমাস, উপসর্গ, প্রকৃতি-প্রত্যয় ও পুরুষ।

➲ **৩. বাক্যতত্ত্ব :** মানুষের বাকপ্রত্যঙ্গজাত ধ্বনি সমন্বয়ে গঠিত শব্দসহযোগে সৃষ্ট অর্থবোধক বাক প্রবাহের বিশেষ বিশেষ অংশকে বলা হয় বাক্য (Sentence)। বাক্যের সঠিক গঠনপ্রণালী, বিভিন্ন উপাদানের সংযোজন, বিয়োজন, এদের সার্থক ব্যবহারযোগ্যতা, বাক্যমধ্যে শব্দ বা পদের স্থান বা ক্রম, পদের রূপ পরিবর্তন ইত্যাদিকে বাক্যতত্ত্ব (Syntax) বলা হয়। বাক্যের মধ্যে কোন পদের পর কোন পদ বসে, কোন পদের স্থান কোথায় বাক্যতত্ত্বে এসবের পূর্ণ বিশ্লেষণ থাকে। বাক্যতত্ত্বকে পদক্রমও বলা হয়।

☛ **বাক্যতত্ত্বের আলোচ্য বিষয়-** বাক্য সংকোচন, পদ পরিবর্তন, পদবিন্যাস, প্রবাদ-প্রবচন, বাগধারা, এককথায় প্রকাশ ও বিরামচিহ্ন। এখানে উল্লেখ্য যে, বাক্যতত্ত্বের অপর নাম 'পদক্রম'।

➲ **৪. অর্থতত্ত্ব :** শব্দের অর্থবিচার, বাক্যের অর্থবিচার, অর্থের বিভিন্ন প্রকারভেদ, যেমন– মুখ্যার্থ, গৌণার্থ, বিপরীতার্থ ইত্যাদি যেখানে আলোচনা করা হয়, তাকে অর্থতত্ত্ব বা Semantics বলা হয়।

☛ **অর্থতত্ত্বের আলোচ্য বিষয়-** শব্দের অর্থবিচার, বাক্যের অর্থ বিচার।

➲ **বিদ্রঃ** এখানে উল্লেখ্য যে, শুধু বাংলা ভাষাই নয়, পৃথিবীর যে কোনো ভাষার মৌলিক অংশ বা প্রধান আলোচ্য বিষয় ৪টি।

➲ **প্রাতিপদিক :** বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপদিক বলে।

➲ **পদ :** বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে বলে- পদ।

➲ **মৌলিক শব্দ :** যে সব শব্দকে বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, তাকে মৌলিক শব্দ বলে। - নাক, লাল, তিন, গোলাপ (সহজ টেকনিকে মৌলিক শব্দ মনে রাখুন- তিন নাক লাল গোলাপ)। মৌলিক শব্দের যে অংশকে আর কোনোভাবেই বিভক্ত বা বিশ্লেষণ করা যায় না, তাকে প্রকৃতি বলে।

➲ **সাধিত শব্দ:** যে শব্দকে বিশ্লেষণ করলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায় তাকে সাধিত শব্দ বলে। মৌলিক শব্দ ব্যতীত অন্য সব শব্দকেই সাধিত শব্দ বলে। যেমন- গরমিল, দম্পতি।

➲ **অনুসর্গ :** বাংলা ভাষায় দ্বারা, দিয়া, কর্তৃক, চেয়ে, থেকে, উপরে, পরে, প্রতি, মাঝে, বই, ব্যতীত, অবধি, হেতু, জন্য, কারণ, মতো, তবে ইত্যাদি শব্দ কখনো অন্য শব্দের সঙ্গে যুক্ত না হয়ে স্বাধীনভাবে পদরূপে বাক্যে ব্যবহৃত হয়; আবার কখনো কখনো শব্দবিভক্তির ন্যায় অন্য শব্দের সঙ্গে প্রযুক্ত হয়ে অর্থবৈচিত্র্য ঘটিয়ে থাকে। এগুলোকে অনুসর্গ বলা হয়। যেমন– কেবল আমার জন্য তোমার এ দুর্ভোগ। মনোযোগ দিয়ে শোন, শেষ পর্যন্ত সবার কাজে আসবে।

বাংলা বর্ণমালায় মোট বর্ণ - ৫০ টি

স্বরবর্ণ - ১১টি

ব্যঞ্জনবর্ণ - ৩৯টি

মাত্রাহীন বর্ণ - ১০টি (এর মধ্যে স্বরবর্ণ ৪টি + ব্যঞ্জনবর্ণ ৬টি)

অর্ধমাত্রা বর্ণ - ৮টি (মনে রাখুন, অর্ধ আট। এর মধ্যে স্বরবর্ণ ১টি + ব্যঞ্জনবর্ণ ৭টি)

পূর্ণমাত্রা বর্ণ - ৩২টি (মনে রাখতে পারেন এইভাবে- একটি পূর্ণাঙ্গ মানুষের দাঁত থাকে ৩২টি। এর মধ্যে স্বরবর্ণ ৬টি + ব্যঞ্জনবর্ণ ২৬টি)

মৌলিক স্বরধ্বনি - ৭টি

যৌগিক স্বরধ্বনি- ২৫টি

যৌগিক স্বর জ্ঞাপক- ২টি (ঐ, ঔ। ঐ= অ + ই, ঔ= অ + উ)

স্পর্শধ্বনি বা বর্গীয় ধ্বনি- ২৫টি। ক থেকে ম পর্যন্ত ২৫টি ধ্বনিকে স্পর্শধ্বনি বা বর্গীয় ধ্বনি বলা হয়। (নোট: কিন্তু বাংলা বর্ণমালায় বর্গীয় ধ্বনি ২৫টি হলেও বর্গের সংখ্যা ৫টি। প্রতিটি বর্গে ৫টি করে বর্ণ থাকায় বর্গীয় বর্ণ বা ধ্বনির সংখ্যা ২৫টি। বর্গগুলোর নাম: ক-বর্গীয় ধ্বনি, চ-বর্গীয় ধ্বনি, ট-বর্গীয় ধ্বনি, ত-বর্গীয় ধ্বনি, প-বর্গীয় ধ্বনি)

বাংলা বর্ণমালায় কম্পনজাত ধ্বনি ১টি- র

বাংলা বর্ণমালায় তাড়নজাত ধ্বনি ২টি- ড়, ঢ়।

বাংলা বর্ণমালায় উষ্মধ্বনি বা শিশ ধ্বনি ৪টি- শ, ষ, স, হ।

বাংলা বর্ণমালায় পার্শ্বিক ধ্বনি ১টি- ল।

বাংলা বর্ণমালায় নিলীন ধ্বনি ১টি – অ।

বাংলা বর্ণমালায় খণ্ডব্যঞ্জন ধ্বনি - ৎ।

বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী ধ্বনি - ং, ঃ,ঁ

বাংলা বর্ণমালায় অন্তঃস্থ ধ্বনি - ব, য, র, ল।

নাসিক্য ধ্বনি/অনুনাসিকধ্বনি- ঙ, ঞ, ণ, ন, ম।

- **কার:** স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে 'কার' বলা হয়। বাংলা বর্ণমালায় 'কার' আছে এমন স্বরবর্ণ ১০টি (মনে রাখার সহজ টেকনিক: 'অ' ছাড়া সকল স্বরবর্ণের 'কার' আছে)
- **ফলা:** ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে 'ফলা' বলা হয়। বাংলা বর্ণমালায় 'ফলা' আছে এমন ব্যঞ্জনবর্ণ ৬টি (য, ব, ন, ম, র, ল। ফলাগুলো মনে রাখার সহজ টেকনিক: যৌবনে মরল ফলাফল। এখানে 'ফলাফল' মানে ফলা।)
- **উষ্মধ্বনি:** যে বর্ণে দ্যোতিত ধ্বনি উচ্চারণের সময় আমরা শ্বাস যতক্ষণ খুশি রাখতে পারি তাকে 'উষ্মধ্বনি' বা 'শিশধ্বনি' বলে। শ, ষ, স, হ- এই ৪ টি বর্ণকে বলা হয় 'উষ্মধ্বনি' বা 'শিশধ্বনি' অথবা 'উষ্মবর্ণ'।

  তবে এই ৪টি বর্ণের মধ্যে 'শ, ষ, স' হলো 'অঘোষ অল্পপ্রাণ ধ্বনি' এবং 'হ' হলো 'ঘোষ মহাপ্রাণ ধ্বনি'।
- **অঘোষ ধ্বনি:** যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না তাকে 'অঘোষ ধ্বনি' বলে। প্রতি বর্গের ১ম ও ২য় ধ্বনি এবং শ, ষ, স হলো 'অঘোষ ধ্বনি'। যেমন- ক, খ, চ, ছ, ট, ঠ, ত, থ, প, ফ এবং শ, ষ, স।
- **ঘোষ ধ্বনি:** যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় তাকে 'ঘোষ ধ্বনি' বলে। প্রতি বর্গের ৩য়, ৪র্থ ও ৫ম ধ্বনি এবং হ হলো 'ঘোষ ধ্বনি'। যেমন- গ, ঘ, ঙ, জ, ঝ, ঞ, ড, ঢ, ণ, দ, ধ, ন, ব, ভ, ম এবং হ।
- **অল্পপ্রাণ ধ্বনি:** যে ধ্বনি উচ্চারণের সময় নিঃশ্বাস জোরে সংযোজিত হয় না তাকে 'অল্পপ্রাণ ধ্বনি' বলে। প্রতি বর্গের ১ম ও ৩য় ধ্বনি এবং শ, ষ, স হলো 'অল্পপ্রাণ ধ্বনি'। যেমন- ক, গ, চ, জ, ট, ড, ত, দ, প, ব এবং শ, ষ, স।
- **মহাপ্রাণ ধ্বনি:** যে ধ্বনি উচ্চারণের সময় নিঃশ্বাস জোরে সংযোজিত হয় তাকে 'মহাপ্রাণ ধ্বনি' বলে। প্রতি বর্গের ২য় ও ৪র্থ ধ্বনি এবং হ হলো 'মহাপ্রাণ ধ্বনি'। যেমন- খ, ঘ, ছ, ঝ, ঠ, ঢ, থ, ধ, ফ, ভ এবং হ।

বাংলা বর্ণমালায় ৫টি বর্গ রয়েছে। যথা:

১। বাংলা বর্ণমালায় "ক" বর্গীয় ধ্বনিকে কণ্ঠ্যধ্বনি বা জিহ্বামূলীয় ধ্বনি বলা হয়।

২। বাংলা বর্ণমালায় "চ" বর্গীয় ধ্বনিকে তালব্য ধ্বনি বলা হয়।

৩। বাংলা বর্ণমালায় "ট" বর্গীয় ধ্বনিকে মূর্ধন্য ধ্বনি বা পশ্চাৎ দন্তমূলীয় ধ্বনি বলা হয়।

৪। বাংলা বর্ণমালায় "ত" বর্গীয় ধ্বনিকে দন্ত্য ধ্বনি বলা হয়।

৫। বাংলা বর্ণমালায় "প" বর্গীয় ধ্বনিকে ওষ্ঠ্য ধ্বনি বলা হয়।

গুরুত্বপূর্ণ যুক্তবর্ণ

হ্ম = হ্+ম (ব্রাহ্মণ)	ক্ত = ক্ + ত (শক্ত)
ক্ষ = ক্+ষ (ক্ষমা)	ন্ত = ন্ + ত (শান্তি)
ক্ষ্ম = ক্ + ষ্ + ম (লক্ষ্মণ)	ন্থ = ন্ + থ (গ্রন্থ)
ঙ্ক্ষ = ঙ্ + ক্ + ষ (আকাঙ্ক্ষা)	হ্ল = হ্ + ল (আহ্লাদ)
ষ্ণ = ষ্+ণ (কৃষ্ণ)	হ্ণ = হ্ + ণ (পূর্বাহ্ণ)
জ্ঞ = জ্+ঞ (বিজ্ঞান)	হ্ন = হ্ + ন (আহ্নিক)
ঞ্জ = ঞ্+জ (গঞ্জ)	হৃ = হ + ৃ [ঋ-কার] (হৃদয়)
ঞ্চ = ঞ্+চ (কাঞ্চন)	ষ্ক = ষ্ + ক(শুষ্ক)
ঞ্ছ = ঞ্ + ছ (লাঞ্ছনা)	

ধ্বনির পরিবর্তন

ধ্বনির পরিবর্তন : বাংলা ভাষায় ধ্বনির মূলত ৩ ধরনের পরিবর্তন ঘটে থাকে। যথা- ১. ধ্বন্যাগম, ২. ধ্বনি লোপ এবং ৩.ধ্বনির রূপান্তর।

স্বরাগম : উচ্চারণের সুবিধার জন্য বা অন্য কোনো কারণে শব্দের আদিতে বা সংযুক্ত ব্যঞ্জন-ধ্বনির মাঝখানে অথবা শব্দের শেষে অতিরিক্ত স্বরধ্বনি আসে, তাহলে তাকে স্বরাগম। বাংলা ভাষায় ৩ ধরনের স্বরাগম ঘটে। যথা-

ক. **আদি স্বরাগম (Prothesis) :** উচ্চারণের সুবিধার জন্য বা অন্য কোনো কারণে শব্দের আদিতে স্বরধ্বনি এলে তাকে আদি স্বরাগম বলে। যেমন- স্কুল > ইস্কুল (এখানে স্কুল শব্দের প্রথমে 'ই' স্বরধ্বনি এসেছে) স্টেশন > ইস্টিশন, স্তাবল > আস্তাবল ইত্যাদি।

খ. **মধ্য স্বরাগম, বিপ্রকর্ষ বা স্বরভক্তি (Anaptyxis) :** সময় সময় উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জন-ধ্বনির মাঝখানে স্বরধ্বনি আসে। একে বলা হয় মধ্য স্বরাগম বা বিপ্রকর্ষ বা স্বরভক্তি। যেমন–

অ – রত্ন > রতন, ধর্ম > ধরম, স্বপ্ন > স্বপন, হর্ষ > হরষ ইত্যাদি।

ই – প্রীতি > পিরীতি, ক্লিপ > কিলিপ, ফিল্ম > ফিলিম ইত্যাদি।

উ – মুক্তা > মুকুতা, তুর্ক > তুরুক, ভ্রূ > ভুরু ইত্যাদি।

এ – গ্রাম > গেরাম, প্রেক > পেরেক, স্রেফ > সেরেফ ইত্যাদি।

ও – শ্লোক > শোলোক, মুরগ > মুরোগ > মোরগ ইত্যাদি।

গ. **অন্ত্যস্বরাগম (Apothesis)** : কোনো কোনো সময় শব্দের শেষে অতিরিক্ত স্বরধ্বনি আসে। এরূপ স্বরাগমকে বলা হয় অন্ত্যস্বরাগম। যেমন- দিশ > দিশা, পোখত > পোক্ত, বেঞ্চ > বেঞ্চি, সত্য > সত্যি ইত্যাদি।

স্বরসঙ্গতি (Vowel harmony) : একটি স্বরধ্বনির প্রভাবে শব্দে অপর স্বরের পরিবর্তন ঘটলে তাকে স্বরসঙ্গতি বলে। যেমন- দেশি > দিশি, বিলাতি > বিলিতি, মূলা > মুলো ইত্যাদি। বাংলা ভাষায় কয়েক ধরনের স্বরসঙ্গতি হয়ে থাকে। যথা-

ক. **প্রগত (Progressive)** : আদিস্বর অনুযায়ী অন্ত্যস্বর পরিবর্তিত হলে প্রগত স্বরসঙ্গতি হয়। যেমন - মুলা > মুলো, শিকা > শিকে, তুলা > তুলো।

খ. **পরাগত (Regressive)** : অন্ত্যস্বরের কারণে আদ্যস্বর পরিবর্তিত হলে পরাগত স্বরসঙ্গতি হয়। যেমন- আখো > আখুয়া > এখো, দেশি > দিশি।

গ. **মধ্যগত (Mutual)** : আদ্যস্বর ও অন্ত্যস্বর অনুযায়ী মধ্যস্বর পরিবর্তিত হলে মধ্যগত স্বরসঙ্গতি হয়। যেমন- বিলাতি > বিলিতি।

ঘ. **অন্যোন্য (Reciprocal)** : আদ্য ও অন্ত্য দুই স্বরই পরস্পর প্রভাবিত হলে অন্যোন্য স্বরসঙ্গতি হয়। যেমন- মোজা > মুজো।

ঙ. **চলিত বাংলায় স্বরসঙ্গতি** : গিলা > গেলা, মিলামিশা > মেলামেশা, মিঠা > মিঠে, ইচ্ছা > ইচ্ছে ইত্যাদি। পূর্বস্বর উ-কার হলে পরবর্তী স্বর ও-কার হয়। যেমন- মুড়া > মুড়ো, চুলা > চুলো ইত্যাদি। বিশেষ নিয়মে - উড়ুনি > উড়নি, এখনি > এখুনি হয়।

সম্প্রকর্ষ বা স্বরলোপ : দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনির লোপকে বলা হয় সম্প্রকর্ষ। যেমন- বসতি > বস্‌তি, জানালা > জান্‌লা ইত্যাদি। বাংলা ভাষায় মূলত ৩ ধরনের সম্প্রকর্ষ তথা স্বরলোপ হয়ে থাকে। যথা-

ক. **আদিস্বরলোপ (Aphesis)** : যেমন- অলাবু > লাবু > লাউ, উদ্ধার > উধার > ধার।

খ. **মধ্যস্বর লোপ (Syncope)** : অগুরু > অগ্রু, সুবর্ণ > স্বর্ণ।

গ. **অন্ত্যস্বর লোপ (Apocope)** : আশা > আশ, আজি > আজ, চারি > চার (বাংলা), সন্ধ্যা > সঞ্ঝা > সাঁঝ। (স্বরলোপ বস্তুত স্বরাগমের বিপরীত প্রক্রিয়া।)

সমীভবন (Assimilation) : শব্দমধ্যস্থ দুটি ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প- বিস্তর সমতা লাভ করে। এ ব্যাপারকে বলা হয় সমীভবন। যেমন- জন্ম > জম্ম, কাঁদনা > কান্না ইত্যাদি। বাংলা ভাষায় মূলত ৩ ধরনের সমীভবন হয়ে থাকে। যথা-

ক. **প্রগত (Progressive) সমীভবন** : পূর্ব ধ্বনির প্রভাবে পরবর্তী ধ্বনির পরিবর্তন ঘটে। অর্থাৎ পরবর্তী ধ্বনি পূর্ববর্তী ধ্বনির মতো হয়, একে বলে প্রগত সমীভবন। যেমন- চক্র > চক্ক, পক্ব > পক্ক, পদ্ম > পদ্দ, লগ্ন > লগ্গ ইত্যাদি।

খ. **পরাগত (Regressive) সমীভবন** : পরবর্তী ধ্বনির প্রভাবে পূর্ববর্তী ধ্বনির পরিবর্তন হয়, একে বলে পরাগত সমীভবন। যেমন- তৎ + জন্য > তজ্জন্য, তৎ + হিত > তদ্ধিত, উৎ + মুখ > উন্মুখ ইত্যাদি।

গ. **অন্যোন্য (Mutual) সমীভবন** : যখন পরস্পরের প্রভাবে দুটো ধ্বনিই পরিবর্তিত হয় তখন তাকে বলে অন্যোন্য সমীভবন। যেমন- সংস্কৃত সত্য > প্রাকৃত সচ্চ। সংস্কৃত বিদ্যা > প্রাকৃত বিজ্জা ইত্যাদি।

বিষমীভবন (Dissimilation) : : দুটি সমবর্ণের একটির পরিবর্তন হওয়াকে বিষমীভবন বলে। যেমন- শরীর > শরীল (এখানে শরীর শব্দের দুটি সমবর্ণ হলো 'র' অর্থাৎ 'শরীর' শব্দটির দুটি 'র'-এর একটি পরিবর্তিত হয়ে 'শরীর' থেকে 'শরীল' হয়েছে), লাল > নাল ইত্যাদি।

অসমীকরণ (Dissimilation) : একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে যখন নতুন স্বরধ্বনি যুক্ত করা হয় তখন তাকে অসমীকরণ বলে। যেমন- ধপ + ধপ > ধপাধপ (এখানে 'া' ধ্বনি নতুন স্বরধ্বনি হিসেবে যুক্ত হয়েছে। একইভাবে টপ + টপ > টপাটপ।

অপনিহিতি (Apenthesis) : পরের ই কার ও উ কার আগেই উচ্চারিত হওয়ার রীতিকে বলে- অপনিহিতি। যেমন- আজি > আইজ (এখানে পরের 'ই'-এর উচ্চারণ আগে উচ্চারিত হয়েছে), সত্য > সইত্য ইত্যাদি।

অভিশ্রুতি (Umlaut) : বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে গেলে এবং তদনুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তন ঘটলে তাকে বলে অভিশ্রুতি। যেমন- করিয়া থেকে অপিনিহিতির ফলে 'কইরিয়া' কিংবা বিপর্যয়ের ফলে 'কইরা' থেকে অভিশ্রুতিজাত 'করে'। এরূপ- শুনিয়া > শুনে, বলিয়া > বলে, হাটুয়া > হাউটা > হেটো, মাছুয়া > মেছো ইত্যাদি।

অন্তর্হিতি : পদের মধ্যে অর্থাৎ শব্দের মধ্যে কোনো ব্যঞ্জন ধ্বনি লোপ পেলে তাকে অন্তর্হিতি বলে। যেমন- ফাল্গুন > ফাগুন (এখানে 'ল' ধ্বনিটি লোপ পেয়েছে অর্থাৎ 'ল' ধ্বনিটি বাদ পড়েছে), ফলাহার > ফলার।

ধ্বনি বিপর্যয় : শব্দের মধ্যে দুটি ব্যঞ্জনধ্বনির পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বলে। অর্থাৎ এই ক্ষেত্রে একটি ধ্বনি আরেকটি ধ্বনির স্থানে গিয়ে বসে পরস্পর স্থান পরিবর্তন করে। যেমন- বাক্স > বাস্ক (এখানে 'ক'-এর জায়গায় 'স' এবং 'স'-এর জায়গায় 'ক' বসেছে), রিক্সা > রিস্কা , পিশাচ > পিচাশ, লাফ > ফাল ইত্যাদি।

ব্যঞ্জন বিকৃতি : শব্দের মধ্যে কোনো ব্যঞ্জনধ্বনি পরিবর্তিত হয়ে নতুন কোনো ব্যঞ্জনধ্বনি ব্যবহৃত হলে তাকে ব্যঞ্জন বিকৃতি বলে। যেমন- কবাট > কপাট (এখানে 'কবাট' শব্দের 'ব' ব্যঞ্জনধ্বনিটি পরিবর্তন করে অর্থাৎ বিকৃত করে নতুন করে 'ব' ধ্বনিটির স্থলে 'প' ধ্বনিটি ব্যবহার করা হয়েছে), ধোবা > ধোপা ইত্যাদি।

ব্যঞ্জনচ্যুতি : পাশাপাশি সমউচ্চারণের দুটি ব্যঞ্জনধ্বনি থাকলে তার একটি লোপ পায়। এরূপ লোপকে বলা হয় ধ্বনিচ্যুতি বা ব্যঞ্জনচ্যুতি। যেমন- বউদিদি > বউদি, বড় দাদা > বড়দা ইত্যাদি।

Job Navigator

📖 **দ্বিত্ব ব্যঞ্জন :** কখনো কখনো জোর দেওয়ার জন্য শব্দের অন্তর্গত ব্যঞ্জনধ্বনির দ্বিত্ব উচ্চারণ হয়, একে দ্বিত্ব ব্যঞ্জন বলা হয়। যেমন- পাকা > পাক্কা (এখানে 'ক' ব্যঞ্জনধ্বনিটি দুই বার উচ্চারিত হয়েছে), সকাল > সক্কাল।

পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে

- ভাষার মূল উপাদান - ধ্বনি
- ভাষার মূল উপকরণ - বাক্য
- ভাষার ক্ষুদ্রতম একক - ধ্বনি
- ভাষার বৃহত্তম একক - বাক্য
- বাক্যের ক্ষুদ্রতম একক হলো- শব্দ
- শব্দের ক্ষুদ্রতম একক হলো - ধ্বনি (Sound)
- শব্দের ক্ষুদ্রাংশকে বলা হয়- রূপ (Morpheme)
- ধ্বনির সূক্ষ্মতম মৌলিক অংশ বা একককে বলা হয়- ধ্বনিমূল (Phoneme)
- ধ্বনি নির্দেশক চিহ্ন - বর্ণ
- ভাষার ইট বলা হয় - বর্ণ
- ক্রিয়ার মূলকে বলা হয়- ধাতু
- শব্দ ও ধাতুর মূলকে বলা হয়- প্রকৃতি
- সাধু রীতি- গুরুগম্ভীর ও তৎসম শব্দ বহুল।
- সাধু রীতি- নাটকের সংলাপ ও বক্তৃতায় অনুপযোগী।
- চলিত রীতি- পরিবর্তনশীল।
- চলিত রীতি - তদ্ভব শব্দবহুল।।
- চলিত রীতি- সংক্ষিপ্ত ও সহজবোধ্য।
- চলিত রীতি- বক্তৃতা, আলাপ-আলোচনা ও নাটকের সংলাপের জন্য উপযোগী।
- সাধু ভাষায় সর্বনাম ও ক্রিয়াপদ দীর্ঘ কিন্তু চলিত ভাষায় সংক্ষিপ্ত।
- সাধু ভাষা ও চলিত ভাষার মিশ্রণকে বলে- গুরুচণ্ডালী দোষ।

বাংলা ভাষায় ব্যবহৃত বিভিন্ন প্রকার শব্দ

☞ শব্দের গঠনগত দিক থেকে বাংলা ভাষার শব্দকে ২ ভাগে ভাগ করা যায়: যথা: ১। মৌলিক শব্দ, ২। সাধিত শব্দ।

☞ শব্দের অর্থগত দিক থেকে বাংলা ভাষার শব্দকে ৩ ভাগে ভাগ করা যায়: যথা: ১। যৌগিক শব্দ, ২। রূঢ় বা রূঢ়ি শব্দ, ৩। যোগরূঢ় শব্দ।

☞ শব্দের উৎপত্তির দিক থেকে বাংলা ভাষার শব্দকে ৫ ভাগে ভাগ করা যায়: যথা: ১। তৎসম শব্দ বা সংস্কৃত শব্দ, ২। অর্ধ-তৎসম শব্দ, ৩। তদ্ভব শব্দ, ৪। দেশি শব্দ, ৫। বিদেশি শব্দ।

❑ **মৌলিক শব্দ:** যে শব্দকে আর কোনোভাবে বিশ্লেষণ করা যায় না বা কোনোভাবে ভাঙা যায় না, তাকে মৌলিক শব্দ বলে। এখানে উল্লেখ্য যে, কোনো মৌলিক শব্দের যে অংশকে আর কোনোভাবে ভাঙা যায় না বা বিশ্লেষণ করা যায় না, তাকে প্রকৃতি বলে। মৌলিক শব্দগুলো হলো: মা, তিন, পা, নাক, লাল, গোলাপ ইত্যাদি। [মনে রাখার সহজ টেকনিক: মা, লাল গোলাপের তিনটি পা ও নাক আছে]

❑ **সাধিত শব্দ:** মৌলিক শব্দ ছাড়া অন্য যে কোনো উপায়ে নতুন শব্দ গঠিত হলে সেগুলোই সাধিত শব্দ। যেমন: সমাস, সন্ধি, উপসর্গ, প্রত্যয় ইত্যাদির মাধ্যমে গঠিত নতুন শব্দই সাধিত শব্দ। সমাসের মাধ্যমে গঠিত সাধিত শব্দ- সিংহাসন, সন্ধির মাধ্যমে গঠিত সাধিত শব্দ- সদ্যোজাত, উপসর্গের মাধ্যমে গঠিত সাধিত শব্দ- সুনাম, প্রত্যয়ের মাধ্যমে গঠিত সাধিত শব্দ- মহিমা।

❑ **যৌগিক শব্দ মনে রাখার সহজ টেকনিক:** নয়নের দৌহিত্র মিতালি পাঠককে পাওয়ার আশায় কর্তব্য ভুলে গিয়ে গায়ক থেকে নায়ক হতে চায়।

যৌগিক শব্দগুলো: নয়ন, দৌহিত্র, মিতালি, পাঠক, কর্তব্য, গায়ক, নায়ক।

❑ **রূঢ় বা রূঢ়ি শব্দ মনে রাখার সহজ টেকনিক:** প্রবীণ রাখাল পাঞ্জাবি পরে মাঠে হস্তী, হরিণ ছেড়ে দিয়ে বাঁশি বাজায় আর সন্দেশ খায় এবং মাঝেমধ্যে গবেষণাও করে।

রূঢ় বা রূঢ়ি শব্দগুলো: প্রবীণ, রাখাল, পাঞ্জাবি, হস্তী, হরিণ, বাঁশি, সন্দেশ, গবেষণা।

❑ **যোগরূঢ় শব্দ মনে রাখার সহজ টেকনিক:** পঙ্কজ ও আদিত্য তুরঙ্গমে (ঘোড়ায়) করে রাজপুতকে সাথে নিয়ে জলদ পাওয়ার আশায় জলধিতে মহাযাত্রা করে।

যোগরূঢ় শব্দগুলো: পঙ্কজ, আদিত্য, তুরঙ্গ, রাজপুত, জলদ, জলধি, মহাযাত্রা।

❑ **তৎসম শব্দ মনে রাখার সহজ টেকনিক:**
'হস্ত'-এ যদি থাকে 'শক্তি'
'চন্দ্র' 'সূর্য' 'নক্ষত্র' করবে 'ভক্তি'।
'ভবন'-এর 'পত্র' 'ধর্ম',
'লাভ' 'ক্ষতি' 'মনুষ্য' 'পর্বত'-এর 'কর্ম'।
'সন্ধ্যায়' করো না 'ভোজন' 'শয়ন' 'গমন'।

[তৎসম শব্দ চেনার সহজ উপায়: এসব শব্দে র, রেফ (র্), র-ফলা (্র), য-ফলা (্য), ঋ, ঋ-কার (ৃ), ষ, ণ, ক্ষ বেশি থাকে। আরো সহজভাবে বললে, ণ-ত্ব বিধান, ষ-ত্ব বিধানের প্রয়োগ লক্ষ্য করা যায়।]

❑ **অর্ধতৎসম শব্দ মনে রাখার সহজ টেকনিক:**
'গিন্নি' ও 'জ্যোছনা' 'কুৎসিত' পোশাক পরে 'বোষ্টম' (বৈষ্ণব)-এর বাড়িতে 'নেমন্তন্ন' (নিমন্ত্রণ) খেতে যান। 'কেষ্ট' (কৃষ্ণ)-এর 'খিদে' পাওয়ায় 'ছেরাদ্দ' (শ্রাদ্ধা) ভুলে 'চন্দর' (চন্দ্র) ও 'সুরুজ' (সূর্য) দেখেন।

[অর্ধ-তৎসম শব্দ চেনার সহজ উপায়: এসব শব্দ বলতে ও শোনতে বেখাপ্পা লাগে বেশি। কারণ এই শব্দগুলো তৎসম শব্দের কিছুটা বিকৃত রূপ। এছাড়া, এই ধরনের শব্দ আমাদের দৈনন্দিন জীবনে খুব একটা ব্যবহৃত হতে দেখা যায় না।]

Job Navigator

❑ **তদ্ভব শব্দ মনে রাখার সহজ টেকনিক:**

'আঁখি' 'আজ' করেছে 'কাজ',
'মৌ' পরেছে 'বিয়ে'-এর 'সাজ'।
'বৌমা' এনেছে 'মাছ' 'ভাত'।
'মাথা'য় 'হাত' 'কান'-এ 'দাঁত',
'চাঁদ' 'সই' করা 'তদ্ভব'-এর 'কাজ'।

[তদ্ভব শব্দ চেনার সহজ উপায়: এই ধরনের শব্দ মূলত আমরা দৈনন্দিন জীবনে স্বাভাবিকভাবে বেশি ব্যবহার করে থাকি এবং এই ধরনের শব্দ বলতে ও শুনতে সহজ।]

❑ **দেশি শব্দ মনে রাখার সহজ টেকনিক:** এক গন্তের কুড়ি ডাগর টোপর মাথায় দিয়ে চোঙ্গা হাতে পেটের জ্বালায় চুলা কুলা ডাব ও ডিঙা নিয়ে ঢেঁকির উপর পা দিয়ে টং এর মাচায় উঠল।

দেশি শব্দগুলো: গন্ত, কুড়ি, ডাগর, টোপর, চোঙ্গা, পেট, চুলা, কুলা, ডাব, ডিঙা, ডিঙি, ঢেঁকি, টং, মাচা।

[দেশি শব্দ চেনার সহজ উপায়: এই ধরনের শব্দ অজপাড়া গাঁয়ে বেশি ব্যবহৃত হয়। বিশেষ করে বয়স্ক নারী-পুরুষের মুখে বেশি শোনা যায়।]

❑ **বিদেশি শব্দ: নিম্নে বিদেশি শব্দগুলো মনে রাখার সহজ টেকনিক দেয়া হলো:**

❑ **পর্তুগিজ শব্দ মনে রাখার টেকনিক:** ইংরেজ গির্জার পাদ্রি চাবি দিয়ে গুদামের আলমারি খুলে তাতে আনারস, পেঁপে, পেয়ারা, আলপিন ও আলকাতরা রাখলেন। কেরানির মাধ্যমে সাবান দিয়ে কামরা ও বারান্দা পরিষ্কার করে জানালা খুলে নিলেন। তারপর ইস্পাতের পেরেক, ইস্ত্রি ও পিস্তল তোয়ালে দিয়ে প্যাঁচিয়ে বালতিতে রেখে বোমা বানালেন। এদিকে কেরানি পাউরুটি খেয়ে বোতাম খুলে টুপি মার্কা বেহালা নিয়ে নিলামে যেতে প্রস্তুত।

❑ **পর্তুগিজ শব্দগুলো:** ইংরেজ, গির্জা, পাদ্রি, চাবি, গুদাম, আলমারি, আনারস, পেঁপে, পেয়ারা, আলপিন, আলকাতরা, কেরানি, সাবান, কামরা, বারান্দা, জানালা, ইস্পাত, পেরেক, ইস্ত্রি, পিস্তল, তোয়ালে, বালতি, বোমা, পাউরুটি, বোতাম, টুপি, মার্কা, বেহালা ও নিলাম ইত্যাদি।

❑ **তুর্কি শব্দ মনে রাখার টেকনিক:** বিবি বেগম কোর্মা খায় বাহাদুর দেশ চালায়। উর্দি পড়া দারোগা বাবা তাকিয়ে দেখে তোশকের উপর খোকা কুলির লাশ পড়ে আছে। চাকু হাতে বাবুর্চি ঠাকুর তাই দেখে হতবাক। বাহাদুর বারুদসহ বন্দুক হাতে নিলে বাবুর্চি ঠাকুর মুচলেকা দিয়ে দৌড়ে পালায়।

❑ **তুর্কি শব্দগুলো:** বিবি, বেগম, কোর্মা, বাহাদুর, উর্দি, দারোগা, বাবা, তোশক, খোকা, কুলি, লাশ, চাকু, বাবুর্চি, ঠাকুর, বারুদ, বন্দুক, মুচলেকা।

❑ **ফার্সি শব্দ মনে রাখার সহজ টেকনিক:**

১. আইন সংক্রান্ত সকল শব্দ আরবি কিন্তু 'আইন' শব্দটিই ফারসি শব্দ। যেমনঃ আদালত, এজলাস, হাকিম, মুহুরি, ইশতেহার ইত্যাদি আইন বিষয়ক শব্দ তাই এগুলো আরবি শব্দ। শুধু 'আইন' নিজেই ফারসি শব্দ।

২. শব্দের শেষে যদি 'কর' বা 'গর' থাকে এবং তা পেশা বোঝায় তাহলে সেই শব্দগুলো ফারসি শব্দ। যেমন- কারিগর, জাদুকর, সওদাগর ইত্যাদি।

৩. পাঁচটি প্রত্যয় (বন্দি, বাজ, দার, সই, নবিশ) এই শব্দগুলো যদি শব্দের শেষে থাকে তবে সেই শব্দগুলো ফারসি শব্দ। যেমনঃ দুর্নীতিবাজ, ঝাড়ুদার, চৌকিদার, অংশীদার, চাপাবাজ, ধোঁকাবাজ, রাজবন্দি, গৃহবন্দি, নজরবন্দি, কারাবন্দি, টেকসই, জুতসই, মানানসই, চলনসই, উদীচী, শিক্ষানবিশ ইত্যাদি।

৪. চারটি রং (নীল- তৎসম শব্দ, কালো- দেশি শব্দ, চকলেট- ম্যাক্সিকান শব্দ, ম্যাজেন্টা- ইতালিয়ান শব্দ) বাদে পৃথিবীর সকল রংয়ের শব্দগুলোই ফারসি শব্দ।

❑ **ফারসি শব্দ মনে রাখার টেকনিক:**

* **টেকনিক-১ :** নামাজ রোজা করলে বেহেশত, আর গুনাহ করলে দোযখ, ফেরেস্তারা গুনাহ'র হিসাব রাখবে, আর পয়গম্বর খোদার কাছে গুনাহ মাফের সুপারিশ করবে।

ফারসি শব্দ: নামাজ, রোজা ,বেহেশত, গুনাহ, দোযখ, ফেরেস্তা, পয়গম্বর, খোদা, গুনাহ, সুপারিশ। [উল্লেখ্য যে, **'হিসাব'** একটি আরবি শব্দ]

* **টেকনিক-২ :** ফরিয়াদি সালিশের জন্য বাদশাহর কাছে নালিশ করলে বাদশাহ ফৌজদারি আসামি জমিদারকে চাকুরি থেকে বরখাস্ত করল এবং গ্রেফতার করে জরিমানা ও খাজনা নিয়ে পেরেশানি করল। আফসোস, গোয়েন্দার তালাশের অভাবে আদমশুমারির সবজির আমদানি-রপ্তানির বাজার কমে যাওয়ায় সরকার বখশিশ হিসেবে বাগিচা-বাগান থেকে পেঁয়াজ বস্তা ভরে পাইকারি বিক্রেতা চশমা পরা চশমখোরের কারসাজিতে বদমাস জানোয়ার জঙ্গি পাঞ্জেরির আস্তানাতে নিয়ে গেল।

ফারসি শব্দগুলো : ফরিয়াদি, সালিশ, নালিশ, বাদশাহ, ফৌজদারি, আসামি, আসামি, চাকুরি, বরখাস্ত, গ্রেফতার, জরিমানা, খাজনা, পেরেশানি, আফসোস, গোয়েন্দা, তালাশ, আদমশুমারি, সবজি, আমদানি, রপ্তানি, বাজার, সরকার, বখশিশ, বাগিচা, বাগান, পেঁয়াজ, বস্তা, পাইকারি, চশমা, চশমাখোর, কারসাজি, বদমাস, জানোয়ার, জঙ্গি, পাঞ্জেরি, আস্তানা।

❑ **আরবি শব্দ মনে রাখার টেকনিক:** আরবে ইসলামে বিশ্বাসী ঈমানদার ওজু গোসল করে হাদিস কোরআন তসবি পড়ার পর হজ, যাকাত ও কোরবানি করে, হালাল-হারাম ও আল্লাহর পথ মেনে চলে জান্নাত লাভ ও জাহান্নাম হতে মুক্তির হিসাব করে। নির্ধারিত তারিখে উকিল মোক্তার মক্কেল, মুন্সেফ কিতাব, কানুন, দোয়াত-কলম নিয়ে মহকুমা আদালতে এজলাসে বসে রায় খারিজ করেন। ঈদের দিন আলেম এলেম, ইনসান বলে, মুসাফির লেবুর ব্যবসায় লোকসানে আছি। বাকির ওজর কেচ্ছা দালালি বাদ দিয়ে নগদ দাও।

আরবি শব্দ: ঈমানদার, ওযু, গোসল, হাদিস, কোরআন, তসবি, হজ, যাকাত, কোরবানি, হালাল, হারাম, আল্লাহ, জান্নাত, জাহান্নাম, হিসাব, তারিখ, উকিল, মোক্তার, মক্কেল, মুন্সেফ, কিতাব, কানুন, দোয়াত, কলম, মহকুমা, আদালত, এজলাস, রায়, ঈদ, আলেম, এলেম, ইনসান, মুসাফির, লেবু, ব্যবসা, লোকসান, বাকি, ওজর, কেচ্ছা, দালালি ও নগদ।

❑ ফরাসি শব্দ মনে রাখার টেকনিক: ফরাসি বুর্জোয়ারা কার্তুজ কেটে ডিপোতে গাড়ি রেখে কুপন নিয়ে ক্যাফে-রেঁস্তরায় গিয়ে রেঁনেসার মুডি দেখার আঁতাত করে।

ফরাসি শব্দগুলো: বুর্জোয়া, কার্তুজ, ডিপো, কুপন, ক্যাফে, রেঁস্তরা, রেঁনেসা, আঁতাত।

❑ হিন্দি শব্দ মনে রাখার টেকনিক: চাচা-চাচি, দাদা-দাদি, ফুফা-ফুফি ও দুলা হলো ভরসার ঠিকানা। জিলাপি, পানি, চাটনি, খেলনা ছিনতাইয়ের আগড়ম-বাগড়ম কাহিনির পাঁয়তারা এখনই বন্ধ না করলে বেটা ধোলাই খাবি।

হিন্দি শব্দগুলো: চাচা, চাচি, দাদা, দাদি, ফুফা, ফুফি, দুলা, ভরসা, ঠিকানা, জিলাপি, পানি, চাটনি, খেলনা, ছিনতাই, আগড়ম-বাগড়ম, কাহিনি, পাঁয়তারা, বেটা, ধোলাই।

❑ ওলন্দাজ শব্দ মনে রাখার টেকনিক: ওলন্দাজরা ইস্কাপন, টেক্কা, তুরুপ, রুইতন, হরতন দিয়ে তাস খেলে।

ওলন্দাজ শব্দগুলো: ইস্কাপন, ইস্কুপ, টেক্কা, তুরুপ, হরতন, রুইতন। (মনে রাখুন, তাস খেলার সাথে সম্পর্কিত সকল শব্দ ওলন্দাজ)

❑ গুজরাটি শব্দ মনে রাখার টেকনিক: গুজরাটিরা খদ্দর পরে হরতাল করে।

গুজরাটি শব্দগুলো: খদ্দর এবং হরতাল গুজরাটি শব্দ।

❑ চীনা শব্দ মনে রাখার টেকনিক: চীনারা চা, চিনি, লিচু ও লুচি খায় সাম্পানে নৌকাতে) বসে।

চীনা শব্দগুলো: চা, চিনি, লিচু ও লুচি, সাম্পান চীনা শব্দ। (মনে রাখুন, চীনা শব্দের আগে বা পড়ে 'চ' বা এর কাছাকাছি বর্ণ আছে)

❑ বর্মি (বার্মা) শব্দ মনে রাখার টেকনিক: লুঙ্গি ও ফুঙ্গি বার্মাদের ঐতিহ্যবাহী পোশাক।

বর্মি (বার্মা) শব্দগুলো: লুঙ্গি ও ফুঙ্গি। (নোট: 'গেঞ্জি' একটি ইংরেজি শব্দ।

❑ জাপানি শব্দ মনে রাখার টেকনিক: হাসনাহেনা ক্যারাটে ও জুডো শিখতে রোজ রিকশায় চড়ে প্যাগোডায় যায়।

❑ জাপানি শব্দগুলো: হাসনাহেনা, ক্যারাটে, জুডো, রিকশা, প্যাগোডা।

❑ গ্রিক শব্দ: দাম, সুড়ং।

❑ ইতালীয় শব্দ: ম্যাজেন্টা।

❑ মেক্সিকান শব্দ: চকোলেট।

❑ অস্ট্রেলীয় শব্দ: ক্যাঙ্গারু, বুমেরাং।

❑ সিংহলি শব্দ: সিডর (সিডর অর্থ- চোখ)

❑ মালয় শব্দ: কিরিচ, আইলা (আইলা অর্থ- ডলফিন জাতীয় কিছু)

❑ ইংরেজি শব্দ: খ্রিস্ট, বোতল, হাসপাতাল, পুলিশ, গেঞ্জি, চেয়ার, টেবিল।

মিশ্র শব্দ মনে রাখার সহজ টেকনিক :

ন ভিন্ন ভাষার দুই বা ততোধিক শব্দ যুক্ত হয়ে শব্দ গঠন করে, ক মিশ্র শব্দ বলে।

ম+ফারসি: রাজাবাদশা তৎসম ও ফারসি শব্দ শিখার জন্য সবজি

শব্দ: রাজাবাদশা, শাকসবজি।

বাংলা+ফারসি: হাটবাজার।

ইংরেজি +ফারসি: হেডমৌলভি ডাক্তারখানায় যায় ফুলমোজা পরে।

শব্দ: হেডমৌলভি, ডাক্তারখানা, ফুলমোজা।

ইংরেজি+তৎসম: হেড-পণ্ডিত, খ্রিস্টাব্দ।

ইংরেজি+তদ্ভব: মাস্টারমশাই।

ইংরেজি+বাংলা: পকেটমার।

ফার্সি+আরবি: চৌহদ্দি।

পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে

বাবা তর্কি শব্দ কিন্তু আব্বু উর্দু শব্দ; আব্বু উর্দু শব্দ কিন্তু আব্ব সংস্কৃত শব্দ; রুটি হিন্দি শব্দ কিন্তু পাউরুটি পর্তুগিজ শব্দ; আইন ফার্সি শব্দ কিন্তু আদালত আরবি শব্দ; আমলা আরবি শব্দ কিন্তু চামুন্ডি ফার্সি শব্দ; আঁতাত ফরাসি শব্দ কিন্তু পাঁয়তারা হিন্দি শব্দ; ইংরেজ শব্দটি পর্তুগিজ, ইংলিশ নয়; ম্যাজেন্টা ইতালীয় শব্দ কিন্তু চকোলেট মেক্সিকান শব্দ।

পারিভাষিক শব্দ

'পরিভাষা' অর্থ বিশেষ অর্থে নির্দিষ্ট শব্দ বা সংজ্ঞা। বাংলা ভাষায় ব্যবহৃত বিদেশি শব্দের ভাবানুবাদমূলক প্রতিশব্দকে পারিভাষিক শব্দ বলে। নিম্নে কয়েকটি গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দ দেওয়া হল-

- Attestation - সত্যায়ন
- Attested - সত্যায়িত
- Attested Copy - সত্যায়িত প্রতিলিপি
- Certify - প্রত্যয়ন করা
- Certified - প্রত্যয়িত
- Certified Copy - প্রত্যয়িত অনুলিপি
- Certificate - প্রত্যয়নপত্র
- Nationalized - জাতীয়করণ
- Nationalization - রাষ্ট্রায়ত্তকরণ
- Manuscript - পাণ্ডুলিপি
- Memorandum - স্মারকলিপি
- Monument- স্মৃতিসৌধ
- Announcement - ঘোষণা
- Amendment - সংশোধন
- In charge - ভারপ্রাপ্ত
- Acting - ভারপ্রাপ্ত
- Biography - জীবনী
- Autobiography - আত্মজীবনী
- Propaganda - প্রচারণা
- Circulation - প্রচার
- Circulate - প্রচার করা

Job Navigator

- Circular - বিজ্ঞপ্তি
- Notification - প্রজ্ঞাপন
- Gazette - ঘোষণাপত্র/সরকারি ইশতেহার
- Gazetted- ঘোষিত
- Issue - প্রচার
- Chancellor - আচার্য
- Vice-chancellor - উপাচার্য
- Intellectual - বুদ্ধিজীবী
- Intelligentsia - বুদ্ধিজীবী সমাজ
- Civil Society - সুশীল সমাজ
- Civil - বেসামরিক
- Justice - বিচারপতি
- Judgment - রায়
- Census - আদমশুমারি
- Consensus - ঐকমত্য
- Dialect - উপভাষা
- Dialogue - সংলাপ
- Blockade - অবরোধ
- Deadlock - অচলাবস্থা
- Aboriginal - আদিম
- Tribe - উপজাতি
- Cadre - পদালি
- Rank - পদমর্যাদা
- Hierarchy - আধিপত্য পরম্পরা
- Knowledge - জ্ঞান
- Wisdom - প্রজ্ঞা
- Amplitude - বিস্তার
- Amplification - পরিবর্ধন
- Flora - উদ্ভিদকুল
- Fauna - প্রাণিকুল
- Hand-bill - ইশতেহার
- Handbook - তথ্যপুস্তিকা
- File - নথি
- Portfolio - দপ্তর
- Guideline - নীতিপন্থা নির্দেশনা
- Ordinance - অধ্যাদেশ
- Ordnance - সমরাস্ত্র
- Act - আইন
- Pact - চুক্তি
- Deed - দলিল
- Syllabus - পাঠ্যক্রম
- Routine - নিত্যক্রম
- Subjudice - বিচারাধীন
- Sub-conscious - অবচেতন
- Demonstration - প্রদর্শন
- Demonstrator - প্রদর্শক
- Rank - পদমর্যাদা
- Postage - ডাকমাশুল
- Hostage - জিম্মি
- Plebiscite - গণভোট
- Referendum - গণভোট
- Reference - সূত্র
- Custom - প্রথা
- Customs – শুল্ক
- Excise duty - আবগারি শুল্ক
- Tariff duty - শুল্ককর
- Customshouse – শুল্ক ভবন
- Good - ভালো
- Goods - পণ্য
- Faculty - অনুষদ
- Council - পরিষদ
- Valuation - মূল্যায়ন
- Devaluation- অবমূল্যায়ন, মূল্যহ্রাস
- Note - মন্তব্য
- Key-note - মূলভাব
- Vocation - বৃত্তি
- Vacation - ছুটি
- Vacancy - শূন্য/খালি
- Emigrant - প্রবাসী
- Immigrant - অভিবাসী

বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক প্রামাণ্যগ্রন্থ ও রচয়িতা

* বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক প্রথম উল্লেখযোগ্য গ্রন্থ কোনটি?
  -বঙ্গভাষা ও সাহিত্য, (১৮৯৬)
* বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক প্রথম উল্লেখযোগ্য গ্রন্থ 'বঙ্গভাষা ও সাহিত্য' এর রচয়িতা কে?
  -ড. দীনেশচন্দ্র সেন।
* ভাষা ও সাহিত্য- ড. মুহম্মদ শহীদুল্লাহ
* বাঙ্গালা সাহিত্যের কথা-ড. মুহম্মদ শহীদুল্লাহ
* বাঙ্গালা সাহিত্যের কথা -ড.সুকুমার সেন
  [নোট: একই নামে দুজনই লিখেছেন।]
* বাংলা সাহিত্যের ইতিবৃত্ত- মুহম্মদ আবদুল হাই ও সৈয়দ আলী আহসান
* বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত- ড. মুহম্মদ শহীদুল্লাহ
* ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব- ড. মুহম্মদ আবদুল হাই

* তুলনামূলক ও ঐতিহাসিক ভাষাবিজ্ঞান - হুমায়ুন আজাদ।
* শব্দতত্ত্ব- রবীন্দ্রনাথ ঠাকুর
* সংস্কৃতির কথা- মোতাহের হোসেন চৌধুরী
* সংস্কৃতির চড়াই উৎরাই- শওকত ওসমান
* সংস্কৃতি ভাঙ্গা সেতু - আখতারুজ্জমান ইলিয়াস
* Buddhist Mystic Songs - ড. মুহাম্মদ শহীদুল্লাহ
* The Origin and Development of Bengali Language (ODBL) -ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় (তিন খণ্ডে রচিত)

বাংলা বিখ্যাত ব্যাকরণ গ্রন্থ ও রচয়িতা

* প্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন কে?- ম্যানুয়েল দ্য আঁসসুম্পসাও (১৭৪৩)
* বাংলা ভাষার প্রথম ব্যাকরণ রচনা করেন কে?- ম্যানুয়েল দ্য আঁসসুম্পসাও
* বাংলা ভাষার প্রথম আদর্শ ব্যাকরণ রচনা করেন কে?- নাথানিয়েল ব্রাসি হ্যালহেড (১৭৭৮) (তিনি ইংরেজি ভাষায় বাংলা ব্যাকরণ রচনা করেন)
* বাংলা ভাষার প্রথম ব্যাকরণগ্রন্থ রচনা করেন কে?- নাথানিয়েল ব্রাসি হ্যালহেড
* বাংলা ভাষায় প্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন কে?- রাজা রামমোহন রায়
* বাঙালিদের মধ্যে প্রথম বাংলা ব্যাকরণ রচনা করেন কে?- রাজা রামমোহন রায়
* বাংলা ভাষায় প্রথম বাংলা ব্যাকরণগ্রন্থ রচনা করেন কে?- রাজা রামমোহন রায় (১৮৩৩)
* বাংলা ভাষার প্রথম ব্যাকরণগ্রন্থের নাম কী?
  A Grammar of the Bengal Language (১৭৭৮)
  (এটি নাথানিয়েল ব্রাসি হ্যালহেড কর্তৃক রচিত ইংরেজি অক্ষরে মুদ্রিত বাংলা ভাষার প্রথম ব্যাকরণগ্রন্থ)
* বাংলা ভাষায় রচিত প্রথম বাংলা ব্যাকরণগ্রন্থের নাম কী?- গৌড়ীয় ব্যাকরণ। (বাঙালি কর্তৃক রচিত প্রথম বাংলা ব্যাকরণগ্রন্থ)
* বাংলা ভাষায় রচিত বঙ্গাক্ষরে মুদ্রিত প্রথম বাংলা ব্যাকরণগ্রন্থের নাম কী?- গৌড়ীয় ব্যাকরণ।
* A Grammar of the Bengal Language-এর রচয়িতা হলেন- নাথানিয়েল ব্রাসি হ্যালহেড (১৭৭৮)
* A Grammar of the Bengali Language-এর রচয়িতা হলেন- উইলিয়াম কেরি (১৮০১)
* The Origin and Development of the Bengali Language -এর রচয়িতা হলেন- ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়। (এটি তিন খণ্ডে রচিত এবং ১৯২৬ সালে প্রথম প্রকাশিত হয়)
* Bengali Grammar in English Language-এর রচয়িতা হলেন- রাজা রামমোহন রায় (এটি ইংরেজি ভাষায় রচিত বাংলা ভাষার ব্যাকরণ এবং এটি ১৮২৬ সালে প্রথম প্রকাশিত হয়)
* গৌড়ীয় ব্যাকরণ- রাজা রামমোহন রায় এটি বাংলা ভাষায় রচিত বাংলা ভাষার ব্যাকরণ এবং এটি ১৮৩৩ সালে প্রথম প্রকাশিত হয়)
* বাঙালা ব্যাকরণ-ড. মুহম্মদ শহীদুল্লাহ
* ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ- ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
* ব্যাকরণ কৌমুদী- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
* ব্যাকরণ মঞ্জরী- ড. মুহম্মদ এনামুল হক
* ব্যাকরণ অষ্টাধয়ী- পাণিনি
* বাংলা ব্যাকরণ রচনার পথিকৃৎ বলা হয়-রাজা রামমোহন রায়কে।
* বাংলা বর্ণমালা নিয়ে প্রথম বিস্তিরিত আলোচনা করেন- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
* বাংলা ভাষায় প্রথম অভিধান সংকলন করেন- রামচন্দ্র বিদ্যাবাগীশ। (তাঁর সংকলিত অভিধানের নাম 'বঙ্গভাষাভিধান'। এটি ১৮১৭ সালে কলকাতা থেকে প্রকাশিত হয়।)
* প্রথম বাংলা 'থিসরাস' বা সমার্থক শব্দের অভিধান সংকলন করেন- অশোক মুখোপাধ্যায়। (তাঁর সংকলিত সমার্থক শব্দের অভিধানের নাম ' সংসদ সমার্থশব্দকোষ'। এটি ১৯৮৭ সালে কলকাতার 'সাহিত্য সংসদ' থেকে প্রকাশিত হয়।)
* উল্লেখ্য: যিনি ব্যাকরণ রচনা করেন/ভালো ব্যাকরণ রচনা করেন, তাকে বলা হয়- ব্যাকরণবিদ
* যিনি ব্যাকরণ বিশারদ/ব্যাকরণে বিজ্ঞ/ ভালো ব্যাকরণ জানেন, তাকে বলা হয়- বৈয়াকরণ

বাংলা সাহিত্যের বিভিন্ন বিষয়ের প্রবর্তক ও জনক

প্রশ্ন: বাংলা গদ্যের পথিকৃৎ কে?
উ: উইলিয়াম কেরি।
প্রশ্ন: বাংলা গদ্যের প্রবর্তক/জনক কে?
উ: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
প্রশ্ন: বাংলা চলিত রীতির প্রবর্তক/জনক কে?
উ: প্রমথ চৌধুরী।
প্রশ্ন: বাংলা সাহিত্যে কথ্যরীতির প্রবর্তক/জনক কে?
উ: প্রমথ চৌধুরী
প্রশ্ন: বাংলা সাহিত্যে গদ্য ছন্দের জনক কে?
উ: রবীন্দ্রনাথ ঠাকুর।
প্রশ্ন: বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের জনক কে?
উ: মাইকেল মধুসূদন দত্ত।
প্রশ্ন: বাংলা সাহিত্যে গীতিকবিতার প্রবর্তক/জনক কে?
উ: বিহারীলাল চক্রবর্তী।
প্রশ্ন: বাংলা কবিতার জনক কে?
উ: মাইকেল মধুসূদন দত্ত।
প্রশ্ন: আধুনিক বাংলা কবিতার জনক কে?
উ: মাইকেল মধুসূদন দত্ত।
প্রশ্ন: বাংলা সনেটের জনক কে?
উ: মাইকেল মধুসূদন দত্ত।

প্রশ্ন: আধুনিক বাংলা সনেটের জনক কে?
উ: মাইকেল মধুসূদন দত্ত।
প্রশ্ন: বাংলা সাহিত্যের মহাকাব্যের জনক কে?
উ: মাইকেল মধুসূদন দত্ত।
প্রশ্ন: বাংলা মুসলিম সাহিত্যিকদের মধ্যে মুসলিম মহাকাব্যের জনক কে?
উ: কায়কোবাদ।
প্রশ্ন: বাংলা ছোট গল্পের জনক কে?
উ: রবীন্দ্রনাথ ঠাকুর।
প্রশ্ন: আধুনিক বাংলা উপন্যাসের জনক কে?
উ: বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।
প্রশ্ন: বাংলা নাটকের পথিকৃৎ কে?
উ: মাইকেল মধুসূদন দত্ত।
প্রশ্ন: আধুনিক বাংলা নাটকের জনক কে?
উ: মাইকেল মধুসূদন দত্ত।
প্রশ্ন: বাংলাদেশে নতুন ধারার নাটকের পথিকৃৎ কে?
উ: সেলিম আল দীন।
প্রশ্ন: বাংলা গ্রাম থিয়েটারের প্রবর্তক কে?
উ: সেলিম আল দীন।
প্রশ্ন: বাংলা সাহিত্যে পাশ্চাত্য ধারার প্রবর্তক কে?
উ: মাইকেল মধুসূদন দত্ত।
প্রশ্ন: বাংলা টপ্পাগানের জনক কে?
উ: রামনিধি গুপ্ত (নিধুবাবু)।
প্রশ্ন: শাক্ত পদাবলির জনক জনক কে?
উ: রামপ্রসাদ সেন।
প্রশ্ন: বাংলা সাহিত্যে লৌকিক কাহিনির প্রবর্তক কে?
উ: দৌলত কাজী।
প্রশ্ন: বাংলা পুঁথি সাহিত্যের প্রবর্তক কে?
উ: ফকির গরীবুল্লাহ (পুঁথি সাহিত্যের প্রথম সার্থক ও জনপ্রিয় লেখক- ফকির গরীবুল্লাহ)
প্রশ্ন: বাংলা সাহিত্যে রোমান্টিক প্রণয়োপাখ্যান ধারার প্রবর্তক কে?
উ: শাহ মুহাম্মদ সগীর।
প্রশ্ন: বাংলায় জীবনী সাহিত্যধারার প্রবর্তক কে?
উ: বৃন্দাবন দাস
প্রশ্ন: বাংলা সাহিত্যে বিরাম চিহ্নের প্রবর্তক কে?
উ: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
প্রশ্ন: বাংলা ব্যাকরণের পথিকৃৎ কে?
উ: রাজা রামমোহন রায়।
প্রশ্ন: বাংলা চলচ্চিত্রের জনক কে?
উ: হীরালাল সেন (উপমহাদেশের চলচ্চিত্রেরও জনক- হীরালাল সেন।)
প্রশ্ন: বাংলাদেশের চলচ্চিত্রের জনক কে?
উ: আব্দুল জব্বার খান (কিন্তু বাংলাদেশের সর্বশ্রেষ্ঠ চলচ্চিত্রকার হলেন- জহির রায়হান)

কবি সাহিত্যিকদের উপাধি

- কাজী নজরুল ইসলাম - বিদ্রোহী কবি; আধুনিক বাংলা গানের 'বুলবুল'
- রবীন্দ্রনাথ ঠাকুর - বিশ্বকবি
- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় - সাহিত্য সম্রাট
- শরৎচন্দ্র চট্টোপাধ্যায় - অপরাজেয় কথাশিল্পী
- মধুসূদন দত্ত - মাইকেল
- আলাওল - মহাকবি
- ঈশ্বরচন্দ্র গুপ্ত - যুগ সন্ধিক্ষণের কবি
- বিহারীলাল চক্রবর্তী - ভোরের পাখি
- বিদ্যাপতি - পদাবলির কবি, মিথিলার কবি, মিথিলার কোকিল
- আব্দুল কাদির - ছান্দসিক কবি
- আব্দুল করিম - সাহিত্যবিশারদ
- মুকুন্দ দাস - চারণ কবি
- গোবিন্দ দাস -স্বভাব কবি
- গোলাম মোস্তফা - কাব্য সুধাকর
- জীবনানন্দ দাশ - রূপসী বাংলার কবি, তিমির হননের কবি
- ড. মুহম্মদ শহীদুল্লাহ - ভাষা বিজ্ঞানী
- নজিবর রহমান - সাহিত্যরত্ন
- নূরন্নেসা খাতুন - সাহিত্য সরস্বতী, বিদ্যাবিনোদিনী
- ফররুখ আহমদ - মুসলিম রেনেসাঁর কবি
- বাহরাম খান - দৌলত উজীর
- ভারতচন্দ্র রায় - গুণাকর
- মুকুন্দরাম - কবিকঙ্কণ
- মালাধর বসু - গুণরাজ খান
- মোহাম্মদ মোজাম্মেল হক - শান্তিপুরের কবি
- যতীন্দ্রনাথ বাগচী - দুঃখবাদের কবি
- রামনারায়ণ - তর্করত্ন
- পরমেশ্বর - কবীন্দ্র
- শামসুর রাহমান - নাগরিক কবি; কবিশ্রেষ্ঠ
- ভারতচন্দ্র- বাংলা সাহিত্যের প্রথম নাগরিক কবি; মধ্যযুগের নাগরিক কবি; মধ্যযুগের শ্রেষ্ঠ কবি; রায়গুণাকর
- সমর সেন- আধুনিক যুগের নাগরিক কবি
- সত্যেন্দ্রনাথ দত্ত - ছন্দের যাদুকর
- সুধীন্দ্রনাথ দত্ত - ক্লাসিক কবি
- সুকান্ত ভট্টাচার্য - কিশোর কবি
- সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী - স্বপ্নাতুর কবি
- হেমচন্দ্র - বাংলার মিল্টন
- শেখ ফজলুল করিম - বাংলার শেক্সপিয়ার; সাহিত্য বিশারদ; কাব্যরত্নাকর।

Job Navigator

বাংলা সাহিত্যের মৌলিক আলোচনা

প্রশ্ন: বাংলা সাহিত্যের সময়কালকে প্রধানত কয়টি যুগে ভাগ করা হয়েছে?
উঃ তিনটি। যথা- প্রাচীন যুগ, মধ্যযুগ ও অধুনিক যুগ।

প্রশ্ন: বাংলা সাহিত্যের প্রাচীনযুগের পরিধি কত?
উঃ ৬৫০-১২০০ খ্রি. পর্যন্ত।

প্রশ্ন: বাংলা সাহিত্যের মধ্যযুগের পরিধি কত?
উঃ ১২০১-১৮০০ খ্রি. পর্যন্ত।

প্রশ্ন: বাংলা সাহিত্যের আধুনিক যুগের পরিধি কত?
উঃ ১৮০১-বর্তমান সময় পর্যন্ত।

প্রশ্ন: বাংলা সাহিত্যে কোন সময়কালকে 'অন্ধকার যুগ' বলা হয়?
উঃ ১২০১-১৩৫০ খ্রিস্টাব্দ পর্যন্ত মোট ১৫০ বছরকে।

প্রশ্ন: বাংলা সাহিত্যে কোন সময়কালকে 'যুগসন্ধিক্ষণ' বা 'অবক্ষয়ের যুগ' বলা হয়?
উঃ ১৭৬০-১৮৬০ খ্রিস্টাব্দ পর্যন্ত মোট ১০০ বছরকে।

প্রশ্ন: বাংলা সাহিত্যে কোন সময়কালকে 'স্বর্ণ যুগ' বা 'সুবর্ণ যুগ' বলা হয়?
উঃ চৈতন্য পরবর্তী যুগকে।

প্রশ্ন: বাংলা সাহিত্যের আদি বা প্রাচীনতম/প্রথম নিদর্শন কি?
উঃ চর্যাপদ।

প্রশ্ন: বাংলা সাহিত্যের মধ্যযুগের প্রথম নিদর্শন কি?
উঃ শ্রীকৃষ্ণকীর্তন কাব্য।

প্রশ্ন: বাংলা সাহিত্যের প্রাচীনতম শাখা কোনটি?
উঃ কাব্য। (কিন্তু লোকসাহিত্যের প্রাচীনতম শাখা হলো- ছড়া)

প্রশ্ন: ডাক ও খনার বচন কোনটির সাথে সম্পৃক্ত?
উঃ কৃষি

প্রশ্ন: খনার বচনের মূলভাব কী?
উঃ শুদ্ধ জীবনযাপন রীতি

প্রশ্ন: বাংলা সাহিত্যে গদ্যের প্রচলন কখন শুরু হয়?
উঃ আধুনিক যুগে।

প্রশ্ন: বাংলা সাহিত্যে মধ্যযুগের শ্রেষ্ঠ কবি কে?
উঃ ভারতচন্দ্র রায় গুণাকর

প্রশ্ন: বাংলা সাহিত্যে মধ্যযুগের শ্রেষ্ঠ মুসলিম কবি কে?
উঃ আলাওল।

প্রশ্ন: চণ্ডীদাস কোন যুগের কবি?
উঃ মধ্যযুগের।

প্রশ্ন: মীর মশাররফ হোসেন বাংলা সাহিত্যে আবির্ভূত হন কখন?
উঃ উনিশ শতকের শেষার্ধে।

প্রশ্ন: রোমান্টিক প্রণয়োপাখ্যান ধারার প্রথম/অন্যতম কবি কে?
উঃ শাহ মুহাম্মদ সগীর।

প্রশ্ন: রোমান্টিক প্রণয়োপখ্যান ধারার প্রথম গ্রন্থ কোনটি?
উঃ 'ইউসুফ-জুলেখা' কাব্যগ্রন্থ।

প্রশ্ন: রূপকথা কে সংগ্রহ করেছিলেন?
উঃ দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার।

প্রশ্ন: দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের রূপকথাভিত্তিক সংকলিত গ্রন্থের নাম কী?
উঃ 'ঠাকুরমার ঝুলি'। তবে তিনি 'ঠাকুর দাদার ঝুলি' নামেও রূপকথাভিত্তিক আরেকটি গ্রন্থের সংকলন করেছেন।

প্রশ্ন: 'ইয়ং বেঙ্গল' কী?
উঃ কলকাতার হিন্দু কলেজের শিক্ষক হেনরি ডিরোজিও এর অনুসারী ইংরেজি ভাবধারাপুষ্ট বাঙালি যুবক। এই বাঙালি যুবকরা ছিল কলকাতার মধ্যবিত্ত পরিবারের সন্তান। ১৮৩১ সালে 'ইয়ং বেঙ্গল' প্রকাশ্যে আত্মঘোষণা করে। 'ইয়ং বেঙ্গল'-এর মুখমাত্র ছিল 'জ্ঞানান্বেষণ' পত্রিকা।

প্রশ্ন: 'মোহামেডান লিটারেরি সোসাইটি' কী?
উঃ নবাব আবদুল লতিফ কর্তৃক প্রতিষ্ঠিত একটি মুসলিম সাহিত্য সমিতি। মুসলমানদের ইংরেজি শিক্ষায় শিক্ষিত করা।

প্রশ্ন: 'মোহামেডান লিটারেরি সোসাইটি' কত সালে প্রতিষ্ঠিত হয়?
উঃ ১৮৬৩ সালে।

প্রশ্ন: 'ঢাকা মুসলিম সাহিত্য সমাজ' কত সালে প্রতিষ্ঠিত হয়?
উঃ ১৯২৬ সালে।

প্রশ্ন: 'মুক্তবুদ্ধির লেখকদের' সংগঠন নামে পরিচিত ছিল কোন সংগঠন?
উঃ ঢাকা মুসলিম সাহিত্য সমাজ।

প্রশ্ন: 'ঢাকা মুসলিম সাহিত্য সমাজ'-এর মুখপাত্র ছিল কোন পত্রিকা?
উঃ শিখা পত্রিকা।

প্রশ্ন: সংস্কৃত সাহিত্যের বিকাশ ঘটে কোন আমলে?
উঃ সেন আমলে।

প্রশ্ন: 'গীতগোবিন্দম' কাব্যগ্রন্থটি কোন ভাষায় রচিত?
উঃ সংস্কৃত ভাষায়।

প্রশ্ন: বাউল গানকে কী সাহিত্য হিসেবে অবহিত করা হয়?
উ: তত্ত্ব সাহিত্য।

প্রশ্ন: বাংলা সাহিত্যের আদি নিদর্শন কি?
উঃ চর্যাপদ।

প্রশ্ন: চর্যাপদ মূলত কোন ধর্ম নিয়ে রচিত?
উঃ বৌদ্ধ ধর্ম।

প্রশ্ন: কোন আমলে চর্যাপদ রচিত হয়েছে?
উঃ পাল রাজাদের আমলে।

প্রশ্ন: চর্যাপদ রচনায় কারা পৃষ্টপোষকতা করেছেন?
উঃ পাল রাজারা।

প্রশ্ন: চর্যাপদ কোন প্রতিষ্ঠানের পৃষ্ঠপোষকতায় পুনরুদ্ধার করা হয়েছে?
উঃ বঙ্গীয় সাহিত্যে পরিষদ।

প্রশ্ন: চর্যাপদের আবিষ্কারক কে?
উঃ মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী।

প্রশ্ন: কোন স্থান থেকে চর্যাপদ আবিষ্কার করা হয়?
উঃ নেপালের রাজ দরবারের গ্রন্থশালা/নেপালের রয়েল লাইব্রেরি।

Job Navigator

প্রশ্ন: চর্যাপদ কত সালে আবিষ্কৃত হয়?
উঃ ১৯০৭ সালে

প্রশ্ন: চর্যাপদ কত সালে প্রকাশিত হয়?
উঃ ১৯১৬ সালে 'বঙ্গীয় সাহিত্য পরিষদ' থেকে হরপ্রসাদ শাস্ত্রীর সম্পাদনায় 'হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা' নামে।

প্রশ্ন: চর্যাপদের মোট পদ সংখ্যা কত?
উঃ ৫১ টি।

প্রশ্ন: বাংলা সাহিত্যের মধ্যযুগের প্রাচীনতম নিদর্শন 'শ্রীকৃষ্ণকীর্তন কাব্য'-এর রচয়িতা কে?
উঃ বড়ু চণ্ডীদাস।

প্রশ্ন: শ্রীকৃষ্ণকীর্তন কাব্য কে আবিষ্কার করেন?
উঃ বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ।

প্রশ্ন: বাংলা সাহিত্যের মধ্যযুগের প্রাচীনতম নিদর্শন কবে আবিষ্কৃত হয়?
উঃ ১৯০৯ সালে

প্রশ্ন: শ্রীকৃষ্ণকীর্তন কাব্য কোথা থেকে আবিষ্কার করা হয়?
উঃ পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার কাকিল্যা গ্রামের এক গৃহস্থের গোয়ালঘর থেকে উদ্ধার করেন।

প্রশ্ন: শ্রীকৃষ্ণকীর্তন কাব্য কত সালে প্রকাশিত হয়?
উঃ বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভের সম্পাদনায় ১৯১৬ সালে 'বঙ্গীয় সাহিত্য পরিষদ' থেকে প্রকাশিত হয়।

প্রশ্ন: বিদ্যাপতি কে ছিলেন?
উঃ মিথিলার কবি। তিনি 'বৈষ্ণব পদাবলি' সাহিত্যের আদি কবি। তিনি 'ব্রজবুলি' নামক একপ্রকার কবি কৃত্রিম ভাষায় বৈষ্ণব পদাবলি রচনা করেছেন।

প্রশ্ন: মৈয়মনসিংহ গীতিকা সংকলন ও সম্পাদনা করেন কে?
উঃ ড. দীনেশ চন্দ্র সেন।

প্রশ্ন: মৈয়মনসিংহ গীতিকা সংগ্রহ করেন কে?
উঃ চন্দ্রকুমার দে।

প্রশ্ন: মৈয়মনসিংহ গীতিকার অন্তর্গত 'মহুয়া' পালাটির রচয়িতা কে?
উঃ দ্বিজ কানাই।

প্রশ্ন: মৈয়মনসিংহ গীতিকার অন্তর্গত 'দেওয়ানা মদিনা' পালাটির রচয়িতা কে?
উঃ মনসুর বয়াতি।

প্রশ্ন: মধ্যযুগে বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষকতায় অগ্রণী ভূমিকা পালন করেন কে?
উঃ পাঠান সুলতানগণ।

প্রশ্ন: মধ্যযুগে বাংলা সাহিত্যে কোন ধর্ম প্রচারকের প্রভাব অপরিসীম?
উঃ শ্রী চৈতন্যদেব।

প্রশ্ন: কার জীবনী রচনার মধ্য দিয়ে বাংলায় জীবনী সাহিত্য-এর সূচনা হয়?
উঃ শ্রী চৈতন্যদেব।

প্রশ্ন: বাংলায় প্রথম জীবনী সাহিত্য-এর নাম কী?
উঃ চৈতন্য-ভাগবত।

প্রশ্ন: বাংলায় প্রথম জীবনী সাহিত্য 'চৈতন্য-ভাগবত'-এর রচয়িতা কে?
উঃ বৃন্দাবন দাস।

বাংলা পত্রিকা/সাময়িকী ও সম্পাদক

শিক্ষক নিবন্ধন পরীক্ষায় পত্র-পত্রিকা এবং সম্পাদকের নাম মাঝেমধ্যে এসে থাকে। তাই আপনাদের পড়ার সুবিধার্থে গতানুগতিক বইয়ের মতো সকল সাল ও পত্রিকার নাম এবং সম্পাদকের নাম না দিয়ে কেবল গুরুত্বপূর্ণ পত্রিকার সাল দেয়া হলো।

পত্রিকার নাম	সম্পাদক
বেঙ্গল গেজেট (১৭৮০)	জেমস অগাস্টাস হিকি
দিগদর্শন (১৮১৮)	জন ক্লার্ক মার্শম্যান
সমাচার দর্পণ (১৮১৮)	জন ক্লার্ক মার্শম্যান
বাঙ্গাল গেজেট (১৮১৮)	গঙ্গাকিশোর ভট্টাচার্য
সমাচার সভারাজেন্দ্র (১৮৩১)	শেখ আলিমুল্লাহ
সংবাদ প্রভাকর (১৮৩৯)	ঈশ্বরচন্দ্র গুপ্ত
তত্ত্ববোধিনী (১৮৪৩)	অক্ষয়কুমার দত্ত
রংপুর বার্তাবহ (১৮৪৭)	গুরুচরণ শর্মা রায়
ঢাকা প্রকাশ (১৮৬১)	কৃষ্ণ চন্দ্র মজুমদার
গ্রামবার্তা প্রকাশিকা (১৮৬৩)	কাঙাল হরিনাথ (হরিনাথ মজুমদার)
বঙ্গদর্শন (১৮৭২)	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
ভারতী (১৮৭৭)	দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
সবুজপত্র (১৯১৪)	প্রমথ চৌধুরী
সওগাত (১৯১৮)	মোহাম্মদ নাসির উদ্দিন
দৈনিক নবযুগ (১৯২০)	কাজী নজরুল ইসলাম
মোসলেম ভারত (১৯২০)	মোজাম্মেল হক
ধূমকেতু (১৯২২)	কাজী নজরুল ইসলাম
কল্লোল (১৯২৩)	দীনেশরঞ্জন দাস
লাঙ্গল (১৯২৫)	কাজী নজরুল ইসলাম
কালিকলম (১৯২৬)	প্রেমেন্দ্র মিত্র
শিখা (১৯২৭)	আবুল হোসেন
পূর্বাশা (১৯৩২)	সঞ্জয় ভট্টাচার্য
বেগম (১৯৪৯)	নুরজাহান বেগম
সমকাল (১৯৫৪)	সিকান্দার আবু জাফর
সম্বাদ কৌমুদী	রাজা রামমোহন রায়
হিতকরী	মীর মশাররফ হোসেন
সাধনা	সুধীন্দ্রনাথ ঠাকুর
বাসনা	শেখ ফজলল করিম
মোহাম্মদী	মোহাম্মদ আকরাম খাঁ
সাম্যবাদী	খান মোহাম্মদ মাইনুদ্দীন
দৈনিক আজাদ	মোহাম্মদ আকরাম খাঁ
সন্দেশ	উপেন্দ্রকিশোর রায়
স্বদেশ	আহমদ ছফা

Job Navigator

পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে–

- বাংলাদেশের প্রথম সংবাদপত্র- সমাচার দর্পণ
- বাংলা ভাষার প্রথম সংবাদপত্র- সমাচার দর্পণ
- বাংলা ভাষার প্রথম সাময়িকপত্র- দিগ্‌দর্শন
- বাংলা ভাষার প্রকাশিত প্রথম দৈনিক সংবাদপত্র- সংবাদ প্রভাকর
- বাংলাদেশের ভূখণ্ড থেকে প্রকাশিত প্রথম বাংলা সংবাদপত্র- রংপুর বার্তাবহ
- ঢাকা থেকে প্রকাশিত প্রথম বাংলা সংবাদপত্র- ঢাকা প্রকাশ
- বাংলাদেশের মফস্বল থেকে প্রকাশিত প্রথম বাংলা সংবাদপত্র- গ্রামবার্তা প্রকাশিকা
- বাঙালি সম্পাদিত বাংলা ভাষার প্রথম সংবাদপত্র- বাঙাল গেজেট
- মুসলিম সম্পাদিত বাংলা ভাষার প্রথম সংবাদপত্র- সমাচার সভারাজেন্দ্র
- বাংলা চলিতরীতি প্রবর্তনে যে পত্রিকা অগ্রণী ভূমিকা পালন করে- সবুজপত্র
- 'রবীন্দ্রনাথ-বিরোধী' নামে পরিচিত ছিল যে পত্রিকা- কল্লোল
- কলকাতার 'ইয়ং বেঙ্গল'-এর মুখপাত্র ছিল যে পত্রিকা- জ্ঞানান্বেষণ
- 'মুক্তবুদ্ধির লেখকদের' মুখপাত্র ছিল যে পত্রিকা- শিখা
- 'ঢাকা মুসলিম সাহিত্য সমাজ'-এর মুখপাত্র ছিল যে পত্রিকা- শিখা

MCQ Test

১. বাংলা ভাষারীতির কয়টি রূপ?
ক. ২ খ. ৩
গ. ৪ ঘ. ৬ উ. ক

২. সাধু ও চলিত রীতি বাংলা ভাষার কোনরূপে বিদ্যমান?
ক. আঞ্চলিক খ. উপভাষা
গ. লেখ্য ঘ. কথ্য উ. গ

৩. 'সাধুভাষা' পরিভাষাটি প্রথম ব্যবহার করেন–
ক. রাজা মনিমোহন রায় খ. রাজা রামমোহন রায়
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. অক্ষয় কুমার দত্ত উ. খ

৪. কোনটি চলিত ভাষার বৈশিষ্ট্য?
ক. গাম্ভীর্য খ. তদ্ভব শব্দ বহুল
গ. তৎসম শব্দের বহুল ব্যবহার ঘ. প্রমিত উচ্চারণ উ. খ

৫. কোন ভাষা রীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট?
ক. চলিত রীতি খ. কথ্য রীতি
গ. লেখ্য রীতি ঘ. সাধু রীতি উ. ঘ

৬. ভাষার কোন রীতি পরিবর্তনশীল?
ক. সাধু রীতি খ. চলিত রীতি
গ. কথ্য রীতি ঘ. লেখ্য রীতি উ. খ

৭. চলিত ভাষা রীতির ক্ষেত্রে কোন বৈশিষ্ট্য প্রযোজ্য?
ক. আভিজাত্য অধিকারী খ. পরিবর্তনশীল
গ. গুরগম্ভীর ঘ. অপরীবর্তনীয় উ. খ

৮. 'তৎসম' শব্দের ব্যবহার কোন রীতিতে বেশি হয়?
ক. চলতি রীতি খ. সাধু রীতি
গ. মিশ্র রীতি ঘ. আঞ্চলিক রীতি উ. খ

৯. কোন ভাষায় সাহিত্যের গাম্ভীর্য ও আভিজাত্য প্রকাশ পায়?
ক. কথ্য ভাষা খ. সাধু ভাষা
গ. আঞ্চলিক ভাষা ঘ. চলিত ভাষা উ. খ

১০. সাধু ভাষা সাধারণত কোথায় অনুপযোগী?
ক. কবিতার পঙ্‌ক্তিতে খ. গানের কলিতে
গ. গল্পের বর্ণনায় ঘ. নাটকের সংলাপে উ. ঘ

১১. নাটকের সংলাপে উপযোগী ভাষার কোন রীতি?
ক. সাধু খ. চলিত
গ. আঞ্চলিক ঘ. মিশ্র উ. খ

১২. সাধু ভাষা ও চলিত ভাষার পার্থক্য–
ক. তৎসম ও তদ্ভব শব্দের ব্যবহার
খ. ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপে
গ. শব্দের কথ্য ও লেখ্য রূপে
ঘ. বাক্যের সরলতা ও জটিলতায় উ. খ

১৩. ক্রিয়া, সর্বনাম ও অনুসর্গের পূর্ণরূপ ব্যবহৃত হয়–
ক. চলিত ভাষারীতিতে খ. সাধু ভাষারীতিতে
গ. সমাজ উপভাষায় ঘ. আঞ্চলিক উপভাষায় উ. খ

১৪. সাধু ও চলিত রীতিতে অভিন্নরূপে ব্যবহৃত হয়–
ক. অব্যয় খ. সম্বোধন পদ
গ. সর্বনাম ঘ. ক্রিয়া উ. ক

১৫. সাধু রীতিতে কোন পদটির দীর্ঘরূপ হয় না?
ক. বিশেষ্য খ. সর্বনাম
গ. অব্যয় ঘ. ক্রিয়া উ. গ

১৬. চলিত ভাষার নিম্নের কোনটির রূপ সংক্ষিপ্ত হয়?
ক. অনুসর্গ খ. বিশেষ্য
গ. অব্যয় ঘ. উপসর্গ উ. ক

১৭. 'বুনো' কোন ভাষারীতির শব্দ?
ক. সাধু ভাষা খ. কথ্য ভাষা
গ. আঞ্চলিক ভাষা ঘ. চলিত ভাষা উ. ঘ

১৮. কোনটি সাধু রীতির শব্দ?
ক. আজ খ. মিনতি
গ. জল ঘ. জোসনা উ. ঘ

১৯. 'জুতো' শব্দটি কোন ভাষারীতির?
ক. সাধু খ. চলিত
গ. প্রাকৃত ঘ. কোল উ. খ

২০. চলিত রীতির শব্দ কোনটি?
ক. শুদ্ধ খ. কুকনা
গ. তুলা ঘ. তুলো উ. ঘ

২১. 'অদ্য' শব্দটি কোন ভাষারীতির উদাহারণ?
ক. চলিত খ. সাধু
গ. প্রাকৃত ঘ. কোল উ. খ

২২. কোন ভাষারীতিতে এ প্রশ্ন লেখা হয়েছে?
ক. সাধু রীতি খ. চলিত রীতি
গ. মিশ্র রীতি ঘ. লৌকিক রীতি উ. খ

২৩. সাধু ভাষায় কোন বাক্যটি শুদ্ধ?
ক. এখানে সে ফিরে আসেনি
খ. সে আসিবে বলিয়া ভরসাও করিতেছি না
গ. তিনি মূর্ছিত হয়ে পড়েছেন
ঘ. তুমি তার কথা বিশ্বাস করো না উ. খ

Job Navigator

(খ) বিরাম চিহ্নের ব্যবহার

কলেজ পর্যায়

বিরাম চিহ্নের ব্যবহার

সম্বোধন পদে কোন রীতি চিহ্ন বসে? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. কমা খ. ড্যাশ
গ. সেমিকোলন ঘ. হাইফেন উ. ক

বন্ধনী চিহ্ন সাহিত্যে কী অর্থে ব্যবহৃত হয়? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. ভাব বোঝাতে খ. অর্থমূলক
গ. ব্যাখ্যামূলক ঘ. উৎপন্ন বোঝাতে উ. গ

বাক্যে কোন চিহ্নটি থাকলে থামার প্রয়োজন নেই? [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. কোলন খ. সেমিকোলন
গ. হাইফেন ঘ. ড্যাশ উ. গ

উদ্ধৃতি প্রয়োগের ক্ষেত্রে সাধারণত কোন বিরাম চিহ্ন ব্যবহৃত হয়? [১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. কোলন ড্যাশ খ. ড্যাশ
গ. কোলন ঘ. সেমিকোলন উ. ক

কমা (comma) এর বাংলা কি? [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. পূর্ণচ্ছেদ খ. দুইতৃতীয়চ্ছেদ
গ. পদচ্ছেদ ঘ. অর্ধচ্ছেদ উ. গ

বাক্যে বিস্ময়সূচক (!) চিহ্ন থাকলে কতক্ষণ থামতে হয়? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. দুই সেকেন্ড খ. এক সেকেন্ড
গ. তিন সেকেন্ড ঘ. চার সেকেন্ড উ. খ

বাক্যে দাঁড়ি (।) থাকলে কতক্ষণ থামতে হয়? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. এক (১) সেকেন্ড বিরতির প্রয়োজন
খ. এক (১) বলতে যে সময় লাগে
গ. এক (১) বলার দ্বিগুণ সময়
ঘ. ২ (দুই) সেকেন্ড উ. ক

৮. উদ্ধৃতি চিহ্ন কোথায় বসে? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. বাক্যের শেষে খ. শ্রোতাত্মক বাক্যের মাঝে
গ. সংলাপে ঘ. প্রশ্নবোধক বাক্যে উ. গ

৯. বাক্যে সেমিকোলন (;) থাকলে কতক্ষণ থামতে হয়? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ১ বলতে যে সময় লাগে খ. ১ বলার দ্বিগুণ সময়
গ. ১ সেকেন্ড ঘ. ২ সেকেন্ড উ. খ

১০. কোনটি প্রান্তিক বিরাম চিহ্ন? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. দাঁড়ি খ. কমা
গ. কোলন ঘ. ড্যাস উ. ক

১১. কোনটি প্রান্তিক বিরাম চিহ্ন নয়? [১ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. দাঁড়ি খ. প্রশ্ন চিহ্ন
গ. কোলন ঘ. বিস্ময় চিহ্ন উ. গ

১২. নিচের কোন বিরাম চিহ্নকে পদ সংযোগ চিহ্ন বলে? [১ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. ড্যাস খ. হাইফেন
গ. কোলন ঘ. সেমিকোলন উ. খ

১৩. প্রান্তিক বিরাম চিহ্ন কোনটি? [১ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. কমা খ. ড্যাশ
গ. সেমিকোলন ঘ. প্রশ্নচিহ্ন উ. খ

১৪. বিরাম চিহ্ন ব্যবহৃত হয় না– [১ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. বাক্যের অর্থ সহজভাবে বোঝাতে
খ. শ্বাস বিরতির জায়গা দেখাতে
গ. বাক্যকে অলংকৃত করতে
ঘ. বক্তার মেজাজকে স্পষ্ট করতে উ. খ

১৫. একাধিক স্বাধীন বাক্যকে একটি বাক্যে লিখলে সেতুসোর মাঝখানে কোন চিহ্ন বসে? [১ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. হাইফেন খ. সেমিকোলন
গ. ড্যাশ ঘ. কমা উ. খ

১৬. লেখার সময় বিশ্রামের জন্য আমরা যে চিহ্নগুলো ব্যবহার করে থাকি সেগুলোকে কি বলে? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. বিশ্রাম চিহ্ন খ. বিরাম চিহ্ন
গ. বিভাজন চিহ্ন ঘ. সাংস্কৃতিক চিহ্ন উ. খ

১৭. বিরাম চিহ্ন কেন ব্যবহৃত হয়? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. বাক্য সংকোচনের জন্য খ. বাক্যের অর্থ স্পষ্টীকরণের জন্য
গ. বাক্যের সৌন্দর্যের জন্য ঘ. বাক্যকে অলংকৃত করার জন্য উ. খ

১৮. দু'টি পদের সংযোগস্থলে কি বসে? [৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]
ক. ড্যাশ খ. হাইফেন
গ. কোলন ঘ. কোলন ড্যাশ উ. খ

স্কুল পর্যায়

খ. বিরাম চিহ্নের ব্যবহার

১. বাক্যে সম্বোধনের পর কোন চিহ্ন বসে? [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. কমা খ. কোলন
গ. হাইফেন ঘ. ড্যাস উ. ক

২. সম্বোধন পদের পরে যে চিহ্নটি ব্যবহৃত হয় তার নাম কী? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. কমা খ. দাড়ি
গ. কোলন ঘ. সেমিকোলন উ. ক

৩. উদ্ধরণ চিহ্নের পূর্বে (খণ্ডবাক্যের শেষে) বসাতে হবে– [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. কমা খ. কোলন
গ. কোলন ড্যাস ঘ. হাইফেন উ. ক

Job Navigator

৪. বাড়ি বা রাস্তার নম্বরের পর নিচের কোন চিহ্নটি বসে? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. দাঁড়ি খ. সেমিকোলন
গ. কোলন ঘ. কমা উ. ঘ

৫. কোন বিরাম চিহ্নের বিরতিকাল নেই? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. হাইফেন খ. কমা
গ. সেমিকোলন ঘ. কোলন উ. ক

৬. বাংলা ভাষায় যতিচিহ্নের প্রচলন করেন কে? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. প্যারিচাঁদ মিত্র উ. গ

৭. একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোন চিহ্ন ব্যবহার করতে হবে? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. হাইফেন খ. ড্যাস
গ. কোলন ড্যাস ঘ. কোলন উ. ঘ

৮. 'কমা' কোথায় বসে? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. বাক্যের মাঝে কোনো পদ ব্যাখ্যা করার জন্য
খ. প্রশ্ন বোঝানোর জন্য
গ. সম্বোধন পদের পর
ঘ. কোনো অপূর্ণ বাক্যের পর উ. গ

৯. নিচের কোনটিতে বিরাম চিহ্ন যথাযথভাবে ব্যবহৃত হয়নি? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. ডিসেম্বর ১৬, ১৯৭১ খ. ২৬ মার্চ, ১৯৯১
গ. ঢাকা, ২১ ফেব্রুয়ারি ১৯৫২
ঘ. পয়লা বৈশাখ, চৌদ্দশো একুশ উ. গ

১০. বাংলা ভাষার যতি বা ছেদ চিহ্ন মোট কয়টি? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. ৯টি খ. ১০টি
গ. ১১টি ঘ. ১২টি উ. ঘ

১১. তারিখ লিখতে কোন যতি চিহ্নের ব্যবহার হয়? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক.সেমিকোলন খ. কমা
গ. দাঁড়ি ঘ. কোলন উ. খ

১২. যৌগিক ও মিশ্রবাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা ততোধিক বাক্যের সমন্বয় বা সংযোগ বোঝাতে কোন বিরাম চিহ্ন ব্যবহৃত হয়? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ড্যাশ খ. কোলন
গ. সেমিকোলন ঘ. হাইফেন উ. ক

১৩. বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন করেন কে? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ. প্যারীচাঁদ মিত্র
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর উ. গ

১৪. ইলেক বা লোপ চিহ্ন দিতে হয়- [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. বিলুপ্ত বর্ণের জন্য খ. প্রত্যক্ষ উক্তির জন্য
গ. উদ্ধরণ চিহ্নের পূর্বে ঘ. সমাসবদ্ধ পদের জন্য উ. ক

১৫. 'উদ্ধৃতি চিহ্ন কত প্রকার? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. দুই প্রকার খ. তিন প্রকার
গ. চার প্রকার ঘ. পাঁচ প্রকার উ. ক

১৬. বাড়ি বা রাস্তার নামের পরে কোন যতিচিহ্ন বসে? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. দাঁড়ি খ. কোলন
গ. কমা ঘ. ড্যাস উ. গ

১৭. সম্বোধন পদে কোন যতিচিহ্ন বসে? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. কমা খ. ড্যাস
গ. সেমিকোলন ঘ. হাইফেন উ. ক

১৮. বাংলা ভাষায় যতি বা ছেদচিহ্ন মোট কয়টি? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. ৯ টি খ. ১০ টি
গ. ১১ টি ঘ. ১২ টি উ. ঘ

১৯. বাক্যে সেমিকোলন (;) থাকলে কতক্ষণ থামতে হয়? [৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]
ক. ১ বলতে যে সময় লাগে খ. এক সেকেন্ড
গ. ১ বলার দ্বিগুণ সময় ঘ. থামার প্রয়োজন নেই উ. গ

২০. হৃদয়াবেগ প্রকাশ করতে হলে কোন চিহ্ন বসে? [৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]
ক. বিস্ময় খ. দাঁড়ি
গ. কমা ঘ. হাইফেন উ. ক

২১. বাড়ি বা রাস্তার নম্বরের পরে কোন চিহ্ন বসে? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. কমা খ. হাইফেন
গ. লোপ ঘ. দাঁড়ি উ. ক

২২. কোন ছেদ চিহ্নে থামার প্রয়োজন নেই? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. ইলেক খ. কমা চিহ্ন
গ. বিস্ময় চিহ্ন ঘ. উদ্ধরণ চিহ্ন উ. ক

২৩. বাক্যে "কমা" অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কী বসে? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. কোলন খ. ড্যাশ
গ. হাইফেন ঘ. সেমিকোলন উ. ঘ

স্কুল পর্যায়-২

খ. বিরাম চিহ্নের ব্যবহার

১. বিরাম চিহ্ন কেন ব্যবহৃত হয়? ? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. বাক্য সংকোচনের জন্য খ. বাক্যের অর্থ স্পষ্ট করার জন্য
গ. বাক্যের সৌন্দর্যের জন্য ঘ. বাক্য অলংকৃত করার জন্য উ. খ

২. সমাসবদ্ধ পদের অংশগুলোর বিচ্ছিন্ন করে দেখাবার জন্য কোন চিহ্ন ব্যবহৃত হয়? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. কোলন খ. সেমিকোলন
গ. কমা ঘ. হাইফেন উ. ঘ

৩. বিরাম চিহ্নের প্রবর্তক কে? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. প্রমথ চৌধুরী খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. আব্দুল হাকিম উ. খ

৪. বিরামচিহ্ন কেন ব্যবহৃত হয়? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. বাক্য সংকোচনের জন্য খ. বাক্যের অর্থ স্পষ্টকরণের জন্য
গ. বাক্যের সৌন্দর্যের জন্য
ঘ. বাক্যকে অলংকৃত করার জন্য উ. খ

৫. কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কোন বিরাম চিহ্ন বসে? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. দাঁড়ি খ. সেমিকোলন
গ. কোলন ঘ. হাইফেন উ. খ

Job Navigator

৬. বাড়ি বা রাস্তার নম্বরের পরে কোন চিহ্ন বসে? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. দাঁড়ি খ. কোলন
গ. কমা ঘ. সেমিকোলন **উ. গ**

৭. কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে, কোন যতি চিহ্নটি বসবে? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. কোলন খ. ড্যাস
গ. হাইফেন ঘ. সেমিকোলন **উ. ঘ**

৮. বিস্ময় চিহ্নের বিরতিকাল কতটুকু? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. একবলার দ্বিগুণ সময় খ. এক সেকেন্ড
গ. থামার প্রয়োজন নেই
ঘ. এক বলতে যে সময় প্রয়োজন **উ. খ**

৯. সমাসবদ্ধ পদগুলো বিচ্ছিন্ন করে দেখানোর জন্য কোন চিহ্ন বসে? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. ড্যাস খ. কোলন
গ. হাইফেন ঘ. সেমিকোলন **উ. গ**

১০. বাক্যে কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কী বসে? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. সেমিকোলন খ. কোলন
গ. ড্যাস ঘ. হাইফেন **উ. ক**

১১. বাড়ি বা রাস্তার নম্বরের পরে কোন চিহ্ন বসে? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. হাইফেন খ. কমা
গ. দাঁড়ি ঘ. লোপ চিহ্ন **উ. খ**

১২. একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোন চিহ্ন বসে? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. কোলন খ. সেমিকোলন
গ. ড্যাস ঘ. কমা **উ. ক**

১৩. বাক্যে কোন যতি চিহ্নের প্রয়োগে থামার প্রয়োজন নেই? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. হাইফেন খ. ড্যাস
গ. সেমিকোলন ঘ. কোলন **উ. ক**

১৪. বাংলায় যতি বা ছেদ চিহ্ন কয়টি? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. ১০টি খ. ১১টি
গ. ১২টি ঘ. ১৩টি **উ. গ**

বিস্তারিত আলোচনা

বাক্যের অর্থ সুস্পষ্টভাবে প্রকাশ করার জন্য বাক্য উচ্চারণের সময় বাক্যের মাঝে ও শেষে বিরতি দিতে হয়। এই বিরতির পরিমাণ প্রয়োজন অনুযায়ী কম-বেশি হয়ে থাকে। আবার বাক্য উচ্চারণের সময় বিভিন্ন আবেগের জন্য উচ্চারণ বিভিন্ন হয়ে থাকে। বাক্যটি লেখার সময় এই বিরতি ও আবেগের ভিন্নতা প্রকাশ করার জন্য যেই চিহ্নগুলো ব্যবহার করা হয়, তাদেরকে বিরাম চিহ্ন বা যতি চিহ্ন বা ছেদ চিহ্ন বলে। প্রাচীন বাংলায় মাত্র দুইটি বিরাম চিহ্ন ব্যবহার করা হতো, এক দাঁড়ি (।) ও দুই দাঁড়ি (॥) পরবর্তীতে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ইংরেজি ভাষার অনুকরণে বাংলায় আরো অনেকগুলো বিরাম চিহ্ন প্রচলন করেন।

যতি/ছেদ চিহ্নের প্রবর্তক- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

যতি চিহ্ন মোট ১২টি। ব্যাকরণিক চিহ্ন (৪টি)। কিন্তু বাংলা একাডেমির প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ (২য় খণ্ড, পৃঃ২২৭, ২য় সংস্করণ, ২০১২) অনুযায়ী যতি বা ছেদ চিহ্ন ১৬ টি। [মূলত বাংলা একাডেমির প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ বইয়ে ব্যাকরণিক চিহ্ন (৪টি) সহ মোট ১৬ টি যতি বা ছেদ চিহ্ন দেখানো হয়েছে।]

পূর্ণ বাক্যের শেষে বসে এমন বিরাম চিহ্নের সংখ্যা ৩টি। যথা - দাঁড়ি (।), প্রশ্নবোধক চিহ্ন (?) এবং বিস্ময় বা আশ্চার্যবোধক চিহ্ন (!)। এখানে, উল্লেখ্য যে, বর্তমানে দুই দাঁড়ি চিহ্নের (॥) ব্যবহার নেই।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তাঁর 'বেতাল পঞ্চবিংশতি' (১৮৪৭) গ্রন্থে প্রথম যতিচিহ্নের ব্যবহার দেখান।

বিরাম বা যতি চিহ্ন 'বাক্যতত্ত্বে' আলোচিত হয়।

দাঁড়ির অপর নাম- পূর্ণচ্ছেদ
কমার অপর নাম- পাদচ্ছেদ
সেমিকোলনের অপর নাম- অর্ধচ্ছেদ
ইলেকের অপর নাম- লোপচিহ্ন
ড্যাশের অপর নাম- কথি চিহ্ন
হাইফেনের অপর নাম- শব্দ সংযোগ চিহ্ন

বর্তমানে ব্যবহৃত বিরাম চিহ্নগুলোর মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি বিরাম চিহ্ন নিচে দেয়া হলো-

যতি চিহ্নের নাম আকৃতি বিরতির পরিমাণ

- উদ্ধরণ বা উদ্ধৃতি চিহ্ন (' ' / " ") ১ বলতে যে সময় লাগে
- কমা (,) ১ বলতে যে সময় লাগে
- দাঁড়ি বা পূর্ণচ্ছেদ (।) এক সেকেন্ড
- জিজ্ঞাসা বা প্রশ্নসূচক চিহ্ন (?) এক সেকেন্ড
- বিস্ময়সূচক বা আশ্চর্যবোধক চিহ্ন (!) এক সেকেন্ড
- ড্যাস (-) এক সেকেন্ড
- কোলন ড্যাস (:-) এক সেকেন্ড
- কোলন (:) এক সেকেন্ড
- সেমি কোলন (;) ১ বলার দ্বিগুণ সময়
- হাইফেন (-) থামার প্রয়োজন নেই
- ইলেক বা লোপ চিহ্ন (') থামার প্রয়োজন নেই
- বন্ধনী চিহ্ন ( ) থামার প্রয়োজন নেই

যতি চিহ্নের ব্যবহার:

প্রশ্ন: লেখার সময় বিশ্রামের জন্য বা বাক্যের অর্থ স্পষ্টীকরণের জন্য আমরা যে চিহ্ন ব্যবহার করি, তাকে কী বলে?
উ: বিরাম চিহ্ন।

প্রশ্ন: 'বিরাম চিহ্ন' এর আরেক নাম কী?
উ: যতি চিহ্ন বা ছেদ চিহ্ন।

প্রশ্ন: দুটি বাক্যের মধ্যে অর্থের সম্পর্ক থাকলে কোন চিহ্ন ব্যবহৃত হয়?
উ: সেমিকোলন। যেমন- লোকটি ধনী; কিন্তু কৃপণ।

প্রশ্ন: একটি অপূর্ণ বাক্যের পরে অন্য আরেকটি বাক্য অবতারণা করতে কোন চিহ্ন ব্যবহৃত হয়?
উ: কোলন চিহ্ন। যেমন- সভায় সিদ্ধান্ত হলো : তিন মাস পর সবাই বাড়তি চাঁদা দিবে।

প্রশ্ন: দুটি পদের সংযোগ স্থলে কী বসে?
উ: হাইফেন চিহ্ন। যেমন- মা-বাবা, ভাই-বোন।

Job Navigator

প্রশ্ন: সমাসবদ্ধ পদের অংশগুলোকে বিচ্ছিন্ন করে দেখানোর জন্য কোন বিরামচিহ্ন বসে?
উ: হাইফেন চিহ্ন। যেমন - জলে-স্থলে, হাতে-কলমে।

প্রশ্ন: সমজাতীয় একাধিক পদ পরপর থাকলে কোন চিহ্ন বসে?
উ: কমা বসে। যেমন- সে একজন মেধাবী, সৎ ও পরোপকারী।

প্রশ্ন: বাড়ি বা রাস্তার নামের পরে কোন বিরাম চিহ্ন বসে?
উ: কমা বসে। যেমন- ৩৮, বাংলাবাজার, ঢাকা ১১০০।

প্রশ্ন: সম্বোধনের পরে কোন বিরাম চিহ্ন বসে?
উ: কমা বসে। যেমন- বন্ধু, তুমি কি আজ ফিরবে?

প্রশ্ন: হৃদয়াবেগ প্রকাশ করতে কোন চিহ্ন বসে?
উ: বিস্ময় বা আশ্চার্যবোধক চিহ্ন। যেমন- আহা! কী আনন্দ আকাশে-বাতাসে।

প্রশ্ন: ইলেক বা লোপ চিহ্ন কখন ব্যবহৃত হয়?
উ: বর্ণের বিলুপ্তির জন্য যেমন- দু'টি। এখানে, 'দুইটি' কথাটির 'ই' বর্ণটি বাদ দিতে ইলেক বা লোপ চিহ্ন ব্যবহৃত হয়েছে।

প্রশ্ন: শব্দের সংক্ষিপ্ত ব্যবহারের ক্ষেত্রে কোন বিরাম চিহ্ন বসে?
উ: বিন্দু। যেমন- ড. মো. কামাল হোসেন।

প্রশ্ন: কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কোন বিরাম চিহ্ন বসে?
উ: সেমিকোলন।

প্রশ্ন: বাক্যে কখন দাঁড়ি চিহ্ন ব্যবহৃত হয়?
উ: বাক্যের পূর্ণছেদ বোঝাতে।

প্রশ্ন: প্রথম বন্ধনী সাহিত্যে কী অর্থে ব্যবহৃত হয়?
উ: ব্যাখ্যামূলক কোনো কিছু বোঝানোর জন্য।

প্রশ্ন: উদ্ধৃতি চিহ্ন কত প্রকার।
উ: ২ প্রকার। যথা- একক বা সিঙ্গেল উদ্ধৃতি চিহ্ন (' ') এবং দুই বা ডাবল উদ্ধৃতি চিহ্ন (" ")। বক্তার বক্তব্য সরাসরি তুলে ধরতে দুই বা ডাবল উদ্ধৃতি চিহ্ন (" ") ব্যবহৃত হয় এবং বাকি সব ক্ষেত্রে বর্তমানে দুই বা ডাবল উদ্ধৃতি চিহ্ন এর পরিবর্তে একক বা সিঙ্গেল উদ্ধৃতি চিহ্ন (' ') বসে।
যেমন- কামাল বলল, "তোমাকে আমার সঙ্গে একবার যেতে হবে"।
'বর্ণ' হলো ধ্বনি নির্দেশক প্রতীক।

MCQ Test

১. **লেখার সময় বিশ্রামের জন্য আমরা যে চিহ্নগুলো ব্যবহার করে থাকি, সেগুলোকে কি বলে?**
ক. বিশ্রাম চিহ্ন খ. বিরাম চিহ্ন
গ. বিভাজন চিহ্ন ঘ. সাংস্কৃতিক চিহ্ন **উ. খ**

২. **বিরাম চিহ্ন কেন ব্যবহৃত হয়?**
ক. বাক্য সংকোচনের জন্য
খ. বাক্যের অর্থ স্পষ্টীকরণের জন্য
গ. বাক্যের সৌন্দর্যের জন্য
ঘ. বাক্যকে অলংকৃত করার জন্য **উ. খ**

৩. **বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন করেন–**
ক. প্রমথ চৌধুরী খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. মাইকেল মধুসূদন দত্ত **উ. খ**

৪. **বাংলা ভাষায় যতি বা ছেদচিহ্ন মোট কয়টি?**
ক. ৯টি খ. ১০টি
গ. ১১টি ঘ. ১২টি **উ.**

৫. **বিরাম চিহ্ন ব্যবহৃত হয় না–**
ক. বাক্যের অর্থ সহজভাবে বোঝাতে
খ. শ্বাস বিরতির জায়গা দেখাতে
গ. বাক্যকে অলংকৃত করতে
ঘ. বক্তার মেজাজ স্পষ্ট করতে **উ.**

৬. **'কমা' কোথায় বসে?**
ক. বাক্যের মাঝে কোনো পদ ব্যাখ্যা করার জন্য
খ. কোনো অপূর্ণ বাক্যের পর
গ. সম্বোধন পদের পরে ঘ. প্রশ্ন বোঝানোর জন্য **উ.**

৭. **বাক্যে সম্বোধন পদ থাকলে তার পরে যে চিহ্ন বসে–**
ক. দাঁড়ি খ. সেমিকোলন
গ. কমা ঘ. কোলন **উ.**

৮. **তারিখ লিখতে কোন যতি চিহ্নের ব্যবহার হয়?**
ক. সেমিকোলন খ. কমা
গ. দাঁড়ি ঘ. কোলন **উ.**

৯. **বাড়ি বা রাস্তার নামের পরে কোন যতিচিহ্ন বসে?**
ক. দাঁড়ি খ. কোলন
গ. কমা ঘ. ড্যাস **উ.**

১০. **নিচের কোনটিতে বিরাম চিহ্ন যথাযথভাবে ব্যবহৃত হয়নি?**
ক. ডিসেম্বর ১৬, ১৯৭১
খ. ঢাকা, ২১ ফেব্রুয়ারি ১৯৫২
গ. ২৬ মার্চ, ১৯৭১
ঘ. পয়লা বৈশাখ, চৌদ্দশত সাত **উ.**

১১. **একাধিক স্বাধীন বাক্যকে একটি বাক্যে লিখতে সেগুলোর মাঝখানে কোন চিহ্ন বসে?**
ক. হাইফেন খ. সেমিকোলন
গ. ড্যাশ ঘ. কমা **উ.**

১২. **বাক্যে কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কী বসে/যেখানে কমা অপেক্ষা অধিক বিরাম আবশ্যক সেখানে কোন চিহ্ন ব্যবহার হয়?**
ক. কোলন খ. ড্যাশ
গ. সেমিকোলন ঘ. দাঁড়ি **উ.**

১৩. **একটি অপূর্ণ বাক্যের পর অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোন বিরাম চিহ্ন ব্যবহৃত হয়?**
ক. ড্যাশ খ. হাইফেন
গ. কোলন ঘ. উদ্ধরণ চিহ্ন **উ.**

১৪. **কোনটি কোলন?**
ক. ; খ. ঃ
গ. : ঘ. = **উ.**

১৫. **কোন বিরাম চিহ্নে বিরাম নিতে হয় না/বাক্যে কোন যতি চিহ্নের প্রয়োগে থামার প্রয়োজন নেই?**
ক. হাইফেন খ. ড্যাশ
গ. সেমিকোলন ঘ. কোলন **উ.**

১৬. **বাংলা বাক্যের শেষে ব্যবহৃত হয়, এমন বিরাম চিহ্নের সংখ্যা**
ক. ৮টি খ. ৫টি
গ. ৩টি ঘ. ২টি **উ. গ**

Job Navigator

২. বাগধারা ও বাগবিধি [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. 'সাক্ষী গোপাল' বাগধারাটির অর্থ কী? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. অপদার্থ খ. মূর্খ
গ. নিরেট বোকা ঘ. নিষ্ক্রিয় দর্শক **উ. ঘ**

২. 'ধামাধরা' বাগধারাটির অর্থ কী? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. যথেচ্ছাচারী খ. বক ধার্মিক
গ. তোষামোদকারী ঘ. কদরহীন লোক **উ. গ**

৩. 'যারা বাইরে ঠাঁট বজায় রেখে চলে।"–এর অর্থ প্রকাশক বাগধারা কোনটি? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. বাঙের আধুলি খ. লেফাফা দুরস্ত
গ. রাশভারি ঘ. ভিজে বেড়াল **উ. খ**

৪. 'ঢাক ঢাক গুড় গুড়' বাগধারাটির অর্থ কি? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. ষড়যন্ত্র খ. সন্দেহজনক আচরণ
গ. ঢাক জোরে বাজানো ঘ. লুকোচুরি **উ. ঘ**

৫. 'ডাক্তার সাহেবের হাত যশ ভালো'– বাক্যে হাত ব্যবহৃত হয়েছে– *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. অধিকার অর্থে খ. যশ অর্থে
গ. অভ্যাস অর্থে ঘ. নিপুণতা অর্থে **উ. ঘ**

৬. 'তাসের ঘর' শব্দের অর্থ কি? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. সর্বনাশ খ. তামাশা
গ. ক্ষণস্থায়ী ঘ. ভণ্ড **উ. গ**

৭. 'তামার বিষ' বাগধারাটির অর্থ কী? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. অর্থের অভাব খ. অর্থের প্রাচুর্য
গ. অর্থের কু-প্রভাব ঘ. অর্থের অহঙ্কার **উ. গ**

৮. 'গোবর গণেশ' বাগধারাটির অর্থ কী? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. অপদার্থ খ. নিরেট মূর্খ
গ. অত্যন্ত অলস ঘ. অপটু **উ. খ**

৯. 'একাদশে' বৃহস্পতি কী? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
ক. প্রবাদ খ. বাগধারা
গ. সমস্তপদ ঘ. ব্যাসবাক্য **উ. খ**

১০. 'পুকুর চুরি' বাগধারাটির অর্থ– *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. অবাস্তব বস্তু খ. বড় ধরনের চুরি
গ. পুকুর চুরি করা ঘ. লোপাট **উ. খ**

১১. ইঁদুর কপালে কী? *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. প্রবাদ খ. বাগধারা
গ. সমস্ত পদ ঘ. ব্যাসবাক্য **উ. খ**

১২. 'একাদশে বৃহস্পতি' অর্থ- *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. সুসময় খ. দুঃসময়
গ. অলীক বস্তু ঘ. শেষ রক্ষা **উ. ক**

১৩. 'ঘরের শত্রু বিভীষণ' বাগধারাটির অর্থ- *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. বন্ধুভাবাপন্ন খ. শত্রু
গ. রাবণের ভাই ঘ. যে গৃহ বিবাদ করে **উ. ঘ**

১৪. 'রাবণের চিতা' অর্থ কী? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. চির শান্তি খ. চির অশান্তি
গ. চির নিদ্রা ঘ. চির সুখী **উ. খ**

১৫. 'নদের চাঁদ' বাগধারাটি যে অর্থ প্রকাশ করে– *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. কুৎসিত ব্যক্তি অথচ কর্মপটু
খ. দুর্বল ও ব্যক্তিত্বহীন
গ. সুন্দর ব্যক্তি অথচ অপদার্থ
ঘ. গম্ভীর অথচ কর্মপটু **উ. গ**

১৬. বাগধারা বা বাগ্বিধি কোনো শব্দ বা শব্দগুচ্ছের– *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. আভিধানিক অর্থ প্রকাশ করে
খ. বিশেষ অর্থ প্রকাশ করে
গ. আক্ষরিক অর্থ প্রকাশ করে
ঘ. অতিরিক্ত অর্থ প্রকাশ করে **উ. খ**

১৭. 'ভাবনা চিন্তাহীন' কোন বাগধারাটির অর্থ প্রকাশ করে? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. সুখের পায়রা খ. খোদার খাসি
গ. যক্ষের ধন ঘ. বসন্তের কোকিল **উ. খ**

১৮. 'গৌরচন্দ্রিকা' বাগধারাটি কোন অর্থে ব্যবহৃত হয়? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. বাড়তি বোঝা খ. রূপের মোহ
গ. ভূমিকা ঘ. ফিটফাট **উ. গ**

১৯. 'স্বেচ্ছাচারী ব্যক্তি' কোন বাগধারা দিয়ে বোঝানো হয়েছে? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. ধর্মের ষাঁড় খ. পোয়া বারো
গ. রাহুর দশা ঘ. বুদ্ধির ঢেঁকি **উ. ক**

২০. কোন বাগধারাটির অর্থ চির অশান্তি? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. কুল কাঠের আগুন খ. তুষের আগুন
গ. রাবণের চিতা ঘ. কলির সন্ধ্যা **উ. গ**

২১. 'ফপর দালালি'-এর বাগধারাটির সঠিক অর্থ কোনটি? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. ঠোঁট কাটা খ. কাণ্ডজ্ঞানহীন
গ. গায়ে পড়ে মাতব্বরী ঘ. ধনের অহংকার **উ. গ**

২২. 'ইঁদুর কপালে' বাগধারাটি কো অর্থে ব্যবহৃত হয়? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. মন্দ বাক্য খ. মন্দ ভাগ্য
গ. হাস্যকর চেহারা ঘ. ইঁদুরাকৃতি কপাল **উ. খ**

২৩. 'বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে-'এ উক্তিটির প্রকৃত তাৎপর্য হচ্ছে– *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. বনের পশু বনে থাকতেই ভালবাসে
খ. প্রকৃতি রূপ সৌন্দর্য আদি ও অকৃত্রিম
গ. আদিবাসী মানুষ অরণ্য জনপদে বাস করে
ঘ. জীবমাত্রই স্বাভাবিক অবস্থানে সুন্দর **উ. ঘ**

২৪. 'বৈরাগ্য সাধনে – সে আমার নয়' শূন্যস্থান পূরণ করুন। *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. মুক্তি খ. আনন্দ
গ. বিশ্বাস ঘ. আশ্বাস **উ. ক**

স্কুল পর্যায়

১. 'পত্রপাঠ' বাগধারাটির অর্থ কী? [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. গোপন চুক্তি খ. বৃহৎ ব্যাপার
গ. অবিলম্ব ঘ. দীর্ঘস্থায়ী উ. গ

২. 'তামার বিষ' বাগধারাটির অর্থ কী? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. অর্থের কুপ্রভাব খ. অপচয়
গ. ক্ষণস্থায়ী বস্তু ঘ. কৃপণের কড়ি উ. ক

৩. "গুণহীনের ব্যর্থ আস্ফালন"– অর্থটি কোন প্রবাদে ব্যক্ত হয়েছে? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. কানা ছেলের নাম পদ্মলোচন
খ. ঘুঘু দেখেছ ফাঁদ দেখনি
গ. অসারের তর্জন-গর্জন সার
ঘ. আসলে মুঘল নেই, ঢেঁকি ঘরে চাঁদোয়া উ. গ

৪. 'শিবে-সংক্রান্তি' বাগধারাটির অর্থ কী? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. আসন্ন বিপদ খ. মাথা ব্যথা
গ. মহাবিপদ ঘ. মাথার বোঝা উ. ক

৫. 'মন না মতি' বাগধারার অর্থ কী? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. চালবাজি খ. অস্থির মানব মন
গ. অরাজক পরিস্থিতি ঘ. অমূল্য সম্পদ উ. খ

৬. 'চক্ষুদান করা'-বাগধারাটির অর্থ কী? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. পক্ষপাতিত্ব করা খ. সৌভাগ্য লাভ
গ. চুরি করা ঘ. নষ্ট করা উ. গ

৭. 'শকুনি মামা'-এর অর্থ কোনটি? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. কুৎসিত মামা খ. সৎ মামা
গ. কুচক্রী মামা ঘ. পাতানো মামা উ. গ

৮. 'ভিক্ষুকটা যে পেছনে লেগেই রয়েছে, কী বিপদ!'– এ বাক্যের 'কী' এর অর্থ কোনটি? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. বিরক্তি খ. রাগ
গ. ভয় ঘ. হুমকি উ. ক

৯. 'হাতে দুর্বা গজানো' বাগধারার অর্থ কী? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. ছন্নছাড়া খ. অলক্ষণে
গ. আলসেমির লক্ষণ ঘ. অতিশয় দুর্বল উ. গ

১০. 'দহরম মহরম' এর বিপরীত বাগধারা কোনটি? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. জিলাপির প্যাঁচ খ. অহিনকুল
গ. দুধের মাছি ঘ. বসন্তের কোকিল উ. খ

১১. 'কেতাদুরস্ত' বাগধারার অর্থ কী? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. অলস খ. পরিশ্রমী
গ. পরিপাটি ঘ. দীর্ঘজীবী উ. গ

১২. কোন বাগধারাটি স্বতন্ত্র অর্থ প্রকাশ করে? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. তুলসী বনের বাঘ খ. বিড়াল তপস্বী
গ. ভিজা বিড়াল ঘ. বকধার্মিক উ. গ

১৩. 'চক্ষুদান করা' বাগধারার অর্থ কী? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. চুরি করা খ. সেবা করা
গ. অপরাধ করা ঘ. নষ্ট করা উ. ক

১৪. 'হাত ধুয়ে বসা' বাগধারার অর্থ কী? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. খেতে বসা খ. শুরু করা
গ. ভণ্ডামী করা ঘ. সাধু সাজা উ. খ

১৫. 'উজানের কৈ'-এই বাগধারাটির অর্থ কী? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. বিরাট আয়োজন খ. সহজলভ্য
গ. অপদার্থ ঘ. সামান্য পার্থক্য উ. খ

১৬. 'ঢাকের কাঠি' এই বাগধারাটির সাথে কোন বাগধারাটির মিল আছে? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. তাসের ঘর খ. চোখের বালি
গ. গুড়ে বালি ঘ. খয়ের খাঁ উ. খ

১৭. 'নদের চাঁদ' বাগধারাটির অর্থ কি? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. অতি আকাঙ্ক্ষিত বস্তু খ. অহমিকাপূর্ণ নির্গুণ ব্যক্তি
গ. অদৃষ্টের পরিহাস ঘ. বিশেষ সম্মানিত ব্যক্তি উ. খ

১৮. 'চির অশান্তি' বাগধারাটি কোন অর্থে যথোপযুক্ত? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. ভরাডুবি খ. তামার বিষ
গ. রাবণের চিতা ঘ. আকাশ ভেঙে পড়া উ. গ

১৯. নিচের বাগধারার কোন জোড়াটি ভিন্নার্থক? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. বকধার্মিক- বিড়াল তপস্বী
খ. মণিকাঞ্চন যোগ-সোনায় সোহাগা
গ. ব্যাঙের আধুলি-ব্যাঙের সর্দি
ঘ. অন্ধের যষ্টি-অন্ধের নড়ি উ. গ

২০. 'ফাঁকা আওয়াজে কাজ আদায়'-এর সমার্থক বাগধারা কোনটি? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. কলকাঠি নাড়া খ. কুপোকাৎ
গ. কালে ভদ্রে ঘ. কথায় চিড়া ভেজা উ. ঘ

২১. নিচের কোন শব্দটি 'দক্ষ' অর্থে ব্যবহৃত হয়েছে? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. পাকা আম খেতে মিষ্টি খ. ছেলেটি অংকে পাকা
গ. পাকা সোনায় খাদ থাকে না ঘ. শাড়িটির রং পাকা উ. খ

২২. 'সময়ে কাজে না লাগালে অসময়ে পথে ফেরানো কঠিন'-এ অর্থের সাথে প্রযোজ্য প্রবচন কোনটি? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. নির্গুণ পুরুষের ভোজন সার, করেন সদাই মার মার
খ. উঠন্তি মূলো পত্তনেই চেনা যায়
গ. নদী, নারী, শৃঙ্গধারী- এ তিনে না বিশ্বাস করি
ঘ. কাঁচায় না নোয়ালে বাঁশ, পাকলে করে ঠাস ঠাস উ. ঘ

২৩. 'যার কোনো মূল্য নেই'-এর সমার্থক বাগধারা কোনটি? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. ডাকা বুকো খ. তুলসী বনের বাঘ
গ. কাঠের পুতুল ঘ. ঢাকের বায়া উ. ঘ

২৪. 'বিষ নেই তার কুলোপনা চক্কর' বাগধারাটির সঠিক অর্থ কোনটি? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. যার কোনো প্রকার ক্ষমতা নেই
খ. অন্তঃসার শূন্য অবস্থা
গ. ক্ষমতাশালীর দম্ভ প্রকাশ
ঘ. অক্ষম ব্যক্তির বৃথা আস্ফালন উ. ঘ

২৫. 'সাক্ষী গোপাল' বাগধারাটির অর্থ কী? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. অপদার্থ খ. মূর্খ
গ. নিরেট বোকা ঘ. নিষ্ক্রিয় দর্শক উ. ঘ

২৬. নিচের কোন বাগধারাটি ভিন্নার্থক? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. সুখের পায়রা খ. শরতের শিশির
গ. দুধের মাছি ঘ. লক্ষ্মীর বরযাত্রী উ. *
ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। সবগুলো বাগধারা সমার্থক। বাগধারাগুলোর অর্থ- সুসময়ের বন্ধু।

২৭. 'ইঁদুর কপালে'-এর বিপরীতার্থক বাগধারা কোনটি? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. অদৃষ্টের পরিহাস খ. চাঁদের হাট
গ. একাদশে বৃহস্পতি ঘ. কেউকেটা উ. গ

২৮. 'গুণহীনের বৃথা আস্ফালন'-এর অর্থ নিচের কোন প্রবাদের সাহায্যে বোঝানো যায়? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. আসলে মুষল নেই, টেঁকি ঘরে চাঁদোয়া
খ. অসারের তর্জন গর্জন সার
গ. কানা ছেলের নাম পদ্মলোচন
ঘ. ঘুঘু দেখেছো, ফাঁদ দেখনি উ. খ

২৯. নিচের কোন শব্দটি রোগ অর্থে ব্যবহৃত হয়েছে? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. মাথা ব্যথা খ. মাথা ঘামান
গ. মাথা ধরা ঘ. মাথা দেয়া উ. গ

৩০. 'যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি, আওগৃহে তার দেখিবে না আর নিশীথে প্রদীপ বাতি'– এই অংশের সম্প্রসারণে কোন ভাষাটি সঠিক? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. দিনের বেলায় আলোর উৎস সূর্য
খ. দিনের বেলায় প্রদীপ জ্বালানো আবশ্যক
গ. দিনের বেলায় প্রদীপ জ্বালানো অপব্যয়ের নামান্তর
ঘ. অপব্যয়ের পরিণাম অত্যন্ত দুঃখজনক উ. ঘ

৩১. অনিষ্ট করতে গিয়ে ভাল করা কে কী বলে? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. ভিজে বেড়াল খ. শাপে বর
গ. কপাল ফেরা ঘ. অদৃষ্টের পরিহাস উ. খ

৩২. কোন জোড়াটি ভিন্নার্থক? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. বকধার্মিক– বিড়াল তপস্বী
খ. মণিকাঞ্চন যোগ– সোনায় সোহাগা
গ. ব্যাঙের আধুলি– ব্যাঙের সর্দি
ঘ. অন্ধের যষ্টি– অকা পাওয়া উ. গ,ঘ

৩৩. "ইঁদুর কপালে"– এর বিপরীত বাগধারা কোনটি? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. নিরেট বোকা খ. একাদশে বৃহস্পতি
গ. সোনায় সোহাগা ঘ. অহংকারী উ. খ

৩৪. "কূল কাঠের আগুন"– বাগধারাটির প্রকৃত অর্থ কী? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. কাঠের পুতুল খ. তীব্র জ্বালা
গ. কূপমণ্ডুক ঘ. কেতাদুরস্ত উ. খ

৩৫. কোন বাগধারাটি স্বতন্ত্র অর্থ প্রকাশক? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. সাতেও না পাঁচেও না খ. আদায় কাঁচকলায়
গ. সাপে-নেউলে ঘ. দা-কুমড়া উ. ক

৩৬. "যার কোনো মূল্য নেই" – একে বাগধারায় বলে– *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. তামার বিষ খ. অরণ্যে রোদন
গ. ঢাকের বাঁয়া ঘ. কাঠের পুতুল উ. গ

স্কুল পর্যায়-২

১. 'চির অশান্তি' অর্থে কোন বাগধারাটি যথোপযুক্ত? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. ভরাডুবি খ. বাবণের চিতা
গ. জগদ্দল পাথর ঘ. ঢাকের বায়া উ. গ

২. 'গদাই লস্করি চাল' বাগধারাটির অর্থ কী? *[১৭তম স্কুল ও নিবন্ধন ২০২২]*
ক. তুচ্ছ পদার্থ খ. আলসেমি
গ. অন্ধ অনুকরণ ঘ. তুমুল কাণ্ড উ. খ

৩. 'খয়ের খাঁ' বাগধারাটির অর্থ কী? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. মন্দভাগ্য খ. তুচ্ছ পদার্থ
গ. চাটুকার ঘ. নির্বোধ উ. গ

৪. 'সপ্তকাণ্ড রামায়ণ' বাগধারাটির অর্থ কী? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. বৃহৎ বিষয় খ. গ্রন্থ
গ. ছোটগল্প ঘ. কোনোটি নয় উ. ক

৫. 'সিঁদুরে মেঘ' বাগধারাটির অর্থ কী? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. বড় বিপদ খ. অল্পে ভয়
গ. বিপদের আশঙ্কা ঘ. আকাশ লাল উ. খ

৬. 'হাড়-হাভাতে'– বাগধারাটির অর্থ কী? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. হতভাগ্য খ. নিরেট মূর্খ
গ. চক্ষুশূল ঘ. নিতান্ত অলস উ. ক

৭. 'তামার বিষ'– বাগধারাটির অর্থ কোনটি? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. অহংকার খ. ক্ষণস্থায়ী
গ. অর্থের কুপ্রভাব ঘ. টনক নড়া উ. গ

৮. 'সাক্ষী গোপাল' বাগধারাটির অর্থ কী? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. অপদার্থ খ. মূর্খ
গ. সক্রিয় দর্শক ঘ. নিষ্ক্রিয় দর্শক উ. ঘ

৯. 'নেই আঁকড়া' বাগধারাটির অর্থ– *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. একই স্বভাবের খ. নিরেট মূর্খ
গ. একগুঁয়ে ঘ. সহায় সম্বলহীন উ. গ

১০. 'চাঁদের হাট' বাগধারাটির সঠিক অর্থ কোনটি? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. বিরাট আয়োজন খ. সৌভাগ্য লাভ
গ. সৌভাগ্যের বিষয় ঘ. আনন্দের প্রাচুর্য উ. ঘ

১১. 'ছকড়া নকড়া'– বাগধারাটির অর্থ কী? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. সস্তা দর খ. নষ্ট করা
গ. দুর্লভ বস্তু ঘ. আশায় নৈরাশ্য উ. ক

১২. 'চাঁদের হাট' বাগধারাটির অর্থ কী? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. সৌভাগ্য লাভ খ. বিরাট আয়োজন
গ. আনন্দের প্রাচুর্য ঘ. আনন্দ আয়োজন উ. গ

১৩. 'ভূষণ্ডির কাক' বাগধারাটির সঠিক অর্থ কোনটি? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. একই স্বভাবের খ. মূর্খ
গ. কপট ব্যক্তি ঘ. দীর্ঘজীবী উ. ঘ

১৪. শকুনি মামা-এর অর্থ– *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. কুৎসিত মামা খ. সৎ মামা
গ. কুচক্রী লোক ঘ. পাতানো মামা উ. গ

১৫. সাধারণ অর্থের বাইরে যা বিশিষ্ট অর্থ প্রকাশ করে থাকে তাকে বলে– *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. বাগ্বিধি খ. সমার্থক শব্দ
গ. ভিন্নার্থক শব্দ ঘ. বিপরীতার্থক শব্দ উ. ক

বাগধারা

'বাগধারা' হলো একটি বিশেষ অর্থ শব্দগুচ্ছ। যাকে ইংরেজিতে 'Phrase & Idioms'-ও বলা হয়। প্রাইমারি শিক্ষক নিয়োগ পরীক্ষার একটি কমন টপিক হলো এই 'বাগধারা'। প্রায় প্রত্যেক পরীক্ষায় এই টপিক থেকে ১-২টি প্রশ্ন থাকে গড়ে। যে গুরুত্বপূর্ণ বাগধারাগুলো পরীক্ষায় বারবার আসে সেগুলো নিচে দেয়া হলো-

অকাল কুষ্মাণ্ড– অপদার্থ, অকেজো
অক্কা পাওয়া– মারা যাওয়া
অগস্ত্য যাত্রা– চির দিনের জন্য প্রস্থান
অগাধ (গভীর) জলের মাছ– খুব চালাক, সুচতুর ব্যক্তি
অজগর বৃত্তি– আলসেমি
অর্ধচন্দ্র– গলা ধাক্কা
অন্ধের যষ্টি– একমাত্র অবলম্বন
অন্ধের নড়ি– একমাত্র অবলম্বন
অগ্নিশর্মা– নিরতিশয় ক্রুদ্ধ, ক্ষিপ্ত
অগ্নিপরীক্ষা– কঠিন পরীক্ষা
অতি চালাকের গলায় দড়ি– বেশি চাতুর্যর খারাপ পরিণাম
অতি লোভে তাঁতি নষ্ট– লোভে ক্ষতি
অদৃষ্টের পরিহাস– ভাগ্যের নিষ্ঠুরতা
অষ্টরম্ভা– ফাঁকি, শূন্য
অথৈ জলে পড়া– বড় বিপদে পড়া
অন্ধকারে ঢিল মারা– আন্দাজে কাজ করা
অমৃতে অরুচি– দামি জিনিসের প্রতি বিতৃষ্ণা
অকূল পাথার– ভীষণ বিপদ
অনুরোধে ঢেঁকি গেলা– অনুরোধে দুরূহ কাজ সম্পন্ন করতে সম্মতি দেয়া
অল্পবিদ্যা ভয়ংকরী– সামান্য বিদ্যার অহংকার
অনুরোধে ঢেঁকি গেলা– অনুরোধে অনিচ্ছা সত্ত্বেও কিছু করা
অক্ষয় বট– প্রাচীন ব্যক্তি
অনধিকার চর্চা– সীমার বাইরে পদক্ষেপ
অরণ্যে রোদন– নিষ্ফল আবেদন
অহিনকুল সম্বন্ধ– ভীষণ শত্রুতা
অন্ধকার দেখা– দিশেহারা হয়ে পড়া
অমাবস্যার চাঁদ– দুর্লভ বস্তু
আকাশ কুসুম– অসম্ভব কল্পনা
আকাশ পাতাল– প্রভেদ, প্রচুর ব্যবধান
আকাশ থেকে পড়া– অপ্রত্যাশিত
আকাশের চাঁদ– আকাঙ্ক্ষিত বস্তু
আগুন নিয়ে খেলা– ভয়ঙ্কর বিপদ
আগুনে ঘি ঢালা– রাগ বাড়ানো
আঙুল ফুলে কলাগাছ– অপ্রত্যাশিত ধনলাভ, হঠাৎ করে ধনী হওয়া
আঠার আনা– সমূহ সম্ভাবনা
আদায় কাঁচকলায়– তিক্ত সম্পর্ক
আহ্লাদে আটখানা– খুব খুশি
আক্কেল সেলামি– নির্বুদ্ধিতার দণ্ড
আকাশের চাঁদ হাতে পাওয়া– দুর্লভ বস্তুপ্রাপ্তি
আদা জল খেয়ে লাগা– প্রাণপণ চেষ্টা করা
আক্কেল গুড়ুম– হতবুদ্ধি, স্তম্ভিত
আমড়া কাঠের ঢেঁকি– অপদার্থ
আকাশ ভেঙে পড়া– ভীষণ বিপদে পড়া
আমতা আমতা করা– ইতস্তত করা, দ্বিধা করা
আটকপালে– হতভাগ্য
আঠার মাসের বছর– দীর্ঘসূত্রিতা
আলালের ঘরের দুলাল– অতি আদরে নষ্ট পুত্র
আকাশে তোলা– অতিরিক্ত প্রশংসা করা
আষাঢ়ে গল্প– আজগুবি কেচ্ছা
ইঁদুর কপালে– নিতান্ত মন্দভাগ্য
ইঁচড়ে পাকা– অকালপক্ব
ইলশে গুঁড়ি– গুড়ি গুড়ি বৃষ্টি
ইতর বিশেষ– পার্থক্য
উত্তম মধ্যম– প্রহার
উড়নচণ্ডী– অমিতব্যয়ী
উভয় সংকট– দুই দিকেই বিপদ
উলু বনে মুক্ত ছড়ানো– অপাত্রে/অস্থানে মূল্যবান দ্রব্য প্রদান
উড়ো চিঠি– বেনামি পত্র
উড়ে এসে জুড়ে বসা– অনধিকারীর অধিকার
উজানের কৈ– সহজলভ্য
উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে– একের দোষ অন্যের ঘাড়ে চাপানো
উনপাঁজুড়ে– হতভাগ্য, দুর্বল
উনপঞ্চাশ বায়ু– পাগলামি।
উনকোটি চৌষট্টি– প্রায় সম্পূর্ণ।
এক ক্ষুরে মাথা মুড়ানো– একই স্বভাবের, একই দলভুক্ত
এক চোখা– পক্ষপাতিত্ব, পক্ষপাতদুষ্ট
এক মাঘে শীত যায় না– বিপদ এক বারই আসে না, বার বার আসে
এলোপাতাড়ি– বিশৃঙ্খলা
এসপার ওসপার– মীমাংসা
একাদশে বৃহস্পতি– পরম সৌভাগ্যের বিষয়
এক বনে দুই বাঘ– প্রবল প্রতিদ্বন্দ্বী
এক হাত লওয়া– প্রতিশোধ নেয়া
এলাহি কাণ্ড– বিরাট আয়োজন
ওজন বুঝে চলা– অবস্থা বুঝে চলা
ওষুধে ধরা– প্রার্থিত ফল পাওয়া
কচুকাটা করা– নির্মমভাবে ধ্বংস করা
কচু পোড়া– অখাদ্য
কচ্ছপের কামড়– যা সহজে ছাড়ে না

Job Navigator

কলম পেষা– কেরানিগিরি
কলুর বলদ– একটানা খাটুনি
কথার কথা– গুরুত্বহীন কথা
কাঁঠালের আমসত্ত্ব– অসম্ভব বস্তু
কাকতাল– আকস্মিক/দৈব যোগাযোগজাত ঘটনা
কপাল ফেরা– সৌভাগ্য লাভ
কত ধানে কত চাল– টের পাওয়া
কড়ায় গণ্ডায়– পুরোপুরি
কান খাড়া করা– মনোযোগী হওয়া
কানকাটা– নির্লজ্জ
কান ভাঙানো– কুপরামর্শ দান
কান ভারি করা– কুপরামর্শ দান
কাপুড়ে বাবু– বাহ্যিক সাজ
কেউ কেটা– সামান্য।
কংস মামা– নির্মম আত্মীয়।
কেঁচে গণ্ডুষ– পুনরায় আরম্ভ করা
কেঁচো খুঁড়তে সাপ– সামান্য থেকে অসামান্য পরিস্থিতি
কই মাছের প্রাণ– কঠিন প্রাণ; যা সহজে মরে না
কুঁড়ের বাদশা– খুব অলস
কাক ভূষণ্ডি– অত্যন্ত ভেজা। (মনে রাখুন: কাক বাহিরে থাকে বলে অনেক তথা অন্তত ভিজে গেছে! এছাড়াও খেয়াল করুন– 'কাক ভূষণ্ডি' বাগধারার শেষ শব্দের প্রথম বর্ণ 'ভ'; আবার 'অত্যন্ত ভেজা' লিখতে শেষ শব্দের প্রথম বর্ণ 'ভ'।)
ভূষণ্ডির কাক– দীর্ঘায়ু ব্যক্তি। ('ভূষণ্ডির কাক' কথাটি শেষ শব্দে 'ক' আছে; আবার 'দীর্ঘায়ু ব্যক্তি' কথাটি শেষ যুক্তবর্ণে 'ক' আছে। আশা করি, পরীক্ষার হলে আর এই দুটি বাগধারা নিয়ে তালগোল পাকাবেন না!)
কেতা দুরস্ত– পরিপাটি। কচুবনের কালাচাঁদ– অপদার্থ।
কাছা আলগা– অসাবধান
কাঁচা পয়সা– নগদ উপার্জন
কূপমণ্ডুক– সীমাবদ্ধ জ্ঞান সম্পন্ন, ঘরকুনো
কাঠের পুতুল– নির্জীব, অসার
কথায় চিঁড়ে ভেজা– ফাঁকা বুলিতে কার্যসাধন
কান পাতলা– সহজেই বিশ্বাসপ্রবণ
কাছা ঢিলা– অসাবধান।
কেবলা হাকিম– অনভিজ্ঞ।
কুল কাঠের আগুন– তীব্র জ্বালা
খয়ের খাঁ– চাটুকার
খণ্ড প্রলয়– ভীষণ ব্যাপার
খাল কেটে কুমির আনা– বিপদ ডেকে আনা
গড্ডলিকা প্রবাহ– অন্ধ অনুকরণ
গদাই লস্করি চাল– অতি ধীর গতি, আলসেমি
গণেশ উল্টানো– উঠে যাওয়া, ফেল মারা
গলগ্রহ– পরের বোঝা স্বরূপ থাকা
গরজ বড় বালাই– প্রয়োজনে গুরুত্ব
গরমা গরম– টাটকা
গয়ংগচ্ছ- ঢিলেমি
গরিবের ঘোড়া রোগ– অবস্থার অতিরিক্ত অন্যায় ইচ্ছা
গুরু মেরে জুতা দান– বড় ক্ষতি করে সামান্য ক্ষতিপূরণ
গুরু খোঁজা – তন্ন তন্ন করে খোঁজা
গাছে কাঁঠাল গোঁফে তেল– প্রাপ্তির আগেই আয়োজন
গা ঢাকা দেওয়া– আত্মগোপন
গায়ে কাঁটা দেওয়া– রোমাঞ্চিত হওয়া
গাছে তুলে মই কাড়া– সাহায্যের আশা দিয়ে সাহায্য না করা
গায়ে ফুঁ দিয়ে বেড়ানো– কোনো দায়িত্ব গ্রহণ না করা
গুরু মারা বিদ্যা– যার কাছে শিক্ষা তারই উপর প্রয়োগ
গোকুলের ষাঁড়– স্বেচ্ছাচারী লোক
গোঁয়ার গোবিন্দ– নির্বোধ অথচ হঠকারী
গোল্লায় যাওয়া– নষ্ট হওয়া, অধঃপাতে যাওয়া
গোবর গণেশ– মূর্খ
গোলক ধাঁধা– দিশেহারা
গোঁফ খেজুরে– নিতান্ত অলস
গোড়ায় গলদ– শুরুতেই ভুল
গৌরচন্দ্রিকা– ভূমিকা
গৌরীসেনের টাকা– বেহিসাবী অর্থ
গুড়ে বালি– আশায় নৈরাশ্য
ঘর ভাঙানো– সংসার নষ্ট করা
ঘাটের মরা– অতি বৃদ্ধ
ঘোড়া রোগ– সাধ্যের অতিরিক্ত সাধ
ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া– মধ্যবর্তীকে অতিক্রম করে কাজ করা
ঘোড়ার ঘাস কাটা– অকাজে সময় নষ্ট করা
ঘোড়ার ডিম– অবাস্তব
ঘরের খেয়ে বনের মোষ তাড়ানো– নিজ খরচে পরের বেগার খাটা
ঘাটের মড়া– অতি বৃদ্ধ
ঘটিরাম– অপদার্থ, অযোগ্য
চক্ষুদান করা– চুরি করা
চক্ষুলজ্জা– সংকোচ
চর্বিত চর্বণ– পুনরাবৃত্তি
চাঁদের হাট– প্রিয়জনের সমাগম/আনন্দের প্রাচুর্য
চিনির বলদ– নিষ্ফল পরিশ্রম
চোখের বালি– চক্ষুশূল
চোখের পর্দা– লজ্জা
চোখ কপালে তোলা– বিস্মিত হওয়া
চোখ টাটানো– ঈর্ষা করা
চোখে ধুলো দেওয়া– ধোঁকা দেয়া, প্রতারণা করা
চুনকালি দেওয়া– কলঙ্কিত করা

চশমখোর– চক্ষুলজ্জাহীন
চোখের মণি– অত্যধিক প্রিয়
চামচিকের লাথি– নগণ্য ব্যক্তির কটূক্তি
চিনির পুতুল– শ্রমকাতুরে
চুনোপুটি– নগণ্য
চুলোয় যাওয়া– ধ্বংস
চিনে/ছিনে জোঁক– নাছোড়বান্দা
ছ-কড়া ন-কড়া– সস্তা দর
ছা পোষা– অত্যন্ত গরিব
ছাই ফেলতে ভাঙা কুলা– সামান্যের বিশেষ প্রয়োজন
ছেলের হাতের মোয়া– সহজলভ্য বস্তু
ছুঁচো মেরে হাত গন্ধ করা– নগণ্য স্বার্থে দুর্নাম অর্জন
ছক্কা পাঞ্জা করা– বড় বড় কথা বলা
ছিচ কাদুনে– অল্পতেই কাঁদে এমন
ছিনিমিনি খেলা– নষ্ট করা
জগাখিচুড়ি পাকানো– গোলমাল বাধানো
জড়ভরত- অকর্মণ্য
জিলাপির প্যাঁচ– কুটিলতা/কূটবুদ্ধি
জলে কুমির ডাঙায় বাঘ– উভয় সঙ্কট; মহাবিপদ
ঝড়ো কাক– দুর্দশাগ্রস্থ ব্যক্তি
ঝাঁকের কৈ– এক দলভুক্ত; সমগোত্রীয়
ঝিকে মেরে বউকে বোঝানো– একজনের মাধ্যমে অন্যজনকে শিক্ষাদান
ঝোঁপ বুঝে কোপ মারা– সুযোগ বুঝে কাজ করা
টনক নড়া– চৈতন্যোদয় হওয়া
টাকার কুমির– ধনী ব্যক্তি
টেকে গোঁজা– আত্মসাৎ করা
টুপভুজঙ্গ– নেশায় বিভোর
ঠাঁট বজায় রাখা– অভাব চাপা রাখা
ঠোঁট কাটা– স্পষ্টভাষী
ঠগ বাছতে গাঁ উজাড়– আদর্শহীনতার প্রাচুর্য, ভালো মানুষের অভাব
ঠুঁটো জগন্নাথ– অকর্মণ্য
ঠেলার নাম বাবাজি– চাপে পড়লে কাবু
ডুমুরের ফুল– দুর্লভ বস্তু, বিরল বস্তু
ডাকাবুকো– দুরন্ত, নির্ভীক, সাহসী
ডাকের সুন্দরী– খুবই সুন্দরী
ডান হাতের ব্যাপার– ভোজন
ডামাডোল– গণ্ডগোল, গোলোযোগ
ঢাক ঢাক গুড় গুড়– গোপন রাখার চেষ্টা
ঢাকের কাঠি– মোসাহেব, চাটুকার
ঢাকের বাঁয়া– মূল্যহীন, অপ্রয়োজনীয়
ঢেঁকির কচকচি– কলহ, বিরক্তিকর শব্দ
ঢি ঢি পড়া– কলঙ্ক প্রচার হওয়া
ঢিমে তেতালা– মন্থর
তালকানা– বেতাল হওয়া
তামার বিষ– অর্থের কু-প্রভাব
তাসের ঘর– ক্ষণস্থায়ী
তালপাতার সেপাই– ক্ষীণজীবী, অতিশয় দুর্বল
তিলকে তাল করা– বাড়িয়ে বলা, অতিরঞ্জিত করা
তুলসী বনের বাঘ– ভণ্ড
তুলা ধুনা করা– দুর্দশাগ্রস্ত করা
তুষের আগুন– দীর্ঘস্থায়ী ও দুঃসহ যন্ত্রণা
তীর্থের কাক– প্রতীক্ষারত
থ-বনে যাওয়া– স্তম্ভিত হওয়া
থরহরি কম্প– ভীতির আতিশয্যে কাঁপা
দা-কুমড়া– ভীষণ শত্রুতা, অহিনকুল
দহরম মহরম– ঘনিষ্ঠ সম্পর্ক
দু মুখো সাপ– দুজনকে দু'রকম বলে শত্রুতা সৃষ্টি করা
দিনকে রাত করা– সত্যকে মিথ্যা করা
দুধে ভাতে থাকা– ভোগে বা ঐশ্বর্যে সুখে থাকা
দেঁতো হাসি– কৃত্রিম হাসি
দাদ নেওয়া– প্রতিশোধ নেয়া
দুকান কাটা– বেহায়া
দুধের মাছি– সুসময়ের বন্ধু
ধড়া-চূড়া– সাজপোশাক
ধরাকে সরা জ্ঞান করা– অহংকারে সবকিছু তুচ্ছ মনে করা
ধর্মের ষাঁড়– স্বেচ্ছাচারী ব্যক্তি
ধর্মের কল বাতাসে নড়ে– সত্য কখনো গোপন থাকে না
ধরি মাছ না ছুঁই পানি– কৌশলে কার্যোদ্ধার
ননীর পুতুল– শ্রমবিমুখ
নয় ছয়– অপচয়
নাটের গুরু– মূল নায়ক
নাড়ি নক্ষত্র– সব তথ্য
নিমক হারাম– অকৃতজ্ঞ
নিমরাজি– প্রায় রাজি।
নামকাটা সেপাই– কর্মচ্যুত ব্যক্তি
নথ নাড়া– গর্ব করা।
নারদের ঢেঁকি– বিবাদের বিষয়।
নগদ নারায়ণ– কাঁচা টাকা/নগদ অর্থ
নিরানব্বইয়ের ধাক্কা– সঞ্চয়ে প্রবৃত্তি।
নেই আঁকড়া– একগুঁয়ে
নেপোয় মারে দই– ধূর্ত লোকের ফল প্রাপ্তি
পটল তোলা– মারা যাওয়া
পগার পার হওয়া– পালিয়ে যাওয়া
পটের বিবি– সুসজ্জিত

পত্রপাঠ– অবিলম্বে; সঙ্গে সঙ্গে
পালের গোদা– দলপতি
পাকা ধানে মই– অনিষ্ট করা
পাখিপড়া করা– বার বার শেখানো
পাততাড়ি গুটানো– জিনিসপত্র গোটানো
পাথরে পাঁচ কিল– সৌভাগ্য, সুসময়
পুঁটি মাছের প্রাণ– ক্ষুদ্র প্রাণ; যা সহজে মরে যায়
পুকুর চুরি– বড় রকমের চুরি
পুরোনো কাসুন্দি ঘাঁটা– অপ্রীতিকর আলোচনা
পোঁ ধরা– অন্যকে দেখে একই কাজ করা
পোয়া বারো– অতিরিক্ত সৌভাগ্য
প্রমাদ গোণা– ভীত হওয়া
পায়াভারী– অহংকার
পরের মাথায় কাঁঠাল ভাঙা– অপরকে দিয়ে কাজ উদ্ধার
পরের ধনে পোদ্দারি– অন্যের অর্থে বাহাদুরী
ফপর দালালি– অতিরিক্ত চালবাজি
ফুলবাবু– বিলাসী
ফেউ লাগা– আঠার মতো লেগে থাকা
ফুলের ঘাঁয়ে মূর্ছা যাওয়া– অল্পেই কাতর
ফোড়ন দেওয়া– টিপ্পনী কাটা
বক ধার্মিক– ভণ্ড সাধু
বইয়ের পোকা– খুব পড়ুয়া
বগল বাজানো– আনন্দ প্রকাশ করা
বজ্র আঁটুনি ফসকা গেরো– সহজে খুলে যায় এমন; অন্তঃসারশূন্য
বসন্তের কোকিল– সুদিনের বন্ধু
বিড়াল তপস্বী– ভণ্ড সাধু
বর্ণচোরা আম– কপট ব্যক্তি
বরাক্ষরে– অলক্ষুণে
বাজারে কাটা– অধিক বিক্রি হওয়া
বালির বাঁধ– ক্ষণস্থায়ী বস্তু
বাঁ হাতের ব্যাপার– ঘুষ গ্রহণ
বাঁধা গৎ– নির্দিষ্ট আচরণ
বাজখাঁই গলা– অত্যন্ত কর্কশ ও উঁচু গলা
বাড়া ভাতে ছাই– অনিষ্ট করা
বাহাত্তরে ধরা– বার্ধক্যের কারণে কাণ্ডজ্ঞানহীন
বিদ্যার জাহাজ– অতিশয় পণ্ডিত
বিনা মেঘে বজ্রপাত– আকস্মিক বিপদ
বাঘের দুধ/ চোখ– দুঃসাধ্য বস্তু
বিসমিল্লায় গলদ– শুরুতেই ভুল
বুদ্ধির ঢেঁকি– নিরেট মূর্খ
ব্যাঙের আধুলি– সামান্য সম্পদ
ব্যাঙের সর্দি– অসম্ভব ঘটনা
ভরাডুবি– সর্বনাশ
ভস্মে ঘি ঢালা– নিষ্ফল কাজ
ভাদ্র মাসের তিল– প্রচণ্ড কিল
ভানুমতীর খেলা– ভেলকিবাজি
ভাল্লুকের জ্বর– ক্ষণস্থায়ী জ্বর
ভাঁড়ে মা ভবানী– নিঃস্ব অবস্থা
ভূতের ব্যাগার– অযথা শ্রম
ভূঁইফোড়– নতুন; অর্বাচীন
ভিজে বিড়াল– কপটাচারী
ভূষণ্ডির কাক– দীর্ঘায়ু ব্যক্তি
মগের মুল্লুক– অরাজক দেশ
মণিকাঞ্চন যোগ– উপযুক্ত মিলন
মন না মতি– অস্থির মানব মন
মড়াকান্না– উচ্চকণ্ঠে শোক প্রকাশ
মাছের মা– নিষ্ঠুর; নির্মম
মাছের মায়ের পুত্রশোক– কপট বেদনাবোধ/লোক দেখানো শোক
মিছরির ছুরি– মুখে মধু অন্তরে বিষ
মুখ চুন হওয়া– লজ্জায় ম্লান হওয়া
মুখে দুধের গন্ধ– অতি কম বয়স
মুশকিল আসান– নিষ্কৃতি
মেনি মুখো– লাজুক
মুখচোরা– লাজুক
মাকাল ফল– অন্তঃসারশূন্য
মশা মারতে কামান দাগা– সামান্য কাজে বিরাট আয়োজন
মুখে ফুল চন্দন পড়া– শুভ সংবাদের জন্য ধন্যবাদ
মেঘে মেঘে বেলা হওয়া- বয়স বাড়া
মেছো হাটা– তুচ্ছ বিষয়ে মুখরিত।
মোসাহেব– তোষামুদে।
যক্ষের ধন– কৃপণের ধন
যমের অরুচি– যে সহজে মরে না
রত্নপ্রসবিনী– সুযোগ্য সন্তানের মা
রাঘব বোয়াল– সর্বগ্রাসী ক্ষমতাবান ব্যক্তি
রাবণের চিতা– চির অশান্তি
রাশভারি– গম্ভীর প্রকৃতির
রাই কুড়িয়ে বেল– ক্ষুদ্র সঞ্চয়ে বৃহৎ
রাজা উজির মারা– আড়ম্বরপূর্ণ গালগল্প
রাবণের গুষ্টি– বড় পরিবার
রায় বাঘিনী– উগ্র স্বভাবের নারী
রাজ যোটক– উপযুক্ত মিলন
রাহুর দশা– দুঃসময়
রুই-কাতলা– পদস্থ বা নেতৃস্থানীয় ব্যক্তি
লেফাফা দুরস্ত– বাইরের ঠাঁট বজার রেখে চলেন যিনি

Job Navigator

লগন চাঁদ– ভাগ্যবান
ললাটের লিখন– অমোঘ ভাগ্য
লাল পানি– মদ
লাল বাতি জ্বালা– দেউলিয়া হওয়া
লাল হয়ে যাওয়া– ধনশালী হওয়া
লেজে গোবরে– বিশৃঙ্খলা
শকুনি মামা– কুটিল ব্যক্তি
শাঁখের করাত– উভয় দিকেই বিপদ
শাপে বর– অনিষ্টে ইষ্ট লাভ
শিকায় ওঠা– ছুপিত
শিঙে ফোঁকা– মরা
শিব রাত্রির সলতে– একমাত্র সন্তান
শিরে সংক্রান্তি– বিপদ মাথার ওপর
শুয়ে শুয়ে লেজ নাড়া– আলস্যে সময় নষ্ট করা
শরতের শিশির– সুসময়ের বন্ধু
শত্রুর মুখে ছাই– কুদৃষ্টি এড়ানো
শ্রীঘর– কারাগার
ষাঁড়ের গোবর– অযোগ্য
ষোল আনা– পুরোপুরি
ষোল কলা– পুরোপুরি
সবুরে মেওয়া ফলে– ধৈর্যে সুফল মিলে
সরফরাজি করা– অযোগ্য ব্যক্তির চালাকি
সাত খুন মাফ– অত্যধিক প্রশ্রয়
সাত সতের– নানা রকমের
সাপের ছুঁচো গেলা– অনিচ্ছায় বাধ্য হয়ে কাজ করা
সবে ধন নীলমণি– একমাত্র অবলম্বন
সাতেও নয়, পাঁচেও নয়– নির্লিপ্ত
সাপের পাঁচ পা দেখা– অহংকারী হওয়া
সোনায় সোহাগা– উপযুক্ত মিলন
সাক্ষী গোপাল– নিষ্ক্রিয় দর্শক
সখাত সলিলে– ঘোর বিপদে পড়া
সব শেয়ালের এক রা– ঐকমত্য
সপ্তমে চড়া- প্রচণ্ড উত্তেজনা
হাটে হাঁড়ি ভাঙা– গোপন কথা প্রকাশ করা
হাতটান– চুরির অভ্যাস
হ-য-ব-র-ল– বিশৃঙ্খলা
হরি ঘোষের গোয়াল– বহু অপদার্থ ব্যক্তির সমাবেশ
হরিলুট– অপচয়
হস্তীমূর্খ–বোকা
হাড়ে দুর্বা গজানো– অত্যন্ত অলস
হাতুড়ে বদ্যি– আনাড়ি চিকিৎসক
হাতের পাঁচ– শেষ সম্বল
হীরার ধার– অতি তীক্ষ্ণবুদ্ধি
হোমরা চোমরা– গণ্যমান্য ব্যক্তি
হিতে বিপরীত– উল্টো ফল
হাড়হদ্দ– নাড়ি নক্ষত্র/সব তথ্য
হাড় হাভাতে– হতভাগ্য
হালে পানি পাওয়া– সুবিধা করা; বিপদমুক্ত হওয়া
হাত ধুয়ে বসা– সাধু সাজা

সহজে মনে রাখুন সমজাতীয় বাগধারা

০১। **অসম্ভব জিনিস**= আকাশ কুসুম, কাঁঠালের আমসত্ত্ব, কুমিরের সান্নিপাত, ঘোড়ার ডিম, ব্যাঙের সর্দি, সোনার পাথর বাটি।
০২। **অপদার্থ**= অকাল কুষ্মাণ্ড, আমড়া কাঁঠের ঢেঁকি, ঢেঁকির কুমির, কচুবনের কালাচাঁদ, কায়েতের ঘরের ঢেঁকি, ঘটিরাম, ষাঁড়ের গোবর।
০৩। **নির্বোধ**= অসাকাস্ত/অঘাচণ্ডী, অঘারাম/অহারাম, ঢেঁকি অবতার, বুদ্ধির ঢেঁকি।
০৪। **শেষ বিদায় বা মৃত্যু**= অগ্যস্ত যাত্রা, পটল তোলা, অনন্ত শয্যা, ভবলীলা সাঙ্গ হওয়া, পঞ্চত্ব প্রাপ্তি, অক্কা পাওয়া।
০৫। **অকর্মণ্য**= অপোগণ্ড, কুমড়ো কাটা বটঠাকুর, গোবর গণেশ, ঠুটো জগন্নাথ।
০৬। **হতভাগ্য**= অষ্টকপাল, কাঁজি ভক্ষণ নামে গোয়ালা, হাড় হাভাতে, কপাল পোড়া।
০৭। **ভীষণ শত্রুতা**= অহি নকুল, দা কুমড়া, আদায় কাঁচকলায়, সাপে নেউলে।
০৮। **দুর্লভ বস্তু**= আলেয়ার আলো, আকাশের চাঁদ, বাঘের চোখ।
০৯। **সুন্দর মিল**= আম দুধে মেশা, সোনায় সোহাগা, মাণিকজোড়, মণিকাঞ্চনযোগ।
১০। **মন্দভাগ্য**= ইঁদুর কপালে, আটকপালে, খণ্ডকপাল।
১১। **অলস**= গোঁফ খেজুরে, ঢিমে তেতালা, চিনির পুতুল, ননীর পুতুল।
১২। **দুর্বল**= আটাশে ছেলে, উনপাঁজুরে।
১৩। **বেহায়া**= কানকাটা, চশমখোড়, দুকান কাটা।
১৪। **অত্যন্ত কৃপণ**= কঞ্জুসের ডাণ্ডাখোর, কিপটের জাসু, হাত ভাড়ি, হাতে জল না লাগা।
১৫। **তোষামুদে**= খয়ের খাঁ, ধামাধরা, মোসাহেব, ঢাকের কাঠি।
১৬। **অলীক কল্পনা**= দিবাস্বপ্ন, শূন্যে সৌধ নির্মাণ করা।
১৭। **অবজ্ঞা করা**= নাক উচানো, নাক সিঁটকানো।
১৮। **উভয় সঙ্কট**= জলে কুমির ডাঙায় বাঘ, শাখের করাত, করাতের দাঁত, শ্যাম রাখি না কুল রাখি, সাপের ছুচো গেলা।
১৯। **সুসময়ের বন্ধু**= দুধের মাছি, বসন্তের কোকিল, শরতের শিশির, সুখের পায়রা, লক্ষ্মীর বরযাত্রী।
২০। **ভণ্ড** = বক ধার্মিক, ভিজে বিড়াল, বর্ণচোরা, বিড়াল তপস্বী, তুলসী বনের বাঘ।
২১। **অপব্যয়** = ভুতের বাপের শ্রাদ্ধ, ভস্মে ঘি ঢালা, হরিলুট।
২২। **লাজুক**= মুখচোরা, মেনিমুখো।
২৩। **একমাত্র অবলম্বন**= সবে ধন নীলমণি, অন্ধের যষ্ঠি।
২৪। **সৌভাগ্য**= একাদশে বৃহস্পতি, কপাল ফেরা।

Job Navigator

MCQ Test

১. 'অকাল কুষ্মাণ্ড' বাগধারাটির অর্থ কোনটি?
ক. অকর্মা খ. কর্মবিমুখ
গ. বোকা ঘ. মূর্খ উ. ক

২. 'অমাবস্যার চাঁদ' বাগধারাটির অর্থ কী?
ক. সহজলভ্য খ. দুর্লভ বস্তু
গ. লুকিয়ে থাকা ঘ. অমাবস্যার রাতে বাঁদ উ. খ

৩. 'অগস্ত্য যাত্রা' বাগধারাটির অর্থ কী?
ক. শুরু করা খ. বিশ্রাম করা
গ. তাড়াতাড়ি শেষ করা ঘ. শেষ বিদায় উ. ঘ

৪. 'অনুরোধে ঢেঁকি গেলা' বাগধারাটির সঠিক অর্থ হচ্ছে–
ক. অনুরোধে পড়ে অসাধ্য সাধন করা
খ. অনুরোধে অনিচ্ছা সত্ত্বেও কিছু করা
গ. চাপে পড়ে অন্যায় কাজ করে ফেলা
ঘ. অনুরোধে ঢেঁকি গিলে ফেলা উ. খ

৫. 'অর্চিন্দ্র' এর অর্থ–
ক. গণাধাক্কা দেয়া খ. অমাবস্যা
গ. দ্বিতীয়ত ঘ. কাস্তে উ. ক

৬. 'আক্কেল সেলামি'– এর প্রকৃত অর্থ কোনটি?
ক. অত্যন্ত বুদ্ধিমান খ. অতি চালাক
গ. হাঁদারাম ঘ. নির্বুদ্ধিতার দণ্ড উ. ঘ

৭. 'আকাশ কুসুম' শব্দের অর্থ কী?
ক. অলীক ভাবনা খ. অদ্ভুত জিনিস
গ. সুন্দর কল্পনা ঘ. স্বপ্ন উ. ক

৮. 'আট কপালে' বাগধারার অর্থ–
ক. হতভাগ্য খ. ভাগ্যবান
গ. সরু কপাল ঘ. চওড়া কপাল উ. ক

৯. কোন প্রবচনটি 'হতভাগ্য' অর্থ ব্যবহৃত?
ক. আট কপালে খ. উড়ানচণ্ডী
গ. হা-পোষা ঘ. ভূষণ্ডির কাক উ. ক

১০. 'আমড়া কাঠের ঢেঁকি' কে কি বলে?
ক. নরম খ. অপদার্থ
গ. বোকা ঘ. অসম্ভব বস্তু উ. খ

১১. 'কুঁড়ে স্বভাব' কোন বাগধারা দ্বারা বোঝানো হয়?
ক. উনপঞ্চাশ বায়ু খ. আঠারো মাসে বছর
গ. অকাল কুষ্মাণ্ড ঘ. অল্পবিদ্যা ভয়ঙ্করী উ. খ

১২. 'ইঁদুর কপালে' –
ক. নিতান্ত মন্দ ভাগ্য খ. অনধিকারের অধিকার
গ. ভাগ্যাহত ঘ. ভাগ্যহীন উ. ক

১৩. 'ইঁদুর কপালে'– এর বিপরীত বাগধারা কোনটি?
ক. অদৃষ্টের পরিহাস খ. একাদশে বৃহস্পতি
গ. অন্ধকার দেখা ঘ. কেউকেটা উ. খ

১৪. 'ইতর বিশেষ' বাগধারাটির অর্থ–
ক. অভদ্র খ. ভেদাভেদ
গ. ঝগড়াটে ঘ. অপছন্দ উ. খ

১৫. 'উত্তম মধ্যম' বলতে কি বুঝায়?
ক. সম্মান খ. মাঝামাঝি
গ. প্রহার ঘ. ওপর-নিচে উ. গ

১৬. কোন বাগধারাটি ভিন্নার্থক?
ক. অহি-নকুল খ. উত্তম মধ্যম
গ. সাপে-নেউলে ঘ. আদায়-কাঁচকলায় উ. খ

১৭. 'উড়নচণ্ডী' বাগধারাটির অর্থ নির্ণয় কর।
ক. অমিতব্যয়ী খ. উচ্ছৃঙ্খল
গ. অবাধ্য ঘ. কোনোটিই নয় উ. ক

১৮. 'উনপাঁজুরে' বাগধারাটির অর্থ কী?
ক. সৌভাগ্যবান খ. লোভী
গ. সুসময় ঘ. হতভাগ্য উ. ঘ

১৯. 'একাদশে বৃহস্পতি' এর অর্থ কী?
ক. সৌভাগ্যের বিষয় খ. আশার কথা
গ. মজা পাওয়া ঘ. আনন্দের বিষয় উ. ক

২০. 'কূপমণ্ডুক' বাগধারাটির দ্বারা কি বোঝায়?
ক. বিশ্বাসপ্রবণ খ. অলস
গ. সাধারণ মানুষ ঘ. সীমিত জ্ঞানের মানুষ উ. ঘ

২১. 'কান পাতলা' বাগধারাটির অর্থ–
ক. সতর্ক খ. সন্দেহপ্রবণ
গ. বিশ্বাসপ্রবণ ঘ. বধির উ. গ

২২. 'কাকনিদ্রা' শব্দটির অর্থ কী?
ক. অগভীর সতর্ক নিদ্রা খ. কাকের নিদ্রার ন্যায়
গ. অনিষ্ট চিন্তা ঘ. কপট নিদ্রা উ. ক

২৩. 'কুল কাঠের আগুন'– এর প্রকৃত অর্থ কী?
ক. তীব্র জ্বালা খ. বাকসর্বস্ব
গ. ষড়যন্ত্রকারী ঘ. দীর্ঘ প্রতীক্ষমাণ উ. ক

২৪. 'গৌরচন্দ্রিকা' বাগধারাটি কোন অর্থে ব্যবহৃত হয়?
ক. বাড়তি বোঝা খ. রূপের মোহ
গ. ভূমিকা ঘ. ফিটফাট উ. গ

২৫. 'গোফ-খেজুরে' বাগধারাটির অর্থ–
ক. আরামপ্রিয় খ. নিতান্ত অলস
গ. উদাসীন ঘ. পরমুখাপেক্ষী উ. খ

২৬. 'গড্ডলিফা প্রবাহ' এর সঠিক অর্থ কোনটি?
ক. লণ্ড-ভণ্ড হওয়া খ. স্বেচ্ছায় প্রবাহিত হওয়া
গ. অন্ধ অনুকরণ ঘ. কোনোটিই নয় উ. গ

২৭. 'যার অনেক বুদ্ধি আছে' তাকে বাগধারা দিয়ে প্রকাশ করলে কি দাঁড়ায়?
ক. বুদ্ধির ঢেঁকি খ. বিড়াল তপস্বী
গ. গভীর জলের মাছ ঘ. ভূষণ্ডির কাক উ. গ

২৮. 'গাছপাথর' বাগধারাটির অর্থ–
ক. ভূমিকা করা খ. হিসাব-নিকাশ
গ. অসম্ভব বস্তু ঘ. বাড়াবাড়ি করা উ. খ

২৯. 'চাঁদের হাট' এর অর্থ কী?
ক. বন্ধুদের সমাগম খ. আত্মীয় সমাগম
গ. প্রিয়জন সমাগম ঘ. গণ্যমানদের সমাগম উ. গ

৩০. 'চক্ষুদান করা' বাগধারাটির অর্থ কী?
ক. চক্ষুদান করা খ. সচেতন করা
গ. চুরি করা ঘ. এর কোনোটিই নয় উ. গ

৩১. 'ছকড়া নকড়া' – বাগধারাটির অর্থ কী?
ক. সস্তা দর খ. নষ্ট করা
গ. দুর্লভ বস্তু ঘ. আশার নৈরাশ্য উ. ক

৩২. 'কাকের কই' বাগধারাটির অর্থ-
ক. অসম্ভব চালাক খ. একই দলের লোক
গ. একতাই বল ঘ. বর্ষাকালীন মাছ উ. খ

৩৩. 'ঠোঁট-কাটা' বলতে কি বোঝায়?
ক. অহংকারী খ. স্পষ্টবাদী
গ. মিথ্যাবাদী ঘ. পক্ষপাতদুষ্ট উ. খ

৩৪. 'ঠক বাছতে গাঁ উজাড়' এর অর্থ কী?
ক. ভালো মানুষের অভাব খ. ঠক লোকের সংখ্যা বেশি
গ. অভাবে স্বভাব নষ্ট ঘ. দুষ্ট লোকের মিষ্টি কথা উ. ক

৩৫. যার কোন মূল্য নেই, তাকে বাগধারা দিয়ে প্রকাশ করলে কোনটি হবে?
ক. ডাকাবুকো খ. তুলসী বনের বাঘ
গ. তামার বিষ ঘ. চাকের বাঁয়া উ. ঘ

৩৬. 'চাকের কাঠি' বাগধারাটির অর্থ-
ক. সাহায্যকারী খ. তোষামুদে
গ. বাদক ঘ. স্বাস্থ্যহীন লোক উ. খ

৩৭. 'তাসের ঘর'- এর অর্থ কী?
ক. বিশৃঙ্খলা খ. এলোমেলো
গ. ক্ষণস্থায়ী ঘ. তাস খেলার ঘর উ. গ

৩৮. 'তামার বিষ' বাগধারাটির সঠিক অর্থ কী?
ক. ভীষণ বিষাক্ত খ. নির্দয়
গ. অর্থের কু প্রভাব ঘ. তামা থেকে উৎপন্ন বিষ উ. গ

৩৯. 'দুধের মাছি' বাগধারাটির অর্থ-
ক. দুধ খাওয়া মাছি খ. দুধে বসা মাছি
গ. সুসময়ের বন্ধু ঘ. অসময়ের বন্ধু উ. গ

৪০. 'নিরানব্বইয়ের ধাক্কা' বাগধারাটির অর্থ কী?
ক. তীরে পৌঁছার যুক্তি খ. আসন্ন বিপদ
গ. সঞ্চয়ের প্রবৃত্তি ঘ. মুমূর্ষু অবস্থা উ. গ

৪১. 'নয় ছয়' বাগধারাটির অর্থ কোনটি?
ক. গুছিয়ে রাখা খ. ফেলে দেয়া
গ. এলোমেলো ঘ. এর কোনোটিই নয় উ. ঘ

৪২. 'পটল তোলা' এই বাগধারাটির সঠিক অর্থ কোনটি?
ক. পটল গাছ হতে পটল তোলা খ. পরীক্ষায় ফেল করা
গ. মারা যাওয়া ঘ. পটল খাওয়া উ. গ

৪৩. 'পাথরে পাঁচ কিল' বাগধারাটির সঠিক অর্থ কী?
ক. অতিরিক্ত সুবিধা খ. সর্বস্বান্ত হওয়া
গ. সুখের সময় ঘ. ধাক্কা সামলানো উ. গ

৪৪. 'পালের গোদা' - অর্থ কী?
ক. নৌকার পাল খ. সচল ব্যক্তি
গ. সর্দার ঘ. দলের শক্তিশালী লোক উ. গ

৪৫. 'ব্যাঙের আধুলি' এই বাগধারাটির অন্তর্নিহিত অর্থ হলো-
ক. সামান্য ধনে অহঙ্কার খ. অসম্ভব ঘটনা
গ. কৃপণের ধন ঘ. যার কোনো মূল্য নেই উ. ক

৪৬. 'ব্যাঙের সর্দি' বলতে কি বোঝায়?
ক. রোগ বিশেষ খ. অসম্ভব ঘটনা
গ. প্রতারণা ঘ. সম্ভাব্য ঘটনা উ. খ

৪৭. 'বিড়াল তপস্বী' বাগধারাটির অর্থ নির্ণয় কর।
ক. ধার্মিক খ. ভণ্ড সাধু
গ. প্রাচীনপন্থি ঘ. কোনোটিই নয় উ. খ

৪৮. 'বড়র পিরীতি বালির বাঁধ' বাগধারাটির সঠিক অর্থ-
ক. কোন বাধাবন্ধকতা নেই খ. একতরফা
গ. চাপের মুখে ভেঙ্গে যায় ঘ. ভঙ্গুর উ. ঘ

৪৯. বাগধারা যুগলদের মধ্যে কোন জোড়া সর্বাধিক সমার্থবোধক?
ক. বক ধার্মিক, দুধের মাছি
খ. বক ধার্মিক, বিড়াল তপস্বী
গ. রুই-কাতলা, কেউ কেটা
ঘ. অমাবস্যার চাঁদ, আকাশ কুসুম উ. খ

৫০. 'মুখচোরা' বাগধারাটির অর্থ কী?
ক. লাজুক খ. ভীতু
গ. স্পষ্টভাষী ঘ. বাচাল উ. ক

৫১. 'রামশর্মার ছানা' কথাটির অর্থ-
ক. কাল্পনিক জন্তু খ. মুরগি
গ. গোমড়ামুখো লোক ঘ. পুরাণোক্ত পাখি উ. গ

৫২. 'রাবণের চিতা' বাগধারাটির অর্থ কী?
ক. অনিষ্টে ইষ্ট লাভ খ. সামান্য কিছু নিয়ে ঝগড়া বাধানো
গ. অরাজক দেশ ঘ. চির অশান্তি উ. ঘ

৫৩. 'শকুনি মামা' এর অর্থ কী?
ক. কুৎসিত মামা খ. সৎ মামা
গ. কুচক্রী লোক ঘ. পাতানো মামা উ. গ

৫৪. 'শাখের করাত' বাগধারার অর্থ কী?
ক. সংকট খ. বিপদ
গ. উভয় সংকট ঘ. অনিষ্ট উ. গ

৫৫. 'শিরে-সংক্রান্তি' বাগধারাটির অর্থ কী?
ক. আসন্ন বিপদ খ. মাথাব্যথা
গ. মহাবিপদ ঘ. মাথার বোঝা উ. ক

৫৬. কোনটি বাগধারা বোঝায়?
ক. চৈত্র সংক্রান্তি খ. পৌষ সংক্রান্তি
গ. শিরে-সংক্রান্তি ঘ. শিব-সংক্রান্তি উ. গ

৫৭. 'সাক্ষী গোপাল' অর্থ কী?
ক. সক্রিয় দর্শক খ. কর্তব্যবিমুখ
গ. কর্তব্যপরায়ণ ঘ. নিষ্ক্রিয় দর্শক উ. ঘ

৫৮. 'সুসময়ের বন্ধু' - কোন বাগধারা দিয়ে বুঝানো হয়েছে?
ক. কংস মামা খ. দহরম মহরম
গ. সুখের পায়রা ঘ. লেফাফা দুরস্ত উ. গ

৫৯. কোন বাগধারাটি স্বতন্ত্র অর্থ প্রকাশ করে?
ক. সাতেও না পাঁচেও না খ. দা-কুমড়ো
গ. সাপে-নেউলে ঘ. আদায় কাঁচকলায় উ. ক

৬০. 'হাতের পাঁচ'- এর সঠিক অর্থ কোনটি?
ক. নিকট জন খ. পরমাত্মীয়
গ. বন্ধু ঘ. শেষ সম্বল উ. ঘ

৬১. 'হাত-ভারি' বাগধারার অর্থ-
ক. দাতা খ. কম-খরচে
গ. কৃপণ ঘ. দরিদ্র উ. গ

৬২. 'হালে পানি পাওয়া' অর্থ কী?
ক. বিপদে পতিত হওয়া খ. বিপদমুক্ত হওয়া
গ. বিপাদাপন্ন হওয়া ঘ. বিপদে ধৈর্য ধারণ করা উ. খ

৩. ভুল সংশোধন বা শুদ্ধকরণ [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

(ক) শব্দ শুদ্ধকরণ

কলেজ পর্যায়

(ক) শব্দ শুদ্ধকরণ

১. কোন বানানটি শুদ্ধ? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. স্বায়ত্ব খ. স্বায়াত্ব
গ. স্বায়ত্ত ঘ. স্বায়ত্ত্ব — উ. গ

২. কোন বানানটি শুদ্ধ? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. মুমুর্ষু খ. মুমূর্ষু
গ. মূমুর্ষু ঘ. মূমূর্ষূ — উ. খ

৩. কোন বানানটি শুদ্ধ *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. সচ্ছল খ. সচ্ছুল
গ. স্বচ্ছল ঘ. স্বচ্ছুল — উ. ক

৪. কোন বানানটি শুদ্ধ? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. ডাষ্টবিন খ. দারিদ্রতা
গ. দূষণীয় ঘ. নুপুর — উ. গ

৫. শুদ্ধ বানান কোনটি? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. নিরপরাধী খ. দারিদ্র্যতা
গ. স্বার্থকতা ঘ. প্রাণিকুল — উ. ঘ

৬. কোন বানানটি শুদ্ধ? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. মুমুর্ষু খ. মুমূর্ষু
গ. মূমূর্ষূ ঘ. মূমূর্ষূ — উ. খ

৭. কোন বানানটি শুদ্ধ? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
ক. শিরোচ্ছেদ খ. শিরশ্ছেদ
গ. শিরছেদ ঘ. শীরোছদ — উ. খ

৮. নিচের কোন শব্দটি শুদ্ধ? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
ক. কৌতুহল খ. কৌতূহল
গ. কাংখিত ঘ. শ্রদ্ধাঞ্জলী — উ. খ

৯. ণত্ব বিধান বাংলা বানানে কোন শব্দের ক্ষেত্রে প্রযোজ্য? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
ক. সংস্কৃত খ. বিদেশি শব্দ
গ. দেশি শব্দ ঘ. তদ্ভব শব্দ — উ. ক

১০. কোন বানানটি শুদ্ধ? *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. সমিচীন খ. সমীচিন
গ. সমিচিন ঘ. সমীচীন — উ. ঘ

১১. শুদ্ধ বানান কোনটি? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. অপরাহ্ন খ. অপরাহ্ণ
গ. অপাণ্য ঘ. অপরান্য — উ. খ

১২. শুদ্ধ শব্দ কোনটি? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. ব্যাকরণবিদ খ. বৈয়াকরণ
গ. ব্যাকরণিক ঘ. বৈয়াকরণিক — উ. খ

১৩. নিচের কোন বানানটি শুদ্ধ? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. শান্তনা খ. সান্তুনা
গ. সান্তনা ঘ. শান্তুনা — উ. খ

১৪. শুদ্ধ বানান কোনটি? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. শান্তনা খ. শান্তুনা
গ. সান্তনা ঘ. সান্তুনা — উ. ঘ

১৫. শুদ্ধ বানান গুচ্ছ নির্ণয় করুন– *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. শয্য, ভুবন, শ্রদ্ধাঞ্জলি খ. সমীচীন, সুষ্ঠ, সাক্ষরতা
গ. আকাঙ্ক্ষা, গ্রামীণ, দারিদ্র্য
ঘ. মুখস্থ, মন্ত্রীসভা, ব্রাহ্মন — উ. গ

১৬. শুদ্ধ বানান কোনটি? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. দুরন্ত খ. দোর্গা
গ. দোর্গ ঘ. দূর্বল — উ. ক

১৭. কোনটি শুদ্ধ বানান? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. শকট খ. শকোট
গ. সকোট ঘ. সকট — উ. ক

১৮. শুদ্ধ বানান কোনটি? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. দীনতা খ. দৈন্যতা
গ. দীন্যতা ঘ. দিনতা — উ. ক

স্কুল পর্যায়

(ক) শব্দ শুদ্ধকরণ

১. কোন বানানটি শুদ্ধ? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. স্বায়ত্বশাসন খ. শ্রদ্ধাঞ্জলী
গ. দারিদ্রতা ঘ. উপর্যুক্ত — উ. ঘ

২. ণ-ত্ব বিধি অনুসারে কোন বানানটি শুদ্ধ? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. পূর্বাহ্ন খ. মধ্যাহ্ন
গ. অপরাহ্ন ঘ. সায়াহ্ন — উ. ক

৩. নিচের কোনটি 'ষত্ব' বিধানের নিয়মে শুদ্ধ? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. মাস্টার খ. পোশাক
গ. জিনিস ঘ. পোস্ট মাস্টার — উ. *
ব্যাখ্যা : 'ষ-ত্ব' বিধান অনুযায়ী বিদেশি শব্দের বাংলা বানানে কখনো ষ, ণ, হয় না। অপশনে প্রদত্ত মাস্টার, পোশাক, জিনিস, পোস্ট মাস্টার- সবগুলো অপশনই শুদ্ধ।

৪. সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না– এর উদাহরণ কোনটি? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. অগ্রনায়ক খ. রতন
গ. [illegible] ঘ. অনুষ্ঠান — উ. ক

৫. শুদ্ধ বানান কোনটি? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. ষ্টেশন খ. রুগ্ণ
গ. বিপ্রকর্স ঘ. সাধারন — উ. খ

৬. নিচের কোন বানানটি শুদ্ধ? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. বাল্মিকী খ. বাল্মিকি
গ. বাল্মীকি ঘ. বাল্মীকী — উ. গ

৭. কোনটি শুদ্ধ বানান? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. মুহুর্ত খ. মূহুর্ত
গ. মুহূর্তে ঘ. মুহূর্ত্ব — উ. গ

৮. কোন বানানটি শুদ্ধ? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. মাষ্টার খ. পোশাক
গ. জিনিষ ঘ. পোষ্ট অফিস — উ. খ

৯. কোন বানানটি শুদ্ধ? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. বিভিষিকা খ. বিভীষিকা
গ. বিভিষীকা ঘ. বিভীষীকা — উ. খ

১০. নিচের কোন বানানটি শুদ্ধ? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. ন্যুনতম খ. নূন্যতম
গ. ন্যূনতম ঘ. নুন্যতম — উ. গ

১১. নিচের কোন বানানটি শুদ্ধ? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. অত্যাধিক খ. অদ্যাপি
গ. আদ্যাক্ষার ঘ. আবিস্কার — উ. খ

১২. কোন প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য 'ষ' হয় না? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. সাৎ খ. সা
গ. ষ্ণেয় ঘ. ষ্ণিক — উ. ক

১৩. কোনটি শুদ্ধ বানান? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. আলস্যতা খ. অলস্য
গ. আলস্য ঘ. আলসতা — উ. গ

১৪. শুদ্ধ বানান কোনটি? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. শিরোচ্ছেদ খ. শিরচ্ছেদ
গ. শিরশ্ছেদ ঘ. শিরোঃচ্ছেদ — উ. গ

১৫. নারীকে সম্বোধনের ক্ষেত্রে প্রযোজ্য হবে– *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. কল্যাণীয়েষু খ. সুচরিতেষু
গ. শ্রদ্ধাস্পদাসু ঘ. প্রীতিভাজনেষু — উ. গ

১৬. নিচের কোন বানানটি শুদ্ধ? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. চক্ষুস্মান খ. চক্ষুষ্মান
গ. চক্ষুশ্মান ঘ. চক্ষুষ্মাণ — উ. খ

১৭. কোনটি শুদ্ধ বানান? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. রুগনো খ. রুগ্ন
গ. রুগন ঘ. রুগ্ণ — উ. ঘ

১৮. নিচের কোন বানানটি শুদ্ধ নয়? *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*
ক. সমীচীন খ. সান্ত্বনা
গ. মুমূর্ষু ঘ. ফটোষ্ট্যাট — উ. ঘ

১৯. কোনটি শুদ্ধ বানান? *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*
ক. নুনতম খ. ন্যুনতম
গ. ন্যূনতম ঘ. নূন্যতম — উ. গ

২০. কোন ধরনের শব্দে কখনোই মূর্ধন্য-ণ হবে না? *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*
ক. তৎসম খ. বিদেশি
গ. তদ্ভব ঘ. আঞ্চলিক — উ. খ

২১. নিচের কোন বানানটি শুদ্ধ? *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. মুহুর্ত খ. মুহর্ত
গ. মূহুর্ত ঘ. মুহূর্ত — উ. ঘ

২২. নিচের কোন বানানটি শুদ্ধ? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. মধুসুদন দত্ত খ. মধূসূদন দত্ত
গ. মধুসূদন দত্ত ঘ. মধুসুধন দত্ত — উ. [illegible]

২৩. নিচের কোন বানানটি শুদ্ধ? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. ক্ষুৎপীড়িত খ. ক্ষুধপিড়িত
গ. ক্ষুতপীড়িত ঘ. ক্ষুধপিড়ীত — উ. [illegible]

২৪. শুদ্ধ বানান কোনটি? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. দারিদ্র খ. দরিদ্র্যে
গ. দারিদ্র্যতা ঘ. দরিদ্রতা — উ. [illegible]

২৫. কোনটি শুদ্ধ? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. নিঃশোষিত খ. নীরস
গ. মাধুরিয়া ঘ. অধীনী — উ. [illegible]

২৬. কোন বানানটি শুদ্ধ? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. শুশ্রূষা খ. শুশ্রুষা
গ. শ্বশ্রুষু ঘ. শুশ্রুষা — উ. [illegible]

স্কুল পর্যায়-২

(ক) শব্দ শুদ্ধকরণ

১. কোন বানানটি শুদ্ধ? ? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. রূপায়ন খ. রুপায়ন
গ. রূপায়ণ ঘ. রুপায়ণ — উ. [illegible]

২. নিচের কোন বানানটি শুদ্ধ? ? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. মুমূর্ষু খ. মূমুষু
গ. মুমুর্ষু ঘ. মুমুর্ষূ — উ. [illegible]

৩. নিচের কোন বানানটি শুদ্ধ? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. পিপীলিকা খ. পিপিলিকা
গ. পীপিলীকা ঘ. পিপীলীকা — উ. [illegible]

৪. কোন বানানটি শুদ্ধ? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. শমীচিন খ. সমীচীন
গ. সমিচীন ঘ. শমীচীন — উ. [illegible]

৫. নিচের কোন বানানটি সঠিক? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. ভাগিরথি খ. ভাগিরথী
গ. ভাগীরথি ঘ. ভাগীরথী — উ. [illegible]

৬. কোন বানানটি সঠিক? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. সমিচিন খ. সমীচীন
গ. সমীচিন ঘ. সমিচীন — উ. [illegible]

৭. শুদ্ধ কোনটি? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. ভূবন খ. ভুবন
গ. ভুবণ ঘ. ভূবণ — উ. [illegible]

৮. কোন বানানটি সঠিক? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. মুমুর্ষু খ. মুমূর্ষু
গ. মুমুর্সু ঘ. মুমুর্ষ — উ. [illegible]

৯. কোনটি শুদ্ধ বানান? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. তিতিক্ষা খ. তীতীক্ষা
গ. তীতিক্ষা ঘ. তিতীক্ষা — উ. [illegible]

১০. নিচের কোন বানানটি শুদ্ধ? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. অগ্নিবিনা খ. অগ্নিবীণা
গ. অগ্নিবিণা ঘ. অগ্নিবীনা **উ. খ**

১১. কোন বানানটি সঠিক? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. মুমূর্ষু খ. মুমূর্ষ
গ. মুমুর্ষু ঘ. মুমুর্ষ **উ. ক**

১২. কোন বানানটি সঠিক? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. সমীচীন খ. সমিচিন
গ. সমীচিন ঘ. সমিচীন **উ. ক**

১৩. কোন বানানটি সঠিক? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. উষা খ. কিংবদন্তি
গ. আমীন ঘ. নিদেশী **উ. খ**

বিস্তারিত আলোচনা

বাংলা বানান, প্রয়োগ-অপপ্রয়োগ ও শুদ্ধিকরণ প্রাইমারি শিক্ষক নিয়োগ পরীক্ষার জন্য বাংলা ব্যাকরণ অংশের একটি কমন ও গুরুত্বপূর্ণ অংশ। প্রতিবছরই এ অংশ থেকে ১-২ টি প্রশ্ন এসে থাকে। এখানে সকল শব্দের শুদ্ধ বানান না দিয়ে কেবল পরীক্ষাতে আসার মতো গুরুত্ব শব্দের বানান দেয়া হলো। তার আগে আসুন বাংলা বানানের গুরুত্বপূর্ণ নিয়ম শিখে নেই, যা শুদ্ধ-অশুদ্ধ বানান চিহ্নিত করতে সাহায্য করবে-

সহজ বাংলা বানানের গুরুত্বপূর্ণ নিয়মঃ বাংলা বানান শুদ্ধিকরণের জন্য বেশ কিছু নিয়মাবলি রয়েছে। এই সব নিয়মাবলি অনুসরণ করে নিজে নিজেই সহজেই বাংলা বানান শুদ্ধ বা ঠিকভাবে লিখতে পারবেন। তাই বাংলা বানান শুদ্ধ বা ঠিকভাবে লেখার জন্য নিম্নোক্ত নিয়মাবলি অনুসরণ করতে পারেন

১. দূরত্ব বোঝায় না এরূপ শব্দে 'উ-কার' যোগে 'দুর' ('দুর' উপসর্গ) বা 'দু+রেফ' হবে। যেমন- দুরবস্থা, দুরন্ত, দুরাকাঙ্ক্ষা, দুরারোগ্য, দুরূহ, দুর্গা, দুর্গতি, দুর্গ, দুর্বাস্ত, দুর্নীতি, দুর্যোগ, দুর্ঘটনা, দুর্নাম, দুর্ভোগ দুর্দিন, দুর্বল, দুর্জয় ইত্যাদি।
কিন্তু দূরত্ব বোঝায় এমন শব্দে 'ঊ-কার' যোগে 'দূর' হবে। যেমন- দূর, দূরবর্তী, দূর-দূরান্ত, দূরীকরণ, অদূর, দূরত্ব, দূরবীক্ষণ ইত্যাদি।

২. 'পূর্ণ' এবং 'পুন' (পুনঃ/পুন+রেফ/পুনরায়) ব্যবহার : 'পূর্ণ' (ইংরেজিতে Full / Complete অর্থে) শব্দটিতে ঊ-কার এবং র্ণ যোগে ব্যবহার হবে। যেমন- পূর্ণরূপ, পূর্ণমান, সম্পূর্ণ, পরিপূর্ণ ইত্যাদি। 'পুন' (পুনঃ/পুন+রেফ/পুনরায় অর্থে) শব্দটিতে উ-কার হবে এবং অন্য শব্দটির সাথে যুক্ত হয়ে ব্যবহার হবে। যেমন- পুনঃপ্রকাশ, পুনঃপরীক্ষা, পুনঃপ্রবেশ, পুনঃপ্রতিষ্ঠা, পুনঃপুন, পুনর্জীবিত, পুনর্নিয়োগ, পুনর্নির্মাণ, পুনর্মিলন, পুনর্লাভ, পুনর্মুদ্রিত, পুনরুদ্ধার, পুনর্বিচার, পুনর্বিবেচনা, পুনর্গঠন, পুনর্বাসন ইত্যাদি।

৩. পদের শেষে '-জীবী' ঈ-কার হবে। যেমন- চাকরিজীবী, পেশাজীবী, শ্রমজীবী, কৃষিজীবী, আইনজীবী, বুদ্ধিজীবী ইত্যাদি।

৪. যেসব বাংলা বিশেষণবাচক শব্দের শেষে 'আলি' থাকে সেসব শব্দের শেষে 'ই-কার' (ি) হবে। যথা-
সোনালী (অশুদ্ধ)= সোনালি (শুদ্ধ)।
রূপালী (অশুদ্ধ)= রূপালি (শুদ্ধ)।
মিতালী (অশুদ্ধ)= মিতালি (শুদ্ধ)।
খেয়ালী (অশুদ্ধ)= খেয়ালি (শুদ্ধ)।
বর্ণালী (অশুদ্ধ)= বর্ণালি (শুদ্ধ)।

৫. পদের শেষে '-বলি' (আবলি) ই-কার হবে। যেমন- কার্যাবলি, শর্তাবলি, ব্যাখ্যাবলি, নিয়মাবলি, তথ্যাবলি, বিষয়াবলি ইত্যাদি।

৬. 'অর্ঞ্জলি' দ্বারা গঠিত সকল শব্দে ই-কার হবে। যেমন- অর্ঞ্জলি, গীতাঞ্জলি, শ্রদ্ধাঞ্জলি, পুষ্পাঞ্জলি ইত্যাদি।

৭. স্থ (স + থ) এবং স্ত (স + ত) এর ব্যবহার: শব্দটি দ্বারা কোনো স্থানকে বোঝালে যুক্ত বর্ণটি স্থ (স + থ) হবে (খেয়াল করুন- 'স্থান' লিখতেও যুক্ত বর্ণটি স + থ ব্যবহৃত হয়।); কিন্তু স্থান ব্যতীত অন্য কোনো কিছুকে বোঝালে অথবা গ্রস্ত বা আক্রান্ত বোঝালে যুক্ত বর্ণটি স্ত (স + ত) হবে। যেমন স্থান বোঝাতে: মুখস্থ কণ্ঠস্থ, ঠোঁটস্থ, গৃহস্থ, চাকাস্থ, বাসস্থান, অন্তস্থ। আবার, স্থান ছাড়া অন্য কিছুকে বোঝাতে বা গ্রস্ত বা আক্রান্ত বোঝাতে: ব্যস্ত, ভীতসন্ত্রস্ত, বিশ্বস্ত; বাবাগ্রস্ত, ক্ষতিগ্রস্ত, হতাশাগ্রস্ত, বিপদগ্রস্ত ইত্যাদি।

[** ব্যতিক্রম: 'অন্তস্তল' শব্দটি। কারণ শব্দটি বিসর্গ সন্ধির নিয়ম অনুযায়ী শব্দটি গঠিত। অন্তঃ + তল = অন্তস্তল। শব্দটি দ্বারা অন্তরে সর্বনিম্ন 'তল'কে বোঝায়। যেমন- 'অন্তরের অন্তস্তল থেকে ধন্যবাদ জানাই'। বিসর্গ সন্ধির নিয়ম অনুযায়ী বিসর্গ (ঃ) এর পর 'ত' বা 'থ' থাকলে বিসর্গ (ঃ) এর জায়গায় 'স' হয় এবং পরের অংশ ঠিক থাকে। যেমন- নিঃ + তার = নিস্তার; নিঃ + তেজ = নিস্তেজ ইত্যাদি। মনে রাখবেন- শুদ্ধ বানান 'অন্তস্থ' কিন্তু 'অন্তস্তল'।]

৮. 'স্ট' এবং 'ষ্ট' এর ব্যবহার: বিদেশি শব্দে 'স্ট' ব্যবহার করতে হবে, 'ষ্ট' ব্যবহার করা যাবে না। যেমন- পোস্ট, স্টার, স্টাফ, স্টেশন, বাসস্ট্যান্ড, স্ট্যাটাস, মাস্টার, ডাস্টার, পোস্টার, স্টুডিও, ফাস্ট, লাস্ট, বেস্ট ইত্যাদি। ষত্ব-বিধান অনুযায়ী বাংলা বাননে 'ট-বর্গীয় বর্ণে' (ট, ঠ, ড, ঢ, ণ) 'ষ্ট' ব্যবহার হবে। যেমন- কৃষ্টি, কৃষ্টি, সৃষ্টি, দৃষ্টি, মিষ্টি, নষ্ট, কষ্ট, তুষ্ট, সন্তুষ্ট ইত্যাদি।

** **বিশেষ দ্রষ্টব্য:** বিদেশি শব্দের বানান বাংলায় লিখতে 'ষ' না হয়ে 'স' হয় এবং 'ণ' না হয়ে 'ন' হবে। যথা-
স্টেশন, ব্যারিস্টার, খ্রিস্টাব্দ, স্টুডিও, গভর্নর, বামুন, ফটোস্ট্যাট, কর্নেল, কর্নার, মডার্ন ইত্যাদি।

৯. যদি বস্তুবাচক ও প্রাণিবাচক অর্ধ-তৎসম শব্দের শেষে 'ই-কার' থাকে তবে (ি)-কার হবে। যথা-
* বস্তুবাচকঃ বাড়ি, গাড়ি, শাড়ি, চাবি প্রভৃতি।
* প্রাণিবাচকঃ পাখি, হাতি, মুরগি প্রভৃতি।

১০. দেশ, জাতি এবং ভাষার নাম লিখতে সবসময় 'ই-কার' (ি) হবে। যথা-
* দেশঃ গ্রিস, জার্মানি, ইতালি, হাইতি, বাংলাদেশি প্রভৃতি।
* জাতিঃ বাঙালি, পাকিস্তানি, তুর্কি, জাপানি, পর্তুগিজ প্রভৃতি।
* ভাষাঃ হিন্দি, আরবি, ইংরেজি, ফারসি, নেপালি প্রভৃতি।

১১. তৎসম স্ত্রীবাচক শব্দের শেষে ঈ-কার (ী) হবে। যথা-
স্ত্রী, জননী, নারী, সাধ্বী, যুবতী, তরুণী, মানবী প্রভৃতি।

১২. যে ব্যঞ্জনবর্ণের উপর রেফ (র্) থাকে সেই বর্ণ দ্বিত্ব হবে না। যথা- মধ্যুর্য, কার্তিক, নির্দিষ্ট, ধর্মসভা, পর্বত, কার্যালয়, কার্য প্রভৃতি।

১৩. যে কোন শব্দের বানানের শেষে যদি জগৎ বাচক, বিদ্যা, সভা, ত্ব, তা, নী, ণী, পরিষদ, তন্ত্র প্রভৃতি শব্দ থাকে তবে এর পূর্বে 'ঈ-কার'-এর পরিবর্তে 'ই-কার' অর্থাৎ (ি)-কার হবে। যথা-
প্রাণী + বিদ্যা= প্রাণিবিদ্যা।
মন্ত্রী + সভা= মন্ত্রিসভা।
মন্ত্রী + পরিষদ = মন্ত্রিপরিষদ।
প্রতিদ্বন্দ্বী + তা= প্রতিদ্বন্দ্বিতা।
প্রতিযোগী + তা= প্রতিযোগিতা।
কৃতী+ত্ব= কৃতিত্ব।
সঙ্গী+নী= সঙ্গিনী।

১৪. বিস্ময়সূচক অব্যয় এর ক্ষেত্রে (যথা- বাঃ/ছিঃ/উঃ প্রভৃতি) ব্যতীত বাংলা কোনো বানানের শেষে বিসর্গ (ঃ) হবে না। যথা-
প্রথমতঃ (অশুদ্ধ)= প্রথমত (শুদ্ধ)।
প্রায়শঃ (অশুদ্ধ)= প্রায়শ (শুদ্ধ)।
বস্তুতঃ (অশুদ্ধ)= বস্তুত (শুদ্ধ)।
প্রধানতঃ (অশুদ্ধ)= প্রধানত (শুদ্ধ)।
কার্যতঃ (অশুদ্ধ)= কার্যত (শুদ্ধ) প্রভৃতি।

১৫. বাংলায় সন্ধি বানানের প্রথম পদের শেষে 'ম্' আর সন্ধিস্থ পদের মধ্যস্থিত ক, খ, গ, ঘ এর পূর্বে 'ম্' থাকলে অনুস্বর অর্থাৎ (ং) লেখা যাবে। যথা-
অহংকার (অহম্+কার), ভয়ংকর, সংগৃহীত, শুভংকর, সংঘটন, হৃদয়ংগম প্রভৃতি।
কিন্তু অন্য সকল ক্ষেত্রে ক, খ, গ, ঘ এবং ক্ষ-এর পূর্বে নাসিক্য বর্ণ যুক্ত করার জন্য 'ঙ' লিখতে হবে। যথা- অঙ্ক, আকাঙ্ক্ষা প্রভৃতি।

১৬. বাংলা বানানে 'অদ্ভুত' ও 'ভুতুরে' এই শব্দ দুটি ব্যতীত যত ধরনের 'ভূত' আছে সকল 'ভূত' বানানে 'ঊ-কার' হবে, 'উ-কার' হবে না।
যথা- অভিভূত, অভূতপূর্ব, অঙ্গীভূত, একীভূত, দ্রবীভূত, প্রভূত, বশীভূত, পরাভূত, সম্ভূত, উদ্ভূত, আবির্ভূত ইত্যাদি। কিন্তু, অদ্ভুত, ভুতুরে।

১৭. কোনো শব্দের আগের বর্ণে 'ই-কার' থাকলে যুক্ত বর্ণের ক্ষেত্রে 'ষ' হবে কিন্তু 'ই-কার' ব্যতীত বা মুক্ত বর্ণ এর ক্ষেত্রে 'স' হবে। যথা-
ই-কার যুক্ত বর্ণ: আবিষ্কার, পরিষ্কার, জ্যোতিষ্ক, নিষ্কলঙ্ক, নিষ্কর ইত্যাদি। (এখানে খেয়াল করলে দেখতে পাবেন, 'আবিষ্কার' শব্দটি 'ষ্ক' (ষ + ক) যুক্ত বর্ণটির আগে 'বি' আছে, অর্থাৎ যুক্তবর্ণটির আগের বর্ণে 'ই-কার' (ি) আছে এবং একইভাবে বাকি শব্দগুলোর যুক্তবর্ণটির আগের বর্ণে 'ই-কার' (ি) আছে)
ই-কার যুক্ত ব্যতীত বা মুক্ত বর্ণঃ তিরস্কার, পুরস্কার, নমস্য ইত্যাদি।
(এখানে খেয়াল করলে দেখতে পাবেন, 'তিরস্কার' শব্দটি 'স্ক' (স + ক) যুক্তবর্ণটির আগের বর্ণে কোনো 'ই-কার' (ি) নেই এবং একইভাবে বাকি শব্দগুলোর যুক্তবর্ণটির আগের বর্ণে 'ই-কার' (ি) নেই)

১৮. তৎসম শব্দের বানানে ঋ, র এর পরে সাধারণত 'স' না হয়ে 'ষ' হয় এবং ঋ, র, ষ এর পর 'ন' না হয়ে 'ণ' হয়। যেমন- ঋষি, বর্ষণ, ঋণ, ব্যাকরণ, কারণ, ভীষণ ইত্যাদি।

১৯. বিদেশি শব্দ ছাড়া অন্য সকল ক্ষেত্রে 'ট-বর্গীয়' (ট, ঠ, ড, ঢ) বর্ণের সাথে যুক্তবর্ণ হিসেবে 'ন' না হয়ে 'ণ' হয় (মনে রাখুন, বাংলা বর্ণমালায় ট, ঠ, ড, ঢ এর পর ণ হয়)। যেমন- কণ্ঠ, কণ্ঠ, ভণ্ড, দণ্ড ইত্যাদি।

২০. বিদেশি শব্দ বানানের ক্ষেত্রে ষ, ণ, ঈ, ঊ, ঈ-কার, ঊ-কার না হয়ে যথাক্রমে- স, ন, ই, উ, ই-কার, উ-কার হবে। যেমন: ষ্টেশনারি (ভুল)-স্টেশনারি (শুদ্ধ), ষ্টোর (ভুল)-স্টোর (শুদ্ধ), কর্ণার (ভুল)-কর্নেল (শুদ্ধ), কর্ণেল (ভুল)-কর্নেল (শুদ্ধ), ঠান্ডা (ভুল)-ঠান্ডা (শুদ্ধ), ঈদ (ভুল)-ইদ (শুদ্ধ), ভূটান (ভুল)-ভুটান (শুদ্ধ), আমদানী (ভুল)-আমদানি (শুদ্ধ), রপ্তানী (ভুল)-রপ্তানি(শুদ্ধ), জরুরী (ভুল)-জরুরি (শুদ্ধ), আদমশুমারী (ভুল)-আদমশুমারি (শুদ্ধ), সরকারী (ভুল)-সরকারি (শুদ্ধ)।

২১. যে সকল তৎসম শব্দে ই, ঈ বা 'ই-কার', 'ঈ-কার' কিংবা উ ঊ বা 'উ-কার', 'ঊ-কার' উভয় প্রকার বানানে শব্দ শুদ্ধ হয়, সে সকল শব্দে কেবল ই বা উ এবং 'ই-কার' বা 'উ-কার' চিহ্ন ব্যবহার করতে হবে। যথা-
কিংবদন্তি (কিংবদন্তী), খঞ্জনি (খঞ্জনী), চিৎকার (চীৎকার), পদবি (পদবী), লহরি (লহরী), সরণি (সরণী), সূচি (সূচী), সূচিপত্র (সূচীপত্র), উষা (ঊষা), মঞ্জরি (মঞ্জরী), বাড়ি (বাড়ী), গাড়ি (গাড়ী), হাতি (হাতী), পাখি (পাখী), শ্রেণি (শ্রেণী), বাঁশি (বাঁশী) ইত্যাদি।

অশুদ্ধ	শুদ্ধ বানান
অথিতি	অতিথি
অনু	অণু
অপরিপক্ক	অপরিপক্ব
আকাঙ্খা	আকাঙ্ক্ষা
আদ্যক্ষর	আদ্যাক্ষর
আদ্যপান্ত	আদ্যোপান্ত
আমাবস্যা	অমাবস্যা
অধ্যাবসায়	অধ্যবসায়
অপরাহ্ন	অপরাহ্ণ
আবিস্কার	আবিষ্কার
পরিস্কার	পরিষ্কার
পুরষ্কার	পুরস্কার
তিরষ্কার	তিরস্কার
অধীনস্থ	অধীন

অশুদ্ধ	শুদ্ধ বানান
অনাথিনী	অনাথা
সুকেশিনী	সুকেশা
অর্ধাঙ্গিনী	অর্ধাঙ্গী
অহোরাত্রি	অহোরাত্র
আদ্যোক্ষর	আদ্যাক্ষর
বুদ্ধিজীবি	বুদ্ধিজীবী
ক্ষীণজিবী	ক্ষীণজীবী
সমিচীন	সমীচীন
ভাগিরথী	ভাগীরথী
মনিষী	মনীষী
ইতিমধ্যে	ইতোমধ্যে
ইতিঃপূর্বে	ইতঃপূর্বে
ইদানিংকাল	ইদানীং
উপরোক্ত	উপর্যুক্ত/উপরিউক্ত
উৎকর্ষতা	উৎকর্ষ/উৎকৃষ্টতা
উজ্জল	উজ্জ্বল
উজ্জ্বল্য	ঔজ্জ্বল্য
উদাসীন্য	ঔদাসীন্য
উচ্ছাস	উচ্ছ্বাস
উন্মীলীত	উন্মীলিত
উপন্নাস	উপন্যাস
উপন্যাসিক	ঔপন্যাসিক
একত্রিত	একত্র
ঐক্যতান	ঐকতান
ঐক্যমত্য	ঐকমত্য
কথপোকথন	কথোপকথন
কনিকা	কণিকা
কনিনীকা	কনীনিকা
কার্পণ্যতা	কার্পণ্য/কৃপণতা
কুপমণ্ডুক	কূপমণ্ডূক
গোধুলী	গোধূলি
গড্ডালিকা	গড্ডলিকা
গন্ডুস	গণ্ডুষ
ত্রহস্পর্শ	ত্র্যহস্পর্শ
চত্তর	চত্বর
স্বত্ব	স্বত্ব
চক্ষুস্মান	চক্ষুষ্মান
জেষ্ঠ্য	জ্যেষ্ঠ
জৈষ্ঠ্য	জ্যৈষ্ঠ
তেজষ্ক্রিয়তা	তেজষ্ক্রিয়তা
ত্রিভূজ	ত্রিভুজ
সৌন্দর্য্যতা	সৌন্দর্য
দারিদ্রতা	দারিদ্র্য/দরিদ্রতা

অশুদ্ধ	শুদ্ধ বানান
দৈনতা	দৈন্য
দৌরাত্ব	দৌরাত্ম্য
দ্ব্যার্থ	দ্ব্যর্থ
ব্যার্থ	ব্যর্থ
দুরাবস্থা	দুরবস্থা
দুষণীয়	দূষণীয়
বিদুষী	বিদুষী
ধরণী	ধরণি
ধরণ	ধরন
ধারন	ধারণ
সাধারন	সাধারণ
নির্দোষী	নির্দোষ
নিরপরাধী	নিরপরাধ
নিরিহ	নিরীহ
নিশীত	নিশীথ
নিরীখ	নিরিখ
নিরিক্ষা	নিরীক্ষা
নীরিক্ষণ	নিরীক্ষণ
নীশিথিনী	নিশীথিনী
নিহারিকা	নীহারিকা
উদিচী	উদীচী
প্রতীচি	প্রতীচী
প্রতীতী	প্রতীতি
তিতীক্ষা	তিতিক্ষা
ত্রিণয়ন	ত্রিনয়ন
নির্ণিমেষ	নির্নিমেষ
পানিনি	পাণিনি
পিপিলিকা	পিপীলিকা
মরিচীকা	মরীচিকা
শারিরিক	শারীরিক
বীভিষীকা	বিভীষিকা
পুংখানুপুঙ্খ	পুঙ্খানুপুঙ্খ
পুন্য	পুণ্য
পূর্ন	পূর্ণ
পূরন	পূরণ
পুরহিত	পুরোহিত
পৌরহিত্ব	পৌরহিত্য
পরমানু	পরমাণু
অনু	অণু
প্রাঙ্গন	প্রাঙ্গণ
অঙ্গণ	অঙ্গন
যক্ষা	যক্ষ্মা
বিদ্রুপ	বিদ্রূপ

Job Navigator

অশুদ্ধ	শুদ্ধ বানান
বিদ্যান	বিদ্বান
বিদোষী	বিদুষী
ভাগীরথি	ভাগীরথী
ভূবন	ভুবন
ভৌগলিক	ভৌগোলিক
মধ্যাকর্ষন	মাধ্যাকর্ষণ
মদুসূধন	মধুসূদন
শুশ্রুষা	শুশ্রূষা
মনিষী	মনীষী
মুমুর্ষ	মুমূর্ষু
মুহুর্ত	মুহূর্ত
মহত্ব	মহত্ত্ব
মহাত্ব	মাহাত্ম্য
মুহুর্মুহু	মুহুর্মুহু
মুর্ধণ্য	মূর্ধন্য
মনমোহন	মনোমোহন
মনচোর	মনচোর
মৃয়মান	ম্রিয়মাণ
মৌনতা	মৌন
রজকিনী	রজকী
রুগ্ন	রুগ্‌ণ
লজ্জাকর	লজ্জাকর
শশি	শশী
শশীভূষণ	শশিভূষণ
শান্তনা	সান্ত্বনা
শ্বাশত	শাশ্বত
শশ্মান	শ্মশান
শিরচ্ছেদ	শিরশ্ছেদ
শ্রদ্ধাঞ্জলী	শ্রদ্ধাঞ্জলি
গীতাঞ্জলী	গীতাঞ্জলি
সান্মাসিক	ষাণ্মাসিক
সদ্যজাত	সদ্যোজাত
সম্বধনা	সংবর্ধনা
সমভিব্যহার	সমভিব্যাহার

অশুদ্ধ	শুদ্ধ বানান
সখ্যতা	সখ্য
সম্ভব	সম্ভবপর
সত্বা	সত্তা (অস্তিত্ব)
স্বত্ব	স্বত্ত্ব (মালিকানা)
স্বতঃস্ফূর্ত	স্বতঃস্ফূর্ত
সমর্থ্য	সমর্থ
সামর্থ	সামর্থ্য
সূচী	সূচি
সূচীস্মিতা	শুচিস্মিতা
সৌজন্যতা	সৌজন্য
সৌন্দর্য্যতা	সৌন্দর্য
স্বরস্বতী	সরস্বতী
আয়ত্ব	আয়ত্ত
স্বায়ত্ব	স্বায়ত্ত
তত্ত্বাবধায়ক	তত্ত্বাবধায়ক
প্রতিযোগীতা	প্রতিযোগিতা
প্রতিদ্বন্দ্বীতা	প্রতিদ্বন্দ্বিতা
প্রতিদ্বন্দ্বি	প্রতিদ্বন্দ্বী
প্রতিযোগি	প্রতিযোগী
প্রাতঃরাশ	প্রাতরাশ
মুহ্যমান	মোহ্যমান
এতদ্বারা	এতদ্‌দ্বারা
মুখস্ত	মুখস্থ
সরকারী	সরকারি
বেসরকারী	বেসরকারি
আশিবিষ	আশীবিষ
স্নেহাশীষ	স্নেহাশিস
রাণী	রানি
শ্রেণী	শ্রেণি
বিকেন্দ্রীকরন	বিকেন্দ্রীকরণ
বিদোষী	বিদুষী
বিদ্যান	বিদ্বান
বিস্ফোরন	বিস্ফোরণ
ভূল	ভুল

বাংলা ভাষায় ব্যবহারের সময় প্রায়শ ভুল হয় এমন কিছু গুরুত্বপূর্ণ শুদ্ধ বানানগুলো নিচে সাজিয়ে দেওয়া হলো-

অগ্ন্যাশয়	উচ্চৈঃস্বর
অগ্ন্যুৎপাত	উচ্ছ্বাস
আধ্যাত্মিক	উত্ত্যক্ত
অনূর্ধ্ব	এতদ্ব্যতীত
অন্তঃসত্ত্বা	ঔদ্ধত্য
অন্ত্যেষ্টিক্রিয়া	কাঙ্ক্ষিত
অমর্ত্য	কৃচ্ছ্র

ক্ষুণ্নিবৃত্তি	গার্হস্থ্য
বিভূতিভূষণ	ব্যত্যয়
ঘূর্ণ্যমান	বৈচিত্র্য
জলোচ্ছ্বাস	বৈদগ্ধ্য
জাজ্বল্যমান	জ্বলজ্বল
জ্যোতিষী	ব্যবচ্ছেদ
জ্যোতিষ্ক	ব্যবধান

Job Navigator

টীকাটিপ্পনী	ব্যুৎপত্তি
তীক্ষ্ণ	ব্যূহ
তুরণ	ত্বরান্বিত
ত্বরিত	ত্যাক্ত
উত্যক্ত	মনস্তত্ত্ব
দয়ার্দ্র	মন্বন্তর
দ্বৈত	লক্ষণ
লক্ষী	লক্ষ্য
ধনাত্মক	শাশ্বত
শ্বাপদ	শ্বশ্রূ
শ্মশ্রু	শ্মশান
শ্বশুর	শাশুড়ি
শিরঃপীড়া	শিরশ্ছেদ
দ্বন্দ্ব	নির্দ্বন্দ্ব
নির্দ্বিধা	নীরব
নৈর্ঋত	ন্যুব্জ
ন্যূন	ন্যূনতম
ষাণ্মাসিক	পরিস্রাবণ
সংবর্ধনা	সন্ধ্যা
সন্ন্যাস	সন্ন্যাসী
বক্ষ্যমাণ	সৌহার্দ্য
স্বতঃস্ফূর্ত	স্বাচ্ছন্দ্য
স্বতন্ত্র	স্বাতন্ত্র্য
বাল্মীকি	বয়োজ্যেষ্ঠ
রামায়ণ	হীনম্মন্যতা
মূর্ধন্য	শূন্য
পুণ্য	পণ্য
বন্দ্যোপাধ্যায়	চট্টোপাধ্যায়
প্রত্যূষ	পঙ্‌ক্তি
প্রাতঃকৃত্য	প্রাতঃকাল
প্রাতর্ভোজন	প্রাতর্ভ্রমণ
মৃত্যুত্তীর্ণ	মরূদ্যান

পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে-

শ্রদ্ধাস্পদেষু কিন্তু শ্রদ্ধাস্পদাসু; কল্যাণবরেষু কিন্তু কল্যাণবরাসু; কল্যাণীয়েষু কিন্তু কল্যাণীয়াসু

(মনে রাখুন, শব্দ জোড়াগুলোর প্রথমটি পুরুষবাচক, দ্বিতীয়টি স্ত্রীবাচক; তাহলে 'পুরুষ' শব্দটি লিখতে 'ষ' বর্ণটি আছে, 'স্ত্রী' শব্দটি লিখতে নাই। অতএব, পুরুষবাচক শব্দে 'ষ' হবে হবে এবং আগের বর্ণটির সাথে 'এ-কার' (ে) থাকবে কিন্তু স্ত্রীবাচক শব্দটি লিখতে 'স' হবে এবং আগের বর্ণটির সাথে 'আ-কার' (া) থাকবে)।

দরিদ্র কিন্তু দারিদ্র্য (মনে রাখুন, প্রথম বর্ণে 'দ'-এর সাথে 'আ-কার' একটি বেশি দিলে ব্যালেন্স করতে শেষের বর্ণের সাথে 'য-ফলা' একটি বেশি হয়)।

একইভাবে, সমর্থ কিন্তু সামর্থ্য; মহত্ত্ব কিন্তু মাহাত্ম্য;

ইতোমধ্যে কিন্তু ইতঃপূর্বে (মনে রাখুন, 'ইতোমধ্যে' মধ্যে 'ত' বর্ণটি 'ও-কার' (ো)-এর মধ্যে থাকে, আবার 'ইতঃপূর্বে' শব্দে 'পূর্বে' মানে আগে 'ঃ' থাকে। আরেকটু খেয়াল করুন- প্রথমটিতে 'ও-কার' আছে কিন্তু 'বিসর্গ (ঃ)' নেই; আবার দ্বিতীয়টিতে 'বিসর্গ (ঃ)' আছে কিন্তু 'ও-কার নেই।

মনোযোগ কিন্তু মনঃকষ্ট (মনে রাখুন, কোনো কিছুতে মনোযোগ দিতে গেলে মাঝখানে কিছু রাখা যাবে না, অর্থাৎ বিসর্গ (ঃ) রাখা যাবে না, আবার বিসর্গের (ঃ) মাঝখানে বাধা হয়ে দাঁড়িয়ে বলে মনঃকষ্ট। একইভাবে, শিরোনাম কিন্তু শিরঃপীড়া)।

যশোলাভ কিন্তু যশঃপ্রভা (মনে রাখুন, মাঝখানে কোনো বাধা মানে বিসর্গ (ঃ) নেই বলে যশোলাভ করা সম্ভবপর হয়েছে; কিন্তু প্রভার যশ লাভের ক্ষেত্রে বিসর্গ (ঃ) হলো বাধা)

সেবা কিন্তু পরিষেবা; বিদ্যা কিন্তু বিদ্বান; ভূগোল কিন্তু ভৌগোলিক, স্বায়ত্তশাসন কিন্তু তত্ত্বাবধায়ক। এতদ্ব্যতীত কিন্তু এতদ্দ্বারা; সত্তা কিন্তু অন্তঃসত্ত্বা; প্রতীচী (পশ্চিম দিক) কিন্তু প্রতীতি (বিশ্বাস বা প্রত্যয়); সচ্ছল কিন্তু স্বচ্ছতা, বিশিষ্ট কিন্তু বৈশিষ্ট্য; প্রতিযোগী কিন্তু প্রতিযোগিতা; প্রতিদ্বন্দ্বী কিন্তু প্রতিদ্বন্দ্বিতা; ব্যথা কিন্তু ব্যাধি (মনে রাখুন, ব্যথার চেয়ে ব্যাধি বড়); আদ্যাক্ষর কিন্তু আদ্যোপান্ত, আবার সদ্যোজাত (মনে রাখুন: সন্ধিতে হয়েছে- আদ্য+অক্ষর= আদ্যাক্ষর, আদ্য+উপান্ত= আদ্যোপান্ত, সদ্যঃ+জাত= সদ্যোজাত); দূষণ, দূষণীয় কিন্তু বিদুষী (বিদ্বান মহিলা) নিরিখ (ফার্সি শব্দ) কিন্তু নিরীক্ষা; (সংস্কৃত শব্দ) নিরীহ; কৌতুক কিন্তু কৌতূহল/কৌতূহলী।

মুহূর্ত, মুমূর্ষু, শুশ্রূষা - এই শব্দগুলোর প্রথম বর্ণের সাথে 'উ-কার' (ু) এবং দ্বিতীয় বর্ণের সাথে 'উ-কার' (ূ) ব্যবহৃত হয়, কিন্তু মুহুর্মুহু লিখতে চারটি বর্ণের সাথেই 'উ-কার' হয়। (মনে রাখুন, মুহুর্মুহু অর্থ 'বারবার', অতএব, মুহুর্মুহু লিখতে বারবার 'উ-কার' হবে এবং সাথে একটি 'রেফ' (র্) দিতে হবে)।

নিশীথিনী, পিপীলিকা, বিভীষিকা, মরীচিকা, শারীরিক, উন্মীলিত, বাল্মীকি- এই শব্দগুলোর বানান বিভিন্ন পরীক্ষাতে বারবার আসে কিন্তু আমরা বারবারই ভুল করি। কিন্তু একটি স্পেশাল টেকনিক মনে রাখলে এই ধরনের বানান আর ভুল হবে না। টেকনিক- চার বা তারও বেশি বর্ণ বিশিষ্ট শব্দের বানানের ক্ষেত্রে পাশাপাশি যদি 'ই-কার' এবং 'ঈ-কার' আসে তাহলে সাধারণ দ্বিতীয় বর্ণটি সাথে সবসময় 'ঈ-কার' (ী) হয় এবং দ্বিতীয় বর্ণটির আগে বা পিছের বর্ণের সাথে 'ই-কার' (ি) হয়। যেমন- 'বিভীষিকা' শব্দটির মাঝখানের বর্ণ 'ভ'-এর সাথে 'ঈ-কার' হয়েছে এবং দ্বিতীয় বর্ণটি সামনের ও পিছনের বর্ণে সাথে 'ই-কার' হয়েছে। এরকম- পিপীলিকা। [ব্যতিক্রম: শুচিস্মিতা।]

অপরাহ্ণ, পূর্বাহ্ণ লিখতে 'হ'-এর সাথে 'ণ' (হ+ণ) হয় অর্থাৎ 'হ'-এর নিচে বসলে 'ণ' বলে কিন্তু মধ্যাহ্ন, সায়াহ্ন, অহ্ন, আহ্নিক লিখতে 'হ'-এর সাথে 'ন' (হ+ন) হয় অর্থাৎ 'হ'-এর কাঁধে বসলে 'ন' বলে। (যেহেতু পরীক্ষার হলে এগুলো বারবার তালগোল পাকায় আসুন একটু সহজভাবে মনে রাখার চেষ্টা করি একটি স্পেশাল টেকনিকের মাধ্যমে- এই ধরনের যুক্তবর্ণের শব্দের ক্ষেত্রে শব্দটি আগে যদি র, র-ফলা (্র) বা রেফ (র্) থাকে, তাহলে যুক্তবর্ণটি হবে হ+ণ, আর যদি র, র-ফলা (্র) বা রেফ (র্) না থাকে অর্থাৎ অন্য সকল ক্ষেত্রে হবে হ+ন। যেমন– অপরাহ্ণ কিন্তু মধ্যাহ্ন।

MCQ Test

১) 'উৎকর্ষতা' কি কারণে অশুদ্ধ?
ক) সন্ধিজনিত খ)প্রত্যয়জনিত
গ) উপসর্গজনিত ঘ) বিভক্তিজনিত
উত্তর: খ

২) শুদ্ধ বানানের শব্দগুচ্ছ সনাক্ত করুন-
ক) ভবিষ্যত, ভৌগলিক, যক্ষ্মা
খ) স্বায়ত্তশাসন, অভ্যন্তর, জন্মবার্ষিক
গ) যশলাভ, সদ্যোজাত, সম্বর্ধনা
ঘ) ঐক্যতান, কেবলমাত্র, উপরোক্ত
উত্তর: খ

৩) কোন বানানটি শুদ্ধ?
ক) সূচিস্মতা খ) সূচিস্মিতা
গ) সূচীস্মিতা ঘ) শুচিস্মিতা
উত্তর: ঘ

৪) শুদ্ধ বানান কোনটি?
ক) মূমুর্ষ খ) মুমূর্ষু
গ) মূমুর্ষ ঘ) মুমূর্ষ
উত্তর: খ

৫) শুদ্ধ বানানটি নির্দেশ করুন-
ক) মুহুর্মুহু খ) মূহুমুহু
গ) মুর্হমূহু ঘ) মুর্হুমূহু
উত্তর: ক

৬) কোন বানানটি শুদ্ধ?
ক) বিভিষীকা খ) বিভীষিকা
গ) বীভিষিকা ঘ) বীভিষীকা
উত্তর: খ

৭) কোন বাংলা বানানটি শুদ্ধ?
ক) সৌজন্নতা খ) সৌজন্যতা
গ) সৌজন্ন ঘ) সৌজন্য
উত্তর: ঘ

৮) নিচের কোন শব্দটি শুদ্ধ বানানে লিখিত?
ক) শিরচ্ছেদ খ) শিরশ্ছেদ
গ) শিরোচ্ছেদ ঘ) শিরচ্ছেদ
উত্তর: খ

৯) শুদ্ধ বানান কোনটি?
ক) সমীচিন খ) সমীচীন
গ) সমিচিন ঘ) সমিচীন
উত্তর: খ

১০) নির্ভুল বানান কোনটি?
ক) স্বায়ত্ব খ) স্বায়াত্ত
গ)স্বায়ত্ত্ব ঘ) স্বায়ত্ত
উত্তর: ঘ

১১) কোন বানানটি শুদ্ধ?
ক) সংসপ্তক খ) সংশপ্তক
গ) শংসপ্তক ঘ) শংশপ্তক
উত্তর: খ

১২) কোনটি শুদ্ধ বানান?
ক) সন্ন্যাসী খ) সন্যাসী
গ) সন্নাসী ঘ) স্বন্যাসী
উত্তর: ক

১৩) কোন বানানটি শুদ্ধ?
ক) শান্তনা খ) শান্তুনা
গ) সান্তুনা ঘ) সান্তনা
উত্তর: ঘ

১৪) কোন বানানটি শুদ্ধ?
ক) বুদ্ধিজীবি খ) বুদ্ধিজীবী
গ) বুদ্ধিজিবি ঘ) বুদ্ধিজিবী
উত্তর: খ

১৫) কোন বানানটি শুদ্ধ বানানটি শুদ্ধ?
ক) নিরিহ খ) নিরীহ
গ) নীরিহ ঘ) নীরীহ
উত্তর: খ

১৬) নিচের কোন বানানটি বাংলায় শুদ্ধ রূপ?
ক) সংসপ্তক খ) শংসপ্তক
গ) শংশপ্তক ঘ) সংশপ্তক
উত্তর: ঘ

১৮) নিম্নোক্ত শব্দ সমূহের মধ্যে অশুদ্ধ শব্দটি চিহ্নিত করুন-
ক) বীণাপাণি খ) মূঢ়
গ) চরিত্র ঘ) প্রত্যুষ
উত্তর: ঘ

১৯) কোন বানানটি শুদ্ধ তা নির্দেশ করুন-
ক) শুশ্রূষা খ) শুশ্রুষা
গ) শুশ্রূসা ঘ) শুশ্রুসা
উত্তর: ক

২০) বিশুদ্ধ বানান কোনটি?
ক) আয়ত্ত খ) আয়ত্ব
গ) আয়ত্ব ঘ) আয়ত্বাধীন
উত্তর: ক

২১) নিচের কোন বানানটি শুদ্ধ?
ক) শ্রদ্ধাঞ্জলি খ) শ্রদ্ধাঞ্জলি
গ) শ্রদ্ধাঞ্জলী ঘ) শ্রদ্ধাঞ্জলী
উত্তর: খ

২২) কোনটি শুদ্ধ?
ক) সারথী খ) সারথি
গ) সাড়থী ঘ) সাড়থি
উত্তর: খ

২৩) কোন শব্দের বানান অশুদ্ধ?
ক) বৈশিষ্ট খ) সশ্রদ্ধ
গ) ঘনিষ্ঠ ঘ) বৈদগ্ধ্য
উত্তর: ক

২৪) কোন শব্দের বানান শুদ্ধ?
ক) শাশুড়ি খ) শাসুড়ি
গ) সাশুড়ি ঘ) শ্বাশুড়ি
উত্তর: ক

২৫) কোন বানানটি অশুদ্ধ?
ক) পীপিলিকা খ) মরীচিকা
গ) শারীরিক ঘ) উন্মীলিত
উত্তর: ক

Job Navigator

(খ) বাক্য শুদ্ধকরণ

কলেজ পর্যায়

(খ) বাক্য শুদ্ধকরণ

১. নিচের কোন বাক্যটি শুদ্ধ? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. কারো ফাগুন মাস, কারো সর্বনাশ
খ. সে প্রাণীবিদ্যায় দুর্বল
গ. আগত শনিবার কলেজ বন্ধ থাকবে
ঘ. বিধি লঙ্ঘিত হয়েছে
উ. ঘ

২. কোন বাক্যটি শুদ্ধ? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্য অনুচিত
খ. আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত
গ. আবশ্যকীয় ব্যয়ে কার্পন্য অনুচিত
ঘ. আবশ্যক ব্যয়ে কার্পন্য অনুচিত
উ. খ

৩. নিচের কোন বাক্যটি শুদ্ধ? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. সূর্য উদয় হয়েছে?
খ. তার সৌজন্যতায় মুগ্ধ হয়েছি
গ. যুক্তি খণ্ডন হয়েছে কিন্তু মুক্তি মেলেনি
ঘ. বিধি লঙ্ঘন হয়েছে
উ. গ

৪. বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর' বাক্যটির শুদ্ধরূপ কোনটি? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ খ. বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর
গ. বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ ঘ. বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
উ. গ

৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. সমুদয় পক্ষীই নীড় বাঁধে
খ. চোরটি সব মালসুদ্ধ ধরা পড়েছে
গ. তার বৈমাত্রেয় সহোদর অসুস্থ
ঘ. দশচক্রে ঈশ্বর ভূত
উ. ক

৬. কোন বাক্যটি শুদ্ধ? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. আমি সন্তোষ হলাম খ. আমি সন্তোষ্ট হইলাম
গ. আমি সন্তুষ্ট হলাম ঘ. আমি সন্তুষ্ট হলাম
উ. গ

৭. কোন বাক্যটি শুদ্ধ? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. তিনি স্বস্ত্রীক বেড়াতে গেছেন
খ. বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেয়
গ. আমার আর বাঁচিবার স্বাদ নাই
ঘ. কোনো বাক্যই শুদ্ধ নয়
উ. ঘ

স্কুল পর্যায়

(খ) বাক্য শুদ্ধকরণ

১. শুদ্ধ বাক্যটি নির্দেশ করুন? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. দৈন্যতা প্রশংসনীয় নয় খ. দীনতা প্রশংসনীয় নয়
গ. দৈন্যতা অপ্রসংসনীয় ঘ. দৈন্যতা নিন্দনীয়
উ. খ

২. 'বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর'– বাক্যটির শুদ্ধরূপ কোনটি? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ খ. বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
গ. বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর ঘ. বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
উ. খ

৩. নিচের কোন বাক্যটি শুদ্ধ? *[১২তম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. কেবলমাত্র তুমি যাবে খ. এতে আশ্চার্য হলাম
গ. বিবিধ জিনিস কিনলাম ঘ. এ সংবাদে সন্তোষ হলাম
উ. গ

৪. নিচের কোন বাক্যটি শুদ্ধ? *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*
ক. তিনি স্বস্ত্রীক বিদেশে গেছেন
খ. 'শেষের কবিতা' একখানি উৎকৃষ্ট কাব্যগ্রন্থ
গ. সকল ছাত্রই অমনোযোগী নয়
ঘ. পরবর্তীতে তার সাথে আমার আর সাক্ষাৎ হয়নি
উ. ঘ

৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ? *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. 'গীতাঞ্জলি' পড়েছ কি? খ. এ কথা প্রমাণ হয়েছে।
গ. অল্প দিনের মধ্যে তিনি আরোগ্য হলেন।
ঘ. আবশ্যক ব্যয়ে কার্পণ্য করা অনুচিত।
উ. ক

৬. 'দেশের সকল আলেমগণই সভায় উপস্থিত ছিলেন।' বাক্যটি কোন দোষে দুষ্ট? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. বাহুল্য দোষ খ. উপমান ভুল প্রয়োগ
গ. অপ্রচলিত শব্দের ব্যবহার ঘ. গুরুচণ্ডালী দোষ
উ. ক

৭. কোনটি শুদ্ধ বাক্য? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. বৃক্ষটি সমূলে উৎপাটিত হয়েছে
খ. তোমার সঙ্গে গোপন পরামর্শ আছে
গ. মেয়েটি দারুণ সবুদ্ধিমতী
ঘ. আজকাল বিদ্বান মহিলার অভাব নেই
উ. ক

স্কুল পর্যায়-২

(খ) বাক্য শুদ্ধকরণ

১. কোন বাক্যটি শুদ্ধ? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. দারিদ্রতাই প্রধান সমস্যা
খ. দারিদ্রতাই আমাদের মূল সমস্যা
গ. দারিদ্র্য আমাদের প্রধান সমস্যা
ঘ. দারিদ্রতাই আমাদের প্রধান সমস্যা
উ. গ

২. নিচের কোন বাক্যটি সঠিক? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. খানা দুই কম্বল চেয়েছিলাম
খ. দেশ গোটা ছারখার হয়ে গেছে
গ. গোটা সাতেক আম এনো
ঘ. কমলালেবু গোটা দুই আছে
উ. গ

৩. কোন বাক্যটি শুদ্ধ? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. অনেক সন্ন্যাসিতে গাজন নষ্ট খ. অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট
গ. অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট ঘ. অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট
উ. খ

৪. কোন বাক্যটির শুদ্ধ প্রয়োগ হয়েছে? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১২]*
ক. অন্যায়ের ফল অনিবার্য খ. অন্যায়ের ফল দুর্নিবার্য
গ. অন্যায়ের ফল ভয়াবহ ঘ. অন্যায়ের শাস্তি মৃত্যু
উ. ক

৫. কোন বাক্যটি শুদ্ধ? [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. দারিদ্র্য বাংলাদেশের প্রধান সমস্যা
খ. দরিদ্র্য বাংলাদেশের প্রধান সমস ্যা
গ. দারিদ্র্যতা বাংলাদেশের প্রধান সমস্যা
ঘ. দরিদ্র্যতা বাংলাদেশের প্রধান সমস ্যা উ. ক

বিস্তারিত আলোচনা

বাক্য শুদ্ধিকরণ- ০১

১। **বানান:** বাংলা বানান ও শব্দের প্রয়োগ-অপপ্রয়োগ ভালভাবে জানা ব্যতীত বাক্যশুদ্ধির চিন্তা করা বোকামি ছাড়া আর কিছু নয়। বাক্যশুদ্ধির জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো সঠিকভাবে বাংলা বানান জানা। যেমন-
অশুদ্ধ: আমার আকাঙ্খা পূর্ণ হলো না।
শুদ্ধ: আমার আকাঙ্ক্ষা পূর্ণ হলো না।

২। **সাধু ও চলিত ভাষার মিশ্রণজনিত ত্রুটি :** একই বাক্যে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়। পরীক্ষার প্রশ্নে সাধু রীতির বাক্য বললে সে বাক্যে কোন চলিত রীতির শব্দ থাকতে পারবে না। আবার চলিত রীতির বাক্য বললে সে বাক্যে কোন সাধু রীতির শব্দ থাকতে পারবে না।
অশুদ্ধ: কল্পনার চিঠি দেখে তিনি অবাক হইলেন।
শুদ্ধ: কল্পনার চিঠি দেখিয়া তিনি অবাক হইলেন। (সাধু)
অথবা, কল্পনার চিঠি দেখে তিনি অবাক হলেন। (চলিত)

৩। **বাচ্যজনিত ভুল :**
অশুদ্ধ: আমি অপমান হয়েছি।
শুদ্ধ: আমি অপমানিত হয়েছি।

৪। **পুনরুক্তি বা বাহুল্যজনিত ভুল :**
অশুদ্ধ: তিনি অযথা অশ্রুজল বিসর্জন করিয়া সময় নষ্ট করেছেন।
শুদ্ধ: তিনি অযথা অশ্রু বিসর্জন করে সময় নষ্ট করেছেন।

৫। **লিঙ্গজনিত ভুল:**
অশুদ্ধ: অনাথিনী মেয়েটি বড়ই অসহায়।
শুদ্ধ: অনাথা মেয়েটি বড়ই অসহায়।

৬। **বিভক্তিজনিত ভুল :**
অশুদ্ধ: বালকরা খেলাধুলায় পটু।
শুদ্ধ: বালকেরা খেলাধুলায় পটু।

৭। **প্রবাদ-প্রচনজনিত ভুল :**
অশুদ্ধ: দশচক্রে ঈশ্বর ভূত।
শুদ্ধ: দশচক্রে ভগবান ভূত।
অশুদ্ধ: দশের বোঝা একের লাঠি।
শুদ্ধ: দশের লাঠি একের বোঝা।

৮। **বচনঘটিত অশুদ্ধি :**
অশুদ্ধ: সকল শিক্ষকগণ এখানে উপস্থিত ছিলেন।
শুদ্ধ: সকল শিক্ষক এখানে উপস্থিত ছিলেন।
শুদ্ধ: শিক্ষকগণ এখানে উপস্থিত ছিলেন।

৯। **সমাসঘটিত অশুদ্ধি :**
অশুদ্ধ: তিনি আকণ্ঠ পর্যন্ত ভোজন করলেন।
শুদ্ধ: তিনি আকণ্ঠ ভোজন করলেন।
শুদ্ধ: তিনি কণ্ঠ পর্যন্ত ভোজন করলেন।

১০। **প্রত্যয়জনিত ভুল :**
অশুদ্ধ: জমির উৎকর্ষতা বৃদ্ধি করা প্রয়োজন।
শুদ্ধ: জমির উৎকর্ষ বৃদ্ধি করা প্রয়োজন।
অশুদ্ধ: তার দারিদ্র্যতায় কষ্ট পেয়েছি আর সৌজন্যতায় মুগ্ধ হয়েছি।
শুদ্ধ: তার দারিদ্র্যে কষ্ট পেয়েছি আর সৌজন্যে মুগ্ধ হয়েছি।
(কোনো বিশেষ্য পদের সঙ্গে সাধারণত অতিরিক্ত 'তা' যুক্ত হয়ে প্রত্যয়জনিত ভুল হয়ে থাকে)

১১। **সন্ধিঘটিত অশুদ্ধি :**
অশুদ্ধ: ইতিমধ্যে যা ঘটেছে তাতেই তার মনবিকার দেখা দিয়েছে।
শুদ্ধ: ইতোমধ্যে যা ঘটেছে তাতেই তার মনোবিকার দেখা দিয়েছে।

১২। **রচনাপদ্ধতির অশুদ্ধি :**
অশুদ্ধি: তিনি আরোগ্য হয়েছেন।
শুদ্ধ: তিনি আরোগ্য লাভ করেছেন।

১৩। **বাক্যের পদক্রমজনিত অশুদ্ধি :**
অশুদ্ধ : এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।
শুদ্ধ: এখানে গরুর খাঁটি দুধ পাওয়া যায়।

১৪। **বিরাম চিহ্নজনিত অশুদ্ধি :**
অশুদ্ধ: আবদুর রহমান মাথা নিচু করে বলল আমার বক্তব্য হুজুরের পছন্দ হয় নি।
শুদ্ধ: আবদুর রহমান মাথা নিচু করে বলল, "আমার বক্তব্য হুজুরের পছন্দ হয় নি।"

১৫। **বাক্যের অশুদ্ধ প্রয়োগ :**
অশুদ্ধ: অন্যায়ের প্রতিফল দুর্নিবার্য।
শুদ্ধ: অন্যায়ের প্রতিফল দুর্নিবার।
শুদ্ধ: অন্যায়ের প্রতিফল অনিবার্য।

১৬। **বাক্যে সর্বনাম প্রয়োগে অসংগতি :**
অশুদ্ধ: ক্লাসের সকল ছাত্রছাত্রী তার বাড়ি থেকে খাবার নিয়ে আসে।
শুদ্ধ: ক্লাসের সকল ছাত্রছাত্রী তাদের বাড়ি থেকে খাবার নিয়ে আসে।

১৭। **বিশেষ্যের জায়গায় বিশেষণের কিংবা বিশেষণের বাহুল্যজনিত ভুল:**
অশুদ্ধ: অনাবশ্যকীয় ব্যাপারে কৌতূহল ভালো নয়।
শুদ্ধ: অনাবশ্যক ব্যাপারে কৌতূহল ভালো নয়।

১৮। **যথার্থ শব্দ প্রয়োগ না করায় ভুল :**
অশুদ্ধ: তিনি স্বস্ত্রীক ঢাকায় থাকেন।
শুদ্ধ: তিনি সস্ত্রীক ঢাকায় থাকেন।
অশুদ্ধ: আপনি স্ববান্ধবে আমন্ত্রিত।
শুদ্ধ: আপনি সবান্ধব আমন্ত্রিত।

Job Navigator

বাক্য শুদ্ধিকরণ- ০২

১। অশুদ্ধ: এসব লোকগুলোকে আমি চিনি।
শুদ্ধ: লোকগুলোকে আমি চিনি।
শুদ্ধ: এসব লোককে আমি চিনি।

ব্যাখ্যা: বাহুল্য দোষ। 'সব' এবং 'গুলো'- দুটোই বহুবচনাত্মক শব্দ। তাই দুটো একসঙ্গে বসতে পারে না। এরূপে-
*অশুদ্ধ: সমুদয় সভ্যগণ আসিয়াছেন।
শুদ্ধ: সমুদয় সভ্য আসিয়াছেন।
*অশুদ্ধ: আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।
শুদ্ধ: আমি এ ঘটনা প্রত্যক্ষ করেছি।
*অশুদ্ধ: ঝুড়িতে রাখা সমস্ত মাছগুলোর আকার একই রকমের।
শুদ্ধ: ঝুড়িতে রাখা সমস্ত মাছের আকার একই রকমের।
* অশুদ্ধ: বিবিধ প্রকার দ্রব্য কিনলাম।
শুদ্ধ: বিবিধ দ্রব্য কিনলাম।
* অশুদ্ধ : সকল সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।
শুদ্ধ : সকল সদস্য সভায় উপস্থিত ছিলেন।
শুদ্ধ : সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।
* অশুদ্ধ : বমালশুদ্ধ চোর গ্রেপ্তার হয়েছে।
শুদ্ধ: মালশুদ্ধ চোর গ্রেপ্তার হয়েছ।
শুদ্ধ: বমাল চোর গ্রেপ্তার হয়েছ।
* অশুদ্ধ: সর্ব বিষয়সমূহে বাহুল্যতা বর্জন করবে।
শুদ্ধ: সব বিষয়ে বাহুল্য বর্জন করবে।
শুদ্ধ: সব বিষয়ে বহুলতা বর্জন করবে।
* অশুদ্ধ: সব ধনাঢ্য ব্যক্তিবর্গের আতিথ্য সৎকার করা উচিত।
শুদ্ধ: সব ধনাঢ্য ব্যক্তির অতিথি সৎকার করা উচিত।

ব্যাখ্যা : মনে রাখবেন, অতীতবাচক শব্দের শেষে 'ত' হয়। যেমন- অতীত, উচিত ('উচিত'- অতীতবাচক শব্দ)। অন্যদিকে যা আছে, চলছে, চলবে অর্থাৎ বর্তমান ও ভবিষ্যৎ বুঝালে 'ৎ' হয়। যেমন-জগৎ, বিদ্যুৎ, ভবিষ্যৎ ইত্যাদি। কিন্তু এসব শব্দের সঙ্গে বিভক্তি যুক্ত হলে 'ৎ' রূপান্তরিত হয়ে 'ত' হয়ে যায়। যেমন- জগৎ+এ = জগতে, ভবিষ্যৎ +এর = ভবিষ্যতের।
* অশুদ্ধ: সে ভিড়ে অন্যান্যদের মধ্যে হারিয়ে গেল।
শুদ্ধ: সে ভিড়ের মধ্যে হারিয়ে গেল।
শুদ্ধ: সে ভিড়ে অন্যদের মধ্যে হারিয়ে গেল।

২। অশুদ্ধ: তিনি সানন্দিত চিত্তে সম্মতি দিলেন।
শুদ্ধ: তিনি আনন্দিত চিত্তে সম্মতি দিলেন।
শুদ্ধ: তিনি সানন্দ চিত্তে সম্মতি দিলেন।

ব্যাখ্যা: স+আনন্দ+ইত = সানন্দিত। 'সানন্দিত' একটি ভুল শব্দ। মূল শব্দ 'আনন্দ'-এর পূর্বে 'স' আবার পরে 'ইত' হয় না। হয়ত বলতে হবে 'সানন্দ' নয়ত বলতে হবে 'আনন্দিত'। এরূপ আরো কয়েকটি ভুল শব্দ-সলজ্জিত(স+লজ্জা+ইত), শঙ্কিত(স+শঙ্কা+ইত)।
*অশুদ্ধ: সশঙ্কিত মানুষটি বুদ্ধিহীনতায় ভুগিবে।
শুদ্ধ: শঙ্কিত মানুষটি বুদ্ধিহীনতায় ভুগবে।
শুদ্ধ: সশঙ্ক মানুষটি বুদ্ধিহীনতায় ভুগবে।
*অশুদ্ধ: সলজ্জিত হাসি হেসে মেয়েটি উত্তর দিল।
শুদ্ধ: সলজ্জ হাসি হেসে মেয়েটি উত্তর দিল।
শুদ্ধ: লজ্জিত হাসি হেসে মেয়েটি উত্তর দিল।

৩। অশুদ্ধ: তোমার কটূক্তি শুনিয়া তিনি মর্মাহত হয়েছেন।
শুদ্ধ: তোমার কটূক্তি শুনে তিনি মর্মাহত হয়েছেন।

ব্যাখ্যা: কটু+উক্তি = কটূক্তি। 'কটু' ও 'উক্তি' দুটো শব্দে 'উ'কার থাকলেও সন্ধির ফলে 'কটূক্তি' শব্দে 'ঊ'কার হয়।এমন আরো কয়েকটি শব্দ হল-
সু+উক্তি = সূক্তি, মরু + উদ্যান = মরূদ্যান, বিধু + উদয় = বিধূদয়, গুরু + উপদেশ = গুরূপদেশ, মধু + উৎসব = মধূৎসব।
বাক্যটির আরেকটি ভুল হলো- সাধুরীতির শব্দ 'শুনিয়া' চলিত রীতিতে ব্যবহার।

৪। অশুদ্ধ: নিরপরাধী ব্যক্তিকে ক্ষমা কর।
শুদ্ধ: নিরপরাধ ব্যক্তিকে ক্ষমা কর।

ব্যাখ্যা: অপরাধী কিন্তু নিরপরাধ (নিরপরাধী নয়)।
'নিরপরাধী' নামে কোন শব্দ বাংলায় নেই। এরূপে-
'দোষী' কিন্তু 'নির্দোষ' হবে (নির্দোষী নয়),
'অহংকারী' কিন্তু 'নিরহংকার' হবে (নিরহংকারী নয়)।

৫। অশুদ্ধ: অন্যায়ের প্রতিফল দুর্নিবার্য।
শুদ্ধ: অন্যায়ের প্রতিফল অনিবার্য /দুর্নিবার।
শুদ্ধ: অন্যায়ের প্রতিফল দুর্নিবার।

ব্যাখ্যা: যা কোনভাবেই নিবারণ করা যায় না = অনিবার্য। আবার,যা বহু কষ্টে নিবারণ করা যায় = দুর্নিবার।
প্রশ্নোক্ত বাক্যটি অশুদ্ধের কারণ বাক্যটিতে 'দুর্নিবার' শব্দের 'দুর্নি' আর 'অনিবার্য' শব্দের 'বার্য' মিলিয়ে জগাখিচুড়ি শব্দ 'দুর্নিবার্য' বানানো হয়েছে।

৬। অশুদ্ধ: ইদানীংকালে অনেক মহিলাই বকবাট করেন।
শুদ্ধ : ইদানীং অনেক মহিলাই বকবাট করেন।

ব্যাখ্যা: 'ইদানীং' শব্দের মধ্যেই কাল বা সময় লুকিয়ে আছে। তাই 'ইদানীং' শব্দের সঙ্গে 'কাল' শব্দের ব্যবহার শব্দের অপপ্রয়োগ। এরূপে-
* অশুদ্ধ: পরীক্ষা চলাকালীন সময়ে কথা বলা অনুচিত।
শুদ্ধ: পরীক্ষা চলাকালে কথা বলা অনুচিত।
শুদ্ধ: পরীক্ষা চলার সময়ে কথা বলা অনুচিত।
ব্যাখ্যা: চলা + কালীন + সময়। কাল ও সময় এক সঙ্গে হতে পারে না।

৭। অশুদ্ধ: মনের কালি দূর করতে কালিমন্দিরে যাওয়া দরকার।
শুদ্ধ: মনের কালি দূর করতে কালীমন্দিরে যাওয়া দরকার।

ব্যাখ্যা: 'কালী' শব্দের সঙ্গে মন্দির, পূজা, বাড়ি, ঘাট, চরণ, পদ ও প্রসন্ন যুক্ত হলে 'ঈ'কার হয়। অর্থাৎ কালীমন্দির, কালীপ্রসন্ন, কালীপূজা, কালীবাড়ি,কালীঘাট। কিন্তু 'রং' অর্থ প্রকাশে 'কালি' বানান 'ই'কার হয়।যেমন- মনের কালি, পাতিলের কালি, কলমের কালি।
মহাকবি কালিদাসের বানানেও 'ই'কার হয়।

৮। অশুদ্ধ: তিনি স্বস্ত্রীক স্টেশনে গিয়েছেন।
শুদ্ধ: তিনি সস্ত্রীক স্টেশনে গিয়েছেন।
ব্যাখ্যা: স = সহ, স্ব = নিজ। তিনি সস্ত্রীক (স্ত্রীসহ) গিয়েছেন, এর মানেই হল তিনি নিজের স্ত্রী নিয়েই গিয়েছেন (অন্যের স্ত্রী নিয়ে যাওয়ার প্রশ্নই আসে না)। এরূপে-
*অশুদ্ধ: আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
শুদ্ধ: আপনি সপরিবারে আমন্ত্রিত।
(কিন্তু শুদ্ধ: আপনি সবান্ধব আমন্ত্রিত। 'আপনি সবান্ধবে আমন্ত্রিত' বললে ভুল হবে)

৯। অশুদ্ধ: লেখাপড়ায় তার মনযোগ নেই।
শুদ্ধ: লেখাপড়ায় তার মনোযোগ নেই।
ব্যাখ্যা : 'মনোযোগ' (মনঃ + যোগ) শব্দটি সন্ধিসাধিত শব্দ। মনে রাখবেন, ঃ (বিসর্গ) সন্ধির ক্ষেত্রে বিসর্গের পরে যদি ঘোষ ধ্বনি (বর্গের ৩য়, ৪র্থ ও ৫ম), হ, য, ব, র ও ল থাকে সেক্ষেত্রে বিসর্গের পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে 'ও-কার' যুক্ত হয়। এরূপে-
যশঃ + লাভ = যশোলাভ, ইতিঃ + মধ্যে = ইতোমধ্যে ('ইতিমধ্যে' ভুল), মনঃ + রম = মনোরম, মনঃ+হর = মনোহর, অধঃ + গতি = অধোগতি।

১০। অশুদ্ধ: সে দলের মধ্যে সবচেয়ে শ্রেষ্ঠতম খেলোয়াড়।
শুদ্ধ: সে দলের মধ্যে সবচেয়ে শ্রেষ্ঠ খেলোয়াড়।
শুদ্ধ: সে দলের মধ্যে শ্রেষ্ঠতম খেলোয়াড়।
ব্যাখ্যা: শব্দের শেষে 'তম' প্রত্যয় সবচেয়ে অর্থেই (ইংরেজি Superlative) ব্যবহৃত হয়। দুয়ের মধ্যে পার্থক্য বুঝাতে 'তর' প্রত্যয় ব্যবহৃত হয়। যেমন-
* পদ্মা বাংলাদেশের দীর্ঘ নদী।
* পদ্মা যমুনা অপেক্ষা দীর্ঘতর (পদ্মা আর যমুনা- এ দুইয়ের মধ্যে তুলনা বুঝানো হয়েছে)
*'পদ্মা বাংলাদেশের দীর্ঘতম নদী।' অথবা, 'পদ্মা বাংলাদেশের সবচেয়ে দীর্ঘ নদী।' (বাংলাদেশের সব নদীর মধ্যে বুঝাতে)।

১১। অশুদ্ধ: তুমি সেখানে গেলে অপমান হবে।
শুদ্ধ: তুমি সেখানে গেলে অপমানিত হবে।
ব্যাখ্যা: 'অপমান' বিশেষ্য পদ যার অর্থ অসম্মান কিন্তু 'অপমানিত' বিশেষণ পদ যার অর্থ অসম্মানিত। তাহলে চিন্তা করুন তো আপনি কি এভাবে কখনো বলবেন?
* আপনি অসম্মান হবেন। নাকি বলবেন-
* আপনি অসম্মানিত হবেন।
এ ধরনের ভুলকে রচনারীতির অশুদ্ধি বলে। এরূপে-
* অশুদ্ধ: ইচ্ছা প্রমাণ হয়েছে।
শুদ্ধ: ইচ্ছা প্রমাণিত হয়েছে।
* অশুদ্ধ: অনাবশ্যকীয় ব্যাপারে কৌতুহল ভাল নয়।
শুদ্ধ: অনাবশ্যক ব্যাপারে কৌতূহল ভালো নয়।
ব্যাখ্যা: 'কৌতুক' কিন্তু 'কৌতূহল', 'কৌতূহলী'; 'অনুবাদ' কিন্তু 'অনূদিত' হলো শুদ্ধ।

১২। অশুদ্ধ: ছেলেটি ভয়ানক মেধাবী।
শুদ্ধ: ছেলেটি অত্যন্ত মেধাবী।
ব্যাখ্যা: 'মেধা' কখনো 'ভয়ানক' হতে পারে না, খারাপ বিষয় ভ হতে পারে; 'মেধা' কম বা অধিক হতে পারে।

১৩। অশুদ্ধ: উপরোক্ত।
শুদ্ধ: 'উপর্যুক্ত' বা 'উপরিউক্ত'।

১৪। অশুদ্ধ: মাতৃবিয়োগে তিনি শোকানলে মগ্ন।
শুদ্ধ: মাতৃবিয়োগে তিনি শোকানলে দগ্ধ।
ব্যাখ্যা: অনলে কেউ মগ্ন হয় না, দগ্ধ হয়।

১৫। অশুদ্ধ: আজকাল অনেকেই ফুল বানান লিখতে প্রতিযোগীতা করে।
শুদ্ধ: আজকাল অনেকেই ফুল বানান লিখতে ভুল প্রতিযোগিতা ক
ব্যাখ্যা: 'প্রতিযোগী' কিন্তু 'প্রতিযোগিতা' শুদ্ধ।

১৫। অশুদ্ধ: বিবাদমান দুটি দলে সংঘর্ষ হয়।
শুদ্ধ: বিবদমান দুটি দলে সংঘর্ষ হয়।
ব্যাখ্যা: 'বিবাদ' কিন্তু 'বিবদমান' শুদ্ধ।

১৬। অশুদ্ধ: অসহ্যনীয় ব্যাথা।
শুদ্ধ: অসহনীয় ব্যথা /অসহ্য ব্যথা।
শুদ্ধ: অসহ্য ব্যথা।
ব্যাখ্যা: 'অসহ্য' কিন্তু 'অসহনীয়'; 'ব্যথা' কিন্তু 'ব্যাধি' শুদ্ধ।

১৭। অশুদ্ধ: মহারাজা সভাগৃহে প্রবেশ করলেন।
শুদ্ধ: মহারাজ সভাগৃহে প্রবেশ করলেন।
ব্যাখ্যা: মহা + রাজা = 'মহারাজ' হয় 'মহারাজা' নয়।

১৮। অশুদ্ধ: তিনিও আদালতে তোমার বিরুদ্ধে সাক্ষী দিলেন।
শুদ্ধ: তিনিও আদালতে তোমার বিরুদ্ধে সাক্ষ্য দিলেন।
ব্যাখ্যা: 'সাক্ষী' হলেন ব্যক্তিবাচক শব্দ। 'সাক্ষ্য' হল জবানবন্দি। আদা কোনো সাক্ষী সাক্ষী দেয় না, সাক্ষী সাক্ষ্য (সাক্ষ্য) দেয়।

১৯। অশুদ্ধ: বিস্ময়াভিভূত হতবাক চিত্ত।
শুদ্ধ: বিস্ময়াভিভূত চিত্ত।
শুদ্ধ: হতবাক চিত্ত।

২০। অশুদ্ধ: সংবাদ সম্মেলন।
শুদ্ধ: সাংবাদিক সম্মেলন।

২১। অশুদ্ধ: আগামী মাস থেকে স্বাক্ষরতা কর্মসূচী শুরু হবে।
শুদ্ধ: আগামী মাস থেকে সাক্ষরতা কর্মসূচি শুরু হবে।
ব্যাখ্যা: 'সাক্ষরতা' অর্থ 'অক্ষরজ্ঞান' অর্থাৎ শিক্ষা; 'স্বাক্ষর' অর্থ বা 'দস্তখত'। বাংলা একাডেমি প্রমিত বাংলা বানান অনু যে সকল শব্দ 'ই-কার' ও 'ঈ-কার' এবং 'উ-কার' ও 'ঊ-কা উভয়ই শুদ্ধ সেক্ষেত্রে শুধু 'ই-কার' দিয়ে এবং 'উ-কার' দি লিখতে হবে। যেমন- 'বাড়ি', 'বাঁশি' শব্দ দুটি 'ই-কার' ও কার' উভয় দ্বারাই শুদ্ধ, কিন্তু এখন লিখতে হয় শুধু 'ই-কা দিয়ে। একইভাবে- সূচি।

২২। অশুদ্ধ: মানুষের সেবাই প্রকৃত স্বার্থকতা নিহিত।
শুদ্ধ: মানুষের সেবাই প্রকৃত সার্থকতা নিহিত।
ব্যাখ্যা: 'সার্থকতা' ও 'সার্থক' বানানে 'ব'ফলা হবে না; বি 'স্বার্থপরতা' বানানে 'ব-ফলা' হবে।

২৩। অশুদ্ধ: এটা হচ্ছে ষষ্ঠদশ বার্ষিক সাধারণ সভা।
শুদ্ধ: এটা হচ্ছে ষোড়শ বার্ষিক সাধারণ সভা।
ব্যাখ্যা: ক্রমবাচক সংখ্যা হিসেবে 'ষষ্ঠদশ' ভুল শব্দ। যেমন- একাদশ, দ্বাদশ, ত্রয়োদশ, চতুর্দশ, পঞ্চদশ, ষোড়শ।

২৪। অশুদ্ধ: ভূমিকম্পে উর্ধ্বমুখী দালানটি ধ্বাসে পড়ল।
শুদ্ধ: ভূমিকম্পে উর্ধ্বমুখী দালানটি ধসে পড়ল।
ব্যাখ্যা: 'উচ্চ' লিখতে 'উ-কার' হয়, কিন্তু 'উর্ধ্ব' লিখতে 'ঊ-কার' হয়। আবার 'ধ্বাংস' কিন্তু 'ধস' শুদ্ধ।

২৪। অশুদ্ধ: তিনি একজন বিদ্বান নারী।
শুদ্ধ: তিনি একজন বিদুষী নারী।
ব্যাখ্যা: 'বিদুষী' অর্থ বিদ্যাবতী নারী বা উচ্চেশিক্ষিত নারী।

আরো কিছু গুরুত্বপূর্ণ বাক্য শুদ্ধিকরণ

অশুদ্ধ: নতুন নতুন ছেলেগুলো উৎপাত করছে।
শুদ্ধ: নতুন ছেলেগুলো উৎপাত করছে।
অশুদ্ধ: কথাটি সঠিক নয়।
শুদ্ধ: কথাটি ঠিক নয়।
অশুদ্ধ: রবীন্দ্রনাথ ভয়ংকর কবি ছিলেন।
শুদ্ধ: রবীন্দ্রনাথ অসাধারণ কবি ছিলেন।
অশুদ্ধ: সূর্য উদয় হয়েছে।
শুদ্ধ: সূর্য উদিত হয়েছে।
অশুদ্ধ: এটি লজ্জাস্কর ব্যাপার।
শুদ্ধ: এটা লজ্জাকর ব্যাপার।
অশুদ্ধ: আসছে আগামীকাল কলেজ বন্ধ হবে।
শুদ্ধ: আগামীকাল কলেজ বন্ধ হবে।
অশুদ্ধ: গাছে কাঁঠাল মাথায় তেল।
শুদ্ধ: গাছে কাঁঠাল গোঁফে তেল।
অশুদ্ধ: আবশ্যকীয় দ্রব্যাদি সঙ্গে আনবেন।
শুদ্ধ: আবশ্যক দ্রব্যাদি সঙ্গে আনবেন।
অশুদ্ধ: সকল ছাত্রগণ পাঠে মনোযোগী নয়।
শুদ্ধ: সকল ছাত্র পাঠে মনোযোগী নয়।
অশুদ্ধ: আমি অপমান হয়েছি।
শুদ্ধ: আমি অপমানিত হয়েছি।
অশুদ্ধ: বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।
শুদ্ধ: বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ।
অশুদ্ধ: তিনি স্বস্ত্রীক ঢাকায় থাকেন।
শুদ্ধ: তিনি সস্ত্রীক ঢাকায় থাকেন।
অশুদ্ধ: বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে।
শুদ্ধ: বৃক্ষটি সমূলে উৎপাটিত হয়েছে।
অশুদ্ধ: শুধুমাত্র এই কটা টাকা দিলে?
শুদ্ধ: শুধু এই কটা টাকা দিলে?
অশুদ্ধ: অপমান হওয়ার ভয় নেই।
শুদ্ধ: অপমানিত হওয়ার ভয় নেই।
অশুদ্ধ: তারা একত্র গমন করল।
শুদ্ধ: তারা একত্রে গমন করল।
অশুদ্ধ: পরবর্তীতে আপনি এলে ভালো হবে।
শুদ্ধ: পরবর্তীকালে আপনি এলে ভালো হবে।
অশুদ্ধ: বাংলাদেশ একটি সমৃদ্ধশালী দেশ।
শুদ্ধ: বাংলাদেশ একটি সমৃদ্ধ দেশ।
অশুদ্ধ: আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
শুদ্ধ: আপনি সপরিবারে আমন্ত্রিত।
অশুদ্ধ: সারথি কশাঘাত করিবা মাত্র, অশ্বগণ বায়ুবেগে ধাবমান হইল।
শুদ্ধ: সারথি কশাঘাত করিবামাত্র অশ্বপাল বায়ুবেগে ধাবমান হইল।
অশুদ্ধ: কন্যার বাপ সবুর করতে পারতেন, কিন্তু বরের বাপ সবুর করিতে চাহিলেন না।
শুদ্ধ: কন্যার বাপ সবুর করিতে পারিতেন, কিন্তু বরের বাপ সবুর করিতে চাহিলেন না।
অশুদ্ধ: দ্বাদশ শ্রেণীতে তেত্রিশ জন ছাত্র আছে, তাদের মধ্যে রহিম সবচেয়ে ভাল।
শুদ্ধ: দ্বাদশ শ্রেণিতে তেত্রিশজন ছাত্র আছে, তাদের মধ্যে রহিম সবচেয়ে ভালো।
অশুদ্ধ: গতকালের সভায় সকল সদস্যগণ উপস্থিত ছিলেন।
শুদ্ধ: গতকালের সভায় সকল সদস্য উপস্থিত ছিলেন।

MCQ Test

০১. **কোন বাক্যটি শুদ্ধ?**
ক. তাহার জীবন সংশয়পূর্ন খ. তাহার জীবন সংশয়ভরা
গ. তাহার জীবন সংশয়াপূর্ণ ঘ. তাহার জীবন সংশয়ময়
উত্তর: গ

০২. **শুদ্ধ বাক্যটি চিহ্নিত করুন-**
ক. বিদ্বান বক্তিগণ দারিদ্র্যতার শিকার হন
খ. বিদ্যান বক্তিগণ দারিদ্র্যতার স্বীকার হন
গ. বিদ্বান বক্তিগণ দারিদ্র্যের শিকার হন
ঘ. বিদ্যান বক্তিগণ দারিদ্র্যেতার স্বীকার হন
উত্তর: গ

০৩. **কোনটি শুদ্ধ বাক্য?**
ক. একটা গোপনীয় কথা বলি খ. একটি গোপণ কথা বলি
গ. একটি গোপন কথা বলি ঘ. একটি গুপ্ত কথা বলি
উত্তর: ক

০৪. **শুদ্ধ বাক্য কোনটি?**
ক. দুর্বলবশত অনাথিনী বসে পড়ল
খ. দুর্বলতাবশত অনাথা বসে পড়ল
গ. দুর্বলতাবশতঃ অনাথিনী বসে পড়ল
ঘ. দুর্বলবশত অনাথা বসে পড়ল
উত্তর: খ

০৫. **কোনটি শুদ্ধ বাক্য?**
ক. দারিদ্র্য বাংলাদেশের প্রধান সমস্যা
খ. দারিদ্র্যতা বাংলাদেশের প্রধান সমস্যা
গ. দারিদ্রতা বাংলাদেশের প্রধান সমস্যা
ঘ. দরিদ্র্য বাংলাদেশের প্রধান সমস্যা
উত্তর: ক

Job Navigator

০৬. কোন বাক্যটি শুদ্ধ তা নির্দেশ করুন।
ক. কীর্তিবাস বাংলা রামায়ণ লিখিয়াছেন
খ. কীর্তিবাস বাংলা রামায়ন লিখিয়াছেন
গ. কৃত্তিবাস বাংলা রামায়ন লিখিয়াছেন
ঘ. কৃত্তিবাস বাংলা রামায়ণ লিখিয়াছেন
উত্তর: ঘ

০৭. শুদ্ধ বাক্যটি নির্ণয় করুন-
ক. আমার কথাই প্রমাণ হলো
খ. আমার কথাই প্রমাণিত হলো
গ. আমার কথা প্রমাণ হলো
ঘ. আমার কথাই প্রমাণীত হলো
উত্তর: খ

০৮. শুদ্ধ বাক্যটি নির্দেশ করুন-
ক. আপনি সপরিবার আমন্ত্রিত
খ. আপনি স্বপরিবার আমন্ত্রিত
গ. আপনি সপরিবারে আমন্ত্রিত
ঘ. আপনি স্বপরিবারে আমন্ত্রিত
উত্তর: গ

০৯. শুদ্ধ রূপটি দেখান-
ক. তিনি আরোগ্য হয়েছেন
খ. তিনি আরোগ্য লাভ করেছেন
গ. তিনি আরোগ্যতা হয়েছেন
ঘ. তিনি আরোগ্যতা লাভ করেছেন
উত্তর: খ

১০. শুদ্ধ বাক্যটি নির্দেশ করুন-
ক. বিরাট গরু-ছাগলের হাট
খ. বিরাট গরু ও বিরাট ছাগলের হাট
গ. বিরাট গবাদি পশুর হাট
ঘ. গরু-ছাগলের বিরাট হাট
উত্তর: ঘ

১০. শুদ্ধ বাক্যটি নির্দেশ করুন-
ক. দৈন্যতা প্রশংসনীয় নয়
খ. দীনতা প্রশংসনীয় নয়
গ. দৈন্যতা অপ্রংসনীয়
ঘ. দৈন্যতা নিন্দনীয়
উত্তর: খ

১১. 'বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।' -বাক্যটির শুদ্ধরূপ কোনটি?
ক. বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
খ. বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
গ. বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
ঘ. বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর
উত্তর: খ

১২. কোন বাক্যটি শুদ্ধ?
ক. পাঁচ জন ছাত্ররা স্কুলে যায়
খ. পাঁচ জন ছাত্রগণ স্কুলে যায়
গ. পাঁচ জন ছাত্র স্কুলে যায়
ঘ. পাঁচ জন সব ছাত্ররা স্কুলে যায়
উত্তর: গ

১৩. কোন বাক্যটি শুদ্ধ?
ক. আমি সন্তোষ হলাম
খ. আমি সন্তুষ্ট হলাম
গ. আমি সন্তুষ্টি হলাম
ঘ. আমি সন্তুষ্ট হলাম
উত্তর: খ

১৪. শুদ্ধ বাক্য কোনটি?
ক. দুর্বলবশত অনাথিনী বসে পড়ল
খ. দুর্বলতাবশত অনাথিনী বসে পড়ল
গ. দুর্বলতাবশত অনাথা বসে পড়ল
ঘ. দুর্বলতাবশত অনাথা বসে পড়ল
উত্তর: ঘ

১৫. কোন বাক্যটি শুদ্ধ?
ক. সর্বদা পরিস্কার থাকিবে
খ. সর্বদা পরিস্কৃত থাকিবে
গ. সর্বদা পরিষ্কার থাকিবে
ঘ. সর্বদা পরিস্কৃতময় থাকিবে
উত্তর: গ

১৬. কোন বাক্যটি শুদ্ধ?
ক. তুমি কী ঢাকা যাবে?
খ. তুমি কি ঢাকা যাবে?
গ. তোমরা কী ঢাকা যাবে?
ঘ. তোমরা কী ঢাকায় যাবে?
উত্তর: খ

১৭. কোন বাক্যটি শুদ্ধ?
ক. রহিমা পাগল হয়ে গেছে
খ. রাহিমা পাগলি হয়ে গেছে
গ. রহিমা পাগলিনী হয়ে গেছে
ঘ. রহিমা পাগলী হয়ে গেছে
উত্তর: ক

১৮. সঠিক বাক্য কোনটি-
ক. মনোরম উদানে ভ্রমন দূরাকাঙ্খা
খ. মনরম উদ্যাণে ভ্রমন দুরাকাঙ্খা
গ.মনোরম উদ্যানে ভ্রমণ দূরাকাঙ্ক্ষা
ঘ.মনোরম উদ্যানে ভ্রমণ দুরাকাঙ্ক্ষা
উত্তর: ঘ

১৯. নিচের কোন বাক্যটি সঠিক?
ক. আমি এ ঘটনা চাক্ষুস প্রত্যক্ষ করেছি
খ. আমি এ ঘটনা প্রত্যক্ষ করেছি
গ. আমি এ ঘটনা স্বচক্ষে দেখেছি
ঘ. আমি এ ঘটনা স্বচক্ষে প্রত্যক্ষ করেছি
উত্তর: খ

২০. নিচের কোন বাক্যটি সঠিক?
ক. আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত
খ. আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্যতা অনুচিত
গ. আবশ্যকীয় ব্যায়ে কার্পণ্য অনুচিত
ঘ. আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্য অনুচিৎ
উত্তর: ক

Job Navigator

৪. যথার্থ অনুবাদ ও শিরোনাম (কলেজ, স্কুল ও স্কুল পযায়-২)

কলেজ পর্যায়

১. 'I cannot spare an instant'– বাক্যটির সঠিক বাংলা অনুবাদ কোনটি? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. আমার তিলমাত্র সময় নেই
খ. আমার একতিল সময় আছে
গ. আমি এক মুহূর্ত অপব্যয় করতে পারি না
ঘ. ওপরে কোনোটিই নয় — উ. ক

২. অনুবাদ কত প্রকার? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. ২ প্রকার খ. ৩ প্রকার
গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার — উ. ক

স্কুল পর্যায়

১. "Look before you leap" – বাক্যটির সঠিক বাংলা অনুবাদ কোনটি? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. কাঁটা দিয়ে কাঁটা তোলা
খ. নিজের চরকায় তেল দাও
গ. দেখে পথ চলো, বুঝে কথা বলো
ঘ. নিজের কাজ নিজে করো — উ. গ

২. 'Call it a day' এর যথার্থ অনুবাদ কোনটি? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. পুনরায় শুরু করা
খ. খুবই গুরুত্বপূর্ণ কাজ
গ. কাউকে ডেকে আনা
ঘ. একটি স্মরণীয় দিন — উ. ক

৩. 'The fire is out'– বাক্যটির অনুবাদ কী? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. আগুন বাইরে খ. বাইরে আগুন
গ. আগুন ছড়িয়ে পড়েছে ঘ. আগুন নিভে গেছে — উ. গ

৪. অনুবাদে পারদর্শিতা মূলত কীসের ওপর নির্ভরশীল? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. অভ্যাসের খ. পড়াশুনার
গ. ভাষান্তরের ঘ. নির্ধারণের — উ. গ

৫. 'He is out of luck'-এর অর্থ কী? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. সে ভাগ্য হারিয়েছে খ. সে ভাগ্যহারা
গ. তার পোড়া কপাল ঘ. সে ভাগ্যের বাইরে — উ. গ

৬. অনুবাদের অর্থ কি? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. অনুসরণ খ. ভাবান্তর
গ. ভাষান্তরকরণ ঘ. সমার্থকরণ — উ. গ

স্কুল পর্যায়-২

১. 'Early rising is beneficial to health' –এর সঠিক অনুবাদ কোনটি? ? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. যারা সকালে ওঠে তাদের স্বাস্থ্য ভালো থাকে।
খ. সকালে জাগলে চমৎকার স্বাস্থ্য হয়।
গ. সকালে ওঠা স্বাস্থ্যবান ও প্রফুল্লতা দেয়।
ঘ. সকালে ওঠা স্বাস্থ্যের জন্য ভালো। — উ. ঘ

২. 'In the good book'— অর্থ কী? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. সুন্দর দেখতে খ. সুনজরে
গ. শুভ কামনা ঘ. ভালো চাই — উ. খ

৩. 'Man is the architect of his own life'– এর সঠিক অনুবাদ কোনটি? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. মানুষ তার নিজ জীবনের স্থপতি
খ. মানুষ জীবনের স্থপিত
গ. মানুষই জীবনের স্থপতি ঘ. মানুষ জীবনের নির্মাতা — উ. ক

৪. 'Man gets as much as he wants'– এর সঠিক বাংলা অনুবাদ কোনটি? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. মানুষের চাওয়া বেশি, পাওয়া বেশি
খ. মানুষ যত পায়, তত চায়
গ. মানুষের চাওয়ার শেষ নেই ঘ. মানুষ যা চায় তা পায় না — উ. খ

৫. 'It is a long story' এর সঠিক বাংলা অনুবাদ– *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. সে এক বিরাট ইতিহাস খ. বড় কাহিনী
গ. সে অনেক কথা ঘ. সে অনেক বড় কাহিনী — উ. গ

৬. অনুবাদের পারদর্শিত কিসের উপর নির্ভরশীল? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. পড়াশোনার উপর খ. ভাষান্তরের উপর
গ. নির্ধারণের উপর ঘ. অভ্যাসের উপর — উ. খ

৭. 'Patience has its reward'– এ বাক্যের যথার্থ অনুবাদ– *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. সবুরে মেওয়া ফলে খ. রোগী পুরস্কার পেয়েছে
গ. রোগীর জন্য পুরস্কার আছে ঘ. ধৈর্যের মূল্যায়ন হয়েছে

৮. 'He lives from hand to mouth'– এর সঠিক অনুবাদ কোনটি? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. সে রোজগারের ওপর খায় খ. সে কষ্ট করে খায়
গ. সে হাতে রোজগার করে, মুখে খায়
ঘ. সে দিন আনে দিন খায় — উ. ঘ

৯. 'সকাল থেকে বৃষ্টি হচ্ছে'-এর ইংরেজি অনুবাদ হলো– *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. It is raining since morning
খ. It has been raining since morning
গ. It has been raining from morning
ঘ. It is raining for morning — উ. খ

Job Navigator

১০. অনুবাদ কোনটির সহায়ক? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. ভাষার উন্নতি খ. জ্ঞান চর্চার
গ. ভাষার শৃঙ্খলার ঘ. কাব্য রচনার উ. খ

১১. 'For good' এর সঠিক অর্থ কোনটি? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. ভালো হওয়া খ. গড়িমসি
গ. ক্ষণতরে ঘ. চিরতরে উ. ঘ

১২. 'Waste not, want not' এর সঠিক অনুবাদ কোনটি? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. অপচয় করলে অভাবে পড়তে হয়
খ. অপচয় অভাবের মূল কারণ
গ. অপচয় করো না, অভাবও হবে না
ঘ. অভাব থেকে বাঁচার জন্য অপচয় রোধ জরুরী উ. গ

১৩. 'This collar is too limp'-এর অর্থ– [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. এই কলারটি বড্ড শক্ত খ. এই কলারটি বড্ড খসখসে
গ. এই কলারটি বড্ড নরম ঘ. এই কলারটি বড্ড দৃঢ় উ. গ

১৪. 'To err is human'– [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. মানুষ মাত্রই মানবিক গুণসম্পন্ন খ. মানুষ মরণশীল
গ. মানুষ মাত্রই ভুল করে ঘ. কোনোটিই নয় উ. গ

১৫. 'A to Z' কথাটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. সম্পূর্ণভাবে খ. সারাক্ষণ
গ. শেষ পর্যন্ত ঘ. মৃত্যু অবধি উ. ক

১৬. অনুবাদ কোন প্রকারের হবে তা কীসের ওপর নির্ভর করে? [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. বিষয়ের ওপর খ. ভাবের ওপর
গ. বিন্যাসের ওপর ঘ. ভাষার ওপর উ. খ

শিক্ষক নিবন্ধন পরীক্ষায় এই টপিকের ওপর মূলত ইংরেজি থেকে বাংলায় অনুবাদ করতে বলা হয় প্রশ্নে।

Translation এর ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ বিষয় হলো প্রথমে দেখতে হবে বাক্যটি কোন Tense-এ আছে। দ্বিতীয়ত, দেখতে হবে বাক্যটির Subject আছে, নাকি Subject অনুপস্থিত। যদি বাক্যে Subject থাকে, তাহলে তা Active Voice-এ হবে; Subject না থাকলে Passive Voice-এ হবে। যদিও বাংলা বাক্যের ক্ষেত্রে বাক্যের Subject বা Verb দুটির যেকোনো একটি দ্বারা বাক্য শুরু হতে দেখা যায়; কিন্তু ইংরেজি বাক্যের ক্ষেত্রে সাধারণ বর্ণনামূলক বাক্য (Assertive Sentence) সাধারণত Subject দ্বারা শুরু হয়। আর প্রবাদ-প্রবচনের অনুবাদের ক্ষেত্রে সবচেয়ে সুন্দর বাক্যটি বেশিরভাগ ক্ষেত্রে সঠিক উত্তর হয়ে থাকে।

ভাষাগত জ্ঞান যাচাইয়ের জন্যই মূলত পরীক্ষায় অনুবাদ থেকে প্রশ্ন করা হয়। অনুবাদের অর্থ 'ভাষান্তরকরণ'। অর্থাৎ, এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তরকরণ। তাই, অনুবাদে পারদর্শিতা মূলত ভাষান্তরের ওপর নির্ভরশীল। অনুবাদ জ্ঞান চর্চার সহায়ক। অনুবাদ প্রধানত দুই প্রকার- ১। আক্ষরিক অনুবাদ, ২। ভাবানুবাদ।

১. 'I hardly go out after dusk' The correct bangla translations is : [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]
ক. আমি সন্ধ্যার পরে মোটেও বাইরে যাই না
খ. আমি সন্ধ্যার পরে কদাচিৎ বাইরে যাই
গ. আমি সন্ধ্যার পর পরেই বাইরে যাই
ঘ. আমি সন্ধ্যার পরে প্রায়াই বাইরে যাই

ব্যাখ্যা : Hardly অর্থ কদাচিৎ বা খুবই কম। অতএব, প্রদত্ত বাক্যের সঠিক বাংলা অনুবাদ হলো– 'আমি সন্ধ্যার পরে কদাচিৎ বাইরে যাই।'

২. 'Look before you leap' [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]
ক. লাফ দেয়ার আগে তাকাও
খ. ভাবিয়া করিও কাজ
গ. আগে ভাবিয়া পরে লাফ দাও
ঘ. দেখে নাও পরে লাফ দাও

ব্যাখ্যা : 'ভাবিয়া করিও কাজ' একটি বাংলা প্রবাদবাক্য; যার ইংরেজি হলো 'Look before you leap'।

৩. 'He came off with flying colours' মানে– [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]
ক. তিনি গৌরবময় সাফল্য অর্জন করেন
খ. তিনি উড়ন্ত রং নিয়ে এসেছিলেন
গ. তিনি রং ছিটাতে ছিটাতে এসেছিলেন
ঘ. বিজয়ের গৌরব নিয়ে তিনি উড়ে এসেছিলেন

ব্যাখ্যা : 'Come off' অর্থ সাফল্য অর্জন করা, জয়লাভ করা। 'flying colours' অর্থ গৌরবময়, মহিমান্বিত। অতএব, 'He came off with flying colours' বাক্যটির বাংলা অর্থ হলো- 'তিনি গৌরবময় সাফল্য অর্জন করেন।'

৪. 'He was taken to task' অর্থ– [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৯]
ক. সে কাজ নিয়েছিল
খ. তাকে তিরস্কার করা হয়েছিল।
গ. তাকে কাজ দেয়া হয়েছিল
ঘ. তাকে কাজের জন্য বলা হয়েছিল।

ব্যাখ্যা : ইংরেজি 'Take to task' phrase-টির অর্থ হলো 'তিরস্কার করা'। অতএব, 'He was taken to task' বাক্যটির বাংলা অর্থ হলো 'তাকে তিরস্কার করা হয়েছিল।'

৫. 'Diamond cuts Diamonds'-এর অনুবাদ কোনটি? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৮]
ক. সঙ্গদোষে নষ্ট খ. সৎসঙ্গে স্বর্গবাস
গ. সঙ্গ দেখে লোক চেনা যায় ঘ. মানিকে মানিক চেনে
উত্তর: ঘ

৬. A beggar must not be a chooser-এ বাক্যের যথার্থ অনুবাদ– [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৮]
(ক) ভিক্ষার চাল মোটা আর সরু
(খ) ভিক্ষার চাল কাঁড়া আর আকাঁড়া
(গ) ভিক্ষার চাল মোটা
(ঘ) ভিক্ষার চাল সরু
উত্তর: ঘ

৭. 'The baby is always smiling' এর বাংলা অনুবাদ হলো– [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা- ২০১৮]
(ক) শিশুটি সবসময় হাসছে (খ) শিশুটি সব সময় হাসে
(গ) শিশুটির মুখ হাসিতে ভরা
(ঘ) শিশুটির মুখে হাসি লেগেই আছে
উত্তর: ক

৫. সন্ধি বিচ্ছেদ [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. ঢাকা + ঈশ্বরী = ঢাকেশ্বরী- নিচের কোন নিয়মে হয়েছে? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. আ+ঈ=এ খ. অ+ঈ=এ
গ. আ+ই=এ ঘ. অ+ই=এ **উ. ক**

২. 'চতুষ্পদ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. চতুর+পদ খ. চতুষ+পদ
গ. চতু+পদ ঘ. চতুঃ+পদ **উ. ঘ**

৩. কোনটি ব্যঞ্জন সন্ধির উদাহরণ? [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. অভেচ্ছা খ. সংবাদ
গ. প্রত্যেক ঘ. অতীত **উ. খ**

৪. 'নীরোগ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. নীঃ + রোগ খ. নিঃ + রোগ
গ. নি + রোগ ঘ. নির + রোগ **উ. খ**

৫. 'দুর্যোগ' এর সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. দুহঃ + যোগ খ. দুঃ + যোগ
গ. দুর + যোগ ঘ. দুরঃ + যোগ **উ. খ**

৬. 'ষষ্ঠ'-এর সন্ধি-বিচ্ছেদ কোনটি? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. ষট + থ খ. ষষ্ঠ + থ
গ. ষষ্ + থ ঘ. ষষ্ + ঠ **উ. গ**

৭. কাঁদ্ + না = কান্না -এটি কোন সন্ধি? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. স্বরসন্ধি খ. ব্যঞ্জন সন্ধি
গ. খাঁটি বাংলা সন্ধি ঘ. বিসর্গ সন্ধি **উ. গ**

৮. উৎ + শ্বাস-এটি কোন সন্ধি? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. নিপাতনে সিদ্ধ খ. স্বরসন্ধি
গ. ব্যঞ্জন সন্ধি ঘ. জটিল সন্ধি **উ. গ**

স্কুল পর্যায়

১. 'প্রত্যাবর্তন' শব্দের সন্ধি-বিচ্ছেদ- [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. প্রতি+বর্তন খ. প্রতি+আবর্তন
গ. প্রতিঃ+বর্তন ঘ. প্রতিঃ + আবর্তন **উ. খ**

২. সন্ধিতে চ ও জ এর নাসিক্য ধ্বনি কী হয়? [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. অনুস্বার খ. দ্বিত্ব
গ. মহাপ্রাণ ঘ. তালব্য **উ. ঘ**

৩. 'দ্যুলোক' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. দুঃ + লোক খ. দুই + লোক
গ. দ্বি + লোক ঘ. দিব্ + লোক **উ. ঘ**

৪. কোন বাংলা পদের সাথে সন্ধি হয় না? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. ক্রিয়া খ. অব্যয়
গ. বিশেষ্য ঘ. বিশেষণ **উ. ক**

৫. 'চতুষ্পদ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. চতুর + পদ খ. চতুর্ষ + পদ
গ. চতু + পদ ঘ. চতুঃ + পদ **উ. ঘ**

৬. 'বনস্পতি' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. বনঃ + পতি খ. বন + পতি
গ. বনস + পতি ঘ. বন + স্পতি **উ. খ**

৭. কোনটি স্বরসন্ধির উদাহরণ? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. হিমালয় খ. অহরহ
গ. সংসার ঘ. বনস্পতি **উ. খ**

৮. 'চলচ্চিত্র' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. চলৎ + চিত্র খ. চল + চিত্র
গ. চলচ + চিত্র ঘ. চলচ্ + চিত্র **উ. ঘ**

৯. পাশাপাশি দুটি ধ্বনি বা বর্ণের মিলনকে কী বলে? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. উপসর্গ খ. অনুসর্গ
গ. সমাস ঘ. সন্ধি **উ. ঘ**

১০. 'মনস্তাপ'-এর সন্ধি বিচ্ছেদ- [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. মন + তাপ খ. মনস + তাপ
গ. মনো + তাপ ঘ. মনঃ + তাপ **উ. ঘ**

স্কুল পর্যায়-২

১. সন্ধির প্রধান সুবিধা কী? ? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. পড়ার সুবিধা খ. লেখার সুবিধা
গ. উচ্চারণের সুবিধা ঘ. শোনার সুবিধা **উ. গ**

২. 'কৃষ্টি' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি? ? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. কৃ + ক্তি খ. কৃষ + তি
গ. কৃঃ + তি ঘ. কৃষ + টি **উ. খ**

৩. 'ব্যর্থ' শব্দটির সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি? ? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. ব্য + অর্থ খ. বি + অর্থ
গ. ব্যা + অর্থ ঘ. ব + অর্থ **উ. খ**

৪. সন্ধির প্রধান কাজ কী? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. ধ্বনি পরিবর্তন খ. অর্থের পরিবর্তন
গ. পদের পরিবর্তন ঘ. বাক্য সংকোচন **উ. ক**

৫. 'লবণ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. লে + অন খ. লব + অন
গ. লো + অন ঘ. ল + বন **উ. গ**

৬. কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি নয়? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. মস্যাধার খ. অন্যান্য
গ. মার্তণ্ড ঘ. কুলটা **উ. ক**

৭. প্রকৃত বাংলা ব্যঞ্জনসন্ধি কোন নিয়মে হয়ে থাকে? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. সমীভবন খ. বিষমীভবন
গ. অপিনিহিতি ঘ. অসমীকরণ **উ. ক**

৮. সন্নিহিত দুটি ধ্বনির মিলনকে কী বলে? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. সন্ধি খ. প্রত্যয়
গ. বচন ঘ. সমাস উ. ক

৯. নিয়ম অনুসারে সন্ধি হয় না কোনটির? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. পাবক খ. শাবক
গ. কুলটা ঘ. গায়ক উ. গ

১০. 'রাজ্ঞী' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. রাজ্ + নী খ. রাগ্ + নী
গ. রাজ্ + জ্ঞী ঘ. রাগ্ + জ্ঞী উ. ক

১১. 'দুর্যোগ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. দুর + যোগ খ. দুঃ + যোগ
গ. দু + যোগ ঘ. দুরোঃ + যোগ উ. খ

১২. 'সতীশ' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. সতি + ইশ খ. সতি + ঈশ
গ. সতী + ইশ ঘ. সতী + ঈশ উ. ঘ

১৩. 'গবেষণা' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. গব + এষণা খ. গো + এষণা
গ. গো + ষণা ঘ. গ + বেষণা উ. খ

১৪. 'লবণ' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. লো + অন খ. লো + বন
গ. ল + বন ঘ. লৈ + বন উ. ক

১৫. নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ কোনটি? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. নিষ্কর খ. পরস্পর
গ. সন্তাপ ঘ. ষষ্ঠ উ. খ

১৬. 'ষড়ঋতু' শব্দের সন্ধিবিচ্ছেদ– [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. ষড় + ঋতু খ. ষড়্ + ঋতু
গ. ষট + ঋতু ঘ. ষট্ + ঋতু উ. ঘ

১৭. 'মতৈক্য' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি? [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. মতঃ + এক খ. মতঃ + ঐক্য
গ. মত + এক ঘ. মত + ঐক্য উ. ঘ

বিস্তারিত আলোচনা

📖 **সন্ধি:** সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি। তথা, পাশাপাশি অবস্থিত দুটি ধ্বনির মিলনকে সন্ধি বলে। অর্থাৎ, এখানে দুটি ধ্বনির মিলন হবে, এবং সেই দুটি ধ্বনি পাশাপাশি অবস্থিত হবে। যেমন, 'নর + অধম = নরাধম'। এখানে 'নর'-এর শেষ ধ্বনি 'অ' (ন+অ+র+ অ), এবং 'অধম'র প্রথম ধ্বনি 'অ'। এখানে 'অ' ও 'অ' মিলিত হয়ে 'আ' হয়েছে। অর্থাৎ পাশাপাশি অবস্থিত দুটি ধ্বনি 'অ' ও 'অ' মিলিত হয়ে 'আ' হলো। আবার, পিতৃ + আলয় = পিত্রালয়, দিক + অন্ত = দিগন্ত।

সন্ধি নতুন শব্দ তৈরির একটি কৌশল, তবে এখানে সমাসের মতো নতুনভাবে সম্পূর্ণ শব্দ তৈরি হয় না। কেবল দুটো শব্দ মিলিত হওয়ারার সময় পাশাপাশি অবস্থিত ধ্বনি দুটি মিলিত হয়। এই দুটি ধ্বনির মিলনের মধ্য দিয়ে দুটি শব্দ মিলিত হয়ে নতুন একটি শব্দ তৈরি করে। অর্থাৎ শব্দ দুটি মিলিত হয় না, ধ্বনি দুটি মিলিত হয়। উল্লেখ্য, একাধিক শব্দের বা পদের মিলন হলে তাকে বলে সমাস।

📖 **সন্ধির উদ্দেশ্য:** সন্ধির মাধ্যমে যেখানে দুটি উদ্দেশ্য পূরণ হবে, সেখানেই কেবল সন্ধি করা যাবে। এগুলো হলো-

১. সন্ধির ফলে উচ্চারণ আরো সহজ হবে (স্বাভাবিক উচ্চারণে সহজপ্রবণতা)।

২. সন্ধি করার পর শুনতে আরো ভালো লাগবে (ধ্বনিগত মাধুর্য সম্পাদন)।

📖 **সন্ধির প্রকারভেদ:** বাংলা সন্ধি প্রধানত ২ প্রকার। যথা: ১. স্বরসন্ধি, ২. ব্যঞ্জনসন্ধি।

১. **স্বরসন্ধি :** স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনি মিলে যে সন্ধি হয় তাকে স্বরসন্ধি বলে।

১. সন্ধিতে দুটি সন্নিহিত স্বরের একটির লোপ হয়। যেমন–
(ক) অ + এ = এ (অ লোপ), যেমন– শত + এক = শতেক। এরূপ– কতেক।
(খ) আ + আ = আ (একটি আ লোপ)। যেমন– শাঁখা + আরি = শাঁখারি। এরূপ– রূপা + আলি = রূপালি।
(গ) আ + উ = উ (আ লোপ)। যেমন– মিথ্যা + উক = মিথ্যুক। এরূপ– হিংসুক, নিন্দুক ইত্যাদি।
(ঘ) ই + এ = ই (এ লোপ)। যেমন– কুড়ি + এক = কুড়িক। এরূপ– ধনিক, গুটিক ইত্যাদি।
আশি + এর = আশির (এ লোপ)। এরূপ– নদীর (নদী + এর)।

২. কোনো কোনো স্থলে পাশাপাশি দুটি স্বরের শেষেরটি লোপ পায়। যেমন– যা + ইচ্ছা + তাই = যাচ্ছে তাই। এখানে (আ + ই) এর মধ্যে ই লোপ পেয়েছে।

২. **ব্যঞ্জন সন্ধি :** স্বরে আর ব্যঞ্জনে, ব্যঞ্জনে আর ব্যঞ্জনে এবং ব্যঞ্জনে আর স্বরে মিলিত হয়ে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জন সন্ধি বলে। প্রকৃত বাংলা ব্যঞ্জন সন্ধি সমীভবন (Assimilation)-এর নিয়মেই হয়ে থাকে। আর তা-ও মূলত কথ্যরীতিতে সীমাবদ্ধ।

১. প্রথম ধ্বনি অঘোষ এবং পরবর্তী ধ্বনি ঘোষ হলে, দুটি মিলে ঘোষ ধ্বনি দ্বিত্ব হয়। অর্থাৎ সন্ধিতে ঘোষ ধ্বনির পূর্ববর্তী অঘোষ ধ্বনিও ঘোষ হয়। যেমন– ছোট + দা = ছোড়দা।

২. হলন্ত র্ (বদ্ধ অক্ষর বিশিষ্ট) ধ্বনির পরে অন্য ব্যঞ্জন ধ্বনি থাকলে র্ লুপ্ত হয়ে পরবর্তী ধ্বনি দ্বিত্ব হয়। যেমন– আর্ + না = আন্না, চার + টি = চাট্টি, ধর্ + না = ধন্না, দুর্ + ছাই = দুচ্ছাই ইত্যাদি।

৩. চ-বর্গীয় ধ্বনির আগে যদি ত-বর্গীয় ধ্বনি আসে তাহলে, ত-বর্গীয় ধ্বনি লোপ হয় এবং চ-বর্গীয় ধ্বনির দ্বিত্ব হয়। অর্থাৎ ত-বর্গীয় ধ্বনি ও চ-বর্গীয় ধ্বনি পাশাপাশি এলে প্রথমটি লুপ্ত হয়ে পরবর্তী ধ্বনিটি দ্বিত্ব হয়। যেমন– নাত + জামাই = নাজ্জামাই (ত্ + জ্ = জ্জ), বদ্ + জাত = জাত = বজ্জাত, হাত + ছানি = হাচ্ছানি ইত্যাদি।

৪. 'প'– এর পরে 'চ' এবং 'স'– এর পরে 'ত' এলে চ ও ত এর স্থলে শ হয়। যেমন– পাঁচ + শ = পাঁশ্শ। সাত + শ = সাশ্শ, পাঁচ + সিকা = পাঁশশিকা।

১. হসন্ত ধ্বনির সাথে স্বরধ্বনি যুক্ত হলে স্বরের লোপ হয় না। যেমন– বেন + অই = বেনাই, চুল + অরি = চুলারি, তিল + এক = তিলেক, বার + এক = বারেক, তিন + এক = তিনেক।

২. স্বরধ্বনির পর ব্যঞ্জনধ্বনি এলে স্বরধ্বনিটি লুপ্ত হয়। যেমন– ঠাং + কলা = ঠাংকলা, নাতি + বৌ = নাতবৌ, ঘোড়া + দৌড় = ঘোড়দৌড়, ঘোড়া + গাড়ি = ঘোড়গাড়ি ইত্যাদি।

তৎসম শব্দের সন্ধি

বাংলা ভাষার বহু সংস্কৃত শব্দ অবিকৃত অবস্থায় রয়েছে। এসব শব্দই তৎসম (তৎ = সম = সমান)। তার সমান অর্থাৎ সংস্কৃতের সমান। এ শ্রেণির শব্দের সন্ধি সংস্কৃত ভাষার নিয়মেই সম্পাদিত হয়ে থাকে। বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম সন্ধি তিন প্রকার। (১) স্বরসন্ধি (২) ব্যঞ্জন সন্ধি (৩) বিসর্গ সন্ধি।

১. **স্বরসন্ধি** : স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনির মিলনের নাম স্বরসন্ধি।

১ অ-কার কিংবা অ- কারের পর অ-কার কিংবা আ-কার থাকলে উভয়ে মিলে আ-কার হয়, আ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন–

অ + অ = আ নর + অধম = নরাধম। এরূপ-হিমাচল, প্রতিদিন, হস্তান্তর, হিতাহিত ইত্যাদি।

অ + আ = আ হিম + আলয় = হিমালয়। এরূপ– দেবালয়, রত্নাকর, সিংহাসন ইত্যাদি।

আ + অ = আ যথা + অর্থ = যথার্থ। এরূপ– আশাতীত, অন্যমত, মহার্ঘ ইত্যাদি।

আ + আ = আ বিদ্যা + আলয় = বিদ্যালয়। এরূপ– করাগার, মহাশয়, সদানন্দ ইত্যাদি।

২. অ-কার কিংবা আ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে এ-কার হয়; এ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন–

অ + ই = এ শুভ + ইচ্ছা = শুভেচ্ছা।

আ + ই = এ যথা + ইষ্ট = যথেষ্ট।

অ + ঈ = এ পরম + ঈশ = পরমেশ।

আ + ঈ = এ মহা + ঈশ = মহেশ।

এরূপ– পূর্ণেন্দু, শ্রবণেন্দ্রিয়, স্বেচ্ছা, নরেশ, রমেশ, নরেন্দ্র ইত্যাদি।

৩. অ-কার কিংবা আ-কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে ও-কার হয়; ও-কার পূর্ববর্তী ব্যঞ্জনে যুক্ত হয়। যেমন–

অ + উ = ও সূর্য + উদয় = সূর্যোদয়।

আ + উ = ও যথা + উচিত = যথোচিত।

অ + ঊ = ও গৃহ + ঊর্ধ্ব = গৃহোর্ধ্ব।

আ + ঊ = ও গঙ্গা + ঊর্মি = গঙ্গোর্মি।

এরূপ– নীলোৎপল, চলোর্মি, মহোৎসব, নবোঢ়া, ফলোদয়, যথোপযুক্ত, হিতোপদেশ, পরোপকার, প্রশ্নোত্তর ইত্যাদি।

৪. অ-কার কিংবা আ-কারের পর ঋ- কার থাকলে উভয়ে মিলে 'অর্' হয় এবং তা রেফ (র্) রূপে পরবর্তী বর্ণের সাথে লেখা হয়। যেমন–

অ + ঋ = অর্ দেব + ঋষি = দেবর্ষি।

আ + ঋ = অর্ মহা + ঋষি = মহর্ষি।

এরূপ– অধমর্ণ, উত্তমর্ণ, সপ্তর্ষি, রাজর্ষি ইত্যাদি।

৫. অ-কার কিংবা আ-কারের পর 'ঋত'-শব্দ থাকলে (অ, আ + ঋ) উভয় মিলে 'আর্' হয় এবং বানানে পূর্ববর্তী বর্ণে আ ও পরবর্তী বর্ণে রেফ লেখা হয়। যেমন–

অ + ঋ = আর্ শীত + ঋত = শীতার্ত।

আ + ঋ = আর্ তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত।

এরূপ– ভয়ার্ত, ক্ষুধার্ত ইত্যাদি।

৬. অ-কার কিংবা আ-কারের পর এ-কার কিংবা ঐ-কার থাকলে উভয়ে মিলে ঐ-কার হয়; ঐ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন–

অ + এ = ঐ জন + এক = জনৈক।

আ + এ = ঐ সদা + এব = সদৈব।

অ + ঐ = ঐ মত + ঐক্য = মতৈক্য।

আ + ঐ = ঐ মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য।

এরূপ– হিতৈষী, সর্বৈব, অতুলৈশ্বর্য ইত্যাদি।

৭. অ-কার কিংবা আ-কারের পর ও-কার কিংবা ঔ-কার থাকলে উভয়ে মিলে ঔ-কার হয়; ঔ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন–

অ + ও = ঔ বন + ওষধি = বনৌষধি।

আ + ও = ঔ মহা + ওষধি = মহৌষধি।

অ + ঔ = ঔ পরম + ঔষধ = পরমৌষধ।

আ + ঔ = ঔ মহা + ঔষধ = মহৌষধ।

৮. ই-কার কিংবা ঈ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে দীর্ঘ ঈ-কার হয়। দীর্ঘ ঈ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন–

ই + ই = ঈ অতি + ইত = অতীত।

ই + ঈ = ঈ পরি + ঈক্ষা = পরীক্ষা।

ঈ + ই = ঈ সতী + ইন্দ্র = সতীন্দ্র।

ঈ + ঈ = ঈ সতী + ঈশ = সতীশ।

এরূপ– গিরীন্দ্র, ক্ষিতীশ, মহীন্দ্র, শ্রীশ, পৃথ্বীশ, অতীব, প্রতীক্ষা, প্রতীত, রবীন্দ্র, দিল্লীশ্বর ইত্যাদি।

৯. ই-কার কিংবা ঈ-কারের পর ই ও ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই বা ঈ স্থানে 'য' বা য(্য) ফলা হয়। য-ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়। যেমন–

ই + অ = য্ + অ অতি + অন্ত = অত্যন্ত।

ই + আ = য্ + আ ইতি + আদি = ইত্যাদি।

ই + উ = য্ + উ অতি + উক্তি = অত্যুক্তি।

ই + ঊ = য্ + ঊ প্রতি + ঊষ = প্রত্যূষ।

ঈ + আ = য্ + আ মসী + আধার = মস্যাধার।

ই + এ = য্ + এ প্রতি + এক = প্রত্যেক।

ঈ + অ = য্ + অ নদী + অম্বু = নদ্যম্বু।

এরূপ– প্রত্যহ, অত্যধিক, গত্যন্তর, প্রত্যাশা, প্রত্যাবর্তন, আদ্যন্ত, যদ্যপি, অভ্যুত্থান, অত্যাশ্চর্য, প্রত্যুপকার ইত্যাদি।

১০. উ-কার কিংবা ঊ-কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে ঊ-কার হয়; উ-কার পূর্ববর্তী ব্যঞ্জন ধ্বনির সাথে যুক্ত হয়। যেমন-

উ + উ = ঊ মরু + উদ্যান = মরূদ্যান।
উ + ঊ = ঊ বহু + ঊর্ধ্ব = বহূর্ধ্ব।
ঊ + উ = ঊ বধূ + উৎসব = বধূৎসব।
ঊ + ঊ = ঊ ভূ + ঊর্ধ্ব = ভূর্ধ্ব।

১১. উ-কার কিংবা ঊ-কারের পর উ-কার ভিন্ন অন্য স্বর থাকলে উ বা ঊ স্থানে ব-ফলা হয় এবং লেখার সময় ব-ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। যেমন-

উ + অ = ব + অ সু + অল্প = স্বল্প।
উ + আ = ব + আ সু + আগত = স্বাগত।
উ + ই = ব + ই অনু + ইত = অন্বিত।
উ + ঈ = ব + ঈ তনু + ঈ = তন্বী।
উ + এ = ব + এ অনু + এষণ = অন্বেষণ।

এরূপ- পশ্বধম, পশ্চাচার, অন্বয়, মন্বন্তর ইত্যাদি।

১২. ঋ-কারের পর ঋ ভিন্ন অন্য স্বর থাকলে 'ঋ' স্থানে 'র' হয় এবং তা র-ফলা রূপে পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন- পিতৃ + আলয় = পিত্রালয়, পিতৃ + আদেশ = পিত্রাদেশ।

১৩. এ, ঐ, ও ঔ- কারের পর এ, ঐ স্থানে যথাক্রমে অয়, আয় এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যেমন-

এ + অ = অয় + অ নে + অন = নয়ন। শে + অন = শয়ন।
ঐ + অ = আয় + অ নৈ + অক = নায়ক। গৈ + অক = গায়ক।
ও + অ = অব্ + অ পো + অন = পবন। লো + অন = লবণ।
ঔ + অ = আব্ + অ পৌ + অক = পাবক।
ও + আ = অব্ + আ গো + আদি = গবাদি।
ও + এ = অব্ + এ গো + এষণা = গবেষণা।
ও + ই = অব্ + ই পো + ইত্র = পবিত্র।
ঔ + ই = আব্ + ই নৌ + ইক = নাবিক।
ঔ + উ = আব্ + উ ভৌ + উক = ভাবুক।

১৪. কতগুলো সন্ধি কোনো নিয়ম অনুসারে হয় না, এগুলোকে নিপাতনে সিদ্ধ বলে। যথা- কুল + অটা = কুলটা (কুলাটা নয়), গো + অক্ষ = গবাক্ষ (গবক্ষ নয়), প্র + ঊঢ় = প্রৌঢ় (প্রোঢ় নয়), অন্য + অন্য = অন্যান্য, মার্ত + অণ্ড = মার্তণ্ড, শুদ্ধ + ওদন = শুদ্ধোদন।

২. ব্যঞ্জনসন্ধি : স্বরে- ব্যঞ্জনে, ব্যঞ্জনে- স্বরে ও ব্যঞ্জনে- ব্যঞ্জনে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জন সন্ধি বলে। এদকি থেকে ব্যঞ্জন সন্ধিকে তিন ভাগে ভাগ করা যায়। যথা : ১. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি ২. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি ৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি।

১. **ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি :** ক, চ, ট, ত, প-এর পরে স্বরধ্বনি থাকলে সেগুলো যথাক্রমে গ, জ, ড (ড়), দ, ব হয়। পরবর্তী স্বরধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনধ্বনির সঙ্গে যুক্ত হয়। যেমন-

ক্ + অ = গ দিক্ + অন্ত = দিগন্ত।
চ্ + অ = জ ণিচ্ + অন্ত = ণিজন্ত।
ট্ + আ = ঢ় ষট্ + আনন = ষড়ানন।
ত + অ = দ তৎ + অবধি = তদবধি।
প + অ = ব সুপ + অন্ত = সুবন্ত।

এরূপ- বাগীশ, তদন্ত, বাগাড়ম্বর, কৃদন্ত, সদানন্দ, সদুপায়, সদুপদেশ, জগদিন্দ্র ইত্যাদি।

২. **স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি :** স্বরধ্বনির পর ছ থাকলে উক্ত ব্যঞ্জনধ্বনিটি দ্বিত্ব। (চ্ছ) হয়। যথা-

অ + ছ = চ্ছ এক + ছত্র = একচ্ছত্র।
আ + ছ = চ্ছ কথা + ছলে = কথাচ্ছলে।
ই + ছ = চ্ছ পরি + ছদ = পরিচ্ছদ।

এরূপ- মুখচ্ছবি, বিচ্ছেদ, পরিচ্ছেদ, বিচ্ছিন্ন, অঙ্গচ্ছেদ, আলোকচ্ছটা, প্রতিচ্ছবি, প্রচ্ছদ, আচ্ছাদন, বৃক্ষচ্ছায়া, স্বচ্ছন্দে, অনুচ্ছেদ ইত্যাদি।

৩. **ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি :** (ক) ১. ত্ ও দ্-এর চ ও ছ থাকলে ত্ ও দ্ স্থানে চ্ হয়। যেমন-

ত্ + চ = চ্চ সৎ + চিন্তা = সচ্চিন্তা।
ত্ + ছ = চ্ছ উৎ + ছেদ = উচ্ছেদ।
দ্ + চ = চ্চ বিপদ + চয় = বিপচ্চয়।
দ্ + ছ = চ্ছ বিপদ + ছায়া = বিপচ্ছায়া।

এরূপ- উচ্চারণ, শরচ্চন্দ্র, সচ্চরিত্র, তচ্ছবি ইত্যাদি।

২. ত্ ও দ্- এরপর জ্ ও ঝ্ থাকলে ত্ ও দ্- এর স্থানে জ্ হয়। যেমন-

ত্ + জ = জ্জ সৎ + জন = সজ্জন।
দ্ + জ = জ্জ বিপদ + জাল = বিপজ্জাল।
ত্ + ঝ = জ্ঝ কুৎ + ঝটিকা = কুজ্ঝটিকা।

এরূপ- উজ্জ্বল, তজ্জন্য, যাবজ্জীবন, জগজ্জীবন, ইত্যাদি।

৩. ত্ ও দ্- এরপর শ্ থাকলে ত্ ও দ্-এর স্থলে চ্ এবং শ্-এর স্থলে ছ উচ্চারিত হয়। যেমন-

ত্ + শ + চ্ + ছ = চ্ছ উৎ + শ্বাস = উচ্ছ্বাস

এরূপ- চলচ্ছক্তি, উচ্ছৃঙ্খল ইত্যাদি।

৪. ত্ ও দ্-এর পর ড্ থাকলে ত্ ও দ্ এর স্থানে ড্ হয়। যেমন-

ত্ + ড = ড্ড উৎ + ডীন = উড্ডীন।

এরূপ- বৃহড্ঢক্কা।

৫. ত্ ও দ্ এর পর হ থাকলে ত্ ও দ্ এর স্থলে দ এবং হ এর স্থলে ধ্ হয়। যেমন-

ত্ + হ = দ্ + ধ = দ্ধ উৎ + হার = উদ্ধার।
দ্ + হ্ = দ্ + ধ = দ্ধ পদ্ + হতি = পদ্ধতি।

এরূপ- উদ্ধৃত, উদ্ধত, তদ্ধিত ইত্যাদি।

৬. ত্ ও দ্ এর পর ল্ থাকলে ত্ ও দ্-এর স্থলে ল উচ্চারিত হয়। যেমন-

ত্ + ল = ল্ল উৎ + লাস = উল্লাস।

এরূপ- উল্লেখ, উল্লিখিত, উল্লেখ্য, উল্লঙ্ঘন ইত্যাদি।

(খ) ১. ব্যঞ্জন ধ্বনিসমূহের যে কোনো বর্গের অঘোষ অল্পপ্রাণ ধ্বনির পর যে কোনো বর্গের ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ ধ্বনি কিংবা ঘোষ অল্পপ্রাণ তালব্য ধ্বনি, (য > জ), ঘোষ অল্পপ্রাণ ওষ্ঠ ধ্বনি (ব), ঘোষ কম্পনজাত দন্তমূলীয় ধ্বনি (র)

কিংবা ঘোষ অল্পপ্রাণ ওষ্ঠ্য ব্যঞ্জনধ্বনি (ব) থাকলে প্রথম অঘোষ অল্পপ্রাণ ধ্বনি ঘোষ অল্পপ্রাণরূপে উচ্চারিত হয়। যথা :

ক্ + দ = গ্ + দ — বাক্ + দান = বাগদান।
ট্ + য = ড্ + য — ষট্ + যন্ত্র = ষড়যন্ত্র।
ত্ + ঘ = দ্ + ঘ — উৎ + ঘাটন = উদ্‌ঘাটন।
ত্ + য = দ্ + য — উৎ + যোগ = উদ্যোগ।
ত্ + ব = দ্ + ব — উৎ + বন্ধন = উদ্বন্ধন।
ত্ + র = দ্ + র — তৎ + রূপ = তদ্রূপ।

এরূপ- দিগ্বিজয়, উদ্যম, উদ্‌গার, উদ্‌গিরণ, উদ্ভব, বাগ্‌জাল, সদ্‌গুরু, বাগ্‌দেবী ইত্যাদি।

২. ঙ, ঞ, ণ, ন, ম পরে থাকলে পূর্ববর্তী অঘোষ অল্পপ্রাণ স্পর্শধ্বনি সেই বর্গীয় ঘোষ স্পর্শধ্বনি কিংবা নাসিক্যধ্বনি হয়। যথা :

ক্ + ন = গঙ + ন — দিক্ + নির্ণয় = দিগ্‌নির্ণয় বা দিঙ্‌নির্ণয়।
ত্ + ম = দ্/ন + ম — তৎ + মধ্যে = তদ্‌মধ্যে বা তন্মধ্যে।

লক্ষণীয় : এরূপ ক্ষেত্রে সাধারণত নাসিক্য ব্যঞ্জনই বেশি প্রচলিত। যেমন- বাক্ - ময় = বাঙ্‌ময়, তৎ + ময় = তন্ময়, মৃৎ + ময় = মৃন্ময়, জগৎ + নাথ = জগন্নাথ ইত্যাদি। এরূপ- উন্নয়ন, উন্নীত, চিন্ময় ইত্যাদি।

৩. ম্ এর পর যে কোনো বর্গীয় ধ্বনি থাকলে ম্ ধ্বনিটি সেই বর্গের নাসিক্য ধ্বনি হয়। যেমন-

ম্ + ক্ = ঙ + ক্ — শম্ + কা = শঙ্কা।
ম্ + চ্ + ঞ + চ্ — সম্ + চয় = সঞ্চয়।
ম্ + ত্ = ন্ + ত্ — সম্ + তাপ = সন্তাপ।

এরূপ- কিঙ্কৃত, সন্দর্শন, কিন্নর, সম্মান, সন্ধান, সন্ন্যাস ইত্যাদি।

দ্রষ্টব্য : আধুনিক বাংলায় ম্-এর পর কণ্ঠ্য-বর্গীয় ধ্বনি থাকলে ম্ স্থানে প্রায়ই ঙ না হয়ে অনুস্বার (ং) হয়। যেমন- সম্ + গত = সংগত, অহম্ + কার = অহংকার, সম্ + খ্যা = সংখ্যা।
এরূপ- সংকীর্ণ, সংগীত, সংগঠন, সংঘাত ইত্যাদি।

৪. ম্-এর পর অন্তঃস্থ ধ্বনি য, র, ল, ব, কিংবা শ, ষ, স, হ থাকলে, ম্ স্থলে অনুস্বার (ং) হয়। যেমন-

সম্ + যম = সংযম, সম্ + বাদ = সংবাদ,
সম্ + রক্ষণ = সংরক্ষণ, সম্ + লাপ = সংলাপ
সম্ + শয় = সংশয় সম্ + সার = সংসার,
সম্ + হার = সংহার।

এরূপ- বারংবার, কিংবা, সংবরণ, সংযোগ, সংযোজন, সংশোধন, সর্বংসহা, স্বয়ংবরা। ব্যতিক্রম : সম্রাট (সম্ + রাট)।

৫. চ্ ও জ্-এর পরে নাসিক্য ধ্বনি তালব্য হয়। যেমন-

চ্ + ন = চ্ + ঞ, যাচ্ + না = যাচ্ঞা,
রাজ্ + নী = রাজ্ঞী, জ্ + ন = জ্ + ঞ,
যজ্ + ন = যজ্ঞ,

৬. দ্ ও ধ্ এর পরে ক, চ, ট, ত, প, খ, ছ, ঠ, থ, ফ, থাকলে দ্ ও ধ্ স্থলে অঘোষ অল্পপ্রাণ ধ্বনি হয়। যেমন-

দ্ > ত্ — তদ্ + কাল = তৎকাল
ধ্ > ত্ — ক্ষুধ্ + পিপাসা = ক্ষুৎপিপাসা।

এরূপ- হৃৎকম্প, তৎপর, তত্ত্ব ইত্যাদি।

৭. দ্ কিংবা ধ্-এর পরে স্ থাকলে, দ্ ও ধ্ স্থলে অঘোষ অল্পপ্রাণ ধ্বনি হয়। যেমন- বিপদ্ + সংকুল = বিপৎসংকুল। এরূপ- তৎসম।

৮. য্-এর পরে ত্ বা থ্ থাকলে, যথাক্রমে ত্ ও থ্ স্থানে ট ও ঠ হয়। যেমন-

কৃষ্ + তি = কৃষ্টি, যষ্ + থ্ = যষ্ঠ।

৯. বিশেষ নিয়মে সাধিত কতগুলো সন্ধি

উৎ + স্থান = উত্থান সম্ + কার = সংস্কার,
উৎ + স্থাপন = উত্থাপন, সম্ + কৃত = সংস্কৃত,
পরি + কার = পরিষ্কার।

এরূপ- সংস্কৃতি, পরিষ্কৃত ইত্যাদি।

১০. কতগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয়

আ + চর্য = আশ্চর্য গো + পদ = গোষ্পদ,
বন্ + পতি = বনস্পতি বৃহৎ + পতি = বৃহস্পতি,
তৎ + কর = তস্কর পর্ + পর = পরস্পর,
মনস্ + ঈষা = মনীষা, ষট্ + দশ = ষোড়শ
এক্ + দশ = একাদশ, পতৎ + অঞ্জলি = পতঞ্জলি ইত্যাদি।

৩. **বিসর্গ সন্ধি**

সংস্কৃত সন্ধির নিয়মে পদের অন্তস্থিত র্ ও স্ অনেক ক্ষেত্রে অঘোষ উষ্মধ্বনি অর্থাৎ হ ধ্বনিরূপে উচ্চারিত হয় এবং তা বিসর্গ (ঃ) রূপে লেখা হয়। র্ ও স্ বিসর্গ ব্যঞ্জনধ্বনিমালার অন্তর্গত। সে কারণে বিসর্গ সন্ধি ব্যঞ্জন সন্ধির অন্তর্গত। বস্তুত বিসর্গ র্ এবং স্-এর সংক্ষিপ্ত রূপ। বিসর্গকে দুই ভাগে ভাগ করা হয়েছে : ১. র্- জাত বিসর্গ ও ২. স্- জাত বিসর্গ।

১. **র্- জাত বিসর্গ** : র স্থানে যে বিসর্গ হয় তাকে বলে র- জাত বিসর্গ। যেমন : অন্তর- অন্তঃ, প্রাতর- প্রাতঃ, পুনর- পুনঃ ইত্যাদি।

২. **র্- জাত বিসর্গ** : স্ স্থানে যে বিসর্গ হয় তাকে বলে স্- জাত বিসর্গ। যেমন : নমস্- নমঃ, পুরস্- পুরঃ, শিরস্- শিরঃ ইত্যাদি।
বিসর্গের সাথে অর্থাৎ র্ ও স্- এর সাথে স্বরধ্বনির কিংবা ব্যঞ্জনধ্বনির যে সন্ধি হয় তাকে বিসর্গ সন্ধি বলে। বিসর্গ সন্ধি দুইভাবে সাধিত হয় : ১. বিসর্গ + স্বর এবং ২. বিসর্গ + ব্যঞ্জন।

১. **বিসর্গ ও স্বরের সন্ধি** : অ- ধ্বনির পরস্থিত (অঘোষ উষ্মধ্বনি) বিসর্গের পর অ ধ্বনি থাকলে অ + ঃ + অ- এ তিনে মিলে ও- কার হয়। যেমন- ততঃ + অধিক = ততোধিক।

২. **বিসর্গ ও ব্যঞ্জনের সন্ধি**

১. অ-কারের পরস্থিত স্- জাত বিসর্গের পর ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ ব্যঞ্জনধ্বনি, নাসিক্যধ্বনি কিংবা অন্তস্থ য, অন্তস্থ ব, র, ল, হ থাকলে অ- কার ও স্- জাত বিসর্গ উভয় স্থলে ও- কার হয়। যেমন- তিরঃ + ধান = তিরোধান, মনঃ + রম = মনোরম, মনঃ + হয় = মনোহর, তপঃ + বন = তপোবন ইত্যাদি।

২. অ- কারের পরস্থিত র্- জাত বিসর্গের পর উপর্যুক্ত ধ্বনিসমূহের কোনোটি থাকলে বিসর্গ স্থানে 'র' হয়। যেমন- অন্তঃ + গত = অন্তর্গত, অন্তঃ + ধান = অন্তর্ধান, পুনঃ + আয় = পুনরায়, পুনঃ + উক্ত = পুনরুক্ত, অহঃ + অহ = অহরহ।
এরূপ- পুনর্জনা, পুনর্বার, প্রাতরুত্থান, অন্তর্ভুক্ত, পুনরপি, অন্তরবর্তী ইত্যাদি।

৩. অ ও আ ভিন্ন অন্য স্বরের পরে বিসর্গ থাকলে এবং তার সঙ্গে অ, আ, বর্গীয় ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ নাসিকাধ্বনি কিংবা য, র, ল, ব, হ এর সন্ধি হলে বিসর্গ স্থানে 'র' হয়। যেমন

নিঃ + আকার = নিরাকার, আশীঃ + বাদ = আশীর্বাদ, দুঃ + যোগ = দুর্যোগ ইত্যাদি।

এরূপ নিরাকরণ, জ্যোতির্ময়, প্রাদুর্ভাব, নির্জন, বহির্গত, দুর্লোভ, দুরন্ত ইত্যাদি।

ব্যতিক্রম : ই কিংবা উ ধ্বনির পরের বিসর্গের সঙ্গে 'র' এর সন্ধি হলে বিসর্গের লোপ হয় ও বিসর্গের পূর্ববর্তী হ্রস্ব স্বর দীর্ঘ হয়। যেমন নিঃ + রব = নীরব, নিঃ + রস = নীরস ইত্যাদি।

৪. বিসর্গের পর অঘোষ অল্পপ্রাণ কিংবা মহাপ্রাণ তালব্য ব্যঞ্জন থাকলে বিসর্গের স্থলে তালব্য শিশ ধ্বনি হয়, অঘোষ অল্পপ্রাণ কিংবা অঘোষ মহাপ্রাণ মূর্ধন্য ব্যঞ্জন থাকলে বিসর্গ স্থলে মূর্ধন্য শিশ ধ্বনি হয়, অঘোষ অল্পপ্রাণ কিংবা অঘোষ মহাপ্রাণ দন্ত্য ব্যঞ্জনের স্থলে দন্ত্য শিশ ধ্বনি হয়। যেমন

ঃ + চ / ছ = শ + চ / ছ নিঃ + চয় = নিশ্চয়,
শিরঃ + ছেদ = শিরশ্ছেদ, ঃ + ট / ঠ = ষ + ট / ঠ
ধনুঃ + টঙ্কার = ধনুষ্টঙ্কার, নিঃ + ঠুর = নিষ্ঠুর।
ঃ + ত / থ = স + ত / থ দুঃ + তর = দুস্তর,
দুঃ + থ = দুস্থ।

৫. অঘোষ অল্পপ্রাণ ও অঘোষ মহাপ্রাণ কণ্ঠ্য কিংবা ওষ্ঠ্য ব্যঞ্জন (ক, খ, প, ফ) পরে থাকলে অ বা আ ধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ দন্ত্য শিশ ধ্বনি (স্) হয় এবং অ বা আ ব্যতীত অন্য স্বরধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ মূর্ধন্য শিশ্ ধ্বনি (ষ) হয়। যেমন–

অ এর পরে বিসর্গ ঃ + ক = স্ + ক নমঃ + কার = নমস্কার।
অ এর পরে বিসর্গ ঃ + খ = স্ + খ পদঃ + খলন = পদস্খলন।
ই এর পরে বিসর্গ ঃ + ক = ষ + ক নিঃ + কর = নিষ্কর।
উ এর পরে বিসর্গ ঃ + ক = ষ + ক দুঃ + কর = দুষ্কর।

এরূপ– পুরস্কার, মনস্কামনা, তিরস্কার, চতুষ্পদ, নিষ্ফল, নিষ্পাপ, দুষ্প্রাপ্য, বহিষ্কৃত, দুষ্কৃতি, আবিষ্কার, চতুষ্কোণ, বাচস্পতি, ভাস্কর ইত্যাদি।

৬. কোনো কোনো ক্ষেত্রে সন্ধির বিসর্গ লোপ হয় না। যেমন–

প্রাতঃ + কাল = প্রাতঃকাল, মনঃ + কষ্ট = মনঃকষ্ট, শিরঃ + পীড়া + শিরঃপীড়া।

৭. যুক্ত ব্যঞ্জন ধ্বনি স্ত, স্থ কিংবা স্প পরে থাকলে পূর্ববর্তী বিসর্গ অবিকৃত থাকে অথবা লোপ পায়। যেমন–

নিঃ + স্তব্ধ = নিঃস্তব্ধ কিংবা নিস্তব্ধ। দুঃ + স্থ = দুঃস্থ কিংবা দুস্থ। নিঃ + স্পন্দ = নিঃস্পন্দ কিংবা নিস্পন্দ।

কয়েকটি বিশেষ বিসর্গ সন্ধির উদাহরণ

বাচঃ + পতি = বাচস্পতি, ভাঃ + কর = ভাস্কর, অহঃ + নিশা = অহর্নিশ, অহঃ + অহ = অহরহ ইত্যাদি।

তবে শিক্ষক নিবন্ধন ও অন্যান্য প্রতিযোগিতামূলক পরীক্ষায় ঘুরে ফিরে কেবল কয়েকটি গুরুত্বপূর্ণ সন্ধিই বেশি আসে। শিক্ষক নিবন্ধন ও অন্যান্য প্রতিযোগিতামূলক পরীক্ষায় ঘুরে ফিরে নিচের কয়েকটি সন্ধিই আসে। তবে আপনি যদি সন্ধি নিয়ে ভালোভাবে পড়তে চান, তবে আপনার জন্য ভালো হবে উপরিউক্ত সন্ধির আলোচনাটি ভালোভাবে রপ্ত করা।

- দ্যুলোক = দিব্ + লোক।
- রত্নাকর = রত্ন + আকর।
- বাগাড়ম্বর = বাক্ + আড়ম্বর
- গ্রামান্তর = গ্রাম + অন্তর।
- রবীন্দ্র = রবি + ইন্দ্র।
- পরীক্ষা = পরি + ঈক্ষা।
- পর্যালোচনা = পরি + আলোচনা
- স্বাগত = সু + আগত
- গবেষণা = গো + এষণা।
- পাগলামী = পাগল + আমি
- সিংহাসন = সিংহ + আসন।
- অতীত = অতি + ইত।
- আশাতীত = আশা + অতীত
- গবাক্ষ = গো + অক্ষ।
- কটূক্তি = কটু + উক্তি।
- মানবেতর = মানব + ইতর।
- যথেষ্ট = যথা + ইষ্ট।
- শুভেচ্ছা = শুভ + ইচ্ছা।
- ঢাকেশ্বরী = ঢাকা + ঈশ্বরী।
- নবোদয় = নব + উদয়।
- কথোপকথন = কথা + উপকথন।
- স্বচ্ছ = সু + অচ্ছ।
- সপ্তর্ষি = সপ্ত + ঋষি।
- শীতার্ত = শীত + ঋত।
- জনৈক = জন + এক।
- দৈনিক = দিন + এক।
- প্রত্যেক = প্রতি + এক।
- প্রত্যূষ = প্রতি + ঊষ।
- ব্যর্থ = বি + অর্থ।
- তন্বী = তনু + ঈ।
- বাগদান = বাক্ + দান
- বনৌষধি = বন + ওষধি। (নোট : অ+ও = ঔ)
- মহৌষধ = মহা + ঔষধ। (নোট : আ+ঔ = ঔ)
- প্রত্যহ = প্রতি + অহ।
- অত্যন্ত = অতি + অন্ত।

- ইত্যাদি = ইতি + আদি।
- উন্নত = উৎ + নত
- উন্নীত = উৎ + নীত
- উচ্ছ্বাস = উৎ + শ্বাস।
- দোলনা = দুল্ + না
- লবণ = লো + অন
- নায়ক = নৈ + অক
- গায়ক = গৈ + অক
- দর্শনীয় = দৃশ + অনীয়
- মোড়ক = মুড় + অক
- পরিচ্ছেদ = পরি + ছেদ।
- চলচ্চিত্র = চলৎ + চিত্র।
- সংস্কৃতি = সম্ + কৃতি
- ষড়ঋতু = ষট্ + ঋতু।
- ষড়যন্ত্র = ষট্ + যন্ত্র
- বৃষ্টি = বৃষ্ + তি।
- পদ্ধতি = পদ্ + হতি।
- উল্লাস = উৎ + লাস।
- ক্ষুধার্ত = ক্ষুধা + ঋত।
- প্রাতঃকাল = প্রাতঃ + কাল।
- প্রাতরাশ = প্রাতঃ + আশ।
- মনোযোগ = মনঃ + যোগ।
- মনঃকষ্ট = মনঃ + কষ্ট।
- মনস্তাপ = মনঃ + তাপ
- শিরশ্ছেদ = শিরঃ + ছেদ।
- ততোধিক = ততঃ + অধিক।
- অহর্নিশ = অহঃ + নিশা।
- অহরহ = অহঃ + অহ
- পরস্পর = পর + পর।
- অন্যান্য = অন্য + অন্য।
- বনস্পতি = বন + পতি।
- পরিষ্কার = পরি + কার।
- পুরস্কার = পুরঃ + কার।
- পুনরায় = পুনঃ + আয়।
- দুরবস্থা = দুঃ + অবস্থা।
- আশীর্বাদ = আশীঃ + বাদ।
- মনীষা = মনস + ঈষা।
- যাচ্ছেতাই = যা + ইচ্ছা + তাই।
- সংবিধান = সম্ + বিধান।
- সংসার = সম্ + সার।
- সংবাদ = সম্ + বাদ।
- বিচ্ছেদ = বি + ছেদ
- জগদীশ = জগৎ + ঈশ
- দিগন্ত = দিক্ + অন্ত
- ষড়ানন = ষট্ + আনন
- তদবধি = তৎ + অবধি
- বিচ্ছিন্ন = বি + ছিন্ন
- তদ্ধিত = তদ্ + হিত
- উল্লাস = উৎ + লাস
- এদ্দূর = এত + দূর
- উদ্যোগ = উৎ + যোগ
- উন্নয়ন = উৎ + নয়ন
- মৃন্ময় = মৃৎ + ময়
- অলংকার = অলম্ + কার
- সংগীত = সম্ + গীত
- দংশন = দম্ + শন
- সংলাপ = সম্ + লাপ
- সঞ্চয় = সম্ + চয়
- ক্ষুৎপিপাসা = ক্ষুধ্ + পিপাসা
- ষষ্ঠ = ষষ্ + থ
- কাঁদুনি = কাঁদ + উনি
- চিরুনি = চির্ + উনি
- তাৎক্ষণিক = তৎক্ষণ + ইক
- রান্না = রাঁধ্ + না
- বৈঠক = বৈঠ + ক
- সদাশয় = সৎ + আশয়
- দর্শক = দৃশ্ + অক
- বর্জন = বৃজ্ + অন
- অধোগতি = অধঃ + গতি
- তপোবন = তপঃ + বন
- নীরস = নিঃ + রস
- দুর্নীতি = দুঃ + নীতি
- দুর্যোগ = দুঃ + যোগ
- নিশ্চয় = নিঃ + চয়
- শিরশ্ছেদ = শিরঃ + ছেদ
- ইতস্তত = ইতঃ + তত
- দুশ্চরিত্র = দুঃ + চরিত্র
- চতুষ্পদ = চতুঃ + পদ
- আশ্চর্য = আ + চর্য
- ষোড়শ = ষট্ + দশ
- নিরাময় = নিঃ + আময় (সূত্রঃ ভাষা শিক্ষা- হায়াৎ মামুদ)
- নিরাময় = নির্ + আময় (সূত্রঃ বাংলা একাডেমি বাংলা ব্যবহারিক অভিধান)

Job Navigator

MCQ Test

১) পরস্পর কাছাকাছি ধ্বনি বা বর্ণের মিলনকে বলে?
ক) সন্ধি খ) সমাস
গ) কারক ঘ) প্রত্যয় উত্তর: ক

২) সন্ধির প্রধান সুবিধা কি?
ক) উচ্চারণের সুবিধা খ) লেখার সুবিধা
গ) শোনার সুবিধা ঘ) পড়ার সুবিধা উত্তর: ক

৩) সন্ধির উদ্দেশ্য কোনটি?
ক) শব্দের মিলন খ) ধ্বনিগত মাধুর্য সৃষ্টি
গ) শব্দগত মাধুর্য সৃষ্টি ঘ) বর্ণের মিল উত্তর: খ

৪) কোন বাংলা পদের সাথে সন্ধি হয় না?
ক) বিশেষ্য খ) বিশেষণ
গ) ক্রিয়া ঘ) অব্যয় উত্তর: গ

৫) 'পরীক্ষা' সন্ধি বিচ্ছেদ কি হবে?
ক) পরী+ঈকা খ) পরি+ইক্ষা
গ) পরী+ঈক্ষা ঘ) পরি+ঈক্ষা উত্তর: ঘ

৬) 'রবীন্দ্র' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কি?
ক) রবি + ইন্দ্র খ) রবি + ঈন্দ্র
গ) রবী + ইন্দ্র ঘ) রবী + ঈন্দ্র উত্তর: ক

৭) 'পর্যালোচনা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ-
ক) পর্য+আলোচনা খ) পরি+আলোচনা
গ) পর্যা+আলোচনা ঘ) পর্যা+আলোচনা উত্তর: খ

৮) 'স্বাগত'এর সন্ধি বিচ্ছেদ কি?
ক) সু+আগত খ) স্বা+গত
গ) সু+গত ঘ) সা+আগত উত্তর: ক

৯) 'উল্লাস'-এর সন্ধি বিচ্ছেদ-
ক) উৎ+লাস খ) উদ+লাস
গ) উল+লাস ঘ) উঃ+লাস উত্তর: ক

১০) 'উন্নত' শব্দের সন্ধিবিচ্ছেদ হচ্ছে-
ক) উৎ+নীত খ) উৎ+নত
গ) উন্নী+ত ঘ) উন+নত উত্তর: খ

১১) 'দ্যুলোক' শব্দের যথার্থ সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) দ্যুঃ+লোক খ) দিব্+লোক
গ) দ্বি+লোক ঘ) দ্বি+লোক উত্তর: খ

১২) সচ্চরিত্র এর সন্ধি বিচ্ছেদ কি?
ক) সচ্চ + চরিত্র খ) সৎ + চরিত্র
গ) সচ + রিত্র ঘ) সৎ + চারিত্রিক উত্তর: খ

১৩) কোনটি 'নিরাময়' শব্দের সন্ধি বিচ্ছেদ?
ক) নিরা+ময় খ) নির+ময়
গ) নির+আময় ঘ) নিঃ+ময় উত্তর: গ

১৪) 'সংবাদ'-এর সন্ধিবিচ্ছেদ কি?
ক) সং+বাদ খ) সং+ আবাদ
গ) সম্+বাদ ঘ) সুম+বাদ উত্তর: গ

১৫) 'অলংকার' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কি?
ক) অলম্+কার খ) অলং+কার
গ) অ+লঙ্কার ঘ) অলঙ্ক+কার উত্তর: ক

১৬) 'দর্শনীয়' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক) দৃশ+অনীয় খ) দৃশ্য+অনীয়
গ) দৃশ্য+নীয় ঘ) দৃশ্য+নীয় উত্তর: ক

১৭) 'সাহচর্য' শব্দের শুদ্ধ গঠন কোনটি?
ক) সাহ+চর+র্য খ) সহচর+য-ফলা
গ) সহচর+য ঘ) সাহচর+য উত্তর: গ

১৮) 'প্রাতরাশ' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কি?
ক) প্রাত + রাশ খ) প্রাতঃ + আশ
গ) প্রাতঃ + রাশ ঘ) প্রাঃ+রাশ উত্তর: গ

১৯) 'অহরহ' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কি?
ক) অহঃ + রহ খ) অহ + রহ
গ) অহ + অহ ঘ) অহঃ+অহ উত্তর: গ

Job Navigator

৬. কারক বিভক্তি [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. 'পাপে বিরত থাকো'– কোন কারকে কোন বিভক্তি? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. অপাদানে ৭মী খ. করণ কারকে ৭মী
গ. অধিকরণে ৭মী ঘ. কর্ম কারকে ৭মী **উ. ক**

২. কোনটি সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তির উদাহরণ? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. ভিক্ষা দাও দেখিলে ভিক্ষুক খ. ভিক্ষা দাও দুয়ারে ভিক্ষুক
গ. ভিক্ষুককে ভিক্ষা দাও ঘ. কোনোটির নয় **উ. গ**

৩. সম্বন্ধ পদে কোন বিভক্তি যুক্ত হয়? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. কে, রে খ. প্রথমা, শূন্য
গ. র, এর ঘ. এ, তে **উ. গ**

৪. বিভক্তিহীন নাম শব্দকে বলে– *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. প্রাতিপদিক খ. সাধিত শব্দ
গ. নামপদ ঘ. ক্রিয়াপদ **উ. ক**

৫. 'আমার গানের মালা আমি করব কারে দান।" বাক্যটিতে 'কারে–' শব্দটির কারক ও বিভক্তি কোনটি? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. কর্তায় সপ্তমী খ. কর্মে সপ্তমী
গ. করণে সপ্তমী ঘ. অপাদানে সপ্তমী **উ. খ**

৬. উদ্যম বিহনে কার পুরে মনোরথ– এখানে 'উদ্যম বিহনে' কোন কারকে কোন বিভক্তি? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. কর্তৃকারকে ৭মী খ. অধিকরণে ৭মী
গ. অপাদানে ১ম ঘ. কর্মে ৭মী **উ. ঘ**

৭. 'পড়ায় আমার মন বসে না'- এখানে 'পড়ায়' কোন কারকে কোন বিভক্তি? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. কর্ম কারকে ৭মী বিভক্তি খ. অধিকরণ কারকে ৭মী বিভক্তি
গ. আপাদান কারকে ৭মী বিভক্তি
ঘ. করণ কারকে ৭মী বিভক্তি **উ. খ**

৮. 'গাড়ী 'স্টেশন' ছাড়ল- এখানে 'স্টেশন' কোন কারকে কোন বিভক্তি? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
ক. কর্মকারকের শূন্য বিভিক্তি খ. অধিকরণ কারকের শূন্য
গ. অপাদান কারকের শূন্য ঘ. করণ কারকের শূন্য **উ. গ**

৯. দোষী ছাত্রটিকে জরিমানা করা হয়েছে। –এখানে 'ছাত্রটিকে' কোন কারকে কোন বিভক্তি? *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. কর্তায় দ্বিতীয়া খ. করণে দ্বিতীয়া
গ. অধিকরণে দ্বিতীয়া ঘ. কর্মকারকে দ্বিতীয়া **উ. ঘ**

১০. কারক নির্ণয় করুন- লোভে পাপ পাপে মৃত্যু। *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. কর্মকারক খ. সম্প্রদান কারক
গ. অপাদান কারক ঘ. অধিকরণ কারক **উ. গ**

১১. 'গাড়ি স্টেশন ছাড়লো'- কোন কারক? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. অধিকরণ কারক খ. করণ কারক
গ. অপাদান কারক ঘ. কর্ম কারক **উ. গ**

স্কুল পর্যায়

১. 'পড়াশোনায় মন দাও' বাক্যে পড়াশোনায় শব্দটি কোন কারকে কোন বিভক্তি? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী **উ. ঘ**

২. "এবারের সংগ্রাম, স্বাধীনতার সংগ্রাম"– বাক্যটিতে স্বাধীনতার শব্দটি কোন কারকে কোন বিভক্তি? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. কর্মে ষষ্ঠী খ. নিমিত্তার্থে ষষ্ঠী
গ. করণে ষষ্ঠী ঘ. সম্প্রদানে ষষ্ঠী **উ. খ**

৩. 'পুকুরে মাছ আছে' – এখানে পুকুর কোন অধিকরণ কারক? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. বৈষয়িক অধিকরণ খ. ভাবাধিকরণ
গ. অভিব্যাপক অধিকরণ ঘ. ঐকদেশিক অধিকরণ **উ. ঘ**

৪. ভাবে সপ্তমীর উদাহরণ কোনটি? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. আমাদের সেনারা যুদ্ধে অপরাজেয়
খ. একদা প্রভাতে ভানুর প্রভাতে ফুটিল কমল কলি
গ. চন্দ্রোদয়ে কুমুদিনী বিকশিত হয়
ঘ. প্রভাতে উঠিল রবি লোহিত বরণ **উ. গ**

৫. 'পাহাড়ের ঢাল বেয়ে জল নামছে'– বাক্যে 'জল' কোন কারকে কোন বিভক্তি? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. কর্তৃকারকে ৭মী খ. কর্মকারকে শূন্য
গ. কর্তৃকারকে শূন্য ঘ. করণ কারকে শূন্য **উ. খ**

৬. 'তিলে তৈল হয়'– 'তিলে' কোন কারকে কোন বিভক্তি? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. কর্মকারকে ৭মী খ. অপাদান কারকে ৭মী
গ. করণ কারকে ৭মী ঘ. অধিকরণ কারকে ৭মী **উ. খ**

৭. 'পাপে বিরত থাকো' কোন কারকে কোন বিভক্তি? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. অপাদান কারকে সপ্তমী বিভক্তি
খ. করণ কারকে সপ্তমী বিভক্তি
গ. অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি
ঘ. কর্ম কারকে সপ্তমী বিভক্তি **উ. ক**

৮. 'ডাক্তার' ডাক' কোন কারকে কোন বিভক্তি? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. কর্তৃকারকে ষষ্ঠী বিভক্তি খ. কর্ম কারকে শূন্য বিভক্তি
গ. করণ কারকে শূন্য বিভক্তি ঘ. কর্তৃকারকে শূন্য বিভক্তি
উ. খ

৯. 'আকাশে চাঁদ উঠেছে'। এখানে 'আকাশে' কোন প্রকারের অধিকরণ? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. ভাবাধিকরণ খ. ঐকদেশিক অধিকরণ
গ. কালাধিকরণ ঘ. বৈষয়িক **উ. খ**

১০. 'জিজ্ঞাসিব জনে জনে'– এখানে 'জনে জনে' কোন কারকে কোন বিভক্তি? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. করণে ৭ম খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. খ

১১. ফুলে ফুলে ঘর ভরেছে। কোন কারকে কোন বিভক্তি? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. কর্ম কারকে সপ্তমী বিভক্তি
খ. আপাদান কারকে সপ্তমী বিভক্তি
গ. করণ কারকে সপ্তমী বিভিক্তি
ঘ. অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি উ. গ

১২. 'পরীক্ষা' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. পরী + ইক্ষা খ. পরি + ঈক্ষা
গ. পারী + ঈক্ষা ঘ. পরি + ইক্ষা উ. খ

স্কুল পর্যায়-২

১. 'গরুতে দুধ দেয়' বাক্যে 'গরুতে' কোন কারকে কোন বিভক্তি? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. করণে সপ্তমী খ. কর্তৃকারকে সপ্তমী
গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী উ. গ

২. 'অহঙ্কার পতনের মূল' বাক্যে 'অহঙ্কার' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য উ. খ

৩. 'তিলে তৈল হয়' বাক্যে 'তিলে' কোন কারক? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. কর্ম কারক খ. করণ কারক
গ. অপাদান কারক ঘ. অধিকরণ কারক উ. গ

৪. 'রেলগাড়িটি স্টেশন ছেড়েছে' বাক্যে 'স্টেশন' কোন কারকে কোন বিভক্তি? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. অপাদানে শূন্য খ. করণে শূন্য
গ. কর্তায় শূন্য ঘ. অধিকরণে শূন্য উ. ক

৫. বিভক্তি যুক্ত শব্দকে কী বলে? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. পদ খ. প্রাতিপদিক
গ. অক্ষর ঘ. বাক্য উ. ক

৬. অপ্রাণিবাচক শব্দের উত্তর-এ কোন বিভক্তি হবে? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. কে খ. রে
গ. তে ঘ. শূন্য উ. ঘ

৭. খিলিপান (এর ভিতরে) দিয়ে ওষুধ খাবে– কোন কারক? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. করণ কারক খ. অপাদান কারক
গ. অধিকরণ কারক ঘ. কর্ম কারক উ. গ

৮. সামীপ্য অর্থে কোন অধিকরণ হয়? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. অভিব্যাপক খ. আধারাধিকরণ
গ. ঐকদেশিক ঘ. কালাধিকরণ উ. খ

৯. 'আমি কি ডরাই সখী ভিখারি রাঘবে?'– 'রাঘবে' কোন কারক কোন বিভক্তি? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী
গ. করণে ৭মী ঘ. অপাদানে ৭মী উ. খ

১০. প্রাতিপদিক কী? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. সাধিত শব্দ খ. বিভক্তিযুক্ত শব্দ
গ. বিভক্তিহীন নাম শব্দ ঘ. প্রত্যয়যুক্ত শব্দ উ. গ

১১. 'ফুলে ফুলে ঘর ভরেছে'– কোন কারকে কোন বিভক্তি? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. কর্মে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. খ

১২. 'আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে'– এখানে 'রাঘবে' কোন কারকে কোন বিভক্তি? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. অপাদানে ৭মী খ. কর্তৃকারকে ৭মী
গ. অধিকরণে ৭মী ঘ. কর্মে ৭মী উ. খ

১৩. 'ভিখারিকে ভিক্ষা দাও'– কোন কারকে কোন বিভক্তি? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. কর্মে ৪র্থী খ. করণে ৪র্থী
গ. সম্প্রদানে ৪র্থী ঘ. অপাদানে ৪র্থী উ. গ

১৪. 'ফুলে ফুলে ঘর ভরেছে'– বাক্যে 'ফুলে ফুলে' কোন কারকে কোন বিভক্তি? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. কর্মে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. খ

১৫. আমার যাওয়া হয়নি– 'আমার' কোন কারকে কোন বিভক্তি? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. কর্মে শূন্য খ. কর্তায় শূন্য
গ. কর্তায় ষষ্ঠী ঘ. কর্মে ষষ্ঠী উ. গ

১৬. জল পড়ে, পাতা নড়ে– নিম্নরেখা শব্দটি কোন কারকে কোন বিভক্তি? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. কর্তায় শূন্য খ. অপাদানে শূন্য
গ. কর্মে শূন্য ঘ. করণে শূন্য উ. ঘ

১৭. 'অন্ধজনে দেহ আলো।' –বাক্যে 'অন্ধজনে' কোন কারকে কোন বিভক্তি? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. কর্মে ৭মী খ. কর্মে ২য়া
গ. সম্প্রদানে ৭মী ঘ. সম্প্রদানে ৪র্থী উ. গ

বিস্তারিত আলোচনা

❐ বিভক্তি নির্ণয়ের সহজ কৌশল

বাক্যের একটি শব্দের সঙ্গে আরেকটি শব্দের সম্পর্ক স্থাপনের জন্য শব্দগুলোর সঙ্গে কিছু শব্দাংশ যুক্ত করতে হয়। এই শব্দাংশগুলোকে বলা হয় বিভক্তি। যেমন- মা শিশু চাঁদ দেখা।

উপরের বাক্যটিতে কোন শব্দের সঙ্গে বিভক্তি যুক্ত করা হয়নি। ফলে বাক্যের শব্দগুলোর মধ্যে কোন সম্পর্ক সৃষ্টি হয়নি, এবং একটি বাক্যও হয়ে উঠতে পারেনি। এখন শিশু'র সঙ্গে কে বিভক্তি যুক্ত করে দেখা'র সঙ্গে ছেন' বিভক্তি যোগ করলে বাক্যটি হবে- মা শিশুকে চাঁদ

দেখাচ্ছেন। অর্থাৎ, শব্দগুলোর মধ্যে পারস্পরিক সম্পর্ক সৃষ্টির মাধ্যমে একটি বাক্য সম্পূর্ণ হলো এবং এখন আর এগুলো শব্দ নয়, এগুলো প্রত্যেকটি একেকটি পদ।

শব্দের সঙ্গে বিভক্তি যুক্ত হলে তখন সেগুলোকে বলা হয় পদ। বাক্যে বিভক্তি ছাড়া কোন পদ থাকে না বলে ধরা হয়। তাই কোন শব্দে কোন বিভক্তি যোগ করার প্রয়োজন না হলেও ধরে নেয়া হয় তার সঙ্গে একটি বিভক্তি যুক্ত হয়েছে এবং এই বিভক্তিটিকে বলা হয় শূন্য বিভক্তি। উপরের বাক্যটিতে 'মা' ও 'চাঁদ' শব্দ দুটির সঙ্গে কোন বিভক্তি যোগ করার প্রয়োজন হয়নি। তাই ধরে নিতে হবে এই শব্দ দুটির সঙ্গে শূন্য বিভক্তি যোগ হয়ে এগুলো বাক্যে ব্যবহৃত হয়েছে এবং এই দুটিও এখন পদ।

মৌলিক বাংলা শব্দ বিভক্তিগুলো হলো- শূন্য বিভক্তি (০), এ, য়, তে, কে, রে, র(এর)। তবে এছাড়াও কিছু কিছু অব্যয় শব্দ কারক সম্বন্ধ নির্ণয়ের জন্য ব্যবহৃত হয়। এগুলো হলো- দ্বারা, দিয়া, কর্তৃক, হতে, থেকে, চেয়ে, ইত্যাদি। বাংলা শব্দ বিভক্তি ৭ প্রকার-

বিভক্তির নাম	বিভক্তি
প্রথমা বা শূন্য বিভক্তি	০, অ, রা, গণ
দ্বিতীয়া বিভক্তি	কে, রে, ব্যাপিয়া
তৃতীয়া বিভক্তি	দ্বারা, দিয়া (দিয়ে), কর্তৃক
চতুর্থী বিভক্তি	কে*, রে*, নিমিত্ত, জন্য
পঞ্চমী বিভক্তি	হতে (হইতে), থেকে, চেয়ে
ষষ্ঠী বিভক্তি	র, এর
সপ্তমী বিভক্তি	এ, য়, তে

- দান, সেবা, ভক্তি অর্থে 'কে' অথবা 'রে' বিভক্তি যুক্ত হলে তা চতুর্থী বিভক্তি হবে। অর্থাৎ, চতুর্থী বিভক্তি শুধু সম্প্রদান কারকে যুক্ত হয়। নিচের উদাহরণগুলো লক্ষ করুন–

  'ভিক্ষুককে ভিক্ষা দাও' – সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি

  'আমাকে একটি বই দাও' – কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি

  'তোমারে টাকাটি ভিক্ষা দিলাম' – সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি

  'আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা' – কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি
- বচনভেদে বিভক্তির আকৃতি পরিবর্তিত হয়। তবে কোন বিভক্তি চিহ্নিত করার জন্য উপরের বিভক্তির তালিকাটি মনে রাখলেই চলবে।
- বিভক্তির নাম লেখার সময় কখনো সংক্ষিপ্ত আকারে লেখা যাবে না। অর্থাৎ দ্বিতীয়া বিভক্তিকে কখনোই ২য়া বিভক্তি লেখা যাবে না।
- বিভক্তির তালিকাটি ভালোভাবে আত্মস্থ করতে হবে, প্রয়োজন হলে মুখস্থ করতে হবে।
- শব্দ বিভক্তি – ৭ প্রকার।

❐ কারক

কারক শব্দের আক্ষরিক অর্থ 'যা ক্রিয়া সম্পাদন করে'। বাক্যের ক্রিয়াপদের সঙ্গে নামপদের সম্পর্ককে কারক বলে। অর্থাৎ, বাক্যের ক্রিয়াপদের সঙ্গে অন্যান্য পদের যে সম্পর্ক, তাকে কারক বলে। কারক ৬ প্রকার-

☞ ১. **কর্তৃকারক** : বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে, তাকে ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক বলে। ক্রিয়াকে 'কে/ কারা' দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, সেটিই কর্তৃকারক। (কর্মবাচ্য ও ভাববাচ্যের বাক্যে এই নিয়ম খাটবে না। সেক্ষেত্রে একটু সাবধানতা অবলম্বন করতে হবে।)
উদাহরণ- গরু ঘাস খায়। (কে খায়) : কর্তৃকারকে শূন্য বিভক্তি

☞ ২. **কর্ম কারক** : যাকে অবলম্বন করে কর্তা ক্রিয়া সম্পাদন করে, তাকে ক্রিয়ার কর্ম বা কর্মকারক বলে। ক্রিয়াকে 'কী/ কাকে' দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, সেটিই কর্মকারক। বাক্যে দুইটি কর্ম থাকলে বস্তুবাচক কর্মটিকে প্রধান বা মুখ্য কর্ম ও ব্যক্তিবাচক কর্মটিকে গৌণ কর্ম বলে। তবে দুইটি একই ধরনের কর্ম থাকলে প্রথম কর্মটিকে উদ্দেশ্য কর্ম ও দ্বিতীয়টিকে বিধেয় কর্ম বলে। যেমন- 'দুধকে মোরা দুগ্ধ বলি, হলুদকে বলি হরিদ্রা'। এখানে 'দুধ' ও 'হলুদ' উদ্দেশ্য কর্ম, 'দুগ্ধ' ও 'হরিদ্রা' বিধেয় কর্ম। কর্তা নিজে কাজ না করে কর্মকে দিয়ে কাজ করিয়ে নিলে তাকে প্রযোজক ক্রিয়ার কর্ম বলে। ক্রিয়াপদ ও কর্মপদ একই ধাতু থেকে গঠিত হলে তাকে সমধাতুজ কর্ম বলে। [ক্রিয়াপদ] উদাহরণ-

বাবা আমাকে একটি ল্যাপটপ কিনে দিয়েছেন। (কাকে দিয়েছেন? আমাকে। কী দিয়েছেন? ল্যাপটপ) : আমাকে- কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি (গৌণ কর্ম), ল্যাপটপ : কর্মকারকে শূন্য বিভক্তি (মুখ্য কর্ম)

ডাক্তার ডাক। (কাকে ডাক?) : কর্মকারকে শূন্য বিভক্তি

আমাকে একটা বই দাও। (কাকে দাও? আমাকে। কী দাও? বই) : আমাকে- কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি (গৌণ কর্ম), বই- কর্মকারকে শূন্য বিভক্তি (মুখ্য কর্ম)

আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা। (কাকে করিবে? আমারে) : কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি

তোমার দেখা নাই। (কার দেখা? তোমার) : কর্মকারকে ষষ্ঠী বিভক্তি

জিজ্ঞাসিবে জনে জনে। (কাকে জিজ্ঞাসিবে? জনে জনে) : কর্মকারকে সপ্তমী বিভক্তি

☞ ৩. **করণ কারক** : করণ শব্দের অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। যে উপাদান বা উপায়ে ক্রিয়া সম্পাদন করা হয়, তাকে করণ কারক বলে। ক্রিয়াকে 'কী দিয়ে/ কী উপায়ে' দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাই করণ কারক। উদাহরণ-

পিয়াল কলম দিয়ে লিখছে। (কী দিয়ে লেখে? কলম দিয়ে) : করণ কারকে তৃতীয়া বিভক্তি

কীর্তিমান হয় সাধনায়। (কী উপায়ে হয়? সাধনায়) : করণ কারকে সপ্তমী বিভক্তি

ডাকাতেরা গৃহকর্তার মাথায় লাঠি মেরেছে। (কী দিয়ে মেরেছে? লাঠি) : করণ কারকে শূন্য বিভক্তি

লাঙ্গল দিয়ে জমি চাষ করা হয়। (কী দিয়ে চাষ করা হয়? লাঙ্গল দিয়ে) : করণ কারকে তৃতীয়া বিভক্তি

মন দিয়ে পড়াশুনা কর। (কী উপায়ে/ দিয়ে কর? মন দিয়ে) : করণ কারকে তৃতীয়া বিভক্তি

ফুলে ফুলে ঘর ভরেছে। (কী দিয়ে ভরেছে? ফুলে ফুলে) : করণ কারকে সপ্তমী বিভক্তি

শিকারি বিড়াল গোঁফে চেনা যায়। (কী দিয়ে/ উপায়ে চেনা যায়? গোঁফে) : করণ কারকে সপ্তমী বিভক্তি

সাধনায় সব হয়। (কী উপায়ে সব হয়? সাধনায়) : করণ কারকে সপ্তমী বিভক্তি

এ সুতায় কাপড় হয় না। (কী দিয়ে হয় না? সুতায়) : করণ কারকে সপ্তমী বিভক্তি

☞ **৪. সম্প্রদান কারক :** যাকে স্বত্ব ত্যাগ করে কিছু দেয়া হয়, তাকে সম্প্রদান কারক বলে। 'কাকে দান করা হল' প্রশ্নের উত্তরই হলো সম্প্রদান কারক। সম্প্রদান কারকের নিয়ম অন্যান্য নিয়মের মতোই সংস্কৃত ব্যাকরণ থেকেই এসেছে। তবে অনেক বাংলা ব্যাকরণবিদ/ বৈয়াকরণ একে আলাদা কোন কারক হিসেবে স্বীকার করেন না। তারা একেও কর্ম কারক হিসেবেই গণ্য করেন। কর্মকারক ও সম্প্রদান কারকের বৈশিষ্ট্যও একই। কেবল স্বত্ব ত্যাগ করে দান করার ক্ষেত্রে কর্মকারক হিসেবে গণ্য না করে কর্মপদটিকে সম্প্রদান কারক হিসেবে গণ্য করা হয়। সম্প্রদান কারকে দ্বিতীয়া বিভক্তির বদলে চতুর্থী বিভক্তি যুক্ত হয়। চতুর্থী বিভক্তি আর কোথাও যুক্ত হয় না। অর্থাৎ, 'কে/ রে' বিভক্তি দুটি সম্প্রদান কারকের সঙ্গে থাকলে তা চতুর্থী বিভক্তি। অন্য কোন কারকের সঙ্গে থাকলে তা দ্বিতীয়া বিভক্তি। তবে কোথাও নিমিত্তার্থে 'কে' বিভক্তি যুক্ত হলে তা চতুর্থী বিভক্তি হয়। যেমন- বেলা যে পড়ে এল, জলকে চল। (নিমিত্তার্থে চতুর্থী বিভক্তি)। উদাহরণ-

ভিখারিকে ভিক্ষা দাও। (কাকে দান করা হল? ভিখারিকে।) : সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি

অসহায়কে খাদ্য দাও। (কাকে দান করা হল? অসহায়কে।) : সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি

অন্ধজনে দেহ আলো, মৃতজনে দেহ প্রাণ। (কাকে দান করা হল? অন্ধজনে।) : সম্প্রদান কারকে সপ্তমী বিভক্তি

সমিতিতে চাঁদা দাও। (কাকে দান করা হল? সমিতিতে।) : সম্প্রদান কারকে সপ্তমী বিভক্তি

☞ **৫. অপাদান কারক :** যা থেকে কোন কিছু গৃহীত, বিচ্যুত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত, রক্ষিত, ভীত হয়, তাকে অপাদান কারক বলে। অর্থাৎ, অপাদান কারক থেকে কোন কিছু বের হওয়া বোঝায়। 'কি হতে বের হল' প্রশ্নের উত্তরই অপাদান কারক। উদাহরণ-

গাছ থেকে পাতা পড়ে। (কী হতে বের হল/ পড়ল? গাছ থেকে) : অপাদান কারকে পঞ্চমী বিভক্তি

শুক্তি থেকে মুক্তি মেলে। (কী হতে বের হল? শুক্তি থেকে) : অপাদান কারকে পঞ্চমী বিভক্তি

জমি থেকে ফসল পাই। (কী হতে বের হল? জমি থেকে) অপাদান কারকে পঞ্চমী বিভক্তি

দেশ থেকে হায়েনারা চলে গেছে। (কী হতে বের হল? দে থেকে) : অপাদান কারকে পঞ্চমী বিভক্তি

বিপদ থেকে বাঁচাও। (কী হতে বাঁচাও? বিপদ হতে) : অপাদা কারকে পঞ্চমী বিভক্তি

বাঘকে ভয় পায় না কে? (কী হতে ভয় বের হল? বাঘ হতে অপাদান কারকে দ্বিতীয়া বিভক্তি

মনে পড়ে সেই জৈষ্ঠ্যের দুপুরে পাঠশালা পলায়ন। (কী হতে বের হল/ পলায়ন? পাঠশালা হতে) : অপাদান কারকে শূ বিভক্তি

বাবাকে বড্ড ভয় পাই। (কী হতে ভয় বের হয়? বাবা হতে : অপাদান কারকে দ্বিতীয়া বিভক্তি

তিনি চট্টগ্রাম থেকে এসেছেন। (কী হতে বের হয়েছেন এসেছেন? চট্টগ্রাম হতে) : অপাদান কারকে পঞ্চমী বিভক্তি

বিমান থেকে বোমা ফেলা হয়েছিলো। (কী হতে বের হল/ ফেল হল? বিমান হতে) : অপাদান কারকে পঞ্চমী বিভক্তি

☞ **৬. অধিকরণ কারক :** ক্রিয়া সম্পাদনের কাল এবং আধারকে (সময় এবং স্থানকে) অধিকরণ কারক বলে। ক্রিয়াকে 'কোথায় কখন/ কী বিষয়ে' দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাই অধিকরণ কারক। উদাহরণ-

পুকুরে মাছ আছে। (কোথায় আছে? পুকুরে) : অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি

বনে বাঘ আছে। (কোথায় আছে? বনে) : অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি

ঘাটে নৌকা বাঁধা আছে। (কোথায় বাঁধা আছে? ঘাটে) : অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি

রাজার দুয়ারে হাতি বাঁধা। (কোথায় বাঁধা? দুয়ারে) : অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি

সকালে সূর্য ওঠে। (কখন ওঠে? সকালে) : অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি

এ বাড়িতে কেউ নেই। (কোথায় কেউ নেই? বাড়িতে) : অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি

নদীতে পানি আছে। (কোথায় আছে? নদীতে) : অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি

রবিন অঙ্কে কাঁচা। (কী বিষয়ে কাঁচা? অঙ্কে) : অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি

সজিব ব্যাকরণে ভাল। (কী বিষয়ে কাঁচা? ব্যাকরণে) : অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি

ঘরের মধ্যে কে রে? (কোথায়? ঘরে) : অধিকরণ কারকে অনুসর্গ মধ্যে

বাড়ি থেকে নদী দেখা যায়। (কোথায় থেকে দেখা যায়? বাড়ি থেকে) : অধিকরণে পঞ্চমী বিভক্তি

* শেষ উদাহরণটিতে নদী বাড়ি থেকে বের হয়নি, তাই এটি অপাদান কারক নয়। নদী বাড়ি থেকেই দেখা যায়। অর্থাৎ ক্রিয়াটি বাড়িতেই ঘটছে, তাই এটি অধিকরণ কারক।

অধিকরণ কারকের প্রকারভেদ : অধিকরণ কারক ৩ প্রকার। যথা-
ক। ভাবাধিকরণ কারক
খ। কালাধিকরণ কারক
গ। আধারাধিকরণ কারক

ক। **ভাবাধিকরণ কারক :** যদি কোনো ক্রিয়াবাচক বিশেষ্য (ইংরেজিতে যাকে 'Gerund' বলা যায়) অন্য ক্রিয়ার কোনোরূপ ভাবের অভিব্যক্তি প্রকাশ করে (অর্থাৎ 'Gerund' এর মতো কাজ করে), তাকে ভাবাধিকরণ কারক বলে। যেমন-
কান্নায় শোক মন্দীভূত হয়।
সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়।

খ। **কালাধিকরণ কারক :** ক্রিয়া সম্পাদনের কাল বা সময়কে কালাধিকরণ কারক বলে। যেমন-
প্রভাতে সূর্য ওঠে।
সে *গতকাল* এসেছে।

গ। **আধারাধিকরণ কারক :** 'আধার' অর্থ 'স্থান'। যে কারক দ্বারা কোনো স্থানকে বোঝায়, তাকে আধারাধিকরণ কারক বলে।
আধারাধিকরণ কারক আবার তিন প্রকার। যথা- ১) ঐকদেশিক আধারাধিকরণ, ২) অভিব্যাপক আধারাধিকরণ, ৩) বৈষয়িক আধারাধিকরণ।

১) **ঐকদেশিক আধারাধিকরণ :** বিরাট বা বিশাল কোনো স্থানের সম্পূর্ণ অংশে ক্রিয়া সংঘটিত না হয়ে আংশিক বা একটি অংশে ক্রিয়া সংঘটিত হলে তাকে ঐকদেশিক আধারাধিকরণ বলে। যেমন-
আকাশে চাঁদ উঠেছে। (আকাশের কোনো এক অংশে)
বনে বাঘ আছে। (বনের যে কোনো এক অংশে)
পুকুরে মাছ আছে । (পুকুরের যে কোনো এক স্থানে)
নদীতে মাছ আছে । (নদীর যে কোনো এক স্থানে)

সামীপ্য বা নৈকট্য অর্থেও ঐকদেশিক আধারাধিকরণ হয়। যেমন-
রাজার *দুয়ারে* হাতি বাঁধা। (দুয়ারের কাছে)
ঘাটে নৌকা বাঁধা আছে। (ঘাটের কাছে)

২) *অভিব্যাপক আধারাধিকরণ :* উদ্দিষ্ট বস্তু যদি সমগ্র স্থানে বিরাজমান বা বিদ্যমান থাকে, তাকে অভিব্যাপক আধারাধিকরণ বলে। যেমন-
নদীতে পানি আছে। (নদীর সমস্ত অংশ ব্যাপ্ত করে)
তিলে তৈল আছে। (তিলের সারা অংশ ব্যাপী)

৩) **বৈষয়িক আধারাধিকরণ :** কোনো বিষয়ে বা ক্ষেত্রে দক্ষতা, অদক্ষতা বা ক্ষমতা বোঝালে তাকে বৈষয়িক আধারাধিকরণ বলে। যেমন-
কামাল *অঙ্কে* কাঁচা, কিন্তু *ব্যাকরণে* ভালো।
আমাদের সেনারা *সাহসে* দুর্জয়, *যুদ্ধে* অপরাজেয়।

অপাদান-অধিকরণ কারকের পার্থক্য

অপাদান ও অধিকরণ কারক আলাদা করতে গিয়ে অনেকেরই সমস্যা হয়। অপাদান ও অধিকরণ কারককে আলাদা করে চেনার সহজ উপায় হলো, অপাদান কারক থেকে কোনো কিছু বের হয় বোঝায়; কিন্তু অধিকরণ কারকের কোনো মাঝে বিদ্যমান আছে বোঝায়। আরো সহজভাবে বললে, কোনো কিছু থেকে বিয়োগ (-) বোঝালে অপাদান কারক; কিন্তু কোনো কিছুতে যোগ (+) হওয়া বোঝালে অধিকরণ কারক।

যেমন- 'তিলে থেকে তেল হয়'; 'তিলে তেল আছে'। প্রথম বাক্যে তিলের ভেতর ক্রিয়া সংঘটিত হয়নি; বরং তিল থেকে তেল বের হওয়ার কথা বোঝাচ্ছে। মানে বিয়োগ (-) হচ্ছে। আর দ্বিতীয় বাক্যে তিলের ভেতরই তিল থাকার কথা বলছে। এই 'আছে' ক্রিয়াটি তিলের ভেতরে থেকেই কাজ করছে। মানে যোগ (+) বোঝাচ্ছে। এরকম- 'ছাদ থেকে পানি পড়ে' (অপাদান); 'ছাদে পানি পড়ে' (অধিকরণ)। 'ঝিনুক থেকে মুক্তা মিলে' (অপাদান); 'ঝিনুকে মুক্তা আছে' (অধিকরণ)।
বিপদ থেকে বাঁচাও- অপাদান কারক
বিপদে বাঁচাও- অধিকরণ কারক
শুক্তি থেকে মুক্তি মেলে- অপাদান কারক
শুক্তিতে মুক্তি হয়- অধিকরণ কারক
জমি থেকে ফসল পাই- অপাদান কারক
জমিতে ফসল হয়- অধিকরণ কারক

একনজরে কারক নির্ণয়ের সহজ উপায়

- যদি প্রশ্ন করো কে, কারা- দেখা যাবে কর্তৃ যারা (কর্তৃকারক)।
- যদি প্রশ্ন করো কী, কাকে- দেখা যাবে কর্মটাকে (কর্মকারক)।
- দান, সেবা, ভক্তি- সম্প্রদানের শক্তি (সম্প্রদান কারক)।
- উৎপাদন, জাত, বিচ্যুত, ভয়- এগুলো অপাদান কারক হয় (অপাদান কারক)।
- যন্ত্র, উপকরণের সহায়ক- এগুলোকে করণ কারক কয় (করণ কারক)।
- যদি দেখো স্থান, কাল, পাত্র- ধরে নিবে অধিকরণের ছাত্র (অধিকরণ কারক)।

কারক ও বিভক্তি নিয়ে কিছু গুরুত্বপূর্ণ প্রশ্নোত্তর পড়ুন

প্রশ্নঃ 'ছেলেটিকে বিছানায় শোয়াও'- 'ছেলেটিকে' কোন কর্ম? **উত্তরঃ** প্রযোজক ক্রিয়ার কর্ম।

প্রশ্নঃ 'তিনি চোখে দেখেন না' -'চোখে' কোন কারক? **উত্তরঃ** করণ কারক।

প্রশ্নঃ 'জগতে কীর্তিমান হও সাধনায়।'-এখানে 'সাধনায়' শব্দটি কোন কারক ও কোন বিভক্তি? **উত্তরঃ** করণকারকে সপ্তমী।

প্রশ্নঃ কোনটি সম্প্রদান কারকে ৭মী বিভক্তির উদাহরণ ? **উত্তরঃ** দীনে দয়া কর।

প্রশ্নঃ 'মাঠে ধান ফলেছে।' বাক্যে 'মাঠে' কোন কারক? **উত্তরঃ** স্থানধিকরণ।

Job Navigator

প্রশ্নঃ 'কাননে কুসুমকলি সকলি ফুটিল'-এ বাক্যে 'কাননে' কোন কারক ও বিভক্তি? **উত্তরঃ** অধিকরণে সপ্তমী।

প্রশ্নঃ 'পড়াশোনায় মন দাও' - বাক্যে 'পড়াশোনায়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** অধিকরণে সপ্তমী।

প্রশ্নঃ 'ডাক্তার ডাক' - বাক্যে 'ডাক্তার' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** কর্মকারকে শূন্য।

প্রশ্নঃ 'অহঙ্কার পতনের মূল' - বাক্যে অহঙ্কার শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** করণে শূন্য।

প্রশ্নঃ শহরের লোকেরা গায়ে এসেছে- এ বাক্যে 'লোকেরা' কোন কারকে? **উত্তরঃ** কর্তৃকারক।

প্রশ্নঃ 'তিনি ব্যাকরণে পণ্ডিত।' - এ বাক্যে 'ব্যাকরণে' কোন কারক ও কোন বিভক্তি? **উত্তরঃ** অধিকরণ কারকে সপ্তমী।

প্রশ্নঃ 'তিলে তৈল হয়'- এ বাক্যে কোন কারকে কোন বিভক্তি বিদ্যমান? **উত্তরঃ** অপাদান কারকে সপ্তমী।

প্রশ্নঃ 'মেঘে বৃষ্টি হয়' - এখানে 'মেঘে' কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** অপাদান কারকে সপ্তমী।

প্রশ্নঃ কোনটি অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ? **উত্তরঃ** বাবা বাড়ি নেই।

প্রশ্নঃ 'ব্যায়ামে শরীর ভাল হয়' - বাক্যে 'ব্যায়ামে' শব্দটি কোন কারকে কোন্ বিভক্তি? **উত্তরঃ** করণ কারকে সপ্তমী।

প্রশ্নঃ টাকায় অসাধ্য সাধন হয় - বাক্যে 'টাকায়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** করণ কারকে সপ্তমী।

প্রশ্নঃ 'আধার' শব্দের অর্থ কী? **উত্তরঃ** স্থান।

প্রশ্নঃ নীল আকাশের নিচে আমি রাস্তা চলেছি একা। চিহ্নিত শব্দটির কারক ও বিভক্তি কোনটি ? **উত্তরঃ** করণে শূন্য।

প্রশ্নঃ 'রাজায় রাজায় লড়াই হয়।' - 'রাজায় রাজায়' পদটি কোন কারকে কোন বিভক্তি হয়? **উত্তরঃ** কর্তৃকারকে ৭মী বিভক্তি।

প্রশ্নঃ 'আমার গানের মালা আমি করব কারে দান' - 'মালা' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** করণকারকে শূন্য।

প্রশ্নঃ 'আমার গানের মালা আমি করব কারে দান' - 'কারে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** কর্মে সপ্তমী।

প্রশ্নঃ কর্তা যা দ্বারা ক্রিয়া সম্পাদন করে, তাকে বলে – **উত্তরঃ** করণকারক।

প্রশ্নঃ 'টাকায় কি না হয়'- 'টাকায়' কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** করণে ৭মী।

প্রশ্নঃ 'বেলা যে পড়ে এল জলকে চল।' - কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** নিমিত্তার্থে ৪র্থী।

প্রশ্নঃ 'অল্প শোকে কাতর' - বাক্যে 'শোকে' কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** করণ কারকে সপ্তমী।

প্রশ্নঃ 'করণ' শব্দটির অর্থ কি? **উত্তরঃ** সহায়ক।

প্রশ্নঃ 'আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা' -এ বাক্যে 'আমারে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** কর্মকারকে তীয়া।

প্রঃ কোনটি সম্প্রদানে সপ্তমীর উদাহরণ? **উত্তরঃ** অন্ধজনে দেহ লো।

প্রশ্নঃ 'আরেফ বই পড়ে' - বাক্যে 'বই' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** কর্মকারকে শূন্য।

প্রশ্নঃ 'বাবাকে বড় ভয় পাই।' -'বাবাকে' কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** অপাদানে দ্বিতীয়া।

প্রশ্নঃ ক্রিয়া পদের সাথে সম্বন্ধযুক্ত পদকে কী বলে? **উত্তরঃ** কারক।

প্রশ্নঃ 'বাঘে-মহিষে এক ঘাটে জল খায়'-'বাঘে মহিষে' কর্তৃকারকে প্রকারভেদে কোন কর্তার উদাহরণ? **উত্তরঃ** ব্যতিহার কর্তা।

প্রশ্নঃ অপ্রাণী বা ইতর প্রাণীবাচক শব্দের বহুবচনে কোন বিভক্তি যুক্ত হয় না? **উত্তরঃ** রা।

প্রশ্নঃ 'সর্বাঙ্গে ব্যাথা, ঔষধ দিব কোথা' -এই বাক্যে 'ঔষধ' শব্দ কোন কারকে কোন বিভক্তির উদাহরণ? **উত্তরঃ** কর্মকারকে শূন্য।

প্রশ্নঃ 'ঘরেতে ভ্রমর এল গুণগুণিয়ে'- 'ঘরেতে' কোন কারক? **উত্তরঃ** অধিকরণে সপ্তমী।

প্রশ্নঃ 'শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে' - বাক্যে 'পাঠে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** অধিকরণে সপ্তমী।

প্রশ্নঃ 'বসন্তে ফুল ফোটে' - 'বসন্তে' কোন কারক? **উত্তরঃ** অধিকরণ কারক।

প্রশ্নঃ অনেক বৈয়াকরণ কোন কারক স্বীকার করেন না? **উত্তরঃ** সম্প্রদান।

প্রশ্নঃ 'যখন পড়বে না মোর পায়ের চিহ্ন' - বাক্যে 'পায়ের' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** করণ কারকে ষষ্ঠী।

প্রশ্নঃ 'ছেলেরা ক্রিকেট খেলে' - বাক্যে 'ক্রিকেট' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** কর্মে শূন্য।

প্রশ্নঃ যে বিশেষ্য বা সর্বনাম ক্রিয়া সম্পন্ন করে তাকে কোন কারক বলে? **উত্তরঃ** কর্তৃকারক।

প্রশ্নঃ 'বাড়ি থেকে নদী দেখা যায়' - বাক্যে 'বাড়ি' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** অধিকরণ কারকে শূন্য বিভক্তি।

প্রশ্নঃ 'হালিমা ফুল তুলছে' - এ বাক্যে 'ফুল' কোন কারক? **উত্তরঃ** কর্মকারক।

প্রশ্নঃ নিচের কোনটি কর্তৃকারকে ৭মী বিভক্তির উদাহরণ? **উত্তরঃ** গায়ে মানে না আপনি মড়ল।

প্রশ্নঃ 'জল পড়ে পাতা নড়ে' - এখানে 'জল ও পাতা' কোন কারক-বিভক্তি? **উত্তরঃ** কর্মে শূন্য।

প্রশ্নঃ সম্বন্ধ পদে কোন বিভক্তি যুক্ত হয়ে থাকে? **উত্তরঃ** 'র' বা 'এর'।

প্রশ্নঃ ভাইয়ে ভাইয়ে বেশ মিল - বাক্যে ভাইয়ে ভাইয়ে কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** কর্তায় ৭মী।

প্রশ্নঃ একই ধাতু থেকে ক্রিয়া ও কর্ম গঠিত হলে তাকে কী কর্ম বলে? **উত্তরঃ** সমধাতুজ কর্ম।

প্রশ্নঃ 'প্রভাতে উদল রবি লোহিত বরণ' - বাক্যে প্রভাতে শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** অধিকরণে ৭মী।

প্রশ্নঃ 'আমি কাল বাড়ি যাব।' 'আমি' কোন কারকে কোন বিভক্তি? **উত্তরঃ** কর্তৃকারকে ১মা।

প্রশ্নঃ 'নদীতে মাছ ধরা সহজ নয়।'- এখানে 'নদীতে' পদটি কোন কারক ও কোন বিভক্তি? **উত্তরঃ** অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি।

প্রশ্নঃ 'আষাঢ়ে বৃষ্টি নামে' - বাক্যে 'আষাঢ়ে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** অধিকরণে সপ্তমী।

প্রশ্নঃ 'তিনি চোখে দেখেন না।' - এখানে 'চোখে' কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** করণ কারকে সপ্তমী।

প্রশ্নঃ 'আমার যাওয়া হয়নি' - বাক্যের 'আমার' কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** কর্তায় ষষ্ঠী।

প্রশ্নঃ 'সব ঝিনুকে মুক্তা মিলে না'- বাক্যে 'ঝিনুকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** অপাদানে ৭মী।

প্রশ্নঃ কোনটি সম্প্রদান কারকের উদাহরণ? **উত্তর:** 'অন্ধজনে' দেহ আলো।

প্রশ্নঃ 'বনে ফুল ফোটে' - 'বনে' কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি।

প্রশ্নঃ অধিকরণ কারকে পঞ্চমী বিভক্তির উদাহরণ- **উত্তর:** বাড়ি থেকে নদী দেখা যায়।

প্রশ্নঃ 'ফুলে মালা গাঁথা' - এখানে 'ফুলে' কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** করণ কারকে সপ্তমী বিভক্তি।

প্রশ্নঃ 'শুক্রবার স্কুল বন্ধ' - বাক্যে 'স্কুল' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** কর্মে শূন্য।

প্রশ্নঃ 'শুক্রবার স্কুল বন্ধ' - বাক্যে 'শুক্রবার' কোন কারকে কোন বিভক্তি? **উত্তর:** অধিকরণ কারকে শূন্য বিভক্তি।

প্রশ্নঃ নিচের কোনটি ঐকদেশিক অধিকরণের উদাহরণ? **উত্তর:** আকাশে চাঁদ উঠেছে।

প্রশ্নঃ বাঁশি বাজে- 'বাঁশি' কোন কর্তা? **উত্তর:** কর্ম-কর্তৃবাচ্যের কর্তা

প্রশ্নঃ 'আকাশে তো আমি রাখি নাই মোর উড়িবার ইতিহাস'- এই বাক্যে 'আকাশে' শব্দটি কোন কারকে কোন বিভক্তির উদাহরণ? **উত্তর:** অধিকরণে কারকে সপ্তমী।

পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে–

☞ ছেলেরা বল খেলে - ছেলেরা কী খেলে? উত্তর- বল খেলে। আমরা জানি, বল একটি উপকরণ তাই এটি হবে করণ কারক।
ছাত্ররা ক্রিকেট খেলে - ছাত্ররা কী খেলে? উত্তর- ক্রিকেট খেলে। এখানে ক্রিকেট একটি খেলার নাম, কিন্তু কোন উপকরণ নয় তাই এটি কর্ম কারক।

☞ ছাদে পানি পড়ে - ছাদ একটি জায়গা, তাই এটি অধিকরণ কারক।
ছাদ থেকে পানি পড়ে - ছাদ থেকে পানি বিচ্যুত হচ্ছে, সেহেতু ছাদ এখানে অপাদান কারক। আমরা জানি বিচ্যুত বুঝালে অপাদান কারক হয়।

☞ তিলে তৈল হয় - সেহেতু তিল থেকে তৈল উৎপন্ন হয় সেজন্য সেটি হবে অপাদান কারক। আমরা জানি, উৎপন্ন বুঝাতে অপাদান কারক হয়।
তিলে তৈল আছে - যেহেতু তিলের ভিতরে তৈল আছে, অর্থাৎ একটি স্থানকে নির্দেশ করছে। তাই এটি অধিকরণ কারক।

☞ টাকায় টাকা আনে - টাকা থেকে যেহেতু আরো টাকা উৎপন্ন করে, সেহেতু এটি অপাদান কারক। আমরা জানি, উৎপন্ন বুঝাতে অপাদান কারক হয়।
টাকায় কী না হয় - যেহেতু টাকার দ্বারা সব হয় বুঝানো হয়েছে। এখানে টাকা একটি উপকরণ, যার দ্বারা সবকিছু হয় বুঝানো হয়েছে, সুতরাং এটি করণ কারক।
টাকায় অসাধ্য সাধন হয় - যেহেতু টাকার দ্বারা অসাধ্য সাধন করা হয়। এখানে টাকা একটি উপকরণ, যার দ্বারা সবকিছু হয় বুঝানো হয়েছে, সুতরাং এটি করণ কারক।

☞ ডাক্তার ডাক - যেহেতু ডাক্তারকে আমি না ডেকে অন্যজনে ডাকবে। অর্থাৎ আমি অন্যের মাধ্যমে কাজটি সম্পন্ন করব, সে কারণে এটি হবে কর্ম কারক।
আমাকে যেতে হবে - যেহেতু আমি নিজে যাব, আমাকেই কাজটি করতে হবে। সুতরাং এটি কর্তৃকারক।

MCQ Test

১. **'কারক' (কৃ+ণ্বুক) শব্দটির অর্থ?**
ক. যা পদকে সম্পাদন করে
খ. যা পদ ও সমাসকে সম্পাদন করে
গ. যা ক্রিয়া সম্পাদন করে
ঘ. যা সমাস সম্পাদন করে **উ. গ**

২. **বাক্যের প্রতিটি শব্দের সাথে অন্বয় সাধনের জন্য যে সকল বর্ণ যুক্ত হয় তাদের কী বলে?**
ক. কারক খ. বিভক্তি
গ. সমাস ঘ. সম্বন্ধ পদ **উ. খ**

৩. **বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে কোন পদের সম্পর্ককে কারক বলে?**
ক. বিশেষণ পদের খ. অব্যয় পদের
গ. নাম পদের ঘ. ক্রিয়া বিশেষণ পদের **উ. গ**

৪. **'বুলবুলিতে ধান খেয়েছে' এই বাক্যের বুলবুলিতে' শব্দে কোন কারকে ও কোন বিভক্তি রয়েছে?**
ক. করণে ৭মী খ. অধিকরণে ৭মী
গ. কর্তৃকারকে ৭মী ঘ. অপাদানে ৭মী **উ. গ**

৫. **'আমাকে যেতে হবে'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
ক. কর্তৃকারকে দ্বিতীয়া খ. কর্মে দ্বিতীয়া
গ. করণে দ্বিতীয়া ঘ. অপাদানে দ্বিতীয়া **উ. ক**

৬. **'সকলকে মরতে হবে' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
ক. কর্তৃকারকে দ্বিতীয়া খ. কর্মকারকে দ্বিতীয়া
গ. অপাদানে দ্বিতীয়া ঘ. অধিকরণে দ্বিতীয়া **উ. ক**

৭. **দশে মিলে করি কাজ – বাক্যে 'দশে' কোন কারকে কোন বিভক্তি?**
ক. কর্তৃকারকে ২য়া খ. সম্প্রদান কারকে ৭মী
গ. কর্তৃকারকে ৭মী ঘ. কর্তৃকারকে ৪র্থী **উ. গ**

৮. 'তাকে দিয়ে কিছু হবে না' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তৃকারকে দ্বিতীয়া খ. কর্মে দ্বিতীয়া
গ. করণে দ্বিতীয়া ঘ. অধিকরণে দ্বিতীয়া উ. ক

৯. কর্তৃকারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি?
ক. ছাগলে কিনা খায় খ. টাকায় টাকা আনে
গ. আরেফ বই পড়ে ঘ. ডাক্তার ডাক উ. গ

১০. কোনটি কর্তৃকারকে সপ্তমী বিভক্তির উদাহরণ :
ক. কোদালে মাটি কাটব খ. জাহাজ চট্টগ্রাম ছাড়ল
গ. সাপের হাসি বেদে চেনে ঘ. আমারে তুমি রক্ষা করো উ. ঘ

১১. 'লোভে পাপ, পাপে মৃত্যু' - কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে শূন্য খ. কর্মে সপ্তমী
গ. কর্তায় সপ্তমী ঘ. অপাদানে সপ্তমী উ. ঘ

১২. 'গুণহীনে ত্যাগ কর' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৭মী খ. অধিকরণে ৭মী
গ. সম্প্রদানে ৭মী ঘ. অপাদানে ৭মী উ. ক

১৩. কর্তা যা দ্বারা ক্রিয়া সম্পাদন করেন তাকে বলে–
ক. করণ কারক খ. কর্মকারক
গ. অপাদান কারক ঘ. কর্তৃকারক উ. ক

১৪. 'কালির দাগ দাও' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অধিকরণে শূন্য খ. অপাদানে শূন্য
গ. করণে ষষ্ঠী ঘ. কর্মে ২য়া উ. গ

১৫. 'জগতে কীর্তিমান হও সাধনায়' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় ৭মী খ. কর্মে ২য়া
গ. অধিকরণে ৭মী ঘ. করণে ৭মী উ. ঘ

১৬. আলোয় আঁধার কাটে – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অধিকরনে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. কর্তায় ৭মী উ. খ

১৭. ব্যায়ামে শরীর ভাল থাকে– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে ৭মী খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. ক

১৮. 'অহঙ্কার পতনের মূল' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য উ. খ

১৯. 'তিনি চোখে দেখেন না' -বাক্যে 'চোখে' কোন কারক?
ক. করণ কারক খ. অপাদান কারক
গ. সম্প্রদান কারক ঘ. অধিকরণ কারক উ. ক

২০. অল্প শোকে কাতর – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তৃকারকে ২য়া খ. করণ কারকে ৭মী
গ. অপাদান কারকে ৭মী ঘ. অধিকরণ কারকে ৭মী উ. খ

২১. 'যখন পড়বে না মোর পায়ের চিহ্ন।' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মকারকে দ্বিতীয়া খ. করণ কারকে ষষ্ঠী
গ. অপাদান কারকে ষষ্ঠী ঘ. অধিকরণ কারকে ষষ্ঠী উ. খ

২২. 'ছাত্ররা বল খেলে' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. অপাদানে পঞ্চমী ঘ. সম্প্রদানে শূন্য উ. খ

২৩. 'নীল আকাশের নিচে আমি রাস্তা চলেছি একা' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. সম্প্রদানে শূন্য উ. খ

২৪. 'টাকায় কি না হয়' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে ৭মী খ. কর্মে শূন্য
গ. করণে ৭মী ঘ. কর্তায় ২য়া উ. গ

২৫. 'টাকায় অসাধ্য সাধন হয়' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মকারকে সপ্তমী খ. করণ কারকে সপ্তমী
গ. অধিকরণ কারকে সপ্তমী ঘ. অপাদান কারকে সপ্তমী উ. খ

২৬. নিচের কোন বাক্যে করণ কারকে শূন্য বিভক্তি ব্যবহৃত হয়েছে?
ক. ঘোড়াকে চাবুক মার খ. ডাক্তার ডাক
গ. গাড়ি স্টেশন ছেড়েছে ঘ. মুষলধারে বৃষ্টি পড়ছে উ. ক

২৭. 'আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়' – বাক্যে 'ছলনে' কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে সপ্তমী খ. অধিকরণে সপ্তমী
গ. অপাদানে সপ্তমী ঘ. কর্মে সপ্তমী উ. ক

২৮. 'ফুলে ফুলে ঘর ভরেছে' – কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে প্রথমা খ. অপাদানে সপ্তমী
গ. করণে সপ্তমী ঘ. করণে শূন্য উ. গ

২৯. 'অন্ধজনে দেহ আলো' – এখানে 'অন্ধজনে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে সপ্তমী খ. কর্তৃকারকে শূন্য
গ. সম্প্রদানে সপ্তমী ঘ. করণে সপ্তমী উ. গ

৩০. 'তোমার পূজার ছলে তোমায় ভুলেই থাকি' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. সম্প্রদানে ৬ষ্ঠী খ. কর্মে ৭মী
গ. সম্প্রদানে ৭মী ঘ. অপাদানে ৬ষ্ঠী উ. ক

৩১. 'গুরুজনে ভক্তি কর।' – 'গুরুজনে' কোন কারক?
ক. কর্তৃকারক খ. করণ কারক
গ. কর্মকারক ঘ. সম্প্রদান কারক উ. ঘ

৩২. 'সব ঝিনুকে মুক্তা মিলে না' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় দ্বিতীয়া খ. অপাদানে ৭মী
গ. কর্মে দ্বিতীয়া ঘ. অধিকরণে ৭মী উ. খ

৩৩. 'সাদা মেঘে বৃষ্টি হয় না' – এখানে 'মেঘে' কোন কারক
ক. কর্মকারক খ. অপাদান কারক
গ. সম্প্রদান কারক ঘ. অধিকরণ কারক উ. খ

৩৪. নিচের বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? পরাজয়ে ডরে না বীর।
ক. কর্মে ২য়া খ. করণে ৭মী
গ. অপাদানে ৫মী ঘ. অপাদানে ৭মী উ. ঘ

৩৫. 'টাকায় টাকা হয়' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. গ

৩৬. 'আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে?' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ২য়া খ. অপাদানে ৭মী
গ. করণে ৭মী ঘ. অপাদানে ৫মী উ. খ

৩৭. 'গাড়ী স্টেশন ছাড়ল' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য উ. গ

৩৮. 'যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যা হয়।' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে ষষ্ঠী খ. কর্মে ষষ্ঠী
গ. অপাদানে সপ্তমী ঘ. করণে শূন্য উ. ক

৩৯. 'পাপে বিরত হও' – পাপে কোন কারকে কোন বিভক্তি :
ক. কর্মকারকে তৃতীয়া খ. অপাদান কারকে শূন্য
গ. অপাদান কারকে সপ্তমী ঘ. অধিকরণ কারকে সপ্তমী উ. গ

৪০. 'বিপদে মোরে রক্ষা কর এ নহে মোর প্রার্থনা'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে সপ্তমী খ. অপাদানে পঞ্চমী
গ. অপাদানে সপ্তমী ঘ. কর্তায় শূন্য উ. গ

৪১. অধিকরণ কারক কত প্রকার?
ক. দুই প্রকার খ. তিন প্রকার
গ. চার প্রকার ঘ. পাঁচ প্রকার উ. খ

৪২. 'কান্নায় শোক কমে' – বাক্যে 'কান্নায়' কোন কারক?
ক. করণ কারক খ. অপাদান কারক
গ. সম্প্রদান কারক ঘ. অধিকরণ কারক উ. ঘ

৪৩. 'আজকে নগদ কালকে ধার' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে ২য়া খ. অধিকরণে ২য়া
গ. কর্মে শূন্য ঘ. করণে ২য়া উ. খ

৪৪. 'কাননে কুসুম কলি সকলি ফুটিল'– এই বাক্যে 'কাননে' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে সপ্তমী খ. করণে শূন্য
গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী উ. ঘ

৪৫. অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি?
ক. আমার আহারে রুচি নাই খ. আগামীকাল বাড়ি যাব
গ. আকাশ মেঘে আচ্ছন্ন ঘ. কাজে অবসর নিলাম উ. খ

৪৬. 'নেহাল অঙ্কে খুব কাঁচা' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. ঘ

৪৭. 'আষাঢ়ে বৃষ্টি নামে' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. ঘ

৪৮. 'পড়াশোনায় মন দাও' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী উ. ঘ

৪৯. 'পাতায় পাতায় পড়ে নিশির শিশির' – 'পাতায় পাতায়' কোন কারকে কোন বিভক্তি?
ক. অধিকরণে ষষ্ঠী খ. অধিকরণে ৭মী
গ. অপাদানে ষষ্ঠী ঘ. অপাদানে ৭মী উ. খ

৫০. 'শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অধিকরণে সপ্তমী খ. অপাদানে পঞ্চমী
গ. কর্মে সপ্তমী ঘ. অধিকরণে পঞ্চমী উ. ক

৫১. 'বাড়ি থেকে নদী দেখা যায়' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় সপ্তমী খ. অধিকরণে পঞ্চমী
গ. কর্মে দ্বিতীয়া ঘ. অপাদানে শূন্য উ. খ

৫২. 'হৃদয় আমার নাচেরে আজিকে' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে ৭মী খ. অধিকরণে ২য়া
গ. কর্মে ষষ্ঠী ঘ. করণে ২য়া উ. খ

৫৩. ভাবাধিকরণের উদাহরণ কোনটি সঠিক?
ক. বাড়ি থেকে নদী দেখা যায় খ. আমি ঢাকায় যাই
গ. সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয় ঘ. তিলে তৈল আছে উ. গ

৫৪. 'ধর্মে তোমার মতি হোক' – বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে সপ্তমী খ. কর্মে সপ্তমী
গ. কর্তৃকারকে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী উ. ঘ

৫৫. 'খনিতে সোনা পাওয়া যায়'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে ৭মী খ. কর্মে ৭মী
গ. অধিকরণে ৭মী ঘ. কর্তায় ৭মী উ. গ

৫৬. 'তিনি ব্যাকরণে পণ্ডিত'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. করণে ৭মী খ. কর্মে ৭মী
গ. অধিকরণে ৭মী ঘ. অপাদানে ৭মী উ. গ

৫৭. 'আকাশে তো আমি রাখিনাই মোর উড়িবার ইতিহাস'– এই বাক্যে 'আকাশে' শব্দটি কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?
ক. কর্তৃকারকে সপ্তমী খ. কর্মকারকে সপ্তমী
গ. অপাদান কারকে তৃতীয়া ঘ. অধিকরণ কারকে সপ্তমী উ. ঘ

৭. সমাস ও প্রত্যয় বিন্যাস [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

(ক) সমাস

কলেজ পর্যায়

(ক) সমাস

১. সমাসবদ্ধ পদ কোনটি? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. আকাশ খ. ছাড়পত্র
গ. মৃত্তিকা ঘ. সাগর
উ. খ

২. কোনটি ব্যতিহার বহুব্রীহি সমাস এর উদাহরণ? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. চিরসুখী খ. দশানন
গ. গায়েহলুদ ঘ. কানাকানি
উ. ঘ

৩. কোনটি 'উপপদ তৎপুরুষের' উদাহরণ? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. ছেলেধরা খ. প্রতিবাদ
গ. বিলাতফেরত ঘ. উপগ্রহ
উ. ক

৪. 'কৃতবিদ্য' শব্দের ব্যাসবাক্য কোনটি? [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. কৃত যে বিদ্য খ. কৃত যে বিদ্যা
গ. কৃত বিদ্যা যার ঘ. কৃত হয়েছে যার বিদ্যা
উ. গ

৫. কোন সমাসে পরপদের অর্থ প্রধান থাকে? [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. অব্যয়ীভাব খ. বহুব্রীহি
গ. দ্বন্দ্ব ঘ. কর্মধারয়
উ. ঘ

৬. 'অনেক' শব্দটি– [১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. অলুক তৎপুরুষ খ. উপপদ তৎপুরুষ
গ. ন্ এ্ঞ তৎপুরুষ ঘ. নিত্য সমাস
উ. গ

৭. কোনটি নিত্য সমাসের উদাহরণ? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. অন্যগৃহ খ. মিলের অভাব
গ. স্ত্রীর অভাব ঘ. প্রকৃষ্ঠ গতি
উ. ক

৮. 'উপকণ্ঠ' শব্দটির সঠিক ব্যাসবাক্য কোনটি? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. কণ্ঠের সমীপে খ. কণ্ঠের সদৃশ
গ. উপ যে কণ্ঠ ঘ. কণ্ঠ পর্যন্ত
উ. ক

৯. কোন তৎপুরুষ সমাস? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. ভালোমন্দ খ. মধুমাখা
গ. যথাসাধ্য ঘ. সত্যনিষ্ঠ
উ. খ

১০. কোনটি দ্বিগু সমাস? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. সপ্তাহ খ. পরিভ্রমণ
গ. আমরণ ঘ. মনগড়া
উ. ক

১১. নতুন শব্দ গঠন করে- [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. সন্ধি ও সমাস খ. সন্ধি ও কারক
গ. সমাস ও পদ ঘ. প্রত্যয় ও পুরুষ
উ. ক

১২. 'বীণাপাণি' কোন সমাস? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. দ্বন্দ্ব সমাস খ. কর্মধারয় সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. বহুব্রীহি সমাস
উ. ঘ

১৩. সমাস নির্ণয় করুন- 'ধানের ক্ষেত' - [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ষষ্ঠী তৎপুরুষ খ. বহুব্রীহি
গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব
উ. ক

১৪. সমাস নির্ণয় করুন- বেআইনি [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. অব্যয়ীভাব খ. নঞ তৎপুরুষ
গ. উপপদ তৎপুরুষ ঘ. নিত্য সমাস
উ. খ

১৫. কোন সমাসে উভয়পদই বিশেষ্য? [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. দ্বন্দ্ব সমাস খ. কর্মধারয় সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. প্রাদি সমাস
উ. ক

১৬. 'বীণাপাণি' কোন সমাস? [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. বহুব্রীহি খ. অব্যয়ীভাব
গ. কর্মধারয় ঘ. তৎপুরুষ
উ. ক

১৭. অব্যয়ীভাব সমাসে 'অব্যয়' পদের অর্থ– [৯ম কলেজ নিবন্ধন-২০১৩]
ক. পরিবর্তিত হয় খ. প্রধান থাকে
গ. সংকুচিত হয় ঘ. বৃদ্ধি ঘটে
উ. খ

১৮. তৎপুরুষ সমাসে কোন পদ প্রধান? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. পরপদ খ. পূর্বপদ
গ. উভয়পদ ঘ. অন্যপদ
উ. ক

১৯. কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাস? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. গুরুদেব খ. মৌমাছি
গ. মহাজন ঘ. কাঁচামিঠে
উ. খ

২০. সংখ্যাবাচক শব্দ পূর্বে বসে সমষ্টি বা সমাহার বা মিলন বোঝালে কোন সমাস হয়? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. অব্যয়ীভাব খ. দ্বিগু
গ. বহুব্রীহি ঘ. কর্মধারয়
উ. খ

২১. যে সকল পদের সমন্বয়ে সমাস হয় তাকে কি বলে? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. সমস্ত পদ খ. সমস্যমান পদ
গ. পূর্বপদ ঘ. উভয়পদ
উ. খ

২২. সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয় তাকে বলা হয়– [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. উপমান কর্মধারয় খ. উপমিত কর্মধারয়
গ. রূপক কর্মধারয় ঘ. ইতিহাসবেত্তা
উ. খ

২৩. 'লঙ্কা বাটা' এর সঠিক ব্যাস বাক্য কোনটি? [৮ম কলেজ নিবন্ধন-২০১২]
ক. লঙ্কা ও বাটা খ. যা লঙ্কা তাই বাটা
গ. লঙ্কার বাটা ঘ. বাটা যে লঙ্কা
উ. খ

২৪. 'তেপান্তর' কোন সমাসের উদাহরণ? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. দ্বিগু খ. অব্যয়ীভাব
গ. নিত্য সমাস ঘ. বহুব্রীহি
উ. খ

২৫. উপপদের সাথে কৃদন্ত পদের যে সমাস হয় তাকে কোন সমাস বলে? [৭ম কলেজ নিবন্ধন-২০১১]
ক. উপমান খ. উপমিত
গ. কর্মধারয় ঘ. উপপদ তৎপুরুষ
উ. খ

২৬. কোনটি 'বহুব্রীহি' সমাসের উদাহরণ? *[৭ম কলেজ নিবন্ধন ২০১১]*
ক. নিমনা খ. সজ্জন
গ. প্রভাত ঘ. নির্বিঘ্ন **উ. ক**

২৭. প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয়— *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. রূপক খ. উপমান
গ. উপমিত ঘ. উপমেয় **উ. ঘ**

২৮. 'কাচামিঠা' এর সঠিক ব্যাসবাক্য কোনটি? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. কাঁচা ও মিঠা খ. যা কাঁচা তাই মিঠা
গ. কাঁচা হয়েও মিঠা ঘ. কাঁচা যে মিঠা **উ. খ**

২৯. সমাস নিষ্পন্ন পদকে কি বলে? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. সমাসমান পদ খ. সমস্ত পদ
গ. ব্যাসবাক্য ঘ. উত্তর পদ **উ. খ**

৩০. দ্বিগু সমাসে কোন পদ প্রধান? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. পরপদ খ. পূর্বপদ
গ. উভয় পদ ঘ. অন্য পদ **উ. ক**

৩১. 'নবপৃথিবী'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. নব ও পৃথিবী খ. নব পৃথিবী যার
গ. নব পৃথিবীর ন্যায় ঘ. নব যে পৃথিবী **উ. ঘ**

৩২. সমাসের রীতি কোন ভাষা থেকে আগত? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. আরবি খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. ইংরেজি **উ. গ**

৩৩. সমাস শব্দের অর্থ কি? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. বিশ্লেষণ খ. সংক্ষেপণ
গ. সংযোজন ঘ. সংশ্লেষণ **উ. খ**

৩৪. 'মনমাঝি'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. মন ও মাঝি খ. মন মাঝির ন্যায়
গ. মনরূপ মাঝি ঘ. মন যে মাঝি **উ. গ**

৩৫. 'গায়ে হলুদ' কোন সমাসের উদাহরণ? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. তৎপুরুষ সমাস খ. কর্মধারয় সমাস
গ. বহুব্রীহি সমাস ঘ. দ্বন্দ্ব সমাস **উ. গ**

৩৬. কোনটি 'উপপদ তৎপুরুষের' উদহারণ? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. প্রতিবাদ খ. বিলাত ফেরত
গ. উপগ্রহ ঘ. ছেলেধরা **উ. ঘ**

স্কুল পর্যায়

(ক) সমাস

১. 'কালান্তর' শব্দটির ব্যাসবাক্য কোনটি? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. অন্যকাল খ. ক্ষুদ্রকাল
গ. কালের অন্তর ঘ. কাল ও অন্তর **উ. ক**

২. 'মুজিববর্ষ' কোন সমাস? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. দ্বন্দ্ব সমাস খ. দ্বিগু সমাস
গ. কর্মধারয় সমাস ঘ. অব্যয়ীভাব সমাস **উ. গ**

৩. 'বীণাপাণি' সমস্ত পদটি কোন সমাস? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. ব্যধিকরণ বহুব্রীহি খ. ব্যতিহার বহুব্রীহি
গ. মধ্যপদলোপী বহুব্রীহি ঘ. অলুক বহুব্রীহি **উ. ক**

৪. কোনটি রূপক কর্মধারয় সমাস? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. কর কমল খ. কালস্রোত
গ. কর পল্লব ঘ. কচুকাটা **উ. খ**

৫. 'অরুণরাঙা' কোন সমাস নিষ্পন্ন সমস্ত পদ? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. উপমিত কর্মধারয় খ. রূপক কর্মধারয়
গ. অলুক তৎপুরুষ ঘ. উপমান কর্মধারয় **উ. খ**

৬. নীলাম্বর কোন সমাস? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. দ্বন্দ্ব খ. তৎপুরুষ
গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব **উ. গ**

৭. 'সিংহপুরুষ' কোন সমাস? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. উপমান কর্মধারয় খ. উপপদ তৎপুরুষ
গ. উপমিত কর্মধারয় ঘ. অব্যয়ীভাব **উ. গ**

৮. 'মৌমাছি' কোন সমাস? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. কর্মধারয় সমাস খ. বহুব্রীহি সমাস
গ. দ্বিগু সমাস ঘ. অব্যয়ীভাব সমাস **উ. ক**

৯. পূর্বপদ প্রধান সমাস কোনটি? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. দ্বন্দ্ব খ. অব্যয়ীভাব
গ. তৎপুরুষ ঘ. বহুব্রীহি **উ. খ**

১০. কোনটি নিত্য সমাস? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. কলেছাঁটা খ. ভবনদী
গ. জয়ধ্বনি ঘ. জলমাত্র **উ. খ**

১১. নিচের কোনটি প্রত্যয়যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. বাঁদী খ. সভানেত্রী
গ. জেলেনী ঘ. পেত্নী **উ. গ**

১২. নিচের কোনটি নিত্য সমাস? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. পদ্মনদ খ. বেয়াদব
গ. দেশান্তর ঘ. ভালমন্দ **উ. গ**

১৩. সমাসের রীতি কোন ভাষা থেকে আগত? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. আরবি খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. ইংরেজি **উ. গ**

১৪. কোন সমাসে সাধারণ ধর্মের উল্লেখ থাকে না? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. উপমিত কর্মধারয় খ. মধ্যপদলোপী কর্মধারয়
গ. উপমান কর্মধারয় ঘ. রূপক কর্মধারয় **উ. ক**

১৫. অলুক দ্বন্দ্ব সমাস সাধিত শব্দ কোনটি? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. দুধে-ভাতে খ. মাতাপিতা
গ. কমবেশি ঘ. সাত-পাঁচ **উ. ক**

১৬. সমাসের রীতি কোন ভাষা হতে আগত? *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*
ক. আরবি খ. সংস্কৃত
গ. ফারসি ঘ. ইংরেজি **উ. খ**

১৭. উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি? *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*
ক. মুখচন্দ্র খ. ক্রোধানল
গ. তুষারশুভ্র ঘ. মনমাঝি **উ. গ**

১৮. 'আশীবিষ' কোন সমাসের উদাহরণ? *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. বহুব্রীহি সমাস খ. দ্বিগু সমাস
গ. দ্বন্দ্ব সমাস ঘ. নিত্য সমাস **উ. ক**

১৯. সমাস সাধিত পদ কোনটি? *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. চাষী খ. মানব
গ. দম্পতি ঘ. বোনাই **উ. গ**

২০. 'গরমিল'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. মিল ও অমিল খ. অমিলের সদৃশ
গ. মিলের অভাব ঘ. গর ও মিল উ. গ

২১. নিচের কোনটি দ্বিগু সমাসের সমস্ত পদ? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. সাতসমুদ্র খ. প্রতিদিন
গ. নীলকণ্ঠ ঘ. মুখেভাত উ. ক

২২. যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটি পদকে কী বলে? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. ব্যাসবাক্য খ. সমস্যমান পদ
গ. সমস্তপদ ঘ. উত্তরপদ উ. খ

২৩. ব্যাসবাক্যের অপর নাম কী? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. বিগ্রহ বাক্য খ. উত্তরপদ
গ. পূর্বপদ ঘ. সমস্ত পদ উ. ক

২৪. 'মহাকীর্তি'-এর সঠিক ব্যাসবাক্য কোনটি? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. মহতী যে কীর্তি খ. মহা যে কীর্তি
গ. মহান যে কীর্তি ঘ. মহান কীর্তি যার উ. ক

২৫. নিচের কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. নির্জন খ. পঞ্চবটী
গ. দেশান্তর ঘ. অনুতাপ উ. ক

২৬. 'পকেটমার' কোন সমাসের উদাহরণ? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. পঞ্চমী তৎপুরুষ খ. উপপদ তৎপুরুষ
গ. প্রাদি সমাস ঘ. বহুব্রীহি সমাস উ. খ

২৭. পূর্বপদ বিশেষণ ও পরপদ বিশেষ্য হলে কোন বহুব্রীহি সমাস হয়? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. সমানাধিকরণ খ. প্রত্যয়ান্ত
গ. ব্যাধিকরণ ঘ. ব্যতিহার উ. ক

২৮. "যৌবন সূর্য" কোন সমাস? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. মধ্যপদলোপী কর্মধারয় সমাস খ. দ্বন্দ্ব সমাস
গ. ষষ্ঠী তৎপুরুষ সমাস ঘ. রূপক কর্মধারয় সমাস উ. ঘ

২৯. কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. আপাদমস্তক খ. কথাসর্বস্ব
গ. হতশ্রী ঘ. অল্পবয়সী উ. ক

৩০. ব্যাসবাক্যের অন্তর্গত প্রত্যেকটি পদকে কি বলে? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. পূর্বপদ খ. পরপদ
গ. সমস্ত পদ ঘ. সমস্যমান পদ উ. ঘ

৩১. সংখ্যাবাচক শব্দ পূর্বপদে বসে কোন সমাস হয়? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. বহুব্রীহি সমাস খ. তৎপুরুষ সমাস
গ. দ্বিগু সমাস ঘ. কর্মধারয় সমাস উ. গ

স্কুল পর্যায়-২

(ক) সমাস

১. সমাস শব্দের অর্থ কী? ? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. সংক্ষেপণ খ. সমন্বয়
গ. দুর্বোধ্য ঘ. ভাষান্তরকরণ উ. ক

২. 'তপোবন' কোন সমাস? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. দ্বন্দ্ব সমাস খ. চতুর্থী তৎপুরুষ সমাস
গ. প্রাদি সমাস ঘ. বহুব্রীহি সমাস উ. ঘ

৩. সমাস গঠন প্রক্রিয়ায় সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটির নাম কী? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. সমস্যমান পদ খ. সমস্তপদ
গ. ব্যাসবাক্য ঘ. উত্তরপদ উ. খ

৪. 'সিংহাসন' কোন সমাস? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. দ্বন্দ্ব সমাস খ. মধ্যপদলোপী কর্মধারয়
গ. মধ্যপদলোপী বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব সমাস উ. খ

৫. 'কালসাপ' কোন সমাস? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. নিত্য সমাস খ. দ্বন্দ্ব সমাস
গ. বহুব্রীহি সমাস ঘ. কর্মধারয় সমাস উ. ক

৬. কোনটি প্রাদি সমাসের উদাহরণ? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. গৃহস্থ খ. ছা-পোষা
গ. শতাব্দী ঘ. প্রগতি উ. ঘ

৭. কানে কানে যে কথা = কানাকানি– এখানে কানাকানি কোন ধরনের বহুব্রীহি সমাস? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. সমানাধিকরণ বহুব্রীহি খ. ব্যতিহার বহুব্রীহি
গ. ব্যাধিকরণ বহুব্রীহি ঘ. মধ্যপদলোপী বহুব্রীহি উ. ঘ

৮. কৃদন্ত পদের সাথে উপপদের যে সমাস হয় তাকে কী বলে? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. উপপদ তৎপুরুষ খ. উপমান কর্মধারয়
গ. উপমিত কর্মধারয় ঘ. নিত্য সমাস উ. ক

৯. 'অন্তরীপ' সমস্তপদটি কোন বহুব্রীহি সমাসের অন্তর্গত? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. প্রত্যয়ান্ত বহুব্রীহি খ. সংখ্যাবাচক বহুব্রীহি
গ. নিপাতনে সিদ্ধ বহুব্রীহি ঘ. ব্যাধিকরণ বহুব্রীহি উ. গ

১০. কোনটি নিত্য সমাসের সমস্তপদ? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. সেতার খ. প্রত্যহ
গ. গ্রামান্তর ঘ. সহোদর উ. গ

১১. 'সংখ্যাবাচক' শব্দের সাথে বিশেষ্যপদের যে সমাস হয়, তাকে কী সমাস বলে? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. দ্বন্দ্ব খ. দ্বিগু
গ. কর্মধারয় ঘ. বহুব্রীহি উ. খ

১২. ব্যাসবাক্যের অপর নাম কী? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. যৌগিক বাক্য খ. বিগ্রহ বাক্য
গ. সমস্ত পদ ঘ. সমস্যামান পদ উ. খ

১৩. 'চাঁদের ন্যায় মুখ' = চাঁদমুখ' কোন প্রকার কর্মধারয় সমাস? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. রূপক খ. উপমিত
গ. উপমান ঘ. মধ্যপদলোপী উ. খ

১৪. 'চৌচালা' কোন সমাসের উদাহরণ? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. বহুব্রীহি খ. দ্বিগু
গ. তৎপুরুষ ঘ. কর্মধারয় উ. ক

১৫. সমাসের রীতি কোন ভাষা হতে বাংলায় এসেছে? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. হিন্দি খ. সংস্কৃত
গ. প্রাকৃত ঘ. ইংরেজি উ. খ

১৬. ব্যতিহার কর্তার উদাহরণ কোনটি? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. ছেলেরা ফুটবল খেলছে খ. মুষলধারে বৃষ্টি পড়ছে
গ. বাঘে-মহিষে এক ঘাটে জল খায়
ঘ. শিক্ষক ছাত্রদের ব্যাকরণ পড়াচ্ছেন উ. গ

১৭. 'রাজপথ'-এর ব্যাসবাক্য কোনটি হবে? [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. পথের রাজা খ. রাজার পথ
গ. রাজা নির্মিত পথ ঘ. রাজাদের পথ উ. ক

১৮. 'উপভাষা' কোন সমাসের উদাহরণ? [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. তৎপুরুষ সমাস খ. কর্মধারয় সমাস
গ. অব্যয়ীভাব সমাস ঘ. বহুব্রীহি সমাস উ. গ

বিস্তারিত আলোচনা

সমাস প্রাইমারি শিক্ষক নিয়োগ পরীক্ষাসহ যেকোনো প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য খুবই গুরুত্বপূর্ণ একটি টপিক। কিন্তু প্রচলিত বইগুলোতে এই টপিকটি খুব কঠিনভাবে উপস্থাপন করা হয়েছে। তাই অনেকের কাছে 'সমাস' অনেক কঠিন একটি বিষয়। হয়তো সেজন্য স্কুলে যখন 'সমাস' পড়ানো হত, তখন স্যারেরা একটু দুষ্টুমি করেই বলতেন 'সমাস' শিখতে নাকি ছয় মাস লাগে! যদিও কথাটি দুষ্টুমির ছলে বলা, কিন্তু কথাটি অনেকাংশেই সত্যি। ৬ মাস তো দূরে থাক ৬ বছরেও শিখা হলো না কোনটা কোন সমাস। আজ আমরা প্রচলিত বইয়ের প্রথাগত নিয়মের বাইরে গিয়ে একটু ভিন্ন ভাবে সহজভাবে 'সমাস' শিখার চেষ্টা করব।

- **সমাস :** সমাস শব্দের অর্থ সংক্ষেপ, মিলন, একাধিক পদের একপদীকরণ। অর্থাৎ, সম্বন্ধ আছে এমন একাধিক শব্দের মিলিত হয়ে একটি নতুন শব্দ তৈরির ব্যাকরণ সম্মত প্রক্রিয়াকেই বলা হয় সমাস। মূলত, সমাসে একটি বাক্যাংশ একটি শব্দে পরিণত হয়। সমাসের রীতি বাংলায় এসেছে সংস্কৃত ভাষা থেকে। বাক্যে শব্দের ব্যবহার কমানোর উদ্দেশ্যে সমাস ব্যবহার করা হয়।

উল্লেখ্য যে, সমাস অর্থ সম্বন্ধপূর্ণ একাধিক শব্দের মিলন। আর সন্ধি পাশাপাশি অবস্থিত দুইটি ধ্বনির মিলন। অর্থাৎ, শব্দের মিলনে সমাস হয় আর ধ্বনির মিলনে সন্ধি হয়।

সমাস ভালোভাবে বোঝার জন্য আগে সমাসের কয়েকটি টার্মস জানা খুবই জরুরি। এগুলো হলো-

- **সমস্ত পদ :** সমাসের প্রক্রিয়ায় সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটির নাম সমস্ত পদ। অর্থাৎ, ব্যাসবাক্য থেকে সমাসের মাধ্যমে যে নতুন শব্দ তৈরি হয়, তাকে বলা হয় সমস্ত পদ।
- **সমস্যমান পদ :** সমস্ত পদ বা সমাসবদ্ধ পদটির অন্তর্গত পদগুলোকে সমস্যমান পদ বলে। অর্থাৎ, ব্যাসবাক্যের যে সব শব্দ সমস্ত পদে অন্তর্গত থাকে, সমস্ত পদের সেই শব্দগুলোকে একসাথে সমস্যমান পদ বলে।
- **পূর্বপদ:** সমস্ত পদের প্রথম অংশ বা শব্দকে পূর্বপদ বলে। অর্থাৎ, সমস্ত পদের প্রথম সমস্যমান পদটিই পূর্বপদ।
- **পরপদ বা উত্তরপদ :** সমস্ত পদের শেষ অংশ বা শব্দকে পরপদ বা উত্তরপদ বলে। অর্থাৎ, সমস্ত পদের শেষ সমস্যমান পদটিই পরপদ।
- **ব্যাসবাক্য:** সমস্ত পদকে ভেঙ্গে যে বাক্যাংশ হয়, তার নাম ব্যাসবাক্য। অর্থাৎ, যে বাক্যাংশ থেকে সমাসের মাধ্যমে নতুন শব্দ তৈরি হয়, তাকে বলা হয় ব্যাসবাক্য। ব্যাসবাক্যকে সমাসবাক্য বা বিগ্রহবাক্যও বলা হয়। যেমন- সিংহ চিহ্নিত আসন = সিংহাসন।

এখানে ব্যাসবাক্য হলো- 'সিংহ চিহ্নিত আসন'। আর সমস্ত পদ হলো 'সিংহাসন'। সমস্যমান পদ হলো 'সিংহ' আর 'আসন'। এদের মধ্যে 'সিংহ' পূর্বপদ, আর 'আসন' পরপদ।

আবার, আমিষের অভাব = নিরামিষ। এখানে, পূর্বপদ 'নিঃ' বা অভাব। আর পরপদ হলো 'আমিষ'।

উল্লেখ্য যে, কিছু সমস্ত পদ এমন আছে, যেসব সমস্ত পদ কয়েকভাবে ভেঙে কয়েক ধরনের ব্যাসবাক্য তৈরি করা যেতে পারে। তাই এক্ষেত্রে সঠিক ব্যাসবাক্যও কয়েক ধরনের হতে পারে। সেক্ষেত্রে ব্যাসবাক্য অনুযায়ী সেটি কোন সমাস তা নির্ণয় করতে হবে। যেমন: বিদ্যাসাগর= বিদ্যা রূপ সাগর (রূপক কর্মধারয় সমাস); বিদ্যাসাগর= বিদ্যার সাগর (ষষ্ঠী তৎপুরুষ সমাস)।

তবে খেয়াল রাখতে হবে, ব্যাসবাক্যের সঙ্গে সমস্ত পদের অর্থসঙ্গতি যেন ঠিক থাকে। যেমন, 'বিপদে আপন্ন = বিপদাপন্ন', এই সমাসটি এভাবে ভাঙলে তা ভুল হবে। এটা করতে হবে 'বিপদকে আপন্ন = বিপদাপন্ন'।

সমাসের প্রকারভেদ: সমাস প্রধানত ৬ প্রকার- দ্বন্দ্ব সমাস, কর্মধারয় সমাস, তৎপুরুষ সমাস, বহুব্রীহি সমাস, দ্বিগু সমাস ও অব্যয়ীভাব সমাস। তবে অনেকেই দ্বিগু সমাসকে কর্মধারয় সমাসের অন্তর্ভুক্ত মনে করে থাকেন। আবার অনেকে কর্মধারয় সমাসকে তৎপুরুষ সমাসের অন্তর্ভুক্ত করে থাকেন। সমস্যমান পদের অর্থ প্রাধান্য বিবেচনা করে তারা এই মত দিয়ে থাকেন। সমস্যমান পদ বা পূর্বপদ-পরপদের অর্থ প্রাধান্য বিবেচনা করলে সমাস মূলত ৪ প্রকার- দ্বন্দ্ব সমাস, তৎপুরুষ সমাস, বহুব্রীহি সমাস ও অব্যয়ীভাব সমাস। এছাড়াও কিছু অপ্রধান সমাস রয়েছে। যেমন- প্রাদি, নিত্য, অলুক ইত্যাদি।

আমরা চাইলে একটি ছন্দের দ্বারা এই ৬ প্রকার সমাসের ব্যাসবাক্যের মাধ্যমে সহজে চিহ্নিত করতে পারি।

- ও, এবং, আর মিলে যদি হয় **দ্বন্দ্ব**
- সমাহারে **দ্বিগু** হলে নয় সেটা মন্দ।
- যে, যিনি, তিনি যদি হয় **কর্মধারয়**
- যাহার বাক্যের শেষে থাকলে তাকে **বহুব্রীহি** কয়।
- বিভক্তি লোপ পেলে যদি **তৎপুরুষ** হয়।
- বিভক্তি না লোপ পেলে তাকে **অলুক** কয়।
- তবে ব্যয়হীন পদটি সব সময় **অব্যয়ী** হয়।

[বি.দ্র: **'যে'** যদি ব্যাসবাক্যের মাঝখানে থাকে, তাহলে সেটি 'কর্মধারয়' সমাস হবে। কিন্তু **'যে'** যদি ব্যাসবাক্যের শেষে থাকে, তাহলে সেটি 'উপপদ তৎপুরুষ' সমাস হবে। যেমন, নীলাকাশ= নীল যে আকাশ (কর্মধারয় সমাস)। পকেটমার= পকেট মারে যে (উপপদ তৎপুরুষ সমাস)।

⇨ সমাসের বিস্তারিত আলোচনা

১ দ্বন্দ্ব সমাস : চেনার উপায়- ব্যাসবাক্যে 'ও' 'এবং', 'আর' থাকবে। উভয় পদের অর্থ প্রাধান্য পাবে।

সমীকরণ : সমজাতীয় পদ + ও + সমজাতীয় পদ।

[এখানে সমজাতীয় পদ মানে প্রথম পদটি বিশেষ্য হলে শেষের পদটিও বিশেষ্যে হবে; অনুরূপভাবে প্রথমটি পদটি বিশেষণ, সর্বনাম বা ক্রিয়া হলে যথাক্রমে শেষের পদটিও বিশেষণ, সর্বনাম বা ক্রিয়া হবে।]

উদাহরণ : মাতা + ও + পিতা = মাতাপিতা [বিশেষ্য+ও+বিশেষ্য]; ভালো + ও + মন্দ = ভালো-মন্দ [বিশেষণ+ও+বিশেষণ]; যা + ও + তা = যা-তা [সর্বনাম+ও+সর্বনাম]; দেখা + ও + শোনা = দেখা-শোনা [ক্রিয়া+ও+ ক্রিয়া]।

☞ **অলুক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসে কোনো সমস্যমান পদের বিভক্তি লোপ পায় পায় না তাকে অলুক দ্বন্দ্ব সমাস বলে।

অলুক দ্বন্দ্ব সমাস চেনার সহজ উপায়: পূর্বপদে 'ে' থাকবে এবং পরপদেও 'ে' থাকবে; কিন্তু সমস্তপদে 'ে-কার' লোপ পাবে না। অর্থাৎ পূর্বপদ এবং পরপদ উভয়পদেরই বিভক্তি অপরিবর্তিত থাকবে।

উদাহরণ: দুধে-ভাতে = দুধে-ভাতে; জলে-স্থলে = জলে-স্থলে; দেশে-বিদেশে = দেশে-বিদেশে; হাতে-কলমে = হাতে-কলমে।

বহুপদী দ্বন্দ্ব সমাস চেনার সহজ উপায়: 'বহু' মানে অনেক বা বেশি। সুতরাং, যে দ্বন্দ্ব সমাসে তিন বা তারও বেশি পদ বা শব্দ থাকবে সেটাই বহুপদী দ্বন্দ্ব সমাস। যেমন: সাহেব, বিবি ও গোলাম = সাহেব-বিবি-গোলাম, হাত, পা, নাক ও চোখ = হাত-পা-নাক-চোখ।

☞ **বিভিন্ন অর্থবোধক দ্বন্দ্ব সমাস:**

১. **মিলনার্থক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসের দুটি শব্দ দ্বারা মিলন বোঝাবে, তাকে মিলনার্থক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: মা-বাবা, চাচা-চাচি, মাসি-পিসি, জ্বিন-পরি, চা-বিস্কুট ইত্যাদি।

২. **সমার্থক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসের দুটি শব্দ দ্বারা সমার্থক বোঝাবে, তাকে সমার্থক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: হাট-বাজার, ঘর-দুয়ার, কল-কারখানা, খাতা-পত্র ইত্যাদি।

৩. **বিরোধার্থক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসের দুটি শব্দ দ্বারা বিরোধ বোঝাবে, তাকে বিরোধার্থক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: দা-কুমড়া, অহি-নকুল, স্বর্গ-নরক, আকাশ-পাতাল ইত্যাদি।

৪. **বিপরীতার্থক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসের দুটি শব্দ দ্বারা বিপরীত অর্থ বোঝাবে, তাকে বিপরীতার্থক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: আয়-ব্যয়, জমা-খরচ, লাভ-লোকসান, বড়-ছোট, ছেলে-বুড়ো ইত্যাদি।

৫. **প্রায় সমার্থক ও সহচর দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসের দুটি শব্দ দ্বারা প্রায় সমার্থক অর্থ বোঝাবে কিন্তু পুরোপুরি সমার্থক বলা যায় না, তাকে প্রায় সমার্থক ও সহচর দ্বন্দ্ব সমাস বলে। যেমন: ধূতি-চাদর, কাপড়-চোপড়, পোকা-মাকড়, দয়া-মায়া ইত্যাদি।

৬. **অঙ্গবাচক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসের দুটি শব্দ দ্বারা শরীরের কোনো অঙ্গকে বোঝাবে, তাকে অঙ্গবাচক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: বুক-পিঠ, হাত-পা, নাক-কান মাথা-মুণ্ড ইত্যাদি।

৭. **সংখ্যাবাচক দ্বন্দ্ব সমাস:** যে দ্বন্দ্ব সমাসের দুটি শব্দ দ্বারা সংখ্যা বোঝাবে, তাকে সংখ্যাবাচক দ্বন্দ্ব সমাস বলে। যেমন: উনিশ-বিশ, সাত-পাঁচ ইত্যাদি।

৮. **দুটি সর্বনামযোগে দ্বন্দ্ব সমাস:** এই ধরনের দ্বন্দ্ব সমাস সর্বনামবাচক (Pronoun) শব্দযোগে গঠিত হয়। যেমন: তিনি, যে-সে, যা-তা, তুমি-আমি ইত্যাদি।

৯. **দুটি বিশেষণযোগে দ্বন্দ্ব সমাস:** এই ধরনের দ্বন্দ্ব সমাস বিশেষণবাচক (Adjective) শব্দযোগে গঠিত হয়। যেমন: ভালো-মন্দ, আসল-নকল, নরম-গরম, কম-বেশি ইত্যাদি।

১০. **দুটি ক্রিয়াযোগে দ্বন্দ্ব সমাস:** এই ধরনের দ্বন্দ্ব সমাস দুটি ক্রিয়াবাচক (Verb) শব্দযোগে গঠিত হয়। যেমন: চলা-ফেরা, দেখা-শোনা, আসা-যাওয়া ইত্যাদি।

১১. **দুটি ক্রিয়া বিশেষণযোগে দ্বন্দ্ব সমাস:** এই ধরনের দ্বন্দ্ব সমাস দুটি ক্রিয়া বিশেষণ (Adverb) শব্দযোগে গঠিত হয়। যেমন: ধীরে-সুস্থে, আকারে-ইঙ্গিতে, আগে-পিছে ইত্যাদি।

দ্বন্দ্ব সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ: দম্পতি = জায়া ও পতি; অহিনকুল = অহি ও নকুল; জমাখরচ = জমা ও খরচ; ভাই-বোন = ভাই ও বোন; হাটবাজার = হাট ও বাজার (সমার্থক শব্দ); আলোছায়া = আলো ও ছায়া।

২ কর্মধারয় সমাস : **চেনার উপায়:** খুব বেশি আসে পড়ুক এখান থেকে। কর্মধারয় সমাসে "যে/যে-সে/যিনি-তিনি/যারা" শব্দগুলো থাকবেই। যেমন: 'চালাকচতুর' এটি কোন সমাস 'চালাকচতুর' মানে যে চালাক সে চতুর; তাহলে এখানে 'যে' আছে, অতএব এটি কর্মধারয় সমাস। 'জজসাহেব' এটি কোন সমাস 'জজসাহেব' মানে যিনি জজ তিনি সাহেব; তাহলে এখানে 'যিনি তিনি' কথাটি আছে, অতএব এটি কর্মধারয় সমাস।

কর্মধারয় সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : নীলাম্বর= যে অম্বর; নীলাকাশ= নীল যে আকাশ; কদাচার= কু যে আচার; সুখবর= সু যে খবর; খাসমহল= খাস যে মহল; হারামণি= হারিয়ে যে মণি; মহাকীর্তি= মহতী যে কীর্তি; কাঁচা-মিঠা= যা কাঁচা তা মিঠা; নরাধম= অধম যে নর; শ্বেতবস্ত্র= শ্বেত যে বস্ত্র; নবান্ন= নব যে অন্ন

তবে কর্মধারয় সমাস ৪ প্রকার আছে। যথাঃ (১.) মধ্যপদলোপী কর্মধারয়, (২.) উপমান কর্মধারয়, (৩.) উপমিত কর্মধারয় ও (৪.) রূপক কর্মধারয়।

(১.) মধ্যপদলোপী কর্মধারয় : মূলত এই ৪ প্রকার থেকেই এ বেশি হয়। প্রথমেই আসুন মধ্যপদলোপী কর্মধারয় সমা চিনি। নামটা খেয়াল করুন, 'মধ্যপদলোপী'। মানে মধ্য অর্থাৎ মাঝখানের পদটা লোপ পাবে, মানে চলে যাবে। সহ করে বললে হয়, যেখানে মাঝখানের পদটা চলে যায় সেটা মধ্যপদলোপী কর্মধারয় সমাস। যেমনঃ 'সিংহাসন' কে সমাস? সিংহাসন মানে 'সিংহ চিহ্নিত যে আসন'। তাহ দেখুন, এখানে 'সিংহ চিহ্নিত যে আসন' বাক্যটি থে মাঝখানের 'চিহ্নিত' শব্দটি বাদ দিলে অর্থাৎ মধ্যপদ 'চিহ্নি শব্দটি লোপ পেলে হয় 'সিংহাসন'। যেহেতু মধ্যপদ পেয়েছে, অতএব এটি মধ্যপদলোপী কর্মধারয় সমাস।

মধ্যপদলোপী কর্মধারয় সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : জ্যোৎস্নারাত = জ্যোৎস্না শোভিত রাত; পলান্ন = পল (মাংস) মিশ্রিত অন্ন; মৌমাছি = মৌ-সঞ্চয়কারী মাছি; জাদুঘর = জাদু পরিপূর্ণ ঘর; প্রীতিভোজ = প্রীতি উপলক্ষে ভোজ; সিংহাসন= সিংহ চিহ্নিত আসন; প্রাণভয় = প্রাণ যাওয়ার ভয়; আত্মজীবনী = আত্মলিখিত জীবনী; বৌভাত= বৌ পরিবেশন করা ভাত; একাদশ= এক অধিক দশ; আয়কর= আয়ের উপর কর; স্মৃতিসৌধ= স্মৃতি রক্ষার্থে সৌধ; সাহিত্যসভা= সাহিত্য বিষয়ক সভা; ঘরজামাই= ঘরে আশ্রিত জামাই।

(২.) উপমান কর্মধারয় : উপমান কর্মধারয় সমাস কীভাবে চিনবেন জানেন? যদি দুটি জিনিসের সত্য তুলনা করা এবং দুটির মান সমান তবে সেটি হবে উপমান কর্মধারয় সমাস। যেমন: 'তুষারশুভ্র' কোন সমাসের উদাহরণ? এটি পরীক্ষায় অনেকবার এসেছে। শব্দটি খেয়াল করুন 'তুষারশুভ্র'। তুষার মানে বরফ, আর শুভ্র মানে সাদা। বরফ তো দেখতে সাদা। তাহলে তো এটি তুলনা করা যায়। অতএব এটি উপমান কর্মধারয়। একইভাবে 'কাজলকালো' এটিও উপমান কর্মধারয় সমাস। কারণ কাজল দেখতে তো কালো রঙেরই হয়। তার মানে তুলনা করা যাচ্ছে। অতএব এটি উপমান কর্মধারয়। অর্থাৎ, যে দুটি শব্দের সাথে তুলনা করা হয় তাদের মধ্যে যদি একই রকম গুণ থাকে অর্থাৎ তুলনাটি যদি সত্য হয় তাহলে এটি হবে উপমান কর্মধারয় সমাস। যেমন- এখানে তুষার দেখতে সাদা আবার শুভ্র মানেও সাদা অতএব দুজনের মধ্যে একই গুণ আছে অর্থাৎ দুজনের মান সমান অতএব এটি উপমান কর্মধারয় সমাস।

উপমান কর্মধারয় সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : বকধার্মিক= বকের ন্যায় ধার্মিক; কুসুমকোমল= কুসুমের ন্যায় কোমল; অরুণরাঙা= অরুণের ন্যায় রাঙা; কাজলকালো= কাজলের ন্যায় কালো; হিমশীতল= হিমের ন্যায় শীতল।

(৩) উপমিত কর্মধারয় : উপমিত কর্মধারয় মানে সেটা মিথ্যা তুলনা করা হয়; অর্থাৎ যা বাস্তবে তুলনা যোগ্য নয়। বিগত পরীক্ষাগুলোতে একটি প্রশ্ন ছিল- 'সিংহপুরুষ কোন সমাসের উদাহরণ? খেয়াল করুন শব্দটি। সিংহপুরুষ মানে সিংহ আর পুরুষ। আচ্ছা, সিংহ কি কখনো পুরুষের মতো হতে পারে নাকি পুরুষ কখনো সিংহের মতো হতে পারে? একটা মানুষ আর অন্যটা জন্তু, কেউ কারো মত হতে পারে না। অর্থাৎ এটি একটি মিথ্যা তুলনা। তার মানে যেহেতু মিথ্যা তুলনা, অতএব এটি উপমিত কর্মধারয় সমাস।

'চন্দ্রমুখ' শব্দটি কোন সমাস? খেয়াল করুন মুখ কি কখনো চাঁদের মত হতে পারে, নাকি চাঁদ কখনো মুখের মত হতে পারে? কোনোটাই কোনটার মত হতে পারেনা। অর্থাৎ এটি একটি মিথ্যা তুলনা। তার মানে যেহেতু মিথ্যা তুলনা, অতএব এটি উপমিত কর্মধারয় সমাস।

এক অর্থাৎ, একই মান সম্পন্ন দুটি জিনিসের মধ্যে যেখানে সত্য তুলনা বোঝাবে তা উপমান কর্মধারয় সমাস। আবার একই মান সম্পন্ন নয় এমন দুটি জিনিসের মধ্যে যেখানে মিথ্যা তুলনা বোঝাবে তা তবে উপমিত কর্মধারয় সমাস।

(টীকাকে মনে রাখুন: মান সমান হলে উপমান, মিথ্যা তুলনা বোঝালে উপমিত)

উপমিত কর্মধারয় সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : ফুলকুমারী= কুমারী ফুলের ন্যায়; কীরসাগর= কীর সিন্ধুর ন্যায়; অমানুষ= অমা অসুরের ন্যায়; পুরুষসিংহ= পুরুষ সিংহের ন্যায়;

(৪.) রূপক কর্মধারয় : বাঁকা বাংলা রূপক কর্মধারয় সমাস। এটি খুব সোজা। ব্যাসবাক্যে 'রূপ' থাকলেই রূপক কর্মধারয়। যেমন: 'বিদ্যাসিন্ধু'-এটি কোন সমাস? বিদ্যাসিন্ধুকে ব্যাসবাক্য করলে হবে 'বিদ্যা রূপ সিন্ধু'। সেহেতু এখানে 'রূপ' কথাটি আছে, অতএব এটি একটি রূপক কর্মধারয় সমাস। একইভাবে মনমধু = মনরূপ মধু, চোখমুখ = চোখ রূপ মুখ; এগুলোও রূপক কর্মধারয় সমাস, যেহেতু 'রূপ' কথাটা আছে।

আসুন রূপক কর্মধারয় সমাসটি আরো সহজভাবে শিখি- যদি সমস্ত পদের প্রথমে একটি অপ্রধান জিনিস থাকে এবং শেষে একটি প্রধান জিনিস থাকে তাহলে সেটি হবে রূপক কর্মধারয়। অর্থাৎ, **অপ্রধান জিনিস+ প্রধান জিনিস = রূপক কর্মধারয়**।

ব্যাখ্যা: 'মনমাঝি' কোন সমাস? খেয়াল করুন, উক্ত সমস্ত পদের প্রথমে আছে 'মন' এবং শেষে 'মাঝি'; এবার আপনিই বলুন মনকে কি কখনো দেখা যায়, ছোঁয়া যায়? কিন্তু শেষে 'মাঝি' কথাটি আছে, কিন্তু আমরা মাঝিকে দেখতে পাই, ছুঁতে পাই অর্থাৎ প্রধানমান; অতএব এটি একটি রূপক কর্মধারয়। একইভাবে, 'চোখমুখ = চোখ+মুখ। চোখ মানে রূপ, রূপকে দেখা যায় না, ছোঁয়া যায় না কিন্তু মুখ মানে আপনাকে দেখা যায়, ছোঁয়া যায়; অতএব এটি একটি রূপক কর্মধারয়।

রূপক কর্মধারয় সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : বিদ্যাধন= বিদ্যা রূপ ধন; জীবনযৌবন= জীবন রূপ যৌবন; জীবনতরী= জীবন রূপ তরী; লোকসমুদ্র= লোক রূপ অথৈ; জ্ঞানসূর্য= জ্ঞান রূপ সূর্য; ক্ষুধিতপাষাণ= ক্ষুধিত রূপ পাষাণ; বিদ্যাসাগর= বিদ্যা রূপ সাগর (বিদ্যার সাগর= বিদ্যাসাগর : ষষ্ঠী তৎপুরুষ সমাসও হয়)।

উপমান কর্মধারয়, উপমিত কর্মধারয় ও রূপক কর্মধারয় সমাসের মধ্যে মূল পার্থক্য:

যদি দুটি জিনিসের সত্য তুলনা বোঝায় এবং দুটির মান সমান হয় তবে সেটি হবে উপমান কর্মধারয় সমাস (যেমন: 'তুষারশুভ্র'); কিন্তু যদি দুটি জিনিসের মধ্যে মিথ্যা তুলনা বোঝায় এবং দুটির মান সমান না হয়ে মিথ্যা হয় তবে সেটি হবে উপমিত কর্মধারয় সমাস (যেমন: পুরুষসিংহ)।

আচ্ছা এটা না হয় বোঝা গেলো যে- মান সমান হলে উপমান, মান সমান না হয়ে মিথ্যা তুলনা বোঝালে উপমিত। কিন্তু রূপক কর্মধারয়

সমাসের ক্ষেত্রেও তো দুটি জিনিসের মাঝে মিথ্যা তুলনা বোঝায় এবং দুটির মান সমান হয় না (যেমন: 'ক্রেধানল' একটি রূপক সমাসের উদাহরণ। এখানে 'ক্রোধ'-কে 'অনল'-এর সাথে তুলনা করা হয়েছে। কিন্তু 'ক্রোধ' কি কখনো অনল এর মতো হতে পারে?); তাহলে আমরা কীভাবে বোঝবো যে এটি উপমিত কর্মধারয় সমাস নাকি রূপক কর্মধারয় সমাস?

উত্তর : একদম সহজ- উপমিত কর্মধারয় সমাস এবং রূপক কর্মধারয় সমাস উভয়ের ক্ষেত্রেই মিথ্যা তুলনা বোঝাবে। তবে উপমিত কর্মধারয় সমাসের ক্ষেত্রে তুলনা মিথ্যা হলেও দুটি জিনিসই দৃশ্যমান হবে, অর্থাৎ দেখা যায় এমন। কিন্তু রূপক কর্মধারয় সমাসের ক্ষেত্রে দুটিই জিনিসের মধ্যে মিথ্যা তুলনা বোঝাবে কিন্তু এর মাঝে প্রথম পদে অদৃশ্যমান জিনিস থাকে এবং পরপদে দৃশ্যমান জিনিস থাকে। যেমন- ক্রেধানল'= ক্রোধ+ অনল। এখানে প্রথম পদে 'ক্রোধ' মানে 'রাগ' শব্দটি আছে। রাগকে দেখা যায় না, ছোঁয়া যায় না কিন্তু 'অনল' মানে আগুনকে দেখা যায়, ছোঁয়া যায়; অতএব এটি একটি রূপক কর্মধারয়!

আবার 'সিংহপুরুষ' মানে সিংহ আর পুরুষ। আচ্ছা, সিংহ কি কখনো পুরুষের মতো হতে পারে নাকি পুরুষ কখনো সিংহের মতো হতে পারে? একটা মানুষ আর অন্যটা জন্তু, কেউ কারো মত হতে পারে না। অর্থাৎ এটি একটি মিথ্যা তুলনা। তার মানে যেহেতু মিথ্যা তুলনা, অতএব এটি উপমিত কর্মধারয় সমাস। কিন্তু এখানে দুটি জিনিসের মধ্যে তুলনা মিথ্যা হলেও 'সিংহ' এবং 'পুরুষ' দুটিই দৃশ্যমান; অর্থাৎ আমরা দুটিকেই দেখতে পাই।

অতএত, আমরা বোঝলাম দুটি জিনিসের মধ্যে তুলনা সত্য তথা মান সমান হলে হবে উপমান কর্মধারয়। দুটি জিনিসের মধ্যে তুলনা মিথ্যা হবে কিন্তু দুটি জিনিসই দৃশ্যমান হলে উপমিত কর্মধারয়। আবার দুটি জিনিসের মধ্যে মিথ্যা তুলনা হলে এর মাঝে প্রথম জিনিসটি অদৃশ্যমান এবং পরের জিনিসটি দৃশ্যমান হলে তাকে বলা হবে রূপক কর্মধারয় সমাস। কি এবার বোঝেছেন তো?

৩. তৎপুরুষ সমাস : সহজ চেনার উপায়: পূর্বপদে দ্বিতীয়া বিভক্তি থেকে শুরু করে সপ্তমী বিভক্তি পর্যন্ত যে কোনো একটি বিভক্তি থাকবে কিন্তু সমস্ত পদে সেই বিভক্তি লোপ পেয়ে পরপদের অর্থ প্রাধান্য পাবে। যেমন-

* ব্যাসবাক্যে কে, রে (সাধারণ অর্থে) থাকলে- ২য়া

উদাহরণ : বিপদকে আপন্ন = বিপদাপন্ন; দুঃখকে প্রাপ্ত = দুঃখপ্রাপ্ত।

আবার ব্যাসবাক্যের মাঝে 'ব্যাপিয়া' থাকলে- ২য়া তৎপুরুষ সমাস।

উদাহরণ : চিরকাল ব্যাপিয়া সুখী = চিরসুখী, ক্ষীণকাল ব্যাপিয়া স্থায়ী = ক্ষণস্থায়ী।

* ব্যাসবাক্যের মাঝে দ্বারা, দিয়া, কর্তৃক থাকলে- ৩য়া তৎপুরুষ সমাস

উদাহরণ : পদ দ্বারা দলিত = পদদলিত; মন দিয়ে গড়া = মনগড়া; মধু দিয়ে মাখা = মধুমাখা।

* ব্যাসবাক্যে কে, রে থাকলে- ৪র্থী (দান, সেবা, ভক্তি অর্থে সম্প্রদান অর্থে)

উদাহরণ : গুরুকে ভক্তি = গুরুভক্তি

* ব্যাসবাক্যের মধ্যে নিমিত্তে, উদ্দেশ্য, জন্যে থাকলে- ৪র্থী

উদাহরণ : বসতের নিমিত্তে বাড়ি = বসতবাড়ি; আয়ের জন্য কর = আয়কর; বিয়ের জন্য পাগলা = বিয়েপাগলা।

* ব্যাসবাক্যে হইতে, থেকে, চেয়ে থাকলে- ৫মী

উদাহরণ : বিলাত থেকে ফেরত = বিলাত ফেরত; স্কুল থেকে পালানো = স্কুল পালানো (মনে রাখুন, অপাদান কারক অর্থে ৫মী তৎপুরুষ সমাস)

* ব্যাসবাক্যে র, এর থাকলে- ৬ষ্ঠী

উদাহরণ : রাজার পুত্র = রাজপুত্র; পথের রাজা = রাজপথ।

* ব্যাসবাক্যে এ, য়, তে থাকলে- ৭মী

উদাহরণ : গাছে (গাছ+এ) পাকা = গাছপাকা; দিবায় নিদ্রা = দিবানিদ্রা; বিশ্বে বিখ্যাত = বিশ্ববিখ্যাত

[বি.দ্রঃ দান, সেবা, ভক্তি তথা সম্প্রদান অর্থে কে, রে বিভক্তি থাকলে ৪র্থী; কিন্তু সাধারণ বর্ণনা অর্থে কে, রে বিভক্তি থাকলে দ্বিতীয়া হয়। যেমন: গুরুকে ভক্তি = গুরুভক্তি। ৪র্থী তৎপুরুষ সমাস। কেননা এখানে 'কে' বিভক্তি দ্বারা ভক্তি বোঝানো হয়েছে। আবার, বিপদকে আপন্ন = বিপদাপন্ন। দ্বিতীয়া তৎপুরুষ সমাস। কেননা, এখানে সাধারণ অর্থে 'কে' বিভক্তি এসেছে।]

*ব্যাসবাক্যে বিশেষ্য+ক্রিয়া+যে / যা থাকলে উপপদ তৎপুরুষ সমাস হয়।

উদাহরণ : ধামা + ধরে + যে = ধামাধরা

[বিশেষ্য+ক্রিয়া+যে]

একইভাবে, পকেটমারে যে = পকেটমার; সত্য বলে যে = সত্যবাদী

[বি.দ্রঃ উপপদ তৎপুরুষ সমাসের ব্যাসবাক্যে 'যে' বাক্যের শেষে কিন্তু 'কর্মধারয় সমাসে 'যে' ব্যাসবাক্যের মাঝখানে বসে। যেমন 'নীল যে পদ্ম = নীল'-এটি কর্মধারয় সমাসের উদাহরণ।]

*ব্যাসবাক্যের শুরুতে ন, নয়, নাই থাকলে- নঞ তৎপুরুষ সমাস হয়।

উদাহরণ : ন (নাই) জানা = অজানা; ন আচার = অনাচার।

[বি.দ্র. ব্যাসবাক্যের শুরুতে ন, নাই এবং ব্যাসবাক্যের শেষে যে/যা থাকলে সেটি নঞ বহুব্রীহি সমাস, নঞ তৎপুরুষ সমাস হয় না। যেমন : নাই জানা যা = অজানা (নঞ বহুব্রীহি)]

*ব্যাসবাক্যের বিভক্তি সমস্তপদে লোপ না পেলে- অলুক তৎপুরুষ সমাস হয়।

উদাহরণ : চোখের (চোখ+এর) বালি = চোখের বালি (এই বাক্যে 'এর' বিভক্তি লোপ পায়নি]

তৎপুরুষ সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : ইত্যাদি= ইহা হতে আদি (পঞ্চমী তৎপুরুষ); মধুমাখা= মধু দ্বারা মাখা (তৃতীয়া তৎপুরুষ); বিশ্বকবি= বিশ্বের কবি (ষষ্ঠী তৎপুরুষ); ছায়াশীতল= ছায়া দ্বারা শীতল (তৃতীয়া তৎপুরুষ); কলেছাঁটা= কলে ছাঁটা (সপ্তমী তৎপুরুষ); চিরসুখী= চিরকাল ব্যাপিয়া সুখী (দ্বিতীয় তৎপুরুষ); বাগদত্তা= বাক দিয়ে দত্তা (তৃতীয়া তৎপুরুষ)।

৪. বহুব্রীহি সমাস : চেনার উপায়: যে সমাসে পূর্বপদ বা পরপদ কোনোটির অর্থ না বুঝিয়ে অন্য কোনো বিশেষ অর্থ প্রকাশ করবে। কিন্তু আমাদের মনে রাখতে হবে, **বহুব্রীহি সমাস ৮ প্রকার**। তবে এর মাঝে গুরুত্বপূর্ণ বহুব্রীহি সমাস হলো ব্যতিহার বহুব্রীহি, অলুক বহুব্রীহি ও নঞ বহুব্রীহি সমাস।

*ব্যাসবাক্যে বিশেষণ + বিশেষ্য + যে/যার থাকলে- সমানাধিকরণ বহুব্রীহি।

উদাহরণ : নীল + কণ্ঠ + যার = **নীলকণ্ঠ (নীলকণ্ঠ হিন্দুদের একটি দেবতার নাম)**

[বিশেষণ + বিশেষ্য + যার]

একইভাবে, খোশ মেজাজ যার = **খোশমেজাজ**

*ব্যাসবাক্যে বিশেষ্য + বিশেষ্য + যে / যার থাকলে- ব্যাধিকরণ বহুব্রীহি।

উদাহরণ : আশীতে (দাঁতে) + বিষ + যার = **আশীবিষ (সাপ)**

[বিশেষ্য + বিশেষ্য + যার]

একইভাবে, কথা সর্বস্ব যার = **কথাসর্বস্ব**

* ব্যাসবাক্যে একই বিশেষ্য দুবার পাশাপাশি বসবে + যে + বিশেষ্য থাকলে- ব্যতিহার বহুব্রীহি।

উদাহরণ : কানে কানে + যে + কথা = **কানাকানি**

[একই বিশেষ্য পদ + বিশেষ্য]

একইভাবে, হাতে হাতে যে যুদ্ধ = **হাতাহাতি**, লাঠিতে লাঠিতে যে যুদ্ধ = **লাঠালাঠি**।

কিন্তু আমরা চাইলে এই ব্যতিহার বহুব্রীহি সমাসকে আরো সহজে চিহ্নিত করতে পারি। ব্যতিহার বহুব্রীহি সমাসের সমস্ত পদের পূর্বপদের শেষ বর্ণের সাথে 'আ-কার' (া) থাকবে এবং পরপদের শেষ বর্ণের সাথে 'ই-কার' (ি) থাকবে। যেমন: হাতাহাতি, ঘুষাঘুষি।

*ব্যাসবাক্যে নাই / নয় + বিশেষ্য + যে / যার থাকলে- নঞ বহুব্রীহি।

উদাহরণ : নাই + তার + যার = **বেতার**

একইভাবে, নি (নাই) ভুল যার = **নির্ভুল**, নি (নাই) উপায় যার = **নিরুপায়**।

এক কথায়, যে বহুব্রীহি সমাসের প্রথমে 'না-বাচক' কোনো শব্দ থাকে তাকে নঞ বহুব্রীহি বলে।

*ব্যাসবাক্যে সংখ্যা + বিশেষ্য + যার থাকলে- সংখ্যাবাচক বহুব্রীহি।

উদাহরণ : সে (তিন) + তার + যার = **সেতার**

একইভাবে- চৌচালা, তেপায়া।

অলুক বহুব্রীহি : যে বহুব্রীহি সমাসে পূর্বপদ ও পরপদের কোনো পরিবর্তন হয় না তাকে অলুক বহুব্রীহি সমাস বলে।

উদাহরণ: মাথায় পাগড়ি যার = **মাথায়পাগড়ি**। এখানে পূর্বপদ 'মস্তক' এবং পরপদ হলো 'পাগড়ি' যা সমস্ত পদে যেমন, ব্যাসবাক্যেও তেমন, এর কোনো পরিবর্তন হয় নি।

একইভাবে- মাথায় পাগড়ি যার = **মাথায়পাগড়ি**, গলায় গামছা যার = **গলায়গামছা**, গায়ে হলুদ দেয়া হয় যে অনুষ্ঠানে = **গায়েহলুদ**, হাতে খড়ি দেয়া হয় যে অনুষ্ঠানে = **হাতেখড়ি**, মুখে ভাত দেয়া হয় যে অনুষ্ঠানে = **মুখেভাত**।

নোট: **অলুক বহুব্রীহি ও অলুক দ্বন্দ্ব সমাস চেনার সহজ উপায়:** অলুক বহুব্রীহি সমাসের ক্ষেত্রে শুধু পূর্বপদে সপ্তমী বিভক্তি (এ, য়, তে) থাকবে; কিন্তু অলুক দ্বন্দ্ব সমাসের ক্ষেত্রে পূর্বপদ ও পরপদ উভয় পদের ক্ষেত্রেই সপ্তমী বিভক্তি থাকবে এবং তা শুধু 'ে-কার' থাকবে। যেমন: হাতে-কলমে (অলুক দ্বন্দ্ব); মুখেভাত (বহুব্রীহি)।]

* ব্যাসবাক্যের মধ্যে 'সহিত' কথাটি থাকলেও বহুব্রীহি সমাস হয়।

উদাহরণ : স্ত্রীর সহিত বর্তমান = সস্ত্রীক

উল্লেখ্য, অনেকেই 'সেতার' শব্দটিকে দ্বিগু সমাস মনে করে এভাবে ব্যাসবাক্য করতে চান- 'সে (তিন) তারের সমাহার = সেতার।' কিন্তু 'সেতার' বলতে শুধু তিনটি তারকে বুঝায় না; এটি বিশেষ বাদ্যযন্ত্রকে বুঝায়- যার তিন তার রয়েছে। অর্থাৎ এটি অন্য অর্থে / ভিন্ন পদের অর্থে ব্যবহৃত হয়েছে। তাই এটি দ্বিগু সমাস না হয়ে সংখ্যাবাচক বহুব্রীহি সমাস হবে।

বহুব্রীহী সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : সহোদর= সমান উদর যাদের; গোঁফ-খেঁজুরে= গোঁফে খেজুর পড়ে থাকলেও খায় না যে (মধ্যপদলোপী বহুব্রীহি); বীণাপাণি= বীণা পাণিতে যার (ব্যাধিকরণ বহুব্রীহি)।

৫. দ্বিগু সমাস : চেনার উপায় : দ্বিগু সমাস কিভাবে চিনবেন জানেন? আচ্ছা, দ্বিগু শব্দের 'দ্বি' মানে কী? 'দ্বিতীয়' শব্দটিতে 'দ্বি' আছে না? আমরা ২ বোঝাতে 'দ্বি' শব্দটি ব্যবহার করি। ২ মানে কী? একটি সংখ্যা। তাহলে যে শব্দে সংখ্যা প্রকাশ পাবে এখন থেকে সেটাকেই 'দ্বিগু' সমাস বলে ধরে নিবেন। যেমন পরীক্ষায় আসলো 'শতাব্দী' কোন সমাস? আচ্ছা, শতাব্দী মানে হল 'শত অব্দের সমাহার।' অর্থাৎ প্রথমেই আছে 'শত' মানে একশো, যা একটি সংখ্যা। সুতরাং এটি একটি দ্বিগু সমাস। একইভাবে 'ত্রিপদী' (তিন পদের সমাহার)এটিও দ্বিগু সমাস। কারণ এখানেও একটি সংখ্যা (৩) আছে। এবার যেকোনো ব্যাকরণ বই নিয়ে দ্বিগু সমাসের যত উদাহরণ আছে সব এই সূত্রের সাহায্যে মিলিয়ে নিন।

মনে রাখতে হবে, দ্বিগু সমাসের ব্যাসবাক্যের শুরুতে সংখ্যা থাকবে এবং শেষে সমাহার কথাটি থাকবে। পরপদের অর্থ প্রাধান্য পাবে।

সমীকরণ : সংখ্যা + বিশেষ্য + এর + সমাহার।

উদাহরণ : পঞ্চ (পাঁচ)+নদীর (নদী+এর)+ সমাহার = **পঞ্চনদ**

[সংখ্যা + বিশেষ্য + এর + সমাহার]

একইভাবে- চৌ (চার) রাস্তার সমাহার = **চৌরাস্তা**।

দ্বিগু সমাসের আরো কিছু গুরুত্বপূর্ণ উদাহরণ : চতুরঙ্গ= চার অঙ্গের সমাহার; শতাব্দী= শত অব্দের সমাহার; তেমোহনা= তিন মোহনার মিলন; পঞ্চভূত= পঞ্চ ভূতের সমাহার; ষড়ঋতু= ছয় ঋতুর সমাহার; নবরত্ন= নব (নয়) রত্নের সমাহার; সপ্তর্ষি= সপ্ত ঋষির সমাহার।

৬. অব্যয়ীভাব সমাস : চেনার উপায়: অব্যয়ীভাব সমাসে 'অব্যয়' কথাটি নিহিত। অর্থাৎ, যে সমাসের সমস্ত পদের প্রথমে কোনো অব্যয় থাকে এবং সেই অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে তাকে অব্যয়ীভাব সমাস বলে।

ব্যাসবাক্যে সমীপে, সদৃশ, মতো, পুনঃপুনঃ (পদের দ্বিত্ব), অভাব, পর্যন্ত, অতিক্রম না করে, অধিকার করে, অতিক্রান্ত, বিরুদ্ধ, যোগ্য, ক্ষুদ্র, পশ্চাৎ, ঈষৎ, প্রতি অব্যয় থাকবে।

☞ আসুন আমরা এই অব্যয়গুলো একটি স্পেশাল টেকনিকের মাধ্যমে মনে রাখার চেষ্টা করি। **'আহা নিরপরাধ অনুর পরিপূর্ণ উপকারের প্রতি যথার্থ উৎসাহ থাকা উচিত।'**

আ= আমরণ, হা= হাযর, নির= নিরামিষ, অনু= অনুগমন, পরিপূর্ণ= পরিপূর্ণ, উপ= উপকূল, প্রতি= প্রতিদিন, যথা= যথারীতি।

উল্লেখ্য, সমস্ত পদের প্রথমে উপসর্গ (উপ, অনু, প্রতি, পুর, আ, যথা ইত্যাদি) থাকলে এবং পূর্ণ পদের অর্থ প্রাধান্য পাবে। উপসর্গকে অব্যয়জাত শব্দাংশ বলা হয়।

উদাহরণ: কূলের সমীপে = উপকূল; কণ্ঠের সমীপে = উপকণ্ঠ; গ্রহের সদৃশ = উপগ্রহ; মাছের তুল্য = উপমাছ; পাগলা মতো = পাগলাটে; দিন দিন = প্রতিদিন; ভিক্ষার অভাব = দুর্ভিক্ষ; মরণ পর্যন্ত = আমরণ; শক্তিকে অতিক্রম না করে = যথাশক্তি; বেলাকে অতিক্রান্ত = উবেলা; বিরুদ্ধ বাদ = প্রতিবাদ; রূপের যোগ্য = অনুরূপ; ক্ষুদ্র অঙ্গ = প্রত্যঙ্গ; গমনের পশ্চাৎ = অনুগমন; ঈষৎ রাজ = নিমরাজি।

এ রকম আরো কিছু অব্যয়ীভাব সমাসের উদাহরণ: আরাত্রিক, আনত, প্রতিফল, অনুক্ষণ, প্রতিনিধি, প্রতিদ্বন্দ্বী, প্রতিচ্ছায়া, নির্ভাবনা, পরোক্ষ।

- **প্রাদি সমাস:** প্র, পরি ইত্যাদি অব্যয় বা উপসর্গের সঙ্গে কৃৎ প্রত্যয় সাধিত বিশেষ্য বা ক্রিয়াবাচক বিশেষ্যের সমাস হলে তাকে প্রাদি সমাস বলে। যেমন, প্র (প্রকৃষ্ট) যে বচন = প্রবচন। এখানে বচন সমসাম্যান পদটি একটি বিশেষ্য, যার মূল (ধাতু) বচ ধাতু বা কৃৎ প্রত্যয়। 'প্র' অব্যয়ের সঙ্গে কৃৎ প্রত্যয় সাধিত বিশেষ্য 'বচন'র সমাস হয়ে সমস্ত পদ 'প্রবচন' শব্দটি তৈরি হয়েছে। সুতরাং, এটি প্রাদি সমাস। একইভাবে, প্র (প্রকৃষ্ট রূপে) ভাত (আলোকিত) = প্রভাত, প্র (প্রকৃষ্ট রূপে) গতি = প্রগতি, পরি (চতুর্দিকে) যে ভ্রমণ = পরিভ্রমণ।

- **নিত্য সমাস:** যে সমাসের সমস্তপদ নিত্য সমাসবদ্ধ থাকে; অর্থাৎ সমস্ত পদই ব্যাসবাক্যের কাজ করে, আলাদা করে ব্যাসবাক্য তৈরি করতে হয় না; কিন্তুআলাদা করে ব্যাসবাক্য তৈরি করতে গেলে সমস্যামান পদের বাইরে গিয়ে ভিন্ন কোনো পদের আশ্রয় নিতে হয়, তাকে নিত্য সমাস বলে। যেমন- 'দেশান্তর' সমস্ত পদটি ভাঙতে গেলে 'দেশের অন্তর' বললে চলবে না, বলতে হবে 'অন্য দেশ'। এখানে, 'অন্য দেশ' ব্যাসবাক্যটি তৈরি করতে গিয়ে 'দেশান্তর' সমস্তপদটির অন্তর্গত সমস্যামান পদ 'দেশ' এবং 'অন্তর' এই দুটি পদের বাইরে গিয়ে 'অন্য' নামক সম্পূর্ণ আলাদা একটি পদ বাহির থেকে নিতে হয়েছে; তবে তারা প্রায় একই অর্থ প্রকাশ করে। ঠিক একইভাবে শ্রবণমাত্র = কেবল শ্রবণ; এখানে 'কেবল শ্রবণ' ব্যাসবাক্যটি তৈরি করতে গিয়ে 'শ্রবণমাত্র' সমস্তপদটির অন্তর্গত সমসাম্যান পদ 'শ্রবণ' এবং 'মাত্র' এই দুটি পদের বাইরে গিয়ে 'কেবল' নামক সম্পূর্ণ আলাদা একটি পদ বাহির থেকে নিতে হয়েছে। তাই এটি নিত্য সমাস। একইভাবে, অন্য গৃহ = গৃহান্তর ; কেবল দর্শন = দর্শনমাত্র ; দুই এবং নকাই = বিরানব্বই; তুমি, আমি ও সে = আমরা ('আমরা' একশেষ দ্বন্দ্ব সমাসও হয়)।

মনে রাখার সহজ টেকনিক: মাত্র দুটি সহজ টেকনিকের সাহায্যে নিত্য সমাস মনে রাখুন-

- টেকনিক-১ : যদি কোনো সমস্তপদের শেষে 'অন্তর' কথাটি থাকে, তাহলে তা হবে 'নিত্য সমাস' এবং ব্যাসবাক্য তৈরি করার সময় 'অন্তর' এর স্থলে 'অন্য' কথাটি ব্যবহার করতে হবে। যেমন, অন্য দেশ = দেশান্তর; অন্য গ্রাম = গ্রামান্তর; অন্য গৃহ = গৃহান্তর; অন্য ধর্ম = ধর্মান্তর; অন্য ভাষা = ভাষান্তর । এখানে সমস্তপদের শেষে 'অন্তর' কথাটি এবং ব্যাসবাক্য তৈরি করার সময় 'অন্তর' কথাটির বদলে 'অন্য' কথাটি ব্যবহার করা হয়েছে।

- টেকনিক-২ : যদি কোনো সমস্তপদের শেষে 'মাত্র' কথাটি থাকে, তাহলে তা হবে 'নিত্য সমাস' এবং ব্যাসবাক্য তৈরি করার সময় 'মাত্র' এর স্থলে 'কেবল' কথাটি ব্যবহার করতে হবে। যেমন, দর্শনমাত্র = কেবল দর্শন; জলমাত্র = কেবল জল। এখানে সমস্তপদের শেষে 'মাত্র' কথাটি এবং ব্যাসবাক্য তৈরি করার সময় 'মাত্র' কথাটির বদলে 'কেবল' কথাটি ব্যবহার করা হয়েছে।

MCQ Test

১. 'সমাস'শব্দের অর্থ হলো-
ক. সংযোজন খ. বিশ্লেষণ
গ. সংশ্লেষণ ঘ. সংক্ষেপণ
উত্তর: খ

২. 'সমাস' ভাষাকে --
ক. সংক্ষেপ করে খ. বিস্তৃত করে
গ. ভাঙারূপ করে ঘ. অর্থবোধক করে
উত্তর: ক

৩. পরস্পর অন্বয়যুক্ত দুই বা ততোধিক পদকে এক পদে পরিণত করার নাম-
ক. সন্ধি খ. প্রত্যয়
গ. সমাস ঘ. পুরুষ
উত্তর: গ

৪. সমাস নিষ্পন্ন পদটির নাম কি?
ক. অব্যয় পদ খ. বিগ্রহ পদ
গ. সমস্যমান পদ ঘ. সমস্ত পদ
উত্তর: ঘ

৫. যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটিকে কি বলে?
ক. সমস্যমান পদ খ. সমস্তপদ
গ. উত্তরপদ ঘ. পূর্বপদ
উত্তর: ক

৬. ব্যাসবাক্যের অপর নাম কি?
ক. গরল বাক্য খ. যৌগিক বাক্য
গ. বিগ্রহ বাক্য ঘ. জটিল বাক্য
উত্তর: গ

৭. সমাস কত প্রকার?
ক. ৩ প্রকার খ. ৪ প্রকার
গ. ৬ প্রকার ঘ. ৮ প্রকার
উত্তর: গ

৮. সমাসের রীতি কোন ভাষা থেকে আগত?
ক. আরবি খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. ইংরেজি
উত্তর: গ

৯. 'জয়া ও পতি' সমাস করলে কি হয়?
ক. স্বামী-স্ত্রী খ. পতি-পত্নী
গ. দম্পতি ঘ. জয়া-পতি
উত্তর: ক

১০. 'নীল যে আকাশ = নীলাকাশ' কোন সমাস?
ক. বহুব্রীহি খ. দ্বিগু
গ. কর্মধারয় ঘ. অব্যয়ভাব
উত্তর: গ

১১. 'নীল যে অম্বর = নীলাম্বর' কোন সমাস?
ক. বহুব্রীহি খ. তৎপুরুষ
গ. কর্মধারয় ঘ. দ্বিগু
উত্তর: গ

১২. 'মহর্ষি' কোন সমাস?
ক. তৎপুরুষ খ. বহুব্রীহি
গ. দ্বিগু ঘ. কর্মধারয়
উত্তর: খ

১৩. 'ক্ষুধিতপাষাণ' কোন সমাস?
ক. বহুব্রীহি খ. তৎপুরুষ
গ. কর্মধারয় ঘ. দ্বিগু
উত্তর: খ

১৪. 'কদাচার' শব্দটি কোনসমাস?
ক. তৎপুরুষ খ. বহুব্রীহি
গ. দ্বিগু ঘ. কর্মধারয় উত্তরঃ ঘ

১৫. 'সিংহাসন' শব্দটি কোন সমাস?
ক. ষষ্ঠী তৎপুরুষ খ. মধ্যপদলোপী কর্মধারয়
গ. নিমিত্তার্থে ষষ্ঠী ঘ. নিত্য সমাস উত্তরঃ খ

১৬. 'গোবরগণেশ' কোন সমাস?
ক. উপমানকর্মধারয় খ. মধ্যপদলোপীকর্মধারয়
গ. দ্বন্দ্ব ঘ. দ্বিগু উত্তরঃ খ

১৭. প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোন বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয়?
ক. উপমিত খ. উপমান
গ. উপমেয় ঘ. রূপক উত্তরঃ গ

১৮. 'চাঁদমুখ'এর ব্যাসবাক্য হলো?
ক. চাঁদ মুখের ন্যায় খ. চাঁদের মত মুখ
গ. চাঁদ মুখ যার ঘ. মুখ চাঁদের ন্যায় উত্তরঃ খ

১৯. 'চাঁদমুখ' কোন সমাস?
ক. উপমান খ. উপমিত
গ. রূপক ঘ. অব্যয়ীভাব উত্তরঃ খ

২০. 'ফুলকুমারী' শব্দটি কোন সমাস?
ক. উপমিত খ. উপমান
গ. রূপক ঘ. ষষ্ঠীতৎপুরুষ উত্তরঃ ক

২১. যে সমাসের পূর্বপদ সংখ্যাবাচক এবং সমস্ত পদের দ্বারা সমাহার বোঝায় তাকে বলে?
ক. দ্বন্দ্ব সমাস খ. রূপক সমাস
গ. বহুব্রীহি সমাস ঘ. দ্বিগু সমাস উত্তরঃ ঘ

২২. 'শতাব্দী' কোনসমাস?
ক. দ্বিগু সমাস খ. বহুব্রীহিসমাস
গ. তৎপুরুষসমাস ঘ. কর্মধারয়সমাস উত্তরঃ ক

২৩. 'সহোদর' কোন সমাস?
ক. দ্বন্দ্ব খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব উত্তরঃ গ

২৪. কোন শব্দটি বহুব্রীহি সমাসে নিষ্পন্ন?
ক. বিণাপাণি খ. সিংহাসন
গ. চৌরাস্তা ঘ. বনস্পতি উত্তরঃ ক

২৫. 'সোনামুখী' কোন সমাস?
ক. উপমান খ. উপমিত
গ. রূপক ঘ. মধ্যপদলোপী বহুব্রীহিউত্তরঃ খ

২৬. 'অধর্ম' শব্দের সমস্যমান পদ কোনটি?
ক. ধর্ম নেই যার খ. ধর্মহীন যে
গ. ধর্মের অভাব ঘ. নেই ধর্ম যার উত্তরঃ ঘ

২৭. 'লাঠালাঠি' কোন সমাস?
ক. প্রাদি সমাস খ. ব্যাতিহার বহুব্রীহি সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. কর্মধারয় সমাস উত্তরঃ খ

২৮. 'কানাকানি' শব্দটি কোন সমাস?
ক. বহুব্রীহি খ. কর্মধারয়
গ. দ্বিগু ঘ. তৎপুরুষ উত্তরঃ ক

২৯. কোনটি ব্যতিহার বহুব্রীহির উদাহরণ?
ক. দশহাতি খ. হাতাহাতি
গ. দশানন ঘ. দ্বিপদ উত্তরঃ খ

৩০. 'গোফ খেজুরে' কোন সমাসের উদাহরণ?
ক. মধ্যপদলোপী বহুব্রীহি খ. ব্যাতিহার বহুব্রীহি
গ. ব্যাধিকরণ বহুব্রীহি ঘ. দ্বিগু উত্তরঃ ক

৩১. 'আশীর্বিষ' কোন সমাস?
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব উত্তরঃ গ

৩২. 'নবান্ন'শব্দটি কোন প্রক্রিয়ায় গঠিত?
ক. সমাস খ. সন্ধি
গ. প্রত্যয় ঘ. উপসর্গ উত্তরঃ ক

৩৩. 'অর্ধচন্দ্র' কোন সমাস?
ক. বহুব্রীহি খ. দ্বন্দ্ব
গ. তৎপুরুষ ঘ. কর্মধারয় উত্তরঃ ক

৩৪. 'বইপড়া' কোন সমাস?
ক. বহুব্রীহি খ. দ্বন্দ্ব
গ. তৎপুরুষ ঘ. কর্মধারয় উত্তরঃ গ

৩৫. কোনটি উপপদ তৎপুরুষ সমাসের উদাহরণ?
ক. প্রতিবাদ খ. বিলেত ফেরত
গ. উপগ্রহ ঘ. ছেলেধরা উত্তরঃ ঘ

৩৬. 'হাভাতে' কোন সমাস?
ক. প্রাদি খ. অব্যয়ীভাব
গ. উপপদ তৎপুরুষ ঘ. বহুব্রীহি উত্তরঃ খ

৩৭. 'বেহায়া' কোন সমাস?
ক. দ্বন্দ্ব খ. নিত্য
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব উত্তরঃ ঘ

৩৮. কোনটি ঈষৎ অর্থে অব্যয়ীভাব সমাস?
ক. আজীবন খ. আরক্তিম
গ. আগাছা ঘ. আজুনী উত্তরঃ খ

৩৯. 'উপশহর'শব্দটি কোন সমাস?
ক. দ্বন্দ্ব খ. নিত্য
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব উত্তরঃ ঘ

৪০. কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ?
ক. খোশমেজাজ খ. প্রতিদিন
গ. আকাল ঘ. সোতার উত্তরঃ খ

৪১. কোনটি অলুক দ্বন্দ্ব সমাস?
ক. ঘরে- বাইরে খ. ঘর-বাড়ি
গ. ভাই-বোন ঘ. আমরা উত্তরঃ ক

৪২. 'তেলেভাজা' কোন সমাস?
ক. বহুব্রীহি খ. দ্বন্দ্ব
গ. কর্মধারয় ঘ. তৎপুরুষ উত্তরঃ ঘ

৪৩. যে সমাসের ব্যাসবাক্য হয় না কিংবা তা করতে গেলে অন্য পদের সাহায্য নিতে হয়, তাকে বলা হয়-
ক. দ্বন্দ্ব সমাস খ. অব্যয়ীভাব সমাস
গ. প্রাদি সমাস ঘ. নিত্য সমাস উত্তরঃ ঘ

৪৪. কোনটি নিত্য সমাস?
ক. পদ্মনদ খ. নেয়াদব
গ. দেশান্তর ঘ. ভালমন্দ উত্তরঃ গ

(খ) প্রত্যয় বিন্যাস

কলেজ পর্যায়

(খ) প্রত্যয়

১. 'মানব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. মুন+ষ্ণ খ. মনু+অব
গ. মনু+ষ্ণ ঘ. মা+নব
উ. গ

২. বিভক্তিহীন নামপদকে কী বলে? [১৭তম কলেজ নিবন্ধন-২০২২]
ক. বিশেষ্য খ. সমাস
গ. অব্যয় ঘ. প্রাতিপাদিক
উ. ঘ

৩. 'দর্শনীয়' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়– [১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]
ক. √দর্শন + ইয় খ. √দৃশ্ + অনীয়
গ. √দৃশ্য + নীয় ঘ. √দর্শন + ঈয়
উ. খ

৪. 'দীপ্যমান' শব্দের প্রকৃতি ও প্রত্যয় সঠিক কোনটি? [১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]
ক. √দীপ্য + মান খ. √দিপ্য + মানচ
গ. √দীপ্ + শানচ ঘ. √দিপ + শানচ
উ. গ

৫. 'নয়ন' শব্দটি সঠিক প্রত্যয় নির্ণয়– [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. নী + অন খ. নে + অন
গ. নৌ + অন ঘ. নয় + ন
উ. ক

৬. পাঠক শব্দের যথার্থ প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১২তম কলেজ নিবন্ধন-২০১৫]
ক. √পাঠ্ + অক খ. √পঠ্ + অক
গ. √পঠ্ + ঠক ঘ. √পঠ্ + টক
উ. খ

৭. প্রত্যয় কয় প্রকার? [১১তম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. এক খ. দুই
গ. তিন ঘ. চার
উ. খ

৮. কোনটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ? [১০ম কলেজ নিবন্ধন-২০১৪]
ক. ঢাকা + ই খ. মিশ্ + উক
গ. চোর + আ ঘ. সোনা + আলি
উ. খ

স্কুল পর্যায়

(খ) প্রত্যয়

১. 'মুক্তি'-এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. √মুচ্ + ক্তি খ. √মুহ্ + ক্তি
গ. √মুক্ + ক্তি ঘ. √মৃচ্ + ক্তি
উ. ক

২. 'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. শ্রবণ + অ খ. √শ্রী + অন
গ. √শ্রু + অন ঘ. √শ্রব + অন
উ. গ

৩. ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে– [১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. ধাতু প্রত্যয় খ. শব্দ প্রত্যয়
গ. কৃৎ প্রত্যয় ঘ. তদ্ধিত প্রত্যয়
উ. গ

৪. নিচের কোন শব্দটি প্রাতিপাদিক? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. লাঙ্গল খ. দম্পতি
গ. লেখা ঘ. সাধিত
উ. ক

৫. 'দীপ্যমান' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. √দীপ্য + মান খ. √দিপ্য + মানচ
গ. √দিপ + শানচ ঘ. √দীপ + শানচ
উ. ঘ

৬. কোনটি 'নিপাতনে সিদ্ধ' প্রত্যয়যুক্ত শব্দ? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. শৈব খ. সৌর
গ. দৈব ঘ. চৈত্র
উ. ঘ

৭. 'ভাস্বর'-এর সন্ধি বিচ্ছেদ কী? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. ভাস্ + সর খ. ভাস + কর
গ. ভাস্ + বর ঘ. ভা + স্বর
উ. ঘ
ব্যাখ্যা : 'ভাস্বর' এর সন্ধি বিচ্ছেদ হয় না। এটি একটি কৃৎপ্রত্যয় সাধিত শব্দ। যার প্রকৃতি ও প্রত্যয় √ভাস্ + বর।

৮. গুণ ও বৃদ্ধি বলা হয়– [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. কৃৎ-প্রকৃতির আদিস্বরের পরিবর্তনকে
খ. কৃৎ-প্রকৃতির অন্তস্বরের পরিবর্তনকে
গ. নাম-প্রকৃতির পরিবর্তনকে
ঘ. প্রাতিপাদিকের পরিবর্তনকে
উ. ক

৯. 'বক্তব্য' এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. √বক্ + তব্য খ. √বক্ত + অব্য
গ. √বক্ত + ব্য ঘ. √বচ্ + তব্য
উ. ঘ

১০. নিচের কোনটি 'সৃষ্টি' এর প্রকৃতি ও প্রত্যয়? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. সৃষ্ + টি খ. সৃশ্ + তি
গ. সৃজ্ + তি ঘ. স্রী + ষ্টি
উ. গ

১১. 'মানব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. মনু + ষ্ণ খ. মনু + অব
গ. মা + নব ঘ. মান + অব
উ. ক

১২. 'মহিমা' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. মহি + মা খ. মহৎ + ইমন
গ. মহা + ইমা ঘ. মহিম + আ
উ. ঘ

১৩. 'শৈশব'-এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. শিশু + ষ্ণ খ. শিশু + ষ্ণ্য
গ. শিশু + শব ঘ. শৈ + শব
উ. ক

১৪. 'মুক্ত' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. √মু + ক্ত খ. √মহ্ + ক্ত
গ. √মুচ্ + ক্ত ঘ. √মৃচ্ + ক্ত
উ. গ

১৫. 'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. শ্রবণ + অ খ. √শ্রী + অন
গ. √শ্রু + অন ঘ. √শ্রব + অন
উ. ঘ

১৬. উক্তি এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. √উক্ + তি খ. √উচ্ + ক্তি
গ. √বচ্ + ক্তি ঘ. √বচ্ + তি
উ. গ

১৭. কোনটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. মানব খ. পানীয়
গ. জয় ঘ. স্মরণীয় উ. ক

১৮. 'দর্শক' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ- [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. দৃ + অক খ. দৃশ্ + ণ্বক
গ. দৃশ্ +অক ঘ. দৃ + শক্ উ. গ

*নোট: প্রশ্নে 'সন্ধি বিচ্ছেদ' এর স্থলে 'প্রকৃতি-প্রত্যয়' হবে। 'দর্শক' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় হচ্ছে– $\sqrt{দৃশ্}$ + ণক = দৃশ্ + অক = দর্শক।

স্কুল পর্যায়-২

(খ) প্রত্যয়

১. 'দাতা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. √দা + তৃচ্ খ. √দাতৃ + আ
গ. √দা + তা ঘ. √দাত + আ উ. ক

২. 'মুক্ত' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. √মু + ক্ত খ. √মুক + ত
গ. √মুহ্ + ক্ত ঘ. √মুচ্ + ক্ত উ. ঘ

৩. প্রত্যয়ের কোন নিয়মটি সঠিক? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. নীল + মা = নীলিমা খ. নীল + ইমন = নীলিমা
গ. নী + ইলিমা = নীলিমা ঘ. নিলী + মা = নীলিমা উ. খ

৪. 'গায়ক' শব্দটির সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. √গিঃ + অক খ. √গায় + নক
গ. √গৈঃ + ণক ঘ. √গে + ণক উ. ঘ

৫. 'মুক্তি' শব্দটির সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. √মুচ্ + তি খ. √মুক্ + ক্তি
গ. √মুক + তি ঘ. √মুচ্ + ক্তি উ. ঘ

৬. $\sqrt{কাঁদ}$ + অন – কোন প্রত্যয়ের অন্তর্ভুক্ত? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. কৃৎ প্রত্যয় খ. তদ্ধিত প্রত্যয়
গ. সংস্কৃত তদ্ধিত প্রত্যয় ঘ. বাংলা কৃৎ প্রত্যয় উ. ক

৭. 'মুক্তি'– এর সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. $\sqrt{মুচ্}$ + ক্তি খ. $\sqrt{মুচ্}$ + তি
গ. $\sqrt{মুক্}$ + ক্তি ঘ. $\sqrt{মুক্}$ + তি উ. ক

৮. নিম্নের কোনটিতে বৃত্তি অর্থে 'ঈ' প্রত্যয় যুক্ত হয়েছে? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. জমিদারী খ. পোদ্দারী
গ. উমেদারী ঘ. সরকারী উ. খ

৯. 'উক্তি'-এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. বচ্ + ক্ত খ. বচ্ + উক্তি
গ. $\sqrt{বচ্}$ + ক্তি ঘ. বচ্ + তি উ. গ

১০. 'বক্তব্য এর প্রকৃতি প্রত্যয় কোনটি? [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. √বক্ + তব্য খ. √বক্ + অব্য
গ. √বক্ত + ব্য ঘ. √বচ্ + তব্য উ. ঘ

বিস্তারিত আলোচনা

➲ **প্রকৃতি :** শব্দ ও ধাতুর মূলকে 'প্রকৃতি' বলে। অর্থাৎ, যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় তার নাম হলো 'প্রকৃতি'। ধাতুর মূলকে বলা হয় 'ক্রিয়া প্রকৃতি', শব্দের মূলকে বলা হয় 'নাম প্রকৃতি'। অর্থাৎ, প্রকৃতি ২ প্রকার। যথা- 'ক্রিয়া প্রকৃতি' ও 'নাম প্রকৃতি'।

➲ **প্রত্যয় :** শব্দ বা ধাতুর মূলের সঙ্গে যে ধ্বনি বা ধ্বনিসমষ্টি যুক্ত হয়, তাকে 'প্রত্যয়' বলে। ধাতু বা ক্রিয়ার মূলের সাথে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলা হয় 'কৃৎ-প্রত্যয়'; শব্দের মূলের সাথে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলা হয় 'তদ্ধিত প্রত্যয়'। ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার মূল উদ্দেশ্য হলো- নতুন শব্দ গঠন।

📖 **প্রকৃতির প্রকারভেদ :** প্রকৃতি ২ প্রকার। যথা- ১। 'ক্রিয়া প্রকৃতি' ও ২। 'নাম প্রকৃতি'।

গ. well leave ঘ. leave উ. ক

13. Let the sentence be (pen) through. *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. pen খ. penning
গ. pened ঘ. penned উ. ঘ

14. The man was – for murder. *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. hung খ. hang
গ. hanged ঘ. hangged উ. গ

15. I (help) you if I could. *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. I would help খ. I would be helped
গ. I would have helped ঘ. I helped উ. ক

16. Honey is (taste)– sweet. *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. taste খ. tasting
গ. tasted ঘ. being tasted উ. গ

17. It is our duty to (obey) – our parents. *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. obey খ. obeying
গ. obeyed ঘ. be obeyed উ. ক

18. Charity (to begin) – at home. *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. is beginning খ. began
গ. begins ঘ. has begun উ. গ

স্কুল পর্যায়-২

1. One of the boys – absent yesterday. *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. was খ. is
গ. were ঘ. are উ. ক

2. She talked as though she – the CEO of that company. *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. was খ. were
গ. had ঘ. had been উ. খ

3. You had better (to go) there. *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. You had better gone there.
খ. You had better went there.
গ. You had better go there.
ঘ. You had better will go there. উ. গ

4. Navid told Sumon that he (go) to Khulna the next day. *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. went খ. had gone
গ. will go ঘ. would go উ. ঘ

5. He – me while I was reading. *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. Interrupts খ. interrupted
গ. is interrupting ঘ. interrupting উ. খ

6. He made me — the car. *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. to drive খ. driven
গ. drove ঘ. drive উ. ঘ

7. It is high time we (give up) smoking. *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. give up খ. gave up
গ. given up ঘ. should give up উ. খ

8. Walk fast lest the train (miss). *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. would miss খ. would be missed
গ. will be missed ঘ. will miss উ. খ

9. Rina proceeded as though she (know) everything. *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. knows খ. had known
গ. knew ঘ. known উ. খ

10. Now-a-days educative programmes are — on different TV channels. *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. seen খ. telecasting
গ. telecast ঘ. telecasted উ. গ

11. The poor– much in winter. *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. suffer খ. suffers
গ. suffering ঘ. suffered উ. ক

12. Walk fast lest you (miss) the train. *[১২তম স্কু নিবন্ধন ২০১৫]*
ক. would miss খ. missed
গ. should miss ঘ. will miss উ.

13. The patient (die) before the doctor came. *[১২ স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. died খ. had died
গ. have died ঘ. would die উ.

14. I (to suffer) from fever for three days. *[১২তম স্কু নিবন্ধন ২০১৫]*
ক. have suffered খ. am suffering উ.
গ. suffered ঘ. have been suffering

15. It — since morning. *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. has rained খ. has been raining
গ. is raining ঘ. has rained/has been raining উ.

16. Chose the correct verb to complete the senten : You had better– a doctor. *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. to see খ. see
গ. saw ঘ. seen উ.

বিস্তারিত আলোচনা

1. **The Tense Markers** : কিছু কিছু শব্দ বা শব্দগুচ্ছ আছে যা দেখে বোঝা যায় বাক্যের verb- টি কোন Tense হবে। সে সব শব্দ বা শব্দগুচ্ছকে এখানে Tense Markers হিসেবে অভিহিত করা হয়েছে। যদিও আমরা ইতোমধ্যে এই বিষয়টি Tense-এর মাধ্যমে জেনেছি। নিচে Tense Markers এর একটি তালিকা এবং পরে এগুলোর বিস্তারিত ব্যাখ্যা দেয়া হলো।

Tense	Tense Markers
1. Present Indefinite	Always, often, sometimes, every day, daily, regularly, usually, normally, occasionally, generally, etc.
2. Present Continuous	Now, at this moment, at this time, at present, still, listen etc. **Note:** যেসব Verb-এর Continuous হয় না সেসব verb Present Continuous-এ আসলে তাদেরকে Present Indefinite করতে হয়। যেমন- He believes me now.
3. Present perfect	Already, just, just now, yet, never, ever, lately, recently.
4. Present Perfect Continuous	Since, for (যাবৎ, ধরে, হতে, থেকে ইত্যাদি দ্বারা Duration বোঝালে) **Note:** যেসব verb-এর continuous হয় না সেসব verb যদি Present Perfect Continuous-এ আসে তাহলে তাদেরকে Present Perfect করতে হয়। যেমন: We have known each other since 1995

Past Indefinite	Yesterday, last, last night, last week, last month, last year, ago, long ago, long since, the day before yesterday, the previous day, once.
Past Continuous	At that time, at that moment এবং while/ when / as দ্বারা যুক্ত দুটি অতীত ঘটনায় while/when যুক্ত অংশটি Past Continuous হয়; বাকি অংশটি Past Indefinite হয়।
Past Perfect	অতীতের দুটি ক্রমিক ঘটনার ক্ষেত্রে before-এর পূর্বে এবং after-এর পরে বসে; বাকি অংশটি Past Indefinite হয়।
8. Future Indefinite	Tomorrow, next, next day, next week, next month, next year, the following day.
9. Future perfect	by, by this time

2. সুনির্দিষ্ট অন্য কোনো সময় উল্লেখ না করা হলে বাক্যে যদি always, often, sometimes, every day, daily, regularly, usually, normally, occasionally, generally ইত্যাদি শব্দগুলোর কোনো একটি থাকে তাহলে বাক্যের verb টি Present Indefinite Tense হয়। যেমন -

We often fall a victim of circumstances.

3. বাক্যে now, at this moment, at this time, at present, still ইত্যাদি শব্দগুলোর কোনো একটি থাকলে বাক্যটি Present Continuous হয়। তেমনিভাবে বর্তমানে তাৎক্ষণিক দৃষ্টি আকর্ষণমূলক শব্দ, যেমন- look, listen ইত্যাদি শব্দগুলোর কোনো একটি থাকলেও Present Continuous হয়।

It is 10 am now. The sun is shining in the eastern sky

Look! The boys are playing football.

4. বর্তমানকালের দুটি ঘটনা যদি while/when দ্বারা যুক্ত হয় তাহলে while/when যুক্ত অংশটি Present Continuous হয় এবং বাকি অংশটি Present Indefinite Tense হয়। যেমন-

Don't make a noise while your father is sleeping.

5. বাক্যে already, just, just now, yet, never, ever, lately, recently ইত্যাদি শব্দগুলোর কোনো একটি থাকলে Present Perfect Tense হয়।

Have you finished the work yet?

6. Yesterday, ago, long ago, long since, last, last night, last week, last month, last year, the day before yesterday ইত্যাদি শব্দগুচ্ছ Past Indefinite Tense নির্দেশ করে। যেমন -

He moved to London just a few months ago.

He came to me the day before yesterday

7. বাক্যে at that time, at that moment, then ইত্যাদি থাকলে past Continuous Tense হয়। তেমনিভাবে অতীতের দুটি সমসাময়িক ঘটনা while/ when দ্বারা যুক্ত হলে while/ when যুক্ত অংশটি Past Continuous Tense হয়, অপর অংশে হয় Past Indefinite. তবে কখনো কখনো when যুক্ত অংশ Past Indefinite হলে অপর অংশ Past Continuous হয়।

We were watching the news when the telephone rang.

8. While এর ঠিক পরে Subject থাকলে অতীতের ক্ষেত্রে Past Continuous Tense হয়। কিন্তু While এর ঠিক পরে Subject না থেকে যদি সরাসরি Verb থাকে তাহলে উক্ত Verb-এর সাথে -ing যুক্ত হয়। যেমন-

As they waited Rahim argued against war while his brother was discussing the effects of pollution.

While walking in the garden, I saw a snake.

9. অতীতের দুটি ক্রমিকঘটনার ক্ষেত্রে before-এর পূর্বে এবং after-এরপরে Past Perfect Tense হয়, অন্যটি Past Indefinite হয়।

We had attended the class before the teacher entered.

I reached the station after the train had left.

10. বাক্যে tomorrow, next, in the days/years to come ইত্যাদি থাকলে Future Indefinite Tense হয়।

She will come home tomorrow.

11. বাক্যে by this time, by (time, month, year), next (time, month, year) by next (time, month year) ইত্যাদি থাকলে Future Perfect Tense হয়। যেমন-

Next August, Lata and Tanim will have been married for 10 years.

ব্যাখ্যা : উপরের বাক্যটিতে Next শব্দটির পরে August শব্দটি এসেছে, যা দ্বারা next month-কে বোঝায়।]

12. Had better ও would rather এর পর সবসময় verb-এর base form হবে। Had better ও would rather-এর অর্থ প্রায় কাছাকাছি। Had better অর্থ উত্তম এবং would rather অর্থ বরং। উত্তম, উপদেশ বা পরামর্শ বোঝাতে সাধারণত আমরা had better ব্যবহার করে থাকি। একটি জিনিস থেকে আরেকটি জিনিস অধিকতর পছন্দনীয় অর্থাৎ তুলনা বোঝাতে সাধারণত আমরা would rather ব্যবহার করে থাকি। সাধারণত যেখানে had better ব্যবহার করা যায়, সেখানে would rather-ও ব্যবহার করা যায়। কিন্তু বাক্যে যদি তুলনা বোঝাতে than শব্দটি থাকে তাহলে সেখানে অবশ্যই would rather ব্যবহার করতে হবে। যেমন-

You would rather stay at home. (Correct)

You had better stay at home. (Correct)

কিন্তু,You had better stay at home than go out. (Incorrect)

You would rather stay at home than go out. (Correct)

13. Modal Auxiliary (can, could, may, might, must, should, would, ought to, use to, have to, has to ইত্যাদি)-এর পর সবসময় মূল verb এর base form হয়। কিন্তু Modal Auxiliary-এর পর be থাকে (যেমন- can be, could be, may be, might be, should be, would be, ought to be, use to be, have to be, has to be ইত্যাদি)-তাহলে মূল verb এর Past Participle form হয়। নিচের উদাহরণ দেখুন-

He can do the work.

The work can be done by him.

14. কোনো বাক্যের Auxiliary Verb না থাকলে প্রশ্নবোধক বাক্যের শুরুতে Tense অনুযায়ী Auxiliary Verb হিসেবে do, does, did বসে। Do, does ও did বাক্যের শুরুতে আসলে মূল verb এর base form হয়। তেমনিভাবে do not, does not, did not এর পরে মূল verb এর base form হয়। যেমন-

➢ Choose the correct sentence.

(a) Do he have a house?

(b) Does he have a house?

(c) Does he has a house?

(d) Do he has a house?

ব্যাখ্যা : উপরের চারটি বাক্যের মধ্যে Does he have a house? হলো শুদ্ধ বাক্য। বাক্যটি Present Indefinite Tense-এ আছে। Present Indefinite Tense-এ কোনো বাক্যে Auxiliary Verb না থাকলে Subject যদি 3rd Person Singular হয় তাহলে Does দ্বারা প্রশ্ন করতে হয়। আর Present Indefinite Tense-এ কোনো বাক্যে Auxiliary Verb না থাকলে অন্য ক্ষেত্রে Do দ্বারা প্রশ্ন করতে হয়। উক্ত বাক্যের Subject 'He' হলো 3rd Person Singular, তাই Does দ্বারা প্রশ্ন করা হয়েছে। এরপর মূল verb এর base form হিসেবে have বসেছে। তাই অপশন (b) এর বাক্যটি শুদ্ধ। উল্লেখ্য যে, haveএর তিনটি form হলো have-had-had. নিচের উদাহরণগুলো দেখুন-

Does he have a house? (তার কি একটি বাড়ি আছে?)

Do they have a house? (তাদের কি একটি বাড়ি আছে?)

Did he have a house? (তার কি একটি বাড়ি ছিল?)

He does not want this house. (সে এই বাড়িটি চায় না।)

He did not want this house. (সে এই বাড়িটি চায় নি।)

15. বাক্যের শুরুতে Wh-question আসলে এরপর Tense অনুযায়ী Auxiliary verb + Subject বসে।

➢ Which of the following sentences is not correct?

(a) Where did he went?

(b) What does he want?

(c) What are they doing?

(d) What do they do?

ব্যাখ্যা : উপরের চারটি অপশনের মধ্যে Where did he went? হলো অশুদ্ধ বাক্য। বাক্যটি Past Indefinite Tense-এ আছে। Past Indefinite Tense-এ Auxiliary Verb না থাকলে Did দ্বারা প্রশ্ন করতে হয়। Did Auxiliary Verb হিসেবে ব্যবহৃত হওয়ায় মূল verb-এর base form হিসেবে go বসার কথা, কিন্তু বাক্যে go-এর past form হিসেবে went বসেছে। তাই অপশন (a) এর বাক্যটি অশুদ্ধ। নিচের উদাহরণটিও দেখুন-

➢ Which of the following sentences is correct?

(a) Why you have done this?

(b) Why did you have done this?

(c) Why have you done this?

(d) Why you had done this? Ans: c

16. It is time বা It is high time এর পর Subject থাকলে Verb-টি Past Tense- এ হয়। আর এদের পর Subject না থাকলে Infinitive হয় অর্থাৎ, to + verb-এর base form হয়। যেমন-

It is high time you realized your mistakes.

It is high time to do the work

17. I wish বা I fancy অথবা I desire এর পর সবসময় Past Tense হয়। তবে, এদের কোনো একটির পর to be verb আসলে তা সব সময় were হবে, was হবে না। যেমন-

➢ Which of the following sentences is correct?

(a) I wish I was as tall my brother.

(b) I wish I was as tall my brother was.

(c) I wish I were as tall as my brother.

(d) I wish I am as tall as my brother. Ans: c

➢ Which of the following sentences is correct?

(a) I desire I are a young again.

(b) I desire I was young again.

(c) I desire I were young again.

(d) I desire I have young again. Ans: c

➢ Fill in the blank with an appropriate word :

I wish I — the wings of bird!

(a) had (b) have

(c) am (d) was Ans: a

18. Would that দ্বারা শুরু হওয়া বাক্য সবসময় Exclamatory sentence হয় এবং এর দ্বারা অবাস্তব ইচ্ছে প্রকাশ করা হয়। Would that এর পর to be verb আসলে তা সব সময়

were হবে। কিন্তু, Would that এর পর অন্য যে কোনো verb আসলে সেই verb-এর আগে could যুক্ত করে বসাতে হয়। যেমন-

➢ **Fill in the blank with an appropriate word :**
Would that I — a bird!
(a) am (b) was
(c) are (d) were **Ans: d**

➢ **Fill in the blank with an appropriate word :**
Would that I (fly) in the sky.
(a) can fly (b) could fly
(c) was flying (d) flied **Ans: b**

19. কোনো বাক্যে যদি 'too' এর কোনো Verb বসাতে হয়, তাহলে সেটির আগে to যুক্ত করতে হবে। আরো সহজভাবে বললে- Too ... to+ Verb এর base form হবে। যেমন–
He is too weak to walk. (সে এতোই দুর্বল যে হাঁটতে পারে না)

20. So ... that দ্বারা যদি দুটি বাক্য যুক্ত হয়, তাহলে that এর আগের অংশ Present Tense হলে that এর পরের অংশের সাথে can not যুক্ত করে মূল Verb-টির base form বসাতে হবে এবং that এর আগের অংশ Past Tense হলে that এর পরের অংশের সাথে could not (সহজে মনে রাখুন- can এর past রূপ could বসবে) যুক্ত করে মূল Verb-টির base form বসাতে হবে। যেমন:
The man is **so** ill **that** he can not walk for a while.
The man was so ill **that** he could not walk for a while.

21. So that দ্বারা যদি দুটি বাক্য যুক্ত হয়, তাহলে so that এর আগের অংশ Present Tense হলে so that এর পরের অংশের সাথে can যুক্ত করে মূল Verb-টির base form বসাতে হবে এবং so that এর আগের অংশ Past Tense হলে so that এর পরের অংশের সাথে could (সহজে মনে রাখুন- can এর past রূপ could বসবে) যুক্ত করে মূল Verb-টির base form বসাতে হবে। যেমন:
He studies hard **so that** he can pass the exam easily.
He studied hard **so that** he could pass the exam easily.
[বি.দ্রঃ So ... that এবং so that এর নিয়ম প্রায় একই; শুধু পার্থক্য হচ্ছে So ... that এর ক্ষেত্রে can not/could not বসে এবং So that এর ক্ষেত্রে can /could বসে। একটি হলো পজিটিব বাক্য, আরেকটি হলো নেগেটিভ বাক্য।]

22. As though বা as if দ্বারা যদি দুটি বাক্য যুক্ত হয় তাহলে as though/as if এর আগের অংশ যদি Present Indefinite হয় তাহলে পরের অংশ হবে Past Indefinite; আর as though/as if এর আগের অংশ যদি Past Indefinite হয় তাহলে পরের অংশ হবে Past Perfect. মনে রাখতে হবে, as though ও as if দ্বারা একই অর্থ বোঝায়। অর্থাৎ, as though অর্থ 'যেন', as if অর্থও 'যেন'। নিচের উদাহরণগুলো দেখুন-
He talks as if he knew everything.
He talked as if he had known everything.

23. Since দ্বারা যদি দুটি বাক্য যুক্ত হলে since এর আগের অংশ Present Indefinite অথবা Present Perfect হলে since এর পর Past Indefinite Tense হয়। তবে since- এর আগের অংশ Past Indefinite হলে এর পরের অংশ Past Perfect হয়। যেমন-

❖ **Which one completes the sentence properly?**
Some days ... since my father died,
(a) are passed (b) passed
(c) have passed (d) had passed **Ans: c**

❖ **Which one completes the sentence properly?**
Some days ... since my father had died,
(a) are passed (b) passed
(c) have passed (d) had passed **Ans: b**

24. **No sooner had ... than, Scarcely had ... when, Hardly had ... when**
এর প্রথম অংশ Past perfect যেহেতু 'had' Past Perfect Tense-এর Auxiliary Verb, তাই 'had'এর পর মূল Verb এর Past Participle হয় এবং ২য় অংশে Past Indefinite হয়। উল্লেখ্য, No sooner এর সাথে সবসময় than, Scarcely এর সাথে when, Hardly এর সাথে when বসে- এ বিষয়টি মাথায় রাখতে হবে। যেমন-

❖ **Indentify the correct sentence:**
(a) No sooner had we reached the station the train left
(b) No sooner had we reached the station then the train left
(c) No sooner had we reached the train had left
(d) No sooner had we reached the station than the train left **Ans: d**

❖ **Hardly had the train stopped -**
(a) before we got down
(b) as we got down
(c) than we got down
(d) when we got down **Ans: d**

❖ **Choose the correct tense -**
(a) Scarcely had we started than it began to rain.
(b) Scarcely had we started when it began to rain.
(c) Scarcely had we been started but it began to rain.
(d) Scarcely had we started then it began to rain.
Ans: b

25. 'To' ছাড়া অন্য কোনো preposition এরপর কোনো verb আসলে উক্ত verb এর সাথে ing যুক্ত হয়। কিন্তু 'to' preposition এরপর কোনো verb আসলে উক্ত verb এর base form হয়। যেমন-

❖ My father insists on ... quality materials for the construction of our new house.

(a) use (b) to use
(c) the use (d) using Ans: d

❖ I would like to ... this place.

(a) leave (b) leaving
(c) left (d) had left Ans: a

26. বাক্যে mind, cannot help, could not help, with a view to, look forward to, get used to, worth ইত্যাদি পর কোনো verb আসলে উক্ত verb এর সাথে ing যুক্ত হয়। যেমন-

❖ I don't mind ... with the cooking but I am not going to wash the dishes.

(a) to help (b) help
(c) helping (d) for helping Ans: c

❖ Fill in the blank with right option.
I am looking forward - you.

(a) to seeing (b) seeing
(c) to see (d) to have seen Ans: a

❖ I went to the market with a view to - a book.

(a) bought (b) buy
(c) buying (d) being bought Ans: c

27. It is no good, It is no use (কোনো লাভ নেই, নিরর্থক) এরপর verb আসলে তার সাথে ing যুক্ত হয়। যেমন-

❖ Which one is the right in use?

(a) It is no good of the talk to him
(b) To talk him is of no good
(c) It's no use talking to him
(d) It's of no use how talking to him Ans: c

28. 'Be used to' মানে am used to/is used to/are used to/was used to/were used to এর পর এবং get used to এর পর verb এর সাথে ing যুক্ত হয়; কিন্তু used to এর পর verb এর base form হয়। যেমন-

He was used to walking.
He used to walk.

29. Lest দ্বারা কোনো বাক্যাংশ যুক্ত হলে Lest যুক্ত অংশের Subject এর পর should অথবা might হয় এবং Lest যেহেতু নিজেই একটি Negative শব্দ তাই Lest-এর পরে কোনো Negative শব্দ যুক্ত হয় না। এখানে উল্লেখ্য যে, Negative শব্দের অর্থ 'নতুবা'। নিচের উদাহরণ দেখুন-

▯ Select the right word.
He ran fast lest he - miss the train.

(a) can (b) should
(c) could (d) has Ans: b

▯ Choose the correct word to fill in the blank.
Keep watch on my baby lest the thief - steal it.

(a) might not (b) might
(c) should not (d) cannot Ans: b

30. Have, has, having, to be এর পর Verb এর Past Participle হয়। যেমন-

Hasan has chosen the right path.
Having tried, Kamal went to home.
Maliha wanted the movie to be watched.

31. বাক্যে 'জানা' অর্থে 'How to' ব্যবহৃত হলে, 'How to'-এর পর সবসময় Verb-এর base form হয়।

He did not know how to swim.

32. কোনো Simple Sentence এ মূল verb এর পর যদি আবারও সাথে সাথে নতুন verb আসে তাহলে পরবর্তী verb-টি হয় to + মূল verb হবে অথবা verb টির সাথে ing যুক্ত হয়।

(i) নিম্নোক্ত Verb-গুলোর কোনো একটির পর যদি আবারও সাথে সাথে নতুন কোনো Verb আসে তাহলে পরবর্তী verb-টি সাধারণত to + মূল verb হবে।

Agree, appear, ask, attempt, begin, decide, expect, fail, hope, intend, learn, like, manage, offer, prefer, pretend, propose, want ইত্যাদি।

➢ They would like - cricket.

(a) play (b) to play
(c) playing (d) played Ans: b

➢ He intends to - in the country for two months.

(a) live (b) stay
(c) stop (d) halt Ans: b

(ii) নিম্নোক্ত Verb-গুলোর কোনো একটির পর যদি আবারও সাথে সাথে নতুন কোনো Verb আসে তাহলে পরবর্তী Verb-টি সাথে সাধারণত ing যুক্ত হবে।

Avoid, carry on, enjoy, feel like, finish, give up, help (can't help), mind (can't mind), would you mind, start, stop, suggest ইত্যাদি।

He gave up - football when he got married.
a) of playing (b) to play
c) playing (d) play Ans: c

The students did not stop ... in the classroom.
a) to talk (b) talking
c) talked (d) to talked Ans: b

পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে-

শুধু used to (অতীতে অভ্যাস ছিল এখন নেই বোঝাতে)-এর পরে Verb-এর base form বসবে কিন্তু be used to অর্থাৎ am used to/ is used to/are used to/ was used to/ were used to এর পরে Verb-এর সাথে ing যুক্ত হবে। (কোনো কিছুতে অভ্যস্ত বোঝাতে)। কেননা, এই be verb-গুলো Continuous Tense-এর Auxiliary Verb হিসেবে ব্যবহৃত হয়। যেমন- He used to smoke. কিন্তু He is used to smoking.

With a view to, look forward to, object to ইত্যাদির সাথে যে to আছে তা Preposition হিসেবে আলাদাভাবে ব্যবহৃত হয়নি বরং ঐ শব্দগুলোর সাথে to যুক্ত হয়ে আলাদাভাবে শব্দ গঠন করেছে। তাই এই শব্দগুলোর পরে Verb-এর base form না বসে বরং এর পরে Verb-এর সাথে ing যুক্ত হবে।যেমন- 'He went there with a view to see you.' বললে ভুল হবে; বলতে হবে 'He went there with a view to seeing you.' আবার 'They object to go there.' বললে ভুল হবে; বলতে হবে 'They object to going there.'

➢ Had better দ্বারা Past Perfect Tense বোঝায় না বরং Had better দ্বারা Modal Auxiliary বোঝায়। তাই Had better এর পর Past Participle হবে না; বরং Verb-এর base form হবে। তাই 'You had better gone home.' বললে ভুল হবে; বলতে হবে 'You had better go home.'

➢ It is time বা It is high time এর পর Subject থাকলে Verb-টি Past Tense- এ হয়। আর এদের পর Subject না থাকলে Infinitive হয় অর্থাৎ, to + verb-এর base form হয়। যেমন-

It is high time you to realize your mistakes.' বললে ভুল হবে; বলতে হবে 'It is high time you realized your mistakes. আবার 'It is high time did the work.' বললে ভুল হবে; বলতে হবে 'It is high time to do the work.'

Causative Verbs

আসুন পৃথিবীর সবচেয়ে সহজ পদ্ধতিতে Causative Verbs শিখি। কোনো ব্যক্তি সরাসরি নিজে কাজ না করে অন্যকে দিয়ে করানো বোঝাতে কিছু Verb ব্যবহৃত হয়। এই Verb-গুলোকে Causative Verbs বলে। অনেকগুলো আছে, তবে এখানে প্রধান ৫টি Causative Verb আলোচনা করা হলো, যেগুলো প্রায়ই পরীক্ষাতে আসে। Causative Verb-গুলো হলো let, make, help, have, get.

চেনার সহজ উপায়: এই Causative Verb-গুলো যখন কোনো বাক্যে ব্যবহৃত হয়, তখন এগুলোর পর ব্যক্তিবাচক অথবা বস্তুবাচক Object থাকবেই।

আসুন পৃথিবীর সবচেয়ে সহজ পদ্ধতিতে Causative Verb শিখি।

* Let, make, help-এর ব্যক্তিবাচক বা বস্তুবাচক যে Object-ই থাকুন না কেন এর পর Verb-এর base form বসবে।

আসুন এই নিয়মটা একটি স্পেশাল টেকনিকের মাধ্যমে মনে রাখি- 'চলো আমরা (Let us) বেইজের (Verb-এর base form) উপর দাঁড়িয়ে তৈরি (make) করতে সাহায্য (help) করি।'

ব্যাখ্যা: আমরা জানি, Let us দ্বারা Imperative Sentence-এ কোনো কিছুর প্রস্তাব বোঝায়। এবার মূল কথায় আসি। Let, make, help-এর ব্যক্তিবাচক বা বস্তুবাচক যে Object-ইথাকুন না কেন এর পর Verb-এর base form বসে।

He did let me ... the guitar.
(a) to play (b) playing
(c) play (d) that I could play Ans: c

➢ The speaker failed to make the audience ... to him patiently.
Which of the following is the correct verb form in the blank above?
(a) to listen (b) listening
(c) listened (d) listen Ans: d

➢ তবে help-এর পর ব্যক্তিবাচক Object হলে Verb-টি Infinitive তথা to + Verb-এর base form বসালেও শুদ্ধ হবে। (তবে এটি পরীক্ষাতেই একদম আসে না বললেই চলে।) যেমন-

He help me carry the boxes. (Correct)
He help me to carry the boxes. (Correct)

* Have এবং get-এর পর বস্তুবাচক Object হলে Verb-এর Past Participle form বসবে। কিন্তু haveএর পর ব্যক্তিবাচক Object হলে Verb-এর base form বসবে এবং get-এর পর ব্যক্তিবাচক

Object হলে Verb-টি Infinitive তথা to + Verb-এর base form বসবে।

I have the roof repaired easily.
I get the roof repaired easily.
I have Jamal repair the roof.
I get Jamal to repair the roof.

* এখানে উল্লেখ্য যে, একমাত্র let ছাড়া প্রত্যেকটি Causative Verb-এর Past form আছে। যেমন- make এর Past form হলোmade, help এর Past form হলো helped, have এর Past form হলো had এবংget এর Past form হলো got. এই ক্ষেত্রে নিয়মের কোনো পরিবর্তন হবে না। অর্থাৎ, মূল Causative Verb-এর নিয়ম যা, এর Past form-এর নিয়মও তা।

➢ Select the correct form of verb. I got my car -
(a) repairing (b) repaired
(c) have repaired (d) to be repaired Ans: b

➢ The teacher made the children... the book.
(a) read (b) to read
(c) reading (d) reads Ans: a

➢ My mother had me... milk everyday.
(a) to drink (b) drink
(c) drinking (d) drank Ans: b

➢ Where -
(a) did you cut your hair?
(b) have you cut your hair?
(c) did you cut your hair
(d) did you have your hair cut Ans: d

N.B. 'আমি চুলকাটাতে যাচ্ছি'এর ইংরেজি 'I am going to cut my hair.' লিখলে ভুল হবে। কারণ আপনি নাপিত হয়ে যাবেন। শুদ্ধ ইংরেজি হবে 'I am going to have my hair cut.'

MCQ Test

1. Rishan walks as if he — lame.
(ক) is (খ) had been
(গ) has (ঘ) were Ans: d

2. He watched the boat — down the river.
(ক) to float (খ) floating
(গ) was floating (ঘ) had floated Ans: b

3. New programs will be — next week in Bangladesh Television.
(ক) telecast (খ) published
(গ) telecasted (ঘ) broadcasted Ans: a

4. Only after I — home, did I remember my doctor's appointment.
(ক) going (খ) go
(গ) went (ঘ) gone Ans: c

5. Which of the following sentence is correct?
(ক) Why have you done this?
(খ) Why you had done this?
(গ) Why you have done this?
(ঘ) Why did you done this? Ans: a

6. I am looking forward — you.
(ক) to seeing (খ) seeing
(গ) to see (ঘ) to have seen Ans: a

7. He ran fast lest he — miss the train.
(ক) can (খ) should
(গ) could (ঘ) has Ans: b

8. Neela — her hand when she was cooking dinner.
(ক) is burning (খ) burnt
(গ) will burn (ঘ) was burning Ans: b

9. Do not make a noise while your father —?
(ক) is sleeping (খ) has slept
(গ) a sleep (ঘ) is being asleep Ans: a

10. I — remember the holiday I spent in your home, she said
(ক) ever (খ) hardly
(গ) usually (ঘ) always Ans: d

11. As the sun — I decided to go out
(ক) shines (খ) has shone
(গ) shine (ঘ) was shining Ans: d

12. I don't mind — with cooking but I am not going to wash the dishes.
(ক) to help (খ) help
(গ) helping (ঘ) for cooking Ans: c

13. My uncle arrived while I — the dinner.
(ক) would cook (খ) had cooked
(গ) cook (ঘ) was cooking Ans: d

14. Even as harvesting was going on —
(ক) the rainy season began
(খ) the rainy season was began
(গ) the rainy season had begun
(ঘ) the rainy season begins Ans: a

15. It's time ... your mistake.
(ক) you realized (খ) you realized
(গ) you would realize (ঘ) you have realized Ans: a

16. I — to meet you ever since I read your fist novel.
(ক) hope (খ) have hoped
(গ) have been hoping (ঘ) am hoping Ans: b

5. Indentify appropriate translation from Bengali to English [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

শিক্ষক নিবন্ধন পরীক্ষায় এই টপিকের ওপর মূলত বাংলা থেকে ইংরেজিতে অনুবাদ করতে বলা হয় প্রশ্নে। আর এই ক্ষেত্রে প্রশ্ন বেশি আসে বাংলা প্রবাদ-প্রচন। অর্থাৎ, বাংলা প্রবাদ-প্রবচন ইংরেজিতে অনুবাদ করতে বলা হয় প্রশ্নে। এছাড়াও Past Perfect Tense এবং Present Perfect Tense ভিত্তিক প্রশ্ন থাকে।

কলেজ পর্যায়

1. **Which one is the correct English translation of "অসারের তর্জন গর্জন সার"?** *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
   ক. Ignorance is vociferous.
   খ. An idle man speaks much.
   গ. A barking dog seldom bites.
   ঘ. An empty vessel sound much. উ: গ,ঘ
   ব্যাখ্যা : 'A barking dog seldom bite.' এবং 'An empty vessel sounds much.' দুটি প্রবাদ-প্রবচনের অর্থ একই। এদের অর্থ- খালি কলসি বাজে বেশি।/যত গর্জে তত বর্ষে না।/অসারে অর্জন গর্জন সার। তাই উত্তর : (গ) ও (ঘ)।

2. **'গাছে এখনো ফল ধরে নাই'– The best translation is–** *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
   ক. The tree can not bear fruit.
   খ. The tree has not given fruit yet.
   গ. The tree has not caught any fruit.
   ঘ. The tree has not yet borne fruit. উ. ঘ

3. **'যেমন কর্ম তেমন ফল'– The translation is–** *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
   ক. All that glitters is not gold.
   খ. As you sow, so you reap.
   গ. A stitch in time, saves nine.
   ঘ. The more you work, the more you get. উ. খ

4. **ছেলেটি কাঁদতে কাঁদতে আমার কাছে এল।** *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
   ক. The boy came to me crying.
   খ. The boy came near me crying.
   গ. The boy came to me in crying.
   ঘ. The boy came to me by crying. উ. ক

5. **'লেবু কচলালে তেতো হয়' —The best translation is —** *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
   ক. The lemon becomes bitter if it is rubbed.
   খ. A jest driven hard, loses its points.
   গ. A hungry fox is an angry fox.
   ঘ. Don't try to do anything anain and anain. উ. খ

6. **'কর্তৃপক্ষ তাকে তিরস্কার করল'– The best translation is :** *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
   ক. The authorities blame him.
   খ. The authority took him to task.
   গ. The authorities took him to book.
   ঘ. The authority gave reins to him. উ. খ

7. **শিশুটি হাসতে হাসতে আমার কাছে এল।** *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
   ক. The baby came to me to laughing
   খ. The baby came to me laughing
   গ. The baby came to me in laughing
   ঘ. The baby came to me by laughing উ. খ

8. **The correct translation of 'দুঃখের প্রয়োজনীয়তা মধুর' is–** *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
   ক. Sweet are the uses of adversity
   খ. Sweet is the uses of adversity
   গ. Sweet uses of adversity
   ঘ. Sweet do not use the adviersity উ. ক

9. **'সকাল থেকে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হচ্ছে'– the correct translation of this sentence is–** *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
   ক. It is raining since moming.
   খ. It has been being raining since morning.
   গ. It has been raining for moming.
   ঘ. It has been drizzling since morning. উ. ঘ

10. **"তাকে তিরস্কার করা হয়েছিল"– এর শুদ্ধ ইংরেজি–** *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
    ক. He was dishonoured.
    খ. He was brought to brim.
    গ. He was brought to book.
    ঘ. He was punished. উ. গ

11. 'তার জন্য জায়গা করে দাও'-এর শুদ্ধ ইংরেজি- *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. Make place for him
খ. Manage place for him
গ. Make accommodation for him
ঘ. Make room for him
উ. ঘ

12. Select the correct Bangla translation of 'It is a long story' *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. সে অনেক দিনের কথা খ. সে অনেক কথা
গ. সে লম্বা গল্প করেছিল
ঘ. সে অনেক বড় কথা বলেছিল
উ.খ

13. Which one is the correct English translation of 'এখন আমার হাত খালি'? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. I am empty hand now
খ. I am empty pocket now
গ. I am hand up now
ঘ. I am without money now
উ. খ

14. Select the correct Bangla translation of 'There is no room in the bench.' *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. এ রুমে কোনো বেঞ্চ নেই
খ. এ বেঞ্চে কোনো কক্ষ নেই
গ. এ বেঞ্চে কোনো জায়গা নেই
ঘ. কোথাও কোনো বেঞ্চ নেই
উ. গ

15. 'শব্দটি কেটে দাও'– এর শুদ্ধ ইংরেজি– *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. Pen through the word
খ. Cut the word
গ. Cut through the word
ঘ. Cut out the word
উ. ক

16. Select the correct Bangla translation of :
"There is no room in the bench". *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. এ রুমে কোনো বেঞ্চ নাই।
খ. এ জায়গায় কোনো বেঞ্চ নাই।
গ. এ বেঞ্চে কোনো জায়গা নাই।
ঘ. এ বেঞ্চে কোনো কক্ষ নাই।
উ. গ

17. Select the correct English translation of :
"The boy takes after his father". *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. ছেলেটি তার পিতার দেখাশুনা করে।
খ. ছেলেটি তার পিতার অনুকরণ করে।
গ. ছেলেটি তার পিতার পদাংক অনুসরণ করে।
ঘ. ছেলেটি দেখতে তার পিতার মত।
উ. ঘ

18. Choose the rigth Bangla translation of "It is now fifteen minutes past four." *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. এখন চারটা বেজে পনের মিনিট।
খ. এখন চারটা বাজতে পনের মিনিট।
গ. এখন চারটা বেজে পাঁচ মিনিট।
ঘ. এখন চারটা বাজতে পাঁচ মিনিট।
উ. ক

19. Choose the correct English translation of "কে দিয়ে ভাত খায়, গল্প করে দই"। *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. Pride goeth before fall.
খ. Ill got ill spent.
গ. Small boast, big roast.
ঘ. Big boast, small roast.
উ. ঘ

20. Select the correct English translation of "তিনি পদত্যাগ করেছেন।" *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. He has resigned of his post.
খ. He has resigned from his post.
গ. He has resigned his post.
ঘ. He has been resigned his post.
উ. গ

21. 'ছেলেটি দেখতে তার বাবার মতো।' Which is the correct English translation? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. The boy takes after his father
খ. The boy looks after his father
গ. The boy resembles his father
ঘ. The boy looks like his fater
উ. *
ব্যাখ্যা : অপশন (ক) ও অপশন (গ) উভয়ই সঠিক। কারো মতো হওয়া বা সদৃশ হওয়া অর্থে 'take after', 'resemble' দুটিই ব্যবহৃত হতে পারে। তবে, 'take after' এর প্রচলন বেশি।

22. Choose the right Bangla translation of "He came off with flying colours." *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. তিনি গৌরমবময় সাফল্য অর্জন করেন
খ. তিনি উড়ন্ত রং নিয়ে এসেছিলেন
গ. তিনি রং ছিটাতে ছিটাতে এসেছিলেন
ঘ. বিজয়ের গৌরব নিয়ে তিনি উড়ে এসেছিলেন
উ. ক

23. Choose the correct translation of : "There is a little milk in the cup." *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. পেয়ালায় অল্প দুধ আছে
খ. পেয়ালায় দুধ নেই বললেই চলে
গ. পেয়ালায় দুধ নেই
ঘ. পেয়ালায় একটুখানি দুধ নেই
উ. ক

Job Navigator

24. কখনো অপরের নিন্দা করো না।
Choose the correct English translation : *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. Never tell bad of others
খ. Never tell sick of others
গ. Never speak evil of other
ঘ. Never speak ill of others
উ. ঘ

25. **"I hardly go out after dusk." The correct Bangla translation is :** *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. আমি সন্ধ্যার পর কদাচিৎ বাইরে যাই
খ. আমি সন্ধ্যার পর পরেই বাইরে যাই
গ. আমি সন্ধ্যার পর প্রায়ই বাইরে যাই
ঘ. আমি সন্ধ্যার পর মোটেও বাইরে যাই না
উ. ক

26. **"আমার বন্ধু নাই বললেই চলে"** *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
Which is the correct English Translation?
ক. I have a few Friends
খ. I have no friend
গ. I have few friends
ঘ. I have little friends
উ. গ

27. **"গায়ে মানে না আপনি মোড়ল"** *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
The correct English Translation is–
ক. Every man is for himself
খ. He is a self-styled leader
গ. Opportunity makes the thieves
ঘ. Good wine needs no bush
উ. খ

28. **"Call a spade a spade".**
The correct Bengali translation is– *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. আগে ঘর তবেতো পর।
খ. ঝোপ বুঝে কোপ মারা।
গ. স্পষ্টাস্পষ্টি কথা বলা।
ঘ. জলেই জল বাঁধে
উ. গ

29. **"The elephant is the largest quadruped animal in the world." The correct Bengali translation is–** *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. হাতি পৃথিবীর সবচেয়ে বৃহৎ তৃণভোজী প্রাণী।
খ. হাতি পৃথিবীর সবচেয়ে বৃহৎ স্থলজ প্রাণী।
গ. হাতি পৃথিবীর সবচেয়ে বৃহৎ বনজ প্রাণী।
ঘ. হাতি পৃথিবীর সবচেয়ে বৃহৎ চতুষ্পদ প্রাণী।
উ. ঘ

স্কুল পর্যায়

1. আজকাল নারীরা জীবনের সর্বক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. Women are playing important role in all spheres of life.
খ. Nowadays women are playing important role everywhere.
গ. Women are playing most important roles in all sphere of life.
ঘ. Nowadays women are playing important role in all spheres of life.
উ. ঘ

2. তিনি সৎ লোক ছিলেন, তাই না? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. He was truthful, was he?
খ. He was an honest man, did not he?
গ. He was really an honest man?
ঘ. He was an honest man, wasn't he?
উ. ঘ

3. কর্তৃপক্ষ তাকে তিরস্কার করল। *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. The authority criticised him.
খ. The authority took him to task.
গ. The authority took him to book.
ঘ. The authority gave reins to him.
উ. খ

4. সে নদীর কাছে এক কুটিরে বাস করত। *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. He lived a hut close with river.
খ. He lived in a hut close at the river.
গ. He lived in a hut close to the river.
ঘ. He lived in a hut close by the river.
উ. গ

5. আমরা বিষয়টি আলোচনা করব। *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. We shall discuss about the matter
খ. We shall discuss to the matter
গ. We should discuss on the matter
ঘ. We shall discuss the matter
উ. ঘ

6. এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি। *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. You will find such a country nowhere
খ. Nowhere you will find such a country
গ. Nowhere will you find such a country
ঘ. You will find a country like this nowhere
উ. গ

7. শব্দটি কেটে দাও– *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. Pen through the word খ. Cut the word
গ. Cut through the word ঘ. Cut out the word
উ. ক

8. তুমি কি জানো সে কোথায় থাকে? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. Do you know where does he live?
খ. Do you know where he live?
গ. Do you know where he is live?
ঘ. Do you know where he lives? উ. ঘ

9. সে সাঁতরাতে জানে না। [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. He does not know swim.
খ. He does not know to swimming.
গ. He does not know how to swim.
ঘ. He don't know swiniming. উ. গ

10. তোমার বাবা কী করেন? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. What is your father?
খ. What is your father doing?
গ. What does your father?
ঘ. What your father does? উ. ক

11. কলমটি তার। [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. He belongs to the pen. খ. The pen is his.
গ. He is the owner of the pen.
ঘ. The pen is mine. উ. গ

12. বিনয় মহত্বের ভূষণ। [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. Modesty are embellishment of greatness.
খ. Modesty is embellishment on greatness.
গ. Modesty is embellishment to greatness.
ঘ. Modesty is embellishment of greatness. উ. ঘ

13. কেটলিতে পানি টগবগ করছে। [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. The water is simmering in the kettle.
খ. The water boiling in the kettle.
গ. The water is rising high in the kettle.
ঘ. The kettle is over flowing. উ. ক

14. ট্রেনটি ঢাকা যাবে। [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. The train is going to Dhaka.
খ. The train is bound for Dhaka.
গ. The train is leaving for Dhaka.
ঘ. The train will go Dhaka. উ. খ

15. আমি তোমাকে খাওয়াবো। [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. I shall eat you খ. I shall feed you
গ. I shall be eating you ঘ. I shall give you a party
উ. খ

16. সে আমার আপন ভাই। [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. He is my brother
খ. He is my step brother
গ. He is my elder brother
ঘ. He is my own brother উ. ঘ

17. আমার লিখিবার কলম নাই। [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. I have no pen to write
খ. I have no writing pen
গ. I have no pen to write with
ঘ. I have no pen for writing উ. গ

18. জ্ঞানীরা বেশি কথা বলেন না। [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. The wises do not talk much
খ. The wise does not talk much.
গ. The wise do not talk much
ঘ. The wise men does not talk much উ. গ

19. দাঁড়াও, আমি এখনি আসছি। [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. Stand, I come now.
খ. Wait, I am coming now.
গ. Keep standing,I am coming now.
ঘ. Stand here, I am coming. উ. খ

20. সে এক সপ্তাহ যাবত অসুস্থ। [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. He has been ill since a week
খ. He has been ill till a week
গ. He has been ill for a week
ঘ. He has been ill during a week উ. গ

21. এটা যেন বিনা মেঘে বজ্রপাত। [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. It is as if a thunder from the clouds.
খ. It is a bolt from the blue.
গ. It is a strong thunder.
ঘ. It is bolts from the blues. উ. খ

22. সে ইংরেজিতে ভাল। [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. He is well in English.
খ. He is expert in English.
গ. He is good at English.
ঘ. He is better in English. উ. গ

23. জীবন পুষ্পশয্যা নয়। [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. The life is not bed of roses.
খ. A life is not bed of roses.
গ. Life is not bed of roses.
ঘ. Life is not a bed of roses. উ. ঘ

24. ইংরেজি শেখা সহজ। [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. English is easy for learning.
খ. The English is easy to learn.
গ. It is easy to learning English.
ঘ. It is easy to learn English. উ. ঘ

25. The sun rises in the east. *[৯ম কুল নিবন্ধন ২০১৩]*
ক. সূর্য পূর্ব দিকে ওঠে।
খ. সূর্য পূর্ব দিকে অস্ত যায়।
গ. সূর্য পশ্চিম দিকে অস্ত যায়।
ঘ. সূর্য পূর্ব দিকে উঠছে। **উ. ক**

26. He is my nephew. *[৯ম কুল নিবন্ধন ২০১৩]*
ক. সে আমার চাচা। খ. সে আমার নতুন পরিচিত।
গ. সে আমার ভাতিজি। ঘ. সে আমার ভাতিজা। **উ. ঘ**

27. It is I who am your teacher. *[৯ম কুল নিবন্ধন ২০১৩]*
ক. আমি তোমার শিক্ষক। খ. আমিই তোমার শিক্ষক।
গ. এটি আমি যে তোমার শিক্ষক।
ঘ. এটি আমি যিনি তোমার শিক্ষক। **উ. খ**

28. It is a quarter to ten now. *[৯ম কুল নিবন্ধন ২০১৩]*
ক. এখন সোয়া দশটা বাজে। খ. এখন সাড়ে দশটা বাজে।
গ. এখন পৌনে দশটা বাজে।
ঘ. এখন দশটার কাছাকাছি। **উ. গ**

29. Pen through the line. *[৯ম কুল নিবন্ধন ২০১৩]*
ক. বাক্যটি কেটে দাও। খ. শব্দটি কেটে দাও।
গ. ছত্রটি কেটে দাও। ঘ. ছত্রটি বদলে দাও। **উ. গ**

30. Faults are thick where love is thin. *[৯ম কুল নিবন্ধন ২০১৩]*
ক. ভালবাসলে ত্রুটি দেখা যায় না।
খ. ত্রুটি ভালবাসায় বিলীন হয়ে যায়।
গ. যাকে দেখতে নারি তার চলন বাঁকা।
ঘ. ত্রুটি ও ভালবাসা অভিন্ন। **উ. গ**

31. ছেলেটি হাড়ে হাড়ে দুষ্ট। *[৯ম কুল নিবন্ধন ২০১৩]*
ক. The boy is very wicked
খ. The boy is naughty.
গ. The boy is wicked bone to bone.
ঘ. The boy is wicked to the backbone. **উ. ঘ**

32. চক্ চক্ করলেই সোনা হয় না। *[৯ম কুল নিবন্ধন ২০১৩]*
ক. All that gliter is not gold.
খ. All that gliters is not gold.
গ. All that glitters is not gold.
ঘ. All that glitters are not gold **উ. গ**

33. ঢাকা কি জন্য বিখ্যাত? *[৯ম কুল নিবন্ধন ২০১৩]*
ক. What is Dhaka famous for?
খ. Why Dhaka is famous?
গ. What Dhaka is famous for?
ঘ. What for Dhaka is famous? **উ. ক**

34. আমি জানি সে কোথায় বাস করে। *[৯ম কুল নিবন্ধন ২০১৩]*
ক. I know where does he lives.
খ. I know where he is living.
গ. I know where he live.
ঘ. I know where he lives. **উ. ঘ**

35. তেল পানিতে ভাসে। *[৯ম কুল নিবন্ধন ২০১৩]*
ক. Oil is floatin is water.
খ. Oil floates over water.
গ. Oil floats on water.
ঘ. Oil is floated on water. **উ. গ**

36. আমার একটি কম্পিউটার আছে। *[৯ম কুল নিবন্ধন ২০১৩]*
ক. I have a computer. খ. I had a computer.
গ. I has a computer. ঘ. I am a computer. **উ. ক**

37. আমি তাকে দু'বছর যাবৎ চিনি। *[৮ম কুল নিবন্ধন ২০১২]*
ক. I have been knowing her for two years.
খ. I have known her for two years.
গ. I know her for two years.
ঘ. I am knowing her for two years. **উ. খ**

38. সূর্য উঠেছে। *[৮ম কুল নিবন্ধন ২০১২]*
ক. The sun has up. খ. The sun is up.
গ. The sun had been up. ঘ. The sun has been up. **উ. খ**

39. সে গতকাল বাড়ি এসেছে। *[৮ম কুল নিবন্ধন ২০১২]*
ক. He had come home yesterday.
খ. He has come home last day.
গ. He came home yesterday.
ঘ. He had been come home yesterday. **উ. গ**

40. মেয়েটিকে আমি পথের পাশে ফুল বিক্রি করতে দেখেছিলাম। *[৮ম কুল নিবন্ধন ২০১২]*
ক. I had seen the nice girl beside the road to sell flowers.
খ. I saw the girl on the road to sell the flowers.
গ. I saw the girl beside the road to sell the flowers.
ঘ. I was seeing the girl beside the road to sell the flowers. **উ. গ**

41. মোস্তারীরা চার বোন। *[৮ম কুল নিবন্ধন ২০১২]*
ক. Mostari and her sisters are four in numbers.
খ. Mostari has four sisters.
গ. Mostari has three sisters.
ঘ. Mostaris have four sisters. **উ. ক**

42. লক্ষ্মী আজ স্কুলে আসে নাই। *[৮ম কুল নিবন্ধন ২০১২]*
ক. Laxmi does not come to school today.
খ. Laxmi did not come to school that day.
গ. Laxmi has not come to school today.
ঘ. Laxmi has not been come to school today. **উ. গ**

43. It is really a vexed question. *[৮ম কুল নিবন্ধন ২০১২]*
ক. এটি প্রকৃতপক্ষে একটি অসহনীয় প্রশ্ন
খ. বাস্তবিকই এটি একটি বিরক্তিকর প্রশ্ন
গ. এটি প্রকৃতপক্ষে একটি বিরক্তিকর প্রশ্ন
ঘ. এটি আসলেই বাজে প্রশ্ন **উ. গ**

Job Navigator

44. The clouds rolled away. *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. মেঘ চলে গ্যাছে খ. মেঘ কেটে গেল
গ. মেঘ উড়ে গেল ঘ. মেঘ চলে গেল **উ. খ**

45. A little learning is a dangerous thing. *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. অল্প লেখাপড়া ভীষণ ভয়ংকর খ. স্বল্পবিদ্যা ভয়ংকরী
গ. অল্প বিদ্যা ভয়ংকর ঘ. সামান্য বিদ্যা ভীষণ ভয়াবহ **উ. গ**

46. Sathi is known to me. *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. সাথী আমার চেনা খ. সাথী আমার আত্মীয়
গ. সাথী আমার পরিচিত ঘ. সাথীকে আমি চিনি **উ. গ**

47. Time and tide wait for none. *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. সময় ও জল কারও জন্য থেমে থাকে না।
খ. সময় ও জল অপেক্ষা করে না কখনও।
গ. সময় ও জলস্রোত কারও জান্য অপেক্ষা করে না।
ঘ. সময় ও স্রোত কখনও অপেক্ষা করে থাকে না **উ. গ**

48. Don't cry down your enemy. *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. শত্রুকে খাটো করে দেখো না। খ. শত্রু থেকে দূরে থেকো।
গ. শত্রুকে ছোট ভাবতে নাই। ঘ. শত্রুকে আপন ভেবো না। **উ. ক**

49. বর্ষা শুরু হয়েছে। *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. The rain has set in খ. The rains have set in
গ. The rains have set on ঘ. The rain has set out **উ. খ**

50. সে দিন এসে দিন খায়। *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. He lives from hand to mouth
খ. He lives by hand to mouth
গ. He lives day by day
ঘ. He eats day by day **উ. ক**

51. সে বলল যে সে যাবে। *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. He said that he will go
খ. He said that he would went
গ. He said that he will went
ঘ. He said that he would go **উ. ঘ**

52. আমি বরং মরব কিন্তু ভিক্ষা করব না। *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. I would rather die than beg
খ. I would rather to die than to beg
গ. I would die than beg
ঘ. I would die rather beg **উ. ক**

53. সে হাসতে হাসতে চলে গেল। *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. He went away laugh
খ. He went away to laugh
গ. He went away laughing and laughing
ঘ. He went away laughing **উ. ঘ**

54. আমি এটা না করে পারলাম না। *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. I could not help do it
খ. I could not help doing it
গ. I could not help to do it
ঘ. I could not but did it **উ. খ**

55. I do not take tea. *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. আমি চা খাই। খ. আমি চা পান করি না।
গ. আমি চা খাব না। ঘ. আমি চা আমি না। **উ. খ**

56. Look before you leap. *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. লাফ দেবার আগে তাকাও। খ. ভাবিয়া করিও কাজ।
গ. আগে ভাবিয়া পরে লাফ দিবে।
ঘ. দেখে নাও পরে লাফ দাও। **উ. খ**

57. It is raining cats and dogs. *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. মুষলধারে বৃষ্টি হচ্ছে।
খ. কুকুর বিড়ালের মত বৃষ্টি হচ্ছে।
গ. ইহা বৃষ্টি হচ্ছে কুকুর ও বিড়ালগুলো।
ঘ. কুকুর ও বিড়াল বৃষ্টিতে ভিজছে। **উ. ক**

58. He has killed himself. *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. সে তোমাকে হত্যা করেছে।
খ. সে তাকে হত্যা করেছে।
গ. সে মারা গিয়েছে।
ঘ. সে আত্মহত্যা করেছে। **উ. ঘ**

59. Diamond cuts diamond. *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. সঙ্গ দোষে নষ্ট। খ. সঙ্গ দেখে লোক চেনা যায়।
গ. সৎ সঙ্গে স্বর্গ বাস। ঘ. মানিকে মানিক চেনে। **উ. ঘ**

60. I am badly hard up. *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. আমি অসহ্য হয়ে উঠেছি।
খ. আমি এক কথার মানুষ।
গ. আমি কঠিন অসুখে ভুগছি।
ঘ. আমার টাকার খুব অনটন হয়েছে। **উ. ঘ**

61. The baby is always full of smiling. *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. শিশুটির মুখে হাসি লেগেই আছে।
খ. শিশুটি সবসময় হাসছে।
গ. শিশুটি সবসময় হাসে।
ঘ. শিশুটির মুখ হাসিতে ভরা। **উ. ক**

62. The tree is in flowers. *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. গাছটি ফুলে ফুলে ভরা। খ. গাছটিতে ফুল ধরেছে।
গ. গাছটি ফুলে ফুলে ছেয়ে গেছে।
ঘ. গাছে ফুলের সমারোহ। **উ. খ**

63. Patience is a bitter but its fruit is sweet. *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. ধৈর্য তেতো হলেও তা মিষ্টি।
খ. মিষ্টি ফল টক হয় না
গ. ধৈর্য ধর, মিষ্টি ফল পাবে।
ঘ. সবুরে মেওয়া ফলে। **উ. ঘ**

Job Navigator

64. **I cannot stand rich dishes.** *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. আমি গরম থালার পাশে দাঁড়াতে পারি না।
খ. গুরুপাক খাবার আমার সহ্য হয় না।
গ. দামি থালার পাশে আমি দাঁড়াতে পারি না।
ঘ. গুরপাক খাবারে আমার আগ্রহ নেই। **উ. খ**

65. **I wonder where he may be now.** *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. সে এখন কোথায় আছে তাই ভাবছি।
খ. আমি অবাক সে কোথায় আছে।
গ. আমি জানি সে কোথায় আছে।
ঘ. আমি জানি সে এখন কোথায় আছে। **উ. ক**

66. **He asked me to do it.** *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. তিনি আমাকে এটা জিজ্ঞেস করলেন।
খ. তিনি আমাকে এটা জিজ্ঞেস করেছিলেন।
গ. তিনি আমাকে এটা করতে বলেছিলেন।
ঘ. তিনি আমাকে এটা জিজ্ঞেস করতে বলেছিলেন। **উ. গ**

67. **আমি তাকে দিয়ে চিঠিটি লিখালাম।** *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. I wrote the letter by him.
খ. I had written the letter by him.
গ. I had the letter written by him.
ঘ. I got the letter being written by him. **উ. গ**

68. **আমি একটি পাখি দেখছি।** *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. I am seeing a bird. খ. I see a bird.
গ. I seeing a bird
ঘ. I have been seeing a bird. **উ. খ**

69. **দৃশ্যটি অতি মনোরম।** *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. How nce the scenery is!
খ. What a charming scenery it is!
গ. The scenery is very charming.
ঘ. This is a great scenery. **উ. গ**

70. **এক টাকার ভাংতি দাও।** *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. Give me one taka change.
খ. Give me a change for taka.
গ. Give me a taka change.
ঘ. Give me change for a taka. **উ. ক**

71. **ডাক্তার রোগীটির নাড়ী দেখলেন।** *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. The doctor saw the pulse of the patient.
খ. The doctor felt the pulse of the patient.
গ. The doctor feels the pulse of the patient.
ঘ. The doctor has seen the pules of the patient. **উ. খ**

72. **এই ঘরটি ভাড়া দেয়া হবে।** *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. This house is to let.
খ. The house is for sale.
গ. This house will be sold.
ঘ. Rent this house. **উ. ক**

73. **The man is in great trouble.** *[বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]*
ক. লোকটা মহাসঙ্কটে পড়েছে খ. লোকটা বিপদে পড়েছে
গ. লোকটা সমস্যায় পড়েছে ঘ. লোকটা খুবই অসহায় **উ. ক**

74. **The rains have set in.** *[বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]*
ক. বৃষ্টি শুরু খ. বৃষ্টিপাত হয়েছিল
গ. বর্ষাকাল এসেছে ঘ. বর্ষাকাল শুরু হয়েছে **উ. ঘ**

75. **Suddenly he began to weeping.** *[বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]*
ক. হঠাৎ সে কাঁদছে খ. হঠাৎ সে কাঁদতে শুরু করল
গ. হঠাৎ সে কাঁদতে শুরু করেছে
ঘ. হঠাৎ সে কাঁদতে শুরু করে **উ. খ**

76. **Were the birds chirping?** *[বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]*
ক. পাখিরা কি গান করছিল? খ. পাখিরা কি গান করেছে?
গ. পাখিরা কি কিচিরমিচির করছিল?
ঘ. পাখিরা কি কিচিরমিচির করছে? **উ. গ**

77. **He used to come here every week.** *[বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]*
ক. তিনি প্রত্যেক সপ্তাহে এখানে আসেন
খ. তিনি প্রত্যেক সপ্তাহে এখানে আসতেন
গ. তিনি প্রত্যেক সপ্তাহে এখানে এসেছিলেন
ঘ. তিনি প্রত্যেক সপ্তাহে এখানে এসে থাকবেন **উ. খ**

78. **He starts for London tonight.** *[বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]*
ক. সে আজ রাতে লন্ডন যায়
খ. সে আজ রাতে লন্ডন শুরু করে
গ. সে আজ রাতে লন্ডন যাত্রা করে
ঘ. সে আজ রাতে লন্ডন রওয়ানা হবে **উ. ঘ**

স্কুল পর্যায়-২

1. **যারে দেখতে নারি তার চলন বাঁকা।** *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. Faults are unfair where love is fair.
খ. Faults are thick where love is thin.
গ. Faults are counted where there is no love.
ঘ. Faults are many where love is little. **উ. খ**

2. **তুমি কি জানো সে কোথায় থাকে? যারে দেখতে নারি তার চলন বাঁকা।** *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. Do you know where does he live?
খ. Do you know where does he lives?
গ. Do you know where he lives?
ঘ. Do you know where he live? **উ. গ**

3. **আজ বৃষ্টি হতে পারে?** *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. Today will rain.
খ. It should be raining today.
গ. It may rain today.
ঘ. Today is raining. **উ. গ**

4. মানবজাতি এখন সংকটাপন্ন। [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. Mankind are at a stake now.
খ. Mankind are at stake now.
গ. Mankind is at stake now.
ঘ. Men are at stake now. উ. গ

5. তার কোনো বন্ধু নাই বললেই চলে। [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. He has no friends. খ. He has a few frientds.
গ. He has few friends.
ঘ. He does not have any friends. উ. গ

6. বিনয় মহত্ত্বের ভূষণ। [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. Modesty is the embellishment of greatness.
খ. Modesty is greatness.
গ. Modesty is great embellishment
ঘ. Modesty is embellishment to greatness. উ. ক

7. আমি তাকে উপহাস করিনি। [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. I did not laugh at him
খ. I did not laugh with him
গ. I did not laugh in him
ঘ. I did not laugh upon him উ. ক

8. কৃপণ ব্যক্তিরা অর্থ সঞ্চয়ে সময় ব্যয় করে। [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. The miser spends time to collect money
খ. The misers spends time collecting money
গ. The miser spend time in hoarding money
ঘ. The misers spend his time in hoarding money উ.*
ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। কৃপণ ব্যক্তিরা বলাতে অপশন 'ক' এবং অপশন 'গ' বাদ। কারণ এ দুই অপশনে 'The miser' singular form এ দেওয়া আছে; যা 'The misers' plural হলে শুদ্ধ হত। অপশন 'খ' হবে না verb 'collect' এর জন্য। কারণ সঞ্চয় বলতে 'hoard' শব্দটি ব্যবহৃত হয়। অপশন 'ঘ' হবে না। কারণ, সে অপশনে 'his' এর জায়গায় 'their' হবে।

9. 'বাতিটি নিভাও'– Translate it. [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. Put on the lamp খ. Put out the lamp
গ. Put off the lamp ঘ. Put up the lamp উ. খ

10. তিনি সৎ লোক ছিলেন, তাই না? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. He was truthful, was he?
খ. He was an honest man, wasn't he?
গ. He was an honest man, did not he?
ঘ. He was really an honest man? উ. খ

11. আমি এইমাত্র তোমার চিঠি পেয়েছি। [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. I received your letter just now.
খ. I have just received your letter.
গ. I just have received your letter.
ঘ. Just I have received your letter. উ. খ

12. গাছে এখনও ফল ধরেনি। [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. The tree has not yet borne fruit.
খ. There is no fruit in the tree.
গ. Still the tree is without fruit.
ঘ. The tree has not born fruit yet. উ. ক

13. গুজবে কান দেওয়া উচিত নয়। [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. One should not concentrate on rumour.
খ. We should not hear rumour.
গ. One should not give ear to rumour.
ঘ. We should not give our ear on rumour. উ. গ

14. সে হাঁপাতে হাঁপাতে এখানে আসল। [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. He has come here exhausted.
খ. He had come here runing.
গ. He came here hurriedly
ঘ. He came here panting. উ. ঘ

15. কিছু করার আগে ভাল করে ভেবে নাও। [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. Think before you do anything.
খ. Look before you leap.
গ. Look before you do.
ঘ. Think before you leap. উ. খ

16. হায়! তার মা আজ জীবিত নেই। [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. Alas! His mother is no more today
খ. Ah! His mother is dead
গ. Alas! His mother has died
ঘ. Alas! His mother has lost her life উ. ক

17. মেয়েটি চা অপেক্ষা দুধ বেশি পছন্দ করে। [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. The girl likes milk more than tea
খ. The girl prefers milk to tea
গ. The girl prefers milk than tea
ঘ. The girl prefers tea to milk উ. খ

১৭. এক ব্যক্তি তার মোট সম্পত্তির $\frac{৩}{৭}$ অংশ ব্যয় করার পরে অবশিষ্টের $\frac{৫}{১২}$ অংশ ব্যয় করে দেখলেন যে তার নিকট ১৫০০ টাকা রয়েছে। তার মোট সম্পত্তির মূল্য কত? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. ২৩০০ টাকা খ. ৩০০০ টাকা
গ. ৪৫০০ টাকা ঘ. ২০০০ টাকা উ. গ

১৮. নিচের কোনটি মূলদ সংখ্যা? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. $\sqrt{২}$ খ. $\sqrt[৩]{৮}$
গ. $\sqrt[৩]{৯}$ ঘ. $\sqrt[২]{৮}$ উ. খ

Job Navigator

১৯. ১ হতে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যা কতটি? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. ১৪টি খ. ১৮টি
গ. ১৫টি ঘ. ২০টি **উ. গ**

২০. $\frac{৩}{৪}, \frac{২}{৫}, \frac{১}{৬}$ ও $\frac{৫}{৮}$ এর মধ্যে কোনটি বৃহত্তম? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. $\frac{৩}{৪}$ খ. $\frac{২}{৫}$
গ. $\frac{১}{৬}$ ঘ. $\frac{৫}{৮}$ **উ. ক**

২১. সবচেয়ে বড় সংখ্যা কোনটি? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. 0.0099 খ. 0.100
গ. $\frac{9}{100}$ ঘ. $\frac{9}{1000}$ **উ. খ**

২২. ১ হতে ২০ পর্যন্ত মৌলিক সংখ্যা কয়টি হবে? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. ৯টি খ. ৭টি
গ. ৮টি ঘ. ১০টি **উ. গ**

২৩. ৬০ ও ৮০ এর মধ্যবর্তী বৃহত্তর ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যার অন্তর হবে– *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. ৮ খ. ১২
গ. ১৮ ঘ. ১৪০ **উ. গ**

২৪. দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ১৯৯ হলে বৃহত্তম সংখ্যাটি কত? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. ৯৮ খ. ৯৯
গ. ১০০ ঘ. ১০১ **উ. গ**

২৫. একটি ভগ্নাংশের লব ও হরের পার্থক্য 1 এবং সমষ্টি 7। ভগ্নাংশটি কত? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. $\frac{4}{3}$ খ. $\frac{2}{5}$
গ. $\frac{3}{4}$ ঘ. $\frac{1}{6}$ **উ. ক**

২৬. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি সবচেয়ে বড়? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. $\frac{2}{3}$ খ. $\frac{4}{5}$
গ. $\frac{13}{15}$ ঘ. $\frac{23}{30}$ **উ. গ**

২৭. একটি ভগ্নাংশের হর ও লবের অনুপাত ৩ ঃ ২। লব থেকে ৬ বাদ দিলে যে ভগ্নাংশটি পাওয়া যায়, সেটি মূল ভগ্নাংশের $\frac{২}{৩}$ গুণ হয়। ভগ্নাংশটির লব কত? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. ৯ খ. ১৬
গ. ১৮ ঘ. ২৪ **উ. গ**

২৮. কোনো সংখ্যার একক, দশক ও শতক স্থানীয় অংক x, y, z হলে সংখ্যাটির রূপ হবে– *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. $100x + 10y + z$ খ. $100z + 10y + x$
গ. $100xyz$ ঘ. $100z + 10x + y$ **উ. খ**

স্কুল পর্যায়

এই টপিকটি 'স্কুল পর্যায়' নিবন্ধন পরীক্ষার সিলেবাসের অন্তর্ভুক্ত না হলেও প্রায়ই এই টপিক থেকে 'স্কুল পর্যায়' নিবন্ধন পরীক্ষায় প্রশ্ন এসে থাকে–

১. নিচের কোনটি অমূলদ সংখ্যা? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. .1.111..... খ. 1.1010101.....
গ. 1.1001001001..... ঘ. 1.1010010001.... **উ. ঘ**

২. দুইটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার বর্গের অন্তর ১৭ হলে সংখ্যাদ্বয়ের যোগফল– *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. ৮ খ. ৯
গ. ১৭ ঘ. ১৮ **উ. গ**

৩. ১৫ থেকে ৩০ এর মধ্যে মৌলিক সংখ্যাগুলোর যোগফল কত? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. ৮৮ খ. ৭৮
গ. ৮৭ ঘ. ৬৫ **উ. ক**

৪. দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ২৩ হলে সংখ্যাদ্বয় কত? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. ১১, ১২ খ. ১০, ১১
গ. ১২, ১৩ ঘ. ৯, ১০ **উ. ক**

৫. মৌলিক সংখ্যার সেট কিরূপ হবে? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. সসীম খ. অসীম
গ. সংযোগ ঘ. ছেদ **উ. খ**

৬. নিচের কোনটি অমূলদ সংখ্যা? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. π খ. $\sqrt{2}$
গ. $\sqrt{11}$ ঘ. সবগুলো **উ. ঘ**

৭. ছয়টি ক্রমিক পূর্ণসংখ্যার প্রথম তিনটির যোগফল ২৭ হলে, শেষ তিনটির যোগফল– *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. ৩৬ খ. ৩৩
গ. ৩২ ঘ. ৩০ **উ. ক**

৮. এক নটিক্যাল মাইল সমান = *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. ১৬৫০.১৮ মিটার খ. ১৮৫৩.১৮ মিটার
গ. ১৯৫৩.১৮ মিটার ঘ. ১৭৫০.১৮ মিটার **উ. খ**

৯. নিচের কোন ভগ্নাংশটি $\frac{২}{৩}$ থেকে ছোট? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. $\frac{৭}{৮}$ খ. $\frac{৫}{৬}$
গ. $\frac{৩}{৪}$ ঘ. $\frac{৩}{৫}$ **উ. ঘ**

১০. ৬০ থেকে ৮০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যাদ্বয়ের গড় কত? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. ৭০ খ. ৬৭
গ. ৮০ ঘ. ৭৭ **উ. ক**

Job Navigator

১১. নিচের কোনটি মূলদ সংখ্যা? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*

ক. $\sqrt[3]{6}$ খ. π

গ. $\sqrt{2}$ ঘ. $\sqrt[3]{8}$ উ. ঘ

১২. $\sqrt{289}$ এর বর্গমূল হলো– *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*

ক. মূলদ খ. অমূলদ

গ. স্বাভাবিক সংখ্যা ঘ. পূর্ণ সংখ্যা উ. ক

১৩. $\sqrt{3}$ সংখ্যাটি কোন ধরনের সংখ্যা? *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*

ক. স্বাভাবিক সংখ্যা খ. পূর্ণ সংখ্যা

গ. মূলদ সংখ্যা ঘ. অমূলদ সংখ্যা উ. ঘ

১৪. নিচের কোনটি মূলদ সংখ্যা? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*

ক. $\sqrt[3]{8}$ খ. $\sqrt{2}$

গ. $\sqrt[3]{7}$ ঘ. $\frac{\sqrt{5}}{4}$ উ. ক

১৫. নিচের কোনটি অমূলদ সংখ্যা? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*

ক. $\sqrt{\frac{16}{9}}$ খ. $\sqrt{\frac{4}{2}}$

গ. $\sqrt{49}$ ঘ. $\sqrt{\frac{64}{26}}$ উ. খ,ঘ

১৬. ৩০ এবং ৫০ এর মধ্যবর্তী মৌলিক সংখ্যাগুলোর গড় কত? *[বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]*

ক. ৩৯ খ. ৩৮.৭

গ. ৩৭.৬ ঘ. ৩৯.৮ উ. ঘ

স্কুল পর্যায়-২

এই টপিকটি 'স্কুল পর্যায়-২' শিক্ষক নিবন্ধন পরীক্ষার সিলেবাসের অন্তর্ভুক্ত না হলেও মাঝেমধ্যে এই টপিক থেকে 'স্কুল পর্যায়-২' নিবন্ধন পরীক্ষায় প্রশ্ন এসে থাকে–

১. ১ থেকে ১০০ এর মধ্যে মৌলিক কয়টি? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*

ক. ২৫ খ. ২৬

গ. ২৭ ঘ. ২৯ উ. ক

২. ১ হতে ১০০ এর মধ্যে মৌলিক সংখ্যা কয়টি রয়েছে? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*

ক. ২৬ খ. ২০

গ. ২৫ ঘ. ১৮ উ. গ

৩. দুইটি ধনাত্মক পূর্ণ সংখ্যার বর্গের সমষ্টি ২২১ হলে, ক্ষুদ্রতম সংখ্যাটি কত? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*

ক. ৮ খ. ১১

গ. ১০ ঘ. ১১০ উ. গ

৪. তিনটি ক্রমিক সংখ্যার যোগফল ১২৩। ক্ষুদ্রতম সংখ্যা দুইটির গুণফল কত? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*

ক. ৬২৫ খ. ১৬৪০

গ. ১৬০০ ঘ. ৯০০ উ. খ

৫. দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর 199 হলে, বড় সংখ্যাটি কত? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

ক. 70 খ. 80

গ. 90 ঘ. 100 উ. ঘ

৬. দুইটি সংখ্যার যোগফল ১৫ এবং বিয়োগফল ১৩, ছোট সংখ্যাটি কত? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

ক. ১ খ. ২

গ. ৪ ঘ. ১৪ উ. খ

(ক) সংখ্যা

অঙ্ক (Digit)ঃ বিভিন্ন হিসাব-নিকাশ ও গণনার কাজে যে সব প্রতীক বা চিহ্ন ব্যবহার করা হয়, তাকে অঙ্ক বা ডিজিট বলে। গণিতে তথা ডেসিমাল সংখ্যা পদ্ধতিতে মোট ১০টি অঙ্ক বা ডিজিট রয়েছে। সেগুলো হলো: ০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ও ৯।

সংখ্যা (Number)ঃ এক বা একাধিক অঙ্কের সমষ্টিকে সংখ্যা বলা হয়।

☞ **স্বকীয় মান :** কোনো সংখ্যায় ব্যবহৃত অঙ্কগুলোর মান তার অবস্থানের উপর নির্ভর করে। কোনো সার্থক অঙ্ক আলাদাভাবে লিখতে যে সংখ্যা প্রকাশ করে, তাকে **অঙ্কের স্বকীয় মান বলে।**

☞ **স্থানীয় মান :** কয়েকটি অঙ্ক পাশাপাশি লিখলে কোন সার্থক অঙ্ক তার অবস্থানের জন্য যে সংখ্যা প্রকাশ করে, তাকে ঐ অঙ্কের স্থানীয় মান বলে।

যেমন ঃ ৫৫৫ সংখ্যায় - তিনটি ৫ এর স্বকীয় মান হলো ৫। কিন্তু সর্ব ডানের ৫ এর স্থানীয় মান ৫, ডান থেকে দ্বিতীয় ৫ এর স্থানীয় মান ৫০ এবং তৃতীয় ৫ এর মান ৫০০।

$৫৫৫ = ১০০ \times ৫ + ১০ \times ৫ + ৫$

একই অঙ্কের স্থান পরিবর্তনের ফলে স্থানীয় মানের পরিবর্তন হয় কিন্তু স্বকীয় মান একই থাকে।

- **দেশীয় রীতিতে ঘরগুলোর মান ঃ** পাশাপাশি লিখিত অঙ্কগুলোর দ্বারা গঠিত সংখ্যার ডানদিক থেকে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম স্থানকে যথাক্রমে একক, দশক, শতক, হাজার, অযুত, লক্ষ, নিযুত, এবং কোটি হিসেবে গণনা করা হয়।

৫৪৯৩ সংখ্যায়-------- একক স্থানীয় অংক ঃ ৩

দশক স্থানীয় অংক ঃ ৯

শতক স্থানীয় অংক ঃ ৪

হাজার স্থানীয় অংক ঃ ৫

- **ইন্টিজার (Integer) ঃ** যে কোনো পূর্ণ সংখ্যাকে Integer বলে। ইন্টিজার ধনাত্মক বা ঋণাত্মক হতে পারে কিন্তু ভগ্নাংশ বা দশমিক সংখ্যা হবে না। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, শূন্য (০) একটি ইন্টিজার বা পূর্ণ সংখ্যা।

গুণনীয়ক (Factors) ও গুণিতক (Mutliples):

- একটি সংখ্যা দ্বারা অন্য আরেকটি সংখ্যা দ্বারা নিঃশেষে বিভাজ্য হলে, দ্বিতীয় সংখ্যাটিকে প্রথম সংখ্যার গুণনীয়ক বা উৎপাদক বলা হয়। আর প্রথম সংখ্যাটিকে দ্বিতীয় সংখ্যাটির একটি গুণিতক বলে।

  আমরা জানি, ৪৫ : ৫ = ৯, ৪৫ : ৯ = ৫,

  অর্থাৎ ৫ এবং ৯ দ্বারা ৪৫ নিঃশেষে বিভাজ্য। এখানে ৫ ও ৯ হলো ৪৫ এর গুণনীয়ক বা উৎপাদক এবং ৪৫ হলো ৫ ও ৯ এর গুণিতক।

- কোনো সংখ্যা দুই বা ততোধিক প্রদত্ত সংখ্যার গুণনীয়ক বা উৎপাদক হলে, ঐ সংখ্যাকে প্রদত্ত সংখ্যাগুলোর **সাধারণ গুণনীয়ক বা উৎপাদক** বলা হয়।

  যেমনঃ ২৪ = ৩×২×২×২

  ৭০ = ২×৫×৭

  * ২৪ এর মৌলিক উৎপাদকগুলো = ৩, ২, ২,২।
  * ৭০ এর মৌলিক উৎপাদকগুলো = ২, ৫,৭।

  সুতরাং, ২৪ এবং ৭০ এর সাধারণ গুণনীয়ক ২। যা উভয় সংখ্যার মধ্যে বিদ্যমান।

মৌলিক, সহমৌলিক ও কৃত্রিম সংখ্যাঃ

মৌলিক সংখ্যা (Prime Number): কোনো সংখ্যাকে যদি ১ এবং সেই সংখ্যা ছাড়া অন্য কোনো সংখ্যা দ্বারা ভাগ করা না যায় তাকে মৌলিক সংখ্যা বলে।

- **যেমন ঃ** ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯ ইত্যাদি সংখ্যাগুলোর ১ এবং ঐ সংখ্যা ছাড়া অন্য কোনো গুণনীয়ক নেই। অতএব, এগুলো হলো মৌলিক সংখ্যা।

  ১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা মোট ২৫টি । যথা ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯ এবং ৯৭।

  ১ থেকে ১০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ৪ টি
  ১১ থেকে ২০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ৪ টি
  ২১ থেকে ৩০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ২ টি
  ৩১ থেকে ৪০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ২ টি
  ৪১ থেকে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ৩ টি
  ৫১ থেকে ৬০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ২ টি
  ৬১ থেকে ৭০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ২ টি
  ৭১ থেকে ৮০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ৩ টি
  ৮১ থেকে ৯০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ২ টি
  ৯১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা = ১ টি

- মনে রাখার সহজ কৌশল ঃ ৪৪ ২২ ৩২২ ৩২১ (ফোন নম্বর হিসেবে মনে রাখুন)।

  ১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা= ২৫টি
  ১ থেকে ২০০ পর্যন্ত মৌলিক সংখ্যা= ৪৬টি
  ১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো যোগফল= ১০৬০ (কিন্তু ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাগুলোর যোগফল= ৫০৫০)

কৃত্রিম সংখ্যা (Composite Number) : যেসব সংখ্যাকে ১ এবং ঐ সংখ্যা ছাড়াও অন্য কোনো দ্বারা ভাগ করা যায় তাকে, কৃত্রিম সংখ্যা বলে। যেমনঃ ৪, ১৮, ২২, ৯০ ইত্যাদি কৃত্রিম সংখ্যা; কারণ এ সংখ্যাগুলোকে ১ এবং ঐ সংখ্যা ছাড়া অন্য সংখ্যা দ্বারাও নিঃশেষে ভাগ করা যায়। যথাঃ ৪ সংখ্যাটি ১ ও ৪ ছাড়া ২ দ্বারা নিঃশেষে বিভাজ্য।

সহমৌলিক সংখ্যা (Co-prime Number) : দুই বা ততোধিক সংখ্যার সাধারণ গুণনীয়ক (উৎপাদক) কেবলমাত্র ১ হলে, ঐ সংখ্যাগুলো পরস্পর সহমৌলিক।

যেমনঃ ৩৬ = ১ × ২ × ২ × ৩ × ৩

১২৫ = ১× ৫ × ৫ × ৫

- ৩৬ এর মৌলিক উৎপাদকগুলো হলো : ১, ২, ২, ৩, ৩।
- ১২৫ এর মৌলিক উৎপাদকগুলো হলো : ১, ৫, ৫, ৫।

দেখা যাচ্ছে যে, ৩৬ এবং ১২৫ সংখ্যা দুটির ১ ছাড়া অন্য কোন সাধারণ গুণনীয়ক নেই। অতএব, ৩৬ এবং ১২৫ পরস্পর সহমৌলিক।

মূলদ সংখ্যা : শূন্য, স্বাভাবিক সংখ্যা, প্রকৃত ভগ্নাংশ, অপ্রকৃত ভগ্নাংশ, পূর্ণ বর্গমূল, পৌনঃপৌনিক দশমিকের সংখ্যা হল মূলদ সংখ্যা। যেমন : $\sqrt{4}, \sqrt{9}, \sqrt{144}$ ইত্যাদি মূলদ সংখ্যা। কারণ, $\sqrt{4} = 2, \sqrt{9} = 3, \sqrt{144} = 12$ অর্থাৎ, এগুলো পূর্ণ বর্গমূল হয়। বর্গমূল করলে দশমিক আসে না।

অমূলদ সংখ্যা : যে সংখ্যাকে বর্গমূল করলে পূর্ণ সংখ্যা পাওয়া যায় না, বা দুইটি পূর্ণসংখ্যার অনুপাতরূপে প্রকাশ করা যায় না, অথবা দশমিকে প্রকাশ করলে অসীম বা অনাবৃত দশমিক হয়, তাকে অমূলদ সংখ্যা বলে।

পূর্ণবর্গ নয় এমন যে কোনো স্বাভাবিক সংখ্যার বর্গমূল অমূলদ সংখ্যা হবে। যেমন : $\sqrt{2}, \sqrt{3}, \sqrt{5}$ ইত্যাদি। কারণ, এগুলোকে বর্গমূল করলে পূর্ণ সংখ্যা পাওয়া যায় না, দশমিক আসে।

ভাজ্য, ভাজক, ভাগফল ও ভাগশেষ ঃ

- **ভাজ্য :** যে রাশিকে ভাগ করা হয়, তাকে ভাজ্য বলা হয়।
- **ভাজক :** যে রাশি দ্বারা ভাগ করা হয়, তাকে ভাজক বলা হয়।
- **ভাগফল :** ভাজ্যকে ভাজক দ্বারা ভাগ করার পর যে ফল পাওয়া যায় তাকে ভাগফল বলা হয়।
- **ভাগশেষ :** ভাজ্যকে ভাজক দ্বারা ভাগ করার পর এমন যদি কিছু অবশিষ্ট থাকে, যাকে আর ভাগ করা যায় না, তাহলে তাকে ভাগশেষ বলা হয়। কোনো ভাজ্যকে ভাজক দ্বারা ভাগ করার পর যদি এমন কোনো কিছু অবশিষ্ট না থাকে তাহলে সেই ভাজ্যকে 'নিঃশেষে বিভাজ্য' বলা হয়ে থাকে।

বিভাজ্যতা (Divisibility) :

- **২ দ্বারা বিভাজ্য সংখ্যা ঃ** একক স্থানীয় অঙ্ক ০ বা জোড় সংখ্যা হবে।

যেমন ঃ ৩২০, ৪৫৬, ২ দ্বারা বিভাজ্য; কারণ একক স্থানীয় অঙ্ক ২ (জোড় সংখ্যা)।
৮৪৩, ২ দ্বারা অবিভাজ্য; কারণ একক স্থানীয় মান ৩ (বিজোড় সংখ্যা)।

- ৪ দ্বারা বিভাজ্য সংখ্যাঃ একক স্থানীয় ও দশক স্থানীয় অঙ্ক দুটি দ্বারা গঠিত সংখ্যা ৪ দ্বারা বিভাজ্য হবে। আবার একক ও দশক উভয় স্থানের অঙ্ক ০ হলে প্রদত্ত সংখ্যা ৪ দ্বারা বিভাজ্য হবে।

যেমনঃ ৬৩৬, ৪ দ্বারা বিভাজ্য; কারণ ৩৬, ৪ দ্বারা বিভাজ্য।
৭৮৩, ৪ দ্বারা অবিভাজ্য; কারণ ৪৫, ৪ দ্বারা অবিভাজ্য।

- ৫ দ্বারা বিভাজ্য সংখ্যাঃ সংখ্যাটির একক স্থানীয় অঙ্ক ০ বা ৫ হবে।

যেমনঃ ৬৪০, ৫ দ্বারা বিভাজ্য; কারণ একক স্থানীয় অংক ০।
৪১৯, ৫ দ্বারা অবিভাজ্য; কারণ একক স্থানীয় অংক ৯।

- ৩ দ্বারা বিভাজ্য সংখ্যাঃ সংখ্যাটির অংকগুলোর সমষ্টি ৩ দ্বারা বিভাজ্য হবে।

যেমনঃ ৩১৮, ৩ দ্বারা বিভাজ্য; কারণ ৩+১+৮=১২ যা ৩ দ্বারা বিভাজ্য।
৩১৯, ৩ দ্বারা অবিভাজ্য; কারণ ৩+১+৯=১৩ যা ৩ দ্বার অবিভাজ্য।

- ৯ দ্বারা বিভাজ্য সংখ্যাঃ সংখ্যাটির অংকগুলোর সমষ্টি ৯ দ্বারা বিভাজ্য হবে।

যেমনঃ ২৫২, ৯ দ্বারা বিভাজ্য; কারণ ২+৫+২=৯, যা ৯ দ্বারা বিভাজ্য।
২৮১, ৯ দ্বারা অবিভাজ্য; কারণ ২+৮+১=১১, যা ৯ দ্বার অবিভাজ্য।

১. **শূন্য সংখ্যার আদি ধারণা কাদের?**
ক. গ্রিক খ. আরব
গ. ভারতীয় ঘ. চীন **উত্তর : গ**

২. **দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ১৯৯ হলে, ছোট সংখ্যাটি কত?**
ক. ৯৯ খ. ৯৮
গ. ১০০ ঘ. ১০১ **উত্তর : ক**

ব্যাখ্যা : ছোট সংখ্যাটি = (বর্গের অন্তর − ১)

$$= \frac{১৯৯ - ১}{২} = \frac{১৯৮}{২} = ৯৯$$

৩. **দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ১৯৯ হলে বড় সংখ্যাটি কত?**
ক. ৭০ খ. ৮০
গ. ৯০ ঘ. ১০০ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : বড় সংখ্যাটি = (বর্গের অন্তর + ১)

$$= \frac{১৯৯ + ১}{২} = \frac{২০০}{২} = ১০০$$

৪. **দুইটি ক্রমিক পূর্ণসংখ্যার বর্গের অন্তর ১৯৭ হলে, সংখ্যাদ্বয় কত?**
ক. ৯৭, ৯৮ খ. ৯৬, ৯৭
গ. ৯৮, ৯৯ ঘ. ৯৯, ১০০ **উত্তর : গ**

ব্যাখ্যা : ধরি, সংখ্যা দুইটি x, x + 1
প্রশ্নমতে, $(x+1)^2 - x^2 = 197$
বা, $x^2 + 2x + 1 - x^2 = 197$
বা, $2x + 1 = 197$
বা, $2x = 196 \therefore x = 98$
∴ সংখ্যা দুইটি ৯৮, (৯৮ + ১) = ৯৯

৫. **একটি সংখ্যার বর্গের সাথে ৪ যোগ করলে যোগফল ৪০ হয়। সংখ্যাটি কত?**
ক. ৪ খ. ৫
গ. ৬ ঘ. ৭ **উত্তর : গ**

ব্যাখ্যা : ধরি, সংখ্যাটি = x
$\therefore x^2 + 8 = 40$
$\Rightarrow x^2 = 40 - 8$
$\Rightarrow x = \sqrt{36}$
$\therefore x = 6$

৬. **দুইটি সংখ্যার বর্গের সমষ্টি ও অন্তরফল যথাক্রমে 61 ও 11 হলে, সংখ্যা দুইটি কি কি?**
ক. (7, 6) খ. (7, 4)
গ. (12, 1) ঘ. (6, 5) **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ধরি, সংখ্যা দুইটি x এবং y
$\therefore x^2 + y^2 = 61$ ..... (i)
$x^2 - y^2 = 11$ ..... (ii)
+ করি, $2x^2 = 72$
বা, $x^2 = 36 \therefore x = 6$
(i) নং হতে, $y^2 = 61 - x^2$
$= 61 - 36$
বা, $y^2 = 25$
$\therefore y = 5$
$\therefore (x, y) = (6, 5)$

৭. **দুটি সংখ্যার বর্গের সমষ্টি 13 এবং সংখ্যা দুটির গুণফল 6 হলে সংখ্যা দুটির বর্গের অন্তর কত?**
ক. 4 খ. 5
গ. 6 ঘ. 7 **উত্তর : খ**

ব্যাখ্যা : ধরি, একটি সংখ্যা = x;
অপর সংখ্যা = y
∴ প্রশ্নমতে, $x^2 + y^2 = 13$
এবং $xy = 6$
$\therefore (x^2 - y^2)^2 = (x^2 + y^2)^2 - 4x^2y^2$
$= 13^2 - 4.6^2$
$= 169 - 144 = 25$
$\therefore (x^2 - y^2)^2 = 25$
$\therefore x^2 - y^2 = 5$

৮. **তিনটি ক্রমিক পূর্ণসংখ্যা নির্ণয় করুন, যাদের প্রথম দুইটির গুণফল শেষ দুইটির গুণফল অপেক্ষা 10 কত?**
ক. 4, 5, 6 খ. 4, 6, 8
গ. 4, 3, 2 ঘ. 1, 4, 6 **উত্তর : ক**

ব্যাখ্যা : ধরি, ১ম ক্রমিক সংখ্যা = x
২য় ক্রমিক সংখ্যা = x + 1

৩য় ক্রমিক সংখ্যা = x + 2

প্রশ্নমতে, $x(x+1) = (x+1)(x+2) - 10$

$\Rightarrow x^2 + x = x^2 + 2x + x + 2 - 10$

$\Rightarrow x^2 - x^2 = 2x + x - x - 8$

$\Rightarrow 2x = 8$

$\therefore x = 4$

$\therefore$ ১ম ক্রমিক সংখ্যা = 4

২য় ক্রমিক সংখ্যা = 5

৩য় ক্রমিক সংখ্যা = 6

৯. তিন অংকের বৃহত্তম সংখ্যা ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত?

ক. ৯৯৮ খ. ৯৮৮

গ. ৮৯৯ ঘ. ৮৮৮ **উত্তর : গ**

ব্যাখ্যা : ৯৯৯ − ১০০ = ৮৯৯

১০. পাঁচ অংকের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা দুটির যোগফল কত?

ক. ১০০০০৯ খ. ১০৯৯৯৯

গ. ৯৯৯৯৯ ঘ. ১০০০৯৯ **উত্তর : খ**

ব্যাখ্যা : পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯৯

পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০

যোগফল = ১০৯৯৯৯

১১. পাঁচ অংকের বৃহত্তম সংখ্যা হতে পাঁচ অংকের ক্ষুদ্রতম সংখ্যা বিয়োগ করলে কত হবে?

ক. ৯৯৯৯৯ খ. ৮৯৯৯৯

গ. ৯৯৯৯৮ ঘ. ১০০০০ **উত্তর : খ**

ব্যাখ্যা : পাঁচ অংকের বৃহত্তম সংখ্যা ৯৯৯৯৯

পাঁচ " ক্ষুদ্রতম " ১০০০০

[(−) করে] বিয়োগফল = ৮৯৯৯৯

১২. চার অংকের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত?

ক. 10999 খ. 8999

গ. 1009 ঘ. 1999 **উত্তর : খ**

ব্যাখ্যা : চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = 9999

চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা = 1000

পার্থক্য = 8999

১৩. ০, ১, ২, এবং ৩ দ্বারা গঠিত চার অঙ্কের বৃহত্তম এবং ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগ ফল−

ক. ৩১৪৭ খ. ২২৮৭

গ. ২৯৮৭ ঘ. ২১৮৭ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ০, ১, ২ এবং ৩ দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা ৩২১০

০, ১, ২ এবং ৩ দ্বারা গঠিত ক্ষুদ্রতম সংখ্যা ১০২৩

[(−) করে] ২১৮৭

১৪. পাঁচ অংকের ক্ষুদ্রতম সংখ্যা ও চার অংকের বৃহত্তম সংখ্যার অন্তর কত?

ক. ৯ খ. ১০

গ. ১ ঘ. ৫ **উত্তর : গ**

ব্যাখ্যা : পাঁচ অংকের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০

চার অংকের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯

অন্তর = ১

১৫. ৭২ সংখ্যাটির মোট ভাজক আছে-

ক. ৯ টি খ. ১০টি

গ. ১১ টি ঘ. ১২টি **উত্তর: ঘ**

সমাধানঃ 2\72

2\36

2\18

3\9

3

$72 = 2\times2\times2\times3\times3 = 2^3\times3^2$

নির্ণেয় ভাজক সংখ্যা = $(3+1)(2+1) = 4\times3 = 12$

প্রমাণ: 72 সংখ্যাটির ভাজক = 1, 2, 3, 4, 6, 9, 12, 18, 24, 36, 72।

[বিঃদ্রঃ যেকোনো সংখ্যার মৌলিক উৎপাদকগুলো বের করে তাদেরকে সূচকের প্রকাশ করতে হবে। ভাজক সংখ্যা হবে প্রত্যেকটি উৎপাদকের সূচকের সঙ্গে ১ যোগ করে প্রাপ্ত সংখ্যাগুলোর ধারাবাহিক গুণফলের সমান।

১৬. ৫৪০ সংখ্যাটির কতগুলো ভাজক আছে?

ক. ১৮টি খ. ২০টি

গ. ২২টি ঘ. ২৪টি **উত্তর: ঘ**

সমাধানঃ 2\540

2\270

3\135

3\45

3\15

5

$540 = 2\times2\times3\times3\times3\times5 = 2^2\times3^3\times5^1$

নির্ণেয় ভাজক সংখ্যা = $(2+1)(3+1)(1+1) = 3\times4\times2 = 24$

প্রমাণ: ৫৪০ সংখ্যাটির ভাজক = 1, 2, 3, 4, 5, 6, 9, 10, 12, 15, 18, 20, 27, 30, 36, 45, 54, 60, 90, 108, 135, 180, 270 এবং 540।

১৭. নিঃশেষে বিভাজ্য না হলে কোনটি নির্ভুল?

ক. ভাজ্য = (ভাজক × ভাগফল) + ভাগশেষ

খ. ভাজ্য = (ভাজক + ভাগশেষ) × ভাগফল

গ. ভাজ্য = (ভাগশেষ × ভাগফল) = ভাজক

ঘ. ভাজ্য = (ভাজক + ভাগফল) × ভাগশেষ **উত্তর : ক**

১৮. নিচের কোন সম্পর্কটি সঠিক?

ক. ভাজক = (ভাজ্য − ভাগশেষ) × ভাগফল

খ. ভাজ্য = (ভাজক − ভাগশেষ) × ভাগফল

গ. ভাজ্য = ভাজক × ভাগফল − ভাগশেষ

ঘ. ভাজক = (ভাজ্য − ভাগশেষ) ÷ ভাগফল **উত্তর : ঘ**

Job Navigator

১৯. ভাজক ভাগফলের ১০ গুণ, ভাজক ০.৫ হলে ভাজ্য কত?
ক. ০.০২৫ খ. ০.২৫
গ. ২৫ ঘ. ২.৫ **উত্তর : ক**

ব্যাখ্যা : দেয়া আছে, ভাজক = ০.৫
প্রশ্নমতে, ভাজক = ভাগফল × ১০
বা, ০.৫ = ভাগফল × ১০
ভাগফল = ০.০৫
ভাজ্য = ভাজক × ভাগফল = ০.৫ × ০.০৫ = ০.০২৫

২০. ১২ ও ৯৬ এর মধ্যে (এই দুটি সংখ্যাসহ) কয়টি সংখ্যা ৪ দ্বারা বিভাজ্য?
ক. ২১ খ. ২২
গ. ২৩ ঘ. ২৪ **উত্তর : খ**

ব্যাখ্যা : ১ থেকে ৯৬ পর্যন্ত ৪ দ্বারা বিভাজ্য সংখ্যা আছে = ৯৬ ÷ ৪ = ২৪টি।
কিন্তু এর মধ্যে ৪ ও ৮ আছে যা ১২ অপেক্ষা ছোট, কিন্তু ৪ দ্বারা বিভাজ্য।

২১. ২১৫, ২১৯, ৩২৫, ৬২৫ সংখ্যাগুলোর মধ্যে পূর্ণবর্গ কোনটি?
ক. ২১৫ খ. ২১৯
গ. ৬২৫ ঘ. ৩২৫ **উত্তর : গ**

ব্যাখ্যা : ২১৫ = ৫ × ৪৩ যা পূর্ণবর্গ নয়। ২১৯ - ৩ × ৭৩ যা পূর্ণবর্গ নয়।
৬২৫ = (৫ × ৫) × (৫ × ৫) যা পূর্ণবর্গ।
৩২৫ = ৫ × ৫ × ১৩ যা পূর্ণবর্গ নয়।

২২. যদি n একটি জোড় সংখ্যা হয় তবে নিচের কোনটি জোড় সংখ্যা হতে পারে না?
ক. n^2 খ. 5(n + 2)
গ. 2n + 2 ঘ. 7n + 3 **উত্তর : ঘ**

ব্যাখ্যা : (বিজোড় সংখ্যা × জোড় সংখ্যা) + বিজোড় সংখ্যা = জোড় সংখ্যা + বিজোড় সংখ্যা = বিজোড় সংখ্যা
∴ 7n + 3 একটি বিজোড় সংখ্যা [n = 2হলে, 7n + 3 = 7 × 2 + 3 = 17]

২৩. প্রথম দশটি বিজোড় সংখ্যা যোগফল কত?
ক. ১০০ খ. ৮১
গ. ১০০০ ঘ. ১০৯ **উত্তর : ক**

ব্যাখ্যা : প্রথম n সংখ্যক বিজোড় সংখ্যা যোগফল = n^2
∴ " ১০টি " " " " = $(১০)^২ = ১০০$

২৪. 'x' সংখ্যক ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার যোগফল কত?
ক. x খ. 2x
গ. x^2 ঘ. 2x + 1 **উত্তর : গ**

ব্যাখ্যা : "x" সংখ্যক ক্রমিক স্বাভাবিক বিজোড় সংখ্যার যোগফল = x^2

২৫. ৩১ থেকে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যা কতটি?
ক. ৪ খ. ৫
গ. ৬ ঘ. ৭ **উত্তর : খ**

ব্যাখ্যা : ৩১ থেকে ৫০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হচ্ছে ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭

২৬. নিচের কোনটি মৌলিক সংখ্যা–
ক. ৬ খ. ৮
গ. ৯ ঘ. ৭ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : যে সকল সংখ্যা ১ এবং ঐ সংখ্যা ছাড়া অন্য কোন সংখ্যা দ্বারা বিভাজ্য নয় তাকে মৌলিক সংখ্যা বলে।

২৭. ২৫ থেকে ৫৫ এর মধ্যে মৌলিক সংখ্যা কয়টি?
ক. ৭টি খ. ৪টি
গ. ৬টি ঘ. ৫টি **উত্তর : ক**

ব্যাখ্যা : ২৫ থেকে ৫৫ এর মধ্যে মৌলিক সংখ্যাগুলো : ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭ ও ৫৩ অর্থাৎ ৭টি।

২৮. ১ থেকে ৩০ পর্যন্ত মৌলিক সংখ্যা কয়টি?
ক. ১২টি খ. ১০টি
গ. ৯টি ঘ. ৮টি **উত্তর : খ**

ব্যাখ্যা : ১ থেকে ৩০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো : ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩ ও ২৯

২৯. ১ থেকে ৪৯ পর্যন্ত স্বাভাবিক (পূর্ণ) সংখ্যাগুলোর গড় কত?
ক. ২৩ খ. ২৫
গ. ২৪.৫ ঘ. ২৫.৫ **উত্তর : খ**

ব্যাখ্যা : ১ থেকে ৪৯ পর্যন্ত সংখ্যাগুলোর গড়
$= \frac{৪৯(৪৯+১)}{২ \times ৪৯} = \frac{৪৯ \times ৫০}{২ \times ৪৯} = ২৫$

৩০. $\sqrt{529}$ এর বর্গমূল কী ধরনের সংখ্যা?
ক. মূলদ সংখ্যা খ. পূর্ণসংখ্যা
গ. স্বাভাবিক সংখ্যা ঘ. অমূলদ সংখ্যা **উত্তর : খ**

ব্যাখ্যা : $\sqrt{529} = 23$

৩১. নিচের কোন ক্রমজোড়টি সহমৌলিক?
ক. (৪, ৬) খ. (৬, ৯)
গ. (৯, ১২) ঘ. (১২, ১৭) **উত্তর : ঘ**

ব্যাখ্যা : প্রদত্ত অপশনে (ঘ) ১২, ১৭ ক্রমজোড়টি সহমৌলিক।
কারণ, ১২ = ১ × ৩ × ২ × ২
এবং = ১৭ = ১ × ১৭
দেখা যাচ্ছে, ১২ ও ১৭ এর ১ ভিন্ন অন্য কোনো সাধারণ উৎপাদক নেই। সুতরাং এরা পারস্পরিক সহমৌলিক।

৩২. ক্ষুদ্রতম মৌলিক সংখা হলো :
ক. ৭ খ. ২
গ. ৩ ঘ. ৫ **উত্তর : খ**

ব্যাখ্যা : ১ থেকে বড় যে সংখ্যাকে ঐ সংখ্যা এবং ১ ব্যতীত অন্য কোনো সংখ্যা দ্বারা ভাগ করা যায় না তাকে মৌলিক সংখ্যা বলে। ২ হচ্ছে ক্ষুদ্রতম এবং একমাত্র জোড় মৌলিক সংখ্যা।

৩৩. ৪০ থেকে ১০০ পর্যন্ত বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যার অন্তর কত?
ক. ৫৯ খ. ৫৬
গ. ৬০ ঘ. ৭০ **উত্তর : খ**

ব্যাখ্যা : ৪০ থেকে ১০০ এর মধ্যে বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা যথাক্রমে, ৯৭ ও ৪১ এদের অন্তর = ৯৭ − ৪১ = ৫৬

Job Navigator

৩৪. ১ থেকে ১০০ পর্যন্ত কতটি মৌলিক সংখ্যা আছে?
ক. ১৫টি খ. ১৮টি
গ. ২০টি ঘ. ২৫টি **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ১ – ১০ পর্যন্ত মৌলিক সংখ্যা ৪টি
১ – ২০ " " " ৮টি
১ – ৩০ " " " ১০টি
১ – ৫০ " " " ১৫টি
১ – ১০০ " " " ২৫টি

৩৫. ৫০ থেকে ১০০ পর্যন্ত কতটি মৌলিক সংখ্যা আছে?
ক. ১০টি খ. ৯টি
গ. ৮টি ঘ. ১৩টি **উত্তর : ক**

ব্যাখ্যা : ৫০ ও ১০০ এর মধ্যে ১০টি মৌলিক সংখ্যা রয়েছে। যথা : ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯ এবং ৯৭।

৩৬. ৩০ থেকে ৪০-এর মধ্যবর্তী বৃহত্তর ও ক্ষুদ্রতর মৌলিক সংখ্যার ব্যবধান কত?
ক. ৫ খ. ৬
গ. ৮ ঘ. ৭ **উত্তর : খ**

ব্যাখ্যা : ৩০ থেকে ৪০-এর মধ্যবর্তী ক্ষুদ্রতম ও বৃহত্তম মৌলিক সংখ্যা যথাক্রমে ৩১ ও ৩৭ এদের ব্যবধান = ৩৭ – ৩১ = ৬

৩৭. ৫ থেকে ১০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলোর গুণফল হবে–
ক. ২০ খ. ২৫
গ. ৩০ ঘ. ৩৫ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ৫ থেকে ১০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হলো ৫ ও ৭। সুতরাং এদের গুণফল = ৫ × ৭ = ৩৫

৩৮. তিনটি পরস্পর মৌলিক সংখ্যার প্রথম দুইটি সংখ্যার গুণফল ৯১, শেষ দুইটির গুণফল ১৪৩ হলে, সংখ্যা তিনটি কত?
ক. ৭, ১৩, ১১ খ. ৭, ১১, ১৩
গ. ১১, ৭, ১৩ ঘ. ১১, ১৩, ৭ **উত্তর : ক**

৩৯. নিচের কোনটি অমূলদ সংখ্যা?
ক. $\frac{\sqrt{২৭}}{৩}$ খ. $\frac{\sqrt[3]{125}}{5}$
গ. $\frac{\sqrt[4]{81}}{4}$ ঘ. $\frac{\sqrt[5]{32}}{8}$ **উত্তর : ক**

ব্যাখ্যা : $\frac{\sqrt{27}}{3} = \frac{\sqrt{9\times3}}{3}$

$= \frac{\sqrt{3^2.3}}{3} = \frac{\sqrt[3]{3}}{3} = \sqrt{3}$ যা একটি অমূলদ সংখ্যা

$= \frac{\sqrt[3]{125}}{5} = \frac{\sqrt[3]{5^3}}{5} = \frac{5}{5} = 1$

$= \frac{\sqrt[4]{81}}{4} = \frac{\sqrt[4]{3^4}}{4} = \frac{3}{4}$

এবং $\frac{\sqrt[5]{32}}{8} = \frac{\sqrt[5]{2^5}}{8} = \frac{2}{8} = \frac{1}{4}$

$\therefore \frac{\sqrt{27}}{3}$ একটি অমূলদ সংখ্যা।

৪০. নিচের কোনটি মূলদ সংখ্যা–
ক. $\sqrt[3]{৮}$ খ. $\sqrt{২}$
গ. $\sqrt[3]{৭}$ ঘ. $\frac{\sqrt{৫}}{8}$ **উত্তর : ক**

ব্যাখ্যা : $\sqrt[3]{৮} = ৮^{\frac{১}{৩}} = (২^৩)^{\frac{১}{৩}} = ২$

$\because$ ২ একটি মূলদ সংখ্যা। তাই $\sqrt[3]{৮}$ একটি মূলদ সংখ্যা।

৪১. $\sqrt{2}$ সংখ্যাটি কোন ধরনের সংখ্যা?
ক. মূলদ খ. অমূলদ
গ. জটিল ঘ. বাস্তব **উত্তর : খ**

ব্যাখ্যা : পূর্ণবর্গ নয় এমন স্বাভাবিক সংখ্যার বর্গমূলকে অমূলদ সংখ্যা বলে। সুতরাং $\sqrt{2}$ সংখ্যাটি অমূলদ।

৪২. ছয়টি ক্রমিক পূর্ণ সংখ্যার প্রথম তিনটির গড় ৮ হলে, শেষ তিনটির যোগফল–
ক. ২৯ খ. ৩১
গ. ৩৩ ঘ. ৩৫ **উত্তর : গ**

ব্যাখ্যা : ধরি, ক্রমিক পূর্ণ সংখ্যাগুলো : x - ২, x - ১, x, x + ১, x + ২ ও x + ৩

এখন, $\frac{x-২+x-১+x}{৩} = ৮$

$\Rightarrow ৩x - ৩ = ২৪$
$\Rightarrow ৩x - ৩ = ২৪$
$\Rightarrow ৩x = ২৪ + ৩$
$\Rightarrow x = \frac{২৭}{৩}$
$\therefore x = ৯$

$\therefore$ শেষ তিনটির যোগফল = x + ১ + x + ২ + x + ৩
= ৩x + ৬ = (৩ × ৯) + ৬
= ২৭ + ৬ = ৩৩

৪৩. ছয়টি পরপর পূর্ণ সংখ্যা দেওয়া আছে। প্রথম তিনটির যোগফল ২৭ হলে, শেষ তিনটির যোগফল কত?
ক. ৩৬ খ. ৩৩
গ. ৩২ ঘ. ৩০ **উত্তর : ক**

ব্যাখ্যা : ধরি, প্রথম সংখ্যা = x.

অতএব, সংখ্যাগুলো x, x + ১, x + ২, x + ৩, x + ৪, x + ৫

শর্তমতে, প্রথম ৩টির যোগফল = x + (x + ১) + (x + ২)

= ৩x + ৩

শেষ ৩টির যোগফল = (x + ৩) + (x + ৪) + (x + ৫)

= ৩x + ১২

প্রশ্নমতে, ৩x + ৩ = ২৭

বা, ৩x = ২৪

বা, x = ৮

∴ শেষ তিনটির যোগফল = (৩ × ৮) + ১২ = ২৪ + ১২ = ৩৬

৪৪. -১ থেকে কত বিয়োগ করলে বিয়োগফল শূন্য হবে?

ক. -১ খ. ১

গ. -২ ঘ. ২ **উত্তর : ক**

ব্যাখ্যা : -১ − ক = ০

⇒ ক = -১

৪৫. তিনটি ধারাবাহিক পূর্ণসংখ্যার গুণফল ১২০ হলে এদের যোগফল কত?

ক. ৯ খ. ১৪

গ. ১২ ঘ. ১৫ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : মনে করি, তিনটি সংখ্যা = x − 1, x, x + 1

∴ তাদের যোগফল = (x − 1) + x + (x + 1) = 3x

প্রশ্নমতে, (x − 1) x (x + 1) = 120

বা, x $(x^2 - 1) - 120 = 0$ [∵ $(x + 1)(x - 1) = x^2 - 1^2$]

বা, $x^3 - x - 120 = 0$

বা, $x^3 - 5x^2 + 5x^2 - 25x + 24x - 120 = 0$

বা, $x^2 (x - 5) + 5x (x - 5) + 24 (x - 5) = 0$

বা, $(x^2 + 5x + 24)(x - 5) = 0$

∴ x = 5

∴ ১ম সংখ্যা = (x − 1) = 5(5 − 1) = 4

৩য় সংখ্যা = (x + 1) = (5 + 1) = 6

∴ সংখ্যাগুলো = 4, 5, 6 এবং তাদের সমষ্টি = 15

৪৬. তিনটি ক্রমিক সংখ্যার গুণফল ৬০ হলে তাদের যোগফল কত হবে?

ক. ২০ খ. ১৫

গ. ১৪ ঘ. ১২ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ক্রমিক সংখ্যা তিনটি হলো ৩, ৪ ও ৫। যাদের গুণফল ৬০ এবং যোগফল (৩ + ৪ + ৫) = ১২

৪৭. ৩টি সংখ্যার গুণফল ২১৬। দুইটি সংখ্যা ৮ এবং ৯ হলে তৃতীয় সংখ্যাটি কত?

ক. ৩ খ. ৭

গ. ৫ ঘ. ৬ **উত্তর : ক**

ব্যাখ্যা : প্রশ্নমতে, ৮ × ৯ তৃতীয় সংখ্যা = ২১৬

বা, তৃতীয় সংখ্যা = $\frac{২১৬}{৭২} = ৩$

৪৮. আপনি যদি ১ থেকে ১০০ পর্যন্ত গোনতে থাকেন, তবে এর মধ্যে কতটি ৫ পাবেন?

ক. ১০ খ. ২০

গ. ১৮ ঘ. ১৯ **উত্তর: খ**

সমাধান : ১ থেকে ১০০ পর্যন্ত ৫ পাওয়া যাবে ২০ টি। যথাঃ ৫, ১৫, ২৫, ৩৫, ৪৫, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬৫, ৭৫, ৮৫, ৯৫, । উল্লেখ্য ৫৫ তে দুটি ৫ আছে।

একইভাবে, ১ থেকে ১০০ পর্যন্ত ০ পাওয়া যাবে = ১১টি

১ থেকে ১০০ পর্যন্ত ১ পাওয়া যাবে = ২১টি

১ থেকে ১০০ পর্যন্ত ২ থেকে ৯ পর্যন্ত অঙ্কগুলো পাওয়া যাবে = ২০টি করে।

৪৯. তিনটি পরস্পর মৌলিক সংখ্যার প্রথম দুইটি সংখ্যার গুণফল ৯১, শেষ দুইটির গুণফল ১৪৩ হলে, সংখ্যা তিনটি কত?

ক. ৭, ১৩, ১১ খ. ৭, ১১, ১৩

গ. ১১, ৭, ১৩ ঘ. ১১, ১৩, ৭ **উত্তর : ক**

ব্যাখ্যা : প্রথম দুইটি সংখ্যার গুণফল, ক এর ক্ষেত্রে ৯১, খ ও গ এর ক্ষেত্রে ৭৭ ও ঘ এর ক্ষেত্রে ১৪৩। আবার, শেষ দুইটির গুণফল ক ও খ এর ক্ষেত্রে ১৪৩, গ ও ঘ এর ক্ষেত্রে ৯১ কেবল ক ই উভয় শর্ত পূরণ করে।

৫০. একটি সংখ্যা ৬৫০ হতে যত বড় ৮২০ হতে তত ছোট। সংখ্যাটি কত?

ক. ৭৩০ খ. ৭৩৫

গ. ৮০০ ঘ. ৭৮৬ **উত্তর: খ**

সমাধানঃ ধরি, সংখ্যাটি X

প্রশ্নমতে, X-650=820-X

বা, X+X=820+650

বা, 2X = 1470

∴ X =735

সহজ শর্টকাট : প্রদত্ত দুটি সংখ্যাকে যোগ করে ২ দিয়ে ভাগ দিলে সংখ্যাটি পাওয়া যায়।

যেমন: 650+820= 1470, $\frac{1470}{2} = 735$

৫১. একটি সংখ্যা ১০০ থেকে যত বড় ৩২০ থেকে তত ছোট। সংখ্যাটি কত?

ক. ২০০ খ. ২১০

গ. ২২০ ঘ. কোনোটিই নয় **উত্তর : খ**

ব্যাখ্যা : সংখ্যাটি = $\frac{১০০ + ৩২০}{২} = \frac{৪২০}{২} = ২১০$

৫২. একটি ধনাত্মক সংখ্যার দ্বিগুণের বর্গের সঙ্গে ১৫ যোগ করলে ৪১৫ হয়। সংখ্যাটি কত?

ক. 11 খ. 10

গ. 20 ঘ. 15 **উত্তর : খ**

ব্যাখ্যা : ধরি, সংখ্যাটি = a; তাহলে সংখ্যাটির দ্বিগুণ = 2a

প্রশ্নমতে, $(2a)^2 + 15 = 415$

বা, $4a^2 = 400$

বা, $a^2 = 100$

$\therefore a = 10$

৫৩. দুইটি সংখ্যার গুণফল 30। একটি সংখ্যা p হলে, অপরটি কত?

ক. $30 - p$ খ. $p - 30$

গ. $30p$ ঘ. $30/p$ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : অপর সংখ্যা $= \frac{\text{দুইটি সংখ্যার গুণফল}}{\text{একটি সংখ্যা}} = \frac{30}{p}$

৫৪. কোন সংখ্যার দ্বিগুণের সাথে ২ যোগ করলে যোগফল ৮৮ হবে?

ক. ৪১ খ. ৪২

গ. ৪৪ ঘ. ৪৩ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ধরি, সংখ্যাটি x

$\therefore 2x + 2 = 88$

$\Rightarrow 2x = 88 - 2$

$\Rightarrow x = \frac{86}{2}$

$\therefore x = 43$

৫৫. দুটি সংখ্যার অনুপাত ২ এবং পার্থক্য ১৫, ছোট সংখ্যাটি–

ক. ১৫ খ. ১০

গ. ২০ ঘ. ৩০ **উত্তর : ক**

ব্যাখ্যা : x ও y দুইটি সংখ্যা যেখানে $x > g$

$\therefore \frac{x}{y} = 2$

$\Rightarrow x = 2y$

আবার, $x - y = 15$

$\Rightarrow 2y - y = 15$

$\therefore$ ছোট সংখ্যা ১৫

৫৬. ৩০-কে অর্ধ দ্বারা ভাগ করে ১০ যোগ করলে যোগফল কত হয়?

ক. ২৫ খ. ৪৫

গ. ৫৫ ঘ. ৭০ **উত্তর: ঘ**

সমাধান $(30 \div \frac{1}{2}) + 10$

$= (30 \times \frac{2}{1}) + 10$

$= 60 + 10$

$= 70$

৫৭. একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ করলে ৯০ হয় ।সংখ্যাটি কত?

ক. ১৬ খ. ১৮

গ. ২০ ঘ. ২৪ **উত্তর: খ**

সমাধানঃ ধরি, সংখ্যাটি = X

শর্তমতে, $3X + 2X = 90$

বা, $5X = 90$

$\therefore X = 18$

৫৮. কোন সংখ্যার ৯ গুণ থেকে ১৫ গুণ ৫৪ বেশি?

ক. ৯ খ. ১৫

গ. ১৯ ঘ. ৬ **উত্তর: ক**

গমাধান ঃ ধরি, সংখ্যাটি = X

শর্তমতে, $15X - 9X = 54$

বা, $6X = 54$

$\therefore X = 9$

(খ) ভগ্নাংশ

Fraction (ভগ্নাংশ) : দুটি পূর্ণ সংখ্যাকে অনুপাত বা ভাগ করলে যে রাশি পাওয়া যায় তাকে Fraction বা ভগ্নাংশ বলে।

ধরি, a এবং b দুটি পূর্ণ সংখ্যা। তাহলে, $\frac{a}{b}$ কে বলা হয় ভগ্নাংশ। এখানে a কে বলা হয় লব এবং b কে বলা হয় হর। ভগ্নাংশ মানে ভাঙ্গা অংশ। কোন বস্তুকে কয়েকটি সমান অংশে বিভক্ত করে তার কতগুলো াংশ নেওয়া হলে তা প্রকাশ করার মাধ্যমকে ভগ্নাংশ বলে।

$\therefore$ ভগ্নাংশ $= \frac{\text{লব}}{\text{হর}} = \frac{\text{Numerator}}{\text{Denominator}}$

সাধারণত ৪ ভাবে ভগ্নাংশকে ব্যবহার করা হয়।

যথা : ১. টি সম্পূর্ণ জিনিসের অংশ বোঝাতে।
২. ১টি সেটের জিনিসের অংশ বোঝাতে
৩. ২ বা ততোধিক বস্তুর মধ্যে তুলনা বোঝাতে
৪. কোন কোন ক্ষেত্রে পরিমাপ বোঝাতে।

ভগ্নাংশের ধর্মাবলি : ১টি ভগ্নাংশের লব ও হরকে ০ বাদে একই সংখ্যা দিয়ে গুণ বা ভাগ করলে ভগ্নাংশটির মানের কোন পরিবর্তন হয় না।

☞ কোন ভগ্নাংশকে ১ দ্বারা গুণ/ভাগ করলে ভগ্নাংশের পরিবর্তন হয় না।

☞ কোন ভগ্নাংশের হরকে লব এবং লব কে হর করলে যে ভগ্নাংশটি হয় তাকে ১ম টির বিপরীত ভগ্নাংশ বলা হয়। ব্যস্তানুপাতও বলা হয়।

☞ কোন ভগ্নাংশের লব শূন্য হলে উক্ত ভগ্নাংশের মান শূন্য (০) হয়। এরূপ ভগ্নাংশের কোন বিপরীত ভগ্নাংশ নেই।

☞ কোন ভগ্নাংশকে তার বিপরীত ভগ্নাংশ দিয়ে গুণ করলে গুণফল ১ হয়।

Job Navigator

ভগ্নাংশের প্রকারভেদ

ভগ্নাংশ সাধারণত ৩ প্রকার। যথা : প্রকৃত, অপ্রকৃত, মিশ্র ভগ্নাংশ

ক. **প্রকৃত ভগ্নাংশ :** যে ভগ্নাংশের লব ছোট হর বড় তাকে প্রকৃত ভগ্নাংশ বলে। যেমন : $\frac{৪}{৫}, \frac{৫}{৯}, \frac{২}{৩}$

খ. **অপ্রকৃত ভগ্নাংশ (Improper Fraction) :** যে ভগ্নাংশের লব বড় এবং হর ছোট তাকে অপ্রকৃত ভগ্নাংশ বলে। যেমন : $\frac{৫}{৩}, \frac{৯}{৫}$

হর ও লব সমান হলে উহা অপ্রকৃত ভগ্নাংশ হয় এবং যুক্ত থাকলে, মিশ্র ভগ্নাংশ বলে। সকল মিশ্র ভগ্নাংশ অপ্রকৃত ভগ্নাংশ যেমন : $\frac{৪}{৪}, \frac{৩}{৩}$

গ. **মিশ্র ভগ্নাংশ (Mixed Fraction) :** পূর্ণ সংখ্যার সাথে প্রকৃত ভগ্নাংশ যুক্ত থাকলে, মিশ্র ভগ্নাংশ বলে। সকল মিশ্র ভগ্নাংশ অপ্রকৃত ভগ্নাংশ যেমন : $১\frac{২}{৩}, ২\frac{৭}{৮}, ৫\frac{৭}{৯}$ ইত্যাদি।

জটিল ভগ্নাংশ : লবে অথবা হরে অথবা উভয়েই যে কোন একটি ভগ্নাংশ থাকে। যেমন : $\frac{২}{\frac{৩}{২}}, \frac{\frac{২}{৩}}{২}, \frac{\frac{২}{৩}}{\frac{৪}{৭}}$

যৌগিক ভগ্নাংশ : লবে অথবা হরে অথবা উভয় জায়গায় যে কোন একটিতে নির্দিষ্টকার্যবিধি (অর্থাৎ, যোগ অথবা বিয়োগের কাজ) থাকে।

যেমন : $\frac{\frac{২}{৩}+\frac{৩}{৫}}{৪}, \frac{৪}{\frac{২}{৩}+\frac{৩}{৫}}, \frac{\frac{২}{৩}+\frac{৩}{৫}}{\frac{২}{৩}-\frac{৩}{৬}}$

হর অনুসারে : হরের উপর ভিত্তি করে ভগ্নাংশকে ২ ভাগে ভাগ করা যায়।

১. **সমহর বিশিষ্ট :** একই হর বিশিষ্ট ভগ্নাংশকে সমহর বিশিষ্ট ভগ্নাংশ বলা হয়। যেমন : $\frac{২}{৩}, \frac{৩}{৩}, \frac{৪}{৩}$

◆ যে ভগ্নাংশটির লব সবচেয়ে ছোট সে ভগ্নাংশটি সবার চেয়ে ছোট।

যেমন : $\frac{২}{৩}, \frac{৩}{৩}, \frac{৪}{৩}$ এদের মধ্যে সবচেয়ে ছোট $\frac{২}{৩}$ [হরগুলো সমান থাকলে]

◆ যে ভগ্নাংশটির লব সচেয়ে বড় সে ভগ্নাংশটি সবচেয়ে বড়।

যেমন : $\frac{২}{৩}, \frac{৩}{৩}, \frac{৪}{৩}$ এদের মধ্যে সবচেয়ে বড় $\frac{৪}{৩}$ [হরগুলো সমান থাকলে]

২. **অসম হর বিশিষ্ট ভগ্নাংশ :** বিভিন্ন ধরনের হর বিশিষ্ট ভগ্নাংশকে অসমহর বিশিষ্ট ভগ্নাংশ বলা হয়।

যেমন : $\frac{২}{৩}, \frac{৪}{৫}, \frac{৩}{৫}$

লব অনুসারে ভগ্নাংশ ২ প্রকার :

১. **সম লব বিশিষ্ট :** যে ভগ্নাংশগুলোর লবগুলো সমান তাদেরকে সমলব বিশিষ্ট ভগ্নাংশ বলে।

যেমন : $\frac{২}{৩}, \frac{২}{৪}, \frac{২}{৫}$

২. **অসম লব :** যে ভগ্নাংশের লবগুলো সমান হবে না তাদেরকে অসম লব বিশিষ্ট ভগ্নাংশ বলে।

যেমন– $\frac{১}{৩}, \frac{৩}{৫}, \frac{৭}{৮}$

◆ যে সমলব ভগ্নাংশের হর সবচেয়ে বড় সে ভগ্নাংশটি সবচেয়ে ছোট।

যেমন– $\frac{৭}{৩}, \frac{৭}{৫}, \frac{৭}{৮}$ এদের মধ্যে $\frac{৭}{৮}$ সবচেয়ে ছোট। [লবগুলো সমান হলে]

☞ যে সমলব ভগ্নাংশটির হর সচেয়ে ছোট সে ভগ্নাংশটি সবচেয়ে বড়।

যেমন– $\frac{৭}{৩}, \frac{৭}{৫}, \frac{৭}{৮}$ এর মধ্যে $\frac{৭}{৩}$ সবচেয়ে বড়।

অন্যান্য ভগ্নাংশ

ক. **দশমিক ভগ্নাংশ :** ১০ বা ১০ এর কোন গুণিতক যেমন–১০০, ১০০০ ইত্যাদি অংশে বিভক্ত করে যে ভগ্নাংশে করা হয় তাকে দশমিক ভগ্নাংশ বলে।

খ. **সমতুল দশমিক ভগ্নাংশ :** যে সকল দশমিক ভগ্নাংশের মান সমান তাদেরকে সমতুল দশমিক ভগ্নাংশ বলে। যেমন : ০.২৪, ০.২৪, ০.২৪০০ ইত্যাদি।

গ. **সদৃশ দশমিক ভগ্নাংশ :** দশমিক বিন্দুর পরে যে সকল দশমিক ভগ্নাংশের সমান সংখ্যক অংশ থাকে তাকে সদৃশ দশমিক ভগ্নাংশ বলে। যেমন : ০.৫৬৭, ০.৩৪৫ ইত্যাদি।

১. **০.৪৭ কে সাধারণ ভগ্নাংশে পরিণত করলে কত হবে?**

ক. $\frac{৪৭}{৯০}$ খ. $\frac{৪৩}{৯০}$

গ. $\frac{৪৩}{৯৯}$ ঘ. $\frac{৪৭}{৯৯}$ **উত্তর : খ**

ব্যাখ্যা : $০.৪\dot{৭} = \frac{৪৭-৪}{৯০} = \frac{৪৩}{৯০}$

২. **১.১৬ এর সাধারণ ভগ্নাংশ কত?**

ক. $\frac{২}{১১}$ খ. $\frac{৩}{১১}$

গ. $\frac{২}{১৩}$ ঘ. $১\frac{৪}{২৫}$ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : $১.১৬ = \frac{১১৬}{১০০} = \frac{২৯}{২৫} = ১\frac{৪}{২৫}$

৩. কোনটি মিশ্র ভগ্নাংশ?

ক. $\frac{১}{২}$ খ. $\frac{৩}{২}$

গ. $৭\frac{১}{৪}$ ঘ. $\frac{১}{৪}$ **উত্তর : গ**

ব্যাখ্যা : পূর্ণ সংখ্যার সাথে প্রকৃত ভগ্নাংশ যুক্ত থাকলে তাকে মিশ্র ভগ্নাংশ বলে। তাই $৭\frac{১}{৪}$ হলো মিশ্র ভগ্নাংশ কারণ $\frac{১}{৪}$, ৭ -এর সাথে যুক্ত আছে।

৪. $০.\dot{২}\dot{৪}$ এর সমান ভগ্নাংশটি

ক. $\frac{১}{৩}$ খ. $\frac{৮}{৩৩}$

গ. $\frac{৭}{২৪}$ ঘ. $\frac{৭}{৭২}$ **উত্তর : খ**

ব্যাখ্যা : $০.\dot{২}\dot{৪} = \frac{২৪ - ০}{৯৯} = \frac{২৪}{৯৯} = \frac{৮}{৩৩}$

৫. $(০.০১ \times ১)^২$ = কত?

ক. ০.০১ খ. ০.০১

গ. ০.০০১ ঘ. ০.০০০১ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : $(০.০১ \times ১)^২ = ০.০০০১$

৬. $(০.০০৪)^২$ = কত?

ক. ০.০০১৬ খ. ০.০০০০১৬

গ. ০.০০০১৬ ঘ. ০.১৬ **উত্তর : খ**

ব্যাখ্যা : $(০.০০৪)^২ = ০.০০৪ \times ০.০০৪ = ০.০০০০১৬$

৭. একটি ভগ্নাংশের লব ও হরের পার্থক্য ১ এবং সমষ্টি ৭ হলে ভগ্নাংশটি কত?

ক. $\frac{৪}{৩}$ খ. $\frac{২}{৩}$ গ. $\frac{৩}{৪}$ ঘ. $\frac{১}{২}$ **উত্তর : ক**

সমাধান : ধরি, ভগ্নাংশের লব x এবং হর y.

$\therefore$ ভগ্নাংশটি $= \frac{x}{y}$

$x - y = ১$

$x + y = ৭$

$২x = ৮$ [(+) করে]

এখন, $৪ - y = ১$;

$\Rightarrow -y = ১ - ৪ = ১ - ৪$;

$\Rightarrow -y = -৩$;

$\therefore y = ৩$

$\therefore$ ভগ্নাংশটি $= \frac{৪}{৩}$

৮. একটি প্রকৃত ভগ্নাংশের লব ও হরের অন্তর 2। লব ও হরের উভয় থেকে 5 বিয়োগ করলে যে ভগ্নাংশ পাওয়া যায়, তার সাথে 1/4 যোগ করলে 1 হয়। ভগ্নাংশটি কত?

ক. $\frac{11}{12}$ খ. $\frac{11}{13}$

গ. $\frac{9}{10}$ ঘ. $\frac{14}{15}$ **উত্তর : খ**

সমাধান : ধরি, লব x $\therefore$ হার $x + 2$

$\therefore$ ভগ্নাংশ $= \frac{x}{x+2}$

শর্তমতে, $\frac{x-5}{x+2-5} + \frac{1}{4} = 1$

$\Rightarrow \frac{x-5}{x-} = 1 - \frac{1}{4}$

$\Rightarrow \frac{x-5}{x-3} = \frac{3}{4}$

$\Rightarrow 4x - 20 = 3x - 9$

$\therefore x = 11$

$\therefore$ নির্ণেয় ভগ্নাংশ $= \frac{11}{11+2} = \frac{11}{13}$

৯. একটি অপ্রকৃত ভগ্নাংশের লব ও হরের পার্থক্য ২ এবং সমষ্টি ১৬। ভগ্নাংশটি কত?

ক. $\frac{৭}{৯}$ খ. $\frac{৯}{৭}$

গ. $\frac{৯}{১১}$ ঘ. $\frac{৩}{১৩}$ **উত্তর : খ**

সমাধান : ধরি, লব x এবং হর y

$x + y = ১৬$

$x - y = ২$

$২x = ১৮$ [+ করে]

$\therefore x = ৯$

এবং $y = ৭$

$\therefore$ ভগ্নাংশ $= \frac{৯}{৭}$

১০. একটি প্রকৃত ভগ্নাংশের লব ও হরের সমষ্টি 7, এদের অন্তরফল 3, ভগ্নাংশটি কত?

ক. $\frac{5}{2}$ খ. $\frac{2}{5}$

গ. $\frac{3}{4}$ ঘ. $\frac{4}{5}$ **উত্তর : খ**

Job Navigator

সমাধান : ধরি, ভগ্নাংশ $= \frac{x}{y}$, যেখানে $x < y$ [প্রকৃত ভগ্নাংশ এর ক্ষেত্রে]

প্রশ্নমতে, $y + x = 7$

$y - x = 3$

$2y = 10$ [(+) করে]

$\therefore y = 5$

অর্থাৎ, হর $y = 5$

$\therefore$ লব, $x = 5 - 3 = 2$ $\therefore$ ভগ্নাংশটি $= \frac{2}{5}$

১১. তপুর কাছে ৩৬০টি মার্বেল আছে যার $\frac{১}{৩}$ অংশ হচ্ছে কালো। যদি সে তার ভাইকে তার কালো মার্বেলের $\frac{১}{৩}$ অংশ দিয়ে দেয়, তবে তপুর কাছে যত মার্বেল থাকবে তার কত শতাংশ কালো মার্বেল?

ক. ২৫.০০ খ. ২২.২৫

গ. ২০ ঘ. কোনোটিই নয় **উত্তর : ক**

সমাধান : তপুর কালো মার্বেলের সংখ্যা $\left(\text{৩৬০ এর } \frac{১}{৩}\right)$ টি = ১২০টি

তপুর ভাইয়ের " " $= \left(\text{১২০ এর } \frac{১}{৩}\right)$ টি = ৪০টি

তপুর মার্বেলের সংখ্যা = (৩৬০ − ৪০)টি = ৩২০টি

৩২০টি মার্বেলের মধ্যে কালো মার্বেল (১২০ − ৪০) বা ৮০টি

$\therefore$ ১০০টি " " " " $= \frac{১০০ \times ৮০}{৩২০}$ টি = ২৫টি

১২. $\frac{৯}{?} = \frac{?}{৮১}$ কোন একটি সংখ্যা প্রশ্নবোধক স্থান দুটিতে বসবে–

ক. ৮১ খ. ৪৫

গ. ২৭ ঘ. ৯ **উত্তর : গ**

সমাধান : ধরি, নির্ণেয় সংখ্যা = x

শর্তমতে, $\frac{৯}{x} = \frac{x}{৮১}$

বা, $x^2 = ৮১ \times ৯$

$\therefore x = ২৭$

১৩. কোন সংখ্যার $\frac{৩}{৭}$ অংশ ৪৮ এর সমান?

ক. ১২৮ খ. ১৩২

গ. ১১২ ঘ. ১৪০ **উত্তর : গ**

ব্যাখ্যা : ধরি, নির্ণেয় সংখ্যা = x

শর্তমতে, $\frac{৩}{৭} x = ৪৮$

$\therefore x = \frac{৪৮ \times ৭}{৩} = ১১২$

১৪. একজন লোক ডিসেম্বর মাসে অন্যান্য মাসের তুলনায় দ্বিগুণ আয় করে। তার সারা বছরের আয়ের কত অংশ ডিসেম্বর মাসে আয় করে?

ক. $\frac{১}{৬}$ অংশ খ. $\frac{৩}{১৪}$ অংশ

গ. $\frac{২}{১১}$ অংশ ঘ. $\frac{২}{১৩}$ অংশ **উত্তর : ঘ**

সমাধান : ধরি, লোকটি ডিসেম্বর মাস বাদে অন্যান্য প্রতিটি মাসে আয় করে = ক টাকা

$\therefore$ লোকটি ডিসেম্বর মাসে আয় করে = ২ক টাকা

$\therefore$ লোকটি সারা বছরে আয় করে = (১১ক + ২ক) টাকা অংশ
= ১৩ক টাকা

$\therefore$ লোকটি ডিসেম্বর মাসে আয় করে সারা বছরের $= \frac{২ক}{১৩ক}$ অংশ
$= \frac{২}{১৩}$ অংশ

১৫. রফিকের আয়ের $\frac{১}{২}$ অংশ ৩৫০০ টাকা হলে তার আয়ের $\frac{১}{৭}$ অংশ কত হবে?

ক. ১০০০ খ. ১২৫০

গ. ১৪০০ ঘ. কোনোটিই নয় **উত্তর : ক**

সমাধান : রফিকের আয়ের $\frac{১}{২}$ অংশ ৩৫০০ টাকা

$\therefore$ " " ১ বা (সম্পূর্ণ) " (৩৫০০×২)

$\therefore$ " " $\frac{১}{৭}$ " $\frac{৩৫০০ \times ২}{৭}$ "

= ১০০০ টাকা

১৬. এক ব্যক্তি মাসিক বেতনের $\frac{১}{৪০}$ অংশ মহার্ঘভাতা পান। তার মাসিক বেতন ১৬০০ টাকা হলে, তার মহার্ঘভাতা কত?

ক. ৩০ টাকা খ. ৪০ টাকা

গ. ৬৪ টাকা ঘ. ৮০ টাকা **উত্তর : খ**

সমাধান : ব্যক্তির মাসিক বেতন = ১৬০০ টাকা

মহার্ঘভাতা পান = ১৬০০ টাকার $\frac{১}{৪০}$ = ৪০ টাকা

১৭. কোন কর্মচারী মূল বেতনের $\frac{১}{৪০}$ ভাগের সমপরিমাণ বিশেষ ভাতা পান। তার বিশেষ ভাতা ৪০ টাকা হলে, মূল বেতন কত টাকা?

ক. ১২০০ খ. ১৪০০

গ. ১৬০০ ঘ. ১৮০০ **উত্তর : গ**

সমাধান : x এর $\frac{১}{৪০}$ = ৪০ টাকা

$\therefore x$ = ১৬০০ টাকা

Job Navigator

১৮. কোনো সম্পত্তির $\frac{৭}{৮}$ অংশের মূল্য ৯১০০.০০ টাকা। ঐ সম্পত্তির $\frac{৩}{৪}$ অংশের মূল্য কত?

ক. ৭৮০০ টাকা খ. ৭২০০ টাকা
গ. ৮৮০০ টাকা ঘ. ৯৮০০ টাকা **উত্তর : ক**

সমাধান : সম্পত্তির $\frac{৭}{৮}$ অংশের মূল্য = ৯১০০ টাকা।

$\therefore$ " ১ " " $= \frac{৯১০০ \times ৮}{৭}$ "

$\therefore$ " $\frac{৩}{৪}$ " " $= \frac{৯১০০ \times ৮ \times ৩}{৭ \times ৪}$ "

= ৭৮০০ টাকা।

১৯. একটি তেলপূর্ণ পাত্রের ওজন ৩২ কেজি এবং অর্ধেক তেল থাকাকালীন পাত্রের ওজন ২০ কেজি। পাত্রটির ওজন কত?

ক. ৮ কেজি খ. ১০ কেজি
গ. ১২ কেজি ঘ. ১৪ কেজি **উত্তর : ক**

সমাধান : পাত্র + পূর্ণ তেল = ৩২ কেজি ১
পাত্র + অর্ধপূর্ণ তেল = ২০ কেজি ২
১ − ২ করে পাই, অর্ধপূর্ণ তেল = ৩২ − ২০ = ১২ কেজি
পাত্রের ওজন = ২০ −১২ = ৮ কেজি।

২০. কোনো সম্পত্তির $\frac{৭}{৮}$ অংশের মূল্য ৯,২১২ টাকা। ঐ সম্পত্তির $\frac{৩}{৪}$ অংশের মূল্য কত?

ক. ৭,৭৫০ খ. ৭,৮৯৬
গ. ৮,৭৫৬ ঘ. ৮,০০০ **উত্তর : খ**

সমাধান : সম্পত্তির $\frac{৭}{৮}$ অংশের মূল্য = ৯২১২ টাকা

সম্পূর্ণ সম্পত্তি বা (১) অংশের মূল্য $= \frac{৮ \times ৯২১২}{৭}$ টাকা

সম্পত্তির $\frac{৩}{৪}$ অংশের মূল্য $= \frac{৮ \times ৯২১২ \times ৩}{৭ \times ৪}$ টাকা

= ৭,৮৯৬ টাকা।

২১. একটি শ্রেণির প্রতি বেঞ্চে ৪ জন করে ছাত্র বসলে ৩টি বেঞ্চ খালি থাকে। কিন্তু প্রতি বেঞ্চে ৩ জন করে বসলে ৬ জন ছাত্রের দাঁড়িয়ে থাকতে হয়। ঐ শ্রেণির ছাত্র সংখ্যা কত?

ক. ৫০ খ. ৬০
গ. ৭০ ঘ. ৮০ **উত্তর : খ**

ব্যাখ্যা : ধরি, ছাত্র সংখ্যা x জন।

৪ জন করে বসলে বেঞ্চের সংখ্যা $\left(\frac{x}{৪} + ৩\right)$ টি

৩ " " " " $\left(\frac{x}{৩} - \frac{৬}{৩}\right)$ টি

$\therefore \frac{x}{৪} + ৩ = \frac{x}{৩} - \frac{৬}{৩}$

$\Rightarrow \frac{x}{৩} + ৩ = \frac{x}{৩} - ২$

$\Rightarrow \frac{x}{৩} - \frac{x}{৪} = ৩ + ২$

$\Rightarrow \frac{৪x - ৩x}{১২} = ৫$ $\therefore x = ৬০$

২২. একটি শ্রেণির প্রতি বেঞ্চে 5 জন করে ছাত্র বসলে 5 খানা বেঞ্চ খালি থাকে। কিন্তু প্রতি বেঞ্চে 3 জন করে বসলে 7 জন ছাত্র দাঁড়িয়ে থাকে। ঐ শ্রেণির ছাত্র সংখ্যা কত?

ক. 85 খ. 75
গ. 65 ঘ. 55 **উত্তর : ঘ**

ব্যাখ্যা : ধরি, ঐ শ্রেণির ছাত্র সংখ্যা = x জন

১ম ক্ষেত্রে, 5 জন বসে 1টি বেঞ্চে

$\therefore$ x " " $\frac{x}{5}$ " "

$\therefore$ ১ম ক্ষেত্রে, মোট বেঞ্চ সংখ্যা = $\left(\frac{x}{5} + 5\right)$ টি

২য় ক্ষেত্রে, 3 জন বসে 1 টি বেঞ্চে

$\therefore (x-7)$ " " $\left(\frac{x-7}{3}\right)$ "

তাহলে, $\frac{x}{5} + 5 = \frac{x-7}{3}$

বা, $\frac{x+25}{5} = \frac{x-7}{3}$

বা, $3x + 75 = 5x - 35$

বা, $2x = 110$

$\therefore x = 55$

২৩. একটি স্কুলের ছাত্র-ছাত্রীর সংখ্যার মধ্যে $\frac{5}{6}$ অংশ ছাত্র এবং বাকি অংশ ছাত্রী। যদি ছাত্রের সংখ্যা ছাত্রীদের সংখ্যা অপেক্ষা 120 জন বেশি হয়, তবে ছাত্রীর সংখ্যা কত?

ক. 25 জন খ. 35 জন
গ. 30 জন ঘ. 20 জন **উত্তর : গ**

ব্যাখ্যা : ধরি, স্কুলে ছাত্র-ছাত্রীর সংখ্যা = x জন

$\therefore$ ছাত্রের সংখ্যা = x এর $\frac{5}{6} = \frac{5x}{6}$ জন

তাহলে ছাত্রীর সংখ্যা $= x - \frac{5x}{6}$

$= \frac{6x - 5x}{6} = \frac{x}{6}$ জন

Job Navigator

প্রশ্নমতে, $\frac{5x}{6} = \frac{x}{6} + 120$

বা, $\frac{5x}{6} - \frac{x}{6} = 120$

বা, $\frac{5x - x}{6} = 120$

বা, $4x = 120 \times 6$

বা, $x = \frac{120 \times 6}{4}$ $\therefore x = 180$

$\therefore$ ছাত্রীর সংখ্যা $= \frac{180}{6} = 30$ জন।

২৪. একটি বাঁশের $\frac{১}{৪}$ অংশ কাদায়, $\frac{৩}{৫}$ অংশ পানিতে এবং অবশিষ্ট ৩ মিটার পানির উপরে আছে। বাঁশটির দৈর্ঘ্য কত?

ক. ২০ মিটার খ. ১৫ মিটার

গ. ১৬ মিটার ঘ. ১২ মিটার **উত্তর : ক**

সমাধান : ধরি, বাঁশটির মোট দৈর্ঘ্য x মিটার।

$\therefore$ কাদায় আছে $= \frac{x}{8}$ মিটার।

এবং পানি " $= \frac{৩x}{৫}$ মিটার।

প্রশ্নমতে, $\frac{x}{8} + \frac{৩x}{৫} + ৩ = x$

বা, $\frac{৫x + ১২x + ৬০}{২০} = x$ বা, $১৭x + ৬০ = ২০x$

বা, $৩x = ৬০$ $\therefore x = ২০$

সুতরাং বাঁশটির দৈর্ঘ্য ২০ মিটার।

২৫. একটি খুঁটির $\frac{৫}{৬}$ অংশ কালো এবং বাকী অংশ সাদা। খুঁটিটির কালো এবং সাদা অংশের দৈর্ঘ্যে পার্থক্য ৬ মিটার হলে সম্পূর্ণ খুঁটির দৈর্ঘ্য কত?

ক. ৯ মিটার খ. ৮ মিটার

গ. ৬ মিটার ঘ. ১২ মিটার **উত্তর : ক**

ব্যাখ্যা : মনে করি, সম্পূর্ণ খুঁটির দৈর্ঘ্য = x

$\therefore$ কালো অংশ $= \frac{৫x}{৬}$

$\therefore$ সাদা অংশ $= x - \frac{৫x}{৬} = \frac{x}{৬}$

প্রশ্নানুসারে, $\frac{৫x}{৬} - \frac{x}{৬} = ৬$

বা, $\frac{৫x - x}{৬} = ৬$ $\therefore x = ৯$

২৬. একটি পাত্র $\frac{১}{২}$ অংশ ভর্তি আছে। যদি ৮ গ্যালন সরানো হয় তবে $\frac{১}{১০}$ অংশ ভর্তি থাকে। পাত্রটি কত গ্যালন ধারণ করে?

ক. ২২ গ্যালন খ. ১৬ গ্যালন

গ. ২০ গ্যালন ঘ. ২৪ গ্যালন **উত্তর : গ**

ব্যাখ্যা : ৮ গ্যালন = পাত্রটির $\left(\frac{১}{২} - \frac{১}{১০}\right)$ অংশ

$= \frac{৫ - ১}{১০}$ অংশ $= \frac{৪}{১০}$ অংশ $= \frac{২}{৫}$ অংশ

পাত্রটির $\frac{২}{৫}$ অংশের ধারণক্ষমতা = ৮ গ্যালন

" ১ " " $= \frac{৮ \times ৫}{২}$ গ্যালন = ২০ গ্যালন।

বৃহত্তর/ক্ষুদ্রতম ভগ্নাংশ

➢ **বৃহত্তর ও ক্ষুদ্রতম ভগ্নাংশ নির্ণয়ের সহজ নিয়ম :** বৃহত্তম ও ক্ষুদ্রতম ভগ্নাংশ নির্ণয়ের জন্য শুধু ৩টি নিয়ম মনে রাখলেই চলে।

বৃহত্তর ও ক্ষুদ্রতম ভগ্নাংশ নির্ণয়ের সহজ নিয়ম : বৃহত্তম ও ক্ষুদ্রতম ভগ্নাংশ নির্ণয়ের জন্য শুধু ৩টি নিয়ম মনে রাখলেই চলে।

নিয়ম-১ : প্রশ্নে প্রদত্ত ৪টি অপশনের হর যদি একই সংখ্যা হয় তাহলে যে ভগ্নাংশের লব বড় হবে সেটিই হবে বৃহত্তম ভগ্নাংশ এবং যে ভগ্নাংশটির লব ছোট সেটি ছোট ক্ষুদ্রতম ভগ্নাংশ হবে। নিচের উদাহরণটি লক্ষ্য করুন–

প্রশ্ন : নিম্নে কোন ভগ্নাংশটি বৃহত্তম?

ক. $\frac{২}{৭}$ খ. $\frac{৩}{৭}$

গ. $\frac{৫}{৭}$ ঘ. $\frac{১}{৭}$

ব্যাখ্যা : উপরিউক্ত অপশনগুলোর সব কয়টির হর ৭।

অতএব যে ভগ্নাংশের লব বড় সেটি বড় হবে। উত্তর হবে $\frac{৫}{৭}$।

যদি প্রশ্নে বলা হতো, 'কোন ভগ্নাংশটি ছোট?' তখন উত্তর হতো $\frac{১}{৭}$

নিয়ম-২ : দুটি ভগ্নাংশের প্রথমটির লব এবং দ্বিতীয়টির হরের গুণফল ১ম ভগ্নাংশের উপরে বসবে এবং প্রথমটির হর ও দ্বিতীয়টির লবের গুণফলের ২য় ভগ্নাংশের উপরে বসবে। এদের মধ্যে যেটির লবের উপরেরটা বড় হবে, সেটি ভগ্নাংশটি বড় হবে।

ক. $\frac{৩}{৪}$ খ. $\frac{৩}{৭}$ গ. $\frac{২}{৫}$ ঘ. $\frac{২}{৩}$

ব্যাখ্যা : $৩ \times ৭ = ২১, ৩ \times ৪ = ১২$। $২১ > ১২$

$৩ \times ৫ = ১৫, ৪ \times ২ = ৮$। $১৫ > ৮$

$৩ \times ৩ = ৯, ২ \times ৪ = ৮$। $৯ > ৮$। সুতরাং, $\frac{৩}{৪}$ ভগ্নাংশটি বড়।

Job Navigator

নিয়ম-৩ : ভগ্নাংশগুলোকে ভাগের মাধ্যমে বৃহত্তম ও ক্ষুদ্রতম ভগ্নাংশ নির্ণয় করা যায়।

ক. $\frac{২}{১১} = .১৮১৮$ খ. $\frac{৩}{১১} = .২৭২৭২৭৩$. $\frac{২}{১৩} =$.১৫৩৮৪৬ ঘ. $\frac{৪}{১৫} = .২৬৬৬৬৬$

.২৭ > .২৬ > .১৮ > .১৫ (বড় থেকে ছোট)

.১৫ < .১৮. < .২৬. < .২৭ (ছোট থেকে বড়)

১. নিচের কোন ভগ্নাংশটি সবচেয়ে ছোট?

ক. $\frac{২}{১১}$ খ. $\frac{৩}{১১}$

গ. $\frac{২}{১৩}$ ঘ. $\frac{৪}{১৫}$ **উত্তর : গ**

২. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক. $\frac{২}{৩}$ খ. $\frac{৩}{৪}$

গ. $\frac{৪}{৫}$ ঘ. $\frac{৫}{৭}$ **উত্তর : গ**

সমাধান : $\frac{২}{৩} = ০.৬৬$, $\frac{৩}{৪} = ০.৭৫$

$\frac{৪}{৫} = ০.৮$, $\frac{৫}{৭} = ০.৭১৪২$

৩. কোন সংখ্যাটি বৃহত্তম?

ক. 0.3 খ. $\frac{১}{৩}$

গ. $\sqrt{০৩}$ ঘ. $\frac{২}{৫}$ **উত্তর : গ**

ব্যাখ্যা : $\frac{১}{৩} = 0.333$

$\sqrt{০৩} = 0.5477$

$\frac{২}{৫} = 0.4$

৪. কোন ভগ্নাংশটি $\frac{২}{৩}$ থেকে বড়?

ক. $\frac{৩৩}{৫০}$ খ. $\frac{৮}{১১}$

গ. $\frac{৩}{৫}$ ঘ. $\frac{১৩}{২৭}$ **উত্তর : খ**

ব্যাখ্যা : $\frac{২}{৩} = ০.৬৬৬$

(ক) $\frac{৩৩}{৫০} = ০.৬৬$, (খ) $\frac{৮}{১১} = ০.৭২৭২$

(গ) $\frac{৩}{৫} = ০.৬$, (ঘ) $\frac{১৩}{২৭} = ০.৪৮১৪$

৫. নিচের কোনটি সবচেয়ে বড় সংখ্যা?

ক. $\sqrt{০.০৩}$ খ. $\sqrt{০.৩}$

গ. $\sqrt{০.০০৩}$ ঘ. $\sqrt{০.০০০০৩}$ **উত্তর : খ**

ব্যাখ্যা : সবগুলো বর্গ করে পাই

(ক) $.০৩ = \frac{৩}{১০০}$ (খ) $.৩ = \frac{৩}{১০}$

(গ) $.০০৩ = \frac{৩}{১০০০}$ (ঘ) $.০০০০৩ = \frac{৩}{১০০০০}$

৬. কোন ভগ্নাংশটি $\frac{২}{৩}$ থেকে বড়?

ক. $\frac{৩৩}{৫০}$ খ. $\frac{৮}{১১}$

গ. $\frac{৩}{৫}$ ঘ. $\frac{১৩}{২৭}$ **উত্তর : খ**

ব্যাখ্যা : $\frac{২}{৩} = ০.৬৬৭$

(ক) $\frac{৩৩}{৫০} = ০.৬৬$ (খ) $\frac{৮}{১১} = ০.৭২৭২$

(গ) $\frac{৩}{৫} = ০.৬$ (ঘ) $\frac{১৩}{২৭} = ০.৪৮১$

Job Navigator

২. গড় [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. রহিম ও করিমের বয়সের গড় ৩৫ বছর। রহিম ও হামজার বয়সের গড় ২০ বছর। হামজার বয়স ১১ বছর হলে করিমের বয়স কত? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. ৪০ বছর খ. ৪১ বছর
গ. ৪২ বছর ঘ. ৪৩ বছর **উ. খ**

২. ৫টি সংখ্যার গড় ৪০। এর সাথে ৩টি সংখ্যা যোগ করা হলো, সংখ্যা তিনটির গড় ২২। সমষ্টিগতভাবে ৮টি সংখ্যার গড় কত? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*

ক. ৩৩.২ খ. ৩৩.৫০
গ. ৩৩.২৫ ঘ. কোনোটিই নয় **উ. গ**

৩. পিতা ও পুত্রের বয়সের গড় ৪০ বছর এবং মাতা ও ঐ পুত্রের বয়সে গড় ৩৫ বছর। মাতার বয়স ৫০ বছর হলে, পিতার বয়স কত? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*

ক. ৫০ বছর খ. ৬০ বছর
গ. ৪০ বছর ঘ. ৮৫ বছর **উ. খ**

৪. ৬, ৮, ১০ এর গাণিতিক গড়টি; ৭, ৯ এবং কোন সংখ্যার গাণিতিক গড়ের সমান? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*

ক. ৫ খ. ৮
গ. ৬ ঘ. ৯ **উ. খ**

৫. তিন সদস্যের একটি বিতর্ক দলের সদস্যদের গড় বয়স ২৪ বছর। যদি কোনো সদস্যের বয়সই ২১ বছরের নিচে না হয়, তবে তাদের কোনো একজনের সর্বোচ্চ বয়স কত? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*

ক. ৩০ বছর খ. ২৫ বছর
গ. ২৮ বছর ঘ. ৩২ বছর **উ. ক**

৬. কালাম ও ৪ পুত্রের বয়সের গড় ২০ বছর। কালামের স্ত্রী ও ঐ ৪ পুত্রের বয়সের গড় ১৭ বছর। কালামের বয়স ৪০ বছর হলে, স্ত্রীর বয়স কত? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*

ক. ২৫ বছর খ. ৩০ বছর
গ. ২৪ বছর ঘ. ২৬ বছর **উ. ক**

৭. পিতা ও তার দুই সন্তানের বয়সের গড় ২৫ বছর। দুই সন্তানের বয়সের গড় ২২ বছর হলে, পিতার বয়স– *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*

ক. ২৫ বছর খ. ২১ বছর
গ. ৩১ বছর ঘ. ৩২ বছর **উ. গ**

৮. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গড় ২৫। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গড় ৩০ হলে, তৃতীয় সংখ্যাটি কত? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*

ক. ২৫ খ. ৪০
গ. ৯০ ঘ. ৫০ **উ. খ**

স্কুল পর্যায়

১. পিতা ও পুত্রের বয়সের গড় ৩০ বছর। ৬ বছর পরে তাদের বয়সের অনুপাত ৫ : ১ হলে, পুত্রের বর্তমান বয়স কত বছর? *[১৭তম স্কুল নিবন্ধন-২০২২]*

ক. ৫ খ. ৬
গ. ৮ ঘ. ৯ **উ. খ**

২. ৬টি কাঠির গড় দৈর্ঘ্য ৪৪.২ সে.মি. এবং এদের ৫টির গড় দৈর্ঘ্য ৪৬ সে.মি.। ৬ষ্ঠ কাঠিটির দৈর্ঘ্য কত সে. মি.? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*

ক. ৩৫.১ খ. ৩৫.২
গ. ৩৫.৩ ঘ. ৩৫.৪ **উ. খ**

৩. প্রথম দশটি স্বাভাবিক সংখ্যার গড়– *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*

ক. ৫ খ. ৫.৫০
গ. ১০ ঘ. ৫৫.৫০ **উ. খ**

৪. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গড় ২৫। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গড় ৩০ হলে, তৃতীয় সংখ্যাটি কত? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*

ক. ২৫ খ. ৪০
গ. ৯০ ঘ. ৫০ **উ. খ**

৫. 0, 5, 7 এর গড় কত? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*

ক. 6 খ. 0
গ. 4 ঘ. 1 **উ. গ**

৬. নিচের কোনটি রাশির গড় নির্দেশ করে? *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*

ক. রাশির সমষ্টি × রাশির সংখ্যা খ. $\frac{\text{রাশির সমষ্টি}}{\text{রাশির সংখ্যা}}$

গ. $\frac{\text{রাশির সংখ্যা}}{\text{রাশির সমষ্টি}}$ ঘ. কোনোটিই নয় **উ. খ**

স্কুল পর্যায়-২

১. ১০৫ থেকে ১৩৫ পর্যন্ত সংখ্যার মধ্যবর্তী ক্ষুদ্রতম ও বৃহত্তম মৌলিক সংখ্যাদ্বয়ের গড় কত? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*

ক. ১১৯ খ. ১২০
গ. ১২১ ঘ. ১২৩ **উ. ক**

২. ৭, ১২, ১৭, ৩, ১১, ৬, ১৩, ৩ সংখ্যাগুলোর গড় কত? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*

ক. ৬ খ. ৭
গ. ৮ ঘ. ৯ **উ. ঘ**

৩. 5, 11, 13, 7, 8 এবং 10 সংখ্যাগুলোর গড় কত? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*

ক. 6 খ. 7
গ. 8 ঘ. 9 **উ. ঘ**

৪. ৭টি সংখ্যার গড় ১২। একটি সংখ্যা বাতিল করলে গড় হয় ১১। বাতিলকৃত সংখ্যাটি কত? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*

ক. ১০ খ. ১২
গ. ১৫ ঘ. ১৮ **উ. ঘ**

৫. তিনটি পূর্ণ সংখ্যার গড় ১৫০ এবং ক্ষুদ্রতম সংখ্যা দুইটির গড় ১২০ বৃহত্তম সংখ্যাটি কত? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

ক. ২৩০ খ. ২১০
গ. ২০০ ঘ. ১৯০ **উ. খ**

বিস্তারিত আলোচনা

☞ **গড় (Average) :** একই ধরণের কতগুলো রাশির যোগফল রাশির সংখ্যা দ্বারা ভাগ করলে গড় পাওয়া যায়। তবে কোনো সংখ্যার গড়ের যে মান পাওয়া যায় তা সবসময় সেই সংখ্যাগুলোর সমষ্টি তথা যোগফলের মানের চেয়ে কম হয়।

(ক) $\text{গড়} = \frac{\text{রাশির সমষ্টি}}{\text{রাশির সংখ্যা}}$

(খ) সমষ্টি = সংখ্যা × গড়

(গ) $\text{সংখ্যা} = \frac{\text{সমষ্টি}}{\text{গড়}}$

(ঘ) দূরত্ব ও সময় দেওয়া থাকলে গড় গতি বেগ $= \frac{\text{মোট দূরত্ব}}{\text{মোট ব্যয়িত সময়}}$

(ঙ) দুই বা ততোধিক ঘণ্টার গতি বেগ দেওয়া থাকলে গড় গতি বেগ $= \frac{2xy}{x+y}$ [x, y প্রতি ঘণ্টার গতি বেগ]

(চ) সমান্তর ধারার ক্ষেত্রে গড় $= \frac{\text{শেষ পদ} + ১\text{ম পদ}}{২}$

১. ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাগুলোর গড় কত?

ক. ৪৯৫০ খ. ৫০৫০
গ. ৫০০০ ঘ. ৫০.৫০ **উত্তর : ঘ**

ব্যাখ্যা : এটি একটি সমান্তর ধারা। অতএব, ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাগুলোর

$\text{গড়} = \frac{\text{শেষ পদ} + ১\text{ম পদ}}{২}$

$= \frac{১০০ + ১}{২} = ৫০.৫০$

২. ১ থেকে ৯৯ পর্যন্ত সংখ্যাসমূহের গড় কত?

ক. ১০ খ. ২৫
গ. ৫০ ঘ. ১০০ **উত্তর : গ**

ব্যাখ্যা : এটি একটি সমান্তর ধারা। অতএব, ১ থেকে ৯৯ পর্যন্ত সংখ্যাগুলোর

$\text{গড়} = \frac{\text{শেষ পদ} + ১\text{ম পদ}}{২}$

$= \frac{৯৯ + ১}{২} = ৫০$

৩. ১ থেকে ৪৯ পর্যন্ত সংখ্যাগুলোর গড় কত?

ক. 23 খ. 24.5
গ. 25 ঘ. 26.5 **উত্তর : গ**

ব্যাখ্যা : সংখ্যাগুলোর গড় $= \frac{\text{প্রথম পদ} + \text{শেষ পদ}}{২}$

$= \frac{১ + ৪৯}{২} = ২৫$

৪. ২ থেকে শুরু করে পর পর পাঁচটি জোড়া সংখ্যার গড় কত হবে?

ক. ৪ খ. ৫
গ. ৬ ঘ. ৭ **উত্তর : গ**

ব্যাখ্যা : $\frac{২ + ৪ + ৬ + ৮ + ১০}{৫} = ৬$

৫. $\frac{১}{২}, \frac{১}{৪}, \frac{৩}{৪}$ এর গড় মান কত?

ক. $\frac{১}{৪}$ খ. $\frac{৩}{৪}$
গ. $\frac{১}{২}$ ঘ. $\frac{২}{৪}$ **উত্তর : গ**

ব্যাখ্যা : সংখ্যাগুলোর গড় $= \frac{\frac{১}{২} + \frac{১}{৪} + \frac{৩}{৪}}{৩} = \frac{২ + ১ + ৩}{৪} \div ৩$

$= \frac{৬}{৪} \times \frac{১}{৩} = \frac{১}{২}$

৬. $\frac{১}{২}, \frac{৫}{৬}, \frac{৩}{৪}, \frac{৫}{১২}$ এর গড় কত?

ক. $\frac{৫}{৪}$ খ. $\frac{৫}{২}$
গ. $\frac{৫}{৮}$ ঘ. $\frac{৫}{২২}$ **উত্তর : গ**

ব্যাখ্যা : সংখ্যাগুলোর সমষ্টি $= \frac{১}{২} + \frac{৫}{৬} + \frac{৩}{৪} + \frac{৫}{১২}$

$= \frac{৬ + ১০ + ৯ + ৫}{১২}$

$= \frac{৩০}{১২} = \frac{৫}{২}$

সংখ্যাগুলোর গড় $= \frac{২}{৪} = \frac{৫}{২} \times \frac{১}{৪} = \frac{৫}{৮}$

৭. P সংখ্যক সংখ্যার গড় a এবং q সংখ্যক সংখ্যার গড় b। সবগুলোর সংখ্যার গড়–

ক. $\frac{a+b}{2}$ খ. $\frac{ap+bq}{2}$
গ. $\frac{ap+bq}{p+q}$ ঘ. $\frac{ap+bq}{a+b}$ **উত্তর : গ**

ব্যাখ্যা : p সংখ্যক সংখ্যার গড় a

∴ p সংখ্যক সংখ্যার সমষ্টি pa

q সংখ্যক সংখ্যার গড় b

∴ q সংখ্যক সংখ্যার সমষ্টি qb

এবং সংখ্যাগুলো সংখ্যা p + q

∴ সবগুলো সংখ্যার গড় = $\frac{pa + qb}{p + q}$ বা, $\frac{ap + bq}{p + q}$

৮. তিনটি পূর্ণ সংখ্যার গড় ১৫০ এবং ক্ষুদ্রতম সংখ্যা দুইটির গড় ১২০ বৃহত্তম সংখ্যাটি কত?

ক. ২৩০ খ. ২১০

গ. ২০০ ঘ. ১৯০ **উত্তর : খ**

ব্যাখ্যা : ৩টি পূর্ণ সংখ্যার গড় ১৫০

∴ ৩টি পূর্ণসংখ্যার সমষ্টি = ১৫০ × ৩ = ৪৫০

আবার ক্ষুদ্রতম সংখ্যা দুটির গড় ১২০

∴ ক্ষুদ্রতম সংখ্যা সমষ্টি = ১২০ × ২ = ২৪০

∴ বৃহত্তম সংখ্যা সমষ্টি = ৪৫০ − ২৪০ = ২১০

৯. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গড় ২৫। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গড় ৩০ হলে, তৃতীয় সংখ্যাটি কত?

ক. ২৫ খ. ৪০

গ. ৯০ ঘ. ৫০ **উত্তর : খ**

১০. ছয়টি সংখ্যার গড় ৬। যদি প্রত্যেকটি সংখ্যা থেকে ৩ বিয়োগ করা হয় তবে নতুন সংখ্যাগুলোর গড় কত হবে?

ক. ৩ খ. ৩.৫

গ. ৪ ঘ. কোনোটিই নয় **উত্তর : ক**

ব্যাখ্যা : ছয়টি সংখ্যার সমষ্টি = (৬ × ৬) বা ৩৬

প্রত্যেক সংখ্যা থেকে ৩ বিয়োগ করলে নতুন ছয়টি সংখ্যার সমষ্টি = ৩৬ − (৬ × ৩)

= ৩৬ − ১৮ = ১৮

∴ নতুন ছয়টি সংখ্যার গড় = $\frac{১৮}{৬} = ৩$

১১. ০.৬ হলো ০.২, ০.৮, ১ এবং x এর গড় মান। x এর মান কত?

ক. ০.২ খ. ০.৪

গ. ০.৬৭ ঘ. ২.৪ **উত্তর : খ**

ব্যাখ্যা : ০.২, ০.৮, ১ এবং x এর গড় = $\frac{০.২ + ০.৮ + ১ + x}{৪}$

$= \frac{২ + x}{৪}$

শর্তমতে, $\frac{২ + x}{৪} = ০.৬$ বা, ২ + x = ২.৪

∴ x = ২.৪ − ২ = ০.৪

১২. x ও y এর মানের গড় ১০ এবং z = ১৩ হলে, x, y, z এর মানের গড় কত হবে?

ক. ১১ খ. ৯

গ. ১৮ ঘ. ১২ **উত্তর : ক**

ব্যাখ্যা : x ও y এর মানের সমষ্টি = (২ × ১০) = ২০

দেয়া আছে, z = ১৩

∴ x, y ও z এর মানের গড় = $\frac{(২০ + ১৩)}{৩} = \frac{৩৩}{৩} = ১১$

১৩. পাঁচটি সংখ্যার গড় ৪৬ এবং সংখ্যাগুলোর প্রথম চারটি সংখ্যার গড় ৪৫। পঞ্চম সংখ্যাটি কত?

ক. ৪৮ খ. ৪৯

গ. ৫০ ঘ. কোনোটিই নয় **উত্তর : গ**

ব্যাখ্যা : পাঁচটি সংখ্যার সমষ্টি (৫ × ৪৬) বা ২৩০

চারটি " " (৪ × ৪৫) বা ১৮০

∴ পঞ্চম সংখ্যাটি = ৫০

১৪. যদি ১৫ জন ছাত্র ইংরেজিতে গড়ে শতকরা ৮০ নম্বর এবং ১০ জন ছাত্র গড়ে শতকরা ৯০ নম্বর পায়, তাহলে ২৫ জন ছাত্রের শতকরা হিসাবে গড় নম্বর কত?


প্রশ্ন: বঙ্গভঙ্গ করেন কে?
উঃ লর্ড কার্জন।

প্রশ্ন: কবে সালে 'বঙ্গভঙ্গ' এর ঘোষণা দেয়া হয়?
উঃ ১৯০৫ সালের ১৯ জুলাই (লর্ড কার্জন কর্তৃক)।

প্রশ্ন: কত সালে বঙ্গভঙ্গ কার্যকর করা হয়?
উঃ ১৯০৫ সালের ১৬ অক্টোবর (লর্ড কার্জন কর্তৃক)।

প্রশ্ন: বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন কে?
উঃ রাজা পঞ্চম জর্জ। তার অভিষেক অনুষ্ঠানে [illegible] দিল্লির দরবারে এই ঘোষণা দেন তিনি।)

প্রশ্ন: বঙ্গভঙ্গ রদ করেন কে?
উঃ লর্ড হার্ডিঞ্জ।

প্রশ্ন: কত সালে বঙ্গভঙ্গ রদ করা হয়?
উঃ ১৯১১ সালের ১২ ডিসেম্বর।

প্রশ্ন: বঙ্গভঙ্গ রদ কার্যকর হয় কবে?
উঃ ১৯১২ সালের ১ এপ্রিল। [সূত্র: বাংলাপিডিয়া]

প্রশ্ন: বঙ্গভঙ্গ রদ কার্যকর করেন কে?
উঃ লর্ড হার্ডিঞ্জ। [অর্থাৎ, রাজা পঞ্চম জর্জ বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন, কিন্তু তা কার্যকর করেন লর্ড হার্ডিঞ্জ।]

প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' কী ধরনের সংস্কার ছিল?
উঃ প্রশাসনিক সংস্কার।

প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' এর মাধ্যমে বাংলাকে কয়টি ভাগে বিভক্ত করা হয়?
উঃ দুটি ভাগে।

প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' এর মাধ্যমে সৃষ্ট দুটি প্রদেশের নাম কী?
উঃ ১. বাংলা প্রদেশ (রাজধানী: কলকাতা) ২. পূর্ববঙ্গ ও আসাম প্রদেশ (রাজধানী: ঢাকা)।

প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' এর মাধ্যমে সৃষ্ট নতুন প্রদেশটির নাম কী?
উঃ পূর্ববঙ্গ ও আসাম প্রদেশ। (নতুন প্রদেশের গভর্নর হিসেবে নিযুক্ত হন: ব্যামফিল্ড ফুলার)

প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' এর সময় বিহার ও উড়িষ্যা কোন প্রদেশের অন্তর্ভুক্ত ছিল?
উঃ পশ্চিমবঙ্গ

প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' এর সময় ব্রিটিশ ভারতের রাজধানী কোথায় ছিল?
উঃ কোলকাতা

প্রশ্ন: কোলকাতা থেকে বৃটিশ ভারতের রাজধানী দিল্লিতে স্থানান্তর করা হয় কত সালে?
উঃ ১৯১২ সালে (বঙ্গভঙ্গ কেন্দ্রিক সৃষ্ট বিরোধের জের ধরে)।

প্রশ্ন: কোলকাতা থেকে বৃটিশ ভারতের রাজধানী দিল্লিতে স্থানান্তর করেন কে?
উঃ লর্ড হার্ডিঞ্জ (বঙ্গভঙ্গ রদও করেন তিনি)

প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' এর মাধ্যমে মূলত কাদের স্বার্থ সংরক্ষিত হয়?
উঃ মুসলমানদের।

প্রশ্ন: কে সর্বপ্রথম বঙ্গভঙ্গকে মুসলমানদের স্বার্থের অনকূলে বলে মতপ্রকাশ করে?
উঃ নবাব সুলিমুল্লাহ

প্রশ্ন: কোন সম্প্রদায় বঙ্গভঙ্গের বিরুদ্ধে আন্দোলন করে?
উঃ বর্ণ হিন্দুগণ।

প্রশ্ন: 'বঙ্গভঙ্গ'কে কেন্দ্র করে রবীন্দ্রনাথ ঠাকুর কোন কবিতাটি রচনা করেন?
উঃ 'আমার সোনার বাংলা' কবিতাটি।

প্রশ্ন: 'বঙ্গভঙ্গ'কে কেন্দ্র করে রবীন্দ্রনাথ ঠাকুর কোন উৎসব চালু করেন?
উঃ রাখী বন্ধন উৎসব।

প্রশ্ন: 'বঙ্গভঙ্গ'কে কেন্দ্র করে 'পরো না রেশমী চুড়ি, বঙ্গনারী, কভু হাতে আর পরো না' - এই গানটি গেয়ে গ্রামে গ্রামে ঘুরে বেড়াতেন কে?
উঃ মুকুন্দ দাস।

প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' বিরোধী আন্দোলন কোনটি?
উঃ স্বদেশী আন্দোলন।

প্রশ্ন: 'স্বদেশী আন্দোলন' এর সময়কাল কত?
উঃ ১৯০৫ সালে শুরু হয়ে ১৯০৮ সাল পর্যন্ত চলমান ছিল। [সূত্র: বাংলাপিডিয়া]

প্রশ্ন: 'স্বদেশী আন্দোলন' এর নেতৃত্ব প্রদান করেন কে?
উঃ সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, অরবিন্দ ঘোষ প্রমুখ।

প্রশ্ন: 'স্বদেশী আন্দোলন' এর শক্তিশালী সমর্থক ছিল কারা?
উঃ হিন্দু জমিদার শ্রেণি।

প্রশ্ন: বাংলার নারীসমাজ সর্বপ্রথম কখন সক্রিয়ভাবে রাজনীতিতে যোগদান করে?
উঃ স্বদেশী আন্দোলনের সময়।

প্রশ্ন: 'স্বরাজ আন্দোলন'-এর নেতা কে ছিলেন?
উঃ চিত্তরঞ্জন দাস।

প্রশ্ন: 'ভারত ছাড় আন্দোলন'-এর নেতা কে ছিলেন?
উঃ মহাত্মা গান্ধী।

প্রশ্ন: 'অহিংস আন্দোলন'-এর নেতা কে ছিলেন?
উঃ মহাত্মা গান্ধী।

প্রশ্ন: 'বঙ্গভঙ্গ'র বিরুদ্ধে বৈপ্লবিক আন্দোলন শুরু করে কোন রাজনৈতিক সংগঠন?
উঃ কংগ্রেস।

Job Navigator

প্রশ্ন: 'বঙ্গভঙ্গ' রদের ফলে পূর্ব বাংলার অসন্তুষ্ট মুসলমানদের সন্তুষ্ট করার জন্য ব্রিটিশ সরকার পূর্ব বাংলায় কোন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের ঘোষণা দেন?
উ ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়
প্রশ্ন: ঢাকা বিশ্ববিদ্যায় প্রতিষ্ঠার লক্ষ্যে কোন কমিশন গঠন করা হয়?
উঃ 'নাথান কমিশন'।
প্রশ্ন: 'নাথান কমিশন' কবে গাঠিত হয়?
উঃ ১৯১২ সালের ২৭ মে।
প্রশ্ন: 'নাথান কমিশন' এর সদস্য সংখ্যা কত ছিল?
উঃ ১৩জন। [সূত্র: বাংলাপিডিয়া]
প্রশ্ন: 'নাথান কমিশন' এর প্রেসিডেন্ট বা প্রধান কে ছিলেন?
উঃ আর. নাথানিয়েল (বার-অ্যাট-ল')।
প্রশ্ন: পূর্ব বঙ্গ তথা বাংলাদেশের প্রথম সরকারি বিশ্ববিদ্যালয়ের নাম কী?
উঃ ঢাকা বিশ্ববিদ্যালয়।
প্রশ্ন: ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় কবে?
উঃ ১৯২১ সালের ১ জুলাই নাথান কমিশনের সুপারিশে বাংলাদেশের প্রথম সরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম চ্যান্সেলর ছিলেন লর্ড ডানডাস (জেসিআই)। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভাইস চ্যান্সেলর (ভিসি) ছিলেন ফিলিপ জোসেপ (পি. জে) হার্টজ এবং ভারতীয় উপমহাদেশের প্রথম ভাইস চ্যান্সেলর (ভিসি)/প্রথম বাঙালি ভাইস চ্যান্সেলর (ভিসি)/ প্রথম মুসলিম ভাইস চ্যান্সেলর (ভিসি) ছিলেন স্যার এ এফ রহমান।
প্রশ্ন: বাংলাদেশের দ্বিতীয় সরকারি বিশ্ববিদ্যালয়ের নাম কী?
উঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়।
প্রশ্ন: রাজশাহী বিশ্ববিদ্যালয় কবে প্রতিষ্ঠিত হয়?
উঃ ১৯৫৩ সালে।
প্রশ্ন: ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় কে অগ্রণী ভূমিকা পালন করেন?
উঃ নওয়াব সলিমুল্লাহ
প্রশ্ন: ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য কে জমি দান করেন?
উঃ নওয়াব সলিমুল্লাহ।
প্রশ্ন: নওয়াব সলিমুল্লাহ এর মৃত্যুর পর কে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগকে বাস্তবায়ন করতে শক্ত হাতে হাল ধরেন?
উঃ নওয়াব আলী চৌধুরী
প্রশ্ন: প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত 'ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস' কবে পালিত হয়?
উঃ প্রতি বছরের ১ জুলাই।

২.৭ স্বাধিকার আন্দোলন ও ইংরেজ শাসনাবসান

প্রশ্ন: প্রথম দিকে ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের নেতৃত্ব কে প্রদান করেন?
উঃ শহীদ তিতুমীর।
প্রশ্ন: তিতুমীর এর প্রকৃত নাম কি?
উঃ সৈয়দ মীর নিসার আলী।
প্রশ্ন: নারিকেল বাড়িয়ার 'বাঁশের কেল্লা'নির্মাণ করেন কে?
উঃ শহীদ তিতুমীর।
প্রশ্ন: কার নেতৃত্বে বাঁশের কেল্লা ধ্বংস করা হয়?
উঃ লেফটেন্যান্ট কর্নেল স্টুয়ার্ট।
প্রশ্ন: কার নেতৃত্বে বারাসাত বিদ্রোহ হয়েছিল?
উঃ শহীদ তিতুমীর।
প্রশ্ন: বাংলাদেশে 'ওয়াহাবী আন্দোলনের' প্রবক্তা কে ছিলেন?
উঃ শহীদ তিতুমীর।
প্রশ্ন: বাংলাদেশে 'ফরায়েজী আন্দোলনের' প্রবক্তা কে ছিলেন?
উঃ হাজী শরীয়তউল্লাহ।
প্রশ্ন: হাজী শরীয়তউল্লাহর মৃত্যুর পর কে 'ফরায়েজী আন্দোলনকে রাজনৈতিক আন্দোলনে রূপদান করেন?
উঃ হাজী শরীয়তউল্লাহর পুত্র হাজী দুদু মিয়া
প্রশ্ন: 'তেভাগা আন্দোলন'-এর নেতা কে ছিলেন?
উঃ হাজী মোহাম্মদ দানেশ ও ইলা মিত্র।
প্রশ্ন: ফকির-সন্ন্যাসীদের মধ্যে উল্লেখ্যযোগ্য নেতা কে ছিলেন?
উঃ ফকির মজনু শাহ ও ভবানী পাঠক।
প্রশ্ন: বাংলাদেশে ইংরেজি শিক্ষা চালু হওয়ায় কোন সম্প্রদায় সবচেয়ে বেশি উপকৃত হয়?
উঃ হিন্দু সম্প্রদায়।
প্রশ্ন: 'মুসলিম সাহিত্য সমাজ' বা 'মোহামেডান লিটারারি সোসাইটি' এর প্রতিষ্ঠাতা কে ছিলেন?
উঃ নওয়াব আব্দুল লতিফ।
প্রশ্ন: 'মুসলিম সাহিত্য সমাজ' বা 'মোহামেডান লিটারারি সোসাইটি' কত সালে প্রতিষ্ঠিত হয়?
উঃ ১৮৬৩ সালে।
প্রশ্ন: আলীগড় আন্দোলনের প্রবক্তা কে ছিলেন?
উঃ স্যার সৈয়দ আহমেদ খান।
প্রশ্ন: মুসলমানদের জন্য পৃথক নির্বাচনের দাবি কোন আইন দ্বারা স্বীকৃত হয়?
উঃ মর্লি মিন্টো আইন (১৯০৯)।
প্রশ্ন: কে বাংলায় 'ঋণ সালিশী আইন' প্রবর্তন করেন?
উঃ শেরে বাংলা এ.কে. ফজলুল হক।
প্রশ্ন: 'পূর্ববঙ্গ জমিদারি অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০' প্রণয়নে কে অগ্রণী ভূমিকা পালন করেন?
উঃ শেরে বাংলা এ.কে. ফজলুল হক।
প্রশ্ন: ব্রিটিশ ভারত বিভক্তির সময় বাংলার প্রধানমন্ত্রী কে ছিলেন?
উঃ হোসেন শহীদ সোহরাওয়ার্দী।
প্রশ্ন: নীল বিদ্রোহের সূচনা হয় কবে?
উঃ ১৮৫৯ সালে এবং অসান ঘটে ১৮৬০ সালে।
প্রশ্ন: বাংলার নীল বিদ্রোহে কারা অংশগ্রহণ করেন?
উঃ চাষীরা।
প্রশ্ন: বাংলায় নীল চাষ বিলুপ্তির জন্য কত সালে 'নীল কমিশন' গঠন করা হয়?
উঃ ১৮৬০ সালে।
প্রশ্ন: ইংরেজ শাসনামলে হিন্দু সমাজের পুনর্জাগরণের অগ্রনায়ক কে ছিলেন?
উঃ রাজা রামমোহন রায়।

প্রশ্ন: ব্রাহ্ম ধর্ম ও ব্রাহ্ম সমাজের প্রবর্তন করেন কে?
উঃ রাজা রামমোহন রায়।
প্রশ্ন: মুসলমানদের মধ্যে শিক্ষা বিস্তারের জন্য কে তাঁর সমস্ত সম্পত্তি উইল করে যান?
উঃ হাজী মুহম্মদ মুহসীন।
প্রশ্ন: ভারতের সবচেয়ে প্রাচীন দলের নাম কী?
উঃ ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস।
প্রশ্ন: ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস কোন সালে প্রতিষ্ঠিত হয়?
উঃ ১৮৮৫ সালে।
প্রশ্ন: ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস কে প্রতিষ্ঠা করেন?
উঃ এ্যালান অক্টোভিয়ান হিউম।
প্রশ্ন: 'নিখিল ভারত মুসলিম লীগ' তথা 'মুসলিম লীগ' এর প্রতিষ্ঠাতা কে ছিলেন?
উঃ নবাব সলিমুল্লাহ।
প্রশ্ন: 'মুসলিম লীগ' কখন গঠিত হয়?
উঃ ১৯০৬ সালের ৩০ ডিসেম্বর।
প্রশ্ন: 'মুসলিম লীগ' কোথায় গঠিত হয়?
উঃ ঢাকায়।
প্রশ্ন: কোন ঘটনার প্রেক্ষিতে 'মুসলিম লীগ' কখন গঠিত হয়?
উঃ বঙ্গভঙ্গ
প্রশ্ন: 'মুসলিম লীগ' গঠনের মূল উদ্দেশ্য কী ছিল?
উঃ ভারতীয় উপমহাদেশের মুসলিমদের দাবিদাওয়া তুলে ধরা।
প্রশ্ন: ভারতীয় উপমহাদেশে হিন্দু-মুসলিমের মধ্যে রাজনৈতিক সমঝোতা স্থাপনের জন্য কোন চুক্তি স্বাক্ষরিত হয়?
উঃ লক্ষ্মৌ চুক্তি।
প্রশ্ন: কত সালে 'লক্ষ্মৌ চুক্তি' স্বাক্ষরিত হয়?
উঃ ১৯১৬ সালে।
প্রশ্ন: ভারতীয় উপমহাদেশে হিন্দু-মুসলিমের মধ্যে সাম্প্রদায়িক বিভেদ দূর করার জন্য কোন চুক্তি স্বাক্ষরিত হয়?
উঃ বেঙ্গল প্যাক্ট।
প্রশ্ন: কত সালে 'বেঙ্গল প্যাক্ট' স্বাক্ষরিত হয়?
উঃ ১৯২৩ সালে।
প্রশ্ন: মহাত্মা গান্ধীর প্রকৃত নাম কী?
উঃ মোহন দাস করমচাঁদ গান্ধী।
প্রশ্ন: মহাত্মা গান্ধী ভারতের রাজনৈতিক অঙ্গনে প্রবেশ করেন কবে?
উঃ ১৯১৭ সালে।
প্রশ্ন: মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারতবর্ষে 'সত্যাগ্রহ আন্দোলন' শুরু হয় কবে?
উঃ ১৯১৭ সালে।
প্রশ্ন: মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারতবর্ষে 'অসহযোগ আন্দোলন' শুরু হয় কবে?
উঃ ১৯২০ সালে (শেষ হয়- ১৯২২ সালে)
প্রশ্ন: অসহযোগ আন্দোলনের নেতৃত্ব প্রদান করেন কে?
উঃ মহাত্মা গান্ধী।
প্রশ্ন: খেলাফত আন্দোলনে কখন শুরু হয়?
উঃ ১৯১৯ সালে। (শেষ হয়- ১৯২৪ সালে)
প্রশ্ন: খেলাফত আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন কে?
উঃ মাওলানা মোহাম্মদ আলী, মাওলানা শওকত আলী ও মাওলানা আবুল কালাম আজাদ।
প্রশ্ন: ব্রিটিশ পার্লামেন্টে 'ভারত শাসন আইন' কবে পাশ হয়?
উঃ ১৯৩৫ সালে।
প্রশ্ন: ব্রিটিশ ভারতে প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় কবে?
উঃ ১৯৩৭ সালে।
প্রশ্ন: অবিভক্ত বাংলার প্রথম মন্ত্রিসভা গঠিত হয় কবে?
উঃ ১৯৩৭ সালে; শেরে বাংলা এ. কে. ফজলুল হকের নেতৃত্বে।
প্রশ্ন: 'দ্বি-জাতি তত্ত্বের' প্রবক্তা কে?
উঃ মুহম্মদ আলী জিন্নাহ।
প্রশ্ন: 'দ্বি-জাতি তত্ত্ব' ঘোষণা করা হয় কবে?
উঃ ১৯৩৯ সালে।
প্রশ্ন: 'লাহোর প্রস্তাব' উপস্থাপন করেন কে?
উঃ এ. কে. ফজলুল হক।
প্রশ্ন: 'লাহোর প্রস্তাব' কবে উপস্থাপন করা হয়?
উঃ ১৯৪০ সালের ২৩-ই মার্চ।
প্রশ্ন: 'লাহোর প্রস্তাব' কোথায় উপস্থাপন করা হয়?
উঃ মুসলিম লীগের অধিবেশনে পাকিস্তানের লাহোরে।
প্রশ্ন: অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী কে ছিলেন?
উঃ এ.কে. ফজলুল হক।
প্রশ্ন: অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী কে ছিলেন?
উঃ হোসেন শহীদ সোহরাওয়ার্দী। (মনে, শেষ শহীদ; প্রথম এ.কে (A.K) ইংরেজি বর্ণমালার প্রথম বর্ণ হলো A)
প্রশ্ন: ব্রিটিশ ভারতের শেষ ভাইসরয় কে ছিলেন?
উঃ লর্ড মাউন্ট ব্যাটেন। (তবে ব্রিটিশ ভারতের প্রথম ভাইসরয় ছিলেন- লর্ড ক্যানিং)
প্রশ্ন: মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারতবর্ষে ব্রিটিশ বিরোধী 'ভারত ছাড়' শুরু হয় কবে?
উঃ ১৯৪২ সালে। [এটি ছিল মূলত একটি আইন অমান্য আন্দোলন]
প্রশ্ন: স্বাধীন সার্বভৌম পাকিস্তান রাষ্ট্রের জন্ম হয় কবে?
উঃ ১৪ আগস্ট, ১৯৪৭ সালে।
প্রশ্ন: স্বাধীন সার্বভৌম ভারত রাষ্ট্রের জন্ম হয় কবে?
উঃ ১৫ আগস্ট, ১৯৪৭ সালে।
প্রশ্ন: কীসের ভিত্তিতে উপমহাদেশে ভারত-পাকিস্তান নামক দুটি পৃথক রাষ্ট্রের সৃষ্টি হয়?
উঃ দ্বি-জাতি তত্ত্বের ভিত্তিতে।

Job Navigator

৩. ভাষা আন্দোলন [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. ১৯৪৮ সালে পাকিস্তান পরিষদে কে বাংলা ভাষাকে গণপরিষদের অন্যতম ভাষা হিসেবে ব্যবহারের প্রস্তাব রাখেন? [১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]
ক. ধীরেন্দ্রনাথ দত্ত খ. আবুল কাশেম
গ. মাওলানা ভাসানী ঘ. যোগেশচন্দ্র ঘোষ উ. ক

স্কুল পর্যায়

১. ভাষা শহিদদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন– [১৭তম স্কুল নিবন্ধন ২০২২]
ক. আব্দুস সালাম খ. রফিক উদ্দিন
গ. আবুল বরকত ঘ. সকলেই উ. গ

২. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বাংলাদেশ কেন্দ্রীয় শহীদ মিনারের ছবি সংলিত ডাকটিকেট বিশ্বের কোন দেশ প্রকাশ করেছে? [১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]
ক. যুক্তরাষ্ট্র খ. যুক্তরাজ্য
গ. ভারত ঘ. কানাডা উ. ক

স্কুল পর্যায়-২

১১. ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. নুরুল আমিন খ. লিয়াকত আলী খান
গ. মোহাম্মদ আলী ঘ. খাজা নাজিমুদ্দীন উ. ঘ

২. দেশের বাহিরে প্রথম শহীদ মিনার নির্মিত হয় কোথায়? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. কানাডা খ. ইতালি
গ. জাপান ঘ. দক্ষিণ আফ্রিকা উ. গ

৩. ১৯৫২ সাল বাংলাদেশের ইতিহাসে যে জন্য বিখ্যাত– [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. মুক্তিযুদ্ধ খ. ভাষা আন্দোলন
গ. গণঅভ্যুত্থান ঘ. আগরতলা ষড়যন্ত্র মামলা উ. খ

৩.১ ভাষা আন্দোলনের ইতিহাস

প্রশ্ন: সর্বপ্রথম কে পাকিস্তানের গণপরিষদে বাংলা ভাষাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবি উত্থাপন করেন?
উঃ কুমিল্লার ধীরেন্দ্রনাথ দত্ত। (১৯৪৮ সালের ২৩ ফেব্রুয়ারি)

প্রশ্ন: উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার প্রস্তাব প্রথম কবে, কোথায় গৃহীত হয়?
উঃ ১৯৪৭ সালের ডিসেম্বরে পাকিস্তানের করাচিতে এক শিক্ষা সম্মেলনে।

প্রশ্ন: বাংলা ভাষাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে সংগঠিত প্রথম সংগঠনের নাম কী?
উঃ তমদ্দুন মজলিস

প্রশ্ন: ভাষা আন্দোলনের ফলে কোন প্রতিষ্ঠানটির সৃষ্টি হয়?
উঃ বাংলা একাডেমি।

প্রশ্ন: ভাষা আন্দোলনের মুখপাত্র ছিল কোন পত্রিকাটি?
উঃ সাপ্তাহিক সৈনিক।

প্রশ্ন: ভাষা আন্দোলনকে কেন্দ্র করে প্রকাশিত প্রথম পুস্তিকার নাম কী?
উঃ পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু।

প্রশ্ন: 'তমদ্দুন মজলিস' কী?
উঃ বাংলা ভাষাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে সংগঠিত একটি সাংস্কৃতিক প্রতিষ্ঠান।

প্রশ্ন: 'তমুদ্দিন মজলিস' কবে গঠিত হয়?
উঃ ১৯৪৭ সালের ০২ সেপ্টেম্বর।

প্রশ্ন: বাংলাকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার দাবিতে কবে 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয় ?
উঃ ১৯৪৭ সালের ০১ অক্টোবর।

প্রশ্ন: উর্দুকে রাষ্ট্রভাষা করার বিরুদ্ধে কবে 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয় ?
উঃ ১৯৫২ সালের ৩০ জানুয়ারি। (অপশনে ১৯৫২ সালের ৩০ জানুয়ারি না থাকলে উত্তর হবে ১৯৫২ সালের ৩১ জানুয়ারি)

প্রশ্ন: 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' এর আহ্বায়ক কে ছিলেন?
উঃ কাজী গোলাম মাহবুব (১৯৫২ সালে)।

প্রশ্ন: ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় পূর্ব বাংলার মূখ্যমন্ত্রী কে ছিলেন ?
উঃ নুরুল আমিন।

প্রশ্ন: ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন?
উঃ খাজা নাজিমউদ্দিন।

প্রশ্ন: ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভিসি) কে ছিলেন?
উঃ সৈয়দ মোয়াজ্জেম হোসেন। [নোট: ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভিসি) ছিলেন- প্রফেসর সৈয়দ সাজ্জাদ হোসেন]

প্রশ্ন: ১৯৫২ সালের ভাষা আন্দোলনের প্রথম শহীদ কে?
উঃ রফিকউদ্দিন আহমদ (রফিক)

প্রশ্ন: ১৯৫২ সালের ভাষা শহীদদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন কে?

উঃ আবুল বরকত (রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ছাত্র)।

প্রশ্ন: ১৯৫২ সালের ভাষা আন্দোলনের শহীদের স্মরণে কবে প্রথম শহীদ মিনার নির্মাণ করা হয়?

উঃ ১৯৫২ সালের ২৩ শে ফেব্রুয়ারি।

প্রশ্ন: কে কেন্দ্রীয় শহীদ মিনার উদ্বোধন করেন?

উঃ শহীদ শফিউরের পিতা মৌলভী মাহবুবুর রহমান।

প্রশ্ন: ১৯৫২ সালের ভাষা আন্দোলনের পূর্বে কোন তারিখটি 'রাষ্ট্রভাষা দিবস' হিসেবে পালন করা হত?

উঃ ১১ মার্চ।

প্রশ্ন: ১৯৪৮-১৯৫২ সাল পর্যন্ত কোন তারিখটি 'রাষ্ট্রভাষা দিবস' হিসেবে পালন করা হত?

উঃ ১১ মার্চ। [১৯৫৩ সাল থেকে ভাষা ২১ ফেব্রুয়ারি]

প্রশ্ন: 'উর্দু এবং উর্দুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা'- এ কথাটি কে বলেছিলেন?

উঃ মুহম্মদ আলী জিন্নাহ।

প্রশ্ন: পাকিস্তানের গণপরিষদে বাংলা ভাষাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয় কবে?

উঃ ৯ মে, ১৯৫৪ সালে।

প্রশ্ন: পাকিস্তানের জাতীয় পরিষদে বাংলা ভাষাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয় কবে?

উঃ ১৬ ফেব্রুয়ারি, ১৯৫৬ সালে।

প্রশ্ন:পাকিস্তানের সংবিধানে বাংলা ভাষাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে/দ্বিতীয় রাষ্ট্রভাষা স্বীকৃতি দেয়া হয় কবে?

উঃ ২৯ ফেব্রুয়ারি, ১৯৫৬ সালে।

প্রশ্ন: কত সালে বাংলা ভাষাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয়?

উঃ ১৯৫৬ সালে।

প্রশ্ন: পাকিস্তানের সরকারি ভাষা হিসেবে বাংলা ভাষার ব্যবহার চালু হয় কবে?

উঃ ১৯৫৬ সালে।

প্রশ্ন: ইউনেস্কো ২১-শে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি দেয় কবে?

উ: ১৯৯৯ সালের ১৭ নভেম্বর। (ইউনেস্কোর ৩০তম অধিবেশন বা সাধারণ সভার মাধ্যমে)

প্রশ্ন: ২১-শে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে' পালন করা হয় কোন সাল থেকে?

উ: ২০০০ সাল থেকে।

প্রশ্ন: বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয় কোন দেশ?

উঃ আফ্রিকার দেশ সিওরালিয়ন।

প্রশ্ন: ভাষা আন্দোলনের ফলে কোন প্রতিষ্ঠানটির সৃষ্টি হয়?

উঃ বাংলা একাডেমি। (বাংলা একডেমি প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা রাখেন ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ)

প্রশ্ন: বাংলা একাডেমি কত সালে প্রতিষ্ঠিত হয়?

উঃ ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর।

প্রশ্ন: ১৯৫২ সালের ২১-শে ফেব্রুয়ারি বাংলা কত সাল, তারিখ ছিল?

উঃ ১৩৫৮ বঙ্গাব্দ, ৮ ফাল্গুন।

প্রশ্ন: ১৯৫২ সালের ২১-শে ফেব্রুয়ারি কী বার ছিল?

উঃ বৃহস্পতিবার।

প্রশ্ন: জহির রায়হান কর্তৃক নির্মিত ভাষা আন্দোলনভিত্তিক চলচ্চিত্রের নাম কী?

উঃ জীবন থেকে নেওয়া

প্রশ্ন: ভাষা শহীদের স্মরণে নির্মিত কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে?

উঃ হামিদুর রহমান। (কিন্তু, জাতীয় স্মৃতিসৌধের স্থপতি- সৈয়দ মাইনুল হোসেন।)

Job Navigator

৪. মুক্তিযুদ্ধ [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. ১৯৭১ সালের ৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান প্রদত্ত ভাষণটি ইউনেস্কো কোন তারিখে "বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য" হিসেবে ঘোষণা করে? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. ৩০ শে অক্টোবর, ২০১৭ সাল
খ. ৩০ শে নভেম্বর, ২০১৭ সাল
গ. ৩০ শে সেপ্টেম্বর, ২০১৮ সাল
ঘ. ৩০ শে অক্টোবর, ২০১৮ সাল
উ. ক

২. আসাদ গেট নামের পটভূমির সাথে জড়িত কোন সন? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. ১৯৪৭ সন খ. ১৯৫২ সন
গ. ১৯৬৯ সন ঘ. ১৯৭১ জন উ. গ

৩. স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য 'বীর প্রতীক' উপাধি লাভ করে কত জন? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. ৭ জন খ. ৬৮ জন
গ. ১৭৫ জন ঘ. ৪২৬ জন উ. ঘ

৪. 'কারাগারের রোজনামচা' গ্রন্থটির লেখক কে? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
খ. মাওলানা ভাসানী
গ. জাহানারা ইমাম ঘ. ড. কামাল হোসেন উ. ক

৫. মহান নেতা শেখ মুজিবুর রহমানকে কত সালে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয়? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. ১৯৭০ খ. ১৯৬৯
গ. ১৯৬৮ ঘ. ১৯৬৬ উ. খ

৬. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য কোন দুই নারীকে 'বীর প্রতীক' উপাধিতে ভূষিত করা হয়? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. তারামন বিবি ও ময়মুনা বিবি
খ. সিতারা বেগম ও ময়মুনা বিবি
গ. তারামন বিবি ও সিতারা বেগম
ঘ. মনসুরা বিবি ও তারামন বিবি
উ. গ

৭. বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর কোন বাহিনীতে চাকুরীরত ছিলেন? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. সেনাবাহিনী খ. নৌবাহিনী
গ. বিমান বাহিনী ঘ. পুলিশ বাহিনী উ. ক

৮. বাংলাদেশের অস্থায়ী সরকারের প্রথম প্রধানমন্ত্রী কে? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. শেখ মুজিবুর রহমান খ. এম. মনসুর আলী
গ. তাজউদ্দিন আহমেদ ঘ. আতাউর রহমান খান উ. গ

৯. বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ কোন তারিখে ইউনেস্কোর "মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল" রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হয়েছে? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. ২০ অক্টোবর ২০১৭ খ. ২৫ অক্টোবর ২০১৭
গ. ৩০ অক্টোবর ২০১৭ ঘ. ৩১ অক্টোবর ২০১৭ উ. গ

১০. বঙ্গবন্ধুর গ্রামটি কোন নদীর তীরে অবস্থিত? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. মধুমতি খ. বাইগার
গ. কুমার ঘ. ভৈরব উ. খ

১১. তারামন বিবি যুদ্ধ করেন কোন সেক্টরে? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. ৮ খ. ৯
গ. ১০ ঘ. ১১ উ. ঘ

১২. ১৯৫৪ সালে নির্বাচনে যুক্তফ্রন্টের কয় দফা ছিল? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. ৬টি খ. ১১টি
গ. ২১টি ঘ. ৮টি উ. গ

১৩. মহান নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে বঙ্গবন্ধু উপাধি লাভ করেছিলেন? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. ১৯৭০ খ. ১৯৬৯
গ. ১৯৬৮ ঘ. ১৯৬৬ উ. খ

১৪. মুজিবনগর কোন জেলায় অবস্থিত? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. যশোর খ. কুষ্টিয়া
গ. মেহেরপুর ঘ. চুয়াডাঙ্গা উ. গ

১৫. বঙ্গবন্ধু ৬-দফা দাবি পেশ করেন কত সালে? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. ১৯৪৭ খ. ১৯৫২
গ. ১৯৬৬ ঘ. ১৯৭১ উ. গ

১৬. বীরবিক্রম খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সংখ্যা কত? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. ৬৭৬ জন খ. ৬৮ জন
গ. ১৭৫ জন ঘ. ৪২৬ জন উ. গ

১৭. বঙ্গবন্ধুর আত্মজীবনীমূলক গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী' সর্বশেষ কোন ভাষায় অনূদিত? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. রুশ খ. ডাচ
গ. চীনা ঘ. ফ্রেঞ্চ উ. *
ব্যাখ্যা : ব্যাখ্যা : ১০ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত 'অসমাপ্ত আত্মজীবনী' ১৯টি ভাষায় অনূদিত হয়েছে। ১৯তম ভাষা হিসেবে অনূদিত হয় ত্রিপুরা ভাষা 'ককবরক' ভাষায়। ত্রিপুরা ভাষায় বইটির নাম 'পাইথাকয়া লাংমা' (২৫ অক্টোবর, ২০২২২)। এই অনুবাদ করেন- যুবরাজ দেববর্মা। (*নোট : এই তথ্যটি পরিবর্তনশীল)

১৮. তৎকালীন পাকিস্তানের শিক্ষা আন্দোলন হয় কত সালে? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. ১৯৫৬ খ. ১৯৬২
গ. ১৯৬৬ ঘ. ১৯৬৮ উ. খ

১৯. 'আমার বন্ধু রাশেদ'-বইটির লেখক কে? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
ক. তানভীর মোকাম্মেল খ. অনন্ত হীরা
গ. সোহেল আরমান ঘ. মোরশেদুল ইসলাম উ. *
ব্যাখ্যা : *মুক্তিযুদ্ধভিত্তিক কিশোর উপন্যাস 'আমার বন্ধু রাশেদ' এর লেখক ড. মুহম্মদ জাফর ইকবাল। আর এটির চলচ্চিত্রায়ন করেন মোরশেদুল ইসলাম।

২০. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত গ্রন্থ কোনটি? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
ক. সত্য মামলা আগরতলা খ. অবরুদ্ধ নয় মাস
গ. অসমাপ্ত আত্মজীবনী ঘ. বাংলাদেশ কথা কয় উ. গ

২১. বর্তমান মুজিবনগরের পূর্ব নাম কি ছিল? *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. চন্দ্রবাড়ি খ. ভবেরপাড়া
গ. টুংগীপাড়া ঘ. শিমুলিয়া উ. খ

২২. বঙ্গবন্ধু কবে 'জুলিও কুরি' পুরস্কার লাভ করেন? *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. ১০ অক্টোবর ১৯৭২ খ. ৭ নভেম্বর ১৯৭২
গ. ১৬ ডিসেম্বর ১৯৭২ ঘ. ২৫ ডিসেম্বর ১৯৭২ উ. ক

২৩. মুজিবনগর সরকার গঠন করা হয়েছিল কবে? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. ১০ এপ্রিল ১৯৭১ খ. ১১ এপ্রিল ১৯৭১
গ. ১২ এপ্রিল ১৯৭১ ঘ. ১৭ এপ্রিল ১৯৭১ উ. ক

২৪. ২০১৪ সালের স্বাধীনতা দিবসে জাতীয় প্যারেড গ্রাউন্ডে কতজন জাতীয় সঙ্গীত গেয়েছিল? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. ২ লক্ষ ৫৪ হাজার ৬৮১ জন
খ. ২ লক্ষ ৫৫ হাজার ৮৬১ জন
গ. ২ লক্ষ ৫৪ হাজার ৮৬১ জন
ঘ. ২ লক্ষ ৫৩ হাজার ৬৮০ জন উ. ক

২৫. জাতীয় শিশু দিবস কবে পালিত হয়? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. ১৭ মার্চ খ. ২৭ মার্চ
গ. ১৭ অক্টোবর ঘ. ২৭ অক্টোবর উ. ক

২৬. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে চরমপত্র পাঠ করতেন– *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. তোফায়েল আহমেদ খ. আব্দুল গাফফার চৌধুরী
গ. সুনীল গঙ্গোপাধ্যায় ঘ. এম. আর. আখতার মুকুল উ. ঘ

২৭. মুজিবনগর সরকারের ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী কে ছিলেন? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. ক্যাপ্টেন এম. মনসুর আলী
খ. তাজউদ্দীন আহমদ
গ. খন্দকার মোশতাক আহমদ
ঘ. এ. এইচ. এম. কামারুজ্জামান উ. ঘ

২৮. মুক্তিযুদ্ধের সংরক্ষিত স্থান 'শহীদ সাগর' কোথায় অবস্থিত? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. বরগুনা খ. নোয়াখালী
গ. খুলনা ঘ. নাটোর উ. ঘ

২৯. 'মুক্তির গান' চলচ্চিত্রটি কে পরিচালনা করেছেন? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. জহির রায়হান খ. আলমগীর কবীর
গ. গীতা মেহতা ঘ. তারেক মাসুদ উ. ঘ

৩০. মুক্তিযুদ্ধের উপর রচিত কবিতা "সেপ্টেম্বর অন যশোর রোড" এর রচয়িতা কে? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. নোয়েল কাউয়ার্ড খ. বব ডিলান
গ. জর্জ হ্যারিসন ঘ. এলেন গিন্সবার্গ উ. ঘ

৩১. স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য বাংলাদেশে মোট কতজনকে রাষ্ট্রীয় খেতাব দেয়া হয়েছে? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. ৪২৬ খ. ৬৭৬
গ. ৬৭৫ ঘ. ৫৭৬ উ. খ

স্কুল পর্যায়

১. জাতির জনক শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেয়া হয়– *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. ২৩ মার্চ ১৯৭১ খ. ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯
গ. ২৩ ফেব্রুয়ারি ১৯৬৭ ঘ. ২৩ ফেব্রুয়ারি ১৯৬৬ উ. খ

২. মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খ. তাজউদ্দিন আহমদ
গ. সৈয়দ নজরুল ইসলাম
ঘ. খন্দকার মোশতাক আহমেদ উ. ক

৩. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৬ দফা ঘোষণা করা হয় ১৯৬৬ সালের– *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. জানুয়ারি মাসে খ. ফেব্রুয়ারি মাসে
গ. জুলাই মাসে ঘ. আগস্ট মাসে উ. খ

৪. কোন সময়কালকে মুজিব বর্ষ হিসেবে ঘোষণা করা হয়েছে? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. ২০১৯-২০ সালকে খ. ২০২০-২১ সালকে
গ. ২০২১-২২ সালকে ঘ. ২০২২-২৩ সালকে উ. *
ব্যাখ্যা : মুজিববর্ষের সময়কাল বেশ কয়েকবার পরিবর্তন করা হয়। চূড়ান্তভাবে মুজিববর্ষের সময়কাল ১৭ মার্চ ২০২০ থেকে ৩১ মার্চ ২০২২। মুজিববর্ষের ক্ষণ গণনা শুরু হয় ১০ জানুয়ারি ২০২০।

৫. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধকালে জাতিসংঘের মহাসচিব কে ছিলেন? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. কফি আনান খ. উথান্ট
গ. দ্যাগ হ্যামারশোল্ড ঘ. বুট্রোস ঘালি উ. খ

৬. 'আরেক ফাল্গুন' গ্রন্থটির রচয়িতা কে? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. জহির রায়হান খ. শওকত ওসমান
গ. সৈয়দ শামসুল হক ঘ. সেলিনা হোসেন উ. ক

৭. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বদেশ প্রত্যাবর্তন করেন– *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. ৯ জানুয়ারি ১৯৭২ খ. ১০ জানুয়ারি ১৯৭২
গ. ১১ জানুয়ারি ১৯৭২ ঘ. ১২ জানুয়ারি ১৯৭২ উ. খ

৮. স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয় কবে? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. ১০ এপ্রিল ১৯৭২ খ. ১৭ এপ্রিল ১৯৭১
গ. ১৮ এপ্রিল ১৯৭১ ঘ. ১০ এপ্রিল ১৯৭১ উ. ঘ

৯. মুজিবনগর কোন জেলায় অবস্থিত? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. ঝিনাইদহ খ. মেহেরপুর
গ. যশোর ঘ. কুষ্টিয়া
উ. খ

১০. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ কয়টি সেক্টরে বিভক্ত ছিল? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. ১২ টি খ. ৯ টি
গ. ৮ টি ঘ. ১১ টি
উ. ঘ

১১. মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. ১০ টি খ. ১১ টি
গ. ১২ টি ঘ. ১৩ টি
উ. খ

১২. বাংলাদেশের অস্থায়ী সরকারের শপথ বাক্য কে পাঠ করান? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. এম হোসেন আলী খ. সৈয়দ নজরুল ইসলাম
গ. অধ্যাপক ইউসুফ আলী ঘ. তাজউদ্দীন আহমদ
উ. গ

১৩. স্বাধীন বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. সৈয়দ নজরুল ইসলাম খ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
গ. আবু সাঈদ চৌধুরী ঘ. সাহাবুদ্দীন আহমদ
উ. খ

১৪. বাংলাদেশের মুক্তিযুদ্ধের নৌ-কমান্ডোর সেক্টর- [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. সেক্টর ১ খ. সেক্টর ১০
গ. সেক্টর ১১ ঘ. সেক্টর ২
উ. খ

১৫. মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর কোন সেক্টরের অন্তর্ভুক্ত ছিল? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. ২ নং খ. ৮ নং
গ. ১০ নং ঘ. ১১ নং
উ. খ

স্কুল পর্যায়-২

১. 'আমার দেখা নয়াচীন' গ্রন্থের রচয়িতা কে? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. মওলানা আবদুল হামিদ খান ভাসানী
খ. শেরে বাংলা এ কে ফজলুল হক
গ. হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
উ. ঘ

২. বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী অনুষ্ঠান কত তারিখে শুরু হয়? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
ক. ১৭ই মার্চ ২০২০ খ. ১৭ই মার্চ ২০১৯
গ. ১৭ই মার্চ ২০২১ ঘ. ১৭ই মার্চ ২০২২
উ. ক

৩. আগরতলা মামলা প্রত্যাহার করা হয়– [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ খ. ২০ মার্চ ১৯৬৯
গ. ১৮ ফেব্রুয়ারি ১৯৭০ ঘ. ৫ ডিসেম্বর ১৯৬৮
উ. ক

৪. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. ক্যাপ্টেন এম মনসুর আলী
খ. তাজউদ্দিন আহম্মদ
গ. সৈয়দ নজরুল ইসলাম
ঘ. খন্দকার মোশতাক আহমেদ
উ. ক

৫. মহান মুক্তিযুদ্ধের সময় ঢাকা কত নম্বর সেক্টরের অধীন ছিল? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. ১ নং খ. ৩নং
গ. ২নং ঘ. ১০নং
উ. গ

৬. স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য 'বীরপ্রতীক' উপাধি লাভ করেন কত জন? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. ৭ জন খ. ৬৮ জন
গ. ১৭৫ জন ঘ. ৪২৬ জন
উ. ঘ

৭. শান্তিতে অবদানের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন পদকটি পেয়েছিলেন? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. ফ্রিডম পদক খ. ম্যাগসেসে পদক
গ. জওহরলাল নেহেরু পদক ঘ. জুলিও কুরি পদক
উ. ঘ

৮. স্বাধীন বাংলাদেশের নির্বাচিত প্রথম প্রধানমন্ত্রী ছিলেন কে? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. শেখ মুজিবুর রহমান খ. তাজউদ্দীন আহমদ
গ. সৈয়দ নজরুল ইসলাম ঘ. আতাউর রহমান খান
উ. ক

৯. 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থটি কার রচনা? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. তাজউদ্দীন আহমেদ খ. শেরে বাংলা এ. কে. ফজলুল হক
গ. ক্যাপ্টেন মনসুর আলী ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
উ. ঘ

১০. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় প্রথম কোন জেলা শত্রুমুক্ত হয়? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. মাগুরা খ. মেহেরপুর
গ. যশোর ঘ. ময়মনসিংহ
উ. গ

১১. যুক্তফ্রন্টের ২১ দফার ১ম দফাটি ছিল– [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করা
খ. পাটকল জাতীয়করণ করা
গ. চাকরিতে সকলের সমান অধিকার নিশ্চিত করা
ঘ. পূর্ব পাকিস্তানের সুষমউন্নয়ন নিশ্চিত করা
উ. ক

১২. 'জীবন থেকে নেয়া' চলচ্চিত্রের পরিচালক কে? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. চাষী নজরুল ইসলাম খ. আলমগীর কবির
গ. জহির রায়হান ঘ. সুভাষ দত্ত
উ. গ

১৩. এগার-দফা আন্দোলন কখন হয়েছিল? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. ১৯৫৪ সালে খ. ১৯৬৬ সালে
গ. ১৯৬৮ সালে ঘ. ১৯৬৯ সালে
উ. ঘ

১৪. 'মাটির ময়না' ছবি নির্মাণ করেন কে? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. অপর্ণা সেন খ. মৃণাল সেন
গ. তারেক মাসুদ ঘ. মুস্তফা মনোয়ার
উ. গ

১৫. পূর্ব পাকিস্তান জাতীয় পরিষদে আসন সংখ্যা ছিল– [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. ১৬৮টি খ. ১৬৯টি
গ. ১৭০টি ঘ. ১৬৭টি
উ. খ

১৬. বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয়েছিল কবে? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. ১৯৭০ সালের ১০ এপ্রিল খ. ১৯৭০ সালের ১৭ এপ্রিল
গ. ১৯৭১ সালের ১০ এপ্রিল ঘ. ১৯৭১ সালের ১৭ এপ্রিল
উ. গ

Job Navigator

১৭. জাতীয় সংসদের কয়টি ফলক আছে? [১০ম গ্রেড-২ নিবন্ধন ২০১৪]
ক. ৫টি খ. ৬টি
গ. ৭টি ঘ. ৯টি
উ. গ

৪.১ পাকিস্তান শাসনামল

প্রশ্ন: পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন?
উঃ লিয়াকত আলী খান।
প্রশ্ন: পাকিস্তানের প্রথম প্রেসিডেন্ট কে ছিলেন?
উঃ ইস্কান্দার মির্জা।
প্রশ্ন: পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন?
উঃ মুহম্মদ আলী জিন্নাহ।
প্রশ্ন: পূর্ব পাকিস্তানের/পূর্ব বাংলার প্রথম মুখ্যমন্ত্রী কে ছিলেন?
উঃ খাজা নাজিম উদ্দিন।
প্রশ্ন: পূর্ব বাংলার প্রথম গভর্নর কে ছিলেন?
উঃ চৌধুরী খালেকুজ্জামান।
প্রশ্ন: পাকিস্তানের প্রথম গণপরিষদের প্রথম অধিবেশন কোথায় বসে?
উঃ করাচিতে।
প্রশ্ন: পাকিস্তানের গণপরিষদের প্রথম অধিবেশন কবে বসে?
উঃ ২৩ ফেব্রুয়ারি ১৯৪৮ সালে।
প্রশ্ন: পাকিস্তানের গণপরিষদে প্রথম বাংলায় বক্তৃতা প্রদান করেন কোন ব্যক্তি?
উঃ মাওলানা আব্দুর রশীদ তর্কবাগীশ।
প্রশ্ন: বাংলাদেশ কতবছর পাকিস্তানের অন্তর্ভুক্ত ছিল?
উঃ ২৪ বছর।
প্রশ্ন: 'পূর্ব-পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ' (বর্তমান- বাংলাদেশ আওয়ামী লীগ) কবে প্রতিষ্ঠিত হয়?
উঃ ২৩ জুন, ১৯৪৯ সালে। (নোট: কিন্তু ১৯৫৫ সালে দলটির নাম থেকে 'মুসলিম' শব্দটি বাদ দিয়ে ধর্মনিরপেক্ষতার নীতি গ্রহণ করে দলটি।)
প্রশ্ন: আওয়ামী লীগের প্রথম সভাপতি কে হন?
উঃ মাওলানা আবদুল হামিদ খান ভাসানী।
প্রশ্ন: আওয়ামী লীগের প্রথম সাধারণ সম্পাদক কে হন?
উঃ শামছুল হক।
প্রশ্ন: পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র/সংবিধান কবে গ্রহীত হয়?
উঃ ২৯ ফেব্রুয়ারি, ১৯৫৬ সালে।
প্রশ্ন: পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র/সংবিধান কবে কার্যকর হয়?
উঃ ২৩ মার্চ, ১৯৫৬ সালে।
প্রশ্ন: 'পূর্ব বাংলার' নাম 'পূর্ব পাকিস্তান' করা হয় কখন?
উঃ ২৩ মার্চ, ১৯৫৬ সালে।
প্রশ্ন: হোসেন শহীদ সোহরাওয়ার্দী কবে পাকিস্তানের প্রধানমন্ত্রী হন?
উঃ ১৯৫৬ সালে।
প্রশ্ন: ঐতিহাসিক কাগমারী সম্মেলন কবে অনুষ্ঠিত হয়?
উঃ ১৯৫৭ সালের ৭-১০ ফেব্রুয়ারি।
প্রশ্ন: ঐতিহাসিক কাগমারী সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
উঃ টাঙ্গাইল জেলার কাগমারীর সন্তোষ নামক স্থানে।
প্রশ্ন: কার সভাপতিত্বে কাগমারী সম্মেলন অনুষ্ঠিত হয়?
উঃ মওলানা আবদুল হামিদ খান ভাসানী।
প্রশ্ন: কাগমারী সম্মেলনের মাধ্যমে প্রশাসনিক কোন দাবি তুলে ধরা হয়?
উঃ স্বায়ত্তশাসনের দাবি।
প্রশ্ন: পাকিস্তানের জাতীয় পরিষদের প্রথম অধিবেশন কোথায় বসে?
উঃ ঢাকায়। (কিন্তু পাকিস্তানের গণপরিষদের প্রথম অধিবেশন বসে করাচিতে)
প্রশ্ন: পাকিস্তানের প্রথম শাসনতন্ত্রের কে, কবে বাতিল করেন?
উঃ ইস্কান্দার মির্জা কর্তৃক ৭ অক্টোবর, ১৯৫৮ সালে।
প্রশ্ন: পাকিস্তানের প্রথম কে, কবে সামরিক আইন জারি করেন?
উঃ ইস্কান্দার মির্জা, ৭ অক্টোবর, ১৯৫৮ সালে।
প্রশ্ন: আইয়ুব খান কবে ইস্কান্দার মির্জার স্থলাভিষিক্ত হন?
উঃ ১৯৫৮ সালে।
প্রশ্ন: 'মৌলিক গণতন্ত্রের' প্রবর্তক কে?
উঃ আইয়ুব খান।
প্রশ্ন: প্রথম পাক-ভারত যুদ্ধ কবে শুরু হয়?
উঃ ১৯৪৭ সালে। [সূত্র: বাংলাদেশের ইতিহাস (১৯০৫-১৯৪৭), ড. আবু মোঃ দেলোয়ার হোসেন। উল্লেখ্য, অপশনে ১৯৪৭ না থাকলে ১৯৬৫ দিতে হবে]
প্রশ্ন: প্রথম পাক-ভারত যুদ্ধের কারণ কী ছিল?
উঃ পাকিস্তানের ভারত অধিকৃত কাশ্মীর দখলের চেষ্টা।

৪.২ যুক্তফ্রন্টের নির্বাচন

প্রশ্ন: যুক্তফ্রন্ট কবে গঠিত হয়?
উঃ ১৯৫৩ সালের, ০৪ ডিসেম্বর।
প্রশ্ন: ১৯৫৪ সালে পূর্ব বাংলার প্রাদেশিক নির্বাচন তথা যুক্তফ্রন্টের নির্বাচন কবে অনুষ্ঠিত হয়?
উঃ ১৯৫৪ সালের ৮ মার্চ।
প্রশ্ন: যুক্তফ্রন্ট মন্ত্রিসভা কবে, কার নেতৃত্বে গঠিত হয়?
উঃ ০৩ এপ্রিল, ১৯৫৪। এ. কে. ফজলুল হকের।
প্রশ্ন: কয়টি দলের সমন্বয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়? উঃ ৪টি দল।
প্রশ্ন: কোন কোন দলের সমন্বয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়?
উঃ ১। আওয়ামী মুসলিম লীগ ২। কৃষক-শ্রমিক পার্টি
৩। নেজামে ইসলাম ৪। বামপন্থী গণতন্ত্রী দল।
প্রশ্ন: ১৯৫৪ সালে যুক্তফ্রন্টের নির্বাচনের সময় পূর্ব-বাংলার প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন কে?
উঃ মো: আজফার।
প্রশ্ন: কার নেতৃত্বে যুক্তফ্রন্ট মন্ত্রিসভা গঠিত হয়?
উঃ শেরে বাংলা এ.কে. ফজলুল হক।
প্রশ্ন: কিসের ভিত্তিতে যুক্তফ্রন্ট নির্বাচনী ইশতিহার গঠিত?
উঃ ২১-দফা।
প্রশ্ন: ২১-দফার প্রথম দফা কী ছিল?
উঃ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করা।

Web Navigator

প্রশ্ন: যুক্তফ্রন্টের নির্বাচনী প্রতীক কী ছিল? উঃ নৌকা।

প্রশ্ন: ১৯৫৪ সালে পূর্ব বাংলার প্রাদেশিক নির্বাচন (যুক্তফ্রন্টের নির্বাচন) এর সময় পূর্ব বাংলার প্রাদেশিক পরিষদের আসন সংখ্যা কত ছিল?

উঃ মোট ৩০৯টি আসন। এর মধ্যে ২৩৭টি মুসলিম আসন এবং ৭২টি আসন অমুসলিদের জন্য সংরক্ষিত ছিল।

প্রশ্ন: যুক্তফ্রন্ট কয়টি আসন লাভ করে?

উঃ পূর্ব-বাংলার প্রাদেশিক পরিষদের ৩০৯টি আসনের মধ্যে সংরক্ষিত আসনসহ মোট ২৩৬টি আসনে জয়লাভ করে যুক্তফ্রন্ট। তবে অমুসলিমদের জন্য সংরক্ষিত আসন ছাড়া ২৩৭টি মুসলিম আসনের মধ্যে যুক্তফ্রন্ট ২২৩টি আসন লাভ করে এবং অমুসলিদের জন্য সংরক্ষিত ৭২টি আসনের মধ্যে ১৩টি আসন লাভ করে যুক্তফ্রন্ট।

প্রশ্ন: যুক্তফ্রন্টের নেতৃত্বে কারা ছিলেন?

উঃ শেরে বাংলা এ.কে. ফজলুল হক, মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী, মাওলানা আতাহার আলী এবং হাজী মোহাম্মদ দানেশ। তবে যুক্তফ্রন্টের সমন্বয় হিসেবে ছিলেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী।

প্রশ্ন: যুক্তফ্রন্টের নির্বাচনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন আসন থেকে নির্বাচন করে জয়লাভ করেন?

উঃ গোপালগঞ্জ আসন থেকে।

প্রশ্ন: যুক্তফ্রন্টের মন্ত্রিসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন?

উঃ কৃষি, বন, সমবায় ও পল্লী মন্ত্রী।

প্রশ্ন: যুক্তফ্রন্টের মন্ত্রিসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন?

উঃ কৃষি, বন, সমবায় ও পল্লী মন্ত্রী।

৪.৩ ৬-দফা আন্দোলন ও গণঅভ্যুত্থান

প্রশ্ন: 'বাঙালির মুক্তির সনদ' নামে কোনটিকে অভিহিত করা হয়?

উঃ ছয় দফাকে।

প্রশ্ন: ইংল্যান্ডের 'ম্যাগনাকার্টার' সাথে কোনটিকে তুলনা করা হয়?

উঃ ছয় দফাকে।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান 'ছয় দফা' কর্মসূচি প্রথম কবে ঘোষণা করেন?

উঃ ৫ ফেব্রুয়ারি, ১৯৬৬ সালে।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম কোথায় 'ছয় দফা' কর্মসূচি কবে ঘোষণা করেন?

উঃ লাহোরে। (মনে রাখতে হবে,'লাহোর প্রস্তাব'-ও লাহোরে উত্থাপিত হয়)

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আনুষ্ঠানিকভাবে 'ছয় দফা' কর্মসূচি ঘোষণা করেন কবে?

উঃ ২৩ মার্চ, ১৯৬৬ সালে।

প্রশ্ন: আওয়ামী লীগের দলীয় কাউন্সিল অধিবেশনে 'ছয়-দফা' গৃহীত হয় কবে?

উঃ ১৮ মার্চ, ১৯৬৬ সালে।

প্রশ্ন: 'ছয় দফা' দিবস কবে?

উঃ ৭-ই জুন।

প্রশ্ন: কিসের ভিত্তিতে 'ছয় দফা' রচিত?

উঃ ঐতিহাসিক লাহোর প্রস্তাবের ভিত্তিতে।

প্রশ্ন: ছয় দফার প্রথম দফা কী ছিল?

উঃ প্রাদেশিক স্বায়ত্তশাসন।

প্রশ্ন: ছয় দফার দ্বিতীয় দফা কী ছিল?

উঃ কেন্দ্রীয় সরকারের ক্ষমতা

প্রশ্ন: ছয় দফার কতটি দফা অর্থনীতি বিষয়ক?

উঃ মোট ৩টি দফা অর্থনীতি বিষয়ক।

প্রশ্ন: ছয় দফার উপর প্রকাশিত পুস্তিকার নাম কী?

উঃ 'ছয় দফা: আমাদের বাঁচার দাবি' (প্রকাশিত হয় ১৯৬৬ সালের ২১ ফেব্রুয়ারি)

প্রশ্ন: ছয় দফা আন্দোলনের মুখপাত্র ছিল কোন পত্রিকা?

উঃ দৈনিক আওয়াজ [নোট : অপশনে দৈনিক আওয়াজ না থাকলে দৈনিক ইত্তেফাক দিতে হবে]

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলা কী নামে দায়ের করা হয়েছিল?

উত্তর: রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য।

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয়?

উঃ ৩ জানুয়ারি, ১৯৬৮।

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গ্রেফতার করা হয় কবে?

উঃ ১৮ জানুয়ারি, ১৯৬৮।

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলার বিশেষ আদালতের প্রধান বিচারক কে ছিলেন?

উঃ পাকিস্তানের প্রধান বিচারপতি এস.এ. রহমান।

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলার বিচার হয়?

উঃ ১৯৬৮ সালে।

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলার আসামির সংখ্যা কতজন ছিলেন?

উঃ ৩৫ জন।

প্রশ্ন: 'আগরতলা ষড়যন্ত্র' মামলার প্রধান আসামি কে ছিলেন?

উঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলা কবে প্রত্যাহার করা হয়?

উঃ ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯।

প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলা থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে মুক্তি দেওয়া হয় কবে?

উঃ ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয় কবে?

উঃ ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯ সালে ঢাকার রেইসকোর্স ময়দানে।

প্রশ্ন: আইয়ুব খান কবে কেন পদত্যাগ করতে বাধ্য হয়?

উঃ ২৫ মার্চ, ১৯৬৯ সালে। রাজনৈতিক সংকটের জন্য।

প্রশ্ন: পুলিশের গুলিতে শহীদ আসাদ কবে নিহত হন?

উঃ ২০ জানুয়ারি, ১৯৬৯। শহীদ আসাদ এর স্মরণে ঢাকার মোহাম্মদপুরের 'আইয়ুব গেট' এর নাম পরিবর্তন করে রাখা হয়- 'আসাদ গেট।

প্রশ্ন: শহীদ আসাদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগের ছাত্র ছিলেন?

উঃ ইতিহাস বিভাগের।

প্রশ্ন: পুলিশের গুলিতে শহীদ মতিউর রহমান কবে শহীদ হন?
উঃ ২৪ জানুয়ারি, ১৯৬৯।

প্রশ্ন: মতিউর রহমান কোন বিদ্যালয়ের ছাত্র ছিলেন?
উঃ নবকুমার ইনস্টিটিউটের নবম শ্রেণির ছাত্র ছিলেন।

প্রশ্ন: ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের সময় আগরতলা ষড়যন্ত্র মামলার জনতম আসামী সার্জেন্ট জহুরুল হককে গুলি করে হত্যা করা হয় কবে?
উঃ ১৫ ফেব্রুয়ারি, ১৯৬৯।

প্রশ্ন: ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের সময় শহিদ হওয়া প্রথম বুদ্ধিজীবীর নাম কী?
উঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের শিক্ষক অধ্যাপক শামসুজ্জোহা।

প্রশ্ন: গণঅভ্যুত্থানের ফলে প্রেসিডেন্ট আইয়ুব খান কবে পদত্যাগ করেন?
উঃ ২৫ মার্চ, ১৯৬৯।

প্রশ্ন: আইয়ুব খান কার নিকট পাকিস্তানের ক্ষমতা হস্তান্তর করেন?
উঃ আগা মুহম্মদ ইয়াহিয়া খানের নিকট।

প্রশ্ন: পাকিস্তান আমলে 'মৌলিক গণতন্ত্র' প্রবর্তন করেন কে?
উঃ জেনারেল আইয়ুব খান।

প্রশ্ন: ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থানের উপর রচিত আখতারুজ্জামান ইলিয়াসের বিখ্যাত উপন্যাসের নাম কী?
উঃ সিলেকোঠার সেপাই।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'জাতির জনক' ঘোষণা দেয়া হয় কবে?
উঃ ০৩ মার্চ, ১৯৭১।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'জাতির জনক' উপাধি দেন কে?
উঃ অ.স.ম আবদুর রব।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'রাজনীতির কবি' (Poet of Politics) উপাধি দেন কে?
উঃ যুক্তরাষ্ট্রের বিখ্যাত ম্যাগাজিন 'নিউজইউক' (Newsweek)

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'রাজনীতির কবি' (Poet of Politics) উপাধি দেয়া হয় কবে?
উঃ ১৯৭১ সালের ০৫ এপ্রিলে। এই উপাধি দেয়া বঙ্গবন্ধু ৭-ই মার্চের ঐতিহাসিক ভাষণের জন্য।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণকে ইউনেস্কো 'মেমোরি অব দ্য ওয়ার্ল্ড' হিসেবে স্বীকৃতি দেয় কবে?
উঃ ২০১৭ সালের ৩০ অক্টোবর।

বঙ্গবন্ধুর ছয় দফা দাবি সমূহ:

❶ **দফা-১ : শাসনতান্ত্রিক কাঠামো ও রাষ্ট্রের প্রকৃতি:** লাহোর প্রস্তাবের ভিত্তিতে সংবিধান রচনা করে পাকিস্তানকে একটি ফেডারেশনে পরিণত করতে হবে, যেখানে সংসদীয় পদ্ধতির সরকার থাকবে এবং প্রাপ্তবয়স্ক নাগরিকদের ভোটে নির্বাচিত আইন পরিষদ সার্বভৌম হবে।

❷ **দফা-২ : কেন্দ্রীয় সরকারের ক্ষমতা:** ফেডারেল সরকারের হাতে থাকবে শুধু দুটি বিষয়, প্রতিরক্ষা ও বৈদেশিক সম্পর্ক, এবং অপর সব বিষয় ফেডারেশনে অন্তর্ভুক্ত রাজ্যসমূহের হাতে ন্যস্ত থাকবে।

❸ **দফা-৩ : মুদ্রা বা অর্থ বিষয়ক ক্ষমতা:** পূর্ব ও পশ্চিম পাকিস্তানের জন্য দুটি পৃথক অথচ সহজে বিনিময়যোগ্য মুদ্রা চালু করতে হবে। যদি তা সম্ভব না হয় তাহলে সমগ্র পাকিস্তানের জন্য ফেডারেল সরকারের নিয়ন্ত্রণাধীন একটিই মুদ্রাব্যবস্থা থাকবে, একটি ফেডারেল রিজার্ভ ব্যাংক ও দুটি আঞ্চলিক রিজার্ভ ব্যাংক থাকবে। তবে এক্ষেত্রে পূর্ব পাকিস্তান থেকে পুঁজি যাতে পশ্চিম পাকিস্তানে পাচার হতে না পারে তার ব্যবস্থা সংবলিত সুনির্দিষ্ট বিধি সংবিধানে সন্নিবিষ্ট করতে হবে।

❹ **দফা-৪ : কর, রাজস্ব বা শুল্ক বিষয়ক ক্ষমতা:** দুই অঞ্চলের বৈদেশিক মুদ্রা আয়ের পৃথক হিসাব থাকবে এবং অর্জিত বৈদেশিক মুদ্রা রাজ্যের হাতে থাকবে। তবে ফেডারেল সরকারের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রা দুই অঞ্চল থেকে সমানভাবে কিংবা উভয়ের স্বীকৃত অন্য কোনো হারে আদায় করা হবে।

❺ **দফা-৫ : বৈদেশিক বাণিজ্য বিষয়ক ক্ষমতা:** দুই অংশের মধ্যে দেশীয় পণ্য বিনিময়ে কোনো শুল্ক ধার্য করা হবে না এবং রাজ্যগুলো যাতে যেকোন বিদেশি রাষ্ট্রের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক স্থাপন করতে পারে সংবিধানে তার বিধান রাখতে হবে।

❻ **দফা-৬ : আঞ্চলিক সেনাবাহিনী গঠনের ক্ষমতা:** প্রতিরক্ষায় পূর্ব পাকিস্তানকে স্বাবলম্বী করার লক্ষ্যে আধা-সামরিক রক্ষীবাহিনী গঠন, পূর্ব পাকিস্তানে অস্ত্র কারখানা স্থাপন এবং কেন্দ্রীয় নৌবাহিনীর সদর দফতর পূর্ব পাকিস্তানে স্থাপন করতে হবে।

ছয় দফা মনে রাখার সহজ টেকনিক: জানি, এই ৬টি দফা মনে রাখা; তা আবার সিরিয়ালি মনে রাখা আরও বেশি কষ্টসাধ্য ব্যাপার। তাই, আপনাদের সুবিধার্থে নিম্নে এই ৬টি দফা মনে রাখার সহজ টেকনিক দেয়া হল-

শাসন কেন্দ্রিক মুদ্রা কর বৈদেশিক অঞ্চলে (অর্থাৎ, শাসন কেন্দ্রিক মুদ্রা করো বৈদেশিক অঞ্চলে)

বিস্তারিত ব্যাখ্যা-

- দফা-১: শাসন = শাসনতান্ত্রিক কাঠামো ও রাষ্ট্রের প্রকৃতি
- দফা-২: কেন্দ্রিক = কেন্দ্রীয় সরকারের ক্ষমতা
- দফা-৩: মুদ্রা = মুদ্রা বা অর্থ বিষয়ক ক্ষমতা
- দফা-৪: কর = কর, রাজস্ব বা শুল্ক বিষয়ক ক্ষমতা
- দফা-৫: বৈদেশিক = বৈদেশিক বাণিজ্য বিষয়ক ক্ষমতা
- দফা-৬: অঞ্চলে = আঞ্চলিক সেনাবাহিনী গঠনের ক্ষমতা

৪.৪ ১৯৭০ সালের নির্বাচন

প্রশ্ন: কোন তারিখে ১৯৭০ সালের পাকিস্তানের সাধারণ নির্বাচন তথা জাতীয় পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়?
উঃ ১৯৭০ সালের ৭ ডিসেম্বর ও ১৯৭১ সালের ১৭ জানুয়ারি।

প্রশ্ন: ১৯৭০ সালের নির্বাচনে পাকিস্তানের জাতীয় পরিষদের আসন সংখ্যা মোট কত ছিল?
উঃ ৩১৩টি। (নোট: এর মধ্যে ৩০০টি সাধারণ আসন ও ১৩টি সংরক্ষিত আসন)

প্রশ্ন: ১৯৭০ সালের নির্বাচনে পাকিস্তানের জাতীয় পরিষদের ৩১৩টি আসনের মধ্যে পূর্ব পাকিস্তানের অংশে মোট কতটি আসন ছিল এবং পশ্চিম পাকিস্তানের অংশে কতটি আসন ছিল?

উঃ পূর্ব পাকিস্তানের অংশে ১৬৯টি আসন (এর মাঝে ৭টি আসন ছিল সংরক্ষিত এবং ১৬২টি ছিল সাধারণ আসন) এবং পশ্চিম পাকিস্তানের অংশে ১৪৪ টি আসন (এর মাঝে ৬টি আসন ছিল সংরক্ষিত এবং ১৩৮টি ছিল সাধারণ আসন)। মোট ১৬৯+১৪৪= ৩১৩টি আসন।

প্রশ্ন: ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগ জাতীয় পরিষদের কয়টি আসনে জয়লাভ করে?

উঃ ১৬৭ টি আসন। (আওয়ামী লীগ জাতীয় পরিষদের পূর্ব পাকিস্তানের অংশের ১৬৯টি আসনের ১৬৭টি আসনে জয়লাভ করে। এর মাঝে ১৬০টি ছিল সাধারণ আসন এবং ৭টি ছিল সংরক্ষিত মহিলা আসন)

প্রশ্ন: ১৯৭০ সালের নির্বাচনে পাকিস্তানের জাতীয় পরিষদে 'পাকিস্তান পিপলস পার্টি' কতটি আসন লাভ করে?

উঃ পশ্চিম পাকিস্তানের অংশের ১৪৪টি আসনের মধ্যে মোট ৮৮টি আসন লাভ। [এখানে উল্লেখ্য যে, 'পাকিস্তান পিপলস পার্টি' প্রধান বিরোধী দল হিসেবে নির্বাচিত হয়)

প্রশ্ন: ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগের নির্বাচনী প্রতীক কী ছিল?

উঃ নৌকা। (নোট: ১৯৭০ সালের নির্বাচনে 'পাকিস্তান পিপলস পার্টি' এর নির্বাচনী প্রতীক ছিল- তরোয়ার।)

প্রশ্ন: পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচনে কতটি রাজনৈতিক দল অংশগ্রহণ করেছিল?

উঃ ২৪টি দল।

প্রশ্ন: ১৯৭০ সালের নির্বাচনের সময় পাকিস্তানের প্রধান নির্বাচন কমিশনার কে ছিলেন?

উঃ বিচারপতি আব্দুস সাত্তার।

প্রশ্ন: ১৯৭০ সালের নির্বাচনে পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদের মোট আসন সংখ্যা কত ছিল?

উঃ ৩১০ টি। এর মধ্যে ৩০০টি সাধারণ আসন এবং ১০ টি আসন ছিল মহিলাদের জন্য সংরক্ষিত।

প্রশ্ন: ১৯৭০ সালের নির্বাচনে পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদের নির্বাচনে আওয়ামী লীগ কতটি আসন লাভ করে?

উঃ ২৯৮ টি আসন (এর মধ্যে ২৮৮টি সাধারণ আসন এবং ১০টি আসন ছিল সংরক্ষিত)।

প্রশ্ন: ১৯৭০ সালের পাকিস্তানের সাধারণ নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ দলের নেতা কে ছিলেন?

উঃ আওয়ামী লীগের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (দ্বিতীয় সংখ্যাগরিষ্ঠ দলের নেতা 'পাকিস্তান পিপলস পার্টি' এর জুলফিকার আলী ভুট্টো)।

প্রশ্ন: : ১৯৭০ সালের নির্বাচনের পর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে আলোচনা ভেঙ্গে দিয়ে ইয়াহিয়া ঢাকা ত্যাগ করেন কবে?

উঃ ২৫ মার্চ, ১৯৭১ সালের রাতে।

৪.৫ ১৯৭১ সালের বাংলাদেশ-পাকিস্তান যুদ্ধ

প্রশ্ন: বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে সর্বাধিনায়ক কে ছিলেন?

উঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

প্রশ্ন: বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে প্রধান সেনাপতি/ সামরিক বাহিনীর প্রধান কে ছিলেন?

উঃ এম.এ.জি ওসমানী।

প্রশ্ন: বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে 'উপ-প্রধান সেনাপতি' কে ছিলেন?

উঃ এ. কে. খন্দকার।

প্রশ্ন: বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে বিমান বাহিনীর প্রধান কে ছিলেন?

উঃ এ. কে. খন্দকার।

প্রশ্ন: বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে চিফ অব স্টাফ কে ছিলেন?

উঃ কর্নেল এম এ রব।

প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানের সেনাবাহিনীর প্রধান কে ছিলেন?

উঃ জেনারেল হামিদ খান। (নোট: ১৯৭১ সালে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের সময় পূব পাকিস্তান তথা ইস্টার্ন অঞ্চলের প্রধান ছিলেন- আমির আব্দুল্লাহ খান নিয়াজী)

প্রশ্ন: বাংলাদেশের পতাকা কে প্রথম উত্তোলন করেন?

উঃ আ স ম আব্দুর রব। [নোট: কিন্তু বিদেশের মাটিতে প্রথম বাংলাদেশের পতাকা উত্তোলনকারী হলেন- এম হোসেন আলী]

প্রশ্ন: বাংলাদেশের পতাকা প্রথম কোথায় উত্তোলন করা হয়?

উঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রসভায়।

প্রশ্ন: প্রথম কবে বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়?

উঃ ০২ ই মার্চ, ১৯৭১।

প্রশ্ন: বাংলাদেশের 'জাতীয় পতাকা দিবস' কবে?

উঃ ০২ ই মার্চ।

প্রশ্ন: কবে, কোথায় স্বাধীনতার ইশতেহার পাঠ করা হয়?

উঃ ০৩ মার্চ, ১৯৭১ সালে পল্টন ময়দানে।

প্রশ্ন: ১৯৭১ সালের কোন তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক 'অহযোগ আন্দোলন' শুরু হয়?

উঃ ১৯৭১ সালের ২ মার্চ।

প্রশ্ন: বঙ্গবন্ধু ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণ কোথায় পেশ করেন?

উঃ ঢাকার রেইসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে)

প্রশ্ন: বঙ্গবন্ধু ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণের সময় কোন আন্দোলন চলছিল?

উঃ অসহযোগ আন্দোলন।

প্রশ্ন: বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণের বিষয়বস্তু কয়টি ছিল?

উঃ ৪টি।

প্রশ্ন: কোনটিকে বাংলাদেশের স্বাধীনতার 'পরোক্ষ ঘোষণা' হিসেবে অবহিত করা হয়?

উঃ বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণকে।

প্রশ্ন: বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণে 'RTC' দ্বারা কী বোঝায়?

উঃ Round Table Conference

প্রশ্ন: কোন্‌টি ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের উপর ভিত্তি করে নির্মিত চলচ্চিত্র এলবাম?

উ: ১৯৭ কোটি ইসলামের 'ওরা ১১ জন'।

প্রশ্ন: কোন্‌ শেখ মুজিবুর রহমানের জীবনীর উপর ভিত্তি করে নির্মিত চলচ্চিত্র এলবাম?

উ: আগুন থেকে বঙ্গবন্ধু।

প্রশ্ন: 'আগুন থেকে বঙ্গবন্ধু' চলচ্চিত্রের পরিচালক কে?

উ: আবদুল গাফফার চৌধুরী। নোট: 'আগুন থেকে বঙ্গবন্ধু' নামে তিনি উপন্যাসও লিখেন।

প্রশ্ন: বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা করা হয় কখন?

উ: ২৬ মার্চ, ১৯৭১। (বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক)

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কীসের মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা করেন?

উ: বেতারবার্তার মাধ্যমে। সূত্র: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, ১ম তফসিল

প্রশ্ন: প্রথানুযায়ীভাবে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা করা হয় কখন?

উ: ১০ এপ্রিল, ১৯৭১ সালে মুজিবনগর সরকার কর্তৃক।

সূত্র: বাংলাদেশের ইতিহাস, ড. আবু মোঃ দেলোয়ার হোসেন, পৃ. ৪২২।

প্রশ্ন: বাংলাদেশের স্বাধীনতা ঘোষণাপত্র পাঠ করা হয় কখন?

উ: ১৭ এপ্রিল, ১৯৭১ সালে।

প্রশ্ন: বাংলাদেশের স্বাধীনতা ঘোষণাপত্র পাঠ করা হয় কোথায়?

উ: মুজিবনগরে।

প্রশ্ন: বাংলাদেশের স্বাধীনতা ঘোষণাপত্র পাঠ করেন কে?

উ: অধ্যাপক এম ইউসুফ আলী।

প্রশ্ন: মুক্তিযুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলেন কারা?

উ: ইস্ট বেঙ্গল রেজিমেন্ট।

প্রশ্ন: মুক্তিযুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধ কবে, কোথায় সংগঠিত হয়?

উ: ১৯ মার্চ, ১৯৭১ সালে গাজীপুরে।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখে পাকিস্তানের কারাগার হতে মুক্তিলাভ করেন?

উ: ০৮ জানুয়ারি ১৯৭২।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কবে স্বদেশে প্রত্যাবর্তন করেন?

উ: ১০ জানুয়ারি, ১৯৭২।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোথায় বন্দী ছিলেন?

উ: পাকিস্তানের মিয়ানওয়ালি কারাগারে।

প্রশ্ন: 'এ দেশের মানুষ চাই না, মাটি চাই'- এই উক্তি কার?

উ: জেনারেল টিক্কা খানের।

প্রশ্ন: 'লোকটি এবং তার দল পাকিস্তানের শত্রু, এবার তারা শাস্তি এড়াতে পারবে না'- বঙ্গবন্ধু সম্পর্কে এই দাম্ভিক উক্তি কার?

উ: পাকিস্তানের প্রেসিডেন্ট জেনারেল ইয়াহিয়া খানের।

প্রশ্ন: প্রথম কোন কূটনীতিক বাংলাদেশের প্রতি আনুগত্য প্রকাশ করেন?

উ: ভারতের দিল্লিতে তৎকালীন পাকিস্তান হাইকমিশনের সেকেন্ড সেক্রেটারি কে এম শিহাব উদ্দিন ও ভারতের দিল্লিতে তৎকালীন পাকিস্তান হাইকমিশনের অ্যাসিস্ট্যান্ট আমজাদুল হক (৬ এপ্রিল ১৯৭১ সালে)

প্রশ্ন: প্রথম কোন কূটনীতিক বাংলাদেশ সরকারের প্রতি আনুগত্য প্রকাশ করেন?

উ: কলকাতায় পাকিস্তান ডেপুটি হাইকমিশনের প্রথম সেক্রেটারি (রাজনৈতিক) এম হোসেন আলী। [তবে ৬ এপ্রিল ১৯৭১ সালে বাংলাদেশ সরকার তখনো গঠিত হয়নি, তবে বাংলাদেশের স্বাধীনতা ২৬ মার্চই ঘোষণা করা হয়। কিন্তু বাংলাদেশের প্রথম সরকার বা মুক্তিনগর সরকার শপথ নেয় ১৭ এপ্রিল ১৯৭১ সালে আর এম হোসেন আলী বাংলাদেশের প্রতি আনুগত্য প্রকাশ করেন ১৮ এপ্রিল ১৯৭১ সালে।]

প্রশ্ন: বিদেশের মাটিতে স্বাধীন বাংলাদেশের পতাকা উত্তোলনকারী প্রথম ব্যক্তি কূটনীতিক কে?

উ: এম হোসেন আলী।

প্রশ্ন: বিদেশি মিশনে বাংলাদেশের পতাকা উত্তোলনকারী প্রথম ব্যক্তি কূটনীতিক কে?

উ: এম হোসেন আলী।

প্রশ্ন: সাইমন ড্রিং কে ছিলেন?

উ: ১৯৭১ সালে সরকার কর্মরত ব্রিটিশ সাংবাদিক।

প্রশ্ন: সর্বপ্রথম পাকিস্তানিদের বর্বরতার কথা বিশ্বকে প্রকাশ করেন কে?

উ: ব্রিটিশ দৈনিক পত্রিকা 'দ্য ডেইলি টেলিগ্রাফ' এর সাংবাদিক সাইমন ড্রিং।

প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় কোন বিদেশি মিশনে বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়?

উ: ১৮ এপ্রিল, ১৯৭১: ভারতের কলকাতায়।

প্রশ্ন: ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালে সমগ্র বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করেছিলেন?

উ: ১১ টি।

প্রশ্ন: ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালে সমগ্র দেশকে কতটি সাব-সেক্টরে বিভক্ত করা হয়েছিল?

উ: ৬৫ টি।

প্রশ্ন: ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালে সমগ্র দেশকে কতটি 'ব্রিগেড ফোর্স' বিভক্ত করা হয়েছিল?

উ: ৩টি। যথা: কে-ফোর্স, এস-ফোর্স, জেড-ফোর্স।

(উল্লেখ্য যে, প্রতিটি ফোর্সের প্রধানের ইংরেজি নামের আদ্যাক্ষর দিয়ে ফোর্সের নামকরণ করা হয়। যেমন: 'কে-ফোর্স'- খালেদ মোশাররফ; 'এস-ফোর্স'- সফিউল্লাহ; 'জেড-ফোর্স'- জিয়াউর রহমান)

প্রশ্ন: ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালে সমগ্র দেশকে কতটি 'রাজনৈতিক যুদ্ধ অঞ্চলে' বিভক্ত করা হয়েছিল?

উ: ৪টি। (পূর্ব অঞ্চল, পশ্চিম অঞ্চল, উত্তর অঞ্চল, দক্ষিণ অঞ্চল)।

প্রশ্ন: ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালে বাংলাদেশ সরকার সমগ্র দেশকে কতটি 'যুদ্ধ অঞ্চলে' বিভক্ত করেছিলেন?

উ: ৪টি। (কুমিল্লা অঞ্চল, চট্টগ্রাম অঞ্চল, সিলেট অঞ্চল, দক্ষিণ-পশ্চিম অঞ্চল)।

প্রশ্ন: কোন সেক্টরে নিয়মিত সেক্টর কমান্ডার ছিল না?

উ: ১০ নং সেক্টর।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় সময় কোন সেক্টর ব্যতিক্রম ছিল?

উ: ১০ নং সেক্টর।

প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় রাজধানী ঢাকা কত নং সেক্টরের অধীনে ছিল?
উঃ ২ নং সেক্টর। তবে, ঢাকা জেলা ছিল ২নং ও ৩নং সেক্টরের অধীনে।

প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর কত নং সেক্টরের অধীনে ছিল?
উঃ ৮ নং সেক্টর। (মনে রাখুন, মুজিবনগর আটে আটকানো ছিল)

প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালে সমগ্র বাংলাদেশকে কয়টি ব্রিগেড ফোর্স আকারে ভাগ করা হয়েছিল?
উঃ ৩ টি।

প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালে সমগ্র বাংলাদেশকে যে ব্রিগেড ফোর্স আকারে ভাগ করা হয়েছিল তার নাম কী কী?
উঃ ১। এস-ফোর্স: মেজর সফিউল্লাহ
২। কে-ফোর্স: মেজর খালেদ মোশাররফ
৩। জেড ফোর্স: মেজর জিয়াউর রহমান
(উল্লেখ্য যে, তাঁদের নামের ইংরেজি প্রথম অক্ষর দিয়ে নামকরণ করা হয়েছে)

প্রশ্ন: মুক্তিবাহিনী কখন গঠন করা হয়?
উঃ ১৯৭১ সালের ১১ জুলাই। [তথ্যসূত্র: দৈনিক প্রথম আলো, ১৪ আগস্ট, ২০১৬]

প্রশ্ন: মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি কে ছিলেন?
উঃ জেনারেল মুহাম্মদ আতাউল গণি ওসমানি (এম.এ.জি. ওসমানি)

প্রশ্ন: মুক্তিবাহিনীকে কয়টি ব্রিগেড ফোর্স আকারে ভাগ করা হয়েছিল?
উঃ ৩ টি। [তথ্যসূত্র: দৈনিক প্রথম আলো, ১৪ আগস্ট, ২০১৬]

প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় মুক্তিযোদ্ধাদের প্রিয় স্লোগান কী ছিল?
উঃ 'জয় বাংলা'। [তথ্যসূত্র: দৈনিক প্রথম আলো, ১৪ আগস্ট, ২০১৬]

প্রশ্ন: 'মুজিব বাহিনী' কোথায় গঠিত হয়?
উঃ ভারতের উত্তরাখণ্ডের রাজ্যের দেরাদুনে।

প্রশ্ন: 'মুজিব বাহিনী'-কে কোথায় প্রশিক্ষণ দেয়া হতো?
উঃ মেজর উবানের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ভারতের উত্তরাখণ্ডের রাজ্যের দেরাদুনে।

প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় গঠিত 'মুজিব বাহিনী' এর প্রধান কে ছিলেন?
উঃ শেখ ফজলুল হক মণি।

প্রশ্ন: 'মুজিব বাহিনী' এর অপর নাম কী ছিল?
উঃ বাংলাদেশ লিবারেশন ফোর্স (বিএলএফ)।

প্রশ্ন: মুক্তিবাহিনী (যার প্রথম নাম ছিল- মুক্তিফৌজ) গঠিত হয় কবে?
উ: ১১ জুলাই, ১৯৭১ সালে।

প্রশ্ন: মুক্তিবাহিনী বা মুক্তিফৌজ কোথায় গঠিত হয়?
উঃ হবিগঞ্জ জেলার তেলিয়াপাড়ায়।

প্রশ্ন: কার নেতৃত্বে মুক্তিবাহিনী বা মুক্তিফৌজ গঠিত হয়?
উঃ জেনারেল এম এ জি ওসমানী।

প্রশ্ন: মুক্তিবাহিনী বা মুক্তিফৌজ এর প্রধান কে ছিলেন?
উঃ জেনারেল এম এ জি ওসমানী।

প্রশ্ন: মহান মুক্তিযুদ্ধের প্রথম সেনা দপ্তরের স্মৃতিসৌধ কোথায় অবস্থিত?
উঃ হবিগঞ্জ জেলার তেলিয়াপাড়ায়।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালে বাংলাদেশের প্রথম নৌবহর তথা নৌবাহিনী গঠন করা হয়?
উঃ ৯ নভেম্বর ১৯৭১ সালে।

প্রশ্ন: ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর বুদ্ধিজীবীদের ব্যাপক হত্যা
মূল পরিকল্পনাকারী ও বুদ্ধিজীবী হত্যাকাণ্ডের নেতৃত্ব কে দিয়ে ছি
উঃ পূর্ব পাকিস্তানের গভর্নরের সামরিক উদ্দেষ্টা মেজর জেনারে
ফরমান আলী।

প্রশ্ন: ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর বুদ্ধিজীবীদের ব্যাপক হত্যা
এদেশীয় কোন দুটি সংগঠন জড়িত ছিল?
উঃ আল-বদর ও আল-শামস।

প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় 'পোড়ামাটির
গ্রহণ করেছিল কে? উঃ পাকিস্তানের সেনাবাহিনী

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে আর্থিক সহযোগিতা করার জন্য
'কনসার্ট ফর বাংলাদেশ' আয়োজন করেন?
উঃ জর্জ হ্যারিসন ও পণ্ডিত রবিশঙ্কর।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে আর্থিক সহযোগিতা করার জন্য কে
'কনসার্ট ফর বাংলাদেশ' আয়োজন করা হয়?
উঃ যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটির ম্যাডিসন স্কয়ারে। (মনে র
জাতিসংঘের সদর দপ্তর যে শহরে সেই শহরে এই অনুষ্ঠান হয়ে
যেন সারাবিশ্বের নেতারা সহজে জানতে পারে)

প্রশ্ন: 'কনসার্ট ফর বাংলাদেশ' সঙ্গীতানুষ্ঠানে গান পরিবেশন করেন কে
উঃ জর্জ হ্যারিসন।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় 'কনসার্ট ফর বাংলাদেশ
প্রধান উদ্যোক্তা কে ছিলেন?
উঃ জর্জ হ্যারিসন। [তথ্যসূত্র: দৈনিক প্রথম আলো, ১২ ডিসেম্বর, ২০১৬

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় 'কনসার্ট ফর বাংলাদেশ
প্রধান উদ্যোক্তা জর্জ হ্যারিসনের ব্যান্ড দলেরর নাম কী ছিল?
উঃ বিটলস।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় 'কনসার্ট ফর বাংলাদে
অনুষ্ঠানের আয়োজন করা হয় কখন?
উঃ ১৯৭১ সালের ১ আগস্ট।

প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের উপর 'সেপ্টেম্বর
যশোর রোড' নামে বিখ্যাত কবিতাটি কে রচনা করেন?
উঃ আমেরিকান কবি এলেন জিন্সবার্গ।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে একজন ইতালির নাগরিক মৃত্যুবর
করেন তাঁর নাম কী ছিল?
উঃ মাদার মারিও ভেরেনজি।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে অংশগ্রহণের জন্য কোন ফরা
সাহিত্যিক ইচ্ছা পোষণ করেন?
উঃ আঁদ্রে ময়রা।

প্রশ্ন: ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় ভারত-বাংলাদেশ যৌথ বাহি
গঠন করা হয় কবে?
উঃ ২১ নভেম্বর, ১৯৭১। (নোট: 'ভারত-বাংলাদেশ যৌথ বাহিনী' এর
অফিসিয়াল নাম ছিল 'মিত্র বাহিনী')

প্রশ্ন: ১৯৭১ সালে কার নেতৃত্বে ভারত-বাংলাদেশ যৌথ বাহিনী গঠিত হয়
উঃ লেফটেন্যান্ট জেনারেল জগজিৎ সিং অরোরা।

প্রশ্ন: ভারত-বাংলাদেশ যৌথ বাহিনীর প্রধান কে ছিলেন?
উঃ ভারতীয় সেনাবাহিনীর লেফটেন্যান্ট জেনারেল জগজিৎ সিং অরোরা।

প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় পাকিস্তান কবে ভারতের বিরুদ্ধে আনুষ্ঠানিকভাবে যুদ্ধ ঘোষণা করে?
উঃ ৩ ডিসেম্বর, ১৯৭১ সালে।

প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় পাকিস্তান কবে ভারতের ভূখণ্ডে হামলা চালায়?
উঃ ৩ ডিসেম্বর, ১৯৭১ সালে।

প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ভারত কবে পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে?
উঃ ৪ ডিসেম্বর, ১৯৭১ সালে।

প্রশ্ন: ভারত-বাংলাদেশ যৌথ বাহিনী কবে পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে আনুষ্ঠানিকভাবে যুদ্ধ শুরু করে?
উঃ ৬ ডিসেম্বর, ১৯৭১।

প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় কোন তারিখে পাকিস্তান ভারতের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে?
উঃ ৬ ডিসেম্বর, ১৯৭১ সালে।

প্রশ্ন: বাংলাদেশের প্রথম শত্রুমুক্ত জেলা কোনটি?
উঃ যশোর জেলা। [শত্রুমুক্ত হয় ৬ ডিসেম্বর, ১৯৭১]

প্রশ্ন: ভারত-বাংলাদেশ যৌথ কমান্ডের সেনাধ্যক্ষ কে ছিলেন?
উঃ লেফটেন্যান্ট জেনারেল জগজিৎ সিং অরোরা। (উল্লেখ্য যে, বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ভারতের সেনাবাহিনীর প্রধান ছিলেন- জেনারেল স্যাম মানেকশ)

প্রশ্ন: পাকিস্তানের পক্ষে কে আত্মসমর্পণ করেন?
উঃ জেনারেল এ. এ. কে নিয়াজি।

প্রশ্ন: ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর মুক্তিযুদ্ধের আত্মসমর্পণ দলিল কোথায় স্বাক্ষরিত হয়?
উঃ ঢাকার রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে।)

প্রশ্ন: লেফটেন্যান্ট জেনারেল এ. এ. কে নিয়াজি ঢাকার রেইসকোর্স ময়দানে কার নিকট আত্মসমর্পণ করেন?
উঃ জেনারেল জগজিৎ সিং অরোরার।

প্রশ্ন: আত্মসমর্পণ অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষে কে নেতৃত্ব প্রদান করেন?
উঃ বিমান বাহিনীর প্রধান এয়ার কমোডর এ কে খন্দকার।

প্রশ্ন: কোন পাক সেনানায়ক সর্বপ্রথম আত্মসমর্পণ করেন?
উঃ মেজর জেনারেল জামশেদ।

প্রশ্ন: জেনারেল এ. এ. কে নিয়াজিআত্মসমর্পণের সময় পাকিস্তানের সৈন্যবাহিনীর সংখ্যা কত ছিল?
উঃ ৯৩ হাজার।

*** এক নজরে দেখে নেয়া যাক প্রধানমন্ত্রী যাঁদের শপথ পাঠ করান-**

১। সিটি কর্পোরেশনের মেয়রদেরকে।
২। জেলা পরিষদের চেয়ারম্যানদেরকে।

*** এক নজরে দেখে নেয়া যাক স্পিকার যাঁদের শপথ পাঠ করান-**

১। রাষ্ট্রপতিকে
২। সকল সংসদ সদস্যকে।

*** এক নজরে দেখে নেয়া যাক প্রধান বিচারপতি যাঁদের শপথ পাঠ করান-**

১। সুপ্রিমকোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারদেরকে।
২। প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য নির্বাচন কমিশনারদেরকে
৩। সরকারি কর্মকমিশনের সদস্যদেরকে।
৪। মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রণকে

বাংলাদেশের সরকার ব্যবস্থা:

প্রশ্ন: বাংলাদেশে কোন ধরনের সরকার ব্যবস্থা প্রচলিত?
উঃ সংসদীয় গণতন্ত্র (নোট: সংসদীয় গণতন্ত্রের জন্ম- যুক্তরাজ্যে)

প্রশ্ন: বাংলাদেশের রাষ্ট্রপ্রধান কে?
উঃ রাষ্ট্রপতি। (মনে রাখুন এইভাবে– রাষ্ট্রপ্রধান হলেন রাষ্ট্রপতি)

প্রশ্ন: বাংলাদেশের সরকারপ্রধান কে?
উঃ প্রধানমন্ত্রী।

প্রশ্ন: বাংলাদেশের শাসন কাঠামোতে পদমর্যাদা/পদসোপানের দিক থেকে সর্বোচ্চ কে?
উঃ রাষ্ট্রপতি।

প্রশ্ন: সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থায় পদমর্যাদা/পদসোপানের দিক থেকে সর্বোচ্চ কে?
উঃ রাষ্ট্রপতি। (মনে রাখুন: বাংলাদেশেও সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থা প্রচলিত। তাই এখানেও সর্বোচ্চ পদমর্যাদার অধিকারী হলেন রাষ্ট্রপতি।)

প্রশ্ন: প্রধানমন্ত্রী ও তাঁর মন্ত্রিসভা কার নিকট জবাবদিহি করতে বাধ্য?
উঃ জাতীয় সংসদের নিকট।

প্রশ্ন: বাংলাদেশের কোন জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর পর্ব চালু হয়?
উঃ ৭ম জাতীয় সংসদে।

প্রশ্ন: স্থানীয় সরকার বলতে কী বোঝায়?
উঃ একটি দেশের সরকার ব্যবস্থার নিম্ন অবস্থানকারী যেসব কর্তৃপক্ষ ক্ষুদ্র ক্ষুদ্র এলাকাতে কর আরোপসহ কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত সীমিত ক্ষমতা প্রয়োগ করে, তাদেরকে স্থানীয় সরকার বলা হয়।

প্রশ্ন: বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে স্থানীয় সরকারের কথা উল্লেখ আছে?
উঃ ৫৯ নং অনুচ্ছেদ ও ৬০ নং অনুচ্ছেদ (বাংলাদেশের সংবিধানে স্থানীয় সরকার সম্পর্কিত মোট ২টি অনুচ্ছেদ রয়েছে)।

প্রশ্ন: বাংলাদেশে বর্তমানে স্থানীয় সরকারের স্তর কতটি?
উঃ ৩টি। যথা: জেলা পরিষদ > উপজেলা পরিষদ > ইউনিয়ন পরিষদ। (*নোট: তবে শহর দুই স্তর বিশিষ্ট স্থানীয় সরকার দেখা যায়। যথা: সিটি কর্পোরেশন > পৌরসভা। শহর অঞ্চলে পৌরসভা হলো স্থানীয় সরকারের সর্বনিম্ন স্তর)

প্রশ্ন: বাংলাদেশে বর্তমানে স্থানীয় সরকারের সর্বনিম্ন স্তর কোনটি?
উঃ ইউনিয়ন পরিষদ।

প্রশ্ন: বাংলাদেশে বর্তমানে স্থানীয় সরকারের সর্বোচ্চ স্তর কোনটি?
উঃ জেলা পরিষদ।

প্রশ্ন: বাংলাদেশের স্থানীয় পর্যায়ে ক্ষুদ্রতম স্বায়ত্তশাসিত প্রশাসনিক কাঠামো কী?
উঃ ইউনিয়ন পরিষদ।

প্রশ্ন: ইউনিয়ন পরিষদ মোট কতজন সদস্য নিয়ে গঠিত?
উঃ ১৩ জন। ১ জন চেয়ারম্যান, ৯জন মেম্বার ও ৩জন সংরক্ষিত মহিলা মেম্বার।

প্রশ্ন: ইউনিয়ন পরিষদের প্রধান কে?
উঃ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান।

প্রশ্ন: বাংলাদেশে উপজেলা পরিষদ বিল পাস হয় কত সালে?
উঃ ১৯৮২ সালে।

প্রশ্ন: বাংলাদেশে সকল থানাকে উপজেলায় রূপান্তর করা হয় কত সালে?
উঃ ১৯৮৩ সালে।

প্রশ্ন: বাংলাদেশে প্রথম উপজেলা পরিষদ এর নির্বাচন হয় কত সালে?
উঃ ১৯৮৫ সালে।

Job Navigator

প্রশ্ন: উপজেলা পরিষদের প্রধান কে?
উঃ উপজেলা পরিষদের চেয়ারম্যান।

বাংলাদেশের রাজনৈতিক ব্যবস্থা :

প্রশ্ন: বর্তমানে বাংলাদেশের নিবন্ধিত রাজনৈতিক দল কয়টি?
উত্তর: ৪৪টি [*তথ্যটি : পরিবর্তনশীল]
প্রশ্ন: সর্বশেষ নিবন্ধিত রাজনৈতিক দলের নাম কী?
উত্তর: বাংলাদেশ সুপ্রিম পার্টি (বিএসপি)
প্রশ্ন: বাংলাদেশে প্রথম রাজনৈতিক দলের নিবন্ধন শুরু হয় কবে?
উত্তর: ২০০৮ সালে (তত্ত্বাবধায়ক সরকারের আমলে)

একাদশ জাতীয় সংসদ:

- মন্ত্রিসভার বর্তমান মোট সদস্য- ৪৮ জন (প্রধানমন্ত্রীসহ)। পূর্ণমন্ত্রী - ২৬ জন (প্রধানমন্ত্রীসহ), প্রতিমন্ত্রী - ১৯ জন
- মন্ত্রিসভায় টেকনোক্রেট মন্ত্রী ও প্রতিমন্ত্রী- ৩ জন।
- মন্ত্রিসভায় নারী সদস্য সংখ্যা- ৫ জন। (কিন্তু একাদশ জাতীয় সংসদে সরাসরি নির্বাচিত নারী সদস্য- ২৪ জন)।
- একাদশ জাতীয় সংসদের নেতা- শেখ হাসিনা।
- একাদশ জাতীয় সংসদের বর্তমান বিরোধী দলীয় নেতা- রওশন এরশাদ।
- একাদশ জাতীয় সংসদের চিফ হুইফ (সরকার দলীয়)- নুরুল আলম চৌধুরী।
- একাদশ জাতীয় সংসদের বিরোধী দলীয় চিফ হুইফ- মশিউর রহমান রাঙ্গা।
- একাদশ জাতীয় সংসদের উপনেতা- সাজেদা কে চৌধুরী।
- একাদশ জাতীয় সংসদের স্পিকার- ড. শিরীন শারমিন চৌধুরী।
- একাদশ জাতীয় সংসদের ডেপুটি স্পিকার- শামসুল হক টুকু

১১. সরকারি ও বেসরকারি লক্ষ্য, নীতি, পরিকল্পনা (অর্থনৈতিক, সামাজিক, স্বাস্থ্য ও শিক্ষা), কর্মসূচি [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. বাংলাদেশে বর্তমানে মোট কতটি শিক্ষাবোর্ড রয়েছে? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. ৮টি খ. ৯টি
গ. ১০টি ঘ. ১১টি **উ. ঘ**

স্কুল পর্যায়

১. বাংলাদেশের প্রথম ডিজিটাল জেলা কোনটি? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. ঢাকা খ. গাজীপুর
গ. যশোর ঘ. সিলেট **উ. গ**

২. 'সবার জন্য শিক্ষা' স্লোগানটি বাংলাদেশে প্রচলিত কোন মুদ্রা বহন করে? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. ১ টাকা খ. ২ টাকা
গ. ৫ টাকা ঘ. ১০ টাকা **উ. খ**

৩. ২০১০ সালের জাতীয় শিক্ষানীতিতে মাধ্যমিক স্তর কোন শ্রেণি পর্যন্ত? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. ৬ষ্ঠ-৮ম শ্রেণি খ. ৮ম-১০ম শ্রেণি
গ. ৯ম-১০ম শ্রেণি ঘ. ৯ম-দ্বাদশ শ্রেণি **উ. ঘ**

স্কুল পর্যায়-২

১. বাংলাদেশের শিক্ষানীতি প্রণয়ন করা হয় কত সালে? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. ২০১০ সালে খ. ২০১৩ সালে
গ. ২০১৫ সালে ঘ. ২০১৭ সালে **উ. ক**

২. বাংলাদেশের জাতীয় স্বাস্থ্য নীতিমালা কবে প্রণীত হয়েছে? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. ২০১০ সালে খ. ২০১১ সালে
গ. ২০১২ সালে ঘ. ২০১৩ সালে **উ. খ**

৩. বাংলাদেশের শিক্ষার স্তর কয়টি? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. ৪টি খ. ৫টি
গ. ৬টি ঘ. ৭টি **উ. ক**

৪. জাতীয় শিক্ষক দিবস হলো– *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. ১৯ জানুয়ারি খ. ২০ জানুয়ারি
গ. ২১ জানুয়ারি ঘ. ২২ জানুয়ারি **উ. ক**

১১.১ বাংলাদেশের বিভিন্ন পঞ্চবার্ষিকী পরিকল্পনা

প্রশ্ন: বাংলাদেশ পরিকল্পনা কমিশনের চেয়ারপার্সন কে?
উঃ প্রধানমন্ত্রী।
প্রশ্ন: বাংলাদেশ পরিকল্পনা কমিশনের ভাইস-চেয়ারম্যান কে?
উঃ পরিকল্পনা মন্ত্রী।

প্রশ্ন: বাংলাদেশের কোন প্রতিষ্ঠানটি 'পঞ্চবার্ষিকী পরিকল্পনা' প্রণয়ন করে থাকে?
উঃ পরিকল্পনা কমিশন।
প্রশ্ন: গ্রামীণ দরিদ্র পরিবারের অর্থনৈতিক উন্নয়নের জন্য প্রাথমিকভাবে সবচেয়ে বেশি প্রয়োজন কোনটির?
উঃ ক্ষুদ্রঋণ প্রদান ও সঞ্চয় অভ্যাস গড়ে তোলা।
প্রশ্ন: বেকার যুবকদের জন্য ন্যাশনাল সার্ভিস প্রকল্প চালু করা হয় কবে?
উঃ ২০১০ সালে।
প্রশ্ন: বেকার যুবকদের জন্য ন্যাশনাল সার্ভিস প্রকল্প প্রথম কোন জেলায় চালু করা হয়?
উঃ কুড়িগ্রাম।
প্রশ্ন: 'পঞ্চবার্ষিকী পরিকল্পনা' বলতে কী বোঝায়?
উঃ স্থানীয় পর্যায়ে সার্বিক উন্নয়নের উদ্দেশ্যে এলাকার খাতভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ, চাহিদা নিরূপণ ও সমস্যা সমাধানের নিমিত্তে পাঁচ বছর মেয়াদী যে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা হয় তাকে পঞ্চবার্ষিকী পরিকল্পনা বলে।
প্রশ্ন: বিশ্বের কোন দেশ সর্বপ্রথম 'পঞ্চবার্ষিকী পরিকল্পনা' প্রণয়ন করে?
উঃ সাবেক সোভিয়েত ইউনিয়ন (বর্তমান রাশিয়া)।
প্রশ্ন: বাংলাদেশের কোন প্রতিষ্ঠানটি 'পঞ্চবার্ষিকী পরিকল্পনা' প্রণয়ন করে থাকে?
উঃ পরিকল্পনা কমিশন।
প্রশ্ন: পরিকল্পনা কমিশনের চেয়ারম্যান/চেয়ারপার্সন কে?
উঃ প্রধানমন্ত্রী।
প্রশ্ন: পরিকল্পনা কমিশনের ভাইস-চেয়ারম্যান কে?
উঃ পরিকল্পনা মন্ত্রী।
প্রশ্ন: বাংলাদেশের প্রথম 'পঞ্চবার্ষিকী পরিকল্পনা' প্রণয়ন করা হয় কবে?
উঃ ১৯৭৩ সালে।
প্রশ্ন: বাংলাদেশের প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা-এর মেয়াদকাল কত?
উঃ ১৯৭৩-১৯৭৮ সাল পর্যন্ত। (প্রবৃদ্ধি অর্জিত হয়েছিল : ৪%)
প্রশ্ন: বাংলাদেশে এই পর্যন্ত কতটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে?
উঃ ৮টি।
প্রশ্ন: 'অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা'-এর মেয়াদকাল কত?
উঃ ১ জুলাই ২০২০-৩০ জুন ২০২৫ সাল পর্যন্ত।
প্রশ্ন: 'বাংলাদেশের প্রথম প্রেক্ষিত পরিকল্পনা' এর মেয়াদকাল কত?
উঃ ২০১০-২০২১ সাল। (১০ বছর মেয়াদি এই প্রেক্ষিত পরিকল্পনার মূল লক্ষ্য ছিল: বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পরিণত করা)
প্রশ্ন: 'বাংলাদেশের দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা' এর মেয়াদকাল কত?
উঃ ২০২১-২০৪১ সাল। (২০ বছর মেয়াদি এই প্রেক্ষিত পরিকল্পনার মূল লক্ষ্য হলো: বাংলাদেশকে মধ্যম আয়ের দেশ থেকে উন্নত-সমৃদ্ধ দেশে পরিণত করা এবং দারিদ্র্যের হার ৩ শতাংশের নিচে নামিয়ে আনা)
প্রশ্ন: বাংলাদেশে এই পর্যন্ত কতটি 'দারিদ্র্য বিমোচন কৌশল পত্র' (PRSP) গৃহীত হয়েছে?
উঃ ২টি।
প্রশ্ন: বাংলাদেশে প্রথম 'দারিদ্র্য বিমোচন কৌশল পত্র' (PRSP-I)এর সময়কাল কত?
উঃ জুলাই ২০০৪-জুন ২০০৮।
প্রশ্ন: বাংলাদেশে দ্বিতীয় 'দারিদ্র্য বিমোচন কৌশল পত্র' (PRSP-II)এর সময়কাল কত?
উঃ জুলাই ২০১০-জুন ২০১২।
প্রশ্ন: বাংলাদেশে এই পর্যন্ত কতটি 'শিক্ষা কমিশন' গঠিত হয়েছে?
উ: ৫টি।
প্রশ্ন: বাংলাদেশে এই পর্যন্ত কতটি 'জাতীয় শিক্ষানীতি' প্রণয়ন করা হয়েছে?
উ: ৩টি।
প্রশ্ন: বাংলাদেশে প্রথম 'শিক্ষা কমিশন' গঠিত হয় কত সালে?
উঃ ১৯৭২ সালে। (তবে প্রথম জাতীয় শিক্ষা কমিশন রিপোর্ট পেশ করে ১৯৭৪ সালে।)
প্রশ্ন: বাংলাদেশে প্রথম 'জাতীয় শিক্ষা কমিশন' এর অপর নাম কী?
উঃ কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন।
প্রশ্ন: বাংলাদেশে প্রথম 'শিক্ষা কমিশন' এর প্রধান/চেয়ারম্যান কে ছিলেন?
উঃ ড. কুদরত-ই-খুদা। (নোট: সর্বশেষ শিক্ষা কমিশনের চেয়ারম্যান/প্রধান ছিলেন- ড. মনিরুজ্জামান মিয়া; এটি ২০০৩ সালে গঠিত হয়েছিল)
প্রশ্ন: বাংলাদেশে সর্বশেষ 'জাতীয় শিক্ষানীতি' প্রণয়ন করা হয় কত সালে?
উঃ ২০১০ সালে।
প্রশ্ন: বাংলাদেশে সর্বশেষ 'জাতীয় শিক্ষানীতি' প্রণয়ন কমিটির প্রধান/চেয়ারম্যান কে ছিলেন?
উঃ অধ্যাপক কবীর চৌধুরী।
প্রশ্ন: বাংলাদেশে বর্তমানে (২০২০ সালে) শিক্ষার হার কত?
উ: ৭৬.৪। [সূত্র: অর্থনৈতিক সমীক্ষা ২০২৩]
প্রশ্ন: বাংলাদেশে উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রম শুরু হয় কত সালে?
উঃ ১৯৯১ সালে
প্রশ্ন: বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যায় প্রতিষ্ঠিত হয় কত সালে?
উঃ ১৯৯২ সালে।
প্রশ্ন: 'প্রাথমিক শিক্ষা অধিদপ্তর' প্রতিষ্ঠিত হয় কত সালে?
উঃ ১৯৮১ সালে।
প্রশ্ন: 'প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়' প্রতিষ্ঠিত হয় কত সালে?
উঃ ২০০৩ সালে।
প্রশ্ন: বাংলাদেশে 'বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন' পাশ হয় কবে?
উঃ ১৯৯০ সালে।
প্রশ্ন: বাংলাদেশে প্রথম 'বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা' কখন থেকে চালু হয়?
উঃ ১৯৯২ সালের ১ জানুয়ারি। (নোট: প্রথম পরীক্ষামূলকভাবে কেবল ৬৮ টি উপজেলায় চালু হয়। কিন্তু দেশব্যাপী 'বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা' চালু হয় ১৯৯৩ সালের ১ জানুয়ারি)
প্রশ্ন: দেশব্যাপী তথা 'সারাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা' চালু হয় কখন থেকে?
উঃ ১৯৯৩ সালের ১ জানুয়ারি।

প্রশ্ন: বাংলাদেশে 'শিক্ষার বিনিময়ে খাদ্য' কর্মসূচি চালু হয় কবে?
উঃ ১৯৯৩ সালে

প্রশ্ন: দেশকে নিরক্ষরতামুক্ত করার প্রত্যয়ে কোন সালে প্রত্যেক শিক্ষার্থীর হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক তুলে দেয়ার নির্দেশনা প্রদান করা হয়?
উঃ দেশকে নিরক্ষরতামুক্ত করার প্রত্যয় নিয়ে ২০০৯ সালে প্রথম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত সব শিক্ষার্থীকে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সংশ্লিষ্ট সবাইকে নির্দেশনা প্রদান করা হয়। তবে, ২০১০ সাল থেকে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কর্মসূচি শুরু হয়।

প্রশ্ন: শিশুদের পাঠদানের জন্য সবচেয়ে প্রয়োজনীয় শিক্ষাপোকরণ কোনটি?
উঃ চার্ট ও মডেল।

প্রশ্ন: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) কবে প্রতিষ্ঠিত হয়?
উঃ ১৮২৩ সালে।

প্রশ্ন: 'জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি' বা 'National Academy for Educational Management' (NAEM) কত সালে প্রতিষ্ঠিত হয়?
উঃ ১৯৫৯ সালে।

প্রশ্ন: 'জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি' বা 'National Academy for Educational Management' (NAEM) কোথায় অবস্থিত?
উঃ ধানমন্ডি, ঢাকা।

প্রশ্ন: 'জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি' বা 'National Academy for Primary Education' (NAPE) কত সালে প্রতিষ্ঠিত হয়?
উঃ ১৯৭৮ সালে।

প্রশ্ন: 'জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি' বা 'National Academy for Primary Education' (NAPE) কোথায় অবস্থিত?
উঃ ময়মনসিংহ জেলায়।

প্রশ্ন: দেশের শিক্ষাবিষয়ক তথ্য ও পরিসংখ্যানমূলক সরকারি প্রতিষ্ঠানের নাম কী?
উঃ Bangladesh Bureau of Educational Information and Statistics (BANBEIS)

প্রশ্ন: 'ব্যানবেইস' কত সালে প্রতিষ্ঠিত হয়?
উঃ ১৯৭৭ সালে।

প্রশ্ন: 'ব্যানবেইস' কোথায় অবস্থিত?
উঃ ঢাকার নীলক্ষেতে।

প্রশ্ন: বাংলাদেশের প্রথম বেসরকারি পিটিআই কোথায় অবস্থিত?
উঃ ময়মনসিংহ জেলায়।

প্রশ্ন: বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) কোথায় অবস্থিত?
উঃ ঢাকার সাভারের জিরানিতে।

প্রশ্ন: বিশ্বব্যাংকের অর্থায়নে এনজিও ব্যবস্থাপনায় পরিচালিত শিশুদের জন্য বিদ্যালয়ের নাম কী?
উঃ আনন্দ স্কুল।

প্রশ্ন: বাংলাদেশের জাতীয় জ্ঞানকোষ 'বাংলাপিডিয়া' প্রকাশের উদ্যোক্তা কে?
উঃ বাংলাদেশে এশিয়াটিক সোসাইটি।

প্রশ্ন: বাংলাদেশের জাতীয় জ্ঞানকোষ 'বাংলাপিডিয়া' এর প্রধান সম্পাদক কে?
উঃ সিরাজুল ইসলাম

প্রশ্ন: বাংলাদেশে নারী জাগরণ ও নারী শিক্ষার পথিকৃৎ বলা হয় কাকে?
উঃ বেগম রোকেয়া সাখাওয়াত হোসেনকে।

প্রশ্ন: বেগম রোকেয়ার জন্ম কখন ও কোথায়?
উঃ ১৮৮০ সালের ৯ ডিসেম্বর; রংপুর জেলার পায়রাবন্দ গ্রামে।

প্রশ্ন: বেগম রোকেয়ার মৃত্যু হয় কখন?
উঃ ১৯৩২ সালের ৯ ডিসেম্বর।

প্রশ্ন: 'নিপোর্ট' (NIPORT) কী ধরনের গবেষণা প্রতিষ্ঠান?
উঃ জনসংখ্যা।

১২. আন্তর্জাতিক সম্পর্ক [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আরব দেশ হচ্ছে– *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. সৌদি আরব খ. কুয়েত
গ. ইরাক ঘ. বাহরাইন উ. গ

২. জাতিসংঘের কততম সাধারণ অধিবেশনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলায় ভাষণ দিয়েছিলেন? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক.১৯ তম খ. ২৯ তম
গ. ৩৬ তম ঘ. ৩৯ তম উ. খ

৩. বাংলা ভাষাকে বাংলাদেশ ব্যতীত যে দেশের রাষ্ট্রভাষা করা হয়েছে? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক.সোমলিয়া খ. নেপাল
গ. সিয়েরালিওন ঘ. লিবিয়া উ. গ

৪. কোন আরব দেশ বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দেয়? *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. মিশর খ. ইরাক
গ. জর্ডান ঘ. কুয়েত উ. খ

৫. কোন সংস্থা সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্যের অংশ ঘোষণা করেছে? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. ইউনিসেফ খ. ইউএনডিপি
গ. ইউনেস্কো ঘ. আইএমএফ উ. গ

৬. ২০১৩ সালে UNESCO'র ঐতিহ্যের তালিকার বাংলাদেশের কোন শিল্পকে অন্তর্ভুক্ত করা হয়েছে? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. মসলিন খ. জামদানি
গ. নকশীকাঁথা ঘ. রিক্সা নকশা উ. খ

৭. কোন দেশে বাংলা দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা পেয়েছে? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. আইভরি কোস্ট খ. লাইবেরিয়া
গ. সিয়েরা লিওন ঘ. মিশর উ. গ

৮. বাংলাদেশ কত সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. ১৯৭২ সালে খ. ১৯৭৪ সালে
গ. ১৯৮০ সালে ঘ. ১৯৮২ সালে উ. খ

৯. নিম্নের কোন দেশের সাথে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্ক নেই? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. লাওস খ. সোমালিয়া
গ. কিউবা ঘ. তাইওয়ান উ. ঘ

স্কুল পর্যায়

১. ইউনেস্কোর কততম সম্মেলনে ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে ঘোষণা করা হয়? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. ৩১ তম খ. ৩২ তম
গ. ৩৩ তম ঘ. ৩৪ তম উ. *

ব্যাখ্যা : *অপশনে সঠিক উত্তর নেই। জাতিসংঘের শিক্ষা বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা UNESCO ৩০তম সাধারণ অধিবেশনে (১৭ নভেম্বর, ১৯৯৯ তারিখে) ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা দেয়।

২. বাংলাদেশ স্কোয়ার কোন দেশে অবস্থিত? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. ভারতে খ. ইরানে
গ. নাইজেরিয়ায় ঘ. লিবিয়ায় উ. *

ব্যাখ্যা : *অপশনে সঠিক উত্তর নেই। সঠিক উত্তর হবে 'বাংলাদেশ স্কয়ার' আফ্রিকার দেশ লাইবেরিয়ায় অবস্থিত।

৩. বাংলাদেশ কমনওয়েলথ এর কততম সদস্য রাষ্ট্র? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. ৩৬তম খ. ৪০তম
গ. ৩৮তম ঘ. ৪২তম উ. *

ব্যাখ্যা : কমনওয়েলথ এর অফিসিয়াল ওয়েবসাইট www.thecommonwealth.org অনুযায়ী, বাংলাদেশ ৩৪তম দেশ হিসেবে কমনওয়েলথ এর সদস্য পদ লাভ করে ১৮ এপ্রিল, ১৯৭২।

৪. ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয় কত সালের কত তারিখে? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. ১৭ নভেম্বর ১৯৯৯ খ. ১৮ নভেম্বর ১৯৯৯
গ. ১৯ নভেম্বর ১৯৯৯ ঘ. ২০ নভেম্বর ১৯৯৯ উ. ক

৫. বাংলাদেশকে স্বীকৃতিদানকারী দ্বিতীয় দেশ কোনটি? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. ভারত খ. ভুটান
গ. মালয়েশিয়া ঘ. সেনেগাল উ. ক

৬. ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে জাতিসংঘের কোন অঙ্গসংগঠন স্বীকৃতি প্রদান করে? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. ইউএনডিপি খ. ইউনেস্কো
গ. ইউএনএফপিও ঘ. আইএলও উ. খ

৭. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. ১৩৬তম খ. ১৩৭তম
গ. ১৩৮তম ঘ. ১৩৯তম উ. ক

৮. বাংলাদেশ কত সালে ইসলামি সম্মেলন সংস্থার সদস্যপদ লাভ করে? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. ১৯৭২ খ. ১৯৭৩
গ. ১৯৭৪ ঘ. ১৯৭৫ উ. গ

৯. ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে প্রথম স্বীকৃতি প্রদানকারী সংস্থা কোনটি? *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*
ক. ইউনিসেফ খ. ইউনেস্কো
গ. আঙ্কটাড ঘ. ইউএনডিপি উ. খ

১০. বাংলাদেশকে স্বীকৃতিদানকারী দ্বিতীয় দেশ কোনটি? *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*
ক. ইরাক খ. ভুটান
গ. মালয়েশিয়া ঘ. সেনেগাল উ. *

ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম দেশ ভুটান, ২য় দেশ ভারত। তবে এখানে অপশন অনুযায়ী, ভুটান উত্তর করা যেতে পারে।

১১. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য? *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. ১৩৬তম খ. ১৩৭তম
গ. ১৩৮তম ঘ. ১৩৯তম উ. ক

১২. সমুদ্রসীমা নিয়ে মিয়ানমারের সাথে বিরোধ নিস্পত্তির ফলে আমরা পেয়েছি- *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. ১ লক্ষ বর্গ কিলোমিটারেরও বেশি জলসীমা
খ. ৫০ হাজার বর্গ কিলোমিটার জলসীমা
গ. ১২ হাজার বর্গ কিলোমিটার জলসীমা
ঘ. কোনোটিই নয় উ. ক

১৩. সার্কভুক্ত কোন দেশটির দূতাবাস বাংলাদেশে নেই? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. শ্রীলংকা খ. নেপাল
গ. ভুটান ঘ. মালদ্বীপ উ. *

ব্যাখ্যা : বর্তমানে মালদ্বীপসহ ৮টি দেশেরই দূতাবাস বাংলাদেশে আছে। ঢাকায় মালদ্বীপের দূতাবাস ২০১৫ সালে পুনরায় চালু হয়।

১৪. বাংলাদেশের সাথে একমাত্র বন্দি বিনিময় চুক্তি আছে কোন দেশের? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]

ক. ভারত খ. পাকিস্তান
গ. মায়ানমার ঘ. থাইল্যান্ড উ. *

ব্যাখ্যা : *বর্তমানে থাইল্যান্ড ও ভারতের সাথে বাংলাদেশের বন্দি বিনিময় চুক্তি রয়েছে। আগে কেবল থাইল্যান্ডের সাথে এই চুক্তি ছিল।

১৫. বাংলাদেশ কোন সনে জাতিসংঘের সদস্যপদ লাভ করে? [৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]

ক. ১৯৭২ সালে খ. ১৯৭৩ সালে
গ. ১৯৭৪ সালে ঘ. ১৯৭৬ সালে উ. গ

১৬. কোন বিদেশি রাষ্ট্র বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে? [৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]

ক. রুয়ান্ডা খ. ইরিত্রিয়া
গ. সিয়েরা লিওন ঘ. লাইবেরিয়া উ. গ

১৭. বাংলাদেশ কোন সনে ইসলামী সম্মেলন সংস্থা (OIC) এর সদস্যপদ লাভ করে? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]

ক. ১৯৭২ সালে খ. ১৯৭৩ সালে
গ. ১৯৭৪ সালে ঘ. ১৯৭৫ সালে উ. গ

স্কুল পর্যায়-২

১. 'বাংলাদেশ স্কয়ার' কোথায় অবস্থিত? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]

ক. লাইবেরিয়া খ. কঙ্গো
গ. সোমালিয়া ঘ. সুদান উ. ক

২. বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে প্রথম জাতিসংঘে যোগদান করে কত সালে? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]

ক. ১৯৭২ খ. ১৯৭৩
গ. ১৯৭৪ ঘ. ১৯৭৫ উ. গ

১২.১ বাংলাদেশকে স্বীকৃতি প্রদানকারী দেশ

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম দেশ কোনটি?
উঃ ভুটান । (ব্যাখ্যা: ৬ ডিসেম্বর, ১৯৭১ সালে ভুটান ও ভারত উভয় দেশই বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে। কিন্তু ভারতের কয়েক ঘণ্টা পূর্বে ভুটান বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দিয়ে তার বার্তা প্রেরণ করে। ২০১৭ সালের ২৮ ফেব্রুয়ারি তৎকালীন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে জানান ভুটান বাংলাদেশকে স্বাদীন দেশ হিসেবে সর্বপ্রথম স্বীকৃতি প্রদান করে।)

প্রশ্ন: ভুটান কবে বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে?
উঃ ৬ ডিসেম্বর, ১৯৭১।

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী দ্বিতীয় দেশ কোনটি?
উঃ ভারত।

প্রশ্ন: ভারত কবে বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে?
উঃ ৬ ডিসেম্বর, ১৯৭১।

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম আরব দেশ কোনটি?
উঃ ইরাক। [৮ জুলাই, ১৯৭২]

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম আরব মুসলিম দেশ কোনটি?
উঃ ইরাক।

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম মধ্যপ্রাচ্যের দেশ কোনটি?
উঃ ইরাক।

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম উপসাগরীয় দেশ কোনটি?
উঃ কুয়েত ।

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম অ-আরব মুসলিম দেশ কোনটি?
উঃ সেনেগাল [ব্যাখ্যা: সেনেগাল আফ্রিকা মহাদেশের একটি মুসলিম দেশ; সেনেগাল বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে ১৯৭২ সালের ১ ফেব্রুয়ারি কিন্তু মালয়েশিয়া বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে ১৯৭২ সালের ২৫ ফেব্রুয়ারি। এতএব বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম অ-আরব মুসলিম দেশ হলো সেনেগাল। অপশনে সেনেগাল না থাকলে সঠিক উত্তর হবে মালয়েশিয়া।]

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম মুসলিম দেশ কোনটি?
উঃ সেনেগাল।

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম এশীয় মুসলিম দেশ কোনটি?
উঃ মালয়েশিয়া। [ব্যাখ্যা: যদিও ইন্দোনেশিয়া একই দিন বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করেছিল কিন্তু ইন্দোনেশিয়ার কিছু সময় আগে মালয়েশিয়া স্বীকৃতি প্রদান করে]

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী কমনওয়েলথভুক্ত প্রথম দেশ কোনটি?
উঃ ভারত (কারণ ভুটান কমনওয়েলথভুক্ত দেশ নয়)।

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম পরাশক্তি দেশ (জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যভুক্ত দেশ) কোনটি?
উঃ সাবেক সোভিয়েত ইউনিয়ন (বর্তমান- রাশিয়া)।

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম এশীয় দেশ কোনটি?
উঃ ভুটান (অপশনে ভুটান না থাকলে উত্তর হবে ভারত)।

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম ইউরোপীয় দেশ কোনটি?
উঃ পূর্ব জার্মানি । (অপশনে পূর্ব জার্মানি না থাকলে উত্তর দিতে হবে পোল্যান্ড)

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম সমাজতান্ত্রিক দেশ কোনটি?
উঃ পূর্ব জার্মানি । (অপশনে পূর্ব জার্মানি না থাকলে উত্তর দিতে হবে পোল্যান্ড)

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম আফ্রিকান দেশ কোনটি?
উঃ সেনেগাল।

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম উত্তর আমেরিকার দেশ কোনটি?
উঃ বার্বাডোস।

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম দক্ষিণ আমেরিকান দেশ কোনটি?
উঃ ভেনিজুয়েলা।

প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম ওশেনিয়ার দেশ কোনটি?
উঃ টোঙ্গা।

প্রশ্ন: সাবেক সোভিয়েত ইউনিয়ন (বর্তমানে রাশিয়া) কবে বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে ?
উঃ ২৪ জানুয়ারি, ১৯৭২।

প্রশ্ন: যুক্তরাজ্য কবে বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে ?
উঃ ০৪ ফেব্রুয়ারি, ১৯৭২।

প্রশ্ন: ফ্রান্স কবে বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে?
উঃ ১৪ ফেব্রুয়ারি, ১৯৭২।

প্রশ্ন: যুক্তরাষ্ট্র কবে বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে?
উঃ ০৪ এপ্রিল, ১৯৭২।

প্রশ্ন: চীন কবে বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে?
উঃ ৩১ আগস্ট, ১৯৭৫।

প্রশ্ন: সৌদি আরব কবে বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে?
উঃ ১৬ আগস্ট, ১৯৭৫।

প্রশ্ন: পাকিস্তান কবে বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে?
উঃ ২২ ফেব্রুয়ারি, ১৯৭৪।

প্রশ্ন: এই পর্যন্ত কতটি দেশ বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে ?
উঃ ১৫০ টি দেশ।

প্রশ্ন: সর্বশেষ কোন দেশটি বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে?
উঃ চীন।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে মোট কতটি দেশ বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে?
উঃ ১১৬টি দেশ।

১২.২ আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ

প্রশ্ন: বাংলাদেশের পররাষ্ট্রনীতি তথা আন্তর্জাতিক সম্পর্কের মূলনীতি কী?
উঃ সকলের সাথে বন্ধুত্ব, কারো সাথে বৈরিতা নয়।

প্রশ্ন: সংবিধানের কোন অনুচ্ছেদে 'বাংলাদেশের পররাষ্ট্র নীতির মূলনীতি' তথা আন্তর্জাতিক সম্পর্কের কথা বর্ণিত আছে?
উঃ ২৫ নং অনুচ্ছেদ।

প্রশ্ন: বাংলাদেশ প্রথম কোন আন্তর্জাতিক সংস্থার সদস্যপদ লাভ করে?
উঃ কমনওয়েলথের।

প্রশ্ন: বাংলাদেশ কবে কমনওয়েলথের সদস্যপদ লাভ করে?
উঃ ১৯৭২ সালের ১৮ এপ্রিল।

প্রশ্ন: বাংলাদেশ কমনওয়েলথের কততম সদস্য?
উঃ ৩৪তম। [সূত্র : কমনওয়েলথ এর অফিসিয়াল ওয়েবসাইট www.thecommonwealth.org] (বি.দ্র. অপশনে ৩৮তম না থাকলে প্রচলিত উত্তর হিসেবে '৩২তম' দিতে হবে।)

প্রশ্ন: বাংলাদেশ কমনওয়েলথে যোগদানের প্রতিবাদে কোন দেশ কমনওয়েলথ ত্যাগ করেছিল?
উঃ পাকিস্তান।

প্রশ্ন: বাংলাদেশকে কবে জাতিসংঘের 'স্থায়ী পর্যবেক্ষক রাষ্ট্রের' মর্যাদা লাভ করে?
উঃ ১৯৭২ সালের ১৭ অক্টোবর।

প্রশ্ন: বাংলাদেশকে কবে জাতিসংঘের সদস্যপদ লাভ করে?
উঃ ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর।

প্রশ্ন: বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?
উঃ ১৩৬ তম।

প্রশ্ন: বাংলাদেশ জাতিসংঘের কততম অধিবেশনে সদস্যপদ লাভ করে?
উঃ ২৯তম।

প্রশ্ন: কোন দেশ বাংলাদেশের জাতিসংঘের সদস্যপদ লাভ 'ভেটো' ক্ষমতা প্রয়োগ করে?
উঃ চীন।

প্রশ্ন: বাংলাদেশের কোন রাষ্ট্রপ্রধান প্রথম জাতিসংঘের সাধারণ পরিষদে প্রথম বাংলা ভাষায় বক্তৃতা প্রদান করেন?
উঃ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কবে প্রথম জাতিসংঘের সাধারণ পরিষদে বাংলা ভাষায় বক্তৃতা প্রদান করেন?
উঃ ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান জাতিসংঘের সাধারণ পরিষদে প্রথম বাংলা ভাষায় বক্তৃতা প্রদান করেন কবে?
উঃ ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান জাতিসংঘের সাধারণ পরিষদে কততম অধিবেশনে প্রথম বাংলা ভাষায় বক্তৃতা প্রদান করেন কবে?
উঃ ২৯তম অধিবেশনে।

প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান 'ইসলামি সহযোগিতা সংস্থা' (OIC)-এর কততম শীর্ষ সম্মেলনে প্রথম যোগদান করেন?
উঃ পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত দ্বিতীয় শীর্ষ সম্মেলনে। (নোট: ওআইসি দ্বিতীয় শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল ২২-২৪ ফেব্রুয়ারি, ১৯৭৪ সালে। তবে, ২২ ফেব্রুয়ারি ১৯৭৪ সালে পাকিস্তান বাংলাদেশকে স্বাধীন দেশে হিসেবে স্বীকৃতি দিলে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ২৩ ফেব্রুয়ারি ১৯৭৪ সালে উক্ত সম্মেলনে যোগদান করেন এবং ২৪ ফেব্রুয়ারি ১৯৭৪ সালে ওআইসি সম্মেলনে ভাষণ দেন। এরপর সম্মেলন শেষ ২৪ ফেব্রুয়ারি ১৯৭৪ সালে দেশে ফিরেন।)

প্রশ্ন: বাংলাদেশ 'ইসলামি সহযোগিতা সংস্থা' (OIC)-এর কোন সম্মেলনে সদস্যপদ লাভ করে?
উঃ পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত দ্বিতীয় শীর্ষ সম্মেলনে।

প্রশ্ন: বাংলাদেশ কবে 'ইসলামি সহযোগিতা সংস্থা' (OIC)-এর সদস্যপদ লাভ করে?
উঃ ১৯৭৪ সালের ২৩ ফেব্রুয়ারি।

প্রশ্ন: বাংলাদেশ 'ইসলামি সহযোগিতা সংস্থা' (OIC)-এর কততম সদস্য?

উঃ ৩২তম (বাংলাদেশ কমনওয়েলথের ৩৪তম সদস্য)।

প্রশ্ন: ইউনেস্কোর কততম অধিবেশনে ২১-শে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা করে?

উঃ প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কোর ৩০তম অধিবেশনে।

প্রশ্ন: ইউনেস্কো ২১-শে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা করে কবে?

উঃ ১৯৯৯ সালের ১৭ নভেম্বর। (৩০তম অধিবেশনে)

প্রশ্ন: ২১-শে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে প্রথম পালন করা কবে?

উঃ ২০০০ সালে।

প্রশ্ন: জাতিসংঘের সাধারণ পরিষদে ২১-শে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয় কবে?

উঃ ২০১০ সালের ২১ অক্টোবর; ৬৫ তম অধিবেশনে।

প্রশ্ন: বাংলাকে অন্যতম রাষ্ট্রীয় ভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে কোন দেশ?

উঃ সিওরা লিয়ন

প্রশ্ন: বাংলাদেশের বাহিরে প্রথম কোথায় শহিদ মিনার নির্মিত হয়?

উঃ জাপানে।

প্রশ্ন: 'বাংলাদেশ স্কয়ার' কোথায় অবস্থিত?

উঃ লাইবেরিয়া

প্রশ্ন: সুন্দরবনকে 'বিশ্ব ঐতিহ্য' বা 'World Heritage' হিসেবে ঘোষণা করে কোন সংস্থা?

উঃ ইউনেস্কো।

প্রশ্ন: ইউনেস্কো কবে সুন্দরবনকে 'বিশ্ব ঐতিহ্য' বা 'World Heritage' হিসেবে ঘোষণা করে?

উঃ ১৯৯৭ সালের ৬ ডিসেম্বর।

প্রশ্ন: ইউনেস্কো সুন্দরবনকে কততম 'বিশ্ব ঐতিহ্য' বা 'World Heritage' হিসেবে ঘোষণা করে?

উঃ ৭৯৮তম।

প্রশ্ন: বঙ্গবন্ধুর ৭-ই মার্চের ঐতিহাসিক ভাষণকে 'Memory of the World' হিসেবে স্বীকৃতি দেয় কোন সংস্থা?

উঃ ইউনেস্কো।

প্রশ্ন: ইউনেস্কো কবে '৭-ই মার্চের ভাষণ'-কে 'মেমরি অব দ্য ওয়ার্ল্ড' হিসেবে স্বীকৃতি প্রদান করে?

উ: ৩০ অক্টোবর, ২০১৭।

প্রশ্ন: বাংলাদেশকে 'নিম্ন-মধ্যম আয়ের দেশ' হিসেবে স্বীকৃতি দিয়েছে কোন সংস্থা?

উঃ বিশ্বব্যাংক।

প্রশ্ন: বিশ্বব্যাংক কর্তৃক বাংলাদেশ কবে নিম্ন আয়ের দেশ থেকে নিম্ন মধ্যম আয়ের দেশের স্বীকৃতি লাভ করে?

উঃ ১ জুলাই ২০১৫ সালে।

প্রশ্ন: বাংলাদেশকে 'উন্নয়নশীল দেশ' হিসেবে স্বীকৃতি প্রদান করে কোন সংস্থা?

উঃ জাতিসংঘ।

প্রশ্ন: জাতিসংঘ কবে বাংলাদেশকে স্বল্প উন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশ হিসেবে স্বীকৃতি দেয়?

উঃ ১৬ মার্চ ২০১৮ সালে।

প্রশ্ন: জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশন শুরু হয় কবে?

উঃ ১৯৭২ সালে।

প্রশ্ন: বাংলাদেশকে কবে জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হয়?

উঃ ১৯৮৬ সালে।

প্রশ্ন: বাংলাদেশ জাতিসংঘের সাধারণ পরিষদের কততম অধিবেশনে সভাপতিত্ব করে?

উঃ ৪১ তম।

প্রশ্ন: বাংলাদেশর পক্ষে কে জাতিসংঘের সাধারণ পরিষদে প্রথম সভাপতিত্ব করেন?

উঃ হুমায়ন রশীদ চৌধুরী।

প্রশ্ন: বাংলাদেশ প্রথম কবে জাতিসংঘের শান্তিরক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করে?

উঃ ১৯৮৮ সালে (ইরাক-ইরান যুদ্ধে)।

প্রশ্ন: বাংলাদেশ প্রথম জাতিসংঘের কোন শান্তিরক্ষী মিশনে অংশগ্রহণ করে?

উঃ UNIIMOG।

প্রশ্ন: বাংলাদেশ পুলিশ সর্বপ্রথম কবে জাতিসংঘের শান্তিরক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করে?

উঃ ১৯৮৯ সালে (নামিবিয়ার শান্তিরক্ষী মিশন UNTAG এর মাধ্যমে)।

প্রশ্ন: জাতিসংঘে বাংলাদেশের প্রথম স্থায়ী প্রতিনিধি কে ছিলেন?

উঃ এস. এ. করিম (সৈয়দ আনোয়ারুল করিম)।

প্রশ্ন: জাতিসংঘে বাংলাদেশের প্রথম নারী স্থায়ী প্রতিনিধি কে ছিলেন?

উঃ ইসমাত জাহান।

প্রশ্ন: জাতিসংঘে বর্তমানে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি কে?

উঃ মোহাম্মদ আব্দুল মোহিত

প্রশ্ন: জাতিসংঘে বাংলাদেশের চাঁদার পরিমাণ কত?

উঃ ০.০১ শতাংশ (সহজে মনে রাখুন এইভাবে: ১০০ ভাগের ১)।

প্রশ্ন: বাংলাদেশ কোন সংস্থার সেক্রেটারি জেনারেল রূপে কাজ করেছে?

উঃ UNCTAD

প্রশ্ন : বাংলাদেশ কত সালে ইসলামি সহযোগিতা সংস্থার (OIC) সদস্যপদ লাভ করে?

উ : ১৯৭৪ সালের ২৩ ফেব্রুয়ারি।

Job Navigator

প্রশ্ন : বাংলাদেশ কবে আন্তর্জাতিক খাদ্য ও কৃষি সংস্থার (FAO) সদস্য পদ লাভ করে?
উত্তর : ১২ নভেম্বর ১৯৭৩।
প্রশ্ন : বাংলাদেশ কত সালে বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) সদস্য হয়?
উ : ১৯৯৫ সালের ১ জানুয়ারি।
প্রশ্ন : বাংলাদেশ উন্নয়ন ফোরামের সমন্বয়কারী কোন সংস্থা?
উত্তর : বিশ্বব্যাংক।
প্রশ্ন : বাংলাদেশ-ভারত মৈত্রী চুক্তি সাক্ষরিত হয় কবে?
উত্তর : ১৯ মার্চ ১৯৭২।
প্রশ্ন : বাংলাদেশ-ভারত মৈত্রী চুক্তি স্বাক্ষরিত হয় কত বছরের জন্য?
উত্তর : ২৫ বছরের জন্য।
প্রশ্ন : গঙ্গা পানি চুক্তি স্বাক্ষরিত হয় কবে?
উত্তর : ১২ ডিসেম্বর ১৯৯৬, দিল্লিতে। (বাংলাদেশের পক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভারতের পক্ষে তৎকালীন ভারতীয় প্রধানমন্ত্রী এইচ.ডি. দেবগৌড়া ৩০ বছর মেয়াদি উক্ত চুক্তিতে স্বাক্ষর করেন।)
প্রশ্ন : গঙ্গা পানি চুক্তির মেয়াদ শেষ হবে কবে?
উত্তর : ২০২৬ সালে।
প্রশ্ন: বাংলাদেশ প্রথম কোন দেশের সাথে সমুদ্রসীমা লাভ করে?
উঃ মিয়ানমারের সাথে।
প্রশ্ন: বাংলাদেশ মিয়ানমারের সাথে সমুদ্রসীমা লাভ করে কবে?
উঃ ২০১২ সালের ১৪ মার্চ।
প্রশ্ন: বাংলাদেশ-মিয়ানমারের সমুদ্রসীমা বিরোধ নিষ্পত্তি হয় কোথায়?
উঃ জার্মানির হামবুর্গে অবস্থিত সমুদ্র আইন বিষয়ক আন্তর্জাতিক ট্রাইব্যুনালে। অর্থাৎ, International Tribunal for the Law of the Sea.
প্রশ্ন: বাংলাদেশ মিয়ানমারের সাথে কতটুকু সমুদ্রসীমা লাভ করে কবে?
উঃ বিরোধপূর্ণ ৮০ হাজার বর্গ কিলোমিটারের মধ্যে বাংলাদেশ ৭০ হাজার বর্গ কিলোমিটার লাভ করে। এছাড়াও মহীসোপান থেকে ১ লাখ ১১ হাজার বর্গ কিলোমিটার অঞ্চল লাভ করে।
প্রশ্ন: বাংলাদেশ ভারতের সাথে সমুদ্রসীমা লাভ করে কবে?
উঃ ২০১৪ সালের ৭ জুলাই।
প্রশ্ন: বাংলাদেশ-ভারতের সমুদ্রসীমা বিরোধ নিষ্পত্তি হয় কোথায়?
উঃ নেদারলান্ডের হেগে অবস্থিত আন্তর্জাতিক স্থায়ী সালিশি আদালতে। (Permanent Court of Arbitration)
প্রশ্ন: বাংলাদেশ ভারতের সাথে কতটুকু সমুদ্রসীমা লাভ করে?
উঃ ২৫ হাজার ৬০২ বর্গ কিলোমিটার বিরোধপূর্ণ অঞ্চলের মধ্যে বাংলাদেশ পায় ১৯, ৪৬৭ বর্গ কিলোমিটার।

❖ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশের সদস্যপদ লাভ:

- Commonwealth– ১৮ এপ্রিল, ১৯৭২
- IMF- ১৭ আগস্ট, ১৯৭২।
- World Bank(IBRD)- ১৯৭২ সালের ১৭ আগস্ট
- UN - ১৭ সেপ্টেম্বর, ১৯৭৪
- UNESCO- ২৭ অক্টোবর, ১৯৭২
- ILO- ১৯৭২
- WHO- ১৯৭২
- IAEA - ১৯৭২
- GATT- ১৯৭২
- IDA- ১৯৭২
- NAM – ১৯৭৩
- FAO- ১৯৭৩
- ADB- ১৯৭৩
- Red Cross & Red Crescent- ১৯৭৩
- OIC- ২৩ ফেব্রুয়ারি, ১৯৭৪
- IDB- ১৯৭৪
- G-77- ১৯৭৬
- FIFA- ১৯৭৬
- INTERPOL- ১৯৭৬
- WIPO- ১৯৮৫
- ICC (International Cricket Council)-এর সহযোগী সদস্য- ১৯৭৭
- ICC (International Cricket Council)-ওয়ানডে ক্রিকেটের স্ট্যাটাস লাভ- ১৯৯৭ সালের ১৫ জুন
- ICC (International Cricket Council)-টেস্ট ক্রিকেটের স্ট্যাটাস লাভ- ২০০০ সালের ২৬ জুন
- ICC-এর পূর্ণাঙ্গ সদস্যপদ লাভ-২৬ জুন, ২০০০
- Olympic (IOC)- ১৯৮০
- CIRDAP- ১৯৮৭
- WTO (World Trade Organization)- ১৯৯৫ সালের ১ জানুয়ারি।
- BIMSTEC- ১৯৯৭
- D-8- ১৯৯৭
- আন্তর্জাতিক অপরাধ আদালত (ICC)-এর সদস্যপদ লাভ করে- ২০১০
- ASEM- ২০১২

১৩. মানবসম্পদ উন্নয়ন [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

কলেজ পর্যায় নিবন্ধনে কোনো প্রশ্ন আসেনি।

স্কুল পর্যায়

২১. বর্তমানে বাংলাদেশে মাতৃত্বকালীন ছুটি কত মাস? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*

ক.৩ মাস খ. ৪ মাস
গ. ৫ মাস ঘ. ৬ মাস **উ. ঘ**

স্কুল পর্যায়-২

১. হাসপাতাল সমাজসেবা কার্যক্রম কোন মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত হয়? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*

ক. সমাজকল্যাণ মন্ত্রণালয়
খ. মহিলা ও শিশ বিষয়ক মন্ত্রণালয়
গ. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ঘ. শিক্ষা মন্ত্রণালয় **উ. ক**

২. ২০১৮ সালে ১৮৯টি দেশের মধ্যে বাংলাদেশের মানব উন্নয়ন সূচক কত? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*

ক. ১২৬ খ. ১৩৬
গ. ১৩৯ ঘ. ১৪৫ **উ. খ**

[*নোট : UNDP 'মানব উন্নয়ন সূচক ২০২১-২২' অনুসারে, বাংলাদেশের অবস্থান ১২৯তম।]

৩. ২০১৮ সালে বাংলাদেশের মানুষের গড় আয়ু কত? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*

ক. ৬৮ বছর খ. ৭২ বছর
গ. ৭৮ বছর ঘ. ৮২ বছর **উ. খ**

[*নোট: 'অর্থনৈতিক সমীক্ষা ২০২৩' অনুসারে, বাংলাদেশে মানুষের প্রত্যাশিত গড় আয়ু ৭২.৩ বছর।]

বিস্তারিত আলোচনা

প্রশ্ন : 'মানবসম্পদ উন্নয়ন' এর সাথে মূলত কোন কোন খাত সম্পৃক্ত?
উঃ শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, নারী ও শিশুর অধিকার, দারিদ্র বিমোচন, লিঙ্গ বা জেন্ডার সমতা, সামাজিক নিরাপত্তা, মাথাপিছু আয়, জীবনযাত্রার মান, বেকারত্বের হার, অর্থনৈতিক অবস্থা প্রভৃতিকে বোঝায়।

প্রশ্ন : 'মানবসম্পদ উন্নয়ন সূচক' প্রকাশ করে কোন সংস্থা?
উঃ ইউএনডিপি

প্রশ্ন : 'মানবসম্পদ উন্নয়ন সূচক ২০২১-২২' অনুযায়ী, বাংলাদেশের অবস্থান কততম?
উঃ ১২৯তম। (শীর্ষ দেশ- সুইজারল্যান্ড, সর্বনিম্ন দেশ- দক্ষিণ সুদান)

প্রশ্ন : অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুযায়ী, বাংলাদেশের প্রত্যাশিত গড় আয়ুকাল কত?
উঃ ৭২.৩ বছর

সাধারণ জ্ঞান
আন্তর্জাতিক বিষয় ও চলতি ঘটনাবলী

NTRCA সিলেবাসভুক্ত অধ্যায়সমূহ

১. বিশ্ব ভৌগোলিক পরিচিতি [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 830
২. জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 834
৩. নবায়নযোগ্য শক্তি [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 838
৪. জাতিসংঘ [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 839
৫. আঞ্চলিক ও অর্থনৈতিক সংগঠন [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 846
৬. পুরস্কার ও সম্মাননা [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 858
৭. আন্তর্জাতিক মুদ্রা সংক্রান্ত [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 864
৮. আন্তর্জাতিক রাজনীতি ও আনুষঙ্গিক বিষয়াবলী [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২] 868

Job Navigator

১. বিশ্ব ভৌগোলিক পরিচিতি [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. কোন শহরটি "বিগ অ্যাপেল" নামে পরিচিত? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. লন্ডন খ. প্যারিস
গ. সিঙ্গাপুর ঘ. নিউইয়র্ক **উ. ঘ**

২. "আল আকসা" মসজিদ কোথায় অবস্থিত? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. ফিলিস্তিন খ. ইসরাইল
গ. আলজেরিয়া ঘ. সৌদি আরব **উ. ক**

৩. ভূ-মধ্যসাগর ও আটলান্টিক মহাসাগরের মধ্যে কোন প্রণালির অবস্থান? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. হরমুজ খ. বসফরাস
গ. পক ঘ. জিব্রাল্টার **উ. ঘ**

৪. 'Big Apple' বলা হয় কোন শহরকে? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
ক. বেলজিয়াম খ. রোম
গ. নিউইয়র্ক ঘ. গ্রেট ব্রিটেন **উ. গ**

৫. চিরশান্তির শহর কোনটি? *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. রোম খ. ভেনিস
গ. এথেন্স ঘ. অসলো **উ. ক**

৬. বাতাসের শহর হিসেবে পরিচিতি- *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. শিকাগো খ. নিউইয়র্ক
গ. ওয়াশিংটন ঘ. সিডনি **উ. ক**

৭. কোন দেশটি ল্যাটিন আমেরিকার অন্তর্ভুক্ত নয়? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. ব্রাজিল খ. আর্জেন্টিনা
গ. পেরু ঘ. পানামা **উ. ***
ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। অপশনের ৪টি দেশই ল্যাটিন আমেরিকার অন্তর্ভুক্ত।

৮. 'ওয়াল স্ট্রীট' কোথায় অবস্থিত? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. নিউইয়র্ক খ. ওয়াশিংটন
গ. চীন ঘ. লন্ডন **উ. ক**

৯. দুই মহাদেশে অবস্থিত নগরী কোনটি? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. ইস্তাম্বুল খ. কায়রো
গ. ট্রয়নগরী ঘ. হ্যামারফোস্ট **উ. ক**

১০. ইতিহাসের বিখ্যাত ট্রয়নগরী কোথায়? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. তুরস্কে খ. গ্রিসে
গ. স্পেনে ঘ. সিরিয়ায় **উ. ক**

স্কুল পর্যায়

১. বিগ এ্যাপেল কোন শহরের নাম? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. নতুন দিল্লি খ. ইসলামাবাদ
গ. নিউইয়র্ক ঘ. শিকাগো **উ. গ**

২. বিশ্বের পঞ্চম বৃহত্তম সীমান্ত কোনটি? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. ভারত-বাংলাদেশ সীমান্ত খ. ভারত-পাকিস্তান সীমান্ত
গ. পাকিস্তান- চীন সীমান্ত
ঘ. মায়ানমার-থাইল্যান্ড সীমান্ত **উ. ক**

৩. 'মংডু' কোন দুটি দেশের সীমান্ত এলাকা? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. বাংলাদেশ-মায়ানমার খ. বাংলাদেশ-ভারত
গ. মায়ানমার-চীন ঘ. ভারত-মায়ানমার **উ. ক**

৪. নিশীথ সূর্যের দেশ কোনটি? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. থাইল্যান্ড খ. জাপান
গ. কানাডা ঘ. নরওয়ে **উ. ঘ**

৫. ভূমিকম্পের দেশ কোনটি? *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*
ক. চীন খ. জাপান
গ. থাইল্যান্ড ঘ. ইন্দোনেশিয়া **উ. খ**

৬. ইতিহাস-বিখ্যাত ট্রয় নগরী কোথায়? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. ইতালি খ. স্পেন
গ. তুরস্ক ঘ. গ্রিস **উ. গ**

৭. কারবালা (বর্তমানে) কোন দেশে অবস্থিত? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. জর্দান খ. সিরিয়া
গ. বাহরাইন ঘ. ইরাক **উ. ঘ**

স্কুল পর্যায়-২

১. কোন দেশ আফ্রিকা মহাদেশের অন্তর্ভুক্ত নয়? *[১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]*
ক. মরক্কো খ. লিবিয়া
গ. তিউনিসিয়া ঘ. ইয়েমেন **উ. ঘ**

২. ভারত ও আফগানিস্তানের মধ্যকার সীমানা চিহ্নিত লাইন- *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. ডুরান্ড লাইন খ. র‍্যাডক্লিফ লাইন
গ. এলওসি ঘ. ম্যাজিনো লাইন **উ. ***
ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই। প্রকৃতপক্ষে ভারত ও আফগানিস্তানের মধ্যে বর্তমানে কোন সীমানা চিহ্নিত লাইন নেই।

৩. 'Seven Sisters' কোন দেশে অবস্থিত? *[১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. ভারত খ. পাকিস্তান
গ. মিয়ানমার ঘ. ভূটান **উ. ক**

৪. ম্যাকমোহন লাইন কোন কোন দেশের সীমানা নির্ধারণ করে? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
ক. ভারত ও পাকিস্তান খ. চীন ও ভারত
গ. পাকিস্তান ও আফগানিস্তান ঘ. চীন ও রাশিয়া উ. খ

৫. 'লাইন অব কন্ট্রোল' কোন দুটি দেশের মধ্যে? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. ভারত-পাকিস্তান খ. ভারত-চীন উ. ক
গ. ভারত-বাংলাদেশ ঘ. পাকিস্তান-আফগানিস্তান

১.১ বিশ্ব পরিচিতি

- বিশ্বের মোট মহাদেশ কয়টি?- ৭টি
- আয়তনে বিশ্বের বৃহত্তম মহাদেশ কোনটি?- এশিয়া মহাদেশ
- আয়তনে বিশ্বের ক্ষুদ্রতম মহাদেশ কোনটি?- অস্ট্রেলিয়া মহাদেশ/ওশেনিয়া মহাদেশ
- আয়তনে বিশ্বের বৃহত্তম দেশ কোনটি?- রাশিয়া
- জনসংখ্যায় বিশ্বের বৃহত্তম দেশ কোনটি?- ভারত
- আয়তনে বিশ্বের ক্ষুদ্রতম দেশ কোনটি?- ভ্যাটিকান সিটি
- জনসংখ্যায় বিশ্বের ক্ষুদ্রতম দেশ কোনটি?- ভ্যাটিকান সিটি
- আয়তনে বিশ্বের বৃহত্তম মুসলিম দেশ কোনটি?- কাজাখস্তান
- জনসংখ্যায় বিশ্বের বৃহত্তম মুসলিম দেশ কোনটি?- ইন্দোনেশিয়া
- আয়তনে বিশ্বের ক্ষুদ্রতম মুসলিম দেশ কোনটি?- মালদ্বীপ
- জনসংখ্যায় বিশ্বের ক্ষুদ্রতম মুসলিম দেশ কোনটি?- মালদ্বীপ
- বিশ্বের সবচেয়ে সরু রাষ্ট্র কোনটি?- চিলি
- পৃথিবীর ছিদ্রায়িত রাষ্ট্র বলা হয় কোনটিকে?- ইতালিকে
- বিশ্বের কোন দেশে সর্বাধিক দ্বীপ রয়েছে?- ইন্দোনেশিয়ায়
- পৃথিবীর কোন কোন দেশ দুটি মহাদেশে অবস্থিত?- তুরস্ক ও রাশিয়া
- পৃথিবীর কোন দেশের সীমানা সবচেয়ে বেশি দেশের সঙ্গে রয়েছে?- চীনের
- পৃথিবীর কোন শহর বা নগরটি একই সঙ্গে দুটি মহাদেশে পড়েছে?- ইস্তাম্বুল (তুরস্ক)
- বর্তমানে কোন দেশকে নগর রাষ্ট্র বলা হয়?- সিঙ্গাপুর
- বিশ্বে প্রথম কোথায় নগর-রাষ্ট্রের উদ্ভব ঘটে?- প্রাচীন গ্রিসে।
- প্রাচীন গ্রিসের কোথায় নগর রাষ্ট্র গড়ে ওঠেছিল?- এথেন্স ও স্পার্টা
- আধুনিক রাষ্ট্রব্যবস্থার উদ্ভব ঘটে কখন?- ১৬০০-১৮০০ সাল।
- আয়তনে বিশ্বে বাংলাদেশের অবস্থান কততম?- ৯০ তম
- জনসংখ্যায় বিশ্বে বাংলাদেশের অবস্থান কততম?- ৮ম
- দক্ষিণ এশীয় দেশ নয়- মিয়ানমার (দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ)
- বিশ্বের মোট মহাসাগর কয়টি?- ৫টি।
- বিশ্বের বৃহত্তম মহাসাগর কোনটি?- উত্তর মহাসাগর
- বিশ্বের বৃহত্তম নদী কোনটি?- আমাজন
- বিশ্বের দীর্ঘতম নদী কোনটি?- নীলনদ
- বিশ্বের বৃহত্তম হ্রদ কোনটি?- কাস্পিয়ান সাগর (এশিয়ায় অবস্থিত)
- বিশ্বের গভীরতম হ্রদ কোনটি?- বৈকাল হ্রদ (রাশিয়ায় অবস্থিত)
- বিশ্বের উচ্চতম জলপ্রপাত কোনটি?- অ্যাঞ্জেলস ফলস (ভেনিজুয়েলায় অবস্থিত)
- নায়াগ্রা জলপ্রপাত কোথায় অবস্থিত?- যুক্তরাষ্ট্র ও কানাডা
- ভিক্টোরিয়া জলপ্রপাত কোথায় অবস্থিত?- আফ্রিকার দেশ জাম্বিয়া ও জিম্বাবুয়ে।
- বিশ্বের বৃহত্তর দ্বীপ কোনটি?- গ্রিনল্যান্ড দ্বীপ (মালিকানা- ডেনমার্ক)। তবে বিশ্বের বৃহত্তম দ্বীপ রাষ্ট্র- ইন্দোনেশিয়া
- বিশ্বের সর্বোচ্চ পর্বতমালার নাম কী?- হিমালয় পর্বতমালা
- বিশ্বের সর্বোচ্চ পর্বত শৃঙ্গের নাম কী?- মাউন্ট এভারেস্ট
- বিশ্বের বৃহত্তম মরুভূমির নাম কী?- সাহারা মরুভূমি
- বিশ্বের গভীরতম খাত কোনটি?- মারিয়ানা ট্রেঞ্চ (প্রশান্ত মহাসাগরে অবস্থিত)
- এশিয়া থেকে ইউরোপকে পৃথক করেছে- বসফরাস প্রণালি
- এশিয়া থেকে আমেরিকাকে পৃথক করেছে- বেরিং প্রণালি
- এশিয়া থেকে আফ্রিকাকে পৃথক করেছে- বাব এল মানদেব প্রণালি
- ইউরোপ থেকে আফ্রিকাকে পৃথক করেছে- জিব্রাল্টার প্রণালি

১.২ বিশ্বের বিভিন্ন ভৌগোলিক উপনাম

- সূর্যোদয়ের দেশ- জাপান
- নিশীথ সূর্যের দেশ- নরওয়ে
- নিশীথ সূর্য উদয়ের দেশ- নরওয়ে
- ভূ-স্বর্গ- কাশ্মীর
- নিষিদ্ধ দেশ- তিব্বত
- নিষিদ্ধ শহর/নগরী- লাসা
- পৃথিবীর চিনির আধার- কিউবা
- পৃথিবীর ছাদ- পামির মালভূমি
- পৃথিবীর রুটির ঝুড়ি- প্রেইরি (উত্তর আমেরিকা)
- রাশিয়ার/সোভিয়েত ইউনিয়নের রুটির ঝুড়ি- ইউক্রেন
- ইউরোপের রুটির ঝুড়ি- ইউক্রেন
- ইউরোপের রুগ্ণ মানুষ- তুরস্ক
- ইউরোপের ক্রীড়াঙ্গন- সুইজারল্যান্ড
- ইউরোপের ককপিট- বেলজিয়াম
- ইউরোপের রণক্ষেত্র- বেলজিয়াম
- ইউরোপের প্রবেশ দ্বার- ভিয়েনা
- ইউরোপের বুট- ইতালি
- ছিদ্রায়িত রাষ্ট্র- ইতালি
- নিমজ্জমান নগরী- হেগ
- আলোর শহর- প্যারিস
- পৃথিবীর সাংস্কৃতিক রাজধানী- প্যারিস
- বিশ্বের রাজধানী- নিউইয়র্ক
- বিগ অ্যাপেল (Big Apple)- নিউইয়র্ক
- সম্মেলনের শহর- জেনেভা

Job Navigation

- মুক্তার দেশ- কিউবা
- মুক্তার দ্বীপ- বাহরাইন
- পান্না দ্বীপ- আয়ারল্যান্ড
- আগুনের দ্বীপ- আইসল্যান্ড
- সাদা হাতির দেশ হল- থাইল্যান্ড
- বাজারের শহর- কায়রো
- নীল নদের দান- মিশর
- পিরামিডের দেশ- মিশর
- প্রাচ্যের ম্যানচেস্টার- ওসাকা (জাপান)
- প্রাচ্যের ডান্ডি হল- নারায়ণগঞ্জ
- বজ্রপাতের দেশ- ভুটান
- ভূমিকম্পের দেশ- জাপান
- ব্রিটেনের বাগান- কেন্ট (ইংল্যান্ড)
- মসজিদের শহর- ঢাকা
- বিকশার শহর- ঢাকা
- স্কাই স্ক্রাপার্সের শহর- নিউইয়র্ক
- গগনচুম্বী অট্টালিকার শহর- নিউইয়র্ক
- সাদা শহর- বেলগ্রেড (সার্বিয়ার রাজধানী)
- বাতাসের শহর- শিকাগো
- উদ্যানের শহর- শিকাগো
- পৃথিবীর কসাইখানা- শিকাগো
- বৃহদাকার চিড়িয়াখানা- আফ্রিকা
- হাজার হ্রদের দেশ- ফিনল্যান্ড
- হাজার দ্বীপের দেশ- ইন্দোনেশিয়া
- মন্দিরের শহর- বেনারস
- মরুভূমির দেশ- আফ্রিকা
- পবিত্র দেশ- প্যালেস্টাইন (ফিলিস্তিন)
- পবিত্র ভূমি- জেরুজালেম
- সাত পাহাড়ের দেশ- রোম
- সাত পাহাড়ের শহর- রোম
- পোপের শহর- রোম
- নীরব শহর- রোম
- চির শান্তির শহর- রোম
- সকাল বেলার শান্তি- কোরিয়া
- চির সবুজের দেশ হল- নাটাল
- চির বসন্তের নগরী- কিটো (দক্ষিণ আমেরিকা)
- সমুদ্রের বধু- গ্রেট বিটেন
- প্রাচ্যের গ্রেট ব্রিটেন- জাপান
- দক্ষিণের গ্রেট ব্রিটেন- নিউজিল্যান্ড
- শ্বেতাঙ্গদের কবরস্থান- গিনিকোস্ট
- উত্তরের ভেনিস- স্টকহোম
- স্বর্ণ নগরী- জোহানেসবার্গ
- ল্যান্ড অব মার্বেল বা মার্বেলের শহর- ইতালি
- পবিত্র পাহাড়- ফুজিয়ামা (জাপান)
- নিষ্পুপ সড়ক শহর- ভেনিস
- দ্বীপের নগরী- ভেনিস
- দ্বীপের মহাদেশ- অস্ট্রেলিয়া
- প্রাচ্যের ভেনিস- ব্যাংকক
- বাংলার ভেনিস- বরিশাল
- আফ্রিকার সিংহ- ইথিওপিয়া
- পার্ল অব আফ্রিকা- উগান্ডা
- হর্ন অব আফ্রিকা- ইথিওপিয়া
- থেথ হর্ন অব আফ্রিকা- সোমালিয়া
- চীনের দুঃখ- হোয়াংহো নদী
- ভূ-মধ্য সাগরের প্রবেশদ্বার- জিব্রাল্টার প্রণালী
- ন্যাপল পাতার দেশ- কানাডা
- দক্ষিণের রানি- সিডনি
- সোনালি প্যাগোডার দেশ- মিয়ানমার
- সোনালি তোরণের শহর- সানফ্রান্সিসকো
- সোনালি আঁশের দেশ- বাংলাদেশ
- প্রাসাদ নগরী- কলকাতা (ভারত)
- ক্যাঙ্গারুর দেশ- অস্ট্রেলিয়া
- লিলি ফুলের দেশ- কানাডা
- পঞ্চনদের দেশ- পাঞ্জাব (ভারত)
- মুক্ত ভূমি/মুক্ত দেশ- থাইল্যান্ড
- গোলাপী শহর- জয়পুর (রাজস্থান, ভারত)
- অন্ধকারাচ্ছন্ন মহাদেশ- আফ্রিকা
- প্রাচীরের দেশ- চীন
- সমুদ্রের বধূ- গ্রেট ব্রিটেন
- পশ্চিমের জিব্রাল্টার- কুইবেক
- টেক্সির নগরী- মেক্সিকো
- মটর গাড়ির শহর- ডেট্রয়েট শহর (যুক্তরাষ্ট্র)
- মরুভূমির দেশ- আফ্রিকা
- ভাটির দেশ- বাংলাদেশ
- পৃথিবীর ব-দ্বীপ- বাংলাদেশ
- নীরব ধ্বনির দেশ- বাংলাদেশ
- পীত নদীর দেশ- হোয়াংহো
- হলদে নদীর দেশ- হোয়াংহো
- ধীবরের দেশ- নরওয়ে
- রূপার শহর- তাসখন্দ
- জাঁকজমকের নগরী- নিউইয়র্ক
- সিল্ক রুটের দেশ- ইরান
- সোনার অন্তঃপুর- ইস্তাম্বুল
- পৃথিবীর কেন্দ্র- পবিত্র মক্কা নগরী
- রৌপ্যের শহর- আলজিয়ার্স
- গ্রানাইডের শহর- এডারডিন
- বিপজ্জনক সালফারের দ্বীপ- জাপানের আইজু দ্বীপ
- সালফারের দ্বীপ- সিসিলি

Job Navigator

রোমান্টিক দ্বীপ- সিসিলি
হারকিউলিসের স্তম্ভ- জিব্রাল্টার মালভূমি
এশিয়া মাইনর- তুরস্ক
আফ্রিকার মুক্তভূমি- লাইবেরিয়া
নগর রাষ্ট্র- সিঙ্গাপুর
মুক্ত বন্দর- সিঙ্গাপুর
ভূমধ্যসাগরের লাইট হাউজ- স্ট্রম্বলি আগ্নেয়গিরি
চীনের ধান ভাণ্ডার- হুনান প্রদেশ
দ্বৈত নীতির দেশ- চীন
সাংস্কৃতি বৈচিত্র্যের দেশ- পাপুয়া নিউগিনি
Father of Apple Tree- আলমা আতা (কাজাখস্তান)
The Land of Flames- আজারবাইজান
The Tiger of Bicycle- ভিয়েতনাম।

১.৩ বিশ্বের গুরুত্বপূর্ণ ভৌগোলিক স্থান ও শহর

- গ্রেট হল অবস্থিত- চীনের রাজধানী বেইজিংয়ে
- হোয়াইট হল অবস্থিত- লন্ডনে
- হোয়াইট হাউজ অবস্থিত- যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে প্রেসিডেন্টের সরকারি বাসভবন।
- ইনডিপেন্ডেনস হল অবস্থিত- যুক্তরাষ্ট্রে
- স্কটল্যান্ড ইয়ার্ড- লন্ডন, যুক্তরাজ্য
- ইস্ট লন্ডন (East London) অবস্থিত- দক্ষিণ আফ্রিকায়
- বান্দুং শহরটি অবস্থিত- ইন্দোনেশিয়ায়
- বান্দাহ আচেহ- ইন্দোনেশিয়ায়
- বিখ্যাত ল্যান্ডমার্ক টাওয়ার অবস্থিত- টোকিও, জাপান
- আইফেল টাওয়ার অবস্থিত- প্যারিস, ফ্রান্স
- স্ট্যাচু অব লিবার্টি অবস্থিত- যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে
- স্ট্যাচু অব ইউনিটি অবস্থিত- ভারতের গুজরাটে অবস্থিত বিশ্বের সবচেয়ে উচ্চ মূর্তি
- বুজ খলিফা অবস্থিত- সংযুক্ত আরব আমিরাতে অবস্থিত বিশ্বের সর্বোচ্চ ভবন
- ইতিহাস বিখ্যাত ট্রয় নগরী অবস্থিত- তুরস্কে
- ওয়াল স্ট্রিট অবস্থিত- নিউইয়র্কে (শেয়ার বাজারের জন্য বিখ্যাত)
- ফ্লিট স্ট্রিট অবস্থিত- লন্ডনে (খবরের কাগজের জন্য বিখ্যাত)
- বন্ড স্ট্রিট অবস্থিত- লন্ডনে (জুয়েলারি ও টেইলারিং এর জন্য বিখ্যাত)
- দারফুর অবস্থিত - সুদানে
- টাইগার হিল অবস্থিত- দার্জিলিং, পশ্চিমবঙ্গ (ভারত)
- রেড স্কোয়ার অবস্থিত- মস্কো, রাশিয়া।
- ট্রাফালগার স্কোয়ার অবস্থিত- লন্ডনে
- তাহরির স্কয়ার- কায়রো, মিশর
- গ্রিন স্কায়ার- ত্রিপলি, লিবিয়া
- ম্যাডিসন স্কয়ার- নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র
- 'ডেমোক্রেসি মনুমেন্ট' অবস্থিত- ব্যাংকক, থাইল্যান্ড
- মার্লবোরো হাউস- লন্ডনে অবস্থিত।
- ওয়েস্ট মিনিস্টার অ্যাবে- লন্ডনে অবস্থিত বিখ্যাত ব্যক্তিদের কবরস্থান।
- বিগবেন- লন্ডনে অবস্থিত ব্রিটিশ পর্লামেন্টের চূড়ায় স্থাপিত বৃহদাকার ঘড়ি।
- জিরো গ্রাউন্ড- ওয়াশিংটন ডিসি (৯/১১ হামলার স্মৃতি জড়িত)
- হো চি মিন সিটি -ভিয়েতনামের স্বাধীনতা আন্দোলনের সঙ্গে জড়িত।
- জোহানাসবার্গ- দক্ষিণ আফ্রিকার বিখ্যাত কিম্বার্লি হীরক খনি অবস্থিত। কিম্বালি পৃথিবীর বৃহত্তম হীরক খনি।
- ভার্সাই নগরী – ফ্রান্সে অবস্থিত বিশ্বের বিভিন্ন ঐতিহাসিক চুক্তির জন্য বিখ্যাত।
- বার্সেলোনা নগরী - এটি স্পেনের শিল্প ও বাণিজ্যের প্রধান নগরী
- ফ্লাশিং মিডোস- নিউইয়র্কে অবস্থিত জাতিসংঘের সভাস্থল।
- তাসখন্দ- উজবেকিস্তানের রাজধানী। ভারত-পাকিস্তানের 'তাসখন্দ চুক্তি' এর জন্য বিখ্যাত।
- সিমলা- ভারতের হিমাচল প্রদেশে অবস্থিত।
- বাবরি মসজিদ- ভারতের অযোধ্যায় অবস্থিত।
- স্বর্ণ মন্দির- ভারতের পাঞ্জাবে অবস্থিত।
- কুতুব মিনার- দিল্লিতে অবস্থিত সুউচ্চ মিনার।
- লালকেল্লা- দিল্লি
- শান্তিনিকেতন- পশ্চিমবঙ্গে অবস্থিত।
- তক্ষশীলা- পাকিস্তানের রাওয়ালপিন্ডিতে অবস্থিত প্রাচীন বৌদ্ধ সভ্যাতার নিদর্শন।
- হরপ্পা- পাকিস্তানে অবস্থিত সিন্ধু সভ্যতার জন্য বিখ্যাত।
- এডাম'স পিক- শীলংকায় অবস্থিত। হযরত আদম (আ.) দুনিয়াতে এসেছিলেন এই পাহাড় দিয়ে।
- মান্না দ্বীপ- শীলংকায় অবস্থিত মুসলিম অধ্যুষিত অঞ্চল।
- এলিফ্যান্ট পাস- শ্রীলঙ্কা
- তিব্বত উপত্যকা- চীন
- তিয়েন আনমেন স্কয়ার- চীনে অবস্থিত।
- জিনজিয়ান- চীনে অবস্থিত মুসলিম অধ্যুষিত রাজ্য।
- মিন্দানাও দ্বীপ- ফিলিপাইনে অবস্থিত মুসলিম অঞ্চল।
- ব্লু হাউজ- দক্ষিণ কোরিয়ায় অবস্থিত দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্টের সরকারি বাসভবন।
- এলিসি প্রাসাদ- ফ্রান্সের প্রেসিডেন্টের সরকারি বাসভবন।
- ক্রেমোলিন- রাশিয়ার মস্কোতে অবস্থিত রাশিয়ার প্রসিডেন্টের সরকারি বাসভবন।
- চেচনিয়া- রাশিয়ায় অবস্থিত মুসলিম অধ্যুষিত অঞ্চল।
- ব্যাবিলন- ইরাকের ইফ্রেটিস নদীর তীরে (ফোরাত নদী) অবস্থিত প্রাচীন ঐতিহাসিক নগরী।
- বসরা- ইরাকের একটি প্রাচীন শহর।
- ড্যান্ডি- স্কটল্যান্ডে অবস্থিত পাট শিল্পের জন্য বিখ্যাত।
- আলেপ্পো - সিরিয়ার দ্বিতীয় বৃহত্তম শহর।
- হোমস- সিরিয়ার একটি শহর। যেটি সিরিয়ার আসাদ-বিরোধীদের ঘাঁটি হিসেবে অধিক পরিচিত।
- রাকা শহর- সিরিয়ায় আইএসের সর্বশেষ ঘাঁটি হিসেবে ধরা হয়। সিরিয়ার রাকাকে আইএসের 'রাজধানী' বিবেচনা করা হয়।
- মসুল- ইরাকে আইএসের সর্বশেষ ঘাঁটি হিসেবে ধরা হয়।

- তিকরিত শহর অবস্থিত - ইরাকে।
- মক্কা- সৌদি আরব
- মদিনা- সৌদি আরব
- আল আসকা মসজিদ- ফিলিস্তিন
- দ্য হেগ অবস্থিত- নেদারল্যান্ডসে।
- ক্যানসাস- যুক্তরাষ্ট্রের একটি অঙ্গরাজ্য।
- নর্থ ডাকোটা - যুক্তরাষ্ট্রের একটি অঙ্গরাজ্য।
- প্রিটোরিয়া শহর অবস্থিত- দক্ষিণ আফ্রিকায়।
- মংডু শহর অবস্থিত - মিয়ানমারের রাখাইন রাজ্যে। এটি বাংলাদেশ-মিয়ানমার সীমান্তে অবস্থিত।
- ডাভোসে- সুইজারল্যান্ডের একটি শহর।
- ভিক্টোরিয়া ডিজার্ট- অস্ট্রেলিয়া
- সাহারা মরুভূমি- আফ্রিকা মহাদেশ
- গোবি মরুভূমি- মঙ্গোলিয়া ও চীন
- ইজমির- তুরস্কের একটি শহর।
- ক্রাকো শহর অবস্থিত- পোল্যান্ডে ।
- আজাদ কাশ্মীর- পাকিস্তান শাসিত কাশ্মীর পাকিস্তানের ভাষায় 'আজাদ কাশ্মীর'।
- দীর্ঘ প্রতীক্ষিত বাণিজ্যপথ চীন-পাকিস্তান ইকোনমিক করিডরের (সিপিইসি) কিছু অংশ গিলগিট-বালতিস্তানের মধ্যে পড়েছে।
- 'ওয়ার্ল্ড ট্রেড সেন্টার'- নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র
- 'গ্রাউন্ড জিরো'- নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র
- গ্রাউন্ড জিরো কোনটির সঙ্গে সম্পৃক্ত– ৯/১১
- বিখ্যাত যুদ্ধক্ষেত্র 'ওয়াটার লু' যে দেশে অবস্থিত- বেলজিয়াম
- 'এডামস পিক' তীর্থস্থানটি অবস্থিত- শ্রীলংকায়

১.৪ গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক সীমারেখা

আন্তর্জাতিক সীমারেখা : যে সীমারেখার ভিত্তিতে বিশ্বের সীমান্তবর্তী বিভিন্ন দেশের সীমা নির্ধারিত হয়, তাকে আন্তর্জাতিক সীমারেখা বলে।

১। ডুরান্ড লাইন : আফগানিস্তান ও পাকিস্তান
২। র‍্যাডক্লিফ লাইন : বাংলাদেশ ও মিয়ানমার
৩। র‍্যাডক্লিফ লাইন : বাংলাদেশ ও ভারত
৪। র‍্যাডক্লিফ লাইন : ভারত ও পাকিস্তান
৫। লাইন অব কন্ট্রোল : ভারত ও পাকিস্তান
৬। লাইন অব একচুয়াল কন্ট্রোল : ভারত ও চীন
৭। ম্যাকমোহন লাইন : ভারত ও চীন
৮। সনোরা লাইন : মেক্সিকো ও যুক্তরাষ্ট্র
৯। ম্যানারহেম লাইন : রাশিয়া ও ফিনল্যান্ড
১০। ম্যাজিনো লাইন : জার্মান ও ফ্রান্স
১১। সিগফ্রিড লাইন : জার্মান ও ফ্রান্স
১২। হিন্ডারবার্গ লাইন : জার্মান ও পোল্যান্ড
১৩। ওডেরনিস লাইন : জার্মান ও পোল্যান্ড
১৪। কার্জন লাইন : রাশিয়া ও পোল্যান্ড
১৫। ব্লু লাইন : লেবানন ও ইসরাইল
১৬। লাইন অব ডিমারকেশন : পর্তুগাল ও স্পেন
১৭। ৩৮° অক্ষরেখা : উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়া
১৮। ৪৯° অক্ষরেখা : যুক্তরাষ্ট্র ও কানাডা

২. জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. বাংলাদেশে ব-দ্বীপ মহাপরিকল্পনা-২১০০ কোন দেশের পরিকল্পনাকে অনুসরণ করে করা হয়েছে? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. সুইজারল্যান্ড খ. নেদারল্যান্ডস
গ. আয়ারল্যান্ড ঘ. ফিনল্যান্ড **উ. খ**

২. বায়ুমণ্ডলের ওজোন স্তর অবক্ষয়ের জন্য কোন গ্যাসের ভূমিকা সর্বোচ্চ? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. সিএফসি খ. মিথেন
গ. কার্বন ডাই-অক্সাইড ঘ. নাইট্রোজেন **উ. ক**

৩. সুনামির (Tsunami) কারণ হলো- *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. অগ্ন্যুৎপাত খ. সমুদ্র তলদেশে ভূমিকম্প
গ. চন্দ্র ও সূর্যের আকর্ষণ ঘ. ঘূর্ণিঝড় **উ. খ**

৪. সুনামির (Tsunami) কারণ হলো– *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. চন্দ্র ও সূর্যের আকর্ষণ খ. আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত
গ. সমুদ্র তলদেশের ভূমিকম্প ঘ. ঘূর্ণিঝড় **উ. গ**

৫. জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশ্বের সর্বোচ্চ সংস্থা কোনটি? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. IUCN খ. IPCC
গ. UNOCC ঘ. SANDEE **উ. খ**

৬. বর্তমান বিশ্বে সবচেয়ে বেশি কার্বন নির্গমনকারী দেশ কোনটি? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. চীন খ. যুক্তরাষ্ট্র
গ. জাপান ঘ. ভারত **উ. ক**

৭. সুনামীর কারণ হলো– *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত খ. ঘূর্ণিঝড়
গ. চন্দ্র ও সূর্যের আকর্ষণ ঘ. সমুদ্রতলের ভূমিকম্প **উ. ঘ**

৮. ২০০৭ সালে ১৫ নভেম্বর বাংলাদেশের মধ্য দিয়ে প্রবাহিত হওয়া ঘূর্ণিঝড়টির নাম কী? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. সিডর খ. নার্গিস
গ. আইলা ঘ. সুনামি উ. ক

স্কুল পর্যায়

১. জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (UNEP) এর সদর দপ্তর অবস্থিত– *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. স্টকহোম খ. নাইরোবি
গ. হেগ ঘ. বৈরুত উ. খ

২. 'ই-৮' পৃথিবীর কোন ধরনের ৮টি দেশকে নির্দেশ করে? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. সবচেয়ে দরিদ্র ৮টি দেশ
খ. সবচেয়ে শিল্পোন্নত ৮টি দেশ
গ. সবচেয়ে উন্নত ৮টি দেশ
ঘ. সবচেয়ে পরিবেশ দূষণকারী ৮টি দেশ উ. ঘ

৩. বিশ্ব ধরিত্রী সম্মেলন কত তারিখে অনুষ্ঠিত হয়? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. জুন ১৯৯২ খ. জুলাই ১৯৯৫
গ. জুন ১৯৭২ ঘ. জুলাই ১৯৯২ উ. ক

৪. বিশ্বে কার্বন ডাই-অক্সাইড নিঃসরণে শীর্ষ দেশ কোনটি? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. চীন খ. জাপান
গ. ব্রিটেন ঘ. যুক্তরাষ্ট্র উ. ক

৫. সিডর শব্দের অর্থ কি? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. চোখ খ. বন্যা
গ. ঝড় ঘ. সমুদ্র উ. ক

স্কুল পর্যায়-২

১. জলবায়ু পরিবর্তন রোধে গঠিত 'গ্রিন ক্লাইমেট ফান্ড' (GCF) এর সদর দপ্তর কোথায়? *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. ইনচিয়ন, দক্ষিণ কোরিয়া খ. প্যারিস, ফ্রান্স
গ. ভিয়েনা অস্ট্রিয়া ঘ. ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র উ. ক

২. সিডর কী? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. ঘূর্ণিঝড় খ. সুনামি
গ. টাইফুন ঘ. সাইক্লোন উ. ক

২.১ আবহাওয়া ও জলবায়ু

আবহাওয়া ও জলবায়ু: আবহাওয়া মানুষের দৈনন্দিন কর্মকাণ্ডে প্রভাব বিস্তার করে। আবহাওয়া অফিসগুলোতে দিনের পর দিন আবহাওয়ার বিভিন্ন উপাদান পর্যবেক্ষণ করে জলবায়ু সম্পর্কে ধারণা করা হয়। যে কোনো স্থানের আবহাওয়ার উপাদানগুলো নিত্য পরিবর্তনশীল। আবার পৃথিবীর সব স্থানের জলবায়ুর বৈশিষ্ট্য একরকম নয়।

কোনো একটি নির্দিষ্ট স্থানের বায়ুর তাপ, চাপ, আর্দ্রতা, মেঘাচ্ছন্নতা, বৃষ্টিপাত ও বায়ুপ্রবাহের দৈনন্দিন সামগ্রিক অবস্থাকে সেই দিনের আবহাওয়া বলে। কোনো একটি অঞ্চলের সাধারণত ৩০-৪০ বছরের গড় আবহাওয়ার অবস্থাকে জলবায়ু বলে। কাজেই জলবায়ু হলো কোনো একটি অঞ্চলের অনেক দিনের বায়ুমণ্ডলের নিম্নস্তরের সামগ্রিক অবস্থা।

আবহাওয়া ও জলবায়ুর উপাদান (Elements of Weather and Climate) : যে সকল উপাদান দ্বারা আবহাওয়া ও জলবায়ু গঠিত হয় তাকে আবহাওয়া ও জলবায়ুর উপাদান বলে। আবহাওয়া ও জলবায়ুর উপাদানগুলো হলো- বায়ুর তাপ, বায়ুর চাপ, বায়ুপ্রবাহ, বায়ুর আর্দ্রতা, বায়ুর উষ্ণতা ও বারিপাত বা অধঃক্ষেপ। আমাদের মনে রাখতে হবে যে, কোনো স্থানের জলবায়ুর উপাদান যা, আবহাওয়ার উপাদানও তা। কিন্তু জলবায়ুর উপাদান ও জলবায়ুর নিয়ামক সম্পূর্ণ ভিন্ন বিষয়।

জলবায়ুর নিয়ামক: যে সকল অবস্থা জলবায়ুকে নিয়ন্ত্রণ করে তাকে জলবায়ুর নিয়ামক বলে অর্থাৎ জলবায়ুর নিয়ামকের মাধ্যমে নির্ধারিত হয় কোনো অঞ্চলের জলবায়ু কেমন হবে। পৃথিবীর সব অঞ্চলের জলবায়ু একই রকম নয়। এর কোনো অঞ্চল উষ্ণ এবং কোনো অঞ্চল শীতল। আবার কোনো স্থান বৃষ্টিবহুল এবং কোনো স্থান বৃষ্টিহীন। কিন্তু ভৌগোলিক বিষয়ের পার্থক্যের কারণে স্থানভেদে জলবায়ুর এরকম পার্থক্য পরিলক্ষিত হয়। এই বিষয়গুলোকে জলবায়ুর নিয়ামক বলে। জলবায়ুর নিয়ামকগুলো হলো- অক্ষাংশ, উচ্চতা, সমুদ্র থেকে দূরত্ব, বায়ু প্রবাহ, সমুদ্রস্রোত, পর্বতের অবস্থান, ভূমির ঢাল, মৃত্তিকার গঠন ও বনভূমির অবস্থান।

২.২ জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ

☞ **ধরিত্রী সম্মেলন- ১৯৯২:**
ব্রাজিলের রিওডি জেনেরিওতে প্রথম বিশ্ব ধরিত্রী সম্মেলন অনুষ্ঠিত হয়- ১৯৯২ সালের ৩-১৪ জুন। এখানে ১৮৫টি দেশের সাড়ে তিন হাজার প্রতিনিধি অংশ নেন। রিও ডি জেনিরোতে দীর্ঘ আলোচনার মাধ্যমে বিশ্ব পরিবেশ ও উন্নয়নের মধ্যে সমন্বয় সাধনের জন্য ২৭টি নীতিমালা অনুমোদন করা হয়। এই সম্মেলনের গুরুত্বপূর্ণ দিকগুলো ছিল- Agenda-21, Rio-declaration on Environment and Development, বনাঞ্চলসংক্রান্ত নীতিমালা, Convention of Climate Change, Convention of Biological Diversity ও United Nations Framework Convention on Climate Change (UNFCCC) প্রতিষ্ঠা করা হয়।

☞ **কিয়োটো প্রটোকল চুক্তি-১৯৯৭ :**
⇒ জলবায়ু পরিবর্তনের ফলে পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি প্রতিরোধকল্পে ১৯৯৭ সালে ১১ ডিসেম্বর জাপানের প্রাচীন রাজধানী কিয়োটোতে 'কিয়াটো প্রটোকল চুক্তি' স্বাক্ষরিত হয়।

☞ **ধরিত্রী সম্মেলন- ২০০২ :**
২০০২ সালে দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে বিশ্ব ধরিত্রী সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সম্মেলনে পরিবেশ বিপর্যয় সংক্রান্ত পূর্ববর্তী সম্মেলনের ঘোষণাগুলো বাস্তবায়নের দ্রুত পদক্ষেপ নেওয়ার উপর জোর দেওয়া হয়। সেজন্যে "Johannesburg Plan of Implementation" গৃহীত হয়। "Johannesburg Plan of Implementation"-এ সুশাসনের সঙ্গে টেকসই

উন্নয়নের বিষয়টিকে অধিক গুরুত্ব দেয়া হয়। এক সম্মেলনকে 'দ্বিতীয় বিশ্ব বিশ্ব ধরিত্রী সম্মেলন'ও বলা হয়। দ্বিতীয় বিশ্ব ধরিত্রী সম্মেলনে মোট ৩৭টি অঙ্গীকার গ্রহণ করা হয়।

উত্তর ঃ ফিশন। (পরমাণু মানে ছোট। অতএব ছোটটি হবে। অর্থাৎ, ফিশন।)

৩৩. হাইড্রোজন বোমা কোন নীতির উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে?
উত্তর ঃ ফিউশন। (হাই (High) মানে বড়। অতএব বড়টি হবে। অর্থাৎ, ফিউশন।)

৩৪. সূর্যে কিভাবে শক্তি উৎপন্ন হয়?
উত্তর ঃ সূর্যে পরমাণুর ফিউশনের মাধ্যমে শক্তি উৎপন্ন হয়। (সূর্য অনেক বড়। অতএব বড়টিটি হবে। অর্থাৎ, ফিউশন। এই প্রশ্নটি অনেক পরীক্ষাতে এসেছে। আশা করি আর ভুল হবে না।)

৩৫. পারমাণবিক বোমা তৈরিতে কোন তেজস্ক্রিয় মৌল ব্যবহৃত হয়?
উত্তরঃ ইউরেনিয়াম, প্লুটোনিয়াম।

৩৬. হাইড্রোজেন বা উদযান বোম তৈরিতে কী ব্যবহৃত হয়?
উত্তরঃ হাইড্রোজেনের আইসোটোপ ডিউটেরিয়াম ও ট্রাইটিয়াম। (মনে রাখতে হবে, হাইড্রোজেন বোমা পারমাণবিক বোমা থেকে অধিক শক্তিশালী ও বিধ্বংসী।)

৩৭. কে ফিশন আবিষ্কার করেন?
উত্তর ঃ জার্মান বিজ্ঞানী অটোহ্যান; ১৯৩৯ সালে।

৩৮. পারমাণবিক ভর বা ওজনের আবিষ্কারক কে?
উত্তর ঃ জন ডাল্টন।

৩৯. পারমাণবিক বোমার আবিষ্কারক/জনক কে?
উত্তর : ওপেনহেইমার। (বিদ্রঃ অপশনে ওপেনহেইমার না থাকলে উত্তর হবে অটোহ্যান। কেননা, ফিশনের মাধ্যমে পারমাণবিক বোমা বানানো হয়। আর অটোহ্যান ফিশন আবিষ্কার করেছেন।)

৪০. 'থিওরি অব রিলেটিভিটি' বা 'আপেক্ষিক তত্ত্ব' এর প্রণেতা কে?
উত্তর ঃ আলবার্ট আইনস্টাইন।

৪১. পারমাণবিক ভর বলতে কী বোঝায়?
উত্তর ঃ নিউট্রন ও প্রোটনের ভর। অর্থাৎ, পরমাণুর নিউক্লিয়াসে যে দুটি মৌলিক কণা থাকে তাদের ভরই পারমাণবিক ভর। এজন্য পারমাণবিক ওজনও নিউট্রন ও প্রোটনের ওজনের সমান।

৪২. প্রতিটি ফিশনে কী পরিমাণ শক্তি উৎপন্ন হয়?
উত্তর ঃ ২০০MeV।

৪৩. নিউক্লিয় রিয়াক্টর বা নিউক্লিয় চুল্লি কী?
উত্তর ঃ নিউক্লিয় চেইন বিক্রিয়াকে যে যন্ত্রের মাধ্যমে নিয়ন্ত্রণ করা হয়, তার নাম নিউক্লিয় রিয়াক্টর বা নিউক্লিয় বিক্রিয়ক। একে পারমাণবিক চুল্লিও বলা হয়। অর্থাৎ, পারমাণবিক চুল্লির আরেক নাম নিউক্লিয় রিয়াক্টর।

৪৪. নিউক্লিয়ার রিয়াক্টরে গতি মন্থরক হিসেবে কী ব্যবহৃত হয়?
উত্তর ঃ ক্যাডমিয়াম বা বোরন দণ্ড বা গ্রাফাইট।

৪৫. পারমাণবিক চুল্লিতে মডারেট হিসেবে ব্যবহৃত হয় কোনটি?
উত্তর ঃ গ্রাফাইট।

৪৬. পারমাণবিক চুল্লিতে তাপ পরিবাহক হিসেবে কোন ধাতু ব্যবহৃত হয়?
উত্তর ঃ সোডিয়াম।

৪৭. পারমাণবিক চুল্লিতে বহুল ব্যবহৃত জ্বালানী কোনটি??
উত্তর ঃ ইউরেনিয়াম ^{২৩৫} বা U^{235}

৪৮. কোন মৌলের পরমাণুতে নিউট্রন নেই?
উত্তর ঃ হাইড্রোজেন।

৪৯. পানির সংকেত কী?
উত্তর ঃ H_2O।

৫০. ভারী পানির সংকেত কী?
উত্তর ঃ D_2O।

৫১. ভারী পানি বলতে কী বোঝায়?
উত্তর ঃ ডিউটেরিয়াম অক্সাইড।

৫২. তেজস্ক্রিয় (Radio) আইসোটোপ কাকে বলে?
উত্তরঃ যে সমস্ত আইসোটোপ তেজস্ক্রিয় ধর্ম প্রদশন করে তাদের তেজস্ক্রিয় বা রেডিও আইসোটোপ বলা হয়। যেমনঃ ইউরোনিয়াম, প্লুটোনিয়াম, রেডিয়াম ইত্যাদি।

পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে-

- যে সকল পরমাণুর প্রোটন সংখ্যা সমান কিন্তু ভর সংখ্যা ভিন্ন, তাদের বলা হয় = আইসোটোপ
- যে সকল পরমাণুর নিউটন সংখ্যা সমান কিন্তু প্রোটন সংখ্যা ও ভর সংখ্যা ভিন্ন, তাদের বলা হয় = আইসোটোন।
- যে সকল পরমাণুর ভর সংখ্যা সমান কিন্তু প্রোটন সংখ্যা ভিন্ন, তাদের বলা হয় = আইসোবার।
- যে সকল পরমাণুর প্রোটন সংখ্যা ও ভর সংখ্যা সমান, তাদের বলা হয় = আইসোমার।

২ মনে রাখার সহজ টেকনিক: আইসোটোপ, আইসোটন এবং আইসোবার, আইসোমার:

- আইসোটোপ এর শেষে "প" আছে, তাই প্রোটন সংখ্যা সমান।
- আইসোটোন এর শেষে "টোন" আছে তাই নিউট্রন সংখ্যা সমান।
- আইসোবার এর শেষে "বার" আছে তাই ভরসংখ্যা সমান।
- আইসোমার এর প্রোটন সংখ্যা ও ভর সংখ্যা সমান। দুজনই সমানে সমান টক্কর দিয়ে "মারামারি" করে। অর্থাৎ, দুজনই সমান হওয়াতে কেউ কাউকে ছাড় দেয় না।

৩ মনে রাখার সহজ টেকনিক: জারণ-বিজারণ। জারণ বিক্রিয়ায় ইলেকট্রন ত্যাগ হয় নাকি গ্রহণ করে?

- মনে রাখুন: জারণ মানে ছাড়ুন।

মানে, ইলেকট্রন ত্যাগ। অর্থাৎ জারণ বিক্রিয়ায় ইলেকট্রন ত্যাগ হয়। বিজারণ তার বিপরীত অর্থাৎ গ্রহণ।

৩ মনে রাখার সহজ টেকনিক: জারক-বিজারক। জারক ইলেকট্রন গ্রহণ করে নাকি ত্যাগ করে?

- মনে রাখুন: জাগ্রত বিদ্বান।

জা-জারক, গ্রত- গ্রহণ। অর্থাৎ জারক গ্রহণ করে।
বি-বিজারক, দ্বান-দান। অর্থাৎ বিজারক দান করে।

১.১ (ছ) বিভিন্ন প্রকার পরিমাপক যন্ত্র

- অলটিমিটার- উচ্চতা নির্ণায়ক যন্ত্র
- অ্যামিটার- বিদ্যুৎ প্রবাহ মাপক যন্ত্র
- অ্যানিমোমিটার- বাতাসের গতিবেগ ও শক্তি পরিমাপক যন্ত্র
- অডিওমিটার- শব্দের তীব্রতা নির্ণায়ক যন্ত্র
- ওডোমিটার- মোটর গাড়ির গতি নির্ণায়ক যন্ত্র
- ওহম মিটার- পরিবাহীর রোধ নির্ণায়ক যন্ত্র
- ক্যালরিমিটার- তাপ পরিমাপক যন্ত্র
- কার্ডিওগ্রাফ- হৃৎপিণ্ডের গতি নির্ণায়ক যন্ত্র
- ক্রোনোমিটার-সমুদ্রের দাঘিমা নির্ণায়ক যন্ত্র/সূক্ষ্ম সময় পরিমাপ করার যন্ত্র।
- ট্যাকোমিটার- উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্র
- পেরিস্কোপ- সাবমেরিন থেকে সমুদ্রের ওপরের জাহাজ দেখার যন্ত্র
- ফ্যাদোমিটার- সমুদ্রের গভীরতা নির্ণায়ক যন্ত্র
- ভোল্ট মিটার- বৈদ্যুতিক বিভব বা চাপ পরিমাপক যন্ত্র
- ভেলোটোমিটার- বেগের পরিমাণ নির্ণায়ক যন্ত্র
- রিখটার স্কেল- ভূমিকম্পের তীব্রতা পরিমাপক যন্ত্র
- সিসমোগ্রাফ- ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র (কিন্তু রিখটার স্কেল ভূমিকম্পের তীব্রতা পরিমাপক যন্ত্র)
- সেক্সট্যান্ট- সূর্য ও অন্যান্য গ্রহের কৌণিক উন্নতি পরিমাপক যন্ত্র
- ল্যাক্টোমিটার- দুধের বিশুদ্ধতা নির্ণায়ক যন্ত্র
- ম্যানোমিটার- গ্যাসের চাপ নির্ণায়ক যন্ত্র
- স্ফিগমোম্যানোমিটার- মানবদেহের রক্তচাপ নির্ণায়ক যন্ত্র
- স্টেথোস্কোপ- হৃৎপিণ্ড ও ফুসফুসের শব্দ নিরূপণ যন্ত্র
- থার্মোমিটার- উষ্ণতা পরিমাপক যন্ত্র
- স্প্রিডোমিটার- দ্রুতি পরিমাপক যন্ত্র
- রেইনগেজ- বৃষ্টি পরিমাপক যন্ত্র
- ব্যারোমিটার- বায়ুমণ্ডলের চাপ নির্ণায়ক যন্ত্র
- হাইগ্রোমিটার- বায়ুতে আর্দ্রতা পরিমাপক যন্ত্র
- হাইড্রোমিটার- তরলের আপেক্ষিক গুরুত্ব বা ঘনত্ব নির্ণায়ক যন্ত্র
- হাইড্রোফোন- পানির তলায় শব্দ নিরূপণের যন্ত্র
- বৈদ্যুতিক মোটর- বিদ্যুৎ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করে।
- জেনারেটর- যান্ত্রিক শক্তিকে তড়িৎ শক্তিতে রূপান্তরের যন্ত্র
- ট্রান্সফর্মার- উচ্চ বিভবকে নিম্ন বিভব ও নিম্ন বিভবকে উচ্চ বিভবে রূপান্তর করার যন্ত্র

পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে-

- রঙিন টেলিভিশনে রঙ থাকে- ৩টি।
- রংধনুতে রঙ থাকে- ৭টি।
- রংধনু সৃষ্টির কারণ- বৃষ্টির কণা।
- রংধনু সৃষ্টির সময় পানির কণাগুলো- প্রিজমের মতো কাজ করে।
- কোনো বস্তু যখন সমস্ত আলো শোষণ করে, তখন বস্তুটিকে - কালো দেখাবে।
- কোনো বস্তু যখন সমস্ত কোনো আলোই শোষণ করে না, তখন বস্তুটিকে - সাদা দেখাবে।
- কোন রঙের কাপে চা তাড়াতাড়ি ঠান্ডা হয়- কালো।
- কোন রঙের কাপে চা বেশিক্ষণ গরম থাকে- সাদা।
- কোন আলোর তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে বেশি= লাল।
- কোন আলোর তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে কম= বেগুনি।
- কোন আলোর প্রতিসরণ সবচেয়ে বেশি= বেগুনি।
- কোন আলোর প্রতিসরণ সবচেয়ে কম= লাল।
- কোন আলোর বিক্ষেপণ সবচেয়ে বেশি = বেগুনি।
- কোন আলোর বিক্ষেপণ সবচেয়ে কম= লাল।
- সর্ববৃহৎ তরঙ্গ দৈর্ঘ্যের বিকিরণ কোনটি= বেতার তরঙ্গ।
- সবচেয়ে ক্ষুদ্র তরঙ্গ দৈর্ঘ্যের বিকিরণ কোনটি= গামা রশ্মি।
- লাল আলোতে নীল রংঙের ফুল কেমন দেখায়= কালো।
- লাল আলোতে সবুজ রংঙের ফুল কেমন দেখায়= কালো।
- লাল আলোতে লাল রংঙের ফুল কেমন দেখায়= লাল।

Job Navigator

- নীল রঙের দ্রব্য দিয়ে হলুদ ঘুচান- কালো রঙের।
- কোন মাধ্যমে শব্দের বেগ সবচেয়ে বেশি = কঠিন মাধ্যমে।
- কোন মাধ্যমে শব্দের বেগ সবচেয়ে কম= বায়বীয় মাধ্যমে।
- কোন মাধ্যমে শব্দের বেগ শূন্য= শূন্য মাধ্যমে। (কারণ শব্দ কোনো মাধ্যম ছাড়া চলতে পারে না)
- তাপমাত্রা বাড়লে শব্দের বেগ কেমন হয়= বাড়ে (কারণ বায়ুমণ্ডলের ঘনত্ব কমে।)
- তাপমাত্রা কমলে শব্দের বেগ কেমন হয়= কমে (কারণ বায়ুমণ্ডলের ঘনত্ব বাড়ে।)
- ভূ-পৃষ্ঠ থেকে উপরের দিকে উঠলে বস্তুর ওজন কী হয়= কমে।
- ভূ-পৃষ্ঠের কোথায় বস্তুর ওজন সবচেয়ে বেশি= মেরু অঞ্চলে। (টেকনিক: মেরুভূমিতে সমস্যা কিছু বহন করলেও মেরুভূমির রাজে ভারী মনে হয়।)
- ভূ-পৃষ্ঠের কোথায় বস্তুর ওজন সবচেয়ে কম= নিরক্ষীয় অঞ্চলে। (টেকনিক: যে নিরক্ষর সে কোনটা হালকা কোনটা ভারী বোঝে না। তাই ওজনে কম দিলেও বোঝে না।)
- বরফ পানিতে ভাসে বরফের তুলনায় পানির = ঘনত্ব বেশি।
- পানিকে বরফে পরিণত করলে আয়তন = বাড়ে।
- কোন উষ্ণতায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি- ৪° সেলসিয়াস
- কোন রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা বেশি = কালো।
- কোন রঙের তাপ শোষণ ক্ষমতা কম= সাদা।
- আকাশ নীল হওয়ার কারণ- নীল আলোর বিক্ষেপণ বেশি
- সাগরের পানি নীল হওয়ার কারণ- নীল আলোর বিক্ষেপণ
- সূর্যোদয় ও সূর্যাস্তের সময় আকাশ লাল দেখায়- লাল আলোর তরঙ্গদৈর্ঘ্য বেশি বলে।

আলোর বিক্ষেপণের কিছু ঘটনা:

*আকাশ নীল দেখায়

*সমুদ্র নীল দেখায়

আলোর প্রতিসরণের কিছু উল্লেখ কিছু ঘটনা:

* পানিতে নৌকার বৈঠা বাঁকা দেখায়
* চাঁদ দিগন্তের কাছে অনেক বড় দেখায়

পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের কিছু ঘটনা:

* মরীচিকা
*অপটিক্যাল ফাইবারে আলোক সংকেত
* হীরক উজ্জ্বল দেখায়

[বি.দ্র: মনে রাখুন, যার তরঙ্গদৈর্ঘ্য কম তার প্রতিসরণ, বিক্ষেপণ, বিচ্যুতি বেশি হয় এবং যার তরঙ্গদৈর্ঘ্য বেশি তার প্রতিসরণ, বিক্ষেপণ, বিচ্যুতি কম হয়। অর্থাৎ উল্টোটি ঘটে। কম হলে বেশি, বেশি হলে কম।]

১.২ রসায়ন

১.২ (ক) বিভিন্ন প্রকার গ্যাস ও জ্বালানি

প্রশ্ন। গ্যাস কাকে বলে?

উত্তর: সাধারণ তাপমাত্রায় যেসব পদার্থ বায়বীয় অবস্থায় থাকে তাদেরকে গ্যাস বলে।

প্রশ্ন। সবচেয়ে হালকা গ্যাস কোনটি?

উত্তর: হাইড্রোজেন।

প্রশ্ন। সবচেয়ে ভারী গ্যাস কোনটি?

উত্তর: রেডন।

প্রশ্ন। নিষ্ক্রিয় গ্যাস কোনটি?

উত্তর: মোট নিষ্ক্রিয় গ্যাস ৬টি। যথা: হিলিয়াম, নিয়ন, আর্গন, ক্রিপটন, জেনন, রেডন।

প্রশ্ন। কোন মৌলটি সবচেয়ে বেশি নিষ্ক্রিয়?

উত্তর: হিলিয়াম।

প্রশ্ন। নিষ্ক্রিয় গ্যাসের মধ্যে কোনটি তেজস্ক্রিয়?

উত্তর: রেডন। (সবচেয়ে ভারী গ্যাস তো তাই তেজ বেশি।)

প্রশ্ন। টিউব লাইটের ভিতর কোন গ্যাস ব্যবহার করা হয়?

উত্তর: আর্গন ও নিয়ন।

প্রশ্ন। সাধারণ বৈদ্যুতিক বাল্বের ভিতর কোন গ্যাস ব্যবহার করা হয়?

উত্তর: নাইট্রোজেন।

প্রশ্ন। হাইড্রোজেন গ্যাস অপেক্ষাকৃত হালকা হওয়া সত্ত্বেও বেলুন ও উড়োজাহাজে কেন হিলিয়াম গ্যাস ব্যবহার করা হয়?

উত্তর: হিলিয়াম নিষ্ক্রিয় গ্যাস বলে আগুন ধরে না তাই। অথচ হাইড্রোজেন গ্যাস একটি দাহ্য গ্যাস তাই সহজেই আগুন ধরার সম্ভাবনা থাকে।

প্রশ্ন। ডুবুরিরা পানিতে ভাসার জন্য কোন গ্যাস ব্যবহার করে?

উত্তর: হিলিয়াম।

প্রশ্ন। পারমাণবিক বোমা তৈরিতে কোন গ্যাস ব্যবহার করা হয়?

উত্তর: হাইড্রোজেন।

প্রশ্ন। সিলেন্ডারে করে যে গ্যাস বিক্রি করা হয় তার প্রধান উপাদান কী?

উত্তর: বিউটেন।

প্রশ্ন। চিপসের প্যাকেটে কোন গ্যাস ব্যবহার করা হয়?

উত্তর: নাইট্রোজেন।

প্রশ্ন। বাজারে প্রচলিত কোক জাতীয় পানীয়র বোতলে কোন গ্যাস থাকে?

উত্তর: কার্বন ডাই-অক্সাইড।

প্রশ্ন। পচা ডিম থেকে কোন গ্যাস বের হয়?

উ: হাইড্রোজেন সালফাইড।

প্রশ্ন। প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান কী?

উত্তর: মিথেন।

প্রশ্ন। প্রাকৃতিক গ্যাসে মিথেনের পরিমাণ কত?

উত্তর: ৮০%-৯০%।

Job Navigator

প্র: মানুষ কোন গ্যাস প্রাকৃতিক গ্যাসে মিশিয়ে পরিমাণ করে?
উ: মার্কাপটান

প্র: মানুষ কোন ইটিবা সব তৈরির প্রধান কাঁচামাল হিসেবে ব্যবহার করে?
উ: প্রাকৃতিক গ্যাস

প্র: প্রাকৃতিক গ্যাসের সাহায্যে কোন সার তৈরি হয়?
উ: ইউরিয়া

প্র: ইউরিয়া সারে কত শতাংশ নাইট্রোজেন থাকে?
উ: ৪৬%

প্র: নাইট্রোজেন গ্যাস থেকে কোন সার তৈরি করা হয়?
উ: ইউরিয়া

প্র: ইউরিয়া সারের প্রধান উপাদান কী?
উ: নাইট্রোজেন গ্যাস। কিন্তু আমাদের দেশে ইউরিয়া সার তৈরিতে কাঁচামাল হিসেবে ব্যবহার হয় প্রাকৃতিক গ্যাস।

প্র: প্রাকৃতিক গ্যাস সৃষ্টির মূল কারণ কী?
উ: পচনীয় জৈববস্তুর প্রোটিন ও চর্বি

প্র: প্রাকৃতিক গ্যাসে কোন শক্তি সঞ্চিত থাকে?
উ: রাসায়নিক শক্তি। যে বস্তু রাসায়নিক শক্তিকে বৈদ্যুতিক শক্তায় রূপান্তর করে যে, তাকে ব্যাটারি বলা হয়।

প্র: CNG এর পূর্ণরূপ কী?
উ: Compressed Natural Gas. অর্থাৎ, কম্প্রেস করা প্রাকৃতিক গ্যাস

প্র: এলএনজি (LNG) গ্যাস কী?
উ: প্রাকৃতিক গ্যাসের একটি রূপ হলো এলএনজি। LNG-এর পূর্ণরূপ হলো Liquefied Natural Gas বা তরলীকৃত প্রাকৃতিক গ্যাস। মূলত এলএনজি হচ্ছে প্রাকৃতিক গ্যাস, যাকে সহজে ও পরিবহনের সুবিধার্থে অত্যধিকভাবে ঠান্ডা করে তরলে রূপান্তর করা হয়।

প্র: এলএনজিতে কোন গ্যাস রূপান্তর করা হয়?
উ: মিথেন

প্র: কম ওজনের যে গ্যাস ব্যবহারে জমি বেশি লাগে তা কী?
উ: মিথেনের সমৃদ্ধ ইউরিয়া ও অ্যামোনিয়া মিশ্রণ

প্র: মেঘের পুরুত্বে কোন গ্যাস উপস্থিত?
উ: কার্বন ডাই-অক্সাইড

প্র: বায়ুমণ্ডলে ওজনস্তর ক্ষয় হওয়ার জন্য দায়ী কোন গ্যাস?
উ: ক্লোরোফ্লুরো কার্বন

প্র: পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধির জন্য দায়ী কোন গ্যাস?
উ: কার্বন ডাই-অক্সাইড

প্র: কোন গ্যাস নিচে জমে বিষ্ণু জমাকে ফুলতে সাহায্য করে না?
উ: হাইড্রোজেন। মনে রাখুন, যে High বা উচ্চ তাই নিচে নিচে চলে যায়।

প্র: কোন গ্যাস নিচে জমে না বিষ্ণু জমাকে ফুলতে সাহায্য করে?
উ: অক্সিজেন। মনে রাখুন, অক্সিজেন সবসময় অক্সিজেনের সাথে পরে উপকার করে।

প্র: কোন গ্যাস নিচে জমে না অথবা জমাকে ফুলতে সাহায্য করে না?
উ: কার্বন ডাই-অক্সাইড। মনে রাখুন, কার্বন ডাই-অক্সাইড ও Dry বড় হয়ে গেছে তাই সে নিচে জমে পরে না অথবা জমাকে ফুলতে সাহায্য করে না। মনে রাখার আরেক কারণ উপরের করতে পারে না, তাদের কাজ কার্বন করতে পারে না।

প্র: মাটি নির্বাপদ করে মাটির নিচতাবার জন্য কোন গ্যাস ব্যবহার করা হয়?
উ: কার্বন ডাই-অক্সাইড। মনে রাখুন, কার্বন ডাই-অক্সাইড নিচে মাটিতে Dry মনে হলে থাকা যায়।

প্র: কোন গ্যাসটি বিষাক্ত?
উ: কার্বন মনো-অক্সাইড

প্র: কোন জ্বালানি পোড়ালে সালফার ডাই-অক্সাইড গ্যাস নির্গত হয়?
উ: কয়লা

প্র: পেট্রল, অকটেন ও ন্যাপথালিন পোড়ালে কোন গ্যাস নির্গত হয়?
উ: কার্বন ডাই-অক্সাইড

প্র: প্রকৃতির গ্যাস, কয়লা, পেট্রোলিয়াম পোড়ালে কোন গ্যাস উৎপন্ন হয়?
উ: কার্বন ডাই-অক্সাইড

প্র: শরীর থেকে নির্গত কোন বিষাক্ত কোনটি থাকে?
উ: বিষাক্ত কার্বন মনো-অক্সাইড

প্র: জীবাশ্ম জ্বালানি দহনের ফলে বায়ুমণ্ডলে কোন গ্যাস ক্রমশ গাঢ়ের সবচেয়ে বেশি বৃদ্ধি পাচ্ছে?
উ: কার্বন ডাই-অক্সাইড

প্র: জীবাশ্ম জ্বালানির অসম্পূর্ণ দহনের ফলে কোন গ্যাস উৎপন্ন হয়?
উ: কার্বন মনোক্সাইড

প্র: জীবাশ্ম জ্বালানি পোড়ালে বায়ুমণ্ডলে কোন গ্যাসের পরিমাণ সবচেয়ে বেশি বৃদ্ধি পায়?
উ: কার্বন ডাই-অক্সাইড

প্র: পৃথিবীপৃষ্ঠে কোন গ্যাসের পরিমাণ সবচেয়ে বেশি?
উ: অক্সিজেন

প্র: বায়ুমণ্ডলে কোন গ্যাসের পরিমাণ সবচেয়ে বেশি?
উ: নাইট্রোজেন

প্র: নাইট্রোজেন গ্যাসের প্রধান উৎস কী?
উ: বায়ুমণ্ডল

প্র: বায়ুমণ্ডলে উষ্ণতা বৃদ্ধির জন্য দায়ী কোন গ্যাস?
উ: কার্বন-ডাই-অক্সাইড

প্র: পৃথিবীর উষ্ণতা/তাপমাত্রা বৃদ্ধির জন্য দায়ী কোন গ্যাস?
উ: কার্বন-ডাই-অক্সাইড

প্র: ওজন স্তরে ছিদ্রের জন্য দায়ী কোন গ্যাস?
উ: ক্লোরোফ্লুরোকার্বন গ্যাস, যার CFC গ্যাস

প্র: ওজন স্তরে সবচেয়ে বেশি ক্ষতি করে কোন গ্যাস?
উ: ক্লোরোফ্লুরোকার্বন গ্যাস, যার CFC গ্যাস

প্র: পরিবেশ দূষণের জন্য সবচেয়ে বেশি দায়ী কোন গ্যাস?
উ: কার্বন ডাই-অক্সাইড (CO_2)

Job Navigator

প্রশ্ন। বায়ু দূষণের জন্য সবচেয়ে বেশি দায়ী কোন গ্যাস?
উত্তর ঃ কার্বন মনোক্সাইড (CO)।

প্রশ্ন। সমুদ্রতীরে কোন গ্যাসের পরিমাণ সবচেয়ে বেশি থাকে?
উত্তর ঃ নাইট্রোজেন।

প্রশ্ন। উদ্ভিদের প্রধান পুষ্টি উপাদান কোনটি ?
উত্তর: নাইট্রোজেন।

প্রশ্ন। পানি ঢেলে কেরোসিনের আগুন নেভানো যায় না কেন?
উত্তর: কেরোসিন পানির চেয়ে হালকা।

প্রশ্ন। পানি দিয়ে পেট্রোলের আগুন নেভানো যায় না কেন?
উত্তর: পেট্রোল পানির চেয়ে হালকা।

প্রশ্ন। পেট্রোলিয়াম কী?
উত্তর: অসম্পৃক্ত হাইড্রোকার্বন যৌগের মিশ্রণ।

প্রশ্ন। প্রাণীর মলমূত্র থেকে ব্যাকটেরিয়ার ফারমেন্টেশন প্রক্রিয়ায় কী উৎপন্ন হয়?
উত্তর: মিথেন।

প্রশ্ন। বায়োগ্যাসের প্রধান কাঁচামাল কী?
উত্তর: গোবর ও পানি।

প্রশ্ন। বায়োগ্যাসে গোবর ও পানির অনুপাত কত?
উত্তর: ১ : ২।

প্রশ্ন। বায়োগ্যাস তৈরির পর যে অবশিষ্টাংশ থাকে তা কী হিসেবে ব্যবহার করর যায়?
উত্তর: সার হিসেবে ব্যবহার করা যায়।

প্রশ্ন। সিএফসি (CFC) গ্যাসের বাণিজ্যিক নাম কী?
উত্তর: ফ্রেয়ন।

প্রশ্ন। রেফ্রিজারেটর বা এসির কম্প্রেসারে সাধারণ কোন গ্যাস ব্যবহার করা হয়?
উত্তর: ফ্রেয়ন।

প্রশ্ন। বর্তমানে পরিবেশ-বান্ধব কোন গ্যাসটি রেফ্রিজারেটরের কম্প্রেসারে ব্যবহার করা হয়?
উত্তর: ফ্রেয়ন গ্যাসটি পরিবেশ ও বায়ুমণ্ডলের জন্য ক্ষতিকর বিধায় বর্তমানে রেফ্রিজারেটরের কম্প্রেসারে টেট্রাফ্লুরো ইথেন ব্যবহার করা হয়।

প্রশ্ন। শক্তির প্রধান উৎস কী?
উত্তর: সূর্য।

প্রশ্ন। বায়ুমণ্ডলের মোট শক্তির কতভাগ সূর্য থেকে আসে?
উত্তর: ৯৯.৯৭%

প্রশ্ন। সূর্যে কোন গ্যাস রয়েছে?
উত্তর: হাইড্রোজেন ও হিলিয়াম।

প্রশ্ন। বায়ুমণ্ডলের প্রধান দুটি গ্যাসের নাম কী?
উত্তর: নাইট্রোজেন ও অক্সিজেন।

প্রশ্ন। বায়ুমণ্ডলে নাইট্রোজেনের পরিমাণ কত?
উত্তর: ৭৮.০২%।

প্রশ্ন। বায়ুমণ্ডলে অক্সিজেনের পরিমাণ কত?
উত্তর: ২০.৭১%।

প্রশ্ন। জীবাশ্ম জ্বালানি বলতে কী বোঝায়?
উত্তর: লক্ষ লক্ষ বছর আগে ভূমিকম্প বা অন্য কোনো কারণে জীবদেহ অর্থাৎ প্রাণী ও উদ্ভিদ মাটির নিচে চাপা পড়ে পৃথিবীর অভ্যন্তরের প্রচণ্ড তাপ ও চাপের ফলে যে জ্বালানির সৃষ্টি হয় তাকে জীবাশ্ম জ্বালানি বা Fossil Fuel বলে। আরো সহজভাবে বললে, মাটির নিচ থেকে যে সব জ্বালানি পাওয়া যায় সেগুলোই জীবাশ্ম জ্বালানি।

প্রশ্ন। জীবাশ্ম জ্বালানিগুলো প্রধানত কী কী?
উত্তর: প্রাকৃতিক গ্যাস, কয়লা, তেল, বিভিন্ন প্রকার পেট্রোলিয়াম ইত্যাদি।

প্রশ্ন। নবায়নযোগ্য জ্বালানি বলতে কী বোঝায়?
উত্তর: যে জ্বালানি বারবার ব্যবহার করা যায় অর্থাৎ নবায়ন করা যায়, সহজে নিঃশেষ হয় না, তাকে নবায়নযোগ্য জ্বালানি বলে।

প্রশ্ন। নবায়নযোগ্য জ্বালানিগুলো কী কী?
উত্তর: সৌরশক্তি বা সূর্যের আলো, বায়ু, বায়ুগ্যাস, পানি, সমুদ্রের স্রোত, নদীর স্রোত, পারমাণবিক শক্তি ইত্যাদি।

প্রশ্ন। সৌরকোষ কী?
উত্তর: এটি এমন এক ধরনের ডিভাইস বা যান্ত্রিক কৌশল যা সৌরশক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করে।

প্রশ্ন। সৌরকোষের সাথে কী যুক্ত করলে সৌরকোষের বিদ্যুৎ রাতেও ব্যবহার করা যায়?
উত্তর: স্টোরেজ ব্যাটারি।

প্রশ্ন। সৌরকোষে কোন মৌল ব্যবহার করা হয়?
উত্তর: সিলিকন।

প্রশ্ন। 'ড্রাই আইস' কী?
উত্তর ঃ হিমায়িত বা শুষ্ক কার্বন ডাই-অক্সাইড হলো 'ড্রাই আইস'। ড্রাই আইসের আসলে কোনো আইস তথা বরফ নয়। কার্বন ডাই-অক্সাইডকে খুব ঠান্ডার মধ্যে রেখে প্রচণ্ড চাপ প্রয়োগ করলে তা জমাট বাঁধতে শুরু করে। যা দেখতে অনেকটা বরফের মতো কিন্তু হাত দিয়ে ধরলে হাত ভিজে না। তাই এই কারণে এর নামকরণ করা হয়েছে 'ড্রাই আইস'।

১.২ (খ) পদার্থ ও তাদের অবস্থান

- **পদার্থ :** যার ভর আছে, যা স্থান দখল করে অবস্থান করে তাকে পদার্থ বলে।
- **পদার্থের অবস্থাভেদ :** পদার্থ তিনটি অবস্থায় থাকতে পারে। যথা: কঠিন, তরল ও বায়বীয়। তাপ পদার্থের তিন অবস্থার রূপান্তরের কারণ। পানি একমাত্র পদার্থ যা প্রকৃতিতে কঠিন (বরফ), তরল (পানি) এবং বায়বীয় (জলীয় বাষ্প) তিনটি অবস্থাতেই পাওয়া যায়।
- **কঠিন পদার্থ :** কঠিন পদার্থের নির্দিষ্ট আকার ও আয়তন এবং দৃঢ়তা আছে। আর অণুসমূহ পরস্পরের অতি সন্নিকটে অবস্থান করে। যেমন: বালু, পাথর, লবণ।
- **তরল পদার্থ :** তরল পদার্থের নির্দিষ্ট আয়তন আছে কিন্তু নির্দিষ্ট আকার নেই। তরল পদার্থের অণুসমূহ পরস্পরের সন্নিকটে থাকে, তবে তাদের মধ্যকার আকর্ষণ কঠিন পদার্থের মত প্রবল নয়। উদাহরণ: পানি, কেরোসিন।

- **বায়বীয় পদার্থ :** বায়বীয় পদার্থের নির্দিষ্ট আকার ও আয়তন নেই। বায়বীয় পদার্থের অণুসমূহের দূরত্ব অনেক বেশি, তাই আকর্ষণ শক্তি অনেক কম। ফলে তারা মুক্তভাবে চলাচল করে। উদাহরণ: নাইট্রোজেন, অক্সিজেন, মিথেন।
- **গলনাংক :** যে অবস্থায় কোন পদার্থ কঠিন পদার্থ হতে তরল অবস্থায় পরিণত হয়, তাকে সে পদার্থের গলনাংক বলে। পানির গলনাংক ০° সেন্টিগ্রেড। কোনো কঠিন পদার্থ বিশুদ্ধ নাকি অবিশুদ্ধ তা গলনাংকের মাধ্যমে নির্ণয় করা যায়।
- **স্ফুটনাংক :** যে তাপমাত্রায় কোন তরল পদার্থ ফুটতে থাকে, তাকে সে পদার্থের স্ফুটনাংক বলে। পানির স্ফুটনাংক ১০০° সেন্টিগ্রেড। চাপ বৃদ্ধি পেলে স্ফুটনাংক বৃদ্ধি পায়, চাপ কমলে স্ফুটনাংক কমে। যে তাপে বস্তুর তাপমাত্রার পরিবর্তন না ঘটিয়ে শুধু অবস্থার পরিবর্তন ঘটায় সে তাপকে বলে- সুপ্ততাপ।
- **ঊর্ধ্বপাতন :** কোনো কোনো ক্ষেত্রে কঠিন পদার্থকে উত্তপ্ত করলে তা তরলে রূপান্তরিত না হয়ে সরাসরি বাষ্পে রূপান্তরিত হয়, এই প্রক্রিয়াকে ঊর্ধ্বপাতন বলে। যেমন: কর্পুর, গন্ধক, আয়োডিন, ন্যাপথালিন, নিশাদল, অ্যামোনিয়াম ক্লোরাইড, কার্বন ডাই অক্সাইড, আর্সেনিক, বেনজয়িক এসিড ইত্যাদি।
- **পদার্থের শ্রেণিবিভাগ :** পদার্থকে ২ টি শ্রেণিতে ভাগ করা যায়। যথা- (১) মিশ্রণ ও (২) খাঁটি বস্তু।
- **মিশ্রণ :** দুই বা ততোধিক পদার্থকে যে কোন অনুপাতে একত্রে মিশালে যদি তারা নিজ নিজ ধর্ম বজায় রেখে পাশাপাশি অবস্থান করে, তবে উক্ত সমাবেশকে মিশ্রণ বলে। বায়ু একটি মিশ্র পদার্থ।
- **খাঁটি বস্তু :** খাঁটি বস্তু ২ভাগে বিভক্ত যথা-(ক) মৌল ও (২) যৌগ।

(ক) **মৌল বা মৌলিক পদার্থ :** যে পদার্থকে রাসায়নিকভাবে বিশ্লেষণ করলে অন্য কোন সহজ বস্তুতে রূপান্তরিত করা যায় না, তাকে মৌল বা মৌলিক পদার্থ বলে। যেমন: হাইড্রোজেন, অক্সিজেন, সোনা, তামা। পৃথিবীতে বর্তমানে মৌলিক পদার্থের সংখ্যা ১১৮টি। এদের মধ্যে বর্তমানে ৯৮টি প্রকৃতিতে পাওয়া যায়। কৃত্রিম উপায়ে প্রাপ্ত মৌলিক পদার্থের সংখ্যা ২০টি।

(খ) **যৌগ বা যৌগিক পদার্থ :** যে বস্তুকে রাসায়নিকভাবে বিশ্লেষণ করলে দুই বা ততোধিক মৌলিক পদার্থ পাওয়া যায়, তাকে যৌগ বা যৌগিক পদার্থ বলে। যেমন : পানি।

- **পদার্থের পরিবর্তন :** পদার্থের পরিবর্তন দুই ধরণের। যথা- (১) ভৌত বা অবস্থাগত পরিবর্তন (২) রাসায়নিক পরিবর্তন।

(১) **ভৌত বা অবস্থাগত পরিবর্তন :** যে পরিবর্তনের ফলে পদার্থের শুধু বাহ্যিক আকার বা অবস্থার পরিবর্তন হয় কিন্তু নতুন কোন পদার্থে পরিণত হয় না, তাকে ভৌত পরিবর্তন বলে। যেমন: পানিকে ঠাণ্ডা করে বরফে এবং তাপ দিয়ে জলীয় বাষ্পে পরিণত করা, একটি লোহার টুকরাকে ঘর্ষণ করে চুম্বকে পরিণত করা ও তাপ দিয়ে মোম গলানো।

❖ ভৌত পরিবর্তনের উদাহরণ :
- লোহাকে চুম্বকে পরিণত করা।
- চিনিকে পানিকে দ্রবীভূত করা।
- কঠিন মোমকে তাপে গলানো।
- বৈদ্যুতিক বাল্ব জ্বালানো।
- পানিকে ঠান্ডা বরফে পরিণত করা।
- পানিকে তাপ দিয়ে জলীয় বাষ্পে পরিণত করা।

(২) **রাসায়নিক পরিবর্তন :** যে পরিবর্তনের ফলে এক বা একাধিক বস্তু প্রত্যেকে তার নিজস্ব সত্তা হারিয়ে সম্পূর্ণ নতুন ধর্ম বিশিষ্ট এক বা একাধিক নতুন বস্তুতে পরিণত হয়, তাকে রাসায়নিক পরিবর্তন বলে। যেমন: লোহায় মরিচা ধরা, দুধকে ছানায় পরিণত করা, চাল সিদ্ধ করে ভাতে পরিণত করা ও দিয়াশলাইয়ের কাঠি জ্বালানো।

❖ রাসায়নিক পরিবর্তনের উদাহরণ :
- লোহায় মরিচা পড়া
- দুধকে ছানায় পরিণত করা
- মোমবাতির দহন
- দিয়াশলাইয়ের কাঠি জ্বালানো
- গাছের পাতায় খাদ্য তৈরি প্রক্রিয়া

১.২ (গ) পদার্থ সম্পর্কে কিছু গুরুত্বপূর্ণ তথ্য

- যার ভর আছে, জায়গা দখল করে এবং জড়তা আছে তাই পদার্থ।
- বহুরূপী মৌলিক পদার্থ- কার্বন (তবে কার্বন ছাড়াও সালফারের বহুরূপতা দেখা যায়)
- কার্বন হলো- একটি বিজারক পদার্থ।
- কার্বন একটি -বহুরূপী মৌল।
- হীরক হলো - কার্বনের একটি রূপভেদ
- কার্বনের রূপভেদ হলো- হীরা/হীরক, গ্রাফাইট, গ্রাফিন
- প্রকৃতিতে সবচেয়ে শক্ত পদার্থ হলো - হীরক।
- হীরককে এক্সরের সাহায্যে চেনা যায়- আসল না নকল হীরা।
- যে মৌলের যৌগের সংখ্যা সবচেয়ে বেশি- কার্বন।
- কার্বন সবচেয়ে বেশি আছে- অ্যানথ্রাসাইড কয়লায়।
- হীরক উজ্জ্বল দেখায়- পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের জন্য।
- কাঁচ কাটতে ব্যবহৃত হয়- হীরা/হীরক।
- অধাতু হলেও বিদ্যুৎ পরিবহন করে- গ্রাফাইট।
- উড পেন্সিলের সীসরূপে ব্যবহৃত হয়- গ্রাফাইট।
- মসৃণকারক হিসেবে ব্যবহৃত হয়- গ্রাফাইট।
- নরম ও সাবানের মতো পিচ্ছিল হওয়ায় গ্রাফাইট ব্যবহৃত হয়- কলকব্জায় পিচ্ছিলকারক বা লুব্রিকেন্ট হিসেবে।
- কয়লার মূল উপাদান- কার্বন।
- পীট কয়লার বৈশিষ্ট্য- নরম ও ভেজা।
- জৈব যৌগ হলো- কার্বন ও অন্যান্য মৌলের সমন্বয়ে গঠিত যৌগ।
- সাধারণ ড্রাইসেলে ধনাত্মক পাত হিসেবে ব্যবহৃত হয়- কার্বনদণ্ড।
- শুষ্ক কোষে ইলেকট্রন দান করে- কার্বনদণ্ড।
- পারমাণবিক চুল্লীতে নিউট্রনের গতি হ্রাসের জন্য মন্থরক হিসেবে ব্যবহৃত হয়- গ্রাফাইট।

- কালো রং হিসেবে ছাপার কালিতে ব্যবহৃত হয়- ভুষা কয়লা।
- চিনি শোধন করতে ব্যবহৃত হয় - প্রাণিজ কয়লা।
- ধাতু নিষ্কাশনে ব্যবহৃত হয়- কাঠ কয়লা।
- যাবতীয় বস্তু দুই প্রকার। যথা: মৌলিক ও যৌগিক পদার্থ।
- মৌলিক পদার্থ চার প্রকার। যথা : ধাতু, উপধাতু, অধাতু ও নিষ্ক্রিয় মৌল।
- যৌগিক পদার্থ দুই প্রকার। যথা : জৈব যৌগ ও অজৈব যৌগ।
- যে সকল বস্তুকে রাসায়নিকভাবে বিশ্লেষণ করে অন্য কোন সহজ বস্তুতে রূপান্তরিত করা যায় না, তাকে বলে– মৌলিক পদার্থ।
- এ পর্যন্ত আবিষ্কৃত মৌলিক পদার্থের সংখ্যা– ১১৮ টি।
- প্রকৃতিতে প্রাপ্ত মৌলিক পদার্থের সংখ্যা- ৯৮ টি।
- প্রকৃতিতে প্রাপ্ত সবচেয়ে হালকা মৌল- হাইড্রোজেন।
- প্রকৃতিতে প্রাপ্ত সবচেয়ে ভারী মৌল- ইউরেনিয়াম।
- যে সব মৌল কখনো ধাতু কখনো অধাতুর ন্যায় আচরণ করে তাকে বলে– উপধাতু। যেমন : আর্সেনিক, বোরন, সিলিকন।
- তাপ ও বিদ্যুৎ সুপরিবাহী মৌলকে বলে– ধাতু।
- যেসব মৌল প্রধানত তাপ ও বিদ্যুৎ অপরিবাহী তাদের বলে– অধাতু।
- দুই বা ততোধিক পদার্থকে যে কোনো অনুপাতে মিশালে যদি তারা নিজ নিজ ধর্ম বজায় রেখে পাশাপাশি অবস্থান করে, তবে উক্ত সমাবেশকে বলে– মিশ্রণ।
- বায়ু একটি– মিশ্র পদার্থ।
- সবচেয়ে হালকা গ্যাস– হাইড্রোজেন।
- সবচেয়ে ভারী পদার্থ– তরল মারকারি বা পারদ।
- পানির ঘনত্ব সবচেয়ে বেশি– ৪ ডিগ্রি সেলসিয়াস।
- গলনাংক, স্ফুটনাংক এবং ঘনত্ব হলো- পদার্থের ভৌত ধর্ম।
- যেসব কঠিন পদার্থ উত্তপ্ত করলে সরাসরি বাষ্পে পরিণত হয় তাকে বলে– উর্ধ্বপাতিত/উদ্বায়ী পদার্থ। যেমন : আয়োডিন, কর্পুর, নিশাদল।
- প্রকৃতিতে প্রাপ্ত সবচেয়ে কঠিন/শক্ত পদার্থ- হীরক।
- ফটোস্ট্যাট মেশিনে ব্যবহৃত মৌলিক পদার্থটির নাম- সেলিনিয়াম।

১.২ (ঘ) ধাতু ও অধাতু

ধাতু : যে মৌল সাধারণ অবস্থায় কঠিন, উজ্জ্বল ও চকচকে, ওজনে ভারী, যাকে আঘাত করলে ধাতব শব্দ উৎপন্ন হয়, যা সাধারণত তাপ ও তড়িতের সুপরিবাহী এবং যা সর্বদা ধনাত্মক তড়িৎধর্মী তাদের ধাতু বলে। যেমন : সোডিয়াম, ক্যালসিয়াম, তামা (কপার), লোহা (আয়রণ), অ্যালুমিনিয়াম, রুপা (সিলভার), সোনা (গোল্ড), দস্তা (জিঙ্ক), টিন ইত্যাদি।

ধাতু সম্পর্কিত বিভিন্ন তথ্য

১. প্রকৃতিতে প্রাপ্ত মৌলের মধ্যে ধাতু- ৭০টি।
২. সবচেয়ে হালকা ধাতু- লিথিয়াম।
৩. সবচেয়ে মূল্যবান ধাতু- প্লাটিনাম।
৪. কোন ধর্মের জন্যে ধাতুকে পাতলা পাতে পরিণত করা যায় ঘাতসহতা।
৫. কোন ধর্মের জন্যে ধাতুকে সরু তারে পরিণত করা যায় নমনীয়তা।
৬. কোন ধাতুর বিদ্যুৎ পরিবাহিতা বেশি- রূপা।
৭. সবচেয়ে সক্রিয় ধাতু- পটাসিয়াম।
৮. আঘাত করলে শব্দ হয় না- অ্যান্টিমনি।
৯. গলনাঙ্ক সবচেয়ে কম- পারদ।
১০. সবচেয়ে ভারী তরল- পারদ।
১১. তাড়াতাড়ি ক্ষয়প্রাপ্ত হয়- দস্তা।
১২. পানিতে ভাসে - সোডিয়াম।
১৩. যে ধাতু সাধারণ তাপমাত্রায় তরল অবস্থায় পাওয়া যায়- পারদ। [নোট: যে অধাতু সাধারণ তাপমাত্রায় তরল অবস্থায় পাওয়া যায়- ব্রোমিন]
১৪. পৃথিবী তৈরির প্রধান উপাদান হলো- সিলিকন।
১৫. ভূত্বকের প্রধান উপাদান হলো- অক্সিজেন।
১৬. ভূপৃষ্ঠে যে ধাতু সবচেয়ে বেশি পরিমাণে পাওয়া যায়- অ্যালুমিনিয়াম।

অধাতু : যে মৌল সাধারণ অবস্থায় তরল বা গ্যাসীয়, উজ্জ্বল বা চকচকে নয়, ওজনে হালকা, গঠনে ভঙ্গুর, যাকে আঘাত করলে শব্দ উৎপন্ন হয় না, যা সাধারণত তাপ ও তড়িতের কুপরিবাহী এবং যা সর্বদা ঋণাত্মক তড়িৎধর্মী, তাদের অধাতু বলে। যেমন: অক্সিজেন, নাইট্রোজেন, ক্লোরিন, সালফার (গন্ধক), কার্বন, ফসফরাস ইত্যাদি।

অধাতু সম্পর্কিত বিভিন্ন তথ্য

১. প্রাকৃতিক মৌলের মধ্যে অধাতু- ১৯টি।
২. সবচেয়ে সক্রিয় অধাতু- ফ্লোরিন।
৩. কোনটি বিজারক অধাতু- কার্বন।
৪. তাপ ও বিদ্যুৎ পরিবাহী অধাতু- গ্রাফাইট।
৫. যে অধাতু সাধারণ তাপমাত্রায় তরল অবস্থায় পাওয়া যায়- ব্রোমিন। [নোট: যে ধাতু সাধারণ তাপমাত্রায় তরল অবস্থায় পাওয়া যায়- পারদ]

নিষ্ক্রিয় মৌল : যে সমস্ত মৌল কোনো রাসায়নিক বিক্রিয়ায় অংশগ্রহণ করে না, তাদের নিষ্ক্রিয় মৌল বলে। যেমন: হিলিয়াম, নিয়ন, আর্গন, ক্রিপটন, জেনন, রেডন ইত্যাদি।

ধাতু ও অধাতুদের কিছু ব্যতিক্রম

❑ **ধাতুর ব্যতিক্রম:**
- সাধারণ তাপমাত্রায় তরল ধাতু : পারদ
- ওজনে হালকা ধাতু : সোডিয়াম, লিথিয়াম, পটাশিয়াম
- হাইড্রোজেনের চেয়েও কম তড়িৎধনাত্মক ধাতু : তামা, সোনা, রুপা

❑ **অধাতুর ব্যতিক্রম:**
- সাধারণ তাপমাত্রায় তরল অধাতু : ব্রোমিন
- সাধারণ তাপমাত্রায় কঠিন ও উজ্জ্বল অধাতু : আয়োডিন, হীরক

- তড়িৎ ধনাত্মক অধাতু : হাইড্রোজেন
- তড়িৎ পরিবহণ করে এমন অধাতু : গ্রাফাইট, গ্যাস কার্বন
- গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক বেশি এমন অধাতু : কার্বন, বোরন, সিলিকন
- ওজনে ভারী এমন অধাতু : আয়োডিন

ধাতু ও অধাতুর পার্থক্য

(১) ধাতু সাধারণ অবস্থায় কঠিন, উজ্জ্বল, চক্‌চকে, তবে ব্যতিক্রম হিসেবে পারদ ধাতু হলেও তরল। অপরদিকে, অধাতু সাধারণ অবস্থায় তরল বা গ্যাসীয় হয় এবং অনুজ্জ্বল, তবে ব্যতিক্রম হিসেবে আয়োডিন অধাতু হলেও কঠিন।

(২) ধাতু প্রসারণশীল এবং ওজনে ভারী ও আঘাত করলে ধাতব শব্দ উৎপন্ন হয়। পক্ষান্তরে, অধাতু প্রসারণশীল নয়, হালকা এবং আঘাত করতে শব্দ উৎপন্ন হয় না।

(৩) ধাতু সাধারণত ধনাত্মক তড়িৎধর্মী। পক্ষান্তরে, অধাতু সাধারণত ঋণাত্মক তড়িৎধর্মী। তবে ব্যতিক্রম হিসেবে হাইড্রোজেন অধাতু হলেও তড়িৎধনাত্মক।

(৪) ধাতুর গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক সাধারণত বেশি হয়। পক্ষান্তরে, অধাতুর গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক সাধারণত কম হয়।

(৫) ধাতুগুলো তাপ ও তড়িতের সুপরিবাহী। পক্ষান্তরে, অধাতুগুলো তাপ ও তড়িতের কুপরিবাহী। তবে ব্যতিক্রম হিসেবে গ্রাফাইট, গ্যাসকার্বন অধাতু হলেও তড়িৎ পরিবহণ করে।

(৬) ধাতুগুলো অক্সিজেনের সাথে বিক্রিয়া করে ক্ষারীয় অক্সাইড গঠন করে। পক্ষান্তরে, অধাতুগুলো অক্সিজেনের সাথে বিক্রিয়া করে আম্লিক অক্সাইড গঠন করে।

☞ পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে

প্রশ্ন। আমরা যে চক দিয়ে লিখি তা কী?
উত্তরঃ ক্যালসিয়াম কার্বনেট।

প্রশ্ন। টুথপেস্টের প্রধান রাসায়নিক উপাদান কী?
উত্তর ঃ চক পাউডার (৩০%) ও সাবান (১৫%)।

প্রশ্ন। ব্লিচিং পাউডারের রাসানিক নাম কী?
উত্তর ঃ ক্যালসিয়াম ক্লোরাহাইপোক্লোরাইট, (Ca(OCI)CI।

প্রশ্ন। বেকিং পাউডার কী?
উত্তর ঃ সেডিয়াম বাই কার্বনেট, অ্যালুমিনিয়াম সালফেট ও পটাসিয়াম হাইড্রোজেন টারট্রেটের মিশ্রণ। এই মিশ্রণকে উত্তপ্ত করলে কার্বন ডাই অক্সাইড গ্যাস নির্গত হয় বলে পাউরুটি, কেক, বিস্কুট ইত্যাদি প্রস্তুত করার কাজে এটি ব্যবহৃত হয়। এর প্রভাবে এই সমস্ত খাদ্য উপাদান ফুলে উঠে। বেকিং পাউডারের মূল উপাদান সেডিয়াম বাই কার্বনেট।

প্রশ্ন। ফিটকিরি বা পটাস এলাম এর রাসানিক নাম কী?
উত্তর ঃ পটাসিয়াম অ্যালুমিনিয়াম সালফেট।

প্রশ্ন। কোন যৌগ 'দার্শনিকের উল' নামে পরিচিত?
উত্তর ঃ জিংক অক্সাইড।

প্রশ্ন। চাইনিজ হোয়াইট কি?
উত্তর ঃ জিংক অক্সাইড, যা সাদা রঙ হিসেবে ব্যবহৃত হয়।

প্রশ্ন। ধাতুর দ্রব্যের উপর জিংক ডাস্টের প্রলেপ দেওয়াকে কী বলে?
উত্তর ঃ শেয়ার ডাইজিং।

প্রশ্ন। সাপের বিষে কী থাকে?
উত্তর ঃ জিংক সালফাইড।

প্রশ্ন। মরিচা কী?
উত্তর ঃ মরিচা হচ্ছে প্রধানত পানিযুক্ত ফেরিক অক্সাইড।

প্রশ্ন। ফুলস্ গোল্ড বা নির্বোধের সোনা বলতে কী বোঝায়?
উত্তর ঃ আয়রন ডি সালফাইড।

প্রশ্ন। ইস্পাত কী?
উত্তর ঃ ইস্পাত হলো লোহার সংকর ধাতু। এতে লোহার সাথে সুনিয়ন্ত্রিত পরিমাণ কার্বন মেশানো হয়। ইস্পাতে কার্বনের পরিমাণ শতকরা ০.১৫-১.৫%।

প্রশ্ন। স্টেইনলেস স্টিল কী?
উত্তর ঃ স্টেইনলেস স্টিল হলো লোহার সংকর ধাতু। এতে লোহার সাথে মেশানো হয় ক্রোমিয়াম, নিকেল ও কার্বন।

প্রশ্ন। স্পাইজেল কী?
উত্তর ঃ লোহা, ম্যাঙ্গানিজ ও কার্বনের মিশ্রণ।

প্রশ্ন। কাসা বা ব্রোঞ্জ (Bronze) কী?
উত্তর ঃ তামার একটি সংকর ধাতু। এতে ৯০% তামা ১০% টিন থাকে।

প্রশ্ন। পিতল বা ব্রাস (Brass) কি?
উত্তর ঃ একটি সংকর ধাতু। এতে তামা ৬০% ও দস্তা (জিঙ্ক) ৪০% রয়েছে।

প্রশ্ন। টেস্টিং সল্ট এর রাসায়নিক নাম কী?
উত্তর ঃ মনোসোডিয়াম গ্লুটামেট।

প্রশ্ন। চুনা বা লাইমের রাসায়নিক নাম কী?
উত্তর ঃ ক্যালসিয়াম অক্সাইড, CaO।

প্রশ্ন। চুনাপাথর বা পাথরের রাসানিক নাম কী?
উত্তর ঃ ক্যালসিয়াম কার্বনেট, $CaCO_3$।

প্রশ্ন। সবচেয়ে সক্রিয় অধাতু কোনটি?
উত্তর ঃ ফ্লোরিন।

প্রশ্ন। কোন অধাতু তাপ ও বিদ্যুৎ পরিবহনে সক্ষম?
উত্তর ঃ গ্রাফাইট।

প্রশ্ন। কোন মৌলিক ধাতু সাধারণ তাপমাত্রায় তরল অবস্থায় থাকে।
উত্তর ঃ পারদ।

প্রশ্ন। কোন মৌলিক অধাতু সাধারণ তাপমাত্রায় তরল অবস্থায় থাকে?
উত্তর ঃ ব্রোমিন।

প্রশ্ন। কোন মৌলের যৌগের সংখ্যা সবচেয়ে বেশি?
উত্তর ঃ কার্বন।

প্রশ্ন। স্বর্ণের খাদ বের করতে কোন এসিড ব্যবহার করা হয়?
উত্তর ঃ নাইট্রিক এসিড।

প্রশ্ন। কাপড় কাঁচা সোডার রাসায়নিক নাম কী?
উত্তর ঃ সোডিয়াম কার্বনেট।

প্রশ্ন। খাবার লবণের রাসায়নিক নাম কী?
উত্তর ঃ সোডিয়াম ক্লোরাইড।

প্রশ্ন। কোন ধাতুর ব্যবহার সবচেয়ে বেশি?
উত্তর ঃ লোহা।

প্রশ্ন। গ্যালভানাইজিং কী
উত্তর ঃ লোহার উপর দস্তার (জিংকের) প্রলেপ দেয়াকে গ্যালভানাইজিং বলে।

প্রশ্ন। ইলেকট্রোপ্লেটিং বা তড়িৎ প্রলেপন কাকে বলে?
উত্তর ঃ তড়িৎ বিশ্লেষণ পদ্ধতির সাহায্যে একটি ধাতুর উপর পাতলা প্রলপ দেওয়ার প্রক্রিয়াকে ইলেকট্রোপ্লেটিং বলে।

প্রশ্ন। প্রকৃতিতে সবচেয়ে শক্ত পদার্থ কোনটি?
উত্তর ঃ হীরক।

প্রশ্ন। ঢালাই লোহা কী?
উত্তর ঃ এতে লোহার সাথে ২-৪.৫৬% কার্বন থাকে। একে কাস্ট আয়রন বা পিগ আয়রনও বলে।

প্রশ্ন। প্লাস্টার অব প্যারিস কাকে বলে?
উত্তর ঃ শুষ্ক ক্যালসিয়াম সালফেট। এটি ভাঙ্গা হাড়ের চিকিৎসায় রোগীর ভাঙ্গা স্থানে প্লাস্টারের কাজে ব্যবহৃত হয়।

প্রশ্ন। ওয়াটার গ্যাস কী?
উত্তর ঃ কার্বন মনোক্সাইড ও হাইড্রোজেন গ্যাসের মিশ্রণ।

প্রশ্ন। বহুরূপী মৌল কোনটি?
উত্তর ঃ কার্বন।

প্রশ্ন। লাফিং গ্যাস কী?
উত্তর ঃ নাইট্রাস অক্সাইড। নাইট্রাস অক্সাইডের সংকেত হলো N_2O.

প্রশ্ন। এসিড বৃষ্টির জন্য মূলত কোন গ্যাসটি দায়ী?
উত্তর ঃ সালফার ডাই-অক্সাইড, যা শিল্প অঞ্চলে বেশি দেখা যায়।

প্রশ্ন। অকোয়া রিজিয়া বা রাজ-অম্ল কাকে বলে?
উত্তর ঃ গাঢ় নাইট্রিক এসিড ও গাঢ় হাইড্রোক্লোরিক এসিডের মিশ্রণ।

প্রশ্ন। কোন এসিডকে রাসায়নিক পদার্থসমূহের রাজা বলা হয়?
উত্তর ঃ সালফিউরিক এসিড।

প্রশ্ন। 'ফ্লুইড অব লাইম' বলা হয় কাকে? উত্তর ঃ পানিকে।

- প্রকৃতিতে প্রাপ্ত সবচেয়ে হালকা মৌল= হাইড্রোজেন।
- প্রকৃতিতে প্রাপ্ত সবচেয়ে ভারী মৌল= ইউরেনিয়াম।
- সবচেয়ে হালকা গ্যাস = হাইড্রোজেন।
- সবচেয়ে ভারী গ্যাস = রেডন।
- প্রোটন= ধনাত্মক চার্জযুক্ত।
- ইলেকট্রন = ঋণাত্মক চার্জযুক্ত।
- নিউট্রন= চার্জবিহীন।
- সবচেয়ে হালকা ধাতু= লিথিয়াম।
- সবচেয়ে ভারী ধাতু= পারদ।
- সবচেয়ে মূল্যবান ধাতু= প্লাটিনাম।
- সবচেয়ে সক্রিয় ধাতু= পটাশিয়াম।
- যে ধাতু পানিতে ভাসে= সোডিয়াম।
- যে ধাতু আঘাতে শব্দ হয় না= অ্যান্টিমনি।
- যে ধাতু স্বাভাবিক অবস্থায় তরল= পারদ।
- যে অধাতু স্বাভাবিক অবস্থায় তরল= ব্রোমিন।
- প্রাণিজগতের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি= গামা রশ্মি।
- রঙিন টেলিভিশন থেকে নির্গত হয়= মৃদু রঞ্জন রশ্মি।
- উদ্ভিদ দেহের বিভিন্ন অংশে বিভিন্ন রূপে জমা থাকে - শর্করা উদ্ভিদদেহে শর্করা জমা থাকে- স্টার্চ রূপে; কিন্তু প্রাণিদেহে অতিরিক্ত শর্করা জমা থাকে- গ্লাইকোজেন রূপে।
- *দিন-রাত্রি, জোয়ার-ভাটা সংঘটিত হয়= আহ্নিক গতির ফল (একটু চিন্তা করুন, 'অহ্ন' অর্থ দিন। প্রতিদিন একবার রাত একবার দিন হয়। প্রতিদিন কিন্তু জোয়ার-ভাটা হয়; ব্যাপারটা একবার হয় এমন নয়।)
- ঋতু পরিবর্তিত হয়= বার্ষিক গতির ফলে। (একটু চিন্তা করুন, বার্ষিক অর্থ 'বছর'। বছরে কিন্তু একবারই ঋতু পরিবর্তন হয়, যেমন- বছরে একবারই বসন্তকাল আসে। প্রতিদিন আসে না।)
- যে সকল পরমাণুর প্রোটন সংখ্যা সমান কিন্তু ভর সংখ্যা ভিন্ন, তাদের বলা হয় = আইসোটোপ (আইসোটোপ এর শেষে "প" আছে, তাই প্রোটন সংখ্যা সমান)
- যে সকল পরমাণুর নিউট্রন সংখ্যা সমান কিন্তু প্রোটন সংখ্যা ও ভর সংখ্যা ভিন্ন, তাদের বলা হয়= আইসোটোন (আইসোটোন এর শেষে "টন" আছে তাই নিউট্রন সংখ্যা সমান)
- যে সকল পরমাণুর ভর সংখ্যা সমান কিন্তু প্রোটন সংখ্যা ভিন্ন, তাদের বলা হয় = আইসোবার (আইসোবার এর শেষে "বার" আছে তাই ভরসংখ্যা সমান)
- যে সব পরমাণুর পারমাণবিক সংখ্যা ও ভর সংখ্যা সমান, তাদের বলা হয় = আইসোমার। (আইসোমার এর শেষে "মার" আছে তাই পারমাণবিক সংখ্যা ও ভর সংখ্যা সমানে সমান হয়ে মারামারি করে!)

১.৩ জীববিজ্ঞান

১.৩ (ক) কোষ

প্রশ্ন। কোষ কাকে বলে?
উত্তর ঃ কোষ হলো জীবদেহের গঠন ও কাজের একক।

প্রশ্ন। মানবদেহের সবচেয়ে ছোট কোষ কোনটি?
উত্তর ঃ শ্বেতকণিকা।

প্রশ্ন। এককোষী প্রাণীর উদাহরণ কোনটি?
উত্তর ঃ ব্যাকটেরিয়া, অ্যামিবা, ম্যালেরিয়া জীবাণু ইত্যাদি।

প্রশ্ন। ক্যান্সারের কারণ কী?
উত্তর ঃ কোষের অস্বাভাবিক বৃদ্ধি।

প্রশ্ন। কোষের পাওয়ার হাউস বা কোষের প্রাণশক্তি বলা হয় কাকে?
উত্তর ঃ মাইটোকন্ড্রিয়াকে। (কিন্তু কোষের মস্তিষ্ক বলা হয় নিউক্লিয়াসকে।)

প্রশ্ন। মাইটোকন্ড্রিয়ার রাসায়নিক উপাদান কী?
উত্তর ঃ ৭৩% প্রোটিন অর্থাৎ আমিষ, ২৫-৩০% লিপিড। এছাড়াও মাইটোকন্ড্রিয়াতে সামান্য পরিমাণে DNA, RNA, ক্যালসিয়াম ও ম্যাগনেসিয়াম থাকে।

Job Navigator

প্রশ্ন। মাইটোকন্ড্রিয়ার প্রধান উপাদান কী?
উত্তর ঃ প্রোটিন বা আমিষ।
প্রশ্ন। জীবদেহের শক্তি উৎপাদনকারী শ্বসন প্রক্রিয়া কোথায় সংগঠিত হয়?
উত্তর ঃ মাইটোকন্ড্রিয়ায়।
প্রশ্ন। মাইটোকন্ড্রিয়ার মূল কাজ কী?
উত্তর ঃ শ্বসনের মাধ্যমে শক্তি উৎপাদন করা।
প্রশ্ন। কোন কোষে মাইটোকন্ড্রিয়ায় অনুপস্থিত?
উত্তর ঃ অদি কোষে।
প্রশ্ন। প্রাণিদেহে অতিরিক্ত খাদ্য সঞ্চিত থাকে কীরূপে?
উত্তর ঃ গ্লাইকোজেন রূপে।
প্রশ্ন। প্রাণিদেহের দীর্ঘতম কোষ কোনটি?
উত্তর ঃ নিউরন।
প্রশ্ন। সকল সজীব কোষে কোনটি থাকে?
উত্তর ঃ সাইটোপ্লাজম।
প্রশ্ন। আমিষ সংশ্লেষণ করে কে?
উত্তর ঃ রাইবোজোম। এজন্যই রাইবোজোমকে 'প্রোটিন ফ্যাক্টরি' বলা হয়।
প্রশ্ন। কোষ গহ্বর থাকে কোথায়?
উত্তর ঃ উদ্ভিদ কোষে।
প্রশ্ন। কোষের মস্তিষ্ক বা কোষের সকল প্রকার জৈবনিক ক্রিয়া বিক্রিয়া নিয়ন্ত্রণ করে কে?
উত্তর ঃ নিউক্লিয়াস।
প্রশ্ন। কোন কোষে নিউক্লিয়াস থাকে না?
উত্তর ঃ লোহিত কণিকা, অণুচক্রিকা ইত্যাদি।
প্রশ্ন। কোন কোষে একাধিক নিউক্লিয়াস থাকে?
উত্তর ঃ পেশীকোষে। (এই জন্যই পলিটিশিয়ানরা পেশীশক্তির কথা বেশি বলে। পেশিশক্তির শক্তি বেশি!)
প্রশ্ন। বহু নিউক্লিয়াসযুক্ত কোষকে কী বলে?
উত্তর ঃ সিনোসাইট।

১.৩ (খ) প্লাস্টিড

প্রশ্ন। প্লাস্টিড কাকে বলে?
উত্তর ঃ উদ্ভিদকোষে বিদ্যমান বর্ণযুক্ত বা বর্ণহীন এবং অন্যান্য বৈশিষ্ট্য সম্পন্ন যে অঙ্গাণুর উপস্থিতির কারণে উদ্ভিদের পাতা, ফুল ও ফলের বর্ণে বৈচিত্র্য পরিলক্ষিত হয় তাকে প্লাস্টিড বলে।
প্রশ্ন। প্লাস্টিড কত প্রকার?
উত্তর ঃ তিন প্রকার । যথা: ১। ক্লোরোপ্লাস্ট (সবুজ প্লাস্টিড) ২। ক্রোমোপ্লাস্ট (রঙ্গিন প্লাস্টিড) ৩। লিউকোপ্লাস্ট (বর্ণহীন)।
প্রশ্ন। সাইটোপ্লাজমে অবস্থিত অঙ্গাণুগুলোর মধ্যে কোনটি সবচেয়ে বড়?
উত্তর ঃ প্লাস্টিড।
প্রশ্ন। ক্লোরোপ্লাস্ট সবুজ কোন?
উত্তর ঃ ক্লোরোপ্লাস্টের ভিতর সবুজ বর্ণকণিকা ক্লোরোফিল বেশি থাকে তাই ক্লোরোপ্লাস্ট সবুজ।
প্রশ্ন। গাছের পাতা সবুজ কেন?
উত্তর ঃ ক্লোরোফিলের জন্য।
প্রশ্ন। কোন প্লাস্টিডের জন্য পাপড়ি, ফুল, ফল, বীজ, প্রভৃতি রঞ্জিন হয়?
উত্তর ঃ ক্রোমোপ্লাস্ট।
প্রশ্ন। পাকা ফলের রঙ হলুদ হয় কোন রাসায়নিক পদার্থ বেশি হলে?
উত্তর ঃ জ্যান্থোফিল বেশি হলে।
প্রশ্ন। ক্লোরোপ্লাস্টের কাজ কী?
উত্তর ঃ সালোক সংশ্লেষণ প্রক্রিয়ায় খাদ্য প্রস্তুত করা।
প্রশ্ন। লিউকোপ্লাস্টের কাজ কী?
উত্তর ঃ খাদ্য সঞ্চয় করা।
প্রশ্ন: যে প্রক্রিয়ায় সবুজ উদ্ভিদ সূর্যালোকের উপস্থিতিতে কার্বন ডাই-অক্সাইড ও পানি মাধ্যমে শর্করা বা কার্বহাইড্রেট উৎপন্ন করে তাকে কী বলে?
উত্তর ঃ সালোকসংশ্লেষণ।
প্রশ্ন: সালোকসংশ্লেষণের মাধ্যমে উদ্ভিদ গ্রহণ করে কোনটি?
উত্তর ঃ কার্বন ডাই-অক্সাইড।
প্রশ্ন: সালোকসংশ্লেষণের মাধ্যমে উদ্ভিদ ত্যাগ করে কোনটি?
উত্তর ঃ অক্সিজেন।
প্রশ্ন: কীসের মাধ্যমে উদ্ভিদ খাবার তৈরি করে?
উত্তর ঃ সালোকসংশ্লেষণের মাধ্যমে।
প্রশ্ন: খাবার তৈরির জন্য উদ্ভিদ বায়ু থেকে কোনটি গ্রহণ করে?
উত্তর ঃ কার্বন ডাই-অক্সাইড।
প্রশ্ন: জলজ উদ্ভিদ ও স্থলজ উদ্ভিদের মধ্যে কোনটিতে সালোক সংশ্লেষণ বেশি হবে?
উত্তর ঃ জলজ উদ্ভিদে।
প্রশ্ন: সালোকসংশ্লেষণ কোথায় ঘটে?
উত্তর ঃ প্লাস্টিডে।
প্রশ্ন: সালোকসংশ্লেষণের ফলে কী তৈরি হয়?
উত্তর ঃ শর্করা জাতীয় খাদ্য উৎপন্ন হয়।
প্রশ্ন: সালোকসংশ্লেষণের ফলে উপজাত হিসেবে কী তৈরি হয়?
উত্তর ঃ অক্সিজেন ও পানি।
প্রশ্ন: কোন আলোতে সালোকসংশ্লেষণ বেশি হয়?
উত্তর ঃ লাল আলোতে
প্রশ্ন: কোন আলোতে সালোকসংশ্লেষণ হয় না?
উত্তর ঃ সবুজ ও হলুদ আলোতে।

১.৩ (গ) জেনেটিক্স

প্রশ্ন: প্রাণী জগতের উৎপত্তি ও বংশ সম্বন্ধীয় বিদ্যাকে কী বলে?
উত্তর ঃ জেনেটিক্স। [বি.দ্র: যদি প্রশ্ন করা হতো, 'প্রাণী জগতের উৎপত্তি ও ক্রমবিকাশ সম্বন্ধীয় বিদ্যাকে কী বলে? তখন উত্তর হতো, 'ইভোলিউশন'। কেননা, ইংরেজি 'Evolution' শব্দের অর্থ 'ক্রমবিকাশ' বা 'ক্রমবিবর্তন'।]
প্রশ্ন: জীবের বংশগতির বাহক কোনটি?
উত্তর ঃ ক্রোমোসোম। (কিন্তু জীবের চারিত্রিক বৈশিষ্ট্যের প্রকৃত ধারক ও বাহক হলো DNA)

প্রশ্ন: ক্রোমোসোম কাকে বলে?
উত্তর ঃ নিউক্লিয়াসে সুতার ন্যায় লম্বা জট পাকানো তন্তুসমূহকে ক্রোমোসোম বলে। অন্যভাবে বললে, নিউক্লিয়াসের ভিতর অবস্থিত নিউক্লিওপ্রোটিন দ্বারা গঠিত যেসব তন্তুর জীবের যাবতীয় বৈশিষ্ট্য বংশ পরম্পরায় বহন করে, তাকে ক্রোমোসোম বলে।

প্রশ্ন: ক্রোমোসোম কত প্রকার?
উত্তর ঃ দুই প্রকার। যথা ঃ ক) অটোসোম, খ) সেক্স ক্রোমোসোম।

প্রশ্ন: অটোসোম কাকে বলে?
উত্তর ঃ যে সকল ক্রোমোসোম জীবের দৈহিক বৈশিষ্ট্য নিয়ন্ত্রণ করে, তাকে অটোসোম বলে।

প্রশ্ন: সেক্স ক্রোমোজেম কাকে বলে?
উত্তর ঃ যে সকল ক্রোমোসোম জীবের যৌন বৈশিষ্ট্য নিয়ন্ত্রণ করে তথা মানবদেহে লিঙ্গ নির্ধারণ করে তাকে সেক্স ক্রোমোসোম বলে।

প্রশ্ন: মানুষের দেহকোষে ক্রোমোসোম সংখ্যা কত?
উত্তর ঃ ২৩ জোড়া বা ৪৬টি। (২২ জোড়া অটোসোম এবং ১ জোড়া সেক্স ক্রোমোসোম।)

প্রশ্ন: ক্রোমোসোমের রাসায়নিক গঠন কী?
উত্তর ঃ ক্রোমোসোম মূলত নিউক্লিক এসিড- DNA, RNA এবং হিস্টোন ও ননহিস্টোন প্রোটিন দ্বারা গঠিত।

প্রশ্ন: DNA বলতে কী বোঝায়?
উত্তর ঃ DNA হলো একই নিউক্লিক এসিড, যা জীবদেহের গঠন ও ক্রিয়াকলাপ নিয়ন্ত্রণের জীনগত নির্দেশ ধারণ করে।

প্রশ্ন: DNA এর পূর্ণরূপ কী?
উত্তর ঃ Deoxyribonucleic Acid.

প্রশ্ন: RNA এর পূর্ণরূপ কী?
উত্তর ঃ Ribonucleic Acid.

প্রশ্ন: কোষের কোথায় DNA থাকে?
উত্তর ঃ নিউক্লিয়াসে।

প্রশ্ন: DNA-তে কী কী নাইট্রোজেন বেস থাকে?
উত্তর ঃ অ্যাডেনিন, গুয়ানিন, সাইটোসিন ও থাইমিন।

প্রশ্ন: RNA-তে কী কী নাইট্রোজেন বেস থাকে?
উত্তর ঃ অ্যাডেনিন, গুয়ানিন, সাইটোসিন ও ইউরাসিল।
[বি.দ্র: DNA-তে ইউরাসিল নেই; আবার RNA-তে থাইমিন নেই। আর বাকি তিনটি নাইট্রোজেন বেস একই]

প্রশ্ন: জিন কী?
উত্তর ঃ জিন DNA-এর একটি অংশ; যা জীবের বংশগতির মৌলিক ভৌত ও কার্যকরী একক। জিনের রাসায়নিক গঠন উপাদানকে বলা হয় DNA।

প্রশ্ন: DNA-এর ডাবল হেলিক্স মডেল বা দ্বি-হেলিক্স কাঠামো আবিষ্কার করেন কে?
উত্তর ঃ ওয়াটসন ও ক্রিক।

প্রশ্ন: বংশগতির দুটি সূত্র প্রদান করেন কে?
উত্তর ঃ ধর্মযাজক গ্রেগর জোহান মেন্ডেল। সেজন্য তাঁকে জেনেটিক্স বা বংশগতির জনক বলা হয়।

প্রশ্ন: জেনেটিক ইঞ্জিনিয়ারিং কী?
উত্তর ঃ জেনেটিক ইঞ্জিনিয়ারিং হলো প্রাণী ও উদ্ভিদের বংশ বিষয়ক বিজ্ঞান। সাধারণত একটি কোষ থেকে কোনো সুনির্দিষ্ট নিয়ে অন্য কোষে স্থাপন ও কর্মক্ষম করার পদ্ধতিকে জেনে ইঞ্জিনিয়ারিং বলে।

প্রশ্ন: উচ্চ ফলনশীল শস্য বা বীজ উৎপাদনে কোন প্রযুক্তি ব্যব হয়?
উত্তর ঃ জেনেটিক ইঞ্জিনিয়ারিং

প্রশ্ন: জেনেটিক ইনফরমেশনের মূল একক কী?
উত্তর ঃ অনুলিপন।

প্রশ্ন: কোন প্রক্রিয়ায় একটি DNA অণু থেকে আরেকটি DNA অ তৈরি হয়?
উত্তর ঃ অনুলিপন।

প্রশ্ন: টিস্যু কালচার কী?
উত্তর ঃ উদ্ভিদের যে কোনো সজীব কোষ বিশিষ্ট অঙ্গ থেকে জীবন্ত অবস্থায় কৃত্রিম উপায়ে পূর্ণাঙ্গ উদ্ভিদ জন্মানোর প্রযুক্তিকে টিস্যু কালচা বলে। এই প্রযুক্তির মূল উদ্দেশ্য হলো উদ্ভিদের অঙ্গ থেকে নতুন চা উৎপাদন করা।

প্রশ্ন: ক্লোনিং কী?
উত্তর ঃ কোনো জীব থেকে সম্পূর্ণ অযৌন প্রক্রিয়ায় হুবহু নতু আরেকটি জীব সৃষ্টির প্রক্রিয়াকে ক্লোনিং বলে। ক্লোনিং এর জনক ব হয় ড. ইয়ান উইলমুটকে।

প্রশ্ন: সর্বপ্রথম ক্লোনিং এর মাধ্যমে কোন প্রাণীর জন্ম দেয়া হয়?
উত্তর ঃ ভেড়া। এই ভেড়ার নাম দেওয়া হয় 'ডলি'।

১.৩ (ঘ) মানবদেহ ও রক্ত

প্রশ্ন: মানবদেহের রাসায়নিক দূত বলা হয় কোনটিকে?
উ: হরমোনকে।

প্রশ্ন: মানবদেহের তাপমাত্রা নিয়ন্ত্রণ করে কোনটি?
উত্তর ঃ হাইপোথ্যালামাস

প্রশ্ন: একটি পূর্ণাঙ্গ স্নায়ু কোষকে কী বলা হয়?
উত্তর ঃ নিউরন

প্রশ্ন: মানুষের চিন্তার সাথে মস্তিষ্কের যে অংশের সম্পর্ক, তাকে কী বলা হয়?
উত্তর ঃ সেরিব্রাম

প্রশ্ন: রক্ত কাকে বলে?
উত্তর ঃ রক্ত হলো এক ধরনের তরল যোজক কলা, যা রক্ত কণিকা ও রক্তরসের সমন্বয়ে গঠিত।

প্রশ্ন: রক্তের ভিতর রক্ত কণিকা ও রক্তরসের পরিমাণ কত?
উত্তর ঃ রক্ত কণিকা ৪৫% এবং রক্তরস ৫৫%।

প্রশ্ন: রক্ত কণিকা কত প্রকার ও কী কী?
উত্তর ঃ ৩ প্রকার। যথা- লোহিত কণিকা, শ্বেত কণিকা ও অণুচক্রিকা

প্রশ্ন: কোন রক্ত কণিকা ফ্যাগোসাইটিস প্রক্রিয়ায় জীবাণু ধ্বংস করে?
উত্তর ঃ শ্বেত কণিকা।

প্রশ্ন: কোন রক্ত কণিকা অক্সিজেন ও কার্বন ডাই-অক্সাইড বহন করে?
উত্তর ঃ লোহিত কণিকা।
প্রশ্ন: কোন রক্ত কণিকায় নিউক্লিয়াস নেই?
উত্তর ঃ লোহিত কণিকা।
প্রশ্ন: কোন রক্ত কণিকা অম্ল-ক্ষারের সমতা রক্ষা করে?
উত্তর ঃ লোহিত কণিকা।
প্রশ্ন: হিমোগ্লোবিন কোথায় থাকে?
উত্তর: লোহিত কণিকা।
প্রশ্ন: হিমোগ্লোবিন কী?
উত্তর ঃ হিমোগ্লোবিন এক প্রকার শ্বাস রঞ্জক পদার্থ। এটি হিম নামক লৌহ গঠিত রঞ্জক ও গ্লোবিন নাম আমিষের সমন্বয়ে গঠিত।
হিমোগোবিনে ৪% হিম ও ৯৬% গ্লোবিন থাকে। হিমের উপাদান হলো লৌহ আর গ্লোবিনের উপাদান হলো আমিষ। এজন্য বলা হয় হিমোগ্লোবিনের প্রধান উপাদান হলো আমিষ।
প্রশ্ন: কিসের কারণে রক্ত লাল হয়?
উত্তর ঃ হিমোগ্লোবিনের কারণে।
প্রশ্ন: অক্সিজেনের সাথে কে বিক্রিয়া করে?
উত্তর ঃ হিমোগ্লোবিন।
প্রশ্ন: কোনটি হিমোগ্লোবিন তৈরিতে সাহায্য করে?
উত্তর: আমিষ জাতীয় খাবার।
প্রশ্ন: হিমোগ্লোবিনের কাজ কী?
উত্তর: অক্সিজেন ও কার্বন ডাই-অক্সাইড বহন করা।
প্রশ্ন: কী হলে লোহিত কণিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় হ্রাস পায়?
উত্তর ঃ অ্যানিমিয়া বা রক্তশূন্যতা।
প্রশ্ন: কী হলে লোহিত কণিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় বৃদ্ধি পায়?
উত্তর ঃ পলিসাইথিমিয়া।
প্রশ্ন: কী হলে শ্বেত কণিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় বৃদ্ধি পায়?
উত্তর ঃ লিউকোমিয়া। যার অপর নাম ব্লাড ক্যান্সার।
প্রশ্ন: অনুচক্রিকার কাজ কী?
উ: রক্ত জমাট বাধায়।
প্রশ্ন: ব্লাড ক্যান্সার কেন হয়?
উ: রক্তে শ্বেত কণিকার সংখ্যা অস্বাভিকভাবে বেড়ে গেলে।
প্রশ্ন: জীবাণু ধ্বংস করে কে দেহের প্রকৃতিগত আত্মরক্ষায় অংশ নেয়?
উত্তর ঃ শ্বেত কণিকা।
প্রশ্ন: রক্তনালীর অভ্যন্তরে রক্ত জমাট বেঁধে যাওয়াকে কী বলে?
উত্তর: থ্রম্বোসিস।
প্রশ্ন: কিসের জন্য দেহের অভ্যন্তরে রক্ত জমাট বাঁধে না?
উত্তর: রক্তে হেপারিন থাকার কারণে।
প্রশ্ন: Rh ফ্যাক্টর হলো-
উত্তর: লোহিত রক্ত কণিকায় এক ধরনের অ্যান্টিজেন থাকে তাকে 'রেসাস ফ্যাক্টর' বা Rh ফ্যাক্টর বলে।
প্রশ্ন: যে সব মানুষের রক্তে Rh ফ্যাক্টর অনুপস্থিত তাদের কী বলে?
উত্তর ঃ Rh- (আরএইচ নেভেটিভ)
প্রশ্ন: অ্যান্টি Rh কোনটি ধ্বংস করে?
উত্তর ঃ লোহিত কণিকা।

প্রশ্ন: রক্তরসে কত ভাগ পানি থাকে?
উত্তর ঃ প্রায় ৯০%।
প্রশ্ন: একজন পূর্ণ বয়স্ক মানুষের দেহে রক্তের পরিমাণ কত?
উত্তর ঃ ৫-৬ লিটার। অর্থাৎ, একজন মানুষের মোট ওজনের ৭% হলো রক্ত।
প্রশ্ন: রক্ত কোন ধরনের টিস্যু নিয়ে গঠিত?
উত্তর ঃ ভাজক।
প্রশ্ন: দেহকোষ রক্ত হতে কী গ্রহণ করে?
উত্তর ঃ অক্সিজেন ও খাদ্যসার (গ্লুকোজ, অ্যামাইনো এসিড, ফ্যাটিএসিড ইত্যাদি)।
প্রশ্ন: দেহকোষ হতে রক্ত কী গ্রহণ করে?
উত্তরঃ বর্জ্য পদার্থ (কার্বন ডাই-অক্সাইড বা CO_2, ইউরিয়া, ইউরিক এসিড ইত্যাদি)
প্রশ্ন: মানবদেহে হিমোগ্লোবিন রক্তের কোথায় থাকে?
উত্তর ঃ লোহিত রক্ত কণিকায়।
প্রশ্ন: সাদা বা বর্ণহীন রক্ত বিশিষ্ট প্রাণীর নাম লিখ?
উত্তরঃ তেলাপোকা বা আরশোলা।
প্রশ্ন: ব্লাড গ্রুপ বা রক্তের গ্রুপ কে আবিষ্কার করেন?
উত্তর ঃ কার্ল ল্যান্ডস্টেইনার।
প্রশ্ন: মানব দেহের রক্ত সঞ্চালন চক্র আবিষ্কার করেন কে?
উ: উইলিয়াম হার্ভে।
প্রশ্ন: কোন গ্রুপকে সর্বজনীন দাতা বলা হয়?
উত্তর ঃ O গ্রুপ।
প্রশ্ন: কোন রক্ত গ্রুপকে সর্বজনীন গ্রহীতা বলতে বলে?
উত্তর ঃ AB গ্রুপকে।
প্রশ্ন: নাড়ীর স্পন্দন প্রবাহিত হয়-
উত্তর: ধমনীর ভিতর দিয়ে।
প্রশ্ন: ধমনী কাজ কী?
উত্তর ঃ অক্সিজেনযুক্ত রক্ত হৃৎপিণ্ড হতে দেহের বিভিন্ন অংশে পরিবহণ করা।
প্রশ্ন: লিউকোমিয়া বা ব্লাড ক্যান্সার হলে কোন রক্ত কণিকা বেড়ে যায়?
উত্তর ঃ শ্বেত কণিকা ।
প্রশ্ন: রক্ত চাপ কী?
উত্তর ঃ প্রবাহমান রক্তনালীর গায়ে যে পার্শ্বচাপ প্রয়োগ করে, তাকে রক্তচাপ বলে।
প্রশ্ন: রক্তচাপ কত প্রকার ও কী কী?
উত্তর ঃ রক্তচাপ দুই প্রকার যথা ঃ সিস্টোলিক রক্তচাপ, ডায়াস্টোলিক রক্তচাপ।
প্রশ্ন: সিস্টোলিক চাপ বলতে কী বোঝায়?
উ: হৃৎপিণ্ডের সংকোচন চাপ।
প্রশ্ন: ডায়োস্টোল চাপ বলতে কী বোঝায়?
উ: হৃৎপিণ্ডের প্রসারণ।
প্রশ্ন: স্বাভাবিক রক্তচাপ কত?
উত্তর ঃ সিস্টোলিক = ১১০-১৪০ মিঃ মিঃ পারদ।
ডায়াস্টেলিক = ৬০-৯০ মিঃ মিঃ পারদ।

প্রশ্ন: পেরিকার্ডিয়াম পর্দা দ্বারা আবৃত থাকে কোনটি?
উত্তর: হৃৎপিণ্ড।
প্রশ্ন: মানব দেহের হৃৎপিণ্ড কত প্রকোষ্ঠ বিশিষ্ট?
উ: চার প্রকোষ্ঠ বিশিষ্ট।
প্রশ্ন: কোন প্রাণীর ৩টি হৃদপিণ্ড রয়েছে?
উত্তর: কাটল ফিস; অক্টোপাস ইত্যাদি।
প্রশ্ন: মানব দেহের সর্ববৃহৎ গ্রন্থি কোনটি?
উত্তর: যকৃত।
প্রশ্ন: মানবদেহের সর্ববৃহৎ অস্থি কোনটি?
উত্তর: ফিমার।
প্রশ্ন: মানবদেহের সবচেয়ে কঠিন শক্ত অস্থি কোনটি?
উত্তর: এনামেল।
প্রশ্ন: মানবদেহের সর্ববৃহৎ অঙ্গ কোনটি?
উত্তর ঃ ত্বক।
প্রশ্ন: মানব দেহের ক্ষুদ্রতম অস্থির নাম কী?
উ: স্টেপিস।
প্রশ্ন: মানব দেহের সর্বাপেক্ষা দৃঢ় ও দীর্ঘ অস্থি কোনটি?
উ: উরুর অস্থি।
প্রশ্ন: মানবদেহের সবচেয়ে কঠিন অংশের নাম কী?
উত্তর: এনামেল।
প্রশ্ন: স্বাভাবিক অবস্থায় একজন মানুষের উপর প্রতি বর্গ ইঞ্চিতে বায়ুর চাপ কত?
উ: ১৫ পাউন্ড।
প্রশ্ন: রক্তের লোহিত কণিকা তৈরি হয়?
উ: অস্থিমজ্জায়।
প্রশ্ন: মানবদেহে হাড়ের সংখ্যা কত?
উ: ২০৬টি।
প্রশ্ন: মানবদেহে মোট কশেরুকার সংখ্যা কত?
উ: ৩৩ টি।
প্রশ্ন: মানুষের দুধের/শিশুর দাঁতের সংখ্যা কত?
উ: ২০ টি।
প্রশ্ন: লোহিত রক্ত কণিকার গড় আয়ু কত দিন?
উ: ১২০ দিন।
প্রশ্ন: শ্বেত রক্ত কণিকার গড় আয়ু কত দিন?
উ: ১-১৫ দিন।
প্রশ্ন: অনুচক্রিকার গড় আয়ু কত দিন?
উ: ৫-১০ দিন।
প্রশ্ন: রক্ত শূন্যতা বলতে বুঝায় কী?
উ: রক্তে হিমোগ্লোবিনের পরিমাণ কমে যাওয়া।
প্রশ্ন: বিলিরুবিন কোথায় তৈরি হয়?
উ: যকৃতে।
প্রশ্ন: বিলিরুবিন কোথায় সঞ্চিত থাকে?
উ: প্লীহায়।
প্রশ্ন: কোন রক্ত কণিকা ভেঙে বিলিরুবিন উৎপন্ন হয়?
উ: লোহিত রক্ত কণিকা
প্রশ্ন: কিডনির কার্যকরী একক কী?
উ: নেফ্রন।
প্রশ্ন: নবভাস সিস্টেমের স্ট্রাকচারাল ও ফাংশনাল ইউনিটের নাম কী?
উ: নিউরন। (এটি মস্তিষ্কের সাথে জড়িত।)
প্রশ্ন: নিউরন কী?
উ: স্নায়ু কলার প্রতিটি কোষকে নিউরন বলে।
প্রশ্ন: স্নায়ু কোষের বর্ধিত অংশকে কি বলে?
উ: এক্সন।
প্রশ্ন:: মূত্রের ঝাঁজালো গন্ধের দায়ী পদার্থের নাম কী?
উ: এমোনিয়া
প্রশ্ন: মূত্র হলুদ দেখায় কেন?
উঃ বিলিরুবিনের জন্য।
প্রশ্ন: অ্যামাইনো এসিড ইউরিয়ায় পরিণত হয় কোথায়?
উ: যকৃতে।
প্রশ্ন: পিত্তরস অগ্ন্যাশয় রসের সাথে মিলিত হয় কোথায়?
উ: ডিওডেনাম
প্রশ্ন: চোখের জল নিঃসৃত হয় কোথা থেকে?
উ: লেক্রিমাল গ্রন্থি থেকে
প্রশ্ন: শরীর থেকে বর্জ্য পদার্থ ইউরিয়া বের করে দেয় কোন অঙ্গ?
উঃ কিডনি বা বৃক্ক।
প্রশ্ন: থাইরয়েড গ্রন্থি হতে নিঃসৃত হরমোনের নাম কী?
উ: থাইরক্সিন।
প্রশ্ন: চোখের মধ্যে সবচেয়ে সংবেদনশীল অংশের নাম কি?
উ: রেটিনা।।
প্রশ্ন: যকৃত বা পেশী কোষে অতিরিক্ত গ্লুকোজ জমা থাকে কিরূপে?
উ: গ্লাইকোজেন রূপে।
প্রশ্ন: প্রোটিন জাতীয় খাদ্যের প্রধান কাজ কী?
উ: দেহের ক্ষয় পূরণ ও বৃদ্ধি জাতীয় কাজ করা
প্রশ্ন: কোন হরমোনের অভাবে স্নায়ু ও পেশীর অস্থিরতা বেড়ে যায়? পেশীর খিঁচুনি শুরু হয়?
উ: প্যারাথরমোন।
প্রশ্ন: ভয় পেলে গায়ের লোম খাড়া হয় কোন হরমোনের অভাবে?
উ: অ্যাডরিনালিন।
প্রশ্ন: দাড়ি গোঁফ গজায় কোন হরমোনের জন্য?
উঃ টেস্টোস্টেরন।
প্রশ্ন: জীবন রক্ষাকারী হরমোন কোনটি ?
উঃ অ্যালডোস্টেরন।
প্রশ্ন: ফসফরাস বেশি থাকে কোন অঙ্গে?
উ: অস্থিতে।
প্রশ্ন: খাদ্য দ্রব্য সবচেয়ে বেশি শোষিত হয় পোস্টিক নালীর কোন অংশে?
উ: ক্ষুদ্রান্ত্রে।

Job Navigator

প্রশ্ন: প্রতি মিনিটে হৃৎপিন্ডের স্বাভাবিক গড় স্পন্দন কত?
উঃ ৭২।
প্রশ্ন: মানুষ সাদা ও কালো হয় কোন হরমোনের কারণে?
উ: মেলানিন।
প্রশ্ন: মানুষের মস্তিষ্কের ওজন কত?
উ: ১৩৬ কেজি।
প্রশ্ন: মস্তিষ্কের ধমনী ছিড়ে রক্তপাত হওয়াকে কী বলে?
উ: স্ট্রোক।
প্রশ্ন: মানুষের মস্তিষ্কের ধমনী ছিঁড়ে গেলে বা মস্তিষ্কে রক্ত চলাচলে ব্যাঘাত ঘটলে কী হবে?
উ: স্ট্রোক।
প্রশ্ন: মানুষের হৃৎপিন্ডে বা হার্টে করোনারী আর্টারি রক্ত সরবরাহ বন্ধ হয়ে গেলে বা ব্যাঘাত ঘটলে কী হবে?
উ: হার্ট অ্যাটাক। [নোট: অর্থাৎ, মস্তিষ্কের সাথে জড়িত 'স্ট্রোক, কিন্তু হৃৎপিন্ডের সাথে জড়িত 'হার্ট অ্যাটাক']
প্রশ্ন: এনজিওপ্লাস্টি কী?
উত্তর: হৃৎপিন্ডের বন্ধ শিরা বেলুনের সাহায্যে ফুলানো।
প্রশ্ন: পরিপাক তন্ত্রের সবচেয়ে শক্তিশালী স্ফিত অংশের নাম কী?
উ: পাকস্থলী।
প্রশ্ন: রোগ জীবাণু ধ্বংস করতে সাহায্য করে কোন রস?
উ: পিত্তরস।
প্রশ্ন। হরমোন কোন গ্রন্থি থেকে নিঃসৃত হয়?
উত্তর ঃ অন্তঃক্ষরা গ্রন্থি থেকে।
প্রশ্ন: কোন হরমোন রক্তে গ্লুকোজের পরিমাণ বাড়ায়?
উ: গ্লুকাগন।
প্রশ্ন: রক্তে গ্লুকোজের পরিমাণ কমায় কোনটি?
উ: ইনসুলিন
প্রশ্ন: চিনির বিপাক ক্রিয়া নিয়ন্ত্রণকারী হরমোনের নাম কী?
উ: ইনসুলিন
প্রশ্ন: লম্বা হওয়ার জন্য কোন হরমোন দায়ী?
উ: গ্রোথ হরমোন
প্রশ্ন: প্রশ্বাসে কি ধরনের বায়ু ফুসফুসে প্রবেশ করে?
উ: অক্সিজেন মিশ্রিত।
প্রশ্ন: রক্তের চাপ কোথায় সবচেয়ে কম?
উ: শিরায়
প্রশ্ন: কোনটি শিশু কালে অপসারণ করলে বামনত্ব হয়?
উ: পিটুইটারি
প্রশ্ন: শ্বসনের সময় দেহ হতে কি নির্গত হয়?
উ: কার্বন ডাই-অক্সাইড
প্রশ্ন: মাইটোসিস কোথায় সংগঠিত হয়?
উ : দেহ কোষে
প্রশ্ন: রক্তে লোহিত ও শ্বেত কণিকার অনুপাত কত?
উ: ৭০০ ঃ ১।

প্রশ্ন: দেহের শক্তির প্রধান মাধ্যম খাঁ?
উ: শ্বসন।
প্রশ্ন: দেহে মেলানিনের প্রধান কাজ কি?
উ: সূর্য রশ্মির ক্ষতিকর প্রভাব থেকে দেহকে রক্ষা করা। দেহে মেলানিনের উপস্থিতির কারণে মানুষের গায়ের রঙ কালো বা ফর্সা হয়।
প্রশ্ন: কোন গ্রন্থির রসে রক্তে গ্লুকোজ হ্রাস পায়?
উ: অগ্ন্যাশয়।
প্রশ্ন: রক্তে প্রয়োজনের অতিরিক্ত গ্লুকোজ পাওয়া গেলে কোন রোগ বোঝা যায়?
উ: ডায়াবেটিস।
প্রশ্ন: চোখে আলো প্রবেশ করে কোন অংশ দিয়ে?
উ: কর্ণিয়া
প্রশ্ন: ইনসুলিন কোথায় তৈরি হয়?
উ: অগ্ন্যাশয়ে।
প্রশ্ন: মানবদেহের মিশ্র গ্রন্থির উদাহরণ কোনটি?
উ: অগ্ন্যাশয়।
প্রশ্ন: ইনসুলিন অগ্ন্যাশয়ের কোথায় তৈরি হয়?
উ: বিটা কোষে
প্রশ্ন: পাকস্থলী থেকে নিঃসৃত রসের নাম কী?
উ: পাচক রস।
প্রশ্ন: পাকস্থলীতে কোন এসিড থাকে?
উ: হাইড্রোক্লোরিক এসিড।
প্রশ্ন: শর্করা জাতীয় খাদ্যের পরিপাক কোথায় শুরু হয়?
উ: মুখে।
প্রশ্ন: আমিষ বা স্নেহ জাতীয় খাদ্যের পরিপাক কোথায় শুরু হয়?
উ: পাকস্থলীতে।
প্রশ্ন: এনজাইম কী দিয়ে তৈরি?
উ: এক ধনের আমিষ তথা প্রোটিন।
প্রশ্ন: আমিষ জাতীয় খাদ্য পরিপাক করে কোন জারক রস?
উ: পেপসিন।
প্রশ্ন: আমিষ জাতীয় খাদ্য পরিপাকের ফলে কী উৎপন্ন হয়?
উ: অ্যামাইনো এসিড ও ক্ষুদ্র ক্ষুদ্র পেপটাইড
প্রশ্ন: কার্বোহাইড্রেট তথা শর্করা জাতীয় খাদ্য পরিপাকের ফলে কী উৎপন্ন হয়?
উ: গ্লুকোজ, ফ্রুক্টোজ ও গ্যালোকটোজ
প্রশ্ন: চর্বি বা লিপিড জাতীয় খাদ্য পরিপাকের ফলে কী উৎপন্ন হয়?
উ: ফ্যাটি এসিড ও মনোগ্লিসারাইড।
প্রশ্ন: ক্যালসিয়ামের বিপাক নিয়ন্ত্রণকারী হরমোনের নাম কী?
উ: প্যারাথরমোন ও ক্যাসসিটোনিন।
প্রশ্ন: রক্তে ক্যালসিয়ামের পরিমাণ বাড়ায় কোন হরমোন?
উ: প্যারাথরমোন
প্রশ্ন: মানুষের লালারসে কোন এনজাইম থাকে?
উ: টায়ালিন।

Job Navigator

প্রশ্ন: কোন জারক রস পাকস্থলীতে দুগ্ধ জমাট বাঁধায়?
উ: রেনিন।

প্রশ্ন: কোন রস শর্করা ও আমিষ উভয়কে পরিপাক করে?
উ: অগ্ন্যাশয় রস।

প্রশ্ন: জন্ডিস রোগে দেহের কোন অংশে আক্রান্ত হয়?
উ: লিভার

প্রশ্ন: ইনসুলিন কী?
উ: এক ধরনের হরমোন।

প্রশ্ন: ইনসুলিন নিঃসৃত হয় কোথা থেকে?
উ: অগ্ন্যাশয় থেকে।

প্রশ্ন: বহুমূত্র বা ডায়াবেটিস রোগে কোন হরমোন দরকার?
উ: ইনসুলিন।

প্রশ্ন: মানব দেহে রাসায়নিক দূত হিসেবে কাজ করে কে?
উ: হরমোন।

প্রশ্ন: মানবদেহে পানির পরিমাণ কত?
উ: ৬০%-৭০%। সেজন্য প্রতিদিন একজন মানুষকে দৈনিক ২-৩ লিটার পানি পান করা প্রয়োজন।

প্রশ্ন: মানবদেহের স্বাভাবিক উষ্ণতা বা তাপমাত্রা কত?
উ: ৯৮.৪ ফারেনহাইট।

প্রশ্ন: দেহের বিপাকীয় বর্জ্য পদার্থ অপসারণের প্রক্রিয়াকে কী বলে?
উ: রেচন

প্রশ্ন: দেহ থেকে বর্জ্য পদার্থ ইউরিয়া বের করে দেয় কোনটি?
উ: কিডনি

১.৩ (ঙ) বিভিন্ন প্রকার কালচার (চাষ)

- এখানে সব ধরনের কালচার না দিয়ে কেবল পরীক্ষায় আসার মতো বাছাই করে Important culture-গুলো দেয়া হলো-
- এপিকালচার (Apiculture) = মৌমাছি পালন বিজ্ঞান
- এভিকালচার (Aviculture) = পাখি পালন বিজ্ঞান
- পিসিকালচার (Pisciculture) = মৎস্যচাষ বিজ্ঞান
- সেরিকালচার (Sericulture)= রেশম চাষ বিষয়ক বিজ্ঞান
- প্রনকালচার (Prawn cúlture) = চিংড়ি চাষ বিষয়ক বিজ্ঞান
- ফ্রগকালচার (Frog culture) = ব্যাঙ চাষ বিষয়ক বিজ্ঞান
- পার্ল কালচার (Pearl culture) = মুক্তা চাষ বিষয়ক বিজ্ঞান
- হর্টিকালচার (Horticulture)= উদ্যান পালন বিদ্যা
- অ্যানিম্যাল হাজব্যানড্রি (Animal husbandry) = গবাদি পশুপালন বিদ্যা
- পোল্ট্রি ফার্মিং (Paultry farming) = হাঁস মুরগি পালন বিদ্যা

১.৩ (চ) বিজ্ঞান সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিদ্য

- অ্যান্থ্রোপোলজি- মানুষের উৎপত্তি ও বিকাশ সম্পর্কিত বি
- জেনেটিক্স- জীনতত্ত্ব ও বংশগতি সম্পর্কিত বিদ্যা।
- ইভোলিউশন- বিবর্তন ও অভিব্যক্তি সম্পর্কিত বিদ্যা।
- ইকোলজি- পরিবেশ ও জীবদেহের সম্পর্ক বিষয়ক বিদ্যা/বাস্তুসংস্থান বিদ্যা।
- টক্সিকোলজি- বিষবিষয়ক বিদ্যা।
- ইপিডিমিওলজি- রোগতত্ত্ব সম্পর্কিত বিদ্যা।
- অস্টিওলজি- হাড় বিষয়ক বিদ্যা।
- নিউরোলজি- স্নায়ু সম্পর্কিত চিকিৎসা বিদ্যা।
- নেফ্রোলজি- রেচন সম্পর্কিত চিকিৎসা বিদ্যা।
- ফাইকোলজি- শৈবাল সম্পর্কিত বিদ্যা।
- মাইকোলজি- ছত্রাক সম্পর্কিত বিদ্যা।
- মাইক্রোবায়োলজি- অণুজীব বিষয়ক বিদ্যা।
- বায়োলজি- জীব বিষয়ক বিদ্যা।
- জুলজি- প্রাণী সম্পর্কিত বিদ্যা
- জিওলজি- ভূতত্ত্ব বিষয়ক বিদ্যা।
- সোসিওলজি- সমাজ সম্পর্কিত বিদ্যা
- হাইড্রোলজি- ভূপৃষ্ঠ ও ভূগর্ভস্থ পানি সম্পর্কিত বিদ্যা।
- আর্কিওলজি- প্রত্নতত্ত্ব বিদ্যা।
- পমোলজি- ফলগাছ চাষাবাদ বিদ্যা।
- হেলমিনথোলজি- কৃমি সম্পর্কিত বিদ্যা।
- এমব্রায়োলজি- ভ্রূণ সম্পর্কিত বিদ্যা।
- হারপেটোলজি- উভচর ও সরীসৃপ বিষয়ক বিদ্যা।
- ভাইরোলজি- ভাইরাস সম্পর্কিত বিদ্যা।
- ক্যান্সার সংক্রান্ত বিদ্যা- অঙ্কোলজি
- ইকথায়োলজি- মাছ সম্পর্কিত বিদ্যা।
- অরনিথোলজি- পাখি সম্পর্কিত বিদ্যা।

☞ পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে

- কোন রক্তের গ্রুপকে সর্বজনীন দাতা বলে= O গ্রুপ।
- কোন রক্তের গ্রুপকে সার্বজনীন গ্রহীতা বলে= AB গ্রুপ।
- হৃদপিণ্ডের প্রকোষ্ঠের সংকোচনকে বলা হয়= সিস্টোল।
- হৃদপিণ্ডের প্রকোষ্ঠের প্রসারণকে বলা হয়= ডায়াস্টোল।
- এপিকালচার বলতে কি বোঝায়?= মৌমাছি পালন।

২. স্বাস্থ্য, সাধারণ রোগ ব্যাধি ও চিকিৎসা [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. কোনটিতে রোবটের ব্যবহার করা হয়? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. জটিল সার্জারি চিকিৎসায়
খ. ব্যক্তির স্বাক্ষর শনাক্তকরণে
গ. নতুন জাতের বীজ উৎপাদনে
ঘ. টেনিস বলের আকৃতি তৈরিতে উ. ক

২. চিকনগুনিয়া রোগটি কোন মাধ্যমবাহিত রোগ? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. পানিবাহিত খ. পতঙ্গবাহিত
গ. বায়ুবাহিত ঘ. রক্তবাহিত উ. খ

৩. করোনারী থ্রম্বসিস অসুখটি– *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. যকৃতের খ. হৃৎপিণ্ডের
গ. অগ্ন্যাশয়ের ঘ. কিডনীর উ. খ

৪. নিচের কোনটিকে আদর্শ খাদ্য বলে? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. ভাত খ. মাছ
গ. দুধ ঘ. ফল উ. গ

৫. সম্প্রতি বাংলাদেশে কোন বিরল রোগে আক্রান্ত রোগীর সন্ধান পাওয়া গিয়াছে? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. এ্যান্থ্রাক্স খ. ট্রিম্যান
গ. চিকন গুনিয়া ঘ. ল্যাসা জ্বর উ. খ

৬. 'ডাউন সিনড্রোম' বলতে বুঝানো হয়- *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. গর্ভস্থ শিশুর অপরিণত বিকাশ খ. ধানগাছের বিশেষ রোগ
গ. নৈতিক অবক্ষয়ের লক্ষণ
ঘ. ফলের অপরিণত বিকাশ উ. ক

৭. হাড় ও দাঁতকে মজবুত করে কোনটি? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
ক. ক্যালশিয়াম খ. আয়োডিন
গ. আয়রন ঘ. পটাশিয়াম উ. ক

৮. কোন ভিটামিনের অভাবে স্কার্ভি রোগ হয়? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. ভিটামিন'এ' খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'সি' ঘ. ভিটামিন 'ডি' উ. গ

৯. ডেঙ্গু জ্বরের বাহক- *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. ডিলেক্স মশা খ. এনোফিলিস মশা
গ. এডিস মশা ঘ. পুরুষ মশা উ. গ

১০. ইনসোমনিয়া একটি– *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. নিদ্রাহীনতাজনিত রোগ খ. স্নায়ুরোগ
গ. চোখের রোগ ঘ. কোনোটিই নয় উ. ক

১১. কোনটির সংক্রমণে যক্ষ্মা রোগ হয়? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. ভাইরাস খ. ব্যাকটেরিয়া
গ. ছত্রাক ঘ. প্রোটোজোয়া উ. খ

১২. গাছের পাতা বেগুনি রং ধারণ করে কোন কারণে? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. লৌহের অভাবে খ. ফসফরাসের অভাবে
গ. গ্লুকোজের অভাবে ঘ. কোনটিই নয় উ. খ

১৩. কে প্রমাণ করেন যে অ্যানোফিলিস মশা ম্যালেরিয়া জ্বরের জন্য দায়ী? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. স্যার আইজ্যাক নিউটন খ. এডিসন
গ. লুই পাস্তুর ঘ. স্যার রোনাল্ড রস উ. ঘ

১৪. ম্যালেরিয়ার ঔষধ 'কুইনিন' কোন গাছ থেকে পাওয়া যায়? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. নীম গাছ খ. পাথরকুচি
গ. সিনকোনা ঘ. তুলসী গাছ উ. গ

১৫. দুধের রং সাদা হয় কেন? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. প্রোটিনের জন্য খ. কার্বোহাইড্রেটের জন্য
গ. মিনারেলের জন্য ঘ. ফ্যাটের জন্য উ. ক

১৬. কোন হরমোনের অভাবে শিশু বামন হয়? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. থাইরক্সিন খ. ফাইরক্সিন
গ. অ্যাডরেনালিন ঘ. গ্যাস্টিন উ. ক

১৭. অ্যান্থ্রাক্স রোগের টিকা আবিষ্কার করেন– *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. ডারউইন খ. মার্কনী
গ. লুইপাস্তুর ঘ. আলেকজান্ডার উ. গ

১৮. কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. ভিটামিন-এ খ. ভিটামিন-বি
গ. ভিটামিন-সি ঘ. ভিটামিন-ডি উ. ক

স্কুল পর্যায়

১. বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) করোনা ভাইরাসের দাপ্তরিক নাম দিয়েছে– *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. করোনা-১ খ. কোভিড-১৯
গ. করোনা ভাইরাস ঘ. SARS-COV-1 উ. খ

২. কোন হরমোনের অভাবে গলগণ্ড রোগের সৃষ্টি হয়? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. থাইরক্সিন খ. ইনসুলিন
গ. গ্লুকাগন ঘ. করটিসোল উ. ক

৩. AIDS রোগের জন্য নিচের কোন ভাইরাসটি দায়ী? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. SARS খ. র‍্যাবিস
গ. HIV ঘ. ইবোলা উ. গ

৪. কচু খেলে গলা চুলকায় কারণ কচুতে আছে– *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. ক্যালসিয়াম অক্সালেট খ. ক্যালসিয়াম কার্বনেট
গ. ক্যালসিয়াম ফসফেট ঘ. ক্যালসিয়াম সালফেট উ. ক

৫. চিকনগুনিয়ার বাহক কোনটি?
ক. ট্র্যানোফিলিস খ. কিউলেক্স
গ. এডিস ঘ. সকল ধরনের মশা উ. গ

৬. ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত গামা বিকিরণের উৎস হলো– [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. আইসোটোন খ. আইসোটোপ
গ. আইসোবার ঘ. রাসায়নিক পদার্থ উ. খ

৭. জাঙ্ক ফুডে নিচের কোন দ্রব্যের আধিক্য থাকে? [১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. চর্বি খ. ভিটামিন
গ. শর্করা ঘ. আমিষ উ. ক

৮. হিউম্যান প্যাপিলোমা কি? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. ছত্রাক খ. ব্যাক্টেরিয়া
গ. ভাইরাস ঘ. অণুজীব উ. গ

৯. ইনসুলিন কে আবিষ্কার করেন? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. ফ্রেডেরিক হপকিন্স খ. আলেকজান্ডার ফ্লেমিং
গ. গেরহার্ড ডোমাক ঘ. অ্যাড ওয়ার্ড জেনার উ. *
ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই ১৯২১ সালে ইনসুলিন আবিষ্কার কানাডীয় চিকিৎসা বিজ্ঞানী ফ্রেডরিক বেন্টিং এবং তার সহকারী চার্লস এইচ বেস্ট। ১৯২২ সালে ইনসুলিনের ব্যবহার শুরু হয়।

১০. কিসের অভাবে গলগণ্ড রোগ হয়? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. আমিষ খ. শর্করা
গ. আয়োডিন ঘ. ভিটামিন উ. গ

১১. আমিষ বেশি আছে কোনটিতে? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. মুগ ডাল খ. মসুর ডাল
গ. খাসির মাংস ঘ. ইলিশ মাছ উ. খ

১২. কোন ভিটামিনের অভাবে স্কার্ভি রোগ হয়? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. ভিটামিন এ খ. ভিটামিন বি
গ. ভিটামিন সি ঘ. ভিটামিন ডি উ. গ

১৩. তেঁতুলে কোন ধরনের এসিড থাকে? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. সাইট্রিক এসিড খ. টারটারিক এসিড
গ. এসকরবিক এসিড ঘ. ফসফরিক এসিড উ. খ

১৪. ইনসুলিনের অভাবে কী রোগ হয়? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. রাতকানা খ. রিকেট
গ. ডায়াবেটিস ঘ. স্কার্ভি উ. গ

১৫. পেনিসিলিন আবিষ্কার করেন– [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. আলেকজান্ডার ফ্লেমিং খ. লুই পাস্তুর
গ. আইকম্যান ঘ. উইলিয়াম হার্ভে উ. ক

১৬. সহজে সর্দিকাশি হয় কোন ভিটামিনের অভাবে? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. ভিটামিন-ই খ. ভিটামিন-কে
গ. ভিটামিন-সি ঘ. ভিটামিন-বি উ. গ

১৭. কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ভিটামিন-এ খ. ভিটামিন-বি
গ. ভিটামিন-সি ঘ. ভিটামিন-ডি উ. ক

১৮. কচুশাক বিশেষভাবে মূল্যবান যে উপাদানের জন্য তা কোনটি? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ফসফরাস খ. লৌহ
গ. ক্যালসিয়াম ঘ. আয়োডিন উ. খ

১৯. নিউমোনিয়া রোগে আক্রান্ত হয় মানবদেহের কোন অঙ্গ? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ফুসফুস খ. যকৃত
গ. পিওথলি ঘ. হৃৎপিণ্ড উ. ক

২০. সুষম খাদ্যের উপাদান কয়টি? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ৫ টি খ. ৬ টি
গ. ৭ টি ঘ. ৮ টি উ. খ

২১. কোন ডালের সাথে ল্যাথারিজম রোগের সম্পর্ক আছে? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. মসুর খ. খেসারী
গ. ছোলা ঘ. মুগ উ. খ

২২. কোন উপাদানের ঘাটতি থেকে ডায়াবেটিস রোগ হয়? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. হিমোগ্লোবিন খ. বিলিরুবিন
গ. ইনসুলিন ঘ. গ্লাইকোজেন উ. গ

২৩. মানবদেহে HIV প্রবেশ করার কতদিনের মধ্যে শরীরে এইডসের লক্ষণ দেখা যায়? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. ১ মাস থেকে ২ মাস খ. ১ বছর থেকে ২ বছর
গ. ৬ মাস থেকে ১০ বছর ঘ. ৩ মাস থেকে ৪ মাস উ. গ

২৪. দুধে থাকে কোন এসিড? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. ফোলিক এসিড খ. টারটারিক এসিড
গ. ল্যাকটিক এসিড ঘ. সাইট্রিক এসিড উ. গ

২৫. মেরাসমাস রোগের ফলে কী হয়? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. পেশী ও মেদ ক্ষয় হয় খ. দেহের ওজন বৃদ্ধি পায়
গ. দেহের অস্বাভাবিক বৃদ্ধি ঘটে
ঘ. রক্তনালী সরু হয়ে পড়ে উ. ক

২৬. হেপাটাইটিস 'বি' ভাইরাস শরীরের কোথায় আক্রমণ করে? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. ফুসফুস খ. হৃদপিণ্ড
গ. যকৃত ঘ. অগ্ন্যাশয় উ. গ

২৭. পেনিসিলিয়াম আবিষ্কার করেন কে? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. রবার্ট হুক খ. টমাস এডিসন
গ. আলেকজান্ডার ফ্লেমিং ঘ. জেমস্ ওয়াট উ. গ

স্কুল পর্যায়-২

১. সূর্য কিরণ থেকে কোন ভিটামিন পাওয়া যায়? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. ভিটামিন 'এ' খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'ই' ঘ. ভিটামিন 'ডি' উ. ঘ

২. এডিস মশা নিচের কোন রোগটির বাহন? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. গোদ রোগ খ. ম্যালেরিয়া
গ. চিকুনগুনিয়া ঘ. ফাইলেরিয়া উ. গ

৩. কোন খাদ্যে পচন ধরে না? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. ফল খ. মধু
গ. দুধ ঘ. চাল উ. খ

৪. ভিটামিন সি-এর অভাবে কোন রোগ হয়? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. রাতকানা খ. বেরিবেরি
গ. স্কার্ভি ঘ. রিকেটস উ. গ

৫. নিউমোনিয়া রোগে আক্রান্ত হয় মানবদেহের কোথায়? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. ফুসফুস খ. যকৃত
গ. কিডনী ঘ. প্লীহা উ. ক

৬. আইসিডিডিআর, বি হাসপাতালে কোন রোগের চিকিৎসা হয়? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
ক. ম্যালেরিয়া খ. যক্ষ্মা
গ. নিউমোনিয়া ঘ. কলেরা উ. ঘ

৭. পানিতে কোন ভিটামিন দ্রবণীয়? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
ক. A ও B খ. B ও C
গ. A ও C ঘ. B ও D উ. খ

৮. সূর্য কিরণ থেকে কোন ভিটামিন পাওয়া যায়? [১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
ক. ভিটামিন 'এ' খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'ই' ঘ. ভিটামিন 'ডি' উ. ঘ

২.১ স্বাস্থ্য

প্রশ্ন। কোন খাদ্যকে আদর্শ খাদ্য বলা হয়?
উত্তর ঃ দুধ।

প্রশ্ন। কোন খাদ্য উপাদান থেকে শক্তি পাওয়া যায়?
উত্তর ঃ শর্করা, আমিষ ও স্নেহ।

প্রশ্ন। একজন পূর্ণবয়স্ক ব্যক্তির দৈনিক গড়ে কত ক্যালরি শক্তির প্রয়োজন?
উত্তর ঃ ২২০০ ক্যালরি।

প্রশ্ন। আমাদের দেশে একজন পূর্ণবয়স্ক ব্যক্তির দৈনিক গড়ে কত ক্যালরি শক্তির প্রয়োজন?
উত্তর ঃ ২৫০০ ক্যালরি।

প্রশ্ন। শর্করা জাতীয় খাদ্য শরীরে কোন কাজে ব্যয় হয়?
উত্তর ঃ দেহের বৃদ্ধির জন্য

প্রশ্ন। অতিরিক্ত শর্করা জাতীয় খাদ্য উদ্ভিদদেহে কী হিসেবে জমা থাকে?
উত্তর ঃ স্টার্চ হিসেবে।

প্রশ্ন। অতিরিক্ত শর্করা জাতীয় খাদ্য প্রাণিদেহে কী হিসেবে জমা থাকে?
উত্তর ঃ গ্লাইকোজেন হিসেবে।

প্রশ্ন। মানবদেহে গ্লাইকোজেন কোথায় জমা থাকে?
উত্তর ঃ যকৃতে (লিভারে) ও পেশীতে।

প্রশ্ন। খাদ্য কাকে বলে?
উত্তর ঃ যা খেলে শরীরে শক্তি হয়, শরীরের ক্ষয়পূরণ করে এবং শরীরের বৃদ্ধি ঘটে তাকে খাদ্য বলে।

প্রশ্ন। সুষম খাদ্যের উপাদান কয়টি?
উত্তর ঃ ৬টি। যথা- শর্করা, আমিষ, স্নেহ, ভিটামিন, খনিজ লবণ এবং পানি।

প্রশ্ন। সুষম খাদ্যে শর্করা, আমিষ ও স্নেহজাতীয় খাবারের অনুপাত কত?
উত্তর ঃ ৪: ১ : ১।

প্রশ্ন। কার্বোহাইড্রেটে (শর্করায়) C, H এবং O-এর (কার্বন, হাইড্রোজেন এবং অক্সিজেন) অনুপাত কত?
উত্তর ঃ ১: ২ : ১।

প্রশ্ন। কার্বোহাইড্রেট হলো-
উত্তর ঃ কার্বন, হাইড্রোজেন ও অক্সিজেনের সমন্বয়ে গঠিত।

প্রশ্ন। আমিষ হলো-
উত্তর ঃ কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন ও নাইট্রোজেনের সমন্বয়ে গঠিত।

প্রশ্ন। আমিষে নাইট্রোজেনের হার কত?
উত্তর ঃ ১৬%।

প্রশ্ন। জীবদেহের শক্তির প্রধান উৎস হিসেবে কাজ করে কোনটি?
উত্তর ঃ কার্বোহাইড্রেট বা শর্করা।

প্রশ্ন। দুধের শ্বেতসার অংশকে কী বলে ।
উত্তর ঃ ল্যাক্টোজ।

প্রশ্ন। দুধের প্রোটিনের নাম কী?
উত্তর ঃ কেসিন।

প্রশ্ন। দুধে কোন ভিটামিন নেই?
উত্তর ঃ ভিটামিন সি।

প্রশ্ন। ডিমে কোন ভিটামিন নেই?
উত্তর ঃ ভিটামিন সি।

প্রশ্ন। অ্যামাইনো এসিড কী?
উত্তর ঃ প্রোটিনের মূল গাঠনিক একক।

প্রশ্ন। দেহে আমিষ বা প্রোটিনের প্রধান কাজ কী?
উত্তর ঃ দেহের বৃদ্ধি সাধন ও ক্ষয়পূরণ করা এবং কোষ গঠনে সহায়তা করা।

প্রশ্ন। দেহ গঠনে কোন উপাদানের প্রয়োজন সবচেয়ে বেশি?
উত্তর ঃ আমিষ বা প্রোটিন জাতীয় খাবার।

প্রশ্ন। রোগ প্রতিরোধের ক্ষমতা বাড়ায় প্রধানত কোনটি?
উত্তর ঃ ভিটামিন।

প্রশ্ন। আমিষ বা প্রোটিনের মূল উপাদান কী?
উঃ নাইট্রোজেন।

প্রশ্ন। জীব কোষের কোন স্থানে প্রোটিন বা আমিষ সংশ্লেষণ হয়?
উত্তর ঃ রাইবোজোম।

প্রশ্ন। Natural Protein-এর কোড নাম কী?
উত্তর ঃ Protein P-49।

প্রশ্ন। আমিষ জাতীয় খাবারের অভাবে কী রোগ হয়?
উত্তর ঃ কোয়াশিয়রকর ও মেরাসমাস।

প্রশ্ন। কোলেস্টেরল কী?
উত্তর ঃ এক ধরনের অসম্পৃক্ত অ্যালকোহল।

প্রশ্ন। কোলেস্টেরলের উৎস কী?
উত্তর ঃ ডিমের কুসুম, কলিজা, মগজ, গরুর মাংস, খাসির মাংস ইত্যাদি।
প্রশ্ন। মানব দেহে শতকরা কতভাগ খনিজ লবণ থাকে?
উত্তর ঃ ৪%।
প্রশ্ন। কোন শাকে লৌহের পরিমাণ সবচেয়ে বেশি?
উত্তর ঃ কচু শাক।
প্রশ্ন। মানবদেহে লৌহের কাজ কী?
উত্তর ঃ হিমোগ্লোবিনের হিম অংশ তৈরিতে লৌহ অপরিহার্য।
প্রশ্ন। লৌহের অভাবে কী রোগ হয়?
উত্তর ঃ রক্তশূন্যতা।
প্রশ্ন। হাড় ও দাঁত গঠনে কোন কোন মৌল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?
উত্তর ঃ ক্যালসিয়াম ও ফসফরাস ।
প্রশ্ন। মানুষের শরীরের কোন অঙ্গে বেশির ভাগ ফসফেট রয়েছে?
উত্তরঃ হাড়ে।
প্রশ্ন। কোন হরমোন তৈরিতে আয়োডিনের প্রয়োজন হয়?
উত্তর ঃ থাইরয়েড।
প্রশ্ন। দেহের বৃদ্ধিকারক হরমোন কোনটি?
উত্তর ঃ থাইরক্সিন
প্রশ্ন। কোন মৌল দাঁতের ক্ষয়রোধ করে?
উত্তর ঃ ফ্লুরাইড ।
প্রশ্ন। কোন খাবারে সবচেয়ে বেশি পটাসিয়াম পাওয়া যায়?
উত্তর ঃ ডাব।
প্রশ্ন। কলায় কোন উপাদান বেশি থাকে?
উত্তর ঃ লৌহ, পটাসিয়াম ।
প্রশ্ন। মানবদেহে অ্যান্টিবডির কাজ কী?
উত্তর ঃ রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করা।
প্রশ্ন। সর্বাধিক স্নেহ জাতীয় খাদ্য কোনটি?
উত্তর ঃ দুধ।
প্রশ্ন। মায়ের দুধে কোন খাদ্য উপাদান নেই?
উত্তর ঃ লৌহ।
প্রশ্ন। কোনটিকে 'খাদ্যপ্রাণ' বলা হয়?
উত্তর ঃ ভিটামিন।
প্রশ্ন। পানিতে দ্রবণীয় ভিটামিনগুলো কী কী?
উত্তর ঃ Vit-B, Vit-C।
প্রশ্ন। Vit-C এর অন্য নাম কী?
উত্তর ঃ অ্যাসকরবিক এসিড।
প্রশ্ন। আমাদের দেশে প্রাপ্ত সবচেয়ে বেশি Vit-C সমৃদ্ধ ফলের নাম কী?
উত্তর ঃ পেয়ারা।
প্রশ্ন। ডিমে কোন ভিটামিন নেই?
উত্তরঃ Vit-C।
প্রশ্ন। Vit-C এর অভাবে কি রোগ হয়?
উত্তর ঃ স্কার্ভি।

প্রশ্ন। কোন খাদ্যে Vit-A সবচেয়ে বেশি?
উত্তর ঃ গাজর।
প্রশ্ন। কোন খাদ্যে Vit-C সবচেয়ে বেশি?
উত্তর ঃ পেয়ারা।
প্রশ্ন। কোনটিতে আমিষের পরিমাণ সবচেয়ে বেশি?
উত্তর ঃ শুঁটকী মাছ।
প্রশ্ন। কোন আলোক রশ্মি Vit-D তৈরিতে সাহায্য করে?
উত্তর ঃ আল্ট্রাভায়োলেট রশ্মি বা অতিবেগুনী রশ্মি।
প্রশ্ন। চা পাতায় কোন ভিটামিন থাকে?
উত্তর ঃ ভিটামিন-বি কমপ্লেক্স।
প্রশ্ন। হাড় ও দাঁত তৈরির জন্য কোন ভিটামিন প্রয়োজন?
উত্তর ঃ ভিটামিন-ডি।
প্রশ্ন। কঁচুশাকে কোন উপাদান সবচেয়ে বেশি থাকে?
উত্তর ঃ লৌহ।
প্রশ্ন। আয়োডিনের মূল উৎস কী?
উত্তর ঃ পানি ও মাটি।
প্রশ্ন। খাবারের বিভিন্ন উপাদানের মধ্যে আয়োডিনের মূল উৎস কী?
উত্তর ঃ খাবার লবণ।
প্রশ্ন। কোথায় সবচেয়ে বেশি আয়োডিন থাকে?
উত্তর ঃ সমুদ্রের পানিতে কিংবা সামুদ্রিক মাছে।

২.২ সাধারণ রোগ ব্যাধি

প্রশ্নঃ যে সব অণুজীব রোগ সৃষ্টি করে তাদের কী বলা হয়?
উঃ প্যাথোজেনিক।
প্রশ্নঃ ভেক্টর কী?
উঃ যে সকল প্রাণী এক মানবদেহ থেকে অন্য মানবদেহে রোগ জীবাণু বহন করে, তাদের ভেক্টর বলে।
প্রশ্নঃ বন্যার পর কোন রোগের প্রাদুর্ভাব বেশি দেখা দেয়?
উঃ ডায়রিয়া।
প্রশ্নঃ ডাক্তাররা কেন ডায়রিয়া রোগীকে বেশি করে ডাব খাওয়ার পরামর্শ দেন?
উঃ ডাবের পানিতে প্রচুর পরিমাণে পটাশিয়াম থাকে যা ডায়রিয়া রোগীর জন্য অনেক উপকারী।
প্রশ্নঃ নরমাল স্যালাইন কী?
উঃ সোডিয়াম ক্লোরোইডের ০.৯% জলীয় দ্রবণ।
প্রশ্নঃ শরীরের কোনো স্থান পুড়ে গেলে তৎক্ষণিকভাবে কী করা উচিত?
উঃ তাৎক্ষণাৎ পরিষ্কার ঠান্ডা পানি দিয়ে ধুয়ে ফেলা।
প্রশ্নঃ কোনো বিষধর সাপ কামড় দিলে ক্ষতস্থান কেমন দেখায়?
উঃ বড় বড় দুটি দাঁতের দাগ থাকে।
প্রশ্নঃ অ্যান্টিবায়োটিক কী?
উঃ যে ঔষুধ ব্যাক্টেরিয়া ধ্বংস করে তাকে অ্যান্টিবায়োটিক বলে।

Job Navigator

প্রশ্ন: অ্যান্টিবায়োটিক কে আবিষ্কার করেন?
উ: আলোকজেন্ডার ফ্লেমিং

প্রশ্ন: কোত্থেকে আলোকজেন্ডার ফ্লেমিং অ্যান্টিবায়োটিক আবিষ্কার করেন?
উ: পেনিসিলিয়াম নামক ছত্রাক থেকে।

প্রশ্ন: অ্যান্টিবায়োটিক পেনিসিলিন ঔষুধ তৈরি হয়-
উ: ছত্রাক থেকে।

প্রশ্ন: ভায়াগ্রা কী?
উ: এক প্রকার যৌন উত্তেজক ওষুধ; যার আসল নাম হলো সিলডেনাফিল।

প্রশ্ন: 'স্পিরুলিনা' কী?
উ: শৈবাল জাতীয় এক প্রকার খাদ্য ও ঔষুধ।

প্রশ্ন: স্বাস্থ্যের জন্য অপরিহার্য ভিটামিন কয়টি?
উ: ১৩টি।

প্রশ্ন: ভূ-অভ্যন্তরের পানি ব্যবহারের ক্ষতিকর দিক কী?
উ: আর্সেনিক দূষণ।

প্রশ্ন: আর্সেনিক দূষণের প্রধান কারণ কী?
উ: ভূ-তাত্ত্বিক।

প্রশ্ন: বাংলাদেশে কত সালে পরিবার পরিকল্পনা কর্মসূচি গ্রহণ করা হয়?
উ: ১৯৭৬ সালে।

প্রশ্ন: বাংলাদেশে সম্প্রসারিত টিকাদান কর্মসূচি কবে চালু হয়?
উ: ১৯৭৯ সালে।

প্রশ্ন: সম্প্রসারিত টিকাদান কর্মসূচির আওতায় বিনামূল্যে কতটি টিকা দেয়া হয়?
উ: ১০টি।

প্রশ্ন: বর্তমানে রোবটকে কোন ধরনের চিকিৎসায় ব্যবহার করা হচ্ছে?
উ: জটিল সার্জারি চিকিৎসায়

প্রশ্ন: জন্ডিসের অন্যতম কারণ কী?
উ: হেপাটাইটিস গোত্রের ভাইরাস।

প্রশ্ন: হেপাটাইটিস ভাইরাস কোথায় আক্রমণ করে?
উ: লিভার বা যকৃতে।

প্রশ্ন: কখন, কীভাবে 'হেপাটাইটিস-বি'-এর টিকা নেয়া যায়?
উ: প্রথম ডোজ টিকা নেওয়ার এক মাস পর দ্বিতীয়টি এবং প্রথম ডোজ নেওয়ার দিন থেকে ছয় মাস পর তৃতীয় ডোজটি নিতে হয়। তিনটি ডোজ সম্পন্ন হওয়ার পর রক্ত পরীক্ষার মাধ্যমে নিশ্চিত হতে হয় যে টিকা নেওয়ার ফলে রক্তে ভাইরাসের বিরুদ্ধে পর্যাপ্ত রোগপ্রতিরোধ ক্ষমতা গড়ে উঠেছে কি না। তিনটি ডোজ সম্পন্ন হওয়ার পর পর্যাপ্ত রোগপ্রতিরোধ ক্ষমতা গড়ে না উঠলে পাঁচ বছর পর চতুর্থ ডোজ (বুস্টার ডোজ) নিতে হয়।

প্রশ্ন: কারা 'হেপাটাইটিস-বি' এর টিকা নিতে পারে?
উ: জন্মের পর থেকে ৭০ বছর বয়স পর্যন্ত যে কেউ এই টিকা নিতে পারে। তবে কেউ যদি পূর্বেই হেপাটাইটিস-বি রোগে আক্রান্ত হয়ে যায় তাহলে সে আর হেপাটাইটিস-বি টিকা নিতে পারবে না। আবার কোনো মায়ের হেপাটাইটিস-বি দেহে থাকলে নবজাতক জন্মের ১২ ঘন্টার মধ্যে অর্থাৎ যত দ্রুত সম্ভব ভ্যাকসিন ও এইচ.বি.আই.জি (HBIG) শট দিতে হবে।

প্রশ্ন: জন্ডিস বা হেপাটাইটিস এর কারণ কি?
উ: Hepatitis A, B, C, D, E virus.

প্রশ্ন: কোন হেপাটাইটিস ভাইরাস বেশি খারাপ?
উ: হেপাটাইটিস-B, হেপাটাইটিস-C (Chronic Hepatitis) এর জন্য দায়ী।

প্রশ্ন: খাদ্য, পানির মাধ্যমে ছড়ায় কোন হেপাটাইটিস ভাইরাস?
উ: Hepatitis -A, Hepatitis-E.

প্রশ্ন: রক্ত, যৌন সংগমের মাধ্যমে ছড়ায় কোন Hepatitis ভাইরাস?
উত্তরঃ Hepatitis- B, C, D.

প্রশ্ন: Chronic Hepatitis হলে ক্ষতি কী হয়?
উত্তরঃ লিভার সিরোসিস বা লিভার ক্যান্সার হয়ে মানুষ মারা যেতে পারে।

প্রশ্ন: AIDS রোগীর মৃত্যুর কারণ কি?
উ: মানুষের রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস পেয়ে ধীরে ধীরে মৃত্যুর মুখে পতিত হয়।

প্রশ্ন: HIV/AIDS কী ধরনের রোগ?
উ: HIV/AIDS একটি ভাইরাসজনিত রোগ।

প্রশ্ন: HIV দ্বারা কী বোঝায়?
উ: Human Immunodeficiency Virus

প্রশ্ন: AIDS দ্বারা কী বোঝায়?
উ: Acquired Immune Deficiency Syndrome

প্রশ্ন: HIV/AIDS হলে কী হয়?
উ: HIV/AIDS হলে মানুষ রোগ প্রতিরোধ ক্ষমতা হারিয়ে ফেলে ধীরে ধীরে মৃত্যুর মুখে পতিত হয়।

প্রশ্ন: AIDS এর জন্য কোন ভাইরাস দায়ী?
উত্তরঃ HIV ভাইরাস(Human Immunodeficiency Virus).

প্রশ্ন: AIDS কিভাবে ছড়ায়?
উ: এইডস প্রধানত তিন ভাবে ছড়ায়ঃ

- HIV+ve রোগীর রক্ত কোন সুস্থ মানুষের শরীরে প্রবেশ করলে। যেমনঃ এইডস রোগীর রক্ত গ্রহণ, এইডস রোগীর ব্যবহৃত সিরিঞ্জ ব্যবহার করা ইত্যাদি।
- HIV+ve রোগীর সাথে যৌন সংগম।
- HIV+ve মায়ের কাছে থেকে অমরার মাধ্যমে বাচ্চার শরীরে প্রবেশ করতে পারে।

প্রশ্ন: বর্তমানে কোন ঔষুধ এইডস্ রোগীদের চিকিৎসায় ব্যবহার করা হচ্ছে?
উ: এজিডোথাইমেডিন।

প্রশ্ন: জলাতঙ্ক রোগের কারণ কী?
উ: Rabies virus.

প্রশ্ন: জলাতঙ্ক রোগ কেন হয়?
উত্তরঃ কুকুর, বিড়াল, শিয়াল, বাঘ, সিংহ, বেজি ইত্যাদির কামড় থেকে জলাতঙ্ক হতে পারে।

প্রশ্ন: ডেঙ্গু জ্বরের কারণ কী?
উ: Dengue virus.

প্রশ্ন: ডেঙ্গু জ্বরের বাহক কে?
উত্তরঃ Aedes aegypti নামক মশা।

প্রশ্ন: কোন মশা কী রোগের বাহক হিসেবে কাজ করে?
উত্তর: এডিস মশা: ডেঙ্গু জ্বর
অ্যানোফিলিস মশা: ম্যালেরিয়া
প্রশ্ন: ডেঙ্গু জ্বরের লক্ষণ কী?
উত্তর: উচ্চজ্বর, পেশী, হাড় ও মাথা ব্যথা ও শরীরের বিভিন্ন স্থান হতে রক্তপাত হতে পারে। এ রোগ রোগীর মৃত্যুও হতে পারে।
প্রশ্ন: কোন ভাইরাসকে স্ট্রিট ভাইরাস বলে?
উত্তর: রেবিস।
প্রশ্ন: নিপাহ ভাইরাসের প্রধান বাহক কি?
উত্তর: বাদুড়।
প্রশ্ন: নিউমোনিয়া কী?
উত্তর: ফুসফুসের প্রদাহকে নিউমোনিয়া বলে।
প্রশ্ন: নিউমোনিয়ার কারণ কী?
উত্তর: নিউমোনিয়ার কারণ নিম্নরূপঃ
ক) ব্যাক্টেরিয়া, খ) ভাইরাস, গ) গোলকৃমি।
প্রশ্ন: ডিপথেরিয়া রোগে দেহের কোন অংশ আক্রান্ত হয়?
উত্তর: গলা।
প্রশ্ন: কুষ্ঠরোগের লক্ষণ কী?
উত্তর: ত্বকে বিশেষ ধরনের ক্ষতে ব্যথাহীনতা।
প্রশ্ন: কিসের অভাবে ডায়াবেটিস হয়?
উত্তর: ইনসুলিনের অভাবে।
প্রশ্ন: ইনসুলিন আবিষ্কার করেন কে?
উত্তর: ফ্রেডরিক গ্র্যান্ট বেন্টিং ও চার্লস এইচ বেস্ট।
প্রশ্ন: কত সালে ইনসুলিন আবিষ্কার করা হয়?
উত্তর: ১৯২১ সালে।
প্রশ্ন: কত সালে ইনসুলিনের ব্যবহার শুরু হয়?
উত্তর: ১৯২২ সালে।
প্রশ্ন: ইনসোমনিয়া কোন ধরনের রোগ?
উত্তর: নিদ্রাহীনতাজনিত রোগ। এটি বেশিভাগ ক্ষেত্রে বয়স্কদের মাঝে দেখা যায়।

২.৩ জেনে নিন কিসের অভাবে কোন রোগ হয়-

১। কিসের অভাবে মানুষের কোয়াশিয়রকর রোগ হয়?
উত্তর: আমিষের।
২। কোন ভিটামিনের অভাবে স্কার্ভি রোগ হয়?
উত্তর: ভিটামিন সি।
৩। কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়?
উত্তর: ভিটামিন এ [মনে রাখুন, রাতে না দেখে এ এ করে!]
৪। কোন ভিটামিনের অভাবে বেরিবেরি রোগ হয়?
উত্তর: ভিটামিন বি।
৫। কোন ভিটামিনের অভাবে রিকেটস রোগ হয়?
উত্তর: ভিটামিন ডি।
৬। আয়োডিনের অভাবে কি রোগ হয়?
উত্তর: গলগণ্ড রোগ।
৭। কোনটির অভাবে রক্তশূন্যতা দেখা দেয়?
উত্তর: হিমোগ্লোবিনের অভাবে।
৮। কোন ভিটামিনের অভাবে রক্তশূন্যতা দেখা দেয়?
উত্তর: ভিটামিন-বি$_{১২}$।
৯। চর্মরোগ হয় কিসের অভাবে?
উত্তর: চর্বি বা স্নেহ।
১০। কিসের অভাবে ঠোঁটে ও জিহ্বায় ঘা হয়?
উত্তর: ভিটামিন বি$_{২}$।
১১। কোন ভিটামিন রক্ত জমাট বাঁধতে সাহায্য করে?
উত্তর: ভিটামিন 'কে'। [মনে রাখুন এইভাবে, কে এসে রক্তের জমাট বাঁধালো?]
১২। পানি কম পান করলে কী রোগ হয়?
উত্তর: কোষ্ঠকাঠিন্য।
১৩। ভিটামিন 'সি' এর অভাবে কোন কোন রোগের সৃষ্টি হয়?
উঃ ওজন কমে যাওয়া, মুখে ঘা, স্কার্ভি হয়ে থাকে।
১৪। ভিটামিন 'ডি' এর অভাবে কোন কোন রোগের সৃষ্টি হয়?
উঃ কুঁজো হওয়া, শিশুদের রিকেটস রোগ, দাঁতের ক্ষয় ইত্যাদি হয়ে থাকে।
১৫। ভিটামিন 'ই' এর অভাবে কোন কোন রোগের সৃষ্টি হয়?
উঃ গর্ভস্থ সন্তানের মৃত্যু, অসময়ে গর্ভপাত ও গর্ভস্রাব, স্নায়ুপেশি ও ধমনীর কর্মক্ষমতা হ্রাস পাওয়া ইত্যাদি হয়ে থাকে।
১৬। কিসের অভাবে প্রজনন ক্ষমতা হ্রাস পায়?
উঃ ভিটামিন-ই এর অভাবে।
১৭। কিসের অভাবে অধিক রক্তক্ষরণ হয়?
উঃ ভিটামিন-কে এর অভাবে।
১৮। কিসের অভাবে পেলেগ্রা হয়?
উঃ ভিটামিন বি-৩।
১৯। কিসের অভাবে টিটেনি হয়?
উঃ ক্যালসিয়ামের অভাবে।
২০। কিসের অভাবে দাঁতের ক্ষয়রোগ হয়?
উঃ ফ্লুরাইডের অভাবে।
২১। কিসের অভাবে হাইপোগ্লাইসোমিয়া হয়?
উঃ রক্তের গ্লুকোজের অভাবে।

২.৪ জেনে নিন কোন রোগ কিসের মাধ্যমে ছড়ায়-

- ইবোলা ভাইরাস - শূকর
- জিকা ভাইরাস - এডিস ইজিপ্টি নামের মশার কামড়ে।
- চিকুনগুনিয়া- এডিস মশা
- ডেঙ্গু জ্বর - এডিস ইজিপটি মশা (ফ্লাভি ভাইরাস)
- অ্যানথ্রাক্স (জীবাণু অস্ত্র) - গরু
- ফাইলেরিয়া/গোঁদরোগ - কিউলেক্স মশা
- ম্যালেরিয়া - অ্যানোফিলিস মশা
- বার্ড ফ্লু - মুরগিসহ অন্যান্য পাখি
- নিপাহ ভাইরাস - বাদুড়
- জলাতঙ্ক -কুকুর, বিড়াল
- সোয়াইন ফ্লু - শূকর

২.৫ ব্যাক্টেরিয়া দ্বারা সৃষ্ট বিভিন্ন প্রকার রোগ

মনে রাখার স্পেশাল টেকনিক: নিউ মার্কেটের ডিপ কলে কোট টাই ধুইলে আমার যক্ষ্মা, কাশি হবে।

এবার মিলিয়ে নিন-
- নিউমার্কেটের - নিউমোনিয়া
- ডিপ - ডিপথেরিয়া
- কলে - কলেরা
- কোট - কুষ্ঠ রোগ
- টাই- টাইফয়েড
- ধুইলে - ধনুষ্টংকার
- আমার - আমাশয়
- যক্ষ্মা - যক্ষ্মা
- কাশি- হুপিংকাশি

২.৬ ভাইরাস দ্বারা সৃষ্ট রোগ

মনে রাখার স্পেশাল টেকনিক: হায়! হায়! দেশে বসন্ত এলো ভাইকে ইনফ্লুয়েঞ্জা জ্বরে পেল।

এবার মিলিয়ে নিন-
- হায় = হাম
- হায় = হার্পিস
- দেশে = ডেঙ্গু
- বসন্ত = বসন্ত
- এল = এইডস
- ভাইকে = ভাইরাস হেপাটাইটিস
- ইনফ্লুয়েঞ্জা = ইনফ্লুয়েঞ্জা
- জ্বরে = জলাতঙ্ক
- পেল = পোলিও।

[বিশেষভাবে মনে রাখতে হবে, HIV(AIDS) একটি ভাইরাসজনিত রোগ।]

২.৭ টেকনিকে মনে রাখুন ভিটামিনের নাম

- পানিতে দ্রবণীয় Vitamin-B এবং Vitamin-C [বাচ্চা (বা-B, চ্চা-C) পোলাপান পানিতে সহজে ডুবে যায়! অথবা মনে রাখতে পারেন ভিসি পানিতে ডুবে মারা গেছে।]
- পানিতে অদ্রবণীয় ভিটামিন- ADEK (ভিটামিন-এ, ডি, ই, কে)
- তেল/স্নেহ পদার্থে দ্রবণীয় ভিটামিন- ADEK (ভিটামিন-এ, ডি, ই, কে)
- যকৃতে জমা থাকে ভিটামিন- ADEK (ভিটামিন-এ, ডি, ই, কে)
- ডিম ও দুধে ভিটামিন 'সি' থাকে না।
- বৃষ্টির পানি, চা, কফিতে 'ভিটামিন-বি কমপ্লেক্স' থাকে। [সবসময় বৃষ্টির পানি পাওয়া, চা-কফি বানানো জটিল বা কমপ্লেক্স বিষয় নয় কি?]
- মাছের তেল, ডিমের কুসুম, মাখনে Vitamin-D থাকে।
- সূর্যের আলো Vitamin-D উৎপাদনে সহায়তা করে।

২.৮ বিভিন্ন ভিটামিনের নাম ও তাদের অভাবে কী কী রোগ হয়-

- ভিটামিন A: ভিটামিন A এর অভাবে রাতকানা হয়, দেহের বৃদ্ধি ব্যাহত হয়, ত্বক খসখসে হয়, স্নায়ুতন্ত্রের ক্ষতি হয়।
- ভিটামিন B_1: ভিটামিন B_1 এর অভাবে বেরিবেরি রোগ হয়, হাত পা ফুলে যায়, ক্ষুধা মন্দা, স্নায়ু দুর্বল, দেহের সার্বিক বৃদ্ধি ব্যাহত হয়।
- ভিটামিন B_2: ভিটামিন B_2 এর অভাবে মুখে, জিহ্বায় ও ঠোঁটের কোণে ঘা হয়। চুল উঠতে থাকে।
- ভিটামিন B_{12}: ভিটামিন B_{12} এর অভাবে রক্তস্বল্পতা হয়, বৃদ্ধি ব্যাহত হয় ও আন্ত্রিক শোষণে ব্যাঘাত ঘটে।
- ভিটামিন C: ভিটামিন C এর অভাবে দাঁতের গোঁড়া ফুলে উঠে, দাঁত থেকে রক্ত পড়ে বা দাঁত পুঁজ জমে, সহজে সর্দি-কাশি হয় এবং এর অভাবে স্কার্ভি রোগ হয়।
- ভিটামিন D: ভিটামিন D এর অভাবে শিশুদের রিকেটস রোগ হয়। এই ভিটামিনের অভাবে অস্থি ও দাঁতের বিকৃতি ঘটে।
- ভিটামিন E: ভিটামিন E এর অভাবে বন্ধ্যাত্ব ও জনন অঙ্গের বৃদ্ধি ব্যাহত হয়।
- ভিটামিন K: ভিটামিন K এর অভাবে রক্ত জমাট বাঁধে না। ফলে কাটা স্থান বা ক্ষত থেকে ক্রমাগত রক্তক্ষরণ হতে থাকে।

বিভিন্ন ফলমূলে কী এসিড থাকে তা বিভিন্ন পরীক্ষায় বহুবার এসেছে আর বহু বার আসবেও। গুছিয়ে পড়লে মনে থাকবে বেশি দিন। তাই নিচে গুছিয়ে দেয়া হয়েছে-

২.৯ জেনে নিন কোন খাদ্যে কোন এসিড থাকে-

খাদ্যের নাম	এসিডের নাম
তেঁতুল	টারটারিক এসিড।
টমেটো	অক্সালিক এসিড।
আঙ্গুর	সাইট্রিক এসিড।
কলা	ম্যালিক এসিড ও সাইট্রিক এসিড।
লেবু	সাইট্রিক এসিড।
দুধ	ল্যাক্টিক এসিড।
কমলালেবু	সাইট্রিক এসিড।
সিরকা	এসিটিক এসিড।
আনারস	ম্যালিক এসিড।
আমলকি	এসকরবিক এসিড।
আপেল	ম্যালিক এসিড।
কচুশাক	লৌহ।
গাজর	ম্যালিক এসিড।
ডাব	পটাশিয়াম।

৩. পরিবেশ বিজ্ঞান সংশ্লিষ্ট [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

১. SMOG হচ্ছে– *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. সিগারেটের ধোয়া খ. কুয়াশা
গ. কালোধোঁয়া ঘ. দূষিত বাতাস **উ. ঘ**

২. ওজোনস্তর ক্ষয়ের জন্য দায়ী কোনটি? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. CO_2 খ. SO_2
গ. CO ঘ. CFC **উ. ঘ**

৩. সূর্য হতে পৃথিবীতে আলো এসে পৌঁছাতে সময় লাগে প্রায়- *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. ৭ মিনিট খ. ৮ মিনিট
গ. ৯ মিনিট ঘ. ১০ মিনিট **উ. খ**

৪. বায়ু দূষণের জন্য প্রধানত দায়ী– *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. অক্সিজেন খ. নাইট্রোজেন
গ. কার্বন মনোক্সাইড ঘ. কার্বন ডাইঅক্সাইড **উ. ঘ**

৫. সমুদ্র বায়ু কখন প্রবল বেগে প্রবাহিত হয়? *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. শেষরাতে খ. মধ্যাহ্নে
গ. অপরাহ্নে ঘ. সবসময় **উ. গ**

৬. পৃথিবীকে সমান দুই অংশে ভাগ করেছে কোন রেখা? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. সমাক্ষরেখা খ. নিরক্ষরেখা
গ. মেরুরেখা ঘ. দ্রাঘিমা রেখা **উ. খ**

৭. কোন তারিখে উত্তর গোলার্ধে দিন সবচাইতে বড় এবং রাত সবচাইতে ছোট হয়? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. ২১ মার্চ খ. ২১ জুন
গ. ২৩ জুলাই ঘ. ২১ সেপ্টেম্বর **উ. খ**

৮. শ্বেত বামন (White Dwarf) কি? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. ইউরোপের একটি উপজাতি
খ. একটি উপন্যাস
গ. একটি পাহাড়ের নাম
ঘ. মৃততারা **উ. ঘ**

৯. শান্ত সাগর কোথায় অবস্থিত? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. বুধগ্রহ খ. পৃথিবীতে
গ. চাঁদে ঘ. শনিগ্রহে **উ. গ**

স্কুল পর্যায়

১. প্রাকৃতিতে সবচেয়ে বেশি পাওয়া যায় কোন ধাতু? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. লোহা খ. দস্তা
গ. পটাশিয়াম ঘ. অ্যালুমিনিয়াম **উ. ঘ**

২. বায়ুমণ্ডলে কোন গ্যাস সর্বাধিক পরিমাণে পাওয়া যায়? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. অক্সিজেন খ. কার্বন ডাই অক্সাইড
গ. নাইট্রোজেন ঘ. হাইড্রোজেন **উ. গ**

৩. লাল গ্রহ কাকে বলা হয়? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. মঙ্গল গ্রহ খ. বুধ গ্রহ
গ. বৃহস্পতি গ্রহ ঘ. শনি গ্রহ **উ. ক**

৪. কোনো দেশের ভারসাম্য রক্ষার জন্য সেই দেশের কতভাগ বনভূমি থাকা প্রয়োজন? *[১২তম স্কুল নিবন্ধন ২০১৫]*
ক. শতকরা ২০ ভাগ খ. শতকরা ২৫ ভাগ
গ. শতকরা ৩০ ভাগ ঘ. শতকরা ৩৫ ভাগ **উ. খ**

৫. নিচের কোনটি জীবাশ্ম জ্বালানি নয়? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. পেট্রোল খ. কয়লা
গ. প্রাকৃতিক গ্যাস ঘ. বায়োগ্যাস **উ. ঘ**

৬. কোন গ্যাস ওজনস্তর ক্ষয়ের জন্য দায়ী? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. CO_2 খ. CH_4
গ. CFC ঘ. N_2 **উ. গ**

৭. কোনো দেশের পরিবেশ রক্ষার জন্য মোট ভূমির শতকরা কত ভাগ বনভূমি থাকা প্রয়োজন? *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*
ক. ২৫ খ. ৩০
গ. ৩৫ ঘ. ৪০ **উ. ক**

৮. পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধির জন্য দায়ী কোনটি? *[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]*
ক. নাইট্রোজেন খ. মিথেন
গ. কার্বন ডাই অক্সাইড ঘ. নাইট্রাস গ্যাস **উ. গ**

৯. কত বছর পর পর হ্যালির ধূমকেতু দেখা যায়? *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. ৫৬ বছর খ. ৬৫ বছর
গ. ৭৬ বছর ঘ. ৮৫ বছর **উ. গ**

১০. Meteorology কী সম্বন্ধীয় বিজ্ঞান? *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. বিষ সম্পর্কিত বিদ্যা
খ. উদ্যান বিষয়ক বিজ্ঞান
গ. পরিবেশের সাথে জীবের সম্পর্ক সম্বন্ধীয় বিজ্ঞান
ঘ. আবহাওয়া ও জলবায়ু সম্বন্ধীয় বিজ্ঞান **উ. ঘ**

১১. ভূপৃষ্ঠের সৌরদীপ্ত ও অন্ধকারাচ্ছন্ন অংশের সংযোগস্থলকে বলে- *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. উষা খ. গোধূলি
গ. গুরুবৃত্ত ঘ. ছায়াবৃত্ত **উ. ঘ**

১২. গ্রিনহাউজ প্রভাব সৃষ্টির জন্য বিভিন্ন গ্রিন হাউজ গ্যাসগুলোর মধ্যে কোনটি অন্যতম?
ক. নাইট্রাস অক্সাইড খ. সি. এফ. সি
গ. মিথেন ঘ. কার্বন ডাই-অক্সাইড **উ. ঘ**

Job Navigator

১৩. মহাশূন্য থেকে পৃথিবীতে আগত রশ্মির কণাকে কী বলে? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*

ক. আলফা রশ্মি খ. বিটা রশ্মি
গ. কস্‌মিক রশ্মি ঘ. গামা রশ্মি উ. গ

স্কুল পর্যায়-২

১. সবচেয়ে বড় দিন কোনটি? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*

ক. ২২ ডিসেম্বর খ. ২১ মার্চ
গ. ২৩ সেপ্টেম্বর ঘ. ২১ জুন উ. ঘ

২. কোনটি গ্রিন হাউজ গ্যাস নয়? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

ক. নাইট্রাস অক্সাইড খ. কার্বন ডাই-অক্সাইড
গ. ক্লোরোফ্লোরো কার্বন ঘ. নাইট্রোজেন উ. ঘ

৩. বায়ুমণ্ডলে অক্সিজেনের পরিমাণ কত? *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*

ক. ২০.০১% খ. ২১.০১%
গ. ২০.৭১% ঘ. ২১.৭১% উ. গ

৩.১ বায়ুমণ্ডল

▶ **বায়ুমণ্ডল বলতে কী বোঝায়?**
উত্তর: ভূ-পৃষ্ঠের চারপাশে বেষ্টন করে যে বায়ুর আবরণ আছে, তাকে বায়ুমণ্ডল বলে।

▶ **বায়ুমণ্ডলের বয়স কত?**
উত্তর: প্রায় ৩৫ কোটি বছর।

▶ **বায়ুণ্ডলের গভীরতা কত?**
উত্তর: বায়ুমণ্ডলের গভীরতা প্রায় ১০,০০০ কিলোমিটার। তবে বায়ুমণ্ডলের প্রায় ৯৭% ভূপৃষ্ঠ থেকে ৩০ কিলোমিটার এর মধ্য সীমাবদ্ধ।

▶ **বায়ুর ঘনত্ব কোথায় সবচেয়ে বেশি?**
উত্তর: বায়ুর চাপের কারণে সমুদ্রপৃষ্ঠে বায়ুর ঘনত্ব সবচেয়ে বেশি এবং ওপরের দিকে ঘনত্ব খুবই কম।

▶ **বায়ুমণ্ডল ভূপৃষ্ঠের সঙ্গে লেপ্টে থাকে কেন?**
উত্তর: পৃথিবীর মাধ্যাকর্ষণ শক্তির জন্য।

▶ **বায়ুমণ্ডলের স্তর কয়টি ও কী কী?**
উত্তর: বায়মণ্ডল যে সমস্ত উপাদানে গঠিত তাদের বৈশিষ্ট্যের ভিত্তিতে ভূপৃষ্ঠ থেকে ওপরের দিকে একে ৫টি স্তরে ভাগ করা হয়। যথা:

১. ট্রপোমণ্ডল (Troposphere)
২. স্ট্রাটোমণ্ডল (Stratosphere)
৩. মেসোমণ্ডল (Mesosphere)
৪. তাপমণ্ডল (Thermosphere)
৫. এক্সোমণ্ডল (Exosphere)



চিত্র : বায়ুমণ্ডলের স্তরবিন্যাস

[তথ্যসূত্র: ভূগোল ও পরিবেশ, নবম-দশম শ্রেণি, পৃ.৭০]

▶ **ট্রপোমণ্ডল কী এবং এর গভীরতা কত?**
উত্তর: ভূ-পৃষ্ঠের নিকটতম বায়ুস্তরকে বলে ট্রপোমণ্ডল। মেঘ, বৃষ্টিপাত, বজ্রপাত, বায়ুপ্রবাহ, ঝড়, তুষারপাত, শিশির, কুয়াশা সবকিছু এই স্তরে সৃষ্টি হয়। এ স্তরের গভীরতা মেরু এলাকায় ৮ কিলোমিটার এবং নিরক্ষীয় এলাকায় ১৬ থেকে ১৯ কিলোমিটার।

▶ **আবহাওয়া ও জলবায়ুজনিত যাবতীয় প্রক্রিয়ার বেশির ভাগ বায়ুমণ্ডলের কোন স্তরে ঘটে?**
উত্তর: ট্রপোমণ্ডলে।

▶ **স্ট্রাটোমণ্ডল কী?**
উত্তর: বায়ুমণ্ডলের দ্বিতীয় স্তরটির নাম স্ট্রাটোমণ্ডল যা ওপরের দিকে প্রায় ৫০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত।

▶ **ওজন (O_3) স্তর বায়ুমণ্ডলের কোন স্তরে অবস্থিত?**
উত্তর: স্ট্রাটোমণ্ডলে।

▶ **মেসোমণ্ডল কী?**
উত্তর: স্ট্রাটোবিরতির ওপরের স্তর থেকে প্রায় ৮০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত অংশকে মেসোমণ্ডল বলে।

▶ **তাপমণ্ডল কী?**
উত্তর: মেসোবিরতির উপরে প্রায় ৫০০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত বায়ুস্তরকে তাপমণ্ডল বলে। এই মণ্ডলে বায়ুস্তর অত্যন্ত হালকা ও চাপ ক্ষীণ। তাপমণ্ডলের নিম্ন অংশকে আয়নমণ্ডল (Ionosphere) বলে।

▶ **বেতার তরঙ্গ কোথায় প্রতিফলিত হয়?**
উত্তর: আয়নোস্ফিয়ারে।

▶ **বায়ুমণ্ডলের কোন স্তরে উল্কা ও কসমিক কণার সন্ধান পাওয়া গিয়েছে?**
উত্তর: আয়নোমণ্ডলের উর্ধ্বস্তরে।

▶ **এক্সোমণ্ডল কী?**
উত্তর: তাপমণ্ডলের উপরে প্রায় ৯৬০ কিলোমিটার পর্যন্ত যে বায়ুস্তর আছে তাকে এক্সোমণ্ডল বলে। এই স্তরে হিলিয়াম ও হাইড্রোজেন গ্যাসের প্রাধান্য দেখা যায়।

▶ **বায়ুর উপাদানগুলো কী কী?**

উত্তর: বায়ুমণ্ডলের উপাদানগুলোকে মূলত ৩টি ভাগে ভাগ করা যায়। যথা:

ক) গ্যাসীয় উপাদান:

নাইট্রেজেন (N_2)	৭৮.০২%
অক্সিজেন (O_2)	২০.৭১%
কার্বন ডাই অক্সাইড (CO_2)	০.০৩%
ওজোন (O_3)	০.০০০১%
আরগন (Ar)	০.৮০%
নিয়ন (Ne)	০.০০১৮%
হিলিয়াম (He)	০.০০০৫%
ক্রিপটন (Kr)	০.০০০১২%
জেনন (Xe)	০.০০০০৯%
হাইড্রোজেন (H_2O)	০.০০০০৫%
নাইট্রাস অক্সাইড (N_2O)	০.০০০০৫%
মিথেন (CH_4)	০.০০০০২%

(বি.দ্র: আমাদের মনে রাখতে হবে যে, কার্বন, রেডন, ফসফরাস বায়ুমণ্ডলের উপাদান নয়।)

খ) জলীয় বাষ্প গ) ধূলিকণা

▶ **কৃত্রিম উপগ্রহ বায়ুমণ্ডলের কোন স্তরে স্থাপন করা হয়?**

উত্তর: তাপমণ্ডলে।

▶ **রকেট বায়ুমণ্ডলের কোন স্তর দিয়ে চলাচল করে?**

উত্তর: তাপমণ্ডল। তবে উড়োজাহাজ চলাচল করে স্ট্রাটোমণ্ডল দিয়ে।

▶ **বায়ু দূষণকারী পদার্থগুলো প্রধাণত বায়ুমণ্ডলের কোন স্তরে অবস্থান করে?**

উত্তর: ট্রপোমণ্ডলে অর্থাৎ বায়ুমণ্ডলের প্রথম স্তরে, যা ভূ-পৃষ্ঠের সবচেয়ে নিকটবর্তী।

▶ **পৃথিবীর আবহাওয়া গঠনকারী বেশিরভাগ ঘটনা বায়ুমণ্ডলের কোন স্তরে ঘটে থাকে?**

উত্তর: ট্রপোমণ্ডলে অর্থাৎ বায়ুমণ্ডলের প্রথম স্তরে, যা ভূ-পৃষ্ঠের সবচেয়ে নিকটবর্তী।

▶ **বায়ুমণ্ডলের কোন গ্যাস সূর্যের অতিবেগুনী রশ্মি পৃথিবীতে আসতে বাধা দেয়?**

উত্তর: ওজোন

[বি.দ্র: বায়ুমণ্ডল, জলবায়ু ও পরিবেশ বিষয়ে বিস্তারিত দেখুন এই বইয়ের ভূগোল, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা অংশে।]

৩.২ গ্রিন হাউজ গ্যাস

প্রশ্ন। 'গ্রিন হাউজ' বলতে কী বোঝায়?

উত্তর: কাঁচের ঘরকে বোঝায়। শীত প্রধান দেশে তীব্র ঠান্ডা থেকে উদ্ভিদকে রক্ষা করতে এই কাঁচের ঘরে চারা লাগানো হয়।

প্রশ্ন। যে সকল গ্যাস গ্রিন হাউজ প্রতিক্রিয়ার জন্য দায়ী, তাদের বলে-

উত্তর: গ্রিন হাউজ গ্যাস।

প্রশ্ন। গ্রিন হাউজ কয়টি ও কী কী?

উত্তর: গ্রিনহাউজ গ্যাস মোট ৬টি। যথা: CO_2, CH_4, CFC, O_3, N_2O, H_2O।

১। কার্বন ডাই-অক্সাইড (CO_2) = প্রায় ৪৯%।

২। মিথেন (CH_4) = প্রায় ১৯%।

৩। CFC (ক্লোরোফ্লোরোকার্বন) = প্রায় ১৭%।

৪। ওজোন (O_3) = প্রায় ৮%।

৫। নাইট্রাস অক্সাইড (N_2O) = প্রায় ৪%।

৬। জলীয় বাষ্প (H_2O) = প্রায় ২%।

প্রশ্ন। প্রধান দুটি গ্রিনহাউজ গ্যাস কী কী?

উত্তর: কার্বন ডাই-অক্সাইড ও মিথেন। (মনে রাখতে হবে, পৃথিবীর উষ্ণতার জন্য দায়ী- কার্বন ডাই অক্সাইড। কিন্তু ওজোন স্তর ক্ষয়ের জন্য/ফাঁটলে জন্য দায়ী- CFC).

প্রশ্ন। গ্রিন হাউজ ইফেক্টের জন্য প্রধানত দায়ী কোন গ্যাস?

উত্তর: কার্বন ডাই-অক্সাইড।

প্রশ্ন। সিএফসি গ্যাস কত বছর পর্যন্ত সক্রিয় থাকে

উত্তর: ৮০ বছর-১৭০ বছর।

প্রশ্ন। কোন গ্যাস সূর্য থেকে আগত ক্ষতিকর অতি বেগুনী রশ্মি শোষণ করে?

উত্তর: ওজোন।

☞ গ্রিন হাউজ প্রতিক্রিয়া অস্তিত্বের পক্ষে সর্বপ্রথম জোসেফ ফুরিয়ার যুক্তি পেশ করেন।

☞ স্যভান্তে আরহেনিয়াস ১৮৯৬ সালে এটি সম্পূর্ণভাবে বা বিস্তারিতভাবে গ্রিন হাউজ গ্যাসের অস্তিত্ব প্রমাণ করেন এবং তিনি ১৮৯৬ সালে সর্বপ্রথম "Green House" শব্দটি ব্যবহার করেন।

☞ গ্রিন হাউজ প্রতিক্রিয়ার সৃষ্টির জন্য মেঘ হচ্ছে প্রধান অগ্যাসীয় উপাদান যা অবলোহিত রশ্মি শোষণ ও নির্গত করে।

☞ সৌরজগতে পৃথিবী ছাড়াও শুক্র গ্রহে ও টাইটান উপগ্রহে (শনির উপগ্রহ) এই গ্রিন হাউস প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়। যার মধ্যে শুক্রতে সবচেয়ে বেশি পরিলক্ষিত হয়। কারণ শুক্রর বায়ুমণ্ডল কার্বন ডাই-অক্সাইড দ্বারা গঠিত।

☞ 'Green Climate Fund' গঠন করা হয় ২০১০ সালে। এটি ২০০৯ সালের কোপেনহেগেনের COP-15 সম্মেলনের মাধ্যমে গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

প্রথমে এক নজরে দেখে নেওয়া যাক বিগত কলেজ পর্যায়, স্কুল পর্যায় ও স্কুল পর্যায়-২ নিবন্ধন পরীক্ষায় তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি বিষয়ে কী ধরনের প্রশ্ন এসেছে-

কলেজ পর্যায়

১. প্রোগ্রাম থেকে কপি করা ডেটা কোথায় সংরক্ষিত থাকে? *[১৭তম কলেজ নিবন্ধন-২০২২]*
ক. হার্ডডিস্ক খ. RAM
গ. ক্লিপবোর্ড ঘ. ROM **উ. গ**

২. বাংলাদেশের প্রথম ইন্টারনেট সার্চ ইঞ্জিন কোনটি? *[১৬তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. পিপীলিকা খ. দোয়েল
গ. পদ্মা ঘ. অনুসন্ধান **উ. ক**

৩. কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদান প্রযুক্তিকে কী বলা হয়? *[১৫তম কলেজ নিবন্ধন-২০১৯]*
ক. ইন্টারকম খ. ইন্টারনেট
গ. ই-মেইল ঘ. ইন্টারস্পীড **উ. খ**

৪. কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদান প্রযুক্তিকে কী বলা হয়? *[১৪তম কলেজ নিবন্ধন-২০১৭]*
ক. ইন্টারকম খ. ইন্টারনেট
গ. ই-মেইল ঘ. ইন্টারস্পীড **উ. খ**

৫. ফেসবুক প্রতিষ্ঠা করা হয় কত সালে? *[১৩তম কলেজ নিবন্ধন-২০১৬]*
ক. ২০০০ খ. ২০০৩
গ. ২০০৪ ঘ. ২০০৫ **উ. গ**

৬. কম্পিউটারের মূল মেমোরি তৈরি হয় কি দিয়ে? *[১২তম কলেজ নিবন্ধন-২০১৫]*
ক. আয়রন খ. সিলিকন
গ. কার্বন ঘ. অ্যালুমিনিয়াম **উ. খ**

৭. নিচের কোন বিষয়টির সাথে কম্পিউটার সম্পৃক্ত? *[১১তম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. ফ্যাক্স খ. ই-মেইল
গ. টেলিফোন ঘ. টেলিভিশন **উ. খ**

৮. বাংলাদেশের প্রথম 'সার্চ ইঞ্জিন'- *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. পিপীলিকা খ. ফড়িং
গ. মৌমাছি ঘ. দোয়েল **উ. ক**

৯. নিম্নের কোনটি দিয়ে কম্পিউটার কমান্ড বা নির্দেশ দেয়? *[১০ম কলেজ নিবন্ধন-২০১৪]*
ক. সিপিইউ খ. কী বোর্ড
গ. প্রিন্টার ঘ. মনিটর **উ. খ**

১০. UNIX কি? *[৯ম কলেজ নিবন্ধন-২০১৩]*
ক. এক ধরনের সফ্টওয়্যার
খ. একটি অপারেটিং সিস্টেম
গ. একটি গ্রাফিক্স প্রোগ্রাম
ঘ. এক ধরনের প্যাকেজ প্রোগ্রাম **উ. খ**

১১. প্রথম কম্পিউটার প্রোগ্রামার কে? *[৮ম কলেজ নিবন্ধন-২০১২]*
ক. চার্লস ব্যাবেজ খ. বিল গেট্স
গ. অ্যাডা আগাস্টা ঘ. কেউ নয় **উ. গ**

১২. ইন্টারনেটের জনক কে? *[৭ম কলেজ নিবন্ধন-২০১১]*
ক. Charles Babej খ. Vinton Gray Cerf
গ. Vinton Gray ঘ. Bill Gates **উ. খ**

১৩. টুইটার কী? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. এক প্রকার সামাজিক নেটওয়াকিং
খ. এক প্রকার সফ্টওয়ার
গ. এক প্রকার কম্পিউটার প্রোগ্রাম
ঘ. এক প্রকার কম্পিউটার ভাইরাস **উ. ক**

১৪. নিচের কোনটি বাংলা লেখার সফটওয়্যার? *[৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০]*
ক. বিজয় খ. সুলেখা
গ. সুতনী ঘ. রূপসা **উ. ক**

স্কুল পর্যায়

১. দৃষ্টিহীনদের জন্য আবিষ্কৃত বাংলায় প্রথম সফ্টওয়্যার এর নাম কী? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. আইলিপ খ. আইসাইট
গ. আইডট ঘ. আইলাইট **উ. খ**

২. বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন হয়ে গেলে কোন মেমোরি থেকে তথ্য চলে যায়? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. ROM খ. Secondary storage
গ. RAM ঘ. কোনোটিই নয় **উ. গ**

৩. GIS-এর পূর্ণরূপ কোনটি? *[১৭তম স্কুল নিবন্ধন ২০২২]*
ক. Geographic Information System
খ. Geological information System
গ. Geographic Integrated System
ঘ. Geological Integrated System **উ. ক**

৪. SMS এর পূর্ণরূপ কী? *[১৬তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. Short Message Service
খ. Short Mail Service
গ. Simple Message Service
ঘ. Simple Mail Service **উ. ক**

৫. কম্পিউটারের স্থায়ী স্মৃতিশক্তি কোনটি? *[১৫তম স্কুল নিবন্ধন ২০১৯]*
ক. RAM খ. ROM
গ. হার্ডডিস্ক ঘ. অপারেটিং সিস্টেম **উ. খ**

৬. স্ক্যানার কী ধরনের ডিভাইস? *[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]*
ক. ইনপুট খ. মেমোরি
গ. আউটপুট ঘ. প্রসেসিং **উ. ক**

৭. সুইফট কোডের সংখ্যা কত? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. ৬ খ. ৮
গ. ১০ ঘ. ১২ **উ. খ**

৮. HTML এর পূর্ণরূপ কী? *[১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]*
ক. High Time Made up Language
খ. Hyper Test Multi Language
গ. Hyper Text Markup Language
ঘ. High Teller Maximum Language **উ. গ**

৯. http-এর সংক্ষিপ্ত রূপ কোনটি? *[১১তম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. Hyper Text Transfer Protocol
খ. High Test Termination Procedure
গ. Harvard Teletext Proof
ঘ. Highest Times Technical Professional **উ. ক**

১০. ROM-এর পূর্ণ অর্থ কী? *[১০ম স্কুল নিবন্ধন ২০১৪]*
ক. Random Only Memory
খ. Read Only Memory
গ. Radio Only Memory
ঘ. Ranging One Memory **উ. খ**

১১. গোলক ভরাট করা খাতা পড়তে পারে কোন ইনপুট ডিভাইস? *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. রারকোড বিডার খ. স্ক্যানার
গ. ও এম আর ঘ. ওয়েব ক্যাম **উ. গ**

১২. ইন্টারনেট কত সালে শুরু হয়? *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক. ১৯৫৯ সালে খ. ১৯৬৯ সালে
গ. ১৯৭৯ সালে ঘ. ১৯৮৯ সালে **উ. খ**

১৩. ল্যাপটপ কি? *[৮ম স্কুল নিবন্ধন ২০১২]*
ক.ছোট কুকুর খ. পর্বতারোহণ সামগ্রী
গ. বাদ্যযন্ত্র ঘ. ছোট্ট কম্পিউটার **উ. ঘ**

১৪. ১ মেগাবাইট = কত কিলোবাইট? *[৭ম স্কুল নিবন্ধন ২০১১]*
ক. ১০০০ খ. ৫১২
গ. ১০২৬ ঘ. ১০২৪ **উ. ঘ**

১৫. কম্পিউটারের মস্তিস্ক বলা হয় কোন অংশকে? *[৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০]*
ক. সিপিইউ (CPU) খ. মনিটর
গ. কীবোর্ড ঘ. মাউস **উ. ক**

১৬. ই-কমার্স কী? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. নতুন বাজারজাতকরণ পদ্ধতি খ. পরিবহণ ব্যবস্থা
গ. প্রেষণাদানের নতুন পদ্ধতি ঘ. বাণিজ্যিক ব্যাংকিং **উ. ক**

১৭. কম্পিউটারে কাজের গতি কী দ্বারা প্রকাশ করা হয়? *[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]*
ক. মিনিট খ. ন্যানো সেকেন্ড
গ. সেকেন্ড ঘ. ঘণ্টা **উ. খ**

স্কুল পর্যায়-২

১. WIMAX-এর পূর্ণ কী? *[১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]*
ক. Worldwide Interoperability for Microwave Access
খ. Worldwide Internet for Microwave Access
গ. Worldwide Interconnection for Microwave Access
ঘ. কোনোটিই নয় **উ. ক**

২. কম্পিউটারের স্থায়ী স্মৃতিকে বলে– *[১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]*
ক. ROM খ. RAM
গ. Hard Disc ঘ. Compact Disc **উ. ক**

৩. কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে কী বলা হয়? *[১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]*
ক. ই-মেইল খ. ইন্টারকম
গ. ইন্টারনেট ঘ. টেলিগ্রাম **উ. গ**

৪. সামাজিক যোগাযোগ মাধ্যম 'ফেসবুক' এর প্রতিষ্ঠাতা কে? *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. স্টিফেন হকিংস খ. মার্ক জুকারবার্গ
গ. মার্টিন কুপার ঘ. আলেকজান্ডার **উ. খ**

৫. Mouse (মাউস) একটি– *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. Software খ. Output device
গ. Input device ঘ. Input output device **উ. গ**

৬. VDU এর পূর্ণরূপ হচ্ছে– *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. Video Display Unit খ. Video Device Unit
গ. Visual Display Unit ঘ. Visual Device Unit **উ. গ**

৭. সিরিয়াল পোর্ট মাউসে পিন থাকে– *[১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]*
ক. ৯টি খ. ১০টি
গ. ১১টি ঘ. ১২টি **উ. ক**

৮. গুগল কী? *[১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. সার্চ ইঞ্জিন খ. সফ্টওয়্যার প্রতিষ্ঠান
গ. ওয়েব সাইট ঘ. হার্ডওয়্যার প্রতিষ্ঠান **উ. ক**

৯. সামাজিক যোগাযোগের মাধ্যম 'ফেসবুক' এর প্রতিষ্ঠাতা হচ্ছেন– *[১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪]*
ক. বিল গেটস খ. টিম বার্নার্স লি
গ. মার্ক জুকারবার্গ ঘ. এন্ডি গ্রোড **উ. গ**

Job Navigator

৪.১ কম্পিউটার

কম্পিউটার (Computer): কম্পিউটার হলো এক প্রকার গণনাকারী যন্ত্র, যার সহজে হিসাব-নিকাশ, গণনা করা যায়। কম্পিউটারে পুনরাবৃত্তিমূলক কাজ করা সুবিধাজনক। তবে কম্পিউটারের কোনো বুদ্ধিমত্তা নেই, তাই কম্পিউটারে প্রদত্ত ইনপুট তথা ডেটার উপর এর আউটপুট তথা ফলাফল নির্ভর করে। এখানে উল্লেখ্য যে, বিশ্বের প্রথম গণনাযন্ত্রের নাম হলো 'অ্যাবাকাস'।

কম্পিউটারের বৈশিষ্ট্য:

১. কম্পিউটার হলো এক প্রকার গণনাকারী তথা হিসাব-নিকাশকারী যন্ত্র
২. কম্পিউটারের কোনো বুদ্ধিমত্তা নেই
৩. কম্পিউটারের কোনো আবেগ-অনুভূতি নেই
৪. কম্পিউটার তার ইনপুটের উপর নির্ভর করে নির্ভুলভাবে হিসাব-নিকাশ করতে পারে
৫. কম্পিউটারে প্রদত্ত ইনপুট তথা ডেটার উপর এর আউটপুট তথা ফলাফল নির্ভর করে
৬. পুনরাবৃত্তিমূলক কাজ করার জন্য কম্পিউটার বেশি সুবিধাজনক
৭. কম্পিউটার মূলত হার্ডওয়্যার ও সফটওয়্যার - এই উপাদানের সমষ্টি।

কম্পিউটার সংগঠন (Computer Architecture): কম্পিউটারের সংগঠন বলতে বোঝায় কম্পিউটারের সাংগঠনিক কাঠামো এবং এর সাংগঠনিক উপাদান যেমন: সিপিইউ, মেমোরি, স্টোরেজ ইত্যাদির মধ্যকার আন্তঃসম্পর্ককে। এককথায়, কম্পিউটারের যন্ত্রাংশগুলোকে সঠিকভাবে স্থাপন করে যন্ত্রাংশগুলোর মধ্যে পারস্পরিক সংযোগ স্থাপনকেই কম্পিউটার সংগঠন বলে। কম্পিউটার সংগঠন প্রধানত দুই প্রকার। যথা:

১) হার্ডওয়্যার (Hardware) ২) সফটওয়্যার (Software)

কম্পিউটার হার্ডওয়্যার (Computer Hardware): কম্পিউটারের হার্ডওয়্যার বলতে বোঝায় কম্পিউটারের বিভিন্ন যন্ত্রাংশকে। কম্পিউটারের সাংগঠনিক কাঠামোর যে সকল যন্ত্রপাতি আমরা দেখতে পারি, স্পর্শ করতে পারি, যার বস্তুগত আয়তন আছে, তার সমষ্টিকেই কম্পিউটারের হার্ডওয়্যার বলে।

কম্পিউটার কাজ করে আই-পি-ও-এস (I-P-O-S Cycle) সাইকেলের মাধ্যমে। এটি প্রথমে তথ্য (Data) গ্রহণ করে বিভিন্ন ইনপুট ডিভাইসের মাধ্যমে। এরপর তথ্যের (Data) প্রক্রিয়াকরণ (Processing) করে সিপিইউ (Central Processing Unit) নামের সিস্টেম ডিভাইসের মাধ্যমে এবং ফলাফল প্রকাশ করে আউটপুট ডিভাইস (Output Device) এর মাধ্যমে। আর এই সমস্ত ডিভাইসগুলোকে বলে হার্ডওয়্যার।

মূলত হার্ডওয়্যার ছাড়া কম্পিউটারের সফটওয়্যার অচল ও অকার্যকর। হার্ডওয়্যারকে প্রাথমিক তিনভাগে ভাগ করা যায়-

অচল, এর কোন মূল্য নেই। কম্পিউটারের কম্পিউটার হার্ডওয়্যারকে প্রাথমিকভাবে তিন ভাগ করা যায়। যথা:

১। ইনপুট ডিভাইস
২। কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ ইউনিট (সিপিইউ)
৩। আউটপুট ডিভাইস

সফটওয়্যার (Software) : কোনো সমস্যা সমাধান বা কার্য সম্পাদনের উদ্দেশ্যে কম্পিউটারের ভাষায় ধারাবাহিকভাবে লিখিত সুশৃঙ্খল নির্দেশনাবলির সমষ্টিকে প্রোগ্রাম বলে। প্রোগ্রাম বা প্রোগ্রাম সমষ্টি যা কম্পিউটারের হার্ডওয়্যার এবং ব্যবহারকারীর মধ্যে সম্পর্ক সৃষ্টির মাধ্যমে হার্ডওয়্যারকে কর্মক্ষম রাখে, তাকে সফটওয়্যার বলে। সফটওয়্যার এক অদৃশ্য শক্তি, যা ছাড়া কম্পিউটারের হার্ডওয়্যার অর্থহীন।

৪.২ কম্পিউটারের স্মৃতি (Computer Memory)

কম্পিটারের মেমোরি: কম্পিউটার সিস্টেমে স্থায়ী বা অস্থায়ীভাবে ডেটা ও প্রোগ্রাম সংরক্ষণের জন্য ব্যবহৃত মাধ্যম বা ধারককে মেমোরি বলে। মেমোরির যে নির্দিষ্ট অবস্থানে ডেটা সংরক্ষিত হয় তাকে মেমোরি অ্যাড্রেস বলা হয় এবং প্রতিটি সুনির্দিষ্ট স্থানকে মেমোরি সেল বলা হয়। মেমোরি মূলত অর্ধ-পরিবাহী (Semi-conductor) তৈরি করা হয়।

কম্পিটারের মেমোরি প্রধানত ২ প্রকার। যথা-

১. **প্রাইমারি মেমোরি (Primary Memory) বা প্রধান স্মৃতি।** প্রাইমারি মেমোরি হলো RAM ও ROM।
২. **সেকন্ডারি মেমোরি (Secondary Memory) বা সহায়ক স্মৃতি।** সেকন্ডারি মেমোরি হলো হার্ড ডিস্ক, ফ্লাস ডিস্ক, ফ্লপি ডিস্ক, সিডি, ডিভিডি ইত্যাদি।

প্রধান মেমোরি এবং প্রধান মেমোরির প্রকারভেদঃ

কম্পিউটারের যে স্মৃতি বা মেমোরি সরাসরি কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ অংশের সাথে যুক্ত থাকে এবং কোনো তথ্য বা নির্দেশকে গ্রহণমুখ যন্ত্রের সাহায্যে গ্রহণ করার পর প্রক্রিয়াকরণের জন্য সংরক্ষণ করে থাকে, তাইকে প্রধান মেমোরি বলে। অর্থাৎ, যে মেমোরি সিপিইউ-এর গাণিতিক যুক্তি অংশের সাথে সংযুক্ত, তাকে প্রধান মেমোরি (Main Memory) বলে। প্রধান মেমোরিকে প্রাথমিক মেমোরি (Primary Memory)-ও বলা হয়। প্রধান মেমোরিকে অত্যন্ত দ্রুতগতিসম্পন্ন হতে হয়। এজন্য এর ধারণ ক্ষমতা তুলনামূলকভাবে কম হয় কিন্তু খরচ অনেক বেশি হয়ে থাকে। মাইক্রোকম্পিউটার বা পার্সোনাল কম্পিউটারে অর্ধপরিবাহী মেমোরি (Semi-conductor Memory) ব্যবহার করা হয়। অর্ধপরিবাহী বা সেমিকন্ডাক্টর পদার্থ দিয়ে তৈরি বলেই একে অর্ধপরিবাহী বা Semi-conductor Memory-ও বলা হয়। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, কম্পিউটারের সিস্টেম ইউনিটে র‍্যাম এবং রম মাদারবোর্ডে সাথে সংযুক্ত থাকে। এই অর্ধপারবাহী বা Semi-conductor Memory তথা প্রধান মেমোরি দুই প্রকারঃ

১) র‍্যাম (Random Access Memory= RAM)
২) রম (Read Only Memory= ROM)

📖 **র‍্যাম/ প্রধান/ প্রাথমিক/ Volatile মেমোরি ঃ** Random Access Memory এর সংক্ষিপ্তরূপ হলো RAM। র‍্যামে তথ্য পড়া ও লেখা উভয় কাজই সম্পাদন করা যায় বলে একে লিখন-পঠন স্মৃতি বা Read Write Memory-ও বলা হয়। মাদারবোর্ডের সঙ্গে সরাসরি সংযুক্ত যে মেমোরিতে Read (পঠন) এবং write (লিখন) দুটি কাজই সম্পন্ন করা যায়, সে মেমোরিকে র‍্যাম বলা হয়। এটি একটি অস্থায়ী মেমোরি। কম্পিউটারে যতক্ষণ বিদ্যুৎ প্রবাহ থাকে, ততক্ষণ র‍্যামে তথ্যসমূহ সংরক্ষিত থাকে। বিদ্যুৎ প্রবাহ বন্ধ হওয়ার সাথে সাথে র‍্যাম তার সমস্ত তথ্য মুছে ফেলে। এজন্য র‍্যামকে কম্পিউটারের অস্থায়ী বা Volatile Memory-ও বলা হয়। আবার র‍্যামকে প্রধান সংরক্ষক (Main Storage) এবং কোর স্টোরেজ (Core Storage) নামেও অভিহিত করা হয়ে থাকে। RAM হচ্ছে কম্পিউটারের কর্ম এলাকা। মাইক্রোপ্রসেসর প্রাথমিকভাবে র‍্যাম এলাকার প্রয়োজনীয় তথ্য জমা করে। মাইক্রোপ্রসেসর সরাসরি র‍্যামের নানা অবস্থান বা ঠিকানা থেকে তথ্য সংগ্রহ করে বা তথ্য প্রক্রিয়াজাত করে। এখানে সরাসরি (Random) তথ্য সংগ্রহের জন্য যাওয়া যায় (Access) বলে. একে Random Access Memory বলে। র‍্যামের Failure ঝুঁকি অনেক বেশি। RAM-কে 'Random Access Memory' বলা হয়; কারণ কম্পিউটারের প্রসেসর RAM-এর যে কোনো জায়গা থেকে সরাসরি তথ্য-উপাত্ত সংগ্রহ করতে পারে।

❑ **ড্রাম মেমোরি:** DRAM এর পূর্ণ নাম Dynamic Random Access Memory। ধারক (Capacitor) ব্যবহার করে এই ধরনের র‍্যাম তৈরি করা হয়। প্রতিটি আইসি চিপে একটি ধারক ও একটি ট্রানজিস্টর থাকে। বিদ্যুৎ প্রবাহ থাকা অবস্থানেও ধারকের চার্জ ধীরে ধীরে নষ্ট হয়ে যায়। তাই কয়েক মিলি সেকেন্ড পর পর ড্রাম কন্টোলারের সাহায্যে প্রত্যেক মেমোরি কোষে লেখা তথ্য নতুন করে লিখতে হয় কম্পিউটারের পরিভাষায় একে মেমোরি রিফ্রেশিং (Memory Refreshing) বলা হয়।

❑ **রম (ROM)/Non-Volatile:** Read Only Memory-এর সংক্ষিপ্ত রূপ হলো ROM। এটি একটি স্থায়ী প্রধান মেমোরি। রমের স্মৃতিতে রক্ষিত তথ্যসমূহ কেবল ব্যবহার করা যায় কিন্তু সংযোজন, সংশোধন বা পরিবর্তন করা যায় না। তাই একে Read Only Memory- ROM বলা হয়। কম্পিউটারে নিয়ন্ত্রণমূলক কাজের জন্য মাইক্রোপ্রসেসরে বিশেষ ধরনের মেমোরির ব্যবস্থা রয়েছে; তাকে রম বলে। কোনো কম্পিউটার চালু করার জন্য প্রয়োজনীয় প্রোগ্রাম অর্থাৎ চালু করার নির্দেশনাবলি রম স্মৃতিতে স্থায়ীভাবে সংরক্ষিত থাকে। এক্ষেত্রে এসব নির্দেশ যতবার প্রয়োজন রম চিপ থেকে ততবার পাঠ করা যায়; কিন্তু এতে নির্দেশ প্রবেশ করানো যায় না। তবে বর্তমানে এটা মুছে পুনঃপুনঃ প্রোগ্রাম করা যায় এমন রমও আছে। বিদ্যুৎ সরবরাহ বন্ধ হলে রমে রক্ষিত তথ্যদি মুছে যায় না। এখানেই রম-এর সাথে র‍্যামের মূল পার্থক্য। অর্থাৎ, রম হলো একপ্রকার 'Non-Volatile Memory' কিন্তু র‍্যাম হলো 'Volatile Memory'।

৪.৩ মেমোরির ধারণক্ষমতা (Storage Capacity)

কম্পিউটার মেমোরিতে ডেটা সংরক্ষণের পরিমাণকে মেমোরির ধারণক্ষমতা বলে। একে প্রকাশ করা হয় বাইট, কিলোবাইট, মেগাবাইট, গিগাবাইট ইত্যাদি দ্বারা।

1 বাইট (Byte)	8 বিট (Bit)
1 নিবল (Nibble) বা অর্ধ বাইট	4 বিট (Bit)
1 কিলোবাইট (KB)	1024 বাইট বা 2^{10} বাইট
1 মেগাবাইট (MB)	1024 কিলোবাইট বা 2^{20} বাইট
1 গিগাবাইট (GB)	1024 মেগাবাইট বা 2^{30} বাইট
1 টেরাবাইট (TB)	1024 গিগাবাইট বা 2^{40} বাইট
1 পিটাবাইট (PB)	1024 টেরাবাইট বা 2^{50} বাইট

৪.৪ ইনপুট-আউটপুট ডিভাইস (Inpute-Output Device)

ইনপুট ডিভাইস: যে ডিভাইসগুলোর সাহায্যে কম্পিউটারে কোনো ডেটা ইনপুট দেয়া, তাকে ইনপুট ডিভাইস বা কম্পিউটারের গ্রহণ মুখ বলা হয়। অর্থাৎ, এসব ডিভাইস দ্বারা কম্পিউটার কোনো ডেটা গ্রহণ করে।

আউটপুট ডিভাইস: যে ডিভাইসগুলোর সাহায্যে কম্পিউটার কোনো আউটপুট প্রদান করে, তাকে আউটপুট ডিভাইস বা কম্পিউটারের বহির্গমন মুখ বলা হয়। অর্থাৎ, এসব ডিভাইস দ্বারা কম্পিউটার কোনো ডেটা প্রসেসিংয়ের পর বের করে দেয় বা প্রদর্শন করে।

তবে আমরা MICR এর মাধ্যমে মুদ্রিত কোনো লেখাকে সরাসরি ইনপুট হিসেবে ব্যহার করতে পারি। আবার এমন কিছু ডিভাইস আছে, যা একই সাথে ইনপুট এবং আউটপুট ডিভাইসের কাজ করতে পারে। যেমন-

যে ডিভাইসগুলো শুধু ইনপুট ডিভাইস হিসেবে কাজ করে	যে ডিভাইসগুলো শুধু আউটপুট ডিভাইস হিসেবে কাজ করে
*** Keyboard	*** Monitor (LCD Monitor, LED Monitor)
*** Mouse	*** Plotter
*** Scanner	* Projector
*** Joy Stick	** Speaker
** Light Pen	** Headphone
*** OMR	*** Printer (Inkjet Printer, Laser Printer, Dot Matrix Printer)
**OCR	* Film Recorder
**MICR	* Microfiche
**Microphone	* Visual Display Unit(VDU)
**Sensor	
**Webcam	
**Barcode Reader	
*Punch Card Reader	
*Digitizer	
*Magnetic Tape Drive	
*Graphics Tablet	

যে ডিভাইসগুলো ইনপুট এবং আউটপুট উভয় ডিভাইস হিসেবে কাজ করে	
*** Touch Screen	*** Modem
** Camera	** Digital Camera,
** Smartphone	* TV
* Tape Recorder	* Network Card
* VCR, VCP, VTR	

৪.৫ কম্পিউটার রক্ষণাবেক্ষণ (Computer Maintenance)

কম্পিউটার ভাইরাস (Computer VIRUS) : কম্পিউটার ভাইরাস এক ধরনের ক্ষতিকর প্রোগ্রাম বা সফটওয়্যার, যা কম্পিউটারের ক্ষতি করার তৈরি করা হয়। VIRUS-এর পূর্ণরূপ হলো 'Vital Information Resources Under Seize' অর্থাৎ 'গুরুত্বপূর্ণ উৎসগুলো বাজেয়াপ্ত করা হয়েছে'। ভাইরাস স্বয়ংক্রিয়ভাবে নির্বাহ, সংক্রমণ, নিজস্ব সংখ্যাবৃদ্ধি করতে পারে। এই প্রোগ্রাম এমন কিছু নির্দেশ বহন করে যা কম্পিউটারের সিপিইউ কর্তৃক গ্রহণ করে কম্পিউটারকে অস্বাভাবিক, অগ্রহণযোগ্য এবং ক্ষতিকর কাজ করতে বাধ্য করে। কম্পিউটার ভাইরাস আবিষ্কৃত হয়েছিল ১৯৭১ সালে।

অ্যান্টি-ভাইরাস (Anti-Virus): ভাইরাসের বিপরীত প্রোগ্রাম সফটওয়্যার হলো অ্যান্টি-ভাইরাস। অ্যান্টি-ভাইরাস মূলত এক ধরনের ভাইরাস প্রতিষেধক সফটওয়্যার বা প্রোগ্রাম, যা কোনো কম্পিউটার বা ডিভাইসের ভাইরাসকে সনাক্ত করতে পারে এবং তাকে আক্রান্ত কম্পিউটার থেকে মুছে ফেলতে বা ভাইরাস মুক্ত করতে পারে। এজন্য অ্যান্টি-ভাইরাসকে বলা হয় 'Utility Software'। অর্থাৎ, অ্যান্টি-ভাইরাস হলো এক প্রকার 'Utility Software'। বর্তমানে প্রচলিত কিছু জনপ্রিয় ও কার্যকরী এন্টি-ভাইরাস সফটওয়্যার হলো- Kaspersky, McAfee, Norton, Panda, Avast, Symantec, AVIRA, Bitdefender, eSet, AVG ইত্যাদি।

হ্যাকিং (Hacking): প্রোগ্রাম রচনা ও প্রয়োগের মাধ্যমে অনুমতি ব্যতীত কোনো কম্পিউটার নেটওয়ার্কে প্রবেশ করে অন্যের কম্পিউটার ব্যবহার করা বা পুরোপুরি কম্পিউটার সিস্টেমকে ফাঁকি দিয়ে কম্পিউটার সিস্টেম বা নেটওয়ার্কের কোনো ক্ষতি করাকে হ্যাকিংক বলা হয়। আর যে হ্যাকিং করে তাকে হ্যাকার বলা হয়।

ব্যাক-আপ (Backup): যে সব ক্ষেত্রে বহুল পরিমাণে ডেটা সংরক্ষণ ও প্রক্রিয়াকরণের কাজ করা হয়, সেসব ক্ষেত্রে বিকল্প পন্থা হিসেবে ডাটার হুবহু বা অবিকল কপি ব্যাক-আপ রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ এক্ষেত্রে কোনো কারণে সেকেন্ডারি স্টেরেজ ডিভাইস নষ্ট হয়ে গেলে বা ভাইরাসজনিত কারণে ডাটা হারিয়ে গেলে বা বিকৃত হলে ব্যাক-আপ কপি থেকে ডেটাকে পুনরুদ্ধার করা যায়। সাধারণত স্টোরেজ ডিভাইস যেমন-হার্ড ডিস্ক, ফ্লপি ডিস্ক, কম্প্যাক্ট ডিস্ক বা চৌম্বক টেপে ডাটা বা প্রোগ্রাম, ব্যাক-আপ কপি রাখা হয়। ব্যাক-আপ কমান্ডের সাহায্যে ডস এবং উইন্ডোজ উভয় পরিবেশের প্রোগ্রাম, ডেটা বা পুরো সিস্টেমকে ব্যাক-আপ করা যায়। Restore কমান্ডের সাহায্যে ফাইল পুনরুদ্ধার করা সম্ভবপর হয়।

